Barcode - 4990010123336
Title - Bengal Legislative Assembly Proceedings (1997) vol.109, no. 3
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 770
Publication Year - 1997
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4 990010 123336

Vol. 109 No—III

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Hundred and Ninth Session

(January to July, 1997)

(The 1st, 2nd, 3rd, 4th, 7th, 8th, 9th & 10th April 1997)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

Price Rs. 150/-

Vol. 109 No—III

# Assembly Proceedings

OFFICIAL REPORT

## West Bengal Legislative Assembly

Hundred and Ninth Session

(January to July, 1997)

(The 1st, 2nd, 3rd, 4th, 7th, 8th, 9th & 10th April 1997)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc No... 9634
Dated 4.9.2001
Call No 328.BL/V.109 NO III (97)
Price Rs. 150/-

# GOVERNMENT OF WEST BENGAL

## Governor
## SHRI K.V. RAGHUNATHA REDDY

### Members of the Council of Ministers.

1. Shri Jyoti Basu, Chief Minister, Minister-in-charge of Home (Excluding Police) Department. Hill Affairs Deptt.
2. Shri Buddhadeb Bhattacharjee, Minister-in-charge of Home (Police) Department, Information & Cultural Affairs Department.
3. Dr. Surjya Kanta Mishra, Minister-in-charge of Land and Land Reforms Department, Rural Development Department & Panchayat Department.
4. Dr. Asim Kumar Dasgupta, Minister-in-charge of Finance Department, Development & Planning Department and Excise Department.
5. Dr. Sankar Kumar Sen, Minister-in-charge of Power Department and Science & Techonology Department.
6. Shri Santi Ghatak, Minister-in-charge of Labour (excluding Employment & ESI) Department.
7. Shri Subhas Chakraborti, Minister-in-charge of Transport Department, & Sports Department.
8. Shri Mohammad Amin, Minister-in-charge of Deptts. of Minority Affairs, Wakf & Urdu Academy and Haj.
9. Shri Kanti Biswas, Minister-in-charge of Department of School Education, Madrasah and Refugees, Relief & Rehabilitation.
10. Shri Gautam Deb, Minister-in-charge of Department of Housing and Public Health Engineering.
11. Shri Partha De, Minister-in-charge of Department of Health & Family Welfare.
12. Shri Bidyut Ganguly, Minister-in-charge of Commerce & Industries Department.
13. Shri Satyasadhan Chakraborty, Minister-in-charge of Department of Higher Education.
14. Shri Abdur Razzak Molla, Minister-in-charge of Food processing, Horticulture and Sundarban Affairs Department.
15. Shri Dinesh Chandra Dakua, Minister-in-charge of Department of S.C., S.T. & OBC Welfare

16. Smt. Chhaya Bera, Minister-in-charge of Department of Self Employment Generation Programmes (Urban) & Employment Exchange & ESI

17. Shri Asok Bhattacharya, Minister-in-charge of Department of Municipal Affairs, Urban Development, HRBC and Town & Country Planning.

18. Shri Manabendra Mukherjee, Minister-in-charge of Department of Youth Services, Environment and Tourism

19. Shri Bhakti Bhusan Mandal, Minister-in-charge of Department of Co-operation.

20. Shri Narendra Nath Dey, Minister-in-charge of Agriculture Department (excluding Horticulture)

21. Shri Debabrata Bandyopadhyay, Minister-in-charge of Irrigation & Waterways Department.

22. Shri Kshiti Goswami, Minister-in-charge of Public Works Department.

23. Shri Nanda Gopal Bhattacherjee, Minister-in-charge of Water Investigation and Development Department.

24. Shri Kiranmay Nanda, Minister-in-charge of Fisheries Department.

25. Shri Prabodh Chandra Sinha, Minister-in-charge of Parliamentary Affairs Department.

26. Shri Upen Kisku, Minister of State for S.C.S.T. and OBC Welfare Department

27. Shri Pratim Chatterjee, Minister of State for Department of Fire Services.

28. Shri Mrinal Banerjee, Minister-in-charge of Department of Public Undertakings & Industrial Reconstruction.

29. Shri Pralay Talukdar, Minister-in-charge of Cottage & Small Scale Industries Department.

30. Shri Bansa Gopal Choudhury, Minister-in-charge of Department of Technical Education & Training

31. Shri Anisur Rahaman, Minister-in-charge of Animal Resources Development Department

32. Shri Nisith Adhikary, Minister-in-charge of Law and Judicial Department.

33. Shri Jogesh Chandra Barman, Minister-in-charge of Forests Department.

34. Shri Kalimuddin Shams, Minister-in-charge of Food & Supplies Department.

35. Shri Birendra Kumar Maitra, Minister-in-charge of Agriculture Marketing Department

36 Shri Satya Ranjan Mahata, Minister-in-charge of Relief Department.

37. Shri Biswanath Chowdhury, Minister-in-charge of Social Welfare & Jails Department.

38 Smt. Anju Kar, Minister of State of Mass Education Extention Department.

39. Shri Maheswar Murmu, Minister of State of Special Tribal Areas Development including Jhargram Affairs Department.

40. Shri Nimai Mal, Minister of State Department of Library Services.

41 Dr Shrikumar Mukherjee, Minister of State of Civil Defence Department.

42 Shri Kamalendu Sanyal, Minister of State of Land & Land Reforms, Panchayats and Rural Development Department

43 Shri Susanta Ghosh, Minister of State of Transport Department

44 Smt. Minati Ghosh, Minister of State of Health & Family Welfare Department.

45. Smt Bilasi Bala Sahis, Minister of State of Forests Department

46 Shri Ganesh Mondal, Minister of State of Irrigations & Waterways Department.

47 Shri Monohar Tirkey, Minister of State of Public Works Department

48 Shri Dhiren Sen, Minister of State of Excise Department

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
## PRINCIPAL OFFICERS & OFFICIALS

**Speaker: Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker: Shri Anil Mukherjee**

### SECRETARIAT

**Secretary: Shri Sudhangshu Ranjan Chattopadhyaya**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. Abdul Mannan, Shri (181-Champdani—Hooghly)
2. Abdul Razzak Molla, Shri (106 - Canning East - 24 Parganas)
3. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj—Nadia)
4. Abu-Ayes Mondal, Shri (278-Manteswar—Burdwan)
5. Abu Hasem Khan Choudhury, Shri (49-Kaliachak—Malda)
6. Abu Hena, Shri (55-Lalgola—Murshidabad)
7. Abu Sufian Sarkar, Shri (56-Bhagabangola—Murshidabad)
8. Abul Basar Laskar, Shri, (120-Magrahat West—South 24-Parganas)
9. Acharjee, Shri Maniklal (257-Kulti—Burdwan)
10. Adhikary, Shri Nisith (270-Burdwan North—Burdwan)
11. Akbor Ali Khandoker, Shri (178-Chanditala—Hooghly)
12. Anisur Rahaman, Shri (60-Domkal—Murshidabad)
13. Ankure, Shri Saresh [266-Kanksa (SC)—Burdwan]
14. Bag, Shri Kartick Chandra [267-Ausgram (SC)—Burdwan]
15. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
16. Bagdi, Shri Kirity [247-Indpur (SC)—Bankura]
17 Bagdi, Shri Lakhan [263 - Ukhra (S.C.) - Burdwan]
18. Bagdi, Shri Natabar [241 - Raghunathpur (SC)—Purulia]
19. Bakshi, Shri Sanjoy (142- Jorabagan—Calcutta)
20. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
21. Bandyopadhyay, Shri Tarak (140-Cossipore—Calcutta)
22. Bandyopadhyay, Shri Debabrata (63-Berhampore—Murshidabad)
23. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
24. Banerjee, Shri Debabrata (265-Durgapur-II—Burdwan)
25. Banerjee, Shri Mrinal (264-Durgapur-I—Burdwan)
26. Banerjee, Shri Pankaj (150-Tollygunge—Calcutta)
27. Banerjee, Shri Shyamadas (259-Hirapur—Burdwan)
28 Banerjee, Tapas (260-Asansol—Burdwan)
29. Bangal, Dr. Makhanlal (216-Sabang—Midnapore)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**

30. Bapuli, Shri Satya Ranjan, (123 - Mathurapur - 24-Parganas)
31. Barman, Shri Jogesh Chandra [13-Falakata (SC)—Jalpaiguri]
32. Basu, Shri Baren (87-Habra—North 24-Parganas)
33. Basu, Dr. Hoimi (149-Rash Behari Avenue—Calcutta)
34. Basu, Shri Jyoti (117 - Satgachia - 24-Parganas)
35. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]
36. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]
37. Bera, Shrimati Chhaya (199-Nandanpur—Midnapore)
38. Bera, Shri Dipak (203-Moyna—Midnapore)
39. Bhaduri, Shri Timir Baran (64-Beldanga—Murshidabad)
40. Bhakat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)
41. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur—South 24 Parganas)
42. Bhattacharjee, Shri Nanda Gopal (228-Dantan—Midnapore)
43. Bhattacharjee, Shri Sudhir (118-Falta—South 24 Parganas)
44. Bhattacharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)
45. Biswas, Shri Ananda Kumar [110-Bishnupur East (SC)—South 24-Parganas]
46. Biswas, Shri Binay Krishna [80-Ranaghat East (SC)—Nadia]
47. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
48. Biswas, Shri Jayanta Kumar (61 - Nadia - Murshidabad)
49. Biswas, Shri Kaliprasad (184-Haripal—Hooghly)
50. Biswas, Shri Kamalakshmi [84 - Bagdaha (S.C.) - 24 Parganas]
51. Biswas, Shri Kanti [89-Sandeshkhali (SC)—North 24-Parganas]
52. Biswas, Shri Shashanka Shekhor [79-Hanskhali (SC)—Nadia]
53. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC)—Nadia]
54. Biswas, Smt. Susmita (250-Barjora—Bankura)
55. Bose, Shri Shyama Prosad (271-Burdwan South—Burdwan)
56. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)
57. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

58. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)
59. Chakraborty, Shri Gautam (46-Englishbazar—Malda)
60. Chattaraj, Shri Suniti (288-Suri—Birbhum)
61. Chatterjee, Shri Pratim (185-Tarakeswar—Hooghly)
62. Chatterjee, Shri Rabindranath (280-Katwa—Burdwan)
63. Chattopadhyay, Shri Jyoti Krishna (179-Uttarpara—Hooghly)
64. Chattopadhyay, Shri Sobhan Deb (104-Baruipur—South 24-Parganas)
65. Chattopadhyay, Shri Tapas (275-Memari—Burdwan)
66. Chaudhuri, Shri Amar (137-Baranagar—North 24-Parganas)
67. Chhetri, Shri Narbahadur (23-Darjeeling—Darjeeling)
68. Chhetri, Shrimati Shanta (24-Kurseong—Darjeeling)
69. Choudhuri, Shri Adhir Ranjan (57-Nabagram—Murshidabad)
70. Choudhury, Shri Bansa Gopal (261-Raniganj—Burdwan)
71. Chowdhary, Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)
72. Chowdhury, Shri Biswanath (38-Balurghat—South Dinajpur)
73. Chowdhury, Shri Jayanta (253-Vishnupur—Bankura)
74. Chowdhury, Shri Jyoti (180-Serampore—Hooghly)
75. Chowdhury, Shri Nanigopal (176-Udaynarayanpur—Howrah)
76. Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari—Cooch Behar)
77. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (SC)—Cooch Behar]
78. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]
79. Dalui, Shri Shibprasad (272-Khandaghosh (SC)—Burdwan]
80. Das, Shri Ananda Gopal [283-Nanur (SC)—Birbhum]
81. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)
82. Das, Shri Dilip Kumar [31-Raiganj (SC)—North Dinajpur]
83. Das, Shri Nirmal (12-Alipurduar—Jalpaiguri)
84. Das, Shri Paresh Nath [53-Sagardighi (SC)—Murshidabad]
85. Das, Shri Puspa Chandra [9-Tufanganj (SC)—Cooch Behar]
86. Das Shri Sailaja Kumar (211-Contai South—Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

87. Das, Shri Sanjib Kumar (172-Shyampur—Howrah)
88. Das, Shri Soumindra Chandra (5-Cooch Behar West—Cooch Behar)
89. Das, Shri Sukumar (204-Mahishadal—Midnapore)
90. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)
91. Das, Mohapatra, Shri Kamakhya Nandan (215-Pataspur—Midnapore)
92. Dasthakur, Shri Chittaranjan (200-Panskura West—Midnapore)
93. Datta, Shri Binoy (194-Arambagh—Hooghly)
94. D'Costa Hurt, Shrimati Gillian Rosemary (295-Nominated)
95. De, Shri Ajoy (78-Santipur—Nadia)
96. De, Shri Partha (251-Bankura—Bankura)
97. Deb, Shri Ashok Kumar (116-Budge Budge—South 24 Parganas)
98. Deb, Shri Gautam (96-Hasnabad—North 24-Parganas)
99. Deb, Shri Rabin (152-Ballygunge—Calcutta)
100. Dey, Shri Gopal Krishna (125-Patharpratima—South 24-Parganas)
101. Dey, Shrimati Ibha (177-Jangipara—Hooghly)
102. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
103. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)
104. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]
105. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)
106. Dutta, Shri Gurupada (196-Chandrakona—Midnapore)
107. Dutta, Shri Himagshu (279-Purbasthali—Burdwan)
108. Duta, Shri Sabuj (173-Bagnan—Howrah)
109. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)
110. Ganguly, Shrimati Kanika (161-Bally—Howrah)
111. Ganguly, Shri Santi Ranjan (141-Shyampukur—Calcutta)
112. Gayen, Shri Nripen [199-Hingalganj (SC)—North 24-Parganas]
113. Ghatak, Shri Santi Ranjan (136-Kamarhati—North 24-Parganas)
114. Ghosh, Shri Biren (277-Nadanghat—Burdwan)
115. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

116. Ghosh, Shri Nirmal (135-Panihati—North 24-Paganas)
117. Ghosh, Shri Pankaj Kumar (85-Bongaon—North 24-Parganas)
118. Ghosh, Shri Rabinda (171-Uluberia South—Howrah)
119. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West—Nadia)
120. Ghosh, Shri Susanta (220-Garhbeta East—Midnapore)
121. Giri, Shri Asok Kumar (126-Kakdwip—South 24-Parganas)
122. Goala, Shri Rajdeo (160-Belgachia West—Calcutta)
123. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)
124. Goswami, Shri Mihir (4-Cooch Behar North—Cooch Behar)
125. Goswami, Shri Subhas (284-Chhatna—Bankura)
126. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
127. Gulsan Mullick, Shri (168-Panchla—Howrah)
128. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
129. Habibur Rahaman, Shri (54-Jangipur—Murshidabad)
130. Hafiz Alam Sairani, Shri (29-Goalpokhar—North Dinajpur)
131. Hansda, Shri Naren [232-Binpur (ST)—Midnapore]
132. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
133. Hazra, Shri Samar [274-Jamalpur (SC)—Burdwan]
134. Hembram, Shrimati Debiina [246 Ranibandh (ST)—Bankura]
135. Hembram, Shri Rabindra Nath [242-Kashipur (ST)—Purulia]
136 Hemrom, Shri Jadu [39-Habibpur (ST)—Malda]
137. Hira, Shrimati Mili (83-Haringhata—Nadia)
138. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)
139. Humayun Reza, Shri (51-Aurangabad—Murshidabad)
140. Id. Mohammed, Shri (68-Bharatpur—Murshidabad)
141. Idrish Mondal, Shri (269-Golsi—Burdwan)
142. Kabi, Shri Pelab (262-Jumuria—Burdwan)
143. Kalimuddin Shams, Shri (293-Nalhati—Birbhum)
144. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
145. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakashipara—Nadia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

146. Khaitan, Shri Rajesh (144-Barabazar—Calcutta)
147. Khanra, Shri Ajit (208-Bhagabanpur—Midnapore)
148. Khanra, Shri Saktipada (190-Polba—Hooghly)
149. Kisku, Shri Lakhi Ram [233-Banduan (ST)—Purulia]
150. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura]
151. Kujur, Shri Sushil [14-Madarihat (ST)—Jalpaiguri]
152. Kundu, Shri Ranji (129-Naihati—North 24-Parganas)
153. Lahiri, Shri Jatu (165-Shibpur—Howrah)
154. Lepcha, Shri Gaulan (22-Kalimpong—Darjeeling)
155. Let, Shri Dhiren [290-Mayureswar (SC)—Birbhum]
156. M. Ansar Uddin, Shri (167-Jagatballavpur—Howrah)
157. Mahammuddin, Shri (27-Chopra—North Dinajpur)
158. Mahbubul Haque, Shri (41-Kharba—Malda)
159. Mahammed Hannan, Shri (291-Rampurhat—Birbhum)
160. Mahata, Shri Abinas (243-Hura—Purulia)
161. Mahata, Shri Khagendranath (222-Salbani—Midnapore)
162. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
163. Mahato, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)
164. Mahato, Shri Shantiram (238-Joypur—Purulia)
165. Maikap, Shri Chakradhar (210-Contai North—Midnapore)
166. Mainul Haque, Shri (50-Farakka—Murshidabad)
167. Maitra, Shri Banshi Badan [193-Khanakul (SC)—Hooghly]
168. Maitra, Shri Birendra Kumar (42-Harishchandrapur—Malda)
169. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia]
170. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura]
171. Majhi, Shri Tamal Chandra [282-Ketugram (SC)—Burdwan]
172. Mal, Shri Asit Kumar [292-Hansan (SC)—Birbhum]
173. Mal, Shri Nimai (192-Pursurah—Hooghly)
174. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly]
175. Mallik, Shrimati Sadhana (281-Mangalkot—Burdwan)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

176. Mandal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)
177. Mondal, Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)
178. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)
179. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (SC)—North 24-Parganas]
180. Mandal, Dr. Ram Chandra [290-Khajuri (SC)—Midnapore]
181. Mandal, Shri Ram Prabesh (47-Manikchak—Malda)
182. Mandal, Shri Subhas (286-Bhatar—Burdwan)
183 Mandal, Shri Tushar Kanti [205-Sutahata (SC)—Midnapore]
184. Manjhi, Shri Ramjanam [170-Uluberia North (SC)—Howrah]
185. Md. Fazle Haque, Dr. (6-Sitai—Cooch Behar)
186. Md. Sohrab, Shri (52-Suti—Murshidabad)
187. Md. Yakub, Shri (92-Deganga—North 24-Parganas)
188. Mehta, Shri Nishi Kanta (236-Arsha—Purulia)
189. Minj, Shri Prokash [26-Phansidewa (ST)—Darjeeling]
190. Mir Quasem Mondal, Shri (73-Chapra—Nadia)
191. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapur)
192. Mistry, Shri Bimal [105-Canning West (SC)—South 24-Parganas]
193. Mitra, Shri Asit (174-Kalyanpur—Howrah)
194. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
195 Mitra, Shrimati Sabitri (44-Araidanga—Malda)
196 Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
197 Mohammad Amin, Shri (114-Garden Reach—South 24-Parganas)
198. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]
199 Mondal, Shri Biswanath [66-Khargram (SC)—Murshidabad]
200. Mondal, Shri Ganesh [100-Gosaba (SC)—South 24-Parganas]
201. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
202. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
203. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
204 Mozammel Haque, Shri (58-Murshidabad—Murshidabad)
205. Mozammel Haque, Shri (62-Hariharpara—Murshidabad)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

206. Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)
207. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
208. Mukherjee, Shri Ashoke (90-Barasat—North 24-Parganas)
209. Mukherjee, Shri Kamal (182-Chandanagore—Hooghly)
210. Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)
211. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
212. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North Parganas)
213. Mukherjee, Shri Nirmal (113-Behala West—South 24-Parganas)
214. Mukherjee, Shri Pratyush (175-Amta—Howrah)
215. Mukherjee, Shri Rabin (187-Bansberia—Hooghly)
216. Mukherjee, Shri Samar (43-Ratua—Malda)
217. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)
218. Mukherjee, Dr. Srikumar (34-Itahar—North Dinajpur)
219. Mukherjee, Shri Subrata (146-Chowringhee—Calcutta)
220. Mukhopadhyay, Shri Chitta Ranjan (198-Daspur—Midnapore)
221. Munda, Shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
222. Murmu, Shri Debnath [40-Gazole (ST)—Malda]
223. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
224. Mursalin Molla, Shri (115-Maheshtala—South 24-Parganas)
225. Nanda, Shri Brahmamoy (207-Narghat—Midnapore)
226. Nanda, Shri Kiranmay (214-Mugberia—Midnapore)
227. Naskar, Shri Sankar Saran (111-Bishnupur West—South 24-Parganas)
228. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]
229. Nath, Shri Madanmohan (132-Noapara—North 24-Parganas)
230. Nazmul Haque, Shri, (225-Kharagpur Rural—Midnapore)
231. Oraon, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]
232. Paik, Shri Nikunja [122-Mandirbazar (SC)—South 24-Parganas]
233. Paik, Shrimati Sakuntala [124-Kulpi (SC)—South 24-Parganas]
234. Pakhira, Shri Ratan [197-Ghatal (SC)—Midnapore]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

235. Pal, Shri Shyama Prosad (273-Raina—Burdwan)
236. Panda, Shri Debi Sankar (206-Nandigram—Midnapore)
237. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
238. Patra, Shri Manoranjan (244-Taldangra—Bankura)
239. Paul, Shrimati Maya Rani (63-Berhampore—Mushidabad)
240. Paul, Shri Paresh (159-Manicktola—Calcutta)
241. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko—Calcutta)
242. Pramanik, Shri Sudhir [2-Setalkuchi (SC)—Cooch Behar]
243. Purkait, Shri Probodh [102-Kultali (SC)—South Parganas]
244. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24 Parganas)
245. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
246. Ram, Shri Ram Pyare (147-Kabitirtha—Calcutta)
247. Rana, Shrimati Shakti (230-Gopiballavpur—Midnapore)
248. Ray, Shri Pramatha Nath [32-Kaliaganj (SC)—North Dinajpur]
249. Ray Chowdhury, Shri Biplab (201-Panskura East—Midnapore)
250. Routh, Shri Dibakanta [188-Balagarh (SC)—Hooghly]
251. Roy, Shri Bachcha Mohan [17-Maynaguri (SC)—Jalpaiguri]
252. Roy, Shri Banamali [15-Dhupguri (SC)—Jalpaiguri]
253. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)
254. Roy, Shri Jatindra Nath [21-Rajganj (SC)—Jalpaiguri]
255. Roy, Shri Manmatha (86-Gaighata—North 24-Parganas)
256. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar—Midnapore)
257. Roy, Shri Narmada Chandra [33-Kusmandi (SC)—South Dinajpur]
258. Roy, Shri Phani Bhusan [45-Malda (SC)—Malda]
259. Roy, Shri Ramesh [1-Mekliganj (SC)—Cooch Behar]
260. Roy, Shri Saugata (148-Alipore—Calcutta)
261. Roy, Shri Tapas (157-Vidyasagar—Calcutta)
262. Roychowdhury, Shri Nirode (88-Ashoknagar—North 24-Parganas)
263. Rubi Noor, Shrimati (48-Sujapur—Malda)
264. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (SC)—Hooghly]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

265. Saha, Dr. Tapati [154-Taltola (SC)—Calcutta]
266. Sahis, Shrimati Bilasi Bala [240-Para (SC)—Purulia]
267. Samanta, Shri Rampada (217-Pingla—Midnapore)
268. Sanyal, Shri Kamalendu (70-Palashipara—Nadia)
269. Sardar, Shri Sital Kumar [169-Sankrail (SC)—Howrah]
270. Saren, Shri Subhas Chandra [299-Nayagram (ST)—Midnapore]
271. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24 Parganas) .
272. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)
273. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
274. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum—North 24-Parganas)
275. Sengupta Basu, Shrimati Kamal (128-Bijpur—South 24 Parganas)
276. Sengupta, Shri Purnendu (223-Midnapore—Midnapore)
277. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
278. Sheikh Daulat Ali, Shri (119-Diamond Harbor—South 24-Parganas)
279. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
280. Singha, Shri Sankar (81-Ranaghat West—Nadia)
281. Singha, Shri Suresh Chandra (30-Karandighi—North 24-Parganas)
282. Sinha, Shri Anay Gopal (131-Jagatdal—North 24-Parganas)
283. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
284. Sinha, Dr. Nirmal [121-Mograhat East (SC)—South 24-Parganas]
285. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
286. Sk. Jahangir Karim, Shri (218-Debra-Midnapore)
287. Sk. Majed Ali, Shri (189-Pandua—Hooghly)
288. Soren, Shri Khara [36-Tapan (ST)—South Dinajpur]
289. Sultan Ahmed, Shri (153-Entally—Calcutta)
290. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
291. Tirkey, Shri Monohar [11-Kalchini (ST)—Jalpaiguri]
292. Toppo, Shri Salib [10-Kumargram (ST)—Jalpaiguri]
293. Unus Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
294. Upadhyay, Shri Manik (258-Barabani—Burdwan)
295. Zamadar, Shri Badal (107-Bhangar—South 24 Parganas)

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 1st April, 1997 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 17 Ministers, 12 Ministers of State and 124 Members.

[11-00 – 11-10 a.m.]

### Starred Questions
### (To which Oral Answers were given)

**নগরায়ন গবেষণা প্রকল্প**

*৩৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *২০) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মধ্যযুগীয় বাংলার 'নগরায়ন গবেষণা প্রকল্পের' কাজ কবে থেকে শুরু করা হয়েছিল;

(খ) কোন কোন স্থানকে কেন্দ্র করে গবেষণা প্রকল্পের কাজ শুরু করা হয়েছিল; এবং

(গ) বর্তমানে গবেষণা প্রকল্পের কাজ কোন পর্যায়ে আছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) ১৯৯২ সালের মার্চ মাস।

(খ) মালদহ জেলার গৌড় ও পাণ্ডুয়া।

(গ) চূড়ান্ত পর্যায়ে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি 'গ' প্রশ্নের উত্তরে জানালেন প্রকল্পের কাজ চূড়ান্ত পর্যায়ে। তাছাড়া গবেষণালব্ধ যে তথ্যাদি বা সামগ্রী সংগৃহীত হয়েছে তার সম্বন্ধে উল্লেখযোগ্য বিষয়গুলো জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** ওখান থেকে গবেষণালব্ধ যেসব জিনিস পাওয়া গেছে, সেগুলো খুবই গুরুত্বপূর্ণ। ওখানে থেকে কয়েনস অর্থাৎ মুদ্রা পাওয়া গেছে, টালি, নক্সা ইত্যাদি পাওয়া গেছে। আর সুলতান নসরত নাসিরুদ্দিন শাহের কল্কা পাওয়া গেছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয়ের উত্তর থেকে উল্লেখযোগ্য বিষয়গুলো জানা গেল। মধ্যযুগীয় বাংলায় গবেষণা শীর্ষক প্রকল্প আপনি চালু করেছেন এই জায়গায়—গৌড় এবং পান্ডুয়াতে। তাছাড়া এই প্রকল্প আমাদের রাজ্যের আর কোনও স্থানে অবলম্বন করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমরা যেটা চেষ্টা করছি, আপাতত এই বছর কথা ছিল মার্চ মাসের মধ্যে গৌড় এবং পান্ডুয়ার একটা রিপোর্ট আমরা বার করব। গতকালই মার্চ মাস শেষ হয়েছে। কাজটা আমাদের শেষ হয়ে গেছে। এটা করার পর অন্য জায়গায় করার পর আমাদের আর্কিওলজিস্ট, আমাদের হিস্টোরিয়ানরা যদি মনে করেন তাহলে আমরা অন্য জায়গায় উদ্যোগ নেব।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** আমার শেষ অতিরিক্ত প্রশ্ন স্যার। এই বিষয়ে আমাদের রাজ্যে প্রামাণ্য কোনও মানচিত্র আছে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** হ্যাঁ, আছে। আমাদের জেলা ভিত্তিক পুরাকীর্তির তালিকা আছে, জেলা ভিত্তিক বইও আছে। ভবিষ্যতে যে কাজ করব সেটার টেকনিক্যাল ওপিনিয়ন নিতে হয়। সাধারণ ভাবে আমাদের জেলা ভিত্তিক পুরাকীর্তির তালিকা আছে।

### গ্রামাঞ্চলে প্রাণী-সম্পদ বৃদ্ধির পরিকল্পনা

***৩৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৯) **শ্রী সুশীল বিশ্বাস :** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের গরিব মানুষের মধ্যে প্রাণী-সম্পদ বৃদ্ধি করবার কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কিভাবে উক্ত পরিকল্পনা কার্যকর হবে?

**শ্রী আনিসুর রহমান :**

(ক) হ্যাঁ।

(খ) পঞ্চায়েতের পরামর্শ সাহায্য ও সহযোগিতা নিয়ে উক্ত পরিকল্পনা কার্যকর হবে।

**শ্রী সুশীল বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয়, পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের গরিব মানুষের মধ্যে প্রাণী সম্পদ বৃদ্ধি করবার পরিকল্পনা আগের সরকারের ছিল না। আমাদের এই বামফ্রন্টের আমলে আপনারা করছেন। আপনারা কি কি পরিকল্পনা গ্রামের গরিব মানুষের মধ্যে তৈরি করবার জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন?

**শ্রী আনিসুর রহমান :** এই প্রাণী সম্পদে তিন-চারটি কথা আছে। একটা হচ্ছে ব্রিডিং,

দ্বিতীয় হচ্ছে ফিডিং, তৃতীয় হচ্ছে হেলথ কেয়ার, চতুর্থ হচ্ছে ম্যানেজমেন্ট। এখানে এই চারটিই হচ্ছে প্রধান কথা। আমাদের রাজ্যে যত রকমের প্রাণী আছে, যাদের নিয়ে আমাদের কারবার, তাদের মান খুব অনুন্নত। এটা উন্নত করার জন্য—আমরা যে ব্রিডিং প্রথা বলি—তারজন্য যাবতীয় পরিকল্পনা নেওয়া হয়েছে। কৃত্রিম প্রজননের সাহায্যে এগুলিকে উন্নত করছি। দ্বিতীয় হচ্ছে—ফিডিং এর ব্যাপারে বলি। আজকে জমি ব্যবহার হচ্ছে কৃষিতে। সেই কারণে চারণ জমি যে পড়ে থাকত, সেটা আর নেই। সেই কারণে কৃত্রিম উপায়ে খাবার তৈরি করা যেতে পারে কিভাবে সেটা আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। অল্প জমিতে কিভাবে খাবার তৈরি করা যেতে পারে, সেটার পরিকল্পনাও আমাদের আছে। তৃতীয় হচ্ছে—হেলথ কেয়ারের ব্যাপারটা। এটা আমরা বিকেন্দ্রীভূত করে, একেবারে গ্রাম পঞ্চায়েত স্তর পর্যন্ত নিয়ে গেছি। চতুর্থ হচ্ছে—ম্যানেজমেন্ট। মার্কেটিং সহ সমস্ত রকম ম্যানেজমেন্ট স্টেট লেভেল থেকে নিচতলা পর্যন্ত কিভাবে করা যায়, সেটা দেখছি এবং সবটার সঙ্গেই পঞ্চায়েত যুক্ত আছে এবং থাকবে।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী আমাদের রাজ্যে পোলট্রির ডিম বাইরে থেকে আমদানি করতে হয়। আমাদের রাজ্যের ডিমের চাহিদা মেটানোর জন্য কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি?

**শ্রী আনিসুর রহমান ঃ** আমাদের রাজ্যে ডিমের একটু ঘাটতি আছে। আপনারা জানেন যে, এন আই এম এস যে নর্মস আছে, তাতে মাথাপিছু প্রতিদিন আধখানা করে লাগার কথা। সেই হিসাবে ১ হাজার ২৫০ কোটির প্রয়োজন। ২৬৫ কোটির বেশি ঘাটতি আছে। আমাদের রাজ্য ডিম উৎপাদনে ভারতের মধ্যে তৃতীয় স্থান অধিকার করে আছে। প্রথম স্থান অধিকার করে আছে অন্ধ্রপ্রদেশ, দ্বিতীয় স্থান হচ্ছে তামিলনাড়ুর এবং আমরা তৃতীয় স্থান অধিকার করে আছি। এই ঘাটতি কমানোর পরিকল্পনা আমরা নিয়েছি। এটা দুইভাবে হতে পারে। একটা হচ্ছে অন্যান্য রাজ্যে যা করেছে। যেমন অর্গানাইজ সেক্টরে বড় বড় ফার্ম করে বাডসের থেকে ডিম উৎপাদন করছে। তাতে মানুষের সুবিধা হতে পারে এবং চাহিদাও মিটতে পারে। তবে আমাদের দৃষ্টিভঙ্গি আলাদা। আমরা চেয়েছি প্রায় ৭০ থেকে ৮০ ভাগ হাঁস মুরগী গ্রামের গরিব মানুষের হাতে আছে। ওদেরকে উন্নত কায়দায় কিভাবে করা যায়-সেটা চেষ্টা করছি। এটাতে একদিকে প্রোডাকশন বাড়বে এবং গ্রামের গরিব মানুষ-এর আয় বাড়বে। এই দুটো দৃষ্টিভঙ্গি নিয়ে ফ্যামিলি বেসড প্রোগ্রাম আমরা নিয়েছি।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** পঞ্চায়েতের মাধ্যমে গরিব মানুষের মধ্যে প্রাণীসম্পদ বৃদ্ধি করবেন বলেছেন। এরজন্য আপনাদের কর্মচারির প্রয়োজন। যদিও ইতিমধ্যে আপনি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে বিভিন্ন ইন্টারভিউ নিয়েছেন এবং তাদের ট্রেনিং এর জন্য নিয়োগ করেছেন। এই ট্রেনিং চলাকালে তারা কি ভাতা পাবে না কোন সরকারি কর্মচারি হিসাবে স্কেল অনুযায়ী তারা টাকা পাবে?

[11-10 – 11-20 a.m.]

**শ্রী আনিসুর রহমান ঃ** এখন ৩ হাজার ৩৩১ টা গ্রাম পঞ্চায়েত আছে। প্রত্যেক গ্রামপঞ্চায়েতে একটা করে প্রশিক্ষণপ্রাপ্ত রেগুলার এমপ্লয়ী থাকবে, যাদের নাম আমরা ভাবছি এল ডি এ। আমাদের রাজ্যে এখনও পর্যন্ত পদগুলি তিনভাবে আছে একটা বলি—ভেটেনারী ফিল্ড অ্যাসিস্ট্যান্ট, দ্বিতীয় হচ্ছে—ফিল্ড অ্যাসিস্ট্যান্ট, তৃতীয় হচ্ছে ভিলেজ অর্গানাইজার। এই তিন নামে তিন হাজার ৭৮৬টি পদ আছে। তার মধ্যে এখানে উল্লেখ আছে ২ হাজার ৫৯৮টি এবং ঘাটতি শূন্যপদ আছে প্রায় ১১৮৮র মত। আমরা এটা পূরণ করার জন্য ইতিমধ্যে বাছাই করেছি। তার প্রশিক্ষণ শুরু হয়েছে। বেশিরভাগ জায়গায় প্রশিক্ষণ শুরু করেছি। যারা পুরোনো আছে তাদের প্রশিক্ষণের জায়গায় পাঠিয়েছি। প্রশিক্ষণের পর সবাইকে গ্রামপঞ্চায়েতে পাঠানোর ব্যবস্থা করা হবে। সেখানে তারা গ্রামপঞ্চায়েতের প্রধানের এবং সভাধিপতির পরামর্শ নিয়ে সবাই কাজ করবে। তারা চিকিৎসার কাজ করবে, গ্রামে প্রজননের কাজ করবে এবং গ্রামের মানুষকে মোটিভেট করবে। এগ্রিকালচারাল ডেভেলপমেন্টের অন্যতম কাজ ছিল মানুষকে মোটিভেট করা। তেমনি এ্যনিমাল সাইন্সের যে পরিবর্তন হয়েছে সেটা চাষীদের কাছে পৌছে দেওয়ার জন্য তারা মানুষকে মোটিভেট করবে। যারা এই ট্রেনিং নিচ্ছে তারা মাসে ৩০০ টাকা করে পাবে, তবে এদের টাকা আরও বাড়ানো যায় কিনা সে ব্যাপারে চিন্তা-ভাবনা আছে। আর পুরোনো যারা আছে তারা পুরো বেতন পাবেন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, ১৯৯৬ সালে যে ১৫০টা নতুন প্রাণী আমরা বাইরে থেকে এনেছিলাম সেগুলোর রক্ষণাবেক্ষণের কোনও পরিকল্পনা আপনাদের আছে কি?

**শ্রী আনিসুর রহমান ঃ** এটা কি ৮২টার সঙ্গে যুক্ত হবে? কারণ আমাদের এখানে অনেক ধরনের প্রাণী আছে।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, বিগত সময় অর্থাৎ ১০ বছর আগে প্রাণী সম্পদের বিশেষ করে গরু এবং মোষের যে সংখ্যা ছিল এখনও সেই একই সংখ্যক গরু ও মোষ আছে? নাকি এই সংখ্যাটা কমেছে?

**শ্রী আনিসুর রহমান ঃ** বর্তমানে চাষের কাজে ট্র্যাক্টর ও পাওয়ার টিলার ব্যবহার হয় বলে, আগে যে সংখ্যক গরু ও মোষ ছিল এখন আর সেই সংখ্যক গরু ও মোষ নেই। তবে অন্য প্রাণী আছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** টালিগঞ্জে যে পোল্ট্রি ফার্ম আছে সেখানে একসময় ৩০ হাজার বার্ড থাকত। এটা এশিয়ার সর্বাপেক্ষা বড় পোলট্রি ফার্ম ছিল। কিন্তু বর্তমানে এই জায়গাটা বেদখল হয়ে যাচ্ছে এবং বার্ডের সংখ্যা কমে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি এই জায়গাটার সংস্কার করার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি?

**শ্রী আনিসুর রহমান ঃ** ওখানে বার্ডের সংখ্যাটা ৩০ হাজার নয়, ৩ হাজার। আমি ঐ জায়গাটা দেখে এসেছি। ওখানে আরও ১৫০০ বার্ড বাড়ানোর জন্য ব্যবস্থা নিয়েছি। ওখানে মুরগী, ডিম ও মাংসের মার্কেটিং-এর ব্যবস্থা করব। এখানে কেন্দ্রীয় মার্কেটিং-এর ব্যবস্থা করার চেষ্টা করছি। প্রয়োজনে এখানে কোল্ড স্টোরেজ করে আরও বিশাল মার্কেটিং-এর ব্যবস্থা করার পরিকল্পনা আছে।

**শ্রী কমলাক্ষি বিশ্বাস ঃ** প্রাণী সম্পদ উন্নয়ণের জন্য পিগারি ও ডেয়ারি ইত্যাদি যে সব ট্রনিং যারা নিচ্ছে তাদের সরকারি ভাবে সাহায্য করে উৎসাহিত করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী আনিসুর রহমান ঃ** আমাদের ২ রকমের ট্রেনিং আছে। একটা হচ্ছে কয়েকদিনের জন্য এবং আরেকটা হচ্ছে ফার্মারদের জন্য। ফার্মারদের জন্য যেটা আছে সেখানে যুবক-যুবতীদের প্রশিক্ষণের ব্যবস্থা আছে। এর বাইরে আই. আর. ডি. পি.র ট্রেনিং-এর ব্যবস্থা আছে। ট্রেনিং-এর পর তারা নিজেরা ব্যাঙ্ক থেকে লোন নিয়ে বা সাবসিডি লোন নিয়ে স্কীম করতে পারে। সেই স্কিম করে তারা কাজ করে। আমাদের পক্ষ থেকে চিকিৎসা বা অন্য ব্যাপারে সাহায্য করা, পরামর্শ দেওয়া, এসব আমরা করি। সুতরাং, যারা কাজ করতে চায়, সবাই সুযোগ পাচ্ছে। আর, যারা ট্রেনিং নিয়ে কিছু করতে চায় না, তাদের কথা আলাদা।

**শ্রী অজয় দে ঃ** বিধান রায়ের আমলে সৃষ্ট হরিণঘাটা ফার্ম এখন শেষ অবস্থায় দাঁড়িয়েছে। গরুগুলো যে ভাবে রক্ষণা-বেক্ষণের দরকার, সেই ভাবে হচ্ছে না, সব নিঃশেষ হয়ে যাচ্ছে। এই ফার্মটির উন্নতিকল্পে কোনও ব্যবস্থা নিয়েছেন কি?

**শ্রী আনিসুর রহমান ঃ** যেটা বললেন, সেটা কয়েক বছর আগের কথা। এখন অবস্থার অনেক পরিবর্তন হয়েছে। গরুর সংখ্যা বেড়েছে, ফডার বেড়েছে, পঞ্চায়েতকে যুক্ত করে রক্ষণা-বেক্ষণের ব্যবস্থা করা হয়েছে। একটা বড় কমিটি করে পশু, জমি এবং শেড কিভাবে ব্যবহার করা যায় তা করা হচ্ছে। পশ্চিমবাংলায় ফ্রোজেন সিমেন্স স্টেশন প্রথম হরিণ ঘাটাতেই করা হয়েছে। লিকুইড নাইট্রোজেন প্ল্যান্ট কিছুদিনের মধ্যেই চালু করতে পারব। আরও কিছু করা যায় কিনা দেখছি। একবার গিয়ে দেখে আসলে খুশি হব।

**শ্রী সুভাষ নস্কর ঃ** কিছুদিন পূর্বে পঞ্চায়েতের মাধ্যমে, বা পঞ্চায়েত সমিতির কাছ থেকে ভেটেরিনারি হাসপাতালের মাধ্যমে কিছু যুবক-যুবতীকে কিছুদিনের ট্রেনিংয়ের ব্যবস্থা করেছিলেন এবং বলেছিলেন এরা ফিরে গিয়ে গ্রামের ব্যাপারটা দেখবে এবং প্রয়োজনে কিছু ফিস নিতে পারবে পাবলিকের কাছ থেকে। এটা বহাল আছে কি?

**শ্রী আনিসুর রহমান ঃ** দুরকম ট্রেনিংয়ের ব্যবস্থা আছে কৃত্রিম প্রজননের জন্য একটা কাস্টমস সার্ভিস, আর একটা স্পেশ্যাল এ. আই. ট্রেনিং। বলা হয়েছিল ১০ টাকা করে

টু ডোর ঘুরবে। সেটা বন্ধ হয়নি। আর যুক্ত হয়েছে, তার সঙ্গে একজন সরকারি এবং একজন পঞ্চায়েত কর্মী যাবে। প্রয়োজনে এটা আরও বাড়াব।

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় বললেন উন্নত মানের পশু পালনের জন্য নানারকম ব্যবস্থা গ্রহণ করছেন। যেসব ভেস্ট জমি পড়তি জমি মৌজায় আছে, সেসব জমিতে উন্নত মানের ঘাস চাষের কথা চিন্তা করেছেন কি?

**শ্রী আনিসুর রহমান ঃ** উন্নত মানের ঘাস চাষের ব্যাপারে নানারকম পরিকল্পনা নেওয়া হয়েছে। ওয়ার্ল্ড ব্যাঙ্কের একটা ফরেস্ট স্কিম আছে, রাজ্যের ফরেস্ট এরিয়ার যে শেড ল্যাণ্ড আছে, দেখছি সেটা কি ভাবে ব্যবহার করা যায়। মেদিনীপুরের শালবনিতে, জলপাইগুড়ির রামসাইতে এটা করা হয়েছে। এছাড়া দুটো নন-গভর্নমেন্ট অর্গানাইজেশনও সেখানে গবেষণা করছে। এবং ১৫০ রকমের ফডার বাইরের দেশ থেকে আনা হয়েছে। সেইগুলি কিভাবে আমাদের দেশে ব্যবহার করা যায় তা দেখা হচ্ছে। এছাড়া অন্যান্য ফরেস্ট ল্যাণ্ড যেসব আছে, সেখানে চাষীদের বীজ দেওয়া হচ্ছে, কিভাবে তারা ফডার তৈরি করতে পারবে, বীজ তৈরি করতে পারবে। সেটা সব জায়গায় করা যায়নি, করা যায় কিনা দেখছি।

[11-20 - 11-30 a.m.]

**ডঃ রামচন্দ্র মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, গ্রিন ফডার বা সবুজ ঘাস উৎপাদনের ক্ষেত্রে পঞ্চায়েতের সঙ্গে মিলেমিশে কাজ হচ্ছে। কিন্তু আমরা দেখছি, যে জমিগুলো আছে সেগুলো ফুড প্রোডাকশনের দিকে চলে যাচ্ছে। তাহলে আপনাদের সঙ্গে এগ্রিকালচার ডিপার্টমেন্টের কি সহযোগিতায় কাজ হচ্ছে যার ফলে পঞ্চায়েতের মাধ্যমে যথেষ্ট রকমের ফডার প্রোডাকশনের দিকে উদ্যোগী হওয়া যায়? এবিষয়ে আপনারা কি ভাবছেন?

**শ্রী আনিসুর রহমান ঃ** আমাদের লক্ষ্য হচ্ছে, সবচেয়ে কম জমিতে কি করে বেশি ফডার পাওয়া যেতে পারে। দু-নম্বর হচ্ছে, আমাদের যে সমস্ত অব্যবহৃত জমি আছে—গাছের তলায়, জলাজমি, জঙ্গলের মধ্যের জমি—সেখানে কি ধরনের ফডার হতে পারে সেটা দেখা হচ্ছে, এই ব্যবস্থাকে এগিয়ে নিয়ে যাবার জন্য, ভালো ফল পাওয়ার জন্য দুটো ভাগ করা হয়েছে—কৃষাণ-বন ও গ্রাম-বন। যেখানে যৌথ ভাবে একদল চাষী কাজ করে তাকে কৃষাণ-বন বলা হয়। আর, যেখানে কৃষকরা ছোট ছোট জমিতে আলাদা আলাদা ভাবে কাজ করে তাকে গ্রাম-বন বলে। আমাদের রাজ্যে সর্বত্র এতে বিনা পয়সায় পঞ্চায়েতের মাধ্যমে বীজ দেওয়া হয় যাতে চাষীরা কাজ করতে পারে, গাছের তলায় বা ফাঁকা জমিতে করতে পারে এবং এদের মান খুব উন্নত। যাইহোক মূল কথা হচ্ছে, উন্নতি। আমাদের ধানের উৎপাদন বেড়ে যাওয়াতে প্যাডি অনেক বেড়ে গেছে। এটাকেও কি করে কালচার করে নিতে পারি, কি ভাবে ট্রিটমেন্ট করতে পারি ইউরিয়া, ইত্যাদি মিলিয়ে, নতুন কায়দায় এবং এর নিউট্রিয়াস ভ্যালু কিভাবে বাড়ানো যায় তারও ট্রেনিং এর ব্যবস্থা হচ্ছে যাতে করে কাজে লাগাতে পারি। এসব বিষয়ে আমাদের পরিকল্পনা আছে।

## Production of Films

***359.** (Admitted Question No. *521) **Shri Pankaj Banerjee : Will** the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

> the number of films which were produced by the State Government during 1990-1996?

**Shri Buddhadeb Bhattacherjee :**

> 35 films both feature and documentary were produced by the State Government during 1990-96.

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** এই সময়ের মধ্যে কি কি ফিচার ফিল্ম পরিচালনা করেছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মোট চারটে ফিচার ফিল্ম করেছি। একটা হচ্ছে 'পদ্মানদীর মাঝি'। এটা বাংলাদেশের সঙ্গে যৌথভাবে গৌতম ঘোষ করেছেন। আরেকটা হচ্ছে—'গুপী-বাঘা ফিরে এল।' এটা সন্দীপ রায় করেছেন। আরো দুটো করেছি এন. এফ. ডি. সি.-এর সঙ্গে কোলাবোরেশনে। নাম দুটো হচ্ছে যথাক্রমে 'নব্যেন্দু চ্যাটার্জির 'শিল্পী' ও রাজা মিত্রের 'নয়নতারা'।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** 'পদ্মানদীর মাঝি এবং গুপী-বাঘা ফিরে এল—এই দুটোতে আর্থিক লাভ কত হয়েছে এবং হলে সরকার কত টাকা পেয়েছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** কত লাভ হয়েছে তা এখনই বলা যাবে না কারণ এগুলো এখনও চলছে, ফিরে এলে বলা যাবে। পদ্মানদীর মাঝি এখনও জেলায় হবে। বাংলাদেশে খুব ভালো হয়েছে কিন্তু সেই তুলনায় ঢাকার থেকে কলকাতায় একটু কম হয়েছে। কত খরচ হয়েছে সেটা বলছি—পদ্মানদীর মাঝিতে খরচ হয়েছে ৩৬ লক্ষ ১৬ হাজার ৯৮০ টাকা। গুপী-বাঘা ফিরে এলতে খরচ হয়েছে ৩০ লক্ষ ২৮ হাজার ৭৮০ টাকা। আশা করছি দুটো ফিল্ম থেকেই সরকারের যে খরচ হয়েছে তা তুলে আনতে পারব।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** আপনি তুলে আনতে পারবেন বলছেন। কিন্তু ডকুমেন্টারি যা করেছেন শিক্ষণীয় বাদ দিয়ে কমার্শিয়াল, তার খরচটাও কি এর থেকে ফিরে আসবে বলে মনে করছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** ডকুমেন্টারিটা আলাদা। ফিচার ফিল্মের আমরা কমার্শিয়াল শো করি। সেখানে টিকিট বিক্রি করে টাকা তুলতে হয়, কতটা বিক্রি হল তা দেখতে হবে। আমরা ডকুমেন্টারি ফিল্ম নিজেরা কিছু করি আর বিভিন্ন বিভাগ থেকেও করা হয়। যেমন এনভায়রনমেন্ট, ফরেস্ট ডিপার্টমেন্ট, ইরিগেশন তারা করেন। আর কিছু খুব ভালো ফিল্ম যা

কিনা বাইরের ডকুমেন্টারি মেকারসরা তৈরি করেন তাঁদের বইও আমরা কিনে নিই। এই ভাবেও করি। আমরা প্রায় ৩১-টা ডকুমেন্টারি এই ভাবে তৈরি করেছি তার মধ্যে ৪-টে আবার ফিচার ফিল্ম।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় যদিও এটা প্রাসঙ্গিক নয় তবুও বলছি, বাংলাদেশে ফিল্ম তৈরি হচ্ছে, এখানে সেগুলো দেখানো হচ্ছে। এতে বাংলাদেশের কলাকুশলীরা লাভবান হচ্ছেন, এখানকার শিল্পীরা কিছুই পাচ্ছেন না। এ ব্যাপারে কোনও ব্যবস্থা আছে কিনা এবং না থাকলে কোনও ব্যবস্থা নিচ্ছেন কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এ ঘটনাটা এ বছরই ঘটেছে, মূলত এটা বাংলাদেশের তোলা একটা ফিল্ম, আমি নাম করছি না। এটার আইনগত দিক হচ্ছে ই. আই. এম. পি. এ., প্রোডিউসার এবং ডিস্ট্রিবিউটারদের যে সংগঠন তারা সার্টিফিকেট দিয়েছিলেন না বুঝে। তারা সার্টিফিকেট দেওয়ার পর এখানে বইটা দেখানো হয়ে গেল। তখন আমি তাদের দৃষ্টি আকর্ষণ করি, আমাদের অনেকে চিঠি লিখেছেন।। এ ব্যাপারে তারা আবার রেজোলিউশন নিয়েছে। আমাদের দেশের আইনে এটা করা যায় না। তারা কি করেন দেখে, তারপর আমি যা করার করব।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** এটা বন্ধ করার জন্য আপনি কোনও স্টেপ নিয়েছেন কি? হোয়াট আর দা প্রোটেকশন অ্যাণ্ড প্রিকশন ইউ হ্যাভ টেকেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এটার সরকারি ব্যবস্থা নেওয়ার আগে আইনগত ব্যবস্থা নিতে পারে মালিক, প্রোডিউসার এবং ডিস্ট্রিবিউটারদের সংস্থা ই. আই. এম. পি. এ., তারা যদি সার্টিফিকেট দিয়ে দেয় তাহলে আমাদের পক্ষে করার অসুবিধা হয়। কিন্তু আমার ধারণা তারা এটাতে রাজি হবেন না, এটা তাদের স্বার্থের বিরুদ্ধে হবে। আমরা আশা করছি ভবিষ্যতে তারা আরও বেশি সতর্ক হবেন এবং তারা বলেছেন যে এটার বিরুদ্ধে আমরা প্রস্তাব নিয়েছি যাতে এটা ভবিষ্যতে আর না হয়।

**শ্রী আবু আয়েস মণ্ডল :** আপনার উত্তর দেওয়ার সময় আপনি নয়নতারার কথা বলেছেন, উন্নত মানের ছবি করতে চান। এটা সার্থক, আন্তর্জাতিক চলচিত্র উৎসবে ভারতীয় প্যানোরামায় স্থান পেয়েছিল। এর বানিজ্যিক মুক্তি কবে নাগাদ হবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** শিল্পী এবং নয়নতারা এ ব্যাপারে বলেছি। এটা আরেকটু দেখতে হবে।

**শ্রী বিপ্লব রায়চৌধুরি :** অনেক বিশিষ্ট ব্যক্তিত্বদের নিয়ে আপনারা মাঝে মাঝেই ডকুমেন্টারি ফিল্ম করে থাকেন, দ্বিজেন্দ্রলাল রায় এবং তার ছেলে দিলীপ রায় অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব, স্বাধীনতা আন্দোলনে এবং তার পরবর্তী পর্যায়ে। এঁদের নিয়ে কিছু করবার ইচ্ছা আপনাদের আছে কি? থাকলে কি করবেন সেটা একটু জানাবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** দিলীপ রায় সম্পর্কে কোনও বিতর্ক আসে না, কিন্তু এই মুহূর্তে আমরা নেতাজীর উপর ডকুমেন্টারি করছি, আর স্বাধীনতার ৫০ বছর পূর্তির জন্য একটা ডকুমেন্টারি করার প্রস্তাব নিয়েছি। তবে নিশ্চয়ই এই সব করার পরে যদি সময় থাকে তাহলে দিলীপ রায়ের উপর ডকুমেন্টারি করা উচিত।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** টোয়েন্টী ইয়ার্স অফ লেফট ফ্রন্ট গভর্নমেন্টকে নিয়ে আপনি কোন তথ্য চিত্র প্রকাশের ব্যবস্থা করেছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমাদের লেফট ফ্রন্ট গভর্নমেন্টের উপর একটা ডকুমেন্টারি আছে, 'নতুন দিগন্ত', নিউ হরাইজন এটা অবশ্য ১৪, ১৫ বছর সময়ের ছবি তোলা হয়েছিল, এতে ২০ বছরের কিছু কভার করা হয়নি। এই বইটার প্রিন্ট ইউনেসকো টাকা দিয়ে কিনেছে, এটা আমাদের কাছে গর্বের।

[11-30 – 11-40 a.m.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় বুদ্ধদেববাবু দুটো ফেজে ইনফরমেশন অ্যাণ্ড কালচার মন্ত্রী রয়েছেন—প্রথম ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত এবং দ্বিতীয়বার ১৯৮৭ সাল থেকে এখন পর্যন্ত মন্ত্রী রয়েছেন। আমি দেখে আনন্দিত হচ্ছি যে, ওঁর একটু অভিজ্ঞতা হয়েছে, উনি এখন আর ফিচার ফিল্ম-এর জন্য খুব বেশি টাকা দিচ্ছেন না, যাকে তাকে টাকা দিচ্ছেন না। প্রথম বারে প্রচুর টাকা দিয়েছেন, যে চেয়েছে তাকেই টাকা দিয়েছেন—শেখর চ্যাটার্জির 'মা'; উৎপল দত্ত'র 'ঝড়' ইত্যাদিতে টাকা দিয়েছেন। আমি ওঁকে প্রশ্ন করছি, গতবারে ঐ সমস্ত ছবির জন্য তিনি যে টাকা দিয়েছিলেন—সরকারি টাকা—তার কতটা উদ্ধার হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** প্রশ্নটা ধোঁয়াশাচ্ছন্ন—ঠিক বোঝা গেল না। আপনি যদি নির্দিষ্ট প্রশ্ন করেন—১৯৭৭ সাল থেকে '৮২ সাল পর্যন্ত আমরা ক'টা ফিচার ফিল্ম করেছি, কত টাকা তার জন্য খরচ হয়েছে এবং কত টাকা ফেরত এসেছে—তাহলে আমি নিশ্চয়ই উত্তর দেব। তবে সেই হিসাব এখনও আমার কাছে নেই। পরবর্তীকালে আপনি প্রশ্ন করলে আমি উত্তর দেব।

**শ্রী সৌগত রায় ঃ** আমার প্রশ্নটা হচ্ছে ১৯৭৭ সাল থেকে '৮২ সাল পর্যন্ত যে ছবিগুলি করেছেন সেগুলির জন্য কত টাকা খরচ হয়েছে এবং কত টাকা ফেরত পেয়েছেন? আমার ইনফরমেশন হচ্ছে, যে টাকা দেওয়া হয়েছে তার ২০%'ও ফেরত পাওয়া যায়নি। আপনি সে টাকা ফেরত পাওয়ার আশা ছেড়ে দিয়েছেন, না এখনো রিকভারির চেষ্টা চালিয়ে যাচ্ছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** ২০% ইনফরমেশন'টা আমি গ্রহণ করছিনা। এখানে মূল প্রশ্নটা

**হচ্ছে ১৯৯০ সাল থেকে ১৯৯৬ সালের। আপনি এখানে প্রশ্ন করছেন ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সালের।** তবুও আমি আপনাকে বলছি, সরকারের তরফ থেকে যখন ফিচার ফিল্ম করতে টাকা দেওয়া হয় তখন তার একটা কমার্শিয়াল দিক আছে। সরকারি টাকা, অর্থাৎ জনগণের টাকা নিশ্চয়ই তা রিকভারের চেষ্টা চালিয়ে যেতে হবে। তা সত্ত্বেও ভাল ফিল্ম করার জন্য সরকারকে খানিকটা ঝুঁকি নিতে হয়। আমরা সেই ঝুঁকি নিয়েছি বলেই নতুন ধরনের ছবি করতে তরুণ পরিচালকরা এগিয়ে এসেছেন। এর জন্য রাজ্য সরকার ঠকেছে বলে আমি মনে করিনা, চলচ্চিত্র জগৎও মনে করেনা।

**শ্রী সৌগত রায় ঃ** 'ঝড়'-এর মত ছবি করে আপনার কি লাভ হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** 'ঝড়' কি আপনার ভাল লাগে নি? ডিরোজিও-র জীবন নিয়ে ছবি। খুবই ভাল ছবি এবং আমরা পারলে ঐরকম ছবি আরো করব। আমি বলছি, আমরা নীতি পাল্টাইনি। তবে এখন ছবি করার সংখ্যাটা কমেছে, কারণ ফিল্ম মেকিং-এর খরচ বেড়ে গেছে। সে জন্য আমাদের সংযত হতে হয়েছে। আর টাকার দিকে লক্ষ্য দিয়ে ছবি করতে হলে তো বোম্বাই-এর প্রোডিউসারদের মতো ছবি করতে হয়। তাহলে তাদের সঙ্গে সরকারের পার্থক্যটা কোথায় থাকবে? অবশ্যই আমাদের এমন কিছু ফিচার ফিল্ম করতে হবে যা হয়ত কমার্শিয়ালি সাকসেসফুল হবেনা; কিন্তু নতুন পরিচালকদের সাহস দিতে হবে এবং তার জন্য তাদের সাহায্য করতে হবে। এটাই সরকারের উদ্দেশ্য।

**শ্রী মানিক মণ্ডল ঃ** নেতাজী জন্ম শতবার্ষিকীর ওপর ডকুমেন্টারী ফিল্ম তৈরি হচ্ছে। এ বছর কথা-শিল্পী তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের জন্ম শতবর্ষ। সুতরাং তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের জীবন নিয়ে কোন ফিল্ম করার প্রস্তাব আছে কিনা তা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** বীরভূমের লাভপুরে একটা তারাশঙ্কর জন্ম শতবার্ষিকী কমিটি তৈরি হয়েছে। তাঁরা আমাদের সঙ্গে যোগাযোগ করেছেন। তাঁদের প্রস্তাব আছে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের জীবনের ওপর একটা ডকুমেন্টারী করার। এই মুহূর্তে অনেকগুলো প্রস্তাবই আমাদের সামনে আছে। কিন্তু এই মুহূর্তে সরকারের সিদ্ধান্ত অনুযায়ী আমরা এ ক্ষেত্রে কেবল মাত্র নেতাজীর ওপরই কনসেনট্রেট করেছি। অন্যগুলো সম্বন্ধে এখনো কোনও সিদ্ধান্ত নিতে পারিনি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্যার, ১৯৯৮ সাল থেকে নজরুলের জন্ম শতবার্ষিকী শুরু হচ্ছে। সুতরাং নজরুলের জীবনের ওপর কোনও ফিল্ম করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি? হ্যাঁ, নজরুল অ্যাকাডেমি হয়েছে; কিন্তু সেখানে সরকারের যে অ্যাসিস্ট্যান্স দেওয়ার কথা তা দেওয়া হচ্ছেনা। তাই আজকে নজরুলের জন্মস্থান চুরুলিয়া ধ্বংস স্তূপে পরিণত হয়েছে। নজরুলের জন্মস্থানকে সঠিকভাবে সংরক্ষিত করা হচ্ছেনা, মানুষের কাছে সেভাবে তাকে তুলে ধরা হচ্ছে না। সামনের বছর নজরুলের জন্ম শতবার্ষিকী শুরু হচ্ছে, সেটা মাথায় রেখে সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নিশ্চয়ই হচ্ছে। নজরুল সম্পর্কে প্রশ্ন নেই, কারো নেই। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, নজরুল জন্মশতবার্ষিকী, দিলীপ রায়, জীবনানন্দ দাসের জন্মশতবার্ষিকী আসছে। প্রত্যেকটিই করতে হবে আমাদের অবস্থার উপর নির্ভর করে। আর চুরুলিয়ায় যে নজরুল অ্যাকাডেমী আছে সেটা বেসরকারি সংস্থার। সেটা সোসাইটি হিসাবে কাজ করে। তাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ আছে। তাদের যে মেলা হয় তার বিশাল আর্থিক দায়িত্ব বারবার নিয়েছি, এবারও নেব। ইতিমধ্যে তাদের সঙ্গে করেসপনডেন্স হয়েছে। লাস্ট ইয়ারের খরচের হিসাব দিয়েছিলাম। এ বছরও টাকা রিলিজ করবো। তাছাড়া নজরুলের শতবার্ষিকীতে বিশেষভাবে প্রস্তুতি নিতে হবে। রাজ্যস্তরে একটা কমিটি করতে হবে।

**শ্রী খারা সোরেন ঃ** ভারতবর্ষের স্বাধীনতার সময়ে যে সংগ্রামের ভূমিকা নিয়েছিলেন বিরসা, মুণ্ডা এবং সিদো কানু তাদের সম্পর্কে সাঁওতালি ভাষায়, মুণ্ডারি ভাষায় কোনও বই করার পরিকল্পনা রাজ্যসরকারের আছে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এই ব্যাপার নিয়ে সংশ্লিষ্ট বিভাগ একটা প্রস্তাব দিয়েছেন। মূল পরিকল্পনা আছে সাঁওতাল বিদ্রোহের উপর ফিল্ম তৈরি করা। এই ব্যাপারে প্রাথমিক গবেষণামূলক কাজকর্ম হয়েছে। সেই গবেষণামূলক কাজকর্ম শেষ হলে আমরা নিশ্চয়ই সাঁওতাল বিদ্রোহের—সিদো কানু এবং বিরসা মুণ্ডা এই সমস্ত ঘটনাবলি এবং এগুলি স্বাধীনতা আন্দোলনের গুরুত্বপূর্ণ ধারা, এই সম্পর্কে আমরা সতর্ক আছি এবং নিশ্চয়ই ফিল্ম তুলতে পারব বলে মনে হচ্ছে সাঁওতাল বিদ্রোহের উপর।

**শ্রী অধীর রঞ্জন চৌধুরি ঃ** মুর্শিদাবাদ জেলা হচ্ছে ঐতিহাসিক জেলা। ইতিহাসের নানা ঘটনায় সংপৃক্ত একটি জেলা। কখনো ডাচ, কখনো ওলন্দাজ, কখনো ব্রিটিশ এইসব পশ্চিমী এবং ঐসলামিক এবং ইস্টার্ন কালচারের মিলনস্থল। এই ঐতিহাসিক জেলার উপর কোনও তথ্য সংগ্রহ করে তার উপর কোনও ফিল্ম করার কোনও পরিকল্পনা আছে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমাদের পরিকল্পনায় একটা ফিল্ম আছে—মুর্শিদাবাদ ভাঙা গড়ার গল্প। পারলে সেটা দেখে নেবেন।

### ন্যাশনাল ওয়াটারশেড ডেভেলপমেন্ট প্রোজেক্ট

***৩৬১।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৫) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) 'ন্যাশনাল ওয়াটারশেড ডেভেলপমেন্ট প্রোজেক্ট ফর রেনফেড এরিয়ান' নামক কেন্দ্রীয় প্রকল্পটি এই রাজ্যে কোন সময় চালু হয়েছে;

(খ) এই প্রকল্প বাবদ পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কত টাকা পেয়েছে; এবং

(গ) অদ্যাবধি এই প্রকল্প রূপায়ণে এই রাজ্যে কত টাকা খরচ হয়েছে?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ**

(ক) উল্লিখিত প্রকল্পটি এই রাজ্যে ১৯৯০-৯১ আর্থিক বৎসর থেকে চালু হয়েছে।

(খ) এই প্রকল্প বাবদ পশ্চিমবঙ্গ সরকার এখন পর্য্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ২৪৬১.৩৪৪ লক্ষ টাকা পেয়েছেন।

(গ) অদ্যাবধি এই প্রকল্প রূপায়ণে রাজ্য সরকার ১৯০৫.০০৭৯২ লক্ষ টাকা রাজ্যস্তরে এবং জেলা শাসকদের মাধ্যমে জেলা পরিষদগুলিকে দিয়েছেন। খরচ হয়েছে ৭ কোটি ২৬ লক্ষ ৩২ হাজার ৯২৩ টাকা।

[11-40 – 11-50 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** কেন্দ্রের টাকা আপনার ডিপার্টমেন্ট জেলা পরিষদকে দিলো, কিন্তু সেটা খরচ হল না, এটার কারণ কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** আমরা জেলা শাসকের মাধ্যমে জেলা পরিষদকে টাকাটা দিয়েছি এবং গত সেপ্টেম্বর, ১৯৯৬ সালে আমি জেলা পরিষদের সঙ্গে মিটিং করেছিলাম। তখন চার কোটি টাকার মতো খরচ হয়েছিল। এখন একটু বুস্ট আপ হয়েছে। এখন যেটা বললাম ৭ কোটি ২৬ লক্ষ টাকা খরচ হয়েছে। আমি আবার জেলা পরিষদের সঙ্গে কথা বলছি যাতে এর আরও অগ্রগতি হয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** জেলা পরিষদের এই পারফরমেন্স, এটা নৈরাশ্যজনক। এই রকম অবস্থায় এটা যাতে দ্রুত রূপায়ণ হয় তার ব্যবস্থা করুন। বিশেষ করে কৃষি, সেচ, এইগুলোতে যখন সমস্যা রয়েছে, এই রকম একটা অবস্থায় আপনারা অন্য কিছু চিন্তা করেছেন কি যাতে দ্রুত টাকাটা ইউটিলাইজ হতে পারে?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** জেলা পরিষদ ফেলিয়োর, এই সিদ্ধান্ত নেওয়া সঠিক নয়। তবে আমি জেলা পরিষদের সঙ্গে কথা বলছি, তারা উদ্যোগ নিচ্ছে যাতে এই টাকা সঠিক ভাবে খরচ হয় এবং কাজ হয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** কী কারণে টাকাটা খরচ করতে পারছেন না, এর কি কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই? কী অসুবিধা হচ্ছে, যাতে টাকাটা খরচ করতে পারছেন না? মাত্র ওয়ান থার্ড খরচ হল, যেখানে ক্রাইসিস আছে এবং নেসেসিটি আছে?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** আমি এই দপ্তরের দায়িত্ব নেবার পর বিষয়টা নিয়ে আলোচনা

করি গত সেপ্টেম্বর মাসে জেলা পরিষদের সঙ্গে। তারপর থেকে অনেকখানি গিয়ার আপ হয়েছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার** ঃ এই টাকাটা বিভিন্ন জেলায় কিভাবে ভাগ হয়েছে, এই সম্পর্কে সবটা না পারলেও দক্ষিণ ২৪ পরগনা জেলায় কত টাকা দিয়েছেন এবং কত টাকা খরচ হয়েছে, সেই সম্পর্কে বলবেন কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে** ঃ দক্ষিণ ২৪ পরগনায় দেওয়া হয়েছিল দু কোটি ৫৪ লক্ষ ৩ হাজার ৭২৯ টাকা।

**শ্রী সুভাষ গোস্বামী** ঃ এই স্কীমে এই পর্যন্ত যে টাকা খরচ হয়েছে, তার মধ্যে প্রশিক্ষণ দেবার জন্য কত টাকা খরচ হয়েছে?

**শ্রী নরেন্দ্রনাথ দে** ঃ প্রশিক্ষণের ফিগারটা আমার কাছে এখন নেই। পরে বলে দেব।

## রাজ্যে খুনের সংখ্যা

***৩৬২।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৪১) **শ্রী তপন হোড়** ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) '১৯৯৬ সালে রাজ্যে কত জন ব্যক্তি খুন হয়েছেন; এবং

(খ) এর মধ্যে রাজনৈতিক খুনের সংখ্যা কত?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** ঃ

(ক) ১৯২৯ জন।

(খ) নির্দিষ্টভাবে কতগুলি রাজনৈতিক খুন বলা সম্ভব নয়। তবে নিহতদের মধ্যে কয়েকজন কর্মী বা সমর্থক আছেন।

**শ্রী তপন হোড়** ঃ এই যে ১ হাজার ৯২৯ জন ১৯৯৬ সালে খুন হয়েছেন, মাননীয় মন্ত্রী মহাশয় এর জেলাওয়ারী হিসাব দিতে পারেন কি?

**মিঃ স্পিকার** ঃ ওটা আপনি লে করে দিন, উনি দেখে নেবেন।

**শ্রী তপন হোড়** ঃ আমাদের বাস্তব অভিজ্ঞতায় আমরা দেখি যে কংগ্রেসিরা খুন করতে অভ্যস্ত। আমার প্রশ্ন, এই যে ১ হাজার ৯২৯ জন ১৯৯৬ সালে খুন হয়েছেন এই খুনের সঙ্গে কতজন কংগ্রেসি যুক্ত আছেন তা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** না, আমার কাছে সেইভাবে লিস্ট করা নেই যে ঠিক কতজনকে কংগ্রেসিরা খুন করেছেন। তবে নিশ্চয় অনেক করেছেন সন্দেহ নেই।

**শ্রী তপন হোড় ঃ** আমরা কাগজে দেখলাম যে নবগ্রামে একজন প্রধান খুন হয়েছেন তার অফিসে কাজ করতে করতে। বিষয়টা উদ্বেগজনক। এ সম্পর্কে কোনও তথ্য মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমি এই মুহূর্তে প্রস্তুত নই বলতে যে ঠিক কি হয়েছে। তবে ফার্স্ট হ্যাণ্ড রিপোর্ট কিন্তু নাই যে তিনি অফিসে কাজ করছিলেন এবং সেই অবস্থায় তাকে গুলিবিদ্ধ করে মারা হয়েছে। এর বেশি এখনও পাওয়া যায়নি, আরও একদিন সময় লাগবে।

**Shri Gyan Singh Sohanpal :** The Hon'ble Minister has stated that during the year 1996, 1929 murders were committed. I would like to know from the Hon'ble Minister whether it is a fact that there has been an appreciable increase in the number of murders in 1996 as compared to the previous year, if so the reasons thereof.

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমার কাছে যা আছে তাতে দেখছি, ১৯৯২ সালে ১ হাজার ৭৭০, ১৯৯৩ সালে ১ হাজার ৬৮৫ একটু নেমে গিয়েছিল, ১৯৯৪ সালে ১ হাজার ৮১৭—আবার বেড়ে গেল; ১৯৯৫ সালে ১ হাজার ৭৮৮, আর ১৯৯৬ সালে আমি বললাম ১ হাজার ৯২৯। আমি এটা অ্যাপ্রিসিয়েবল ইনক্রিস বলে মনে করছি না, আমি মনে করছি এটা মার্জিন্যাল ইনক্রিস।

**শ্রী জ্ঞানসিং সোহনপাল ঃ** এর কারণটা তো বললেন না মন্ত্রী মহাশয়?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** কারণ? অনেক কারণ। সারা দেশের অবস্থা তো জানেন।

**শ্রী জ্ঞানসিং সোহনপাল ঃ** দুটি পিরিওড—ইট রিলেটস টু টু ডিফারেন্ট পিপল। এখন আপনি হোম মিনিস্টার, আগে চিফ মিনিস্টার হোম মিনিস্টার ছিলেন। এটা কি চেঞ্জ অব হ্যাণ্ডের জন্য হল, না অন্য কারণ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** না, এটা চেঞ্জের জন্য হল না। দেশে যখন নরসিমা রাও প্রধানমন্ত্রী ছিলেন তখন সারা দেশে যা ক্রাইম হয়েছে এখন দেবগৌড়া যখন প্রধানমন্ত্রী হয়েছেন এখনই ক্রাইম বেড়ে যাচ্ছে। ক্রাইমটা শুধু নির্ভর করে না কে মিনিস্টার আছেন আর কে সরকারে আছেন তার উপর। অনেকগুলি ফ্যাক্টর এরমধ্যে আছে সেটা আপনার জানা উচিত। সমাজের মধ্যে কিছু সমস্যা আছে, দারিদ্র আছে, ব্যাকওয়ার্ডনেস আছে, টেরোরিজম আছে, ইলেক্ট্রনিক মিডিয়ারও একটা ভূমিকা আছে এই সমস্ত ফ্যাক্টরগুলি থেকে এই ক্রাইম এবং মার্ডারটা বেড়ে যাচ্ছে। এটা একটা ন্যাশনাল ফেনোমেনান। শুধু আমাদের স্টেটে নাম্বারটা

**একটু কম আছে। ইনক্রিস যেটা হচ্ছে তারজন্য আমি নিশ্চিত চিন্তিত, আমি এতটুকু কমপ্লেসেন্ট নই কিন্তু ইনক্রিসটা মার্জিন্যাল ইনক্রিস।**

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ১৯৯৬ সালে যে ১৯২৯ জন মার্ডার হয়েছেন এরমধ্যে গণ-প্রহারে কতজনের মৃত্যু হয়েছে?

[11-50 – 12-00 noon.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এই রকম ব্রেক আপ দিতে পারবো না। ডিস্ট্রিক্ট ওয়াইজ কত কোন ধরনের ক্রাইমে মারা গেছে, এটা নোটিশ দিতে হবে। গত সপ্তাহে গণ প্রহারের একটা প্রশ্ন ছিল, কিন্তু সময় পাওয়া যায়নি বলে বলা যায়নি। আপনি সেটা দেখে নিতে পারেন।

**শ্রী খারা সোরেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, আদিবাসী সমাজে ডাইনি প্রথা ভয়ানক ভাবে বৃদ্ধি পেয়েছে। এতে কত জন খুন হয়েছে সেটা জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** ঐ ধরণের ঘটনা দুই একটি আমার কাছে আছে। তবে কতজনকে ডাইনি মনে করে মারা হয়েছে সেই ফিগার আমার কাছে নেই। আপনি যদি নির্দিষ্ট ভাবে প্রশ্ন করেন তাহলে আমি টোটাল ফিগার দিয়ে দেব। তবে প্রতি বছরই এই রকম দু একটি ঘটনা ঘটে থাকে। আমরা দেখছি যে আমাদের রাজ্যে বেশি নেই।

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, পুলিশ লক-আপে বিচারাধীন বন্দি কতজন মারা গেছে এবং কর্মরত অবস্থায় পুলিশ কর্মচারি কেউ মারা গেছে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনি নোটিশ দেবেন, আমি বলে দেব। এই ভাবে বলতে পারব না। তবে মারা গেছে।

**শ্রী মহম্মদ হান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে এই বছর ১ হাজার ৯২৯ জন খুন হয়েছে। যারা খুন করছে, এই খুনের প্রবণতা যাতে না বাড়ে তার জন্য শক্ত হাতে মোকাবিলা করার জন্য সরকার কি চিন্তা ভাবনা করছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আইনের কাঠামোর মধ্যে যতটা শক্ত হওয়া যায় ততটা শক্ত হওয়ার চেষ্টা করছি।

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, আপনি বেশ গর্বের সঙ্গে কম্পেয়ার করে বললেন যে ১ হাজার ৯২৯ জন মারা গেছে ১৯৯৬ সালে। প্রশ্নের উত্তর দিতে গিয়ে বললেন যে কংগ্রেসিরা বেশি করেছে। কিন্তু আমরা জানি যে গত বছর মার্কসবাদী পার্টির বুদ্ধদেব বাবুর দল খুন করেছে এই রাজ্যে বেশি। কতজন মার্কসবাদী কমিউনিস্ট খুনীকে আপনি গ্রেপ্তার করেছেন বা গ্রেপ্তার করার পরিকল্পনা নিয়েছেন জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনি নির্দ্দিষ্ট ভাবে প্রশ্ন করবেন, আমি উত্তর দিয়ে দেব। এই ভাবে বলতে পারব না। তবে খুন করলেই তাকে আমরা গ্রেপ্তার করছি, এটাই আমাদের নীতি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, এটা কি সত্য যে গণ-প্রহারে হত্যার ঘটনা বাড়ছে। এটা যদি বেড়ে থাকে তাহলে এর কারণ কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** গণ-প্রহারে হত্যার ঘটনা সম্পর্কে আমি স্বীকার করতে বাধ্য হচ্ছি যে বাড়ছে। সেজন্য এটাকে শুধু আইন-শৃঙ্খলার দিক থেকে না দেখে, আইন-শৃঙ্খলার দিক থেকে যা করার সেটা আমরা করছি, যে এলাকায় এগুলি বেশি হচ্ছে, সেই এলাকায় আমরা চেষ্টা করছি গণ-সংগঠন, পঞ্চায়েত ইত্যাদিকে নিয়ে এই ঘটনাগুলি কেন হচ্ছে সেটা আলোচনা করে পঞ্চায়েতের সঙ্গে পুলিশ বিভাগকে যুক্ত করে কিছু উদ্যোগ যাতে নেওয়া যায় যাতে এই ঘটনার পুনরাবৃত্তি না হয়। সেই ধরনের চেষ্টা করা হচ্ছে।

**'পশ্চিমবঙ্গ' প্রকাশনে পরিচালন ব্যবস্থার বদল**

***৩৬৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৩১) **শ্রী অশোককুমার দেব ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্য সরকারি মুখপত্র 'পশ্চিমবঙ্গ' প্রকাশনে ধারাবাহিক আর্থিক ক্ষতি রোধ করতে পরিচালন ব্যবস্থায় রদবদল ঘটাতে সরকার কোনও চিন্তাভাবনা করছে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

আপাতত পরিচালন ব্যবস্থায় রদবদলের কোনও প্রস্তাব নেই।

**শ্রী অশোককুমার দেব ঃ** সরকারের কত লোকসান হয়েছে এবং সেটা মেটাবার কোনও ব্যবস্থা করেছেন কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সরকার শুধুমাত্র লাভ করবার জন্য পত্রিকা বের করে না। আর পত্রিকা বের করতে খানিকটা সাবসিডি দিতেই হয়। কোনও দেশে কোনও সরকারি মুখপত্র প্রফিট করবার জন্য বের করা হয় না। কেন্দ্রীয় সরকারও একাধিক পত্রিকা বের করেন। সরকারকে গভর্নমেন্টের খবর দেবার জন্য পত্রিকা বের করতেই হয়। আমাদের ৬,০০০ কপি বিক্রি হয়, কিন্তু তাতে হয় না, খানিকটা ক্ষতি হয়। কিন্তু সরকারি নীতি ঘোষণা করবার জন্য এটা করতেই হয়। এই লোকসানের খানিকটা আমরা পূরণ করি স্পেশ্যাল ইস্যু বের করে। আমরা স্পেশ্যাল ইস্যু যে কয়টি বের করেছি সেগুলোর ভীষণ সার্কুলেশন হয়েছে। শেষ স্পেশ্যাল ইস্যু যেটা হয়েছে নেতাজি সংখ্যার তার ৬০,০০০ কপি বাংলা এবং ৪,০০০ কপি ইংরেজি ছাপা হয়েছিল, কিন্তু তার বাংলা এবং ইংরেজি কপি

পুনরায় ছাপাতে হয়েছে। স্পেশ্যাল ইস্যুর টাকা সংগ্রহ করে তার দ্বারা ক্রস সাবসিডি দিচ্ছি—আমরা এই ভাবে করছি। তবে 'পশ্চিমবঙ্গ' পত্রিকা আমরা লাভ করবার জন্য বের করি না।

**শ্রী অশোককুমার দেব** ঃ কটি ভাষায় এটা চালু হয়েছে এবং ভাষাভিত্তিক তার সার্কুলেশন কত?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** ঃ 'পশ্চিমবঙ্গ' পত্রিকা ৬,০০০ বাংলায় এবং ৩,০০০ ইংরেজিতে ছাপানো হয়। অন্য ভাষা—হিন্দি, উর্দু এবং সাঁওতালিতেও পত্রিকাটি ছাপা হয়। তবে সাঁওতালি ভাষায় ছাপাবার কাজটা এস.সি./এস.টি. বিভাগকে দেওয়া আছে। হিন্দির ব্যাপারে একটু খবর নিতে হবে, কারণ তথ্যটা আমার কাছে লেখা নেই।

**শ্রী অশোককুমার দেব** ঃ সার্কুলেশনের দায়িত্বে কারা রয়েছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** ঃ পরিচালনার দায়িত্বে আনুষ্ঠানিক ভাবে রয়েছেন ডাইরেক্টর (ইনফর্মেশন) এবং তাঁর অধীনে রয়েছেন এডিটর, রয়েছে এডিটোরিয়াল বোর্ড এবং সরকারি কর্মচারি। তারা লেখেন এবং নিউজ তৈরি করেন। কোনও স্পেশ্যাল ইস্যু যদি হয় সেটার জন্য এই রাজ্যে বুদ্ধিজীবী বলে যাঁরা পরিচিত—যাদের সঙ্গে আপনাদের ফারাক অনেক—তাঁরা সবাই আমাদের পরামর্শ দেন।

**শ্রী আবু আয়েশ মন্ডল** ঃ এই পূজাতে বিশেষ সংখ্যা আপনার দপ্তর যা প্রকাশ করেছে সেটা অনবদ্য এবং তথ্য-সমৃদ্ধ। তবে বঙ্গাব্দের পঞ্চদশ সংখ্যা এবং বিদ্যাসাগর সংখ্যা অপ্রতুল প্রকাশিত হয়েছিল বলে আমার ধারণা। ঐ বিশেষ সংখ্যা দুটি যাতে পুনঃমুদ্রণ হয় তারজন্য আমি আবেদন করেছিলাম। সংখ্যা দুটির পুনমুদ্রণের ব্যবস্থা করেছেন কিনা জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** ঃ আমাদের সমস্যা হচ্ছে, পুরানো অনেকগুলো সংখ্যাই আবার ছাপাবার অনুরোধ আসছে, কারণ সেগুলো এখানে এবং বাংলাদেশে বিক্রি হচ্ছে। নেতাজি সংখ্যার দ্বিতীয় এডিশন বের করবার পর 'তারাশঙ্কর' স্পেশ্যাল ইস্যু বের করতে হবে। তারজন্য নতুন করে করব, নাকি পুরানোগুলি রিপ্রিন্ট করব এই সমস্যা রয়েছে।

**শ্রী সৌগত রায়** ঃ মন্ত্রী সঠিক ভাবেই বলেছেন যে, সরকারি খবর প্রচার করবার জন্য যে পত্রিকা বের করা হয় তাতে লাভের প্রশ্ন আসে না। সরকারকে সাবসিডিতে স্পেশ্যাল ইস্যুও বের করতে হয়। আমি প্রশ্ন করতে চাই, প্রথমত কত সাবসিডি বাংলা 'পশ্চিমবঙ্গের' জন্য এবং কত সাবসিডি ইংরেজি 'পশ্চিমবঙ্গের' জন্য দিতে হয় এবং স্পেশ্যাল ইস্যুতে কত লাভ হয়? আমার দ্বিতীয় প্রশ্ন, সম্প্রতি নেতাজির উপর যে ইস্যু প্রকাশ করেছেন সেক্ষেত্রে কাদের অ্যাডভাইস নিয়েছেন নাম যদি বলেন ভাল হয়।

[12-00 – 12-10 p.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনার প্রথম প্রশ্নের উত্তর দিতে পারছি না, কারণ সাবসিডির পরিমাণটা ফ্যাকচুয়েট করে, কারণ ক্রস সাবসিডির প্রশ্ন রয়েছে। আমার ধারণা, একটা সময় আলোচনা করেও দেখেছিলাম, ৫০ ভাগের মতো টাকা ওঠে এবং ৫০ ভাগ সাবসিডিইজড করতে হয়। ৫০ ভাগের মতো আমাদের সাবসিডাইজড করতে হয়। স্পেশ্যাল ইস্যু বার করার পর কিছুটা সুবিধা হয়। আপনি অঙ্কটা করলে বুঝতে পারবেন। আমাদের ৬০ হাজার কপি বাংলা ভারসান বিক্রি হয়েছে ২০ টাকা দামে এবং ৪ হাজার কপি ইংরাজি বিক্রি হয়েছে ১৫ টাকা দামে। স্পেশ্যাল ইস্যু বার করে যে টাকাটা আমরা পাচ্ছি সেটা অন্য বই যেগুলি বার হচ্ছে তাতে সাবসিডাইজ করতে সুবিধা হচ্ছে। কোন পাবলিকেশনে কত লাভ হয়েছে কত ক্ষতি হয়েছে সেই ফিগার চাইলে দিয়ে দিতে পারব। আর কমিটিতে যাঁরা ছিলেন তাঁদের সমস্ত নাম আমি দিতে পারব না। কয়েকজনের কথা বলতে পারি। যেমন তপন রায়চৌধুরি তাঁর পরামর্শ আমরা পেয়েছি, তিনি অক্সফোর্ড থেকে এসেছিলেন, এখন তিনি চলে গেছেন। তারপর অতীশ দাসগুপ্ত, আই. এস. আই. এ আছেন তিনি পরামর্শ দিয়েছেন, বরুন দে, তিনি পরামর্শ দিয়েছেন। এই রকম ৭-৮ জনকে নিয়ে নেতাজী সেনটিনারী এডিটোরিয়াল বোর্ড তৈরি হয়েছে। পুরো নাম চাইলে আমি দিয়ে দিতে পারব। তারপর গৌতম চ্যাটার্জি আছেন, তাঁর পরামর্শ আমরা পেয়েছি। নরেনবাবু সমস্ত নাম জানেন, উনি বলতে পারবেন। তাঁরা ফিল্মে স্ক্রীপট করে দিয়েছেন সেই অনুয়ায়ী ফিল্ম তৈরি হয়েছে। তাঁরা একজিবিশান করেছেন, মহাজতি সদনে, নেতাজীকে নিয়ে খুব সুন্দর একজিবিশন করেছেন। আপনারা তো দেখেন না, দয়া করে গিয়ে দেখে আসবেন, ভাল লাগবে। তারপর ইডেন গার্ডেনের দোতলায় লাইট অ্যাণ্ড সাউণ্ড তৈরি করছে নেতাজী সম্পর্কে যা কিছু হয়েছে তার থিম এবং পেপার এই কমিটির লোকেরাই করেছেন। কমিটিতে আর বাকি যে ৫-৬ জন আছেন তাঁদের নাম নরেনবাবু জানেন, আপনারা জানতে চাইলে বলে দেবেন। নাম গুলি শুনলে আপনাদেরও ভাল লাগবে, আপনারাও খুশি হবেন।

## Starred Questions
## (To which Written Answers were laid on the Table)

### আসানসোলে কাচ কারখানা

***৩৫৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৭০) **শ্রী তাপস ব্যানার্জি ঃ** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসানসোলের কাচ কারখানাটি বন্ধ হয়ে আছে কি না;

(খ) থাকলে, তার কারণ কি; এবং

(গ) উক্ত কারখানাটি খোলার ব্যাপারে সরকারের তরফ থেকে কোনও পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি না?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) পূর্বতন মালিক কারখানাটিকে বন্ধ করে দেবার পর এক নতুন শিল্পদ্যোগী আদালত থেকে এটিকে নিলামে ক্রয় করেন। কিন্তু পরবর্তীকালে এই কারখানাটিকে খোলার ব্যাপারে কোনও পদক্ষেপ নেয়নি। বর্তমানে বিষয়টি আদালতের বিবেচনাধীন রয়েছে।

(গ) কারখানাটি খোলার জন্য রাজ্য সরকার বিভিন্ন শিল্পদ্যোগীদের সঙ্গে কথাবার্তা চালাচ্ছে।

**পশুপালনে সরকারি প্রশিক্ষণ**

*৩৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭) **শ্রী ইউনুস সরকার ঃ** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশুপালনের জন্য সরকারিভাবে বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, কি ভাবে এবং কোথায় কোথায় এই ব্যবস্থা নেওয়া হচ্ছে?

**প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বিভিন্ন প্রকার প্রাণী পালনের জন্য সরকারি খামারগুলিতে প্রশিক্ষণের ব্যবস্থা আছে। এগুলি ঃ—টালিগঞ্জ, কলকাতা, দক্ষিণ ২৪-পরগনা, উত্তর ২৪-পরগনা, নদীয়া, মুর্শিদাবাদ, কোচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং, উত্তর দিনাজপুর, মালদা, দক্ষিণ দিনাজপুর, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া, বর্ধমান, মেদিনীপুর জেলায় অবস্থিত। এইসব কেন্দ্রে প্রাণী বিশেষজ্ঞদের দ্বারা প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে। এর জন্য কোনও অর্থ বা ফিস দিতে হয় না।

এছাড়া তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্তদের প্রশিক্ষণের জন্য দুটি পৃথক প্রাণী প্রশিক্ষণ কেন্দ্র—বাঁকুড়া ও মালদা জেলা সদরে চালু আছে। এখান থেকে উক্ত সম্প্রদায়ভুক্ত মানুষদের প্রাণী পালনের ক্ষেত্রে বিভিন্ন প্রকার প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে।

## মুর্শিদাবাদে নিয়ন্ত্রিত বাজার সমিতি

***৩৬৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৭) **শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) ঃ** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় নিয়ন্ত্রিত বাজার সমিতির সংখ্যা কত;

(খ) ১৯৯৫-৯৬ থেকে ১৯৯৬-৯৭, ৩১শে ডিসেম্বর পর্যন্ত আর্থিক বছরে কোন কোন সমিতি কত টাকা আয় করেছে; এবং

(গ) উক্ত জেলায় নতুন কোন নিয়ন্ত্রিত বাজার সমিতি খোলার প্রস্তাব সরকার বিবেচনা করছে কি না?

**কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৪ (চার) টি।

(খ)

| **বাজার সমিতির নাম** | আয় | |
|---|---|---|
| | ১৯৯৫-৯৬ (লক্ষ টাকায়) | ১৯৯৬-৯৭ (৩১.১২.৯৬ পর্যন্ত) (লক্ষ টাকায়) |
| ১। কাশিম বাজার | ৩১.০৫ | সঠিক তথ্য |
| ২। ধুলিয়ান | ৬৮.৫৯ | এখনও |
| ৩। লালবাগ | ০.৫৬ | পাওয়া |
| ৪। কান্দি | ০.০৬ | যায় নি। |

(গ) না।

## রাজ্যে ট্রেন-ডাকাতির ঘটনা

***৩৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৯) **শ্রী কমল মুখার্জি ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে গত এক বছরে ক'টি ট্রেন-ডাকাতির ঘটনা ঘটেছে;

(খ) উক্ত ঘটনায় কত জন ট্রেনযাত্রী ডাকাতদের হাতে নিহত এবং আহত হয়েছেন;

(গ) উক্ত ঘটনাগুলিতে কত জন ডাকাত ইতিমধ্যে ধরা পড়েছে; এবং

(ঘ) রেল ডাকাতি রুখতে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৫৮টি।

(খ) নিহত — একজনও নয়।

আহত — ৫৩ জন।

(গ) মোট ১৫৮ জন।

(ঘ) রেল ডাকাতি রুখতে নিম্নলিখিত ব্যবস্থাগুলি নেওয়া হয়েছে ঃ—

(১) তিনটি গাড়িতে (দার্জিলিং মেল, লালগোলা প্যাসেঞ্জার ও গৌড় এক্সপ্রেস) ভ্রাম্যমান পুলিশ স্টেশনের ব্যবস্থা করা হয়েছে।

(২) রাতের মেল এবং এক্সপ্রেস ট্রেনগুলিতে রেল রক্ষী দেওয়া হয়েছে।

(৩) উপদ্রুত লোকাল গাড়িগুলিতে প্রহরার ব্যবস্থা করা হয়েছে।

(৪) রেলপথের উপদ্রুত অঞ্চলগুলিতে সরকারি রেলরক্ষী বাহিনী (জি.আর.পি.), রেল নিরাপত্তা বাহিনী (আর.পি.এফ.) ও জেলা পুলিশ বাহিনী দ্বারা ক্রমাগত হানা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

(৫) রেলওয়ে প্ল্যাটফর্ম ও মহিলাদের জন্য নির্দিষ্ট কামরাগুলিতে অবাঞ্ছিতদের চিহ্নিত করণের চেষ্টা চলছে।

(৬) বিনা টিকিটে ভ্রমণকারী যাত্রীদের সনাক্তকরণের ব্যবস্থা জোরদার করা হয়েছে।

## রাজ্যে মাংস ও ডিমের চাহিদা

***৩৬৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৩২) **শ্রী সুকুমার দাশ ঃ** প্রাণী-সম্পদ বিকাশ ভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বছরে মাংস ও ডিমের চাহিদা কত;

(খ) উক্ত চাহিদার সাথে উৎপাদনের সামঞ্জস্য আছে কি না; এবং

(গ) না থাকলে, সরকার উক্ত বিষয়ে সচেষ্ট হচ্ছে কি না?

**প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে বর্তমানে বছরে প্রায় ১২৫০ কোটি ডিম এবং ১৬.৫ লক্ষ মেট্রিক টন মাংসের প্রয়োজন।

(খ) না।

(গ) সরকার বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে ন্যূনতম চাহিদা মেটানোর জন্য দেশি প্রজাতির হাঁস, মুরগী, ছাগল, ভেড়া প্রভৃতির মানোন্নয়নের এবং উন্নত মানের প্রাণী-সম্পদ সমূহের বিতরণের ব্যবস্থা গ্রহণ করেছেন যাতে উৎপাদন আরও বৃদ্ধি পায়।

## রাজ্যে সুসংহত শিশু বিকাশকেন্দ্র

***৩৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩২৮) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে কতগুলি সুসংহত শিশু-বিকাশকেন্দ্র চালু আছে; এবং

(খ) উক্ত কেন্দ্রগুলিতে কত জন অঙ্গনওয়ারী ও সহায়িকা কর্মী আছেন (৩১শে ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত)?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে বর্তমানে ২৮১০০টি সুসংহত শিশু বিকাশ কেন্দ্র চালু আছে (৩১শে ডিসেম্বর ১৯৯৬ পর্যন্ত)

(খ) ৩১শে ডিসেম্বর, ১৯৯৬ পর্যন্ত ঐ প্রকল্পগুলিতে ২৮১০০ জন অঙ্গনওয়ারি কর্মী এবং ২৮১০০ জন সহায়িকা কর্মরতা আছেন।

## Incidents of Murders in the State

***369.** (Admitted Question No. *1387) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the total number of murders committed in the State during the year 1996;

(b) how many of those were committed for political reason(s); and

(c) the position with regard to (a) and (b) in 1995, 1994, 1993 and 1992?

**Minister-in-charge of the Home (Police) Department :**

(a) Total — 1929.

(b) It is not possible to determine exactly the number of murders committed for political reasons.

However, there may be a few political workers or supporters amongst the victims.

(c)

| Year | Numbers Of Muders |
|---|---|
| 1992 | 1770 |
| 1993 | 1685 |
| 1994 | 1817 |
| 1995 | 1788 |

**সাংবাদিক ও সংবাদপত্র কর্মীদের প্রশিক্ষণ**

*৩৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৫) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার পরিচালিত গণমাধ্যমকেন্দ্রের ব্যবস্থাপনার ছোট সংবাদপত্রের সাথে যুক্ত সাংবাদিক ও সংবাদপত্র কর্মীদের প্রশিক্ষণ সংগঠিত হয়েছে;

(খ) সত্যি হলে, উক্ত প্রশিক্ষণ কতবার সংগঠিত হয়েছে এবং মোট কত জন প্রশিক্ষণ নিয়েছেন;

(গ) উক্ত প্রশিক্ষণের ব্যবস্থা প্রত্যেক জেলায় করার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(ঘ) থাকলে, কবে থেকে তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ছয়বার (৬) মোট ২০৬ জন প্রশিক্ষণ নিয়েছেন।

(গ) বিবেচনাধীন আছে।

(ঘ) ১৯৯৭-৯৮ আর্থিক বৎসরেই বাস্তবায়িত করার চেষ্টা চলছে। সম্ভব না হলে, আগামী আর্থিক বছরে হবে।

### Industries Referred to BIFR

***371.** (Admitted Question No. *1393) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Industrial Reconstruction Department be pleased to state—

(a) whether it is a fact that the State Government has referred any Industry to BIFR; and

(b) if so, number of such Industries till 31st January, 1996.

**Minister-in-charge of the Industrial Reconstruction Department :**

(a) No.

(b) Does not arise.

### পুরুলিয়া সমাজবিরোধী কার্যকলাপ

***৩৭২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫১৮) **শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পুরুলিয়া জেলার বিভিন্ন সমাজবিরোধী কার্যকলাপরোধে সরকার কোন পদক্ষেপ গ্রহণ করেছে কি না?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হ্যাঁ, করা হয়েছে।

### সুন্দরবন এলাকায় ক্ষুদ্র সেচপ্রকল্প

***৩৭৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯০৩) **শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** জল অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবন এলাকায় ক্ষুদ্রসেচ প্রকল্পের মাধ্যমে ও গভীর নলকূপের মাধ্যমে জল সরবরাহের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কোন কোন ব্লকে বা মৌজায় তা রূপায়িত হবে বলে আশা করা যায়?

**জল অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উত্তর ২৪ পরগনা ও দক্ষিণ ২৪ পরগনা জেলা এলাকায় রাজ্য সরকারের বিভিন্ন সেচ প্রকল্পের মাধ্যমে জল সরবরাহের পরিকল্পনা আছে।

(খ) নতুন প্রকল্পের স্থান এখনও নির্ধারিত হয়নি।

### আই. সি. ডি. এস. প্রকল্প

*৩৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩৯) **শ্রী ঈদ্ মহম্মদ ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে এখনও কতগুলি ব্লক আই. সি. ডি. এস. প্রকল্পের আওতার বাইরে আছে; এবং

(খ) কত দিনের মধ্যে সমস্ত ব্লকগুলিকে আই. সি. ডি. এস. প্রকল্পের অন্তর্ভুক্ত করা হবে?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে রাজ্যে এখনও ৮৬ ব্লক আই.সি.ডি.এস. প্রকল্পের আওতার বাইরে আছে।

(খ) আগামী দু বছরের মধ্যে রাজ্যের সমস্ত ব্লকগুলিতে আই.সি.ডি.এস. প্রকল্পের অন্তর্ভুক্ত করা সম্ভব হবে বলে মনে হয়।

### আর্ট গ্যালারী নির্মাণের পরিকল্পনা

*৩৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯১) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** তথ্য ও সংস্কৃতি িষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কুমারটুলির মৃৎশিল্পীদের জন্য আর্ট গ্যালারী নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত বিষয়ে সরকার কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

**তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) জায়গার অভাবে কার্যকর পদক্ষেপ নেওয়া সম্ভব হয়নি।

### রাজ্যে নেতাজীর স্মৃতি-বিজড়িত জেলখানা

*৩৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯৭) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কোন কোন জেলে নেতাজী সুভাষচন্দ্র বসু বন্দি অবস্থায় দিন কাটিয়েছেন; এবং

(খ) নেতাজীর স্মৃতি-বিজড়িত সেই সমস্ত জেলকক্ষে কোনও স্মারক স্থাপিত হয়েছে কি না?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রেসিডেন্সি জেলে কাটিয়েছেন ৭.২.১৯২২ ও ২.৭.১৯৪০ থেকে ৫.১২.১৯৪০ পর্যন্ত।

আলিপুর সেন্ট্রাল জেলে কাটিয়েছেন ২৩.১.১৯৩০ থেকে ২৩.৯.১৯৩০ পর্যন্ত।

(খ) প্রেসিডেন্সি জেল ও আলিপুর সেন্ট্রাল জেলের যে সেলে নেতাজী বন্দি ছিলেন, তা স্মারক হিসাবে সু-সজ্জিত অবস্থায় সংরক্ষিত আছে।

**কোল্ড স্টোরেজ**

***৩৭৭।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৩৯) **শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আলু কোল্ড স্টোরেজে রাখার ব্যাপারে সরকার কোন পদ্ধতি ঠিক করেছেন কি না; এবং

(খ) করে থাকলে, উক্ত পদ্ধতিতে কৃষক এবং ছোট ব্যবসায়ীর স্বার্থ কিভাবে রক্ষিত হবে?

**কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৭ সালে কোল্ড স্টোরেজে আলু সংরক্ষণের ব্যাপারে সরকার নিম্নলিখিত নীতিগুলি গ্রহণ করেছেন ঃ—

(১) হিমঘরের মোট ধারণ ক্ষমতা ঃ শতকরা ৭৫ ভাগ স্থান কৃষকদের জন্য সংরক্ষিত থাকবে এবং তা পঞ্চায়েতের মাধ্যমে বন্টন করা হবে। ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের জন্য ৪৫ ভাগ এবং মাঝারি ও বড় চাষীদের জন্য শতকরা ৩০ ভাগ সংরক্ষিত থাকবে।

(২) শতকরা ২০ ভাগ স্থান হিমঘর মালিক সকল শ্রেণীর সংরক্ষণকারীদের মধ্যে বন্টন করতে পারবেন।

(৩) শতকরা ৫ ভাগ স্থান সংশ্লিষ্ট জেলা শাসকগণ বিভাগীয় অনুমতি সাপেক্ষে বন্টন করবেন।

(খ) উপরের প্রদত্ত উত্তরে বিশদভাবে তা বলা হয়েছে।

**বিচারবিভাগীয় তদন্ত কমিশন**

***৩৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১) শ্রী আব্দুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে এ পর্যন্ত কতগুলি বিচারবিভাগীয় তদন্ত কমিশন গঠিত হয়েছে;

(খ) কতগুলি কমিশন তাদের রিপোর্ট রাজ্য সরকারের কাছে পেশ করেছেন;

(গ) তার মধ্যে কতগুলি কমিশনের সুপারিশ রাজ্য সরকার গ্রহণ করেছেন; এবং

(ঘ) কমিশনগুলি পরিচালনার জন্য রাজ্য সরকারের ব্যয়িত অর্থের পরিমাণ কত?

**স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২৩টি।

(খ) ১৫টি।

(গ) সব কয়টি।

(ঘ) ১৯৯৭ সালের জানুয়ারি পর্যন্ত মোট ২,৩৪,৪৯,৫০৫ টাকা (২ কোটি ৩৪ লক্ষ ৪৯ হাজার ৫ শত ৫ টাকা) ব্যয়িত হয়েছে।

**বিশ্বব্যাঙ্কের টাকায় বনবিভাগে পরীক্ষামূলক প্রকল্প**

***৩৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১) শ্রী আবু অয়েশ মণ্ডল ঃ** প্রাণিসম্পদ বিকাশ ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে বিশ্বব্যাঙ্কের ঋণের টাকায় 'ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট প্রোজেক্ট ফডার অ্যাণ্ড লাইভ স্টক ডেভেলপমেন্ট কম্পোনেন্ট' নামে পরীক্ষামূলক প্রকল্পের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**প্রাণী-সম্পদ বিকাশ ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রাজ্যে বিশ্বব্যাঙ্কের টাকায় "ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট প্রোজেক্ট-ফডার অ্যান্ড লাইভস্টক ডেভেলপমেন্ট কম্পোনেন্ট" নামে যে প্রকল্পটির কাজ চলছে তার অগ্রগতি সন্তোষজনক। এই প্রকল্পটিতে প্রধানত যে চারটি ক্ষেত্রে কাজ চলেছে সেগুলি হল ঃ—

(ক) গবেষণা, (খ) ফডার বীজ পরিবর্ধন, (গ) প্রশিক্ষণ, ও (ঘ) সম্প্রসারণ।

(ক) গবেষণা ঃ রাজ্যের বিভিন্ন "অ্যাগ্রো ক্লাইমেটিক জোন" অনুযায়ী প্রায় ১২৩টি দেশি ও বিদেশি বিভিন্ন ঘাস ও শুঁটি জাতীয় গো-খাদ্যের জাত নির্বাচনের কাজ চলেছে। এর মধ্যে রাজ্যের বিভিন্ন জলবায়ু উপযোগী প্রায় ৪৭টা জাত চিহ্নিত করা সম্ভব হয়েছে। এছাড়াও বিভিন্ন উন্নত কৃৎ-কৌশলের মান সু-নির্দিষ্ট করার বা প্রমিত (স্ট্যান্ডার্ডাইজেশন) করার কাজ চলেছে।

(খ) ফডার বীজ পরিবর্ধন ঃ রাজ্যে ফডার বীজের অভাবের কথা মাথায় রেখে সরকারের বিভিন্ন খামারে ও সরকারি তত্ত্বাবধানে কৃষকের জমিতে বিভিন্ন ফডার বীজ উৎপাদনের কাজ চলেছে। এর মধ্যে প্রায় ১২৬ মেট্রিক টন উন্নত বীজ উৎপাদন সম্ভব হয়েছে যেগুলি রাজ্যের ফডার বীজের অভাব অনেকাংশে পূরণ করেছে।

(গ) প্রশিক্ষণ ঃ এই প্রকল্পের আওতাধীন ৫টি জেলার প্রায় ১৫টি ব্লকে কৃষকদের ফডার চাষের উন্নত পদ্ধতির বিষয়ে প্রশিক্ষণ দেওয়ার কাজ চলেছে। এর মধ্যে প্রায় ৫৩৩ জন চাষীকে প্রশিক্ষণ দেওয়া সম্ভব হয়েছে।

এছাড়াও প্রশিক্ষকদের গো-খাদ্য চাষ ও বীজ উৎপাদন সংক্রান্ত এ পর্যন্ত প্রাপ্ত সর্বাধুনিক প্রযুক্তি সম্বন্ধে ওয়াকিবহাল বা অবহিত করার জন্য রিফ্রেসার কোর্স চলেছে। এ যাবৎ প্রায় ২টি প্রশিক্ষকদের প্রশিক্ষিত করার কোর্স করানো সম্ভব হয়েছে যাতে প্রায় ১৯ জন প্রশিক্ষক প্রশিক্ষণ পেয়েছেন।

এছাড়াও এ সমস্ত কাজের অভিজ্ঞতার আদান প্রদানের জন্য ১৫টি কর্মশালা আয়োজন করা হয়েছে যাতে প্রায় ১২৩২ জন কৃষক, বিশেষজ্ঞ ও বিভাগীয় আধিকারিকরা সক্রিয় ভাবে অংশ গ্রহণ করেছেন।

সম্প্রতি (১৭-১৯শে জানুয়ারি, ১৯৯৭) শান্তিনিকেতনে বিশ্ব ব্যাঙ্কের সহায়তায় বিশ্বভারতী ও প্রাণী-সম্পদ উন্নয়ন ও বিকাশ দপ্তরের যৌথ উদ্যোগে "গো-খাদ্য ও তৃণভূমি পরিচালন—কৌশল ও উৎপাদন সংক্রান্ত জাতীয় আলোচনা চক্র" অনুষ্ঠিত হয়েছে। এতে বিভিন্ন রাজ্যের ও এই রাজ্যের প্রায় ১৫০ জন বিশেষজ্ঞ প্রতিনিধি ও প্রায় ৩০ জন প্রগতিশীল কৃষক সক্রিয় ভাবে অংশ গ্রহণ করেছেন।

(ঘ) সম্প্রসারণ ঃ সম্প্রসারণের কাজও সন্তোষজনক ভাবে এগিয়ে চলেছে। রাজ্য বন ও প্রাণী-সম্পদ বিকাশ দপ্তরের যুগ্ম প্রচেষ্টায় বনাঞ্চলে "বন সংরক্ষণ সমিতির" সদস্যদের মাধ্যমে গো-খাদ্যের চাষ, গো-খাদ্য সংরক্ষণ ইত্যাদির কাজ চলছে। এর মধ্যে আছে সরকারি খামারে ও চাষীর জমিতে বিভিন্ন গো-খাদ্য চাষের উন্নত পদ্ধতির পরিদর্শন ক্ষেত্র প্রস্তুত করা। কৃত্রিম গো-প্রজননের মাধ্যমে উন্নত জাতের গো-উন্নয়নের কাজ ও গবাদি প্রাণীর স্বাস্থ্য রক্ষার জন্য স্থানে স্থানে প্রাণী স্বাস্থ্য শিবির আয়োজন করার কাজও চলেছে এই প্রকল্পের মাধ্যমে। এছাড়াও আছে কিছু সহযোগী আয় প্রকল্প,

যেমন— বিভিন্ন পশুপাখি পালনের মাধ্যমে অতিরিক্ত আয়ের সংস্থানের সুযোগ করা ও বেশি শ্রমদিবস সৃষ্টি করা। বন সংরক্ষণ সমিতির সদস্য এবং সাধারণ মানুষজন কে নিয়ে তৈরি হয়েছে একাধিক দুগ্ধ সমবায়। বাঁকুড়াতে এ জাতীয় দশটি সমবায় সমিতি শুধুমাত্র মহিলাদের দ্বারা তৈরি ও পরিচালিত। দুগ্ধ সমবায় সমিতিগুলি ইতিমধ্যেই সরকারের দুগ্ধ বিপণন কর্মসূচির আওতাভুক্ত দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রে দুধ সরবরাহ করা শুরু করেছে।

## পুলিশ প্রশাসনে আধুনিকীকরণ

***৩৮০।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৮) **শ্রী কমল মুখার্জি এবং শ্রী আব্দুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৩-৯৪, ১৯৯৪-৯৫, ১৯৯৫-৯৬ আর্থিক বছরগুলিতে পুলিশ প্রশাসনের আধুনিকীকরণের জন্য কেন্দ্রীয় সরকারের মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯৩-৯৪ এ ১৮১.৪৪ লক্ষ টাকা (১ কোটি ৮১ লক্ষ ৪৪ হাজার)

১৯৯৪-৯৫ এ ২১৪.৭৭ লক্ষ টাকা (২ কোটি ১৪ লক্ষ ৭৭ হাজার)

১৯৯৫-৯৬ এ ১৭৪.৭৭ লক্ষ টাকা (১ কোটি ৭৪ লক্ষ ৭৭ হাজার)

## পদ্মানদীর ভাঙ্গনে গৃহহারাদের জন্য অর্থবরাদ্দ

***৩৮১।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৮) **শ্রী ইউনুস সরকার ঃ** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১৯৯৪-৯৫ সালে পদ্মানদীর ভাঙ্গনে মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ও রানীনগর ব্লকে বেশ কিছু পরিবার গৃহহারা হয়ে পড়েছে;

(খ) সত্যি হলে, তাদের পুনর্বাসন ও ত্রাণের জন্য এ পর্যন্ত কোনও অর্থবরাদ্দ করা হয়েছে কি না; এবং

(গ) হয়ে থাকলে, তার পরিমাণ কত?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) হ্যাঁ।

(গ) অর্থ বরাদ্দের পরিমাণ (অর্থ মূল্যে) মোট ৩৭,০৩,৫০০ টাকা (সাঁইত্রিশ লক্ষ তিন হাজার পাঁচ শত টাকা) মাত্র।

**জেলখানায় কয়েদী পঞ্চায়েত**

***৩৭৮২।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৪০) **শ্রী সুকুমার দাশ ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে প্রতি জেলখানায় কয়েদী পঞ্চায়েত ব্যবস্থা চালু আছে কি না; এবং

(খ) থাকলে, কয়টি জেলখানায় উক্ত ব্যবস্থা চালু আছে?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের পাঁচটি (৫) কেন্দ্রীয় কারাগারে কয়েদী পঞ্চায়েত ব্যবস্থা চালু আছে।

(খ) প্রেসিডেন্সি জেল, দমদম সেন্ট্রাল জেল, আলিপুর সেন্ট্রাল জেল, মেদিনীপুর সেন্ট্রাল জেল এবং বহরমপুর সেন্ট্রাল জেল-এ কয়েদী পঞ্চায়েত ব্যবস্থা চালু আছে।

**অঙ্গনওয়াড়ী কর্মীদের ভাতা বৃদ্ধি**

***৩৮৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৬১১) **শ্রী তপন হোড় ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, অঙ্গনওয়াড়ী কর্মীদের ভাতা বৃদ্ধির ব্যাপারে রাজ্য সরকার চিন্তা-ভাবনা করছেন; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত ভাতা বৃদ্ধি হতে পারে বলে আশা করা যায়?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) অঙ্গনওয়াড়ী কর্মীদের ভাতা বৃদ্ধির অনুমোদন দেন কেন্দ্রীয় সরকার। অঙ্গনওয়াড়ী কর্মীদের ভাতা বৃদ্ধি করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করা হয়েছে।

(খ) কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অঙ্গনওয়াড়ী কর্মীদের ভাতা বৃদ্ধির অনুমোদন পেলেই ঐ ব্যাপারে কার্যকর ব্যবস্থা নেওয়া হবে।

**গভীর ও অগভীর নদী সেচপ্রকল্প**

***৩৮৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৯৫) **শ্রী অশোককুমার দেব ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলায় গভীর ও অগভীর নদী সেচপ্রকল্পের সংখ্যা কত;

(খ) বজবজ মহেশতলা ও নোদাখালি থানা এলাকায় উক্ত সেচপ্রকল্পের সংখ্যা কত; এবং

(গ) উক্ত থানা এলাকায় সেচপ্রকল্পের সংখ্যা বাড়ানোর কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

**জল-সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলায় ৩৩টি গভীর নলকূপ, ৫৮টি অগভীর নলকূপ এবং ৫৪টি নদী সেচ প্রকল্প আছে।

(খ) বজবজ থানা এলাকায় ২টি নদী সেচ প্রকল্প এবং নোদাখালি থানা এলাকায় ২টি গভীর নলকূপ ও ৩টি নদী সেচ প্রকল্প আছে। মহেশতলা থানা এলাকায় এরূপ কোনও প্রকল্প নেই।

(গ) দক্ষিণ ২৪ পরগনা জেলায় সেচ প্রকল্পের সংখ্যা বাড়ানোর পরিকল্পনা আছে।

## নাগরিক সার্টিফিকেট

***৩৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৪) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, রাজ্য সরকার নাগরিক সার্টিফিকেট দেবার অধিকার লাভ করেছেন?

**স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

কয়েকটি বিশেষ ক্ষেত্রে ভারতীয় নাগরিকদের প্রয়োজন অনুযায়ী নাগরিক শংসাপত্র দেওয়ার ক্ষমতা জেলা সমাহর্তা ও মহকুমা শাসকদের দেওয়া হয়েছে।

## Incidents of Rapes

***386.** (Admitted Question No. *1388) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of rapes committed in the State during the year 1996; and

(b) the position in this regard in 1995, 1994, 1993 and 1992?

**Minister-in-charge of the Home (Police) Department :**

(a) 855.

| (b) | Year | | Number Of Rapes |
|---|---|---|---|
| (i) | 1995 | - | 787 |
| (ii) | 1994 | - | 743 |
| (iii) | 1993 | - | 712 |
| (iv) | 1992 | - | 615 |

**"পশ্চিমবঙ্গ" ও "ওয়েস্ট বেঙ্গল" পত্রিকার প্রচার সংখ্যা**

***৩৮৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৬) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকার প্রকাশিত "পশ্চিমবঙ্গ", "ওয়েস্ট বেঙ্গল" পত্রিকাগুলির প্রচার সংখ্যা কত; এবং

(খ) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও নেতাজী জন্মশতবর্ষ উপলক্ষ্যে উক্ত পত্রিকাগুলির বিশেষ সংখ্যা প্রকাশের কোনও উদ্যোগ নেওয়া হয়েছে কি না?

**তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১। 'সাপ্তাহিক পশ্চিমবঙ্গ' — সাত হাজার।

২। 'পশ্চিমবঙ্গ' বিশেষ সংখ্যা — পঞ্চাশ হাজার থেকে এক লক্ষ।

৩। 'পাক্ষিক ওয়েস্ট বেঙ্গল' — তিন হাজার একশো।

৪। 'ওয়েস্ট বেঙ্গল' বিশেষ সংখ্যা — পাঁচ হাজার।

(খ) ১। 'নেতাজী' শতবর্ষ বিশেষ সংখ্যা ইতিমধ্যেই প্রকাশিত হয়েছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী সংখ্যাও যথা সময়ে প্রকাশিত হবে।

**Autonomy for Public Sector Enterprises**

***388.** (Admitted Question No. *1414) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Industrial Reconstruction Department be pleased to state—

(a) whether the Government have decided to give the Public Sector Enterprises greater autonomy by substantially relaxing the Controls exercised the Bureau of Public Enterprises over them;

(b) If so, the steps taken in this regard?

**Minister-in-charge of the Industrial Reconstruction Department :**

(a) There is no Bureau of Public Enterprises in this State.

(b) Does not arise.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received one notice of Adjournment Motion on the subject of deterioration of Law and Order situation in Tollygunga-Jadavpur-Dhakuria area from Shri Pankaj Banerjee.

The subject matter of the Motion relates to day to day administration of the Government and does not ask for the adjournment of the business of this House. The member will get ample scope to raise the matter during the discussion and voting on Demand for grant of Home (Police) Department which is due on 08.04.97.

I, therefore, withhold my consent to the Motion.

Shri Banerjee may however read this text of the motion as amended.

**Shri Pankaj Banerjee :** Sir, I hereby give notice of my intention to ask for leave to move the following motion for the adjournment of the business of the House for the purpose of discussing a definite mater of urgent public importance :

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely

Law and order situation in Tollygunj-Dhakuria-Jadavpur area has been deteriorating. Seven persons were murdered. One person was killed by the people in broad day light. At least seventeen incidents of robbery have taken place. In the said areas thousands of snatching cases are registered in the respective police station. A section of police officials are directly and indirectly indulging the anti-socials of the area.

**.LLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE**

**Mr. Speaker :** Today, I have received six notices of Calling tention on the following subjects, namely :

| Subject | | Name |
|---|---|---|
| ) Reported transfer of Government property to private ownership at Raynagar and Madhabpur in Diamond Harbour Sub-Divisional Town resulting in agitation in the area. | : | Shri Sheikh Daulat Ali |
| ) Reported dispute between Howrah Municipal Corporation and C.E.S.C. Ltd. leading to black out in the Corporation Area. | : | Shri Saugata Roy |
| Alleged deterioration of law and order situation in the State. | : : | Shri Rabin Mukherjee and Shri Tapas Roy |
| ) Stalemate condition of the Phulia Health Centre in Nadia district. | : | Shri Ajoy De |
| Reported hunger Strike of the Homoeopathic Teachers at Subodh Mallick Square, Calcutta. | : | Shri Sailaja Kumar Das |
| Proposed strike of bus & minibuses scheduled to be held on and from 1.4.97. | : | Shri Sanjib Kumar Das |

**Mr. Speaker :** The Minister has already made a statement on the ne subject on 31.3.97

I have selected the notice of Shri Sailaja Kumar Das on the ject of reported hunger strike of the Homoeopathic teachers at Subodh llick Square, Calcutta.

The Minister-in-Charge may please make a statement today if sible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on the 4th April, 1997.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-charge of Home (Police) Department to make a statement on the subject of alleged assault on some accused tribal persons at village Pahar Bedia in the district of Bankura on 22nd and 23rd March, 1997.

**(Attention called by Shri Subhas Goswami on the 26th March, 1997.)**

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

২২শে/২৩শে মার্চ, ১৯৯৭ বাঁকুড়া জেলার ছাতনা থানার পাহাড়বেদিয়া গ্রামে আদিবাসী সম্প্রদায়ের সামাজিক বিচারের নামে অভিযুক্তদের প্রতি নির্যাতন, জরিমানা প্রদানে বাধ্যকরা এবং উক্ত ঘটনার পূর্বে ও পরে পুলিশের ভূমিকা প্রসঙ্গে বিধায়ক শ্রী সুভাষ গোস্বামীর দৃষ্টি আকর্ষণী নোটিশের উত্তরে আমি বক্তব্য রাখছি ঃ-

বাঁকুড়া জেলা থেকে প্রাপ্ত সংবাদে জানা গেছে যে ছাতনা থানার গিধুরিয়া গ্রামের জনৈক মাঝিরাম মাণ্ডির পুত্র নিশাপতি মাণ্ডি গঙ্গাজলঘাটি থানার সুয়াবাসা গ্রামের জনৈক সোমনাথ টুডুর কন্যা মংলি টুডুকে বছর দশেক আগে বিয়ে করে। প্রায় আট বছর আগে শ্রীমতী মংলি টুডু তার শ্বশুরবাড়ি ছেড়ে চলে যায়। আদিবাসী মোড়লদের অনুমতি ছাড়াই বছর খানেক আগে নিশাপতি মাণ্ডি আবার বিয়ে করে। আদিবাসী মোড়লদের বিনা অনুমতিতে দ্বিতীয় বার নিশাপতি মাণ্ডির বিয়ে করাটা আদিবাসী মোড়লদের প্রতি অসম্মানসূচক বলে বিবেচিত হয়। ফলে গিধুরিয়া গ্রামে গত ২৬.১০.৯৬ তারিখে একটা 'বইসি গিরা' (বিশেষ জমায়েত) ডাকা হয়। ঐ সভার সিদ্ধান্ত অনুযায়ী নিশাপতি মাণ্ডির পিতা মাঝিরাম মাণ্ডিকে দশ হাজার টাকা জরিমানা দিতে হয়।

গত ২২শে মার্চ, ১৯৯৭ তারিখে ছাতনা থানার পাহাড়বেদিয়া গ্রামে আবার একটি 'বইসি গিরা' ডাকা হয়, এবং সেই জমায়েতে নিশাপতি মাণ্ডির পিতা মাঝিরাম মাণ্ডিকে সকাল দশটায় হাজির হতে আদিবাসী মোড়লদের পক্ষ থেকে নির্দেশ দেওয়া হয়। ঐ 'বইসি গিরা'তে বাঁকুড়া, মেদিনীপুর ও পুরুলিয়া জেলার আদিবাসী মোড়লরা উপস্থিত ছিল। কিন্তু মাঝিরাম মাণ্ডি ও তার আত্মীয়স্বজনেরা সকাল দশটার পরিবর্তে বিকেল তিনটের সময় ঐ 'গিরা'তে হাজির হয়। মাঝিরাম মাণ্ডি ও তার আত্মীয়স্বজনদের ঐ সভায় এত বিলম্বে হাজির হওয়াটাকে মোড়লরা আবারও একটা অসম্মানসূচক কাজ বলে বিবেচনা করে, এবং শাস্তি হিসেবে মাঝিরাম মাণ্ডি ও তার জ্ঞাতিভাই সনাতন মাণ্ডিকে বাঁশের কঞ্চি দিয়ে প্রহার করতে

থাকে। উপরন্তু ঐ 'বইসি গিরা'র সিদ্ধান্ত অনুযায়ী সনাতন মাণ্ডিকে পাঁচ হাজার টাকা ও মাঝিরাম মাণ্ডিকে পঁচিশ হাজার টাকা জরিমানা করা হয়। ঐ সভা ২২শে মার্চ ১৯৯৭ তারিখে রাত আটটায় শুরু হয়ে পরদিন অর্থাৎ ২৩শে মার্চ বেলা তিনটা পর্যন্ত চলে।

জেলা থেকে প্রাপ্ত সংবাদে আরও জানা যায় যে আদিবাসী সম্প্রদায়ের ঐ জমায়েত হওয়ার খবর পেয়ে ছাতনা থানার অফিসার-ইন-চার্জ স্থানীয় অফিসার ও পুলিশ বাহিনী নিয়ে ২২শে মার্চ, ১৯৯৭ তারিখে পাহাড়বেদিয়া গ্রামে গিয়ে পৌছান এবং সেখানে ক্যাম্প করে থাকেন। কিন্তু যেহেতু প্রায় এক হাজারেরও বেশি লোক ঐ গিরা উপলক্ষ্যে সেখানে জমায়েত হয় এবং যেহেতু এরকম সভাগুলোকে আদিবাসী সম্প্রদায়ের ধর্মীয় রীতি অনুসারে অত্যন্ত অলঙঘনীয় বলে তারা মনে করেন। সেহেতু থানার ভারপ্রাপ্ত অফিসার মাঝিরাম মাণ্ডি ও সনাতন মাণ্ডিকে উদ্ধার করার জন্য বল প্রয়োগ করা থেকে বিরত থাকেন। বলপ্রয়োগ করা হলে আরো ব্যাপক একটা সংঘর্ষের আশঙ্কা ছিল।

গত ২৩শে মার্চ, ১৯৯৭ তারিখে বাঁকুড়া সদরের মহকুমা শাসক এবং ছাতনার ব্লক উন্নয়ন আধিকারিক উক্ত পাহাড়বেদিয়া গ্রামের ঘটনাস্থল পরিদর্শন করেন। আদিবাসী সম্প্রদায়ের 'বইসি গিরা'র সভা শেষ হলে তাঁরা মোড়লদের সঙ্গে আলোচনা করে আহত সনাতন মাণ্ডি এবং মাঝিরাম মাণ্ডিকে ছাতনা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসার জন্য স্থানান্তরিত করার ব্যবস্থা করেন।

সনাতন মাণ্ডির কন্যা সুশীলা মাণ্ডির অভিযোগক্রমে ছাতনা থানায় ভারতীয় দণ্ডবিধির ১৪৭/১৪৯/৩৪২/৩২৫/৩৪৭/৩৮৪/৩৮৬ ধারায় এগারো জনের বিরুদ্ধে একটি মামলা রুজু করা হয়। তার কেস নং ১০, তারিখ ২৩.৩.৯৭।

এর পরে পুলিশ অভিযান চালিয়ে গত ২৬/৩/৯৭ তারিখে রামদাস সোরেন ও অনাথ মুর্মু নামে এজাহারে উল্লিখিত দুজন আসামীকে গ্রেপ্তার করে। ঐ দিনই তাদের আদালতে হাজির করানো হয়। আদালত তাদের দুজনকে বিচারবিভাগীয় হেফাজতে ৩১.৩.৯৭ তারিখ পর্যন্ত রাখার আদেশ দেন।

এর পরেও অবশিষ্ট আসামীদের গ্রেপ্তার করার জন্য পুলিশ কয়েকটা অভিযান চালায়। কিন্তু তারা এখনও পলাতক বলে জানা গেছে।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কয়েকটি অতিরিক্ত তথ্য জানার আছে। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাই, এই যে আদিবাসী সমাজের প্রায় পাঁচ-সাতশো লোকের একটা জমায়েত হলো সামাজিক বিচারের জন্য—সামাজিক বিচারে যে কি হয়, কি হতে পারে, পুলিশের তা অজানা নয়। এটা জেনেশুনে, পুলিশের কাছে কোন আগাম ইনফর্মেশন ছিল কি না; এবং তারজন্য কি সতর্কতা অবলম্বন করেছিল?

আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে—

**মিঃ স্পিকার ঃ** না, আপনি একটাই প্রশ্ন করবেন। এটাই নিয়ম।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** তাহলে আমার প্রথম প্রশ্নটা বাদ দিলাম। পশ্চিমবাংলায় মানুষের চেতনা এবং বিচার বুদ্ধি নিয়ে আমরা গর্ব করে থাকি। কিন্তু এই বিংশ শতাব্দীর শেষ প্রান্তে এসে বিচারের নামে অমানবিক নির্যাতন ঘটে যাচ্ছে পুলিশের চোখের সামনে। এটাকে বন্ধ করার জন্য আপনি কি ব্যবস্থার কথা ভাবছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** পুলিশ প্রথমে গিয়ে পৌঁছেছিল এবং যখন দেখেছে এতবড় একটা জমায়েত, সেখানে শক্তি প্রয়োগ করতে গেলে আরও হয়ত সংঘর্ষ হত। ঐ সময়ে তারা সেখানে শক্তি প্রয়োগ করেনি। কেস করেছে এবং অ্যারেস্টও করেছে এটা একটা বিষয় আর দ্বিতীয় কথা যেটা বলেছেন সেটা হচ্ছে যে, আদিবাসী সম্প্রদায়ের মধ্যে এই ধরনের বিচার বা ডাইনী বলে সন্দেহ করে প্রচারের ক্ষেত্রে আইনশৃঙ্খলা রক্ষা করা শুধু মাত্র পুলিশের দ্বারা সম্ভব নয়। এরজন্য সামগ্রিকভাবে সামাজিক আন্দোলন গড়ে তোলার দরকার। রাজনৈতিক দলগুলোর সচেতনতা থাকা দরকার এবং আমাদের সবার দায়িত্ব এই ব্যাপারে রয়েছে, শুধু পুলিশ দিয়ে এসব বন্ধ করা যায় না।

## PRESENTATION OF REPORT

### Presentation of the 6th Report of the Subject Committee on Agriculture and Food & Supplies, 1996-97

**Shri Sougata Roy :** Sir, I beg to present the 6th Report of the Subject Committee on Agriculture and Food & Supplies, 1996-97.

## MENTION CASES

[12-10 – 12-20 p.m.]

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জলপথ বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। চন্দননগর বিধানসভার অন্তর্গত তেলেনিপাড়া ফেরিঘাট দিয়ে মানুষের যাতায়াত করতে খুব অসুবিধা হচ্ছে। সিঁড়ি ভেঙ্গে গেছে, ফলে মানুষকে যাতায়াত করতে গেলে মাটি, কাদা ভেঙ্গে নৌকায় গিয়ে উঠতে হচ্ছে। এরই সংলগ্ন এলাকায় শ্যামনগর রেলস্টেশন, বহু ট্রেনের যাত্রী, বহু শ্রমিক এবং অফিস যাত্রী এটা দিয়ে পারাপার হন। স্থানীয় লোকেরা এবং রাজনৈতিক নেতারা এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও কোন ব্যবস্থা নেওয়া হয়নি। সুতরাং অবিলম্বে তেলেনিপাড়া ফেরিঘাটের সংস্কার করার জন্যে আপনার মাধ্যমে জলপথ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বিশ্বনাথ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ ও ত্রাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৯শে মার্চ খড়গ্রাম এবং কান্দি ও বড়োয়া ব্লকে

সাংঘাতিক শিলাবৃষ্টি এবং ঘূর্ণি ঝড় হবার ফলে ওই এলাকার সমস্ত কৃষকরা মাথায় হাত দিয়ে বসেছে। চাষের ধান সব নষ্ট হয়ে গেছে, চাষীরা তাদের পাকা গম ঘরে তুলতে পারেনি। সব রকমের ফসল নষ্ট হয়েছে এবং বহুলোকের ঘরবাড়ি উড়ে গেছে। আমার বিনীত আবেদন অবিলম্বে ওদের ত্রাণের ব্যবস্থা করা হোক। এবং কৃষির সহায়ক বীজ, সার প্রভৃতি বিতরণের ব্যবস্থা করা হোক।

**শ্রী মানিক উপাধ্যায় :** স্যার, আমি আপনার মাধ্যমে পি. এইচ. ই. মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বারাবনি বিধানসভা কেন্দ্রে পানীয় জলের ভীষণ সমস্যা। সেখানে পানীয় জলের যে লে ডাউন করা পাইপ আছে সেগুলো দীর্ঘদিন ধরে ওয়াশ করার কোন ব্যবস্থা হয়নি। ওই পাইপগুলোর এক্সনেশান করার দরকার। আগামী শুকনো দিন আসছে, এবং ঝড় বাখার দিন আসছে, এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এই কারণে যে পানীয় জলের ভীষণভাবে সঙ্কট চলছে। বামফ্রন্ট সরকার বারেবারে বলেছিল যে, গরিব মানুষদের, শ্রমিকদের স্বার্থ রক্ষা করে চলবেন, কিন্তু কার্যক্ষেত্রে তো দেখছি উল্টো কাজ তারা করছেন। প্রতিদিনই সকালে দেখি বেশিরভাগ সদস্যই পানীয় জলের ব্যবস্থার জন্য চিৎকার করছেন। আপনার ডিপার্টমেন্টালি চেক আপ করার কোন ব্যবস্থা নেই। ওভার ট্যাঙ্কগুলোর ক্যাপাসিটি দেখা হয় না। লে ডাউন পাইপগুলোর এক্সটেনশন করার দরকার এবং ওভার ট্যাঙ্কগুলোর যে দেড় লক্ষ দু লক্ষ গ্যালন জল ধারণের ক্ষমতা আছে সেটা বাড়িয়ে তিন লক্ষ গ্যালন করার দরকার। সাধারণ মানুষের জন্য পানীয় জলের ব্যবস্থা যাতে করা যায়, এই দাবি আমি জানাচ্ছি। এই ব্যবস্থা যদি না হয় তাহলে ভয়ঙ্কর একটা অশান্তি ওখানে দেখা দেবে তার দায়িত্ব সমস্ত মন্ত্রী মহোদয়ের, এই অনুরোধ রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দিবাকান্ত রাউথ :** (নট প্রেজেন্ট)

**श्री राम जनम मांझी :** आदरणीय स्पीकर साहव, मै आपके माध्यम से स्वास्थ्य मंत्री का ध्यान दिलाना चाहता हूं। उलबेड़िया सब-डिविजन के अन्दर मे जो सरकारी हांस्पीटल है। वहां पर समय पर न तो डाक्टर की व्यवस्था है। न वहां पर कोई दवाई की व्यवस्था हैं। न वहां पर फोटो की व्यवस्था हैं। आप जानते है कि सात विधान सभा केन्द्रो का वह सरकारी हांस्पीटल हैं। जहां सरकारी हांस्पीटल मे न तो सफाई की व्यवस्था है, न कोई वेड की व्यवस्था है। न किसी तरह की दवाई की व्यवस्था है। सर, यह इलाका गरीवो का इलाका है यहां रोगी को इलाज की कोई व्यवस्था नही हैं। वहां डाक्टर पार्ट टाइम पर आते हैं। और अपना डयूटी बजाकर चले जाते है। वहां रोगी के ट्रिटमेन्ट की कोई व्यवस्था नही हैं। वहां फोटो करने की कोई व्यवस्था नही हैं। अतः आपके माध्यम से स्वास्थ्य मंत्री से अनुरोध करता हूं कि जल्द से जल्द व्यवस्था किया जाए।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় কৃষিমন্ত্রী এবং শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, অত্যন্ত উদ্বেগের কথা, বর্তমান বছরে রাজ্যে আলু চাষীরা যে ভাবে আলু চাষ করেছে, তাতে আলু অধিক উৎপাদন হয়েছে। এতে কৃষকদের মুখে হাসি ফোটার কথা, কিন্তু তার উল্টো হচ্ছে, আলু মাঠে পড়ে আছে, নষ্ট হচ্ছে। আলু কেনার লোক নেই। এখনও যদি রাজ্য সরকার আলু বিদেশে রপ্তানি না করে তাহলে আগামী দিনে কৃষকদের সর্বনাশ হবে। এটা অত্যন্ত উদ্বেগের কথা। এছাড়া আমি রাজ্য সরকারের কাছে অনুরোধ করছি আলু থেকে অ্যালকোহল করলে—যেটা আমাদের রাজ্যের ঔষধ কোম্পানিগুলি উত্তর প্রদেশ থেকে আনে, সেই আলু থেকে যদি অ্যালকোহল করা যায় তাহলে আখের থেকেও উন্নতমানের অ্যালকোহল হবে। তাই শিল্প বাণিজ্য বিভাগের মন্ত্রীর কাছে অনুরোধ আলু বিদেশে রপ্তানি করা হোক এবং আগামী দিনে আলু থেকে অ্যালকোহল করার ব্যবস্থা করা হোক।

**শ্রী সবুজ দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে যোগাযোগ দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র বাগনান অত্যন্ত জনবহুল ও গুরুত্বপূর্ণ জায়গা। দীর্ঘদিন যাবৎ ঐ জায়গার সঙ্গে টেলিফোনে বাগনান থেকে হাওড়া এবং কলকাতার সরাসরি কোনও যোগাযোগ নেই। অবিলম্বে যাতে বাগনান থেকে কলকাতার সরাসরি ব্যবস্থা করা যায় তার ব্যবস্থা করার জন্য আমি আপনার নিকট অনুরোধ জানাচ্ছি। কারণ বাগনান হচ্ছে ইণ্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার, ওখানে আস্তে আস্তে শিল্প নগরী তৈরি হচ্ছে, তাই ব্যবসার স্বার্থে সাধারণ মানুষের স্বার্থে টেলিফোনের ব্যবস্থা সরাসরিভাবে করার জন্য আবেদন জানাচ্ছি।

[12-20 – 12-30 p.m.]

**শ্রী সুলতান আহমেদ ঃ** মিঃ স্পিকার স্যার, ক্যালকাটা পুলিশ কলকাতা শহরের মসজিদগুলির ইমাম সাহেবদের নোটিশ দিয়েছে, নোটিশে জানিয়েছে, মাইক্রোফোন রাত ৯টা থেকে সকাল ৭টা পর্যন্ত চালানো যাবে না। তার মানে হচ্ছে, তারা মসজিদে আজান দিতে পারবে না। মুখ্যমন্ত্রী এই ব্যাপারে কয়েকদিন আগে একটি অল পার্টি মিটিং ডেকেছিলেন। সেই মিটিং-এ সিদ্ধান্ত হয় যে এটা সেন্ট্রাল পলিউশন অ্যাক্ট অনুযায়ী হাইকোর্ট অর্ডার দিয়েছে। মুখ্যমন্ত্রী অল পার্টি মিটিং-এ বলেছিলেন দিল্লিতে নেতাদের সঙ্গে কথা বলবেন, ওঁর পার্টির এম. পি. দের সঙ্গে কথা বলবেন, গভর্নমেন্ট অব ইণ্ডিয়ার সঙ্গে কথা বলবেন। তারপর হাইকোর্টের নির্দেশ লাগু হবে। কিন্তু আমরা দেখছি দুদিনের মধ্যে নোটিশ দেওয়া হয়েছে। আমরা ভাবছি এটাই হাইকোর্টের আইন। সারা দেশে কোনও জায়গায় আজান বন্ধ হয়নি। দিল্লিতে জামা মসজিদে ৫০টা মাইক বাজে। চাঁদনীচকে, গুরুদোয়ারাতে ২৪ ঘন্টা মাইক বাজে। গুরুগ্রন্থ পাঠ হয়। এরমধ্যে কলকাতা হাইকোর্ট নির্দেশ দেয়। এটা আপনাদের কোনও ষড়যন্ত্র হতে পারে। আজকে রিলিজিয়স ইস্যুতে হস্তক্ষেপ হচ্ছে। আজকে জজসাহেব এমন ...নও. মহাপুরুষ নয়, যে বিচার বিবেচনা না করে এরকম অর্ডার দেবে। একটা ট্রাডিশন

দুশো তিনশো বছর ধরে চলে আসছে, সেই ট্রাডিশন বন্ধ করা চলবে না। হাইকোর্টের এগেনস্টে যাওয়া উচিত। সরকার এ ব্যাপারে ইন্টারফিয়ার করলে ভালো হয়।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত পরশুদিন একটা ঝড় হয়ে গেছে। ঝড় মানে ঘূর্ণিঝড়। সাগর দ্বীপের উপর দিয়ে বয়ে গেছে। আমিও উল্লেখ করেছি মেনশন পর্বে। সেটা কন্টাইকেও এফেক্ট করেছে। আমি খবর পেয়েছি। আমাদের ওখানকার মিঠে পানের বরজগুলো সব ভেঙ্গে গেছে। এক মাইল জুড়ে অসংখ্য বাড়ি ঘর ভেঙ্গেছে। আমি ডি. এমকে জানিয়েছি। আপনার মাধ্যমে, এখানে রিলিফ মিনিস্টার আছেন তাঁর কাছে অনুরোধ করছি এখানে অবিলম্বে ত্রাণের ব্যবস্থা করতে। কমপেনশেসন পরে হবে, সেটা ঠিকই আছে, আগে ত্রাণের ব্যাপারটা গুরুত্ব সহকারে দেখুন।

**শ্রী প্রবোধ পুরকায়েত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি আমার নির্বাচনী কেন্দ্রে গত ২৫ তারিখে যে গণহত্যা সি. পি. এমের দ্বারা সংঘটিত হয়েছে তা শুনলে আপনি আশ্চর্য্য হয়ে যাবেন। গত ২৫ তারিখে আমাদের একজন যুবকর্মী সে যখন যাচ্ছিল তখন তাকে পথ থেকে ধরে পেটাতে পেটাতে মহিষগোট কলোনিতে, হাত পা বেঁধে বন্ধ একটা ঘরে তাকে আটকে রাখা হয়। গ্রাম পঞ্চায়েত প্রধান চিঠি লেখে কালীসুন্দরী পুলিশ ক্যাম্পে ছেলেটিকে উদ্ধার করার জন্য। কিন্তু পুলিশ কোনও ব্যবস্থা করেনি। উপ প্রধানের চিঠিও যায়। তারপর গ্রামবাসীরা খোঁজাখুঁজি করতে থাকে এবং চারটের সময়ে তাকে মহিষগোট কলোনি চিত্ত বিশ্বাসের বাড়ি থেকে উদ্ধার করা হয়। এর পর মৃত পাঁচজন সহ শিবতলা বাজার, সাতকড়ি কলোনিগুলোতে সি. পি. এম দুষ্কৃতকারীরা উপস্থিত হয়ে আমাদের পাঁচজন কর্মীকে মারতে মারতে গ্রামের মধ্যে টেনে নিয়ে যায়। এই পাঁচজনকে ধরে নিয়ে পিটিয়ে পিটিয়ে হত্যা করা হয়। এর মধ্যে সপ্তম শ্রেণীর ছাত্রও আছে স্যার, তার নাম হচ্ছে জয়দেব পাইক। তাকে পিটিয়ে পিটিয়ে তাকে মাথা ফাটিয়ে তাকে উঠোনে ফেলে রেখে দিয়েছে। সে জল চাইলে ছুটে গিয়ে তার মাথায় লাঠি মেরে তাকে মেরে ফেলা হল। পাঁচটি লাশ একত্র করা হল এবং দুইদিন ধরে লাশ আটক করে রাখা হল। আমরা সি আই ক্যানিং কে খবর দিলাম। সি আই উপস্থিত হলেও তাঁকে সি পি এমের দুষ্কৃতীকারীরা বাধা দিল। সেখানে রক্তের ছাপ ছাপ দাগ আছে। সি আই চলে গেলেন। পাঁচটি মৃতদেহ থেকে নাড়িভুড়ি বের করে, বস্তাবন্দি করে গলিত দেহ নদীতে পাচার করবার চেষ্টা করল।

**(এই সময় মাইক অফ হয়ে যায়।)**

**শ্রী বীরেন ঘোষ :** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, এই বছর আলু প্রচুর উৎপাদন হয়েছে। এই আলু বেশি উৎপাদনের ফলে, আমাদের রাজ্যের হিমঘরের সংখ্যা যেহেতু কম, সেহেতু আলু সংরক্ষণের সমস্যা দেখা দিয়েছে এবং আলু চাষীরা সমস্যায় পড়েছে এবং এই অবস্থায় পশ্চিমবঙ্গ সরকার পঞ্চায়েতের মাধ্যমে চাষীদের আলু সংরক্ষণের জন্য

তারা গ্রহণ করেছেন, এই সীমিত সুযোগ নিয়ে আমাদের আলু চাষীরা তারা পঞ্চায়েতের মাধ্যমে বিশেষ করে প্রান্তিক এবং ক্ষুদ্র চাষীরা পঞ্চায়েতের মাধ্যমে, তারা তাদের উৎপাদিত আলু যাতে হিমঘরে সংরক্ষণ করে তারা মোটামুটি ভাবে একটা সুরাহা পেতে পারেন, সেই ব্যবস্থাই তারা নিয়েছেন। এই রকম একটা সঙ্কটজনক মুহুর্তে চাষীদের বাঁচানোর জন্য যখন সরকার এই ব্যবস্থা করছেন, তখন সেই ব্যবস্থাকে বানচাল করার জন্য কংগ্রেসিরা নানা রকম ষড়যন্ত্র শুরু করেছে। তারা হিমঘরে হামলা চালাচ্ছে এবং ভাঙচুর করছে এবং চাষীদের আলু রাখার ব্যবস্থাকে বানচাল করে দিচ্ছে।

**শ্রী অশোককুমার দেব ঃ** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি জানতে চাই যে, নিউ সেন্ট্রাল জুটমিলে যে টাকা দেওয়ার কথা সরকার স্বীকার করেছিলেন এবং সেই টাকা আজ পর্যন্ত না দেওয়ার ফলে জুট মিলের যারা শ্রমিক, তারা বকেয়া টাকা পাচ্ছে না। এর ফলে প্রচণ্ড অসুবিধা হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব যে, সরকার যখন কথা দিয়েছেন, তখন শ্রমিকদের স্বার্থে এই টাকা দিয়ে দিলে শ্রমিকরা শান্তিতে থাকতে পারবেন। অবস্থা এমন দাঁড়িয়েছে যে, শ্রমিকরা তাদের ছেলেমেয়েদের পড়াশোনা করাতে পারছে না। চিকিৎসা পর্যন্ত করাতে পারছে না এবং ওষুধ কেনার পয়সাও তাদের নেই। স্বভাবতই অমি মনে করি যে, এই ব্যাপারে যদি অবিলম্বে ব্যবস্থা না করা হয়, তাহলে গুরুতর অবস্থা দাঁড়াতে পারে। এখানে সব দলের লোকই কাজ করেন।

[12-30 – 12-40 p.m.]

**শ্রী রবীন দেব ঃ** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে একটা বিষয়ে এই হাউসকে জানাতে চাইছি যে, গত ২৮শে মার্চ আমাদের রাজ্যের বিশিষ্ট লেখিকা মহাশ্বেতা দেবী জ্ঞানপীঠ পুরস্কার পেয়েছেন এবং আরও গর্বের বিষয় যে, এই জ্ঞানপীঠ পুরস্কার তাঁর হাতে তুলে দেন দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি নেলসন ম্যাণ্ডেলা। মহাশ্বেতা দেবী অনেক বন জঙ্গল এবং আদিবাসীদের নিয়ে কাজ করেছেন এবং তিনি অনেক উপন্যাস লিখেছেন। তাঁর লেখার মধ্যে হচ্ছে উপন্যাস হাজার চুরাশি মা, অগ্নিগর্ভ ইত্যাদি। তিনি অনেক উপন্যাস লিখেছেন। আদিবাসীদের নিয়ে তিনি সংগঠন তৈরি করেছেন। এখানে মাননীয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রী উপস্থিত আছেন। আমার দাবি এই সভা থেকে, এই ধরনের এক অসামান্য কৃতিত্বের জন্য মহাশ্বেতা দেবীকে অভিনন্দন জানানো হোক। মহাশ্বেতা দেবী ১৮/এ, বালিগঞ্জ স্টেশন রোডে একটা গেস্ট হাউসে থাকেন। এই রকম একজন বিশিষ্ট লেখিকাকে, এই ধরনের সম্মান পাওয়ার জন্য আমাদের হাউস থেকে তাঁকে অভিনন্দন জানানো হোক।

**শ্রী সৌগত রায় ঃ** আমরা তাঁকে অভিনন্দন জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** আমরা হাউসের তরফ থেকে তাঁকে অভিনন্দন জানাচ্ছি।

**শ্রী তপন হোড় ঃ** স্যার, আপনাকে ধন্যবাদ। মহাশ্বেতা দেবী, নিপীড়িত মানুষ, আদিবাসী, তফসিলি জাতির মানুষের মধ্যে কাজ করেছেন। আজকে জ্ঞানপীঠ পুরস্কারের মধ্যে দিয়ে তাঁর সেই কাজের স্বীকৃতি এসেছে। এবং বর্ণ বিদ্বেষ বিরোধী নেতা নেলসন ম্যাণ্ডেলা তাঁকে পুরস্কৃত করেছেন। আজকে এখানে মাননীয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রী এখানে আছেন। আমি তাঁকে অনুরোধ করব যেন রাজ্যসরকারের তরফ থেকে তাঁকে সংবর্ধনা দেওয়া হয়।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলা মুর্শিদাবাদের কাঁদি সাবডিভিশনে আজ ২মাস ধরে বিদ্যুৎ সঙ্কট চলছে। প্রায় সারাদিন বিদ্যুৎ থাকে না। এখানে এত লো-ভোলটেজ যে তাতে বাল্ব পর্যন্ত জ্বলে না। এর ফলে সাধারণ মানুষের জীবন দুর্বিষহ হয়ে উঠেছে। বিদ্যুতের অভাবে কৃষকরা রিভার পাম্প, ডিপ টিউবওয়েল, সাবমারসিবল পাম্প, ক্লাস্টার শ্যালো ইত্যাদি চাষের কাজে ব্যবহার করতে পারছেন না। ফলে চাষের ক্ষতি হচ্ছে, ধানের উৎপাদন ব্যাহত হচ্ছে। ফসল নষ্ট হয়ে যাচ্ছে। ফলে চাষীরা ক্ষতিগ্রস্থ হচ্ছেন। চাষীরা যাতে সেচ ব্যবস্থার মাধ্যমে ধান বাঁচাতে পারেন তার জন্য অবিলম্বে এখানে বিদ্যুতের সাপ্লাই ঠিকমতো করার জন্য আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতার পরেই বৃহত্তম শহর হল আসানসোল। এখান থেকে রেভিনিউ ইত্যাদি আনা হয়। কিন্তু আসানসোলে সন্ধে ৬টার পর যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে যায়। আসানসোল থেকে ১০ কি. মি. দূরে রাণীগঞ্জ, আসানসোল থেকে ১২ কি. মি. দূরে জামুরিয়া। বরাকর, বর্ধমান, দুর্গাপুর ইত্যাদি জায়গা আছে। কিন্তু সন্ধ্যা ৬টার পর আসানসোল থেকে এইসব জায়গায় বা আরও অন্যান্য জায়গায় যাওয়ার জন্য কোনও পরিবহন ব্যবস্থা নেই। ফলে মানুষকে অসুবিধার মধ্যে পড়তে হয়। আমরা জানি পশ্চিমবঙ্গের অন্যান্য জেলায় সন্ধ্যের পর এবং রাত্রিবেলায় বাস সার্ভিসের ব্যবস্থা আছে। এ ছাড়া অন্যান্য স্টেটে যেমন বিহার, উত্তরপ্রদেশেও রাতে বাস সার্ভিসের ব্যবস্থা আছে। আসানসোল অঞ্চলে যাতে অন্তত রাত ৮-৯টা পর্যন্ত বাস সার্ভিসের ব্যবস্থা রাখা যায় তার জন্য আমি মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**ডঃ রামচন্দ্র. মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সোশ্যাল ওয়েলফেয়ার মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এরিয়াতে ১০০ জনেরও বেশি অর্থোপেডিক্যালি হ্যাণ্ডিক্যাপড পারসনস যে আবেদন করেছে, তার একটি কপি আমার কাছে আছে। তাদের জন্য যেসব সুযোগ-সুবিধা দেওয়ার ব্যবস্থা আছে, সেইগুলি তারা পাচ্ছে না। বিকলাঙ্গদের ভাতা দেওয়ার যে ব্যবস্থা আছে তাও তারা পাচ্ছে না। আমি এই বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু কোনও ফল হয়নি। তাদের ঐসব সুযোগ-সুবিধা দেওয়ার, ফিনান্সিয়ালি হেলপ করার, স্বনিযুক্তি প্রকল্পের দ্বারা তাদের সাহায্য করার বিষয়ে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী মানিক উপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বারাবনি বিধানসভা কেন্দ্রে সেন র‍্যালে সাইকেল ফ্যাক্টরি দীর্ঘদিন যাবৎ বন্ধের মুখে। কাঁচামালের অভাবে সেখানে উৎপাদন হচ্ছে না। সেখান থেকে যারা রিটায়ার করেছে, ১৮/১৯ মাস ধরে তাদের গ্রাচুইটি, প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা পাচ্ছে না। ফলে ঐ সব গরিব মানুষেরা তাদের পরিবার সহ মৃত্যুর সঙ্গে লড়ছে। অথচ গ্রাচুইটি অ্যাক্ট-এ বলছে, ১৫ দিনের মধ্যে শ্রমিকদের পাওনা মিটিয়ে দিতে হবে। এই বিষয়ে মাননীয় শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে তাদের পাওনা মিটিয়ে দেওয়ার ব্যবস্থা করুন।

সাথে সাথে আর একটি বিষয়ে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দিনের পর দিন বেকারি বেড়ে যাচ্ছে হু হু করে। এদিকে নতুন কল-কারখানা খোলা হচ্ছে না। যেসব কল-কারখানা বন্ধের মুখে, সেইগুলো কিভাবে চালু রাখা যায়, সেদিকে দৃষ্টি দেবেন।

[12-40 – 12-50 p.m.]

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি কথা বলতে চাই। স্যার, সারা দেশে মেদিনীপুর জেলা স্বাধীনতা সংগ্রামের জন্য খ্যাত। আবার আমাদের তমলুক মহকুমা পান চাষের দিক থেকেও সারা ভারতবর্ষে চির-পরিচিত। তমলুক মহকুমাতে প্রত্যেকটা ব্লকে এই পান চাষ খুব ব্যাপক ভাবে হয়। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে, এই পানের উপর কোনও রিসার্চ সেন্টার এখনও পর্যন্ত হল না। যদিও আমরা বহুদিন থেকেই এটা দাবি করে আসছি। এজন্য জায়গার অভাব হবে না। ওখানে মূলাঘাত বলে জায়গায় ২৫ একর সিড ফার্ম আছে, সেখানে এটা চালু করা যেতে পারে। এ বিষয়ে যদি বর্তমান রাজ্যসরকার চিন্তা-ভাবনা করেন এবং তমলুক মহকুমার নন্দকুমার ব্লকে একটা রিসার্চ সেন্টার করেন তাহলে পান চাষীদের খুব উপকার হয়। স্যার, বর্তমানে পান থেকে নানা রকমের তেল, ওষুধ, নানা শিল্প তৈরি হচ্ছে। এই নিয়ে যাতে গবেষণা করা যায় এবং এটা আন্তর্জাতিক খ্যাতি লাভ করতে পারে সেটা দেখার জন্য রাজ্যসরকারকে অনুরোধ করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে গতকাল, অর্থাৎ ৩১শে মার্চ পর্যন্ত লেভি আদায়ের সময় সীমা ধার্য করা হয়েছিল। কিন্তু তার শতকরা ১০ ভাগও লেভি আদায় করতে পারা যায়নি। চালকল মালিকদের উপর হুমকি এবং হামলা করায় আজকে গোটা বীরভূম জেলার চালকল মালিকরা রাইস মিলের সাটার ডাউন করে দিয়েছেন। এর ফলে চাল উৎপাদন বন্ধ হয়ে গেছে এবং কয়েক হাজার শ্রমিক রুজিরোজগার হারিয়েছেন। তাদের উপর যে লেভী ধার্য করা হয়েছে সেটা রাইস মিলগুলোর চাল প্রোডাকশনের দিকে লক্ষ্য না রেখেই করা হয়েছে। দপ্তর থেকে তাদের কাছে টন টন চাল ধার্য করা হয়েছে। যদিও সেই পরিমাণ চাল সেখানে প্রোডাকশন হয় না। স্যার, এতে খোলা বাজারে চালের

দাম বেড়ে গেছে ঐ মিলগুলো বন্ধ হয়ে যাওয়ার ফলে। বাজারে চালের যোগান প্রায় বন্ধ হয়ে যাবার যোগাড় হয়েছে। প্রতিদিনই কলকাতাতে ২৫ পয়সা, ৫০ পয়সা চালের দাম বাড়ছে। ফলে আজকে কলকাতার মানুষকে ১৭/১৮ টাকা দামে চাল কিনতে হচ্ছে। একটু আগে মাননীয় খাদ্যমন্ত্রী এখানে উপস্থিত ছিলেন, এবং আমি তাঁর কাছে জিজ্ঞাসা করার চেষ্টাও করেছিলাম। স্যার, আমি অবিলম্বে বন্ধ রাইস মিল খোলার এবং বাজারে চালের যোগান যাতে ঠিক থাকে এবং দাম না বাড়ে তার জন্য ব্যবস্থা নিতে অনুরোধ করছি।

**শ্রী পঙ্কজকুমার ঘোষ :** স্যার, বিগত কয়েকদিনের শিলাবৃষ্টি এবং ঘূর্ণিঝড়ে বনগাঁ মহকুমার ১৬-টা অঞ্চলের মধ্যে ৬-টা অঞ্চলের ব্যাপক ভাবে ক্ষতি হয়েছে। ১ জন লোক মারা গেছে এবং ২০০/২৫০ টি বাড়ি ভেঙ্গে গেছে বা বিধ্বস্ত হয়েছে। স্যার, এখানকার উল্লেখযোগ্য সব্জী, পটল এবং বোরো ধানের প্রভুত ক্ষতি হয়েছে। যেটা স্যার, উল্লেখযোগ্য সেটা হচ্ছে, কৃষকরা যখন সমবায় থেকে ঋণ নেয় তখন তাদের শস্য বিমা করা হয় কিন্তু এই শস্য বিমার সুযোগ অধিকাংশ কৃষকই পান না। এই রকম একটা অবস্থায় কৃষক যাতে শস্য বিমার সুযোগ পায় তার জন্য আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, যক্ষা রোগীদের ক্ষেত্রে ওষুধের থেকে পথ্য বেশি কার্যকর হয়। তারা যদি পথ্য না পায় তাহলে শুধু ওষুধে কাজ হয় না। কিন্তু আজ পর্যন্ত সারা রাজ্যে এই যক্ষা রোগীদের পথ্য বাবদ ১০ টাকা ধার্য করা আছে। উচ্চ দ্রব্যমূল্যের বাজারে এই ১০ টাকায় তাদের পথ্যের ব্যবস্থা হয় না, যার ফলে রোগীরা ঠিকমতো পথ্য পায় না যক্ষা হাসপাতালে। রোগীদের নিজেদের সামর্থ নেই মাছ, মাংস, ফল ইত্যাদি খাবার। তাই আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই যক্ষা রোগীদের পথ্যের জন্য মাথাপিছু ৩০ টাকা কমপক্ষে ধার্য করা উচিত। তা নাহলে তারা ঠিকমতো পথ্য পাবে না। যে কন্ট্রাক্টরের মাধ্যমে এই ১০ টাকার খাবার আসে, সেই খাবার উপযুক্ত নয়। ধুবুলিয়া হসপিটাল এবং কল্যাণী টি. বি. হাসপাতালে এই রোগীদের ১০ টাকাতে যে খাবার দেওয়া হয় তা পশুতেও খাবে না। তাই আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করছি তাদের মাথাপিছু ৩০ টাকা পথ্যের জন্য ধার্য করুন।

**শ্রী গুরুপদ দত্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় হাউসে উপস্থিত করছি। আমরা সকলে জানি কলকাতা—বোম্বে যে ন্যাশানল হাইওয়ে সেটা একটা গুরুত্বপূর্ণ জাতীয় সড়ক। এই সড়কে প্রতি দিন যানজটের ফলে কলকাতাগামী হাজার হাজার মানুষ ঘণ্টার পর ঘন্টা আটকে থাকে। আমি এই হাউস থেকে দাবি জানাচ্ছি যে এই ন্যাশনাল হাইওয়েটি প্রশস্থ করা হোক এবং সংশ্লিষ্ট মন্ত্রীর নিকট দাবি করছি স্থানে স্থানে ক্রসিংগুলিতে উপযুক্ত সংখ্যক ট্রাফিক পুলিশের ব্যবস্থা করা হোক। এর ফলে একদিকে

অ্যাক্সিডেন্ট বন্ধ হবে, দক্ষিণবঙ্গ থেকে আগত কলকাতা অভিমুখী মানুষেরা খানিকটা স্বস্তি পাবে। এই হাউজের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের নিকট এই দাবি করছি।

**শ্রী সৌগত রায় :** স্যার, দীর্ঘদিন ধরে কলেজে যে গ্রন্থাগারিকরা কাজ করেন তাঁদের প্রতি খুব অবিচার হচ্ছে। কলেজ শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ডের ব্যবস্থা থাকলেও কলেজে যে গ্রন্থাগারিকরা কাজ করেন তাঁরা কোনও প্রভিডেন্ট ফাণ্ড, গ্র্যাচুইটি পায় না। তারা দীর্ঘদিন ধরে দাবি তুলেছিল, কিন্তু সরকার একেবারেই তাঁদের কথা শুনছেন না। গত কাল গ্রন্থাগারিকরা রাজা সুবোধ মল্লিক স্কোয়ারে অবস্থান করেছিল এবং কলকাতার সমস্ত কলেজ লাইব্রেরিগুলি বন্ধ ছিল, তারা দুটো দাবি করেছেন। একটা হচ্ছে কলেজ শিক্ষকদের মতো এদেরও প্রভিডেন্ট ফাণ্ড এবং গ্র্যাচুইটি স্কীম চালু করা, আর একটি হল যে সব গ্রন্থাগারিক পোস্ট-গ্র্যাজুয়েট, ডি-লিট করেছেন তাঁদের কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ করতে হবে যাতে কলেজ শিক্ষকরা যে মর্যাদা পান তাঁরাও সেই মর্যাদা পেতে পারেন। তাঁদের এই দাবি আমি পূর্ণ সমর্থন করছি এবং উচ্চশিক্ষামন্ত্রীকে বলি যে এঁদের সংখ্যাটা খুব বেশি নয়, এক একটি কলেজে দু তিন জন গ্রন্থাগারিক থাকেন। তাই বলছি তাঁদের জন্য প্রভিডেন্ট ফাণ্ড এবং গ্র্যাচুইটির ব্যবস্থা করা হোক। এবং কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে তাঁদের নিয়োগ করা হোক।

[12-50 – 2-10 p.m.(Including Adjournment)]

**শ্রী রামপদ সামন্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর নিকট একটি আবেদন করছি যে পিংলা থানার মালিগ্রামে প্রায় ১৯৮০ সাল থেকে মুসলমানদের জন্য শিক্ষাপর্ষদের অন্তর্গত তাদের একটা মাদ্রাসা পরিচালিত হচ্ছে। এই মালিগ্রামটি ময়না, পিংলা, সবং এবং ডেবরা থানার মধ্যবর্তী অঞ্চলে অবস্থিত বলা যেতে পারে। মালিগ্রামে প্রায় ১২০০ মুসলমান পরিবার বাস করছে। শিক্ষা-দীক্ষা এবং অর্থনৈতিক দিক দিয়ে তারা অনগ্রসর। তাদের সার্বিক উন্নতির জন্য পঞ্চায়েতের সহযোগিতা নিয়ে ওখানে স্থানীয় মানুষরা নিজেদের মধ্যে আলাপ-আলোচনা করে নিয়ম নীতি অনুসারে '৮০ সালে মাদ্রাসাটি স্থাপন করে এবং সেটি এখনো চলছে। '৮৫ সালে প্রাথমিক পরিদর্শন হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত সেই মাদ্রাসাটি সরকারি অনুমোদন বা আনুকুল্য পায়নি। ঐ অঞ্চলের মানুষরা এর জন্য নানাভাবে বিক্ষুব্ধ হয়ে আছে। তারা বার বার দাবি করছে—সংখ্যালঘু মুসলমানদের উন্নতির জন্য মাদ্রাসাটিকে অনুমোদন দেওয়া হোক। আমিও মনে করি ঐ অনুমোদন তাড়াতাড়ি দেওয়া একান্তই দরকার।

**শ্রী অজয় দে :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। স্যার, আমাদের রাজ্যে ইনফেকসাস ডিজিস বা সংক্রামক রোগের জন্য একটা মাত্র হাসপাতাল বেলেঘাটায় রয়েছে। ফলে মফস্বল থেকে যেসব টিটেনাস পেশেন্ট বা অন্যান্য সংক্রামক রোগীরা ওখানে আসে তারা স্থান পায়না। তাই স্যার, স্বাস্থ্য

মন্ত্রীর কাছে আপনার মাধ্যমে আমার আবেদন, রাজ্যে ইনফেকশাস ডিজিস যেভাবে বেড়ে চলেছে—ইতি মধ্যেই আন্ত্রিকে বহু মানুষের মৃত্যু ঘটেছে, অনেক টিটেনাস পেশেন্ট এবং অন্যান্য সংক্রামক রোগী রাজ্যের একমাত্র বেলেঘাটা আই. ডি. হাসপাতালে স্থান পাচ্ছেনা—আর একটা অলটারনেট হসপিটাল করা হোক। যত দিন না তা হচ্ছে তত দিন বেলেঘাটা হাসপাতালের শয্যা সংখ্যা বৃদ্ধি করা হোক। ওখানে রোগীরা এসে বিনা-চিকিৎসায় যাতে মারা না যায় তা দেখা হোক।

**শ্রী সুলতান আমেদ ঃ** স্পিকার স্যার, গত চার দিন ধরে কলকাতা কর্পোরেশন এরিয়ার ৫৯ নং এবং ৬৬ নং ওয়ার্ডের বিস্তীর্ণ অঞ্চলে আন্ত্রিক দেখা দিয়েছে এবং ৩৫ জন মানুষ ইতিমধ্যেই আই. ডি. হসপিটালে ভর্তি হয়েছে। ঐ এলাকার মধ্যে মাননীয় সদস্য রবীন দেবের বিধানসভা কেন্দ্রের কিছু এলাকা রয়েছে এবং আমার বিধানসভা কেন্দ্রের কিছু এলাকা রয়েছে। ওখানকার লোকে ইস্টার্ণ বাই-পাশের মতো মেন রোড দু' ঘন্টার জন্য ব্লকেড করে। ওখানে সরকারের পক্ষ থেকে এখন পর্যন্ত আন্ত্রিক রুগীদের এবং আন্ত্রিক রোগ প্রতিরোধের জন্য কোনও সাহায্য পৌঁছয়নি। ওখানে পানীয় জলের লাইন ড্রেনের সঙ্গে মিশে গেছে, ফলে আন্ত্রিক হচ্ছে। আমি বিষয়টির প্রতি স্বাস্থ্য মন্ত্রী এবং পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তাঁরা অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। মার্চ মাসেই যদি এই অবস্থা হয়, তাহলে মে, জুন মাসে কি অবস্থা হবে! অবিলম্বে সরকারি ডাক্তারদের ঐ এলাকায় যাওয়া দরকার। আমরা লক্ষ্য করছি কর্পোরেশনের আমলারা এখনো পর্যন্ত ঘুমিয়ে আছে, ফলে এখনো পর্যন্ত ঐ এলাকায় পৌরসভা থেকে কোনও রকম ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এর জন্য এলাকার মানুষের মধ্যে ব্যাপক অশান্তি সৃষ্টি হয়েছে। ডীপ টিউবওয়েলগুলি থেকে এবং বিশেষ করে টালা তথা পলতা থেকে যে জল সরবরাহ করা হচ্ছে সেটা দূষিত জল, সেটা খেয়েই আন্ত্রিক হচ্ছে এই সিরিয়াস ব্যাপারের প্রতি আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পরেশ পাল ঃ** মাননীয় স্পিকার, স্যার, আপনার মাধ্যমে আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কাঁকুড়গাছির ৩/এ বাস স্ট্যাণ্ডে প্রতিদিন সকাল ৮টা থেকে বেলা ১১টা পর্যন্ত যে জ্যাম-জট হয় সেটা অভাবনীয়। মায়েরা বাচ্চাদের নিয়ে রাস্তা পারাপার হতে পারেনা—যখন তখন অ্যাকসিডেন্ট হবার খুবই সম্ভাবনা। এর আগেও আমি হাউসে বলেছিলাম, মাত্র ১৫০ ফুট যদি একটা সাবওয়ে করে দেওয়া হয় তাহলে ওখানকার মানুষের অনেক উপকার হবে। ওখানে প্রায় ৫০ হাজার লোক ঐদিকে বিশেষ করে পূর্বদিকে দত্তাবাদে বাস করে। ওখানে যে সমস্ত সি. আই. টি. বিল্ডিং এবং গভর্নমেন্ট হাউসিং আছে ঐ সমস্ত হাউসিং-এর লোকেদের সুরাহা হয়। এই ব্যাপারে বারবার দৃষ্টি আকর্ষণ করার পরেও মন্ত্রী মহাশয় ভাবছেন না। তাই আমি আপনার মাধ্যমে বলতে চাইছি, এই জিনিস করলে ওখানকার মানুষের অনেক সুরাহা হবে। কিন্তু সেটা না করে ওখানে এর আগে একটা সেতু করেছে। কিন্তু ঐ সেতু দিয়ে কোনও লোক পারাপার হয় না। কারণ সেতুতে ওঠা ভীষণ বিপদ। ৪০/৪৫ বছরের উর্ধ্বে বয়স্ক লোকেরা ঐ সেতু দিয়ে

উঠতে পারে না। তাই আমি আশা করব, মন্ত্রী মহাশয় এই বিষয়ে চিন্তা-ভাবনা করবেন।

**শ্রী দিবাকান্ত রাউথ ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিজ বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র বলাগড়ে প্রচুর পরিমাণ পিঁয়াজের চাষ হয়ে থাকে। এবারে প্রায় ৩ হাজার হেক্টর জমিতে পিঁয়াজের চাষ হয়েছে। কিন্তু কয়েকদিন আগে ওখানে যে ঝড় এবং শিলাবৃষ্টি হয়েছে তাতে অনেক ফসলের ক্ষতি হয়েছে। এরফলে চাষীরা তাদের ফসল বাড়িতে তুলতে পারেনি। যেটুকু পিঁয়াজ তারা তুলে নিয়ে এসেছে, তার ন্যায্য দাম পাচ্ছে না। কারণ খরিদ্দাররা কিনতে যাচ্ছে না। এরফলে চাষীরা বিপদে পড়েছে। তারা কো-অপারেটিভ এবং ব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে চাষ করেছিলেন। এমতাবস্থায় আমি সরকারের কাছে আবেদন করছি, যাতে ঐ কৃষকেরা পিঁয়াজের ন্যায্য দাম পায় এবং আগামীদিনে বলাগড়ে যাতে পিঁয়াজের সংরক্ষনের ব্যবস্থা করা যায় তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী বিশ্বনাথ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, মুর্শিধাবাদ জেলায় গত নির্বাচনের পর থেকে সারা জেলা জুড়ে কংগ্রেস-আই সমাজ বিরোধী গুণ্ডারা ধারাবাহিকভাবে খুন করে যাচ্ছেন। আপনি শুনেছেন, গতকাল নবগ্রাম মহরুল গ্রাম পঞ্চায়েতের প্রধান আবদুস সামাদকে—তিনি যখন অফিসে কর্মরত সেই সময়ে প্রকাশ্য দিবালোকে তাকে খুন করা হয়েছে। এ ছাড়া জলঙ্গীর ঘোষপাড়ার শাখা সম্পাদক, আব্দুল মজিদ বিশ্বাসকে গত ২৮ তারিখে কংগ্রেস-আইয়ের সমাজবিরোধী গুণ্ডারা খুন করেছে। এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলতে চাই—মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এখানে আছেন, তিনি ভাল করেই জানেন—এই আব্দুল মজিদকে ১৯৯১ সাল থেকে খুন করার চক্রান্ত করছিল, তারজন্য তাকে নিরাপত্তা রক্ষী দেওয়া হয়েছিল। গত পঞ্চায়েতের উপ নির্বাচনের পর তাকে সরিয়ে নেওয়া হয়েছিল। গতকাল তিনি যখন ঐ গ্রাম পঞ্চতায়েতের অফিসে বসে কাজ করছিলেন সেই সময়ে ১০/১২ জন দুষ্কৃতকারী মুখে কালো কাপড় বেঁধে রিভলবার এবং পাইপগান নিয়ে প্রকাশ্য দিবালোকে তাকে খুন করেছে। এই প্রসঙ্গে উল্লেখ করছি, গত কয়েকমাস আগে স্থানীয় বিধায়ক প্রকাশ্য দিবালোকে তাকে হুমকি দিয়ে বলেছিলেন, পঞ্চায়েতের অফিস জ্বালিয়ে দাও, খুন করে দাও। তাই আমার ধারণা, এই খুনের পিছনে তার নেপথ্য ভূমিকা আছে। এইভাবে গোটা মুর্শিদাবাদ জেলা জুড়ে এরা খুন করে চলেছে। কংগ্রেস-আই, এই সমস্ত সমাজ বিরোধী গুণ্ডাদের টিকিট দিয়েছেন এবং তারা বিধায়ক হয়েছে। আমার আশঙ্কা এরাই এই সমস্ত চক্রান্ত করে গোটা মুর্শিদাবাদ জেলা জুড়ে এই সমস্ত কাণ্ড করে যাচ্ছে। কিছুদিন আগে নবগ্রামের বিলবাড়িতে এবং বাগমারাতে প্রকাশ্য দিবালোকে যাদের খুন করা হয়েছে এই সমস্ত ঘটনার পিছনে স্থানীয় বিধায়কের হাত আছে বলে অভিযোগ করেছি। তাই আমার পুলিশ মন্ত্রীর কাছে আবেদন, এই সমস্ত সমাজ বিরোধীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হোক।

গোটা মুর্শিদাবাদ জেলার নবগ্রাম এবং খড়গ্রামের মানুষ সন্ত্রস্ত হয়ে পড়েছেন এবং তারা নিরাপত্তার অভাব বোধ করছেন। এইসব সমাজবিরোধীরা প্রকাশ্য দিবালোকে হুমকি দিচ্ছেন। সমস্ত জায়গায় খুন, ডাকাতি, রাহাজানি কোন কাজই এরা বাদ দিচ্ছে না। আমার আবেদন, অবিলম্বে এই সমস্ত খুনীদের ধরতে হবে এবং তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে যাতে এইরকম কাজ না করতে পারে।

**মিঃ স্পিকার** ঃ এখন বিরতি। আবার আমরা মিলিত হব ২টোর সময়ে।

**(At this stage the House was adjourned till 2.00 p.m.)**

## DISSUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 49

| | |
|---|---|
| Shri Kamal Mukherjee<br>Shri Abdul Mannan<br>Shri Sobhan Deb Chattopadhyay<br>Shri Saugata Roy | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-. |

### Demand No. 50

| | |
|---|---|
| Shri Ajoy De<br>Shri Nirmal Ghosh<br>Shri Sultan Ahmed<br>Shri Ashok Kumar Deb<br>Shri Deba Prasad Sarkar<br>Shri Saugata Roy<br>Shri Kamal Mukherjee | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-. |

**শ্রী আব্দুল মান্নান** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৪৯ নং এবং ৫০ নং দাবিতে যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করা হয়েছে তাকে বিরোধিতা করে এবং আমাদের দলের তরফ থেকে আনা কাটমোশনের সমর্থনে আমি বক্তব্য রাখছি। ওনার এই দপ্তরটা খুব নেগলেকটেড। আগে যিনি এই দপ্তরের মন্ত্রী ছিলেন, তিনি বলতেন আমি হাঁস, মুরগী, গরু, ছাগলের মন্ত্রী। কিন্তু এই দপ্তরের একটা খুব গুরুত্ব আছে, সেটা অস্বীকার করা যায় না। বিশেষ করে আজকে যখন সভ্যতার অগ্রগতির সঙ্গে সঙ্গে জমির পরিমাণ দিনের পর দিন কমে যাচ্ছে বাড়ি, রাস্তাঘাট, রেল লাইন, কলকারখানা ইত্যাদি তৈরি হচ্ছে, তখন এগ্রিকালচারাল প্রডাক্টের উপর থেকে নির্ভরশীলতা কমাতে হচ্ছে। দিনের পর দিন যেভাবে জনসংখ্যা বাড়ছে তাতে এগ্রিকালচারাল ফুড এর উপর শুধু যদি নির্ভর করে থাকা হয় তাহলে ভবিষ্যতে স্বাভাবিক কারণেই একটা বিরাট খাদ্য সংকট দেখা দিতে বাধ্য। তাই পোলট্রী ফুড এর উপর কিছুটা

নির্ভর করতে হবে। তাই অ্যানিম্যাল রিসোর্স ডেভেলপমেন্টকে আন্তর্জাতিক পর্যায়ে খুব বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে। কিন্তু আমাদের রাজ্যে টাকা দিলেও মন্ত্রীর গুরুত্ব কমিয়ে দেওয়া হয়েছে। এই বিভাগের চারটি মূল উদ্দেশ্য ছিল। একটা হচ্ছে প্রাণী সম্পদ, যেটা সমন্বয় এবং সদব্যবহার। দ্বিতীয় ছিল ডেয়ারি ডেভেলপমেন্ট। তৃতীয় ছিল প্রাণী স্বাস্থ্য সুরক্ষার ব্যাপারে সাহায্য করা, চতুর্থ হচ্ছে প্রাণী চিকিৎসা শিক্ষার প্রসার। আর দুটো হচ্ছে কর্পোরেশন একটা হল ওয়েস্ট বেঙ্গল ডেয়ারি অ্যাণ্ড পোলট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন আর একটা হল ওয়েস্ট বেঙ্গল লাইফ স্টক প্রসেসিং ডেভেলপমেন্ট কর্পোরেশন। এই কাজগুলো দেখা যাচ্ছিল। কিন্তু আজকে এই উদ্দেশ্যগুলো অনেক ক্ষেত্রে ব্যহত হচ্ছে আমি একটু আগে বলেছি, অল্টারনেটিভ ফুড, অর্থাৎ এগ্রিকালচারাল ফুড এর অল্টারনেটিভ হিসাবে পোলট্রি ডেভেলপমেন্ট যদি ঠিক ভাবে করা যেত তাহলে গ্রামের মানুষের একটা আর্থিক নির্ভরতার ক্ষেত্রে এই দপ্তর একটা ভূমিকা পালন করতে পারত। কৃষক তাদের শস্য, বীজ কিনতে এই বিভাগের সহায়তা নিতে পারত। কিন্তু সেটা করা হয়নি। এটা এই ডিপার্টমেন্টের একটা ব্যর্থতা।

৫/৬ বছর আগে এই দপ্তরের অধীনে প্রাণীসম্পদ অধিকার এবং প্রাণীস্বাস্থ্য অধিকারদ্বয়কে একত্রিত করার কথা হয়েছিল এবং কথা হয়েছিল যে এই দুটি বিভাগকে এক করে কাজ করা হবে কিন্তু তারজন্য যে পরিকাঠামো গড়ে তোলা দরকার মাননীয় মন্ত্রী মহাশয় সেটা গড়ে তুলতে পারেননি। এ ক্ষেত্রে তিনি ব্যর্থ হয়েছেন। এখনও পর্যন্ত তারা আলাদা আলাদা ভাবেই কাজ করে যাচ্ছেন। এর আগে এই দপ্তরের যিনি মন্ত্রী ছিলেন সেই মেহেবুব জাহেদি সাহেব ১৯৯২/৯৩ সালের তার বাজেট ভাষণে বলেছিলেন যে, 'সম্প্রতি প্রাণিসম্পদ অধিকার এবং প্রাণিস্বাস্থ্য অধিকারদ্বয়কে একত্রিত করা হয়েছে। তবে ঠিক হয়েছে যে যতদিন একত্রিত কর্মপদ্ধতি চূড়ান্ত না হয় ততদিন অধিকার দুটি আলাদা ভাবে নিজ নিজ কাজ করে যাবে।' এখনও পর্যন্ত কিন্তু তারা আলাদা আলাদা ভাবেই কাজ করে যাচ্ছে, তাদের কর্মপদ্ধতি এখনও চূড়ান্ত হয়নি। স্যার, এই দপ্তর সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয় নিজেই বলেছেন যে লোকের একটা ভুল ধারণা আছে। সবাই মনে করে এটা খালি দুধ খাওয়ানোর দপ্তর এবং হাঁস, মুরগির দপ্তর। কলকাতায় যে ইনস্টিটিউট of animal health and veterinary biological, আছে তাতে আধুনিক পদ্ধতিতে আধুনিক টিকা তৈরির কথা ছিল কিন্তু তার প্রডাকশন দিনের পর দিন কমে যাচ্ছে। এই ইনস্টিটিউটের আধুনিক প্রতিষেধক টিকা আমাদের প্রতিবেশী রাজ্যগুলিতে তো বটেই, ভারতবর্ষের বাইরে শ্রীলঙ্কা, বাংলাদেশেও তার চাহিদা আছে এবং তাদের তা নেবার ইচ্ছাও আছে কিন্তু প্রডাকশন এত কম যে তাতে আমাদের রাজ্যের চাহিদাই পূরণ করা যাচ্ছে না। অন্যত্র দেবার কথাও তো ওঠেই না। স্যার, আপনি জানেন, পঞ্চায়েত থেকে আজকাল গরু কেনার জন্য লোন ইত্যাদি দেবার ব্যবস্থা করা হয়েছে কিন্তু সেই গো-সম্পদ রক্ষণাবেক্ষণের উপযুক্ত ব্যবস্থা সরকার থেকে করা হয়নি। গবাদি প্রাণীর মারাত্মক দুটি রোগ-তড়কা যেটাকে বলে অ্যানথ্রাক্স এবং বাদলা যেটাকে বলে ব্ল্যাক কোয়ার্টার এই রোগ দুটিকে যেভাবে মোকাবিলা করা দরকার সরকার তা করতে পারেননি।

গ্রামাঞ্চলে এই রোগ যখন গবাদি প্রাণীদের ক্ষেত্রে দেখা দেয় তখন তা মারাত্মক আকার নেয়। ব্লকে লাইফস্টকের যে অফিসগুলি আছে এ ক্ষেত্রে সেখান থেকে যে প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া দরকার তা তারা সঠিকভাবে নিতে পারেন না। লোকে বাধ্য হয়ে ভেটেরেনারি ডাক্তারদের কাছে যান, এতে তাদের একদিকে যেমন অনেক খরচ হয়ে যায় অপর দিকে তেমনি আবার গ্রামাঞ্চলের সর্বত্র ভেটেরেনারি ডাক্তার না পাওয়ার ফলে অনেক গবাদি পশু বিনা চিকিৎসায় মারা যায়। জলাতঙ্ক রোগের যে আধুনিক টিকা তাও পাওয়া যায় না। জলাতঙ্ক রোগের সনাতন পদ্ধতি যে ১৪টি ইনজেকশন তার বদলে যে বিটাপ্রাপাইওলাকটোন ইনজ্যাকটিভেটেড টিকা তার সাপ্লাই আপনার দপ্তর থেকে দিতে পারছে না। কাজেই প্রাণী সম্পদ বিকাশের ক্ষেত্রে আপনার দপ্তরের ব্যর্থতা সর্ব ক্ষেত্রে প্রকট হয়ে উঠেছে। স্যার, এখানে কংগ্রেস আমলে এই হয়েছে, তাই হয়েছে ইত্যাদি নানান কথা বলা হয় কিন্তু স্যার, আপনি জানেন, কংগ্রেস আমলে ১৯৭৪ সালেই ওয়েস্ট বেঙ্গল livestock processing development corporation. তৈরি করা হয় এবং তার আণ্ডারে আন্দুল রোড এবং দুর্গাপুরে দুটি আধুনিক কষাইখানা তৈরি করার কথা হয়। খাদ্যের প্রয়োজনে মানুষকে পশু হত্যা করতেই হয় কিন্তু যে রকম নির্মমভাবে তা করা হয় তা বন্ধ করে যাতে সহজ পদ্ধতির মাধ্যমে তা করা যায় সে কথা চিন্তা করেই এই সিদ্ধান্ত নেওয়া হয়।

[2-10 – 2-20 p.m.]

কংগ্রেস সরকার ১৯৭৪ সালে এই কর্পোরেশন তৈরি করে এবং দুটো কসাই খানা তৈরি করার চিন্তা-ভাবনা করেছিল। আপনারা সেটার প্রসার করতে পারলেন না। ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পরে থেকে আজ পর্যন্ত এই কসাইখানা দুটিকে আধুনিকীকরণ করে পশু হত্যা সহজ সাধ্য করেননি। আপনারা কি করলেন? দুর্গাপুরেরটা বোম্বের একজন এক্সপোর্টারকে বেচে দিলেন। আর আন্দুলেরটার অবস্থাও সেই রকম। আপনারা সেটা পরিত্যাগ করলেন। বিরাট জায়গা ছিল, আপনারা সেটা কাজে লাগাতে পারলেন না, বেচে দিলেন। আজকে এমন একটা অবস্থায় এসেছি যে উন্নতি তো দুরের কথা, মন্ত্রীর নিজস্ব কোনও ভাবনা-চিন্তা নেই, কোনও কনস্ট্রাকটিভ আউট লুক নেই। কাজ করার যে মানসিকতা ছিল সেটাও করতে পারলেন না। অথচ অনেক কিছু ধাপ্পার কথা বলছেন। গত বছর মন্ত্রী থাকাকালীন আপনি উত্তর দিনাজপুরের রায়গঞ্জে রাষ্ট্রীয় হাঁস পালন কেন্দ্র স্থাপন করলেন, ১৬ই মার্চ উদ্বোধন করে এলেন। আপনি বলুনতো সেখানে পি. ডব্লু. ডি'র কাজ ভাল হয়েছে কি না? উত্তর দিনাজপুরের রায় গঞ্জে যে রাষ্ট্রীয় হাঁস পালন কেন্দ্র স্থাপন করা হয়েছে তার মেকানিক্যাল কাজ এবং সিভিল কনস্ট্রাকশনের কাজ বাকি রয়েছে। আপনি বললেন যে ওখানে হাঁস পালন কেন্দ্রে কাজ শুরু হয়েছে। আপনি বলুন তো যে ওখান থেকে কতটা ডিম, কতটা খাকী ক্যাম্বেল দিতে পেরেছেন? আপনার কাজ কমপ্লিট হয়নি। অথচ আপনি উদ্বোধন করে এলেন। মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, এরা আমাদের রাজ্যে তিনটি ছাগ পালন কেন্দ্র এবং দুটি ছাগ প্রসব কেন্দ্র করেছেন কল্যাণী, বিষ্ণুপুর, শিউড়ী এই সব

জায়গায়। আপনি জানেন যে ব্ল্যাক বেঙ্গল ছাগলের মাংসও বেশি হয়না এবং তার দুধও বেশি হয়না। কিন্তু তার চামড়ার অনেক দাম। সেখানে আপনার করার কথা ছিল যাতে ব্ল্যাক বেঙ্গল ছাগল মানুষ পুষে এবং যাতে এর মাংস বাড়ে। এটা করতে পারলে এর চামড়া রপ্তানি করে প্রচুর বিদেশি মুদ্রা অর্জন করা যেত। কিন্তু আপনি সেটাও করতে পারেননি। আপনি মানুষকে এই ব্যাপারে উদ্বুদ্ধ করতে পারেননি, উৎসাহিত করতে পারেননি।

এবারে আমি দুধের ব্যাপারে আসছি। দুধের দামের ব্যাপারে আমরা দেখছি যে মন্ত্রী মহাশয় বছরের পর বছর দুধের দাম বাড়িয়েছেন। মাননীয় সদস্য সৌগত রায়ের একটা অ্যাডমিটেড কোয়েশ্চেন ১৬৮৫, তার উত্তর মন্ত্রী মহাশয় বলেছেন যে, ডবল টোন দুধের দাম ৫ টাকা থেকে বাড়িয়ে ৯ টাকা করেছেন। আর টোন মিল্কের দাম ৭ টাকা থেকে বাড়িয়ে ১০ টাকা করেছেন এবং কাউ মিল্ক ১০ টাকা থেকে বাড়িয়ে ১২ টাকা করেছেন। আমাদের মাদার ডেয়ারির ক্যাপাসিটি ছিল ৬ লক্ষ টন। সেখানে আপনি ৪ লক্ষ টন দিতে পেরেছেন। কারণ আপনি ভেবেছিলেন যে, খাটাল অপসারনের পরে চাহিদা বাড়বে, কিন্তু সেটা বাড়েনি। আশেপাশের জেলাগুলি থেকে সাইকেলে করে প্রচুর পরিমাণ দুধ চলে এসেছে। আপনাদের সরকারি দুধ অনিশ্চিত এবং কখনও কখনও সেটা অস্বাস্থ্যকর হয়, কারণ মাঝে মাঝে তাতে ইঁদুর, আরশোলা থাকে। যারজন্য মানুষ এখন বাজার থেকে দুধ কিনে খাচ্ছে। আগে যারা গরু পালন করতেন তাদের নিয়ে কতগুলো সমবায় সমিতি গঠিত হয়েছিল। মাননীয় মন্ত্রী বলতে পারবেন কি, অপারেশন ফ্লাড স্কিমে আমরা যেসব মিল্ক-ইউনিয়ন করেছিলাম হিমালয়ান মিল্ক প্রডিউসারস কো-অপারেটিভ, কিষাণ মিল্ক প্রডিউসার কো-অপারেটিভ, ভাগিরথী মিল্ক প্রডিউসারস কো-অপারেটিভ, দামোদর মিল্ক প্রডিউসারস কো-অপারেটিভ, মিদনাপুর মিল্ক প্রডিউসারস কো-অপারেটিভ, হরিণঘাটা মিল্ক প্রডিউসারস কো-অপারেটিভ এবং গৌড় মিল্ক প্রডিউসারস কো-অপারেটিভ, যারা প্রডিউসারস থেকে দুধ সংগ্রহ করতেন, ঐ ৭টি কো-অপারেটিভের মধ্যে বর্তমানে কয়টি লিভিং আছে? ঐসব কো-অপারেটিভ যারা দুধ উৎপাদন করেন তাদের কাছ থেকে সরাসরি দুধ কিনে নিত। কিন্তু সেই ইউনিয়নের অনেকগুলিই বর্তমানে লিভিং নেই। দামোদরের চেয়ারম্যান ছিলেন একজন এক্স-এম. এল. এ। ঐসব কো-অপারেটিভকে আপনারা উৎসাহ দিতে পারেননি। এশিয়ার মধ্যে একটা গর্বের বিষয় ছিল মাটিগাড়ার হিমুল। সেটাকে আপনারা তুলে দেবার চেষ্টা করছেন। পাহাড়ের ইকোনোমি অনেকাংশে নির্ভর কোরত হিমুলের উপর। পাহাড়ের ইকোনোমির স্বার্থে আপনারা হিমুলকে কাজে লাগাতে পারতেন, কারণ পাহাড়ে সবচেয়ে বেশি দুধ উৎপাদন হয়। কিন্তু সেই দুধ আজকে শিলিগুড়ির মিস্টির দোকানগুলিতে ব্যবহৃত হচ্ছে। এটা আপনাদের ব্যর্থতা। অবশ্য আমি মন্ত্রীর কাছে আশা করি না যে তিনি এক্ষেত্রে উন্নতি ঘটাবেন, কিন্তু অনুরোধ, দয়া করে যেটুকু রয়েছে সেটা ধ্বংস করবেন না। দুর্নীতি আপনাদের অনেক রয়েছে যার হিসাব দিতে গেলে সময়ে কুলোবে না। গত ৪ঠা ফেব্রুয়ারি শ্রী শ্যামাদাস ব্যানার্জি এবং আমার একটি যৌথ প্রশ্ন, প্রশ্ন নং *২১৭-এর উত্তর মন্ত্রী মহাশয় দিয়েছিলেন। সেখানে প্রথম প্রশ্ন ছিল—ইহা কি সত্য যে,

হরিণঘাটা মিল্ক ডেয়ারির জমিতে যৌথ উদ্যোগে ডেয়ারি নির্মাণের জন্য কোন শিল্পপতির সঙ্গে চুক্তি করা হয়েছে। মন্ত্রী উত্তরে বলেছেন যে, এ-ব্যাপারে প্রাথমিক সমঝোতাপত্র (এম. ও. ইউ.) স্বাক্ষর করা হয়েছে। দ্বিতীয় প্রশ্ন ছিল—কি কি শর্তে এবং কি পরিমাণ টাকার বিনিময়ে কি পরিমাণ জমি শিল্পপতিকে দেওয়া হবে। উত্তরে মন্ত্রী বলেছেন—বিস্তারিত শর্তাদি এখনও চূড়ান্ত হয়নি, তবে সমঝোতাপত্রে উল্লেখ আছে যে, জমির পরিমাণ হবে সর্বাধিক ৪০০ একর এবং জমি দেওয়া হবে লিজ ভিত্তিতে। আমার তৃতীয় প্রশ্ন ছিল—প্রস্তাবিত উক্ত ডেয়ারিতে রাজ্য সরকারের অংশের পরিমাণ কত। মন্ত্রী তার উত্তর দিয়েছেন—সমঝোতাপত্রে উল্লেখ আছে যে, প্রস্তাবিত যৌথ উদ্যোগে পশ্চিমবঙ্গ সরকারের আওতাধীন সংস্থা ডেয়ারপোলের অনধিক ১৫ শতাংশ শেয়ার থাকবে। হরিণঘাটায় ৪০০ একর জমি যা ব্যবসায়ীকে দিয়েছেন তার দাম কত? অথচ সেখানে রাজ্য সরকার পেয়েছেন মাত্র ১৫ পারসেন্ট শেয়ার, ৮৫ পারসেন্ট শেয়ার চলে গেছে বাইরে। কাজেই কেন আমরা বলবো না, এক্ষেত্রে টাকা লেনদেন হয়েছে? মাননীয় মন্ত্রীর সাহস থাকলে এ সম্পর্কে বিধানসভায় সর্বদলীয় কমিটি, পরিষদীয় কমিটি গঠন করার কথা ঘোষণা করুন, কারণ আমরা বলছি, ঐ জমি কেলেঙ্কারীতে রাজ্য সরকার জড়িত। আপনারা সি. বি. আই তদন্ত চাইবেন না, কারণ সি. বি. আই. তদন্তকে আপনারা ভয় পান।

[2-20 – 2-30 p.m.]

মাননীয় ডেপুটি স্পিকার স্যার, এই বিধানসভা থেকে আপনি একটা পরিষদীয় কমিটি করে দিন যাতে এই ব্যাপারে প্রকৃত সত্য উৎঘাটিত হতে পারে। স্যার, ৪০০ একর জমি একজন ব্যবসায়ীকে বেচে দেওয়া হয়েছে। এই হরিণঘাটা বিধানচন্দ্র রায়ের স্বপ্ন ছিল। এই হরিণঘাটা থেকে শুধু পশ্চিমবাংলার নয় গোটা পূর্বাঞ্চলের অর্থনৈতিক অগ্রগতি ঘটতে পারত। এই যে ৪০০ একর জমি ব্যবসায়ীকে দিয়ে দিয়েছেন, এতে কয়েক শো কোটি টাকা লেনদেন হয়েছে। সাহস থাকে, যদি দুর্নীতির মধ্যে জড়িয়ে না থাকেন তাহলে আপনি সরকারকে বলুন সি. বি. আই তদন্ত না হোক একটা পরিষদীয় কমিটি তৈরি করে এই ব্যাপারে তদন্ত করার ব্যবস্থা করতে। তাহলেই দুর্নীতি ফাঁস হয়ে যাবে। এই দপ্তরের যথেষ্ট গুরুত্ব ছিল। এই দপ্তর গ্রামাবাংলার অর্থনৈতিক উন্নয়ন আনতে পারত। কিন্তু এই দপ্তর রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করতে গিয়ে কিছু অফিসার নিয়োগ করে কিছু ইনফ্রাস্টাকচার তৈরি করে কোনও কাজ করতে পারেনি। তার সঙ্গে এই দপ্তর দুর্নীতিতে জড়িয়ে পড়েছে। দূর্গাপুর কসাইখানা এবং হরিণঘাটায় দুর্নীতিতে ভরে গেছে। তাই আমি এই ব্যয় বরাদ্দের দাবিকে বিরোধিতা করে আমাদের আনা কাট মোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গে সরকারের প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি উপস্থাপিত করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি এবং বিরোধী পক্ষের আনীত কাট মোশনের

বিরোধিতা করে দু-চারটি কথা বলতে চাই। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার গ্রামোন্নয়ন এবং সমাজের অনগ্রসর শ্রেণী ও দরিদ্র কৃষকদের অর্থনৈতিক উন্নয়নের উপর যে বিশেষ গুরুত্ব আরোপ করেছেন তার উপর ভিত্তি করেই প্রাণী সম্পদ বিভাগ গ্রামের সাধারণ মানুষের জন্য উৎপাদন মুখী কর্মসূচি বজায় রেখেই এগিয়ে চলেছে। যা হচ্ছে কৃষির পরেই প্রাণী পালনের মধ্যে দিয়ে সাধারণ মানুষের অর্থাৎ অর্থনৈতিক দিক থেকে অনুন্নত মানুষ সহ তফসিলি জাতি এবং উপজাতি মানুষের এবং বেকার যুবকদের অর্থ উপার্জন এবং কর্মসংস্থানের সুযোগ করেছে। অপর দিকে সমগ্র জাতির পুষ্টির যোগান হিসাবে দুধ ডিম মাংস ইত্যাদি অতি প্রয়োজনীয় প্রোটিনের উৎপাদন বাড়িয়ে চলেছে। যা ১৯৭৬-৭৭ সালে কংগ্রেসি রাজত্বে মানুষের কল্পনার বাইরে ছিল, ওনারা সেটা চিন্তাই করতে পারেননি। রাজ্যে গবাদি প্রাণীর ঘনত্ব খুব বেশি এবং এদের স্থানীয় বা দেশি প্রজাতি হিসাবে উল্লেখ করা হয়। এই ব্যাপারে প্রাণী সম্পদ বিকাশ দপ্তর পরিকল্পনা করেছে এবং উন্নত মানের বাছুর তৈরি করে দুধের উৎপাদন বৃদ্ধির মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় এই কাজের অগ্রগতি অব্যাহত রাখার চেষ্টা করেছে। বিশেষ করে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর থেকে নূতন করে উদ্যোগ নেওয়া হয়েছে। ভূমিহীন, ভাগচাষী ক্ষুদ্র কৃষক প্রান্তিক কৃষক এবং গ্রামীণ কারিগরদের বাড়তি আয়ের সংস্থান হিসাবে এটা গন্য হয়েছে এবং প্রাণীপালন দপ্তর একমাত্র উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। বর্তমান প্রাণী সম্পদ বিভাগ গ্রামীণ সম্প্রসারণ পরিষেবাকে আরো ফলপ্রসূ করে তোলার জন্য প্রতি ব্লকে একজন ব্লক প্রাণী উন্নয়ন আধিকারিক নিয়োগ করেছে। পদাধিকার বলে, পঞ্চায়েত সমিতি আধিকারিক-এই নূতন পদমর্যাদা দেওয়া হয়েছে। এ ছাড়া এই দপ্তর প্রতিটি গ্রাম পঞ্চায়েতে একজন করে ভেটেরিনারি ফিল্ড অ্যাসিস্ট্যান্ট নিয়োগের মধ্যে দিয়ে একেবারে তৃণমূল স্তর পর্যন্ত সাধারণ মানুষের স্বার্থে এই দপ্তর পৌঁছে গেছে। অর্থাৎ যাতে তৃণমূল স্তর পর্যন্ত প্রাণী পালক এবং জনসাধারণকে উন্নত প্রথায় প্রাণী পালন এবং প্রাণী স্বাস্থ্য রক্ষা করতে পারে তারজন্য এই দপ্তর ব্যবস্থা করেছে। এই দপ্তর প্রাণী সম্পদের উৎপাদন বৃদ্ধি করে মানুষের আয় বাড়ানোর ক্ষেত্রে এবং প্রাণীদের নানান রকম রোগ চিহ্নিত করার ক্ষেত্রে অগ্রনী ভূমিকা পালন করছে। আমি বিরোধী পক্ষের বক্তব্য শুনলাম। বিরোধী পক্ষের মাননীয় সদস্য আব্দুল মান্নান সাহেব বললেন যে এই বিভাগ বিশেষ কিছু অগ্রগতি ঘটাতে পারেনি। সেজন্য আপনাদের সামনে আমি কিছু পরিসংখ্যান দিয়ে দু'চার কথা বলে আমার বক্তব্য শেষ করব। ১৯৭৬-৭৭ সালে আপনারা যখন ক্ষমতায় ছিলেন তখন এই বিভাগটিকে পঙ্গু অথর্ব করে রেখেছিলেন। কয়েকটি পরিসংখ্যান দিলে বিষয়টি পরিষ্কার হয়ে যাবে। তখন ডিমের উৎপাদন ছিল ৬৭.৬০ কোটি। বামফ্রন্ট সরকারের আমলে অগ্রগতি ক্রমান্বয়ে ঘটেই চলেছে। ১৯৯৫-৯৬ সালে উৎপাদন হয়েছে ২৫৭ কোটি, ১৯৯৬-৯৭ সালে হয়েছে ২৬৩ কোটি এবং ১৯৯৭-৯৮ সালে লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ২৭০ কোটি। এটা থেকেই প্রমাণ হয়ে যায় যে ক্রমান্বয়ে উৎপাদন বৃদ্ধি ঘটছে। আপনাদের সময়ে এত অগ্রগতির কথা চিন্তা করতে পারতেন না! আপনারা কখনও এই অগ্রগতির কথা ভাবেননি। ২০ হাজার ৪০ লিটার দুধ দেবার কথা আপনারা কখনও চিন্তা করেছিলেন? বামফ্রন্ট সরকার এটা প্রমাণ করেছে। আমরা জানি,

দুধের চাহিদা বাড়ছে। এইরাজ্যে ১৯৯৫-৯৬ সালে প্রয়োজন ছিল ৫৮.১৬ লক্ষ মেট্রিক টন। ঐ সময়ে দুধের উৎপাদন হয়েছে ৩৩.৪১ মেট্রিক টন। এখানে ডিমের প্রয়োজন ১,৩৬৬ কোটি। উৎপাদন হয়েছে ২৫৭ কোটি। আপনাদের সময়ে কি অবস্থা ছিল? এখন ক্রমান্বয়ে উৎপাদন বৃদ্ধি পাচ্ছে এর ফলে গ্রামাঞ্চলে বেকার যুবকরা পোলট্রি ফার্মের মধ্যে দিয়ে অর্থোপার্জনের বা স্বনির্ভরতার পথে এগিয়ে চলেছে। মুরগী, হাঁস ইত্যাদির উন্নতমানের ডিম-মিনিকীট-নিয়ে সেই জায়গায় বাচ্চা ফুটিয়ে বিশেষ প্রচেষ্টা গ্রহণ করেছে। আপনারা বাস্তবকে স্বীকার করবেন না? এখানে মাংসের যেখানে প্রয়োজন ১৬.৬ মেট্রিক টন, সেখানে উৎপাদন বেড়ে দাঁড়িয়েছে ৪.১৬ মেট্রিক টন। আপনাদের সময়ে এ সম্পর্কে কোনও চিন্তা ভাবনাই ছিল না। মাংসের যথেষ্ট বাজার রয়েছে। এইক্ষেত্রে বিপণন করার ব্যাপারে অগ্রগতি ঘটানোর যে চিন্তা রয়েছে, এর ফল সুদুর প্রসারী। এটাকে বাস্তবায়িত করা সম্ভব হবে। পশুপালনের বিষয়কে কেন্দ্র করে কয়েকটি পরিসংখ্যান দিয়ে বলছি। আপনাদের সময়ে সরকারি খামারে, সবুজ গোখাদ্য ফডার উৎপাদন করার ব্যাপারে কি চিন্তা ভাবনা ছিল? সরকারি খামারে ফডার উৎপাদনের কোন চিন্তা ভাবনা আপনাদের সময়ে ছিল না। এখন সেই ফডার উৎপাদিত হচ্ছে। সরকারি খামারে উৎপাদন দাঁড়িয়েছে—হরিণঘাটা (মেন), সেখানে ১৯৭৬-৭৭ সালে উৎপাদন ছিল জিরো। এখন সেখানে উৎপাদন হচ্ছে ৮,৩৬২ মেট্রিক টন। উৎপাদন ক্রমান্বয়ে বেড়ে চলেছে। হরিণঘাটা (নর্থ), সেখানে সবুজ খাদ্য উৎপাদন, আপনাদের সময়ে যেখানে ছিল 'নীল', আর এখন উৎপাদন বেড়ে হয়েছে ১,৭৯০ মেট্রিক টন। কল্যাণী ফার্মে আপনাদের সময়ে ছিল 'নীল'। এখন সেখানে উৎপাদন হচ্ছে ২,৫৪০ মেট্রিক টন। আপনারা কখনও এটা ভেবেছিলেন? শালবনী ফডার ফার্মে উৎপাদন হচ্ছে ৩১৮ মেট্রিক টন। উৎপাদন বৃদ্ধি ঘটছে। পশুখাদ্য, দানাশস্যের যেখানে উৎপাদন হচ্ছে, আমাদের ৫টি কেন্দ্রে উৎপাদন হচ্ছে। শিলিগুড়ি, গাজোল, কল্যাণী, দুর্গাপুর এবং শালবনীতে ১৯৯৫-৯৬ সালে উৎপাদন হয়েছে ২৮,৬১৯ মেট্রিক টন।

[2-30 – 2-40 p.m.]

এসব জিনিস আপনাদের সময়ে হত না বা করেননি। এই যে ডিলারের মাধ্যমে বিক্রির ব্যবস্থা করা হচ্ছে এতে বেকার যুবকদের স্বনির্ভরতার সুযোগ ঘটানো হচ্ছে। এছাড়া এই খাদ্যোৎপাদন বাংলাদেশেও রপ্তানি করা হচ্ছে। একটু আগেই বিরোধী দলের সদস্য শ্রী আব্দুল মান্নান সাহেব বললেন যে আমাদের নাকি কোনও রপ্তানি নেই। আমরা ৫৮ হাজার ডলার রোজকার করেছি এই রপ্তানি ব্যবসার মাধ্যমে, একথা তিনি তো স্বীকার করতে পারলেন না। ১৯৯৫-৯৬ সালে শিক্ষিত বেকার যুবকরা ১০ লক্ষ ৩১ হাজার লিটার গরুর দুধ এবং ৮ লক্ষ ৬৪ হাজার লিটার ডবল টোন দুধ বিক্রি করেছে। এছাড়া ৯৪২ কে. জি. ঘি বিক্রি করেছে এবং মনিপুর ও ত্রিপুরাতে দুধ ও ঘি বিক্রি করার বাজারের ব্যবস্থা করা হয়েছে এমন কি আন্দামানেও দুগ্ধ জাতীয় জিনিস বিক্রি করার বাজারের ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া বর্ধমান এবং দুর্গাপুরে এইরকম একটা কারখানা করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তারপরে

সমবায় সম্পর্কে বলেছেন যে সমবায়ের মাধ্যমে দুগ্ধ ব্যবস্থার কোনও চেষ্টা হয়নি। আমি এই প্রসঙ্গে জানাই যে, ২০৫টি মহিলা দুগ্ধ সমবায় সমিতি দক্ষতার সঙ্গে কাজ করে চলেছে। ১৫ হাজার ১৮৩ জন প্রশিক্ষণের মাধ্যমে এই সমবায় কেন্দ্রগুলোতে কাজ করছে। এদের উৎপাদন ১২ থেকে ১৩ হাজার লিটার, ১২ থেকে ১৩ হাজার লিটার দুগ্ধ এরা উৎপাদন করেন। সুতরাং স্বনির্ভরতার পথে আমরা এগিয়ে চলেছি। এই দপ্তর একদিকে বেকার যুবক-যুবতীদের অর্থ উপার্জনের ব্যবস্থা করছে অন্য দিকে উৎপাদনের মাত্রা বাড়িয়েছে। সামগ্রিকভাবে যে পরিমাণ দুগ্ধের যোগান দেওয়ার কথা সেইভাবে তারা এগিয়ে চলেছে, এইকথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Shrimati Shanta Chhetri :** Hon'ourable Deputy Speaker, Sir, I would like to say a few lines on the Animal Husbandry Department.The Honourable Minister has demanded a sum of Rs. 89 crores 29 lakhs and 16 thousand under Demand No. 49, under the Head 2403 — Animal Husbandry, and 4403 — Capital Outlay on Animal Husbandry for the year 1997-98. But he has not mentioned any where in his demand No. 49 and 50 about the amount to be allocated to DGHC since the Animal Husbandry is one of the Transferred subjects to DGHC. Sir, the Honourable Minister must speak on the role of the DGHC regarding animal husbandry and the budget placed for DGHC (animal husbandry). Otherwise, it will be meaningless to discuss or place my opinion on this subject. I hope the Hon'ble Minister will look into the matter seriously. Then, Sir, the system in respect of animal husbandry in the hill area is completely in a defunct state. There is a Research Laboratory of animal husbandry at Darjeeling. But its function is nil. Most of the posts of the officers (Technical persons), such as animal husbandry doctors etc. are lying vacant. Since there is no qualified persons in the hill area. Because the students from the hill area do not get chance for admission in such technical institutions and in addition to it, the hill people are economically backward. Hence such technical institutions should be opened in the hill areas and the animal husbandry department including the Research Laboratory should be revitalised. Many closed firms and branch offices of animal husbandry should be reopened and for such purpose sufficient fund should be given to the Animal Husbandry Department, DGHC.

Sir, the farmers should be encourages respect of animal husbandry by providing to them from the Government such as financial assistance for construction of farm house, free medical assistance for their cattles.

financial assistance for purchase of cattle feed etc., financial assistance to procure cattle of good breed and revitalization of sub-divisional vetanary hospital. Hope, Hon'ble Minister will look into the problems of our hills and will take necessary steps for the welfare of the hill people. Thank you, Sir.

**শ্রী মহম্মদ হান্নান ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রীর যে ব্যয় বরাদ্দ এই হাউসে উপস্থিত করা হয়েছে, তা আমি পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীদের যে কাট মোশন এখানে এসেছে তার বিরোধিতা করে দু-একটি কথা বলতে চাই। স্যার, বিরোধী দলের মাননীয় সদস্য মান্নান সাহেব যখন বলছিলেন তখন আমি মন দিয়ে শুনছিলাম। তিনি ১৯৭৪ সালে কসাইখানার আধুনিকীকরণের কথা উল্লেখ করেছেন, সেখানে আমাদের সরকার নাকি ব্যর্থ। তাই তিনি ব্যর্থতার কথা উল্লেখ করেছেন। স্যার, এই সম্পর্কে আমি বলতে চাই, স্বাধীনতার পর ১৯৭৬ সালের আগে কংগ্রেস যখন আমাদের রাজ্যে দাপটে রাজত্ব চালাচ্ছিল, তখন প্রাণী সম্পদ সম্পর্কে প্রাণীদের যে উন্নতি করতে হবে, গরু ছাগলের উন্নতি করতে হবে, এদের যে সমাজে প্রয়োজনীয়তা আছে, এটা তাদের মনে ছিল না। সাধারণ মানুষ, গরিব মানুষের কথা যেখানে তাদের মনে থাকে না, সেখানে গরু ছাগলের কথা মনে থাকবে না, এটা তো অস্বাভাবিক কিছু নয়। স্বাভাবিক কারণে, চাহিদার তুলনায় এই সরকারের প্রাণী সম্পদ বিকাশের ক্ষেত্রে কিছুটা ঘাটতি থাকলেও বিগত ২০ বছরের পরিসংখ্যান দিলে দেখা যাবে কংগ্রেস রাজত্বে আমাদের রাজ্যের অবস্থান ছিল সবচেয়ে নিচে। বর্তমানে আমাদের এই রাজ্যের অবস্থান ভারতবর্ষের মধ্যে ৫টি রাজ্যের মধ্যে অন্যতম। এটা কংগ্রেসি বন্ধুরা জানেন। তবুও বিরোধিতা করতে হয় বলেই বিরোধিতা করছেন। কংগ্রেসি আমলে গরু কম ছিল, দুধও তেমনি ছিল না। কিন্তু আমাদের রাজত্বে প্রত্যেক দিন সরকারের উদ্যোগে ৫টি সংস্থার মাধ্যমে ৪.৪০ লক্ষ মেট্রিক টন ও আরও ২টি যে ডেয়ারি আছে, সেই ডেয়ারির মাধ্যমে দৈনিক ১০ লক্ষ মেট্রিক টন দুধ সরবরাহ করা হয়। সেই দুধ আমাদের কংগ্রেসি বন্ধুরাও খান। এতদসত্ত্বেও ওরা বিরোধিতা করছেন। যদিও এটা আমাদের কাছে পর্যাপ্ত নয়। আমাদের সরকারের মাথায় আছে, পশ্চিমবাংলার গ্রাম স্তর পর্যন্ত ছাগল, হাঁস, মুরগি প্রত্যেকটির উৎপাদন বৃদ্ধির প্রয়োজন আছে। স্যার, এই প্রাণী সম্পদ এর উন্নতির প্রশ্নে বলা যেতে পারে এদের চিকিৎসা ব্যবস্থার উন্নতি করা খুব প্রয়োজন।

[2-40 – 2-50 p.m.]

স্যার, পশুদের চিকিৎসার জন্য আমাদের সরকারের পক্ষ থেকে এই রাজ্যে ১১০টি হাসপাতাল, ৬১২টি ডিসপেনসারি, ৬২০টি ফার্স্ট অ্যাড কেন্দ্র এবং ৮০টি রোগ পরীক্ষা নির্ণয় কেন্দ্র স্থাপন করা হয়েছে। যদিও এ ব্যবস্থা যথেষ্ট নয়। কংগ্রেস আমলে এসব কিছুই ছিল না স্যার। এই কেন্দ্রগুলোর মাধ্যমে, এই হাসপাতালগুলোর মাধ্যমে গবাদি পশু সহ

অন্যান্য চিকিৎসা হয়। ফলে গরুদের আগে একটা মারাত্মক রোগ হত, সেই রোগে বহু গরু মারা যেত। এখন এই রোগ নির্মূল হয়ে গেছে, আমাদের আমলে। এখন আর এই রোগ হয় না। কংগ্রেস আমলে এই রোগে প্রচুর গরু মারা যেত। আমাদের আমলে গরু, ছাগল, হাঁস, মুরগি ইত্যাদি উন্নত মানের করার জন্য আমাদের এই রাজ্যে বিস্তীর্ণ এলাকা জুড়ে সবুজ ঘাস প্রোডাকশন করার জন্য আমাদের সরকার চিন্তা-ভাবনা করছেন। ইতিমধ্যে আমাদের সরকার এর পক্ষ থেকে সবুজ ঘাস উৎপাদন করার জন্য, পাহাড়ি এলাকায় বা বিভিন্ন এলাকায় ঘাস রোপণে উৎসাহিত করার জন্য নিম্নসীমার মানুষ, মধ্যবিত্ত, বর্গাদার আয়ের, ক্ষেত মজুর মানুষ তাদের উৎসাহিত করার জন্য সরকারের পক্ষ থেকে মিনিকিট বিলি বন্দোবস্ত করা হয়েছে। কংগ্রেসের সামনে এসব কোনও দিনই ছিল না। আমরা স্যার, উৎপাদন করব আর ওরা ভোগ করবে। আমাদের দেশে ডিম, মাংস এবং দুধের যা চাহিদা এবং যেটা উৎপাদন হয় আমাদর রাজ্যে চাহিদার তুলনায় যথেষ্ট নয়। দুধ প্রয়োজন ৫৮.১৬ লক্ষ মেট্রিক টন। উৎপাদন হচ্ছে ৩৩.৪১ লক্ষ মেট্রিক টন। ডিম প্রয়োজন হচ্ছে ১৩ হাজার ৬৫৭ আর উৎপাদন হচ্ছে ২ হাজার ৫৬৮। মাংস প্রয়োজন ১ হাজার ৬৬২ টন আর উৎপাদন হচ্ছে ৪.২৫। স্যার, আমাদের দেশে মানুষের এই চাহিদা যোগান দেওয়ার জন্য অন্য জায়গা থেকে অর্থের যোগান করে ডিম, মাছ, মাংস আমাদের রাজ্যবাসীকে যোগান দিতে হয়। তাছাড়া, স্যার, আরেকটা কথা বলতে চাই, আমাদের এই রাজ্যে ৯টি গো-খামার আছে। এই গো-খামারে আমাদের ৪ হাজার উন্নত মানের সংকর জাতির গরু আছে। এই উন্নত মানের গাভীরা যাতে পশ্চিমবাংলার বুকে বেশি করে যাতে দুধ দিতে পারে, তার জন্য, তাদের প্রজননের ব্যবস্থা করা হয়েছে। যে সমস্ত গ্রাম গ্রামান্তরে, দুর্গম জায়গাগুলিতে কৃত্রিম প্রজনন এর ব্যবস্থা করা সম্ভব হয়নি, সেই সমস্ত স্থানে স্বাভাবিক ভাবে প্রজননের ব্যবস্থা করা হয়েছে।

এছাড়া প্রত্যেক গ্রাম পঞ্চায়েত এলাকায় একটি করে পশু চিকিৎসা কেন্দ্র এবং কৃত্রিম প্রজনন কেন্দ্র করার কথা আমাদের সরকার ভাবছেন। পশ্চিমবঙ্গের সমস্ত মানুষের ডিম, মাংস, দুধের যে চাহিদা আছে, সেই চাহিদার তুলনায় যেহেতু এখানে কম উৎপন্ন হয়, সেইজন্য স্বাভাবিক ভাবেই আমাদের অন্য রাজ্যের উপর নির্ভর করতে হয়। তাই আমাদের সরকার চায়—আগামী দুই হাজার সালের মধ্যে আমাদের অন্য রাজ্যের উপর যেন নির্ভরশীল হতে না হয়। তাই প্রত্যেকটা গ্রাম পঞ্চায়েত এলাকায়, এই ধরনের কেন্দ্র করার কথা ভাবছেন। আর একটা কথা বলব। মাননীয় বিরোধী দলের সদস্য মান্নান সাহেব দুধের দাম বাড়ানোর কথা বললেন। হ্যাঁ, দুধের দাম বেড়েছে। এটা স্বাভাবিক কথা। ১০ টাকা কেজি দুধের দাম বাড়াতে হয়েছে। কারণ যেভাবে জিনিসপত্রের দাম বাড়ছে, অন্যান্য আনুষঙ্গিক খরচ বাড়ছে, তাতেই এই দাম বাড়াতে হয়েছে। শুধু তাই নয় স্যার, গ্রামের গরিব মানুষ যারা আছে, তাদের উৎসাহ দেওয়ার জন্য আমাদের এই সামান্য দাম বাড়াতে হয়েছে, যেটা নিয়ে ওই কংগ্রেসি বন্ধুদের খুব মাথা ব্যাথা শুরু হয়ে গেছে। যাই হোক আমি আর বেশি কিছু

বলতে চাই না। মান্নান সাহেব হরিণঘাটার দুর্নীতির কথা উল্লেখ করেছেন। তিনি বলেছেন যে, ওখানে নাকি ব্যাপক দুর্নীতি হয়েছে। আমি তাই মনে করিয়ে দিতে চাই যে, হরিণঘাটায় এক আঞ্চলিক এক বিরাট বড় শূকর প্রকল্প করার পরিকল্পনা আছে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিপ্লব রায়চৌধুরি :** মিঃ স্পিকার স্যার, পশ্চিমবঙ্গ সরকারের প্রাণী-সম্পদ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। সরকার পক্ষের কৃষ্ণপ্রসাদ দলুই এবং মহম্মদ হান্নানের বক্তব্য আমি শুনছিলাম। তখন আমার মনে হচ্ছিল রবীন্দ্রনাথের একটি কথা—"বাবু যত বলে, পারিষদগণ বলে তার শতগুণ"। মাননীয় মন্ত্রী মহাশয়, খুব দায়িত্ব সহকারে বলেছেন, তাই আমি ওঁনাকে ধন্যবাদ দিচ্ছি। উনি বলেছেন যে, আমাদের যা ডিমের চাহিদা, তার ৫ ভাগের ১ ভাগ এখানে আছে। অর্থাৎ পশ্চিমবঙ্গে যত ডিম লাগে, তার ৫ ভাগের ১ ভাগ আমরা উৎপন্ন করি। বাকি ৪ ভাগের জন্য তাকিয়ে থাকতে হয় মাদ্রাজ এবং অন্যান্য জায়গার দিকে। আমাদের মাংসের যে চাহিদা, এটা মন্ত্রীর বক্তব্য আমার কথা নয়, তার ৪ ভাগের ১ ভাগ আমাদের আছে। ৩ ভাগ আমাদের অন্যান্য রাজ্য থেকে আমদানি করতে হয়। আমাদের দুধের যে চাহিদা, তার অর্দ্ধেকের কাছাকাছি এখানে উৎপন্ন হয়। বাকিটা অন্যান্য জায়গা থেকে আমদানি করতে হয়। আমি জানি না এগুলিকে কর্তা ব্যক্তিরা খুব কৃতিত্ব বলে মনে করছেন কেন? মাননীয় মন্ত্রী আর একটা বাস্তব কথা বলেছেন। উনি বলেছেন—আমাদের এখানে গবাদি প্রাণীর একটা বিশাল সম্ভার রয়েছে। এটা প্রায় ৭ কোটি ৫০ লক্ষ এবং উনি বলেছেন—প্রতি বর্গ কিলোমিটারে গবাদি প্রাণীর ঘনত্ব খুব বেশি। তাই ছোট করে জানতে ইচ্ছা করছে যে, ২০ বছর হয়ে গেল—এত পঞ্চায়েত নির্বাচন হচ্ছে, এত মানুষকে কাজে লাগিয়েও কেন আমরা এই বদ্ধ অবস্থা থেকে এগোতে পারছি না।

[2-50 – 3-00 p.m.]

কেন আমরা আমাদের বাঞ্ছিত স্বর্গে পৌছাতে পারছি না। আমরা এই অবস্থান থেকে পরিত্রাণের চেষ্টা করছি। আমরা নতুন করে অনেক ভেটেরিনারি ডাক্তার নিয়োগ করছি, কিন্তু অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করছি এবং আরও অনেক কিছু করছি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের অবগতির জন্য বলব যে পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী যে বাজেট করেছেন তাতে উনি বলেছেন যে, এখন দায়বদ্ধতার সময় এসেছে। শুধুমাত্র শিক্ষক নিয়োগ করলেই হবে না। শিক্ষকের দায়বদ্ধতা আছে কিনা তারজন্য কন্ট্রাক্ট সার্ভিসে শিক্ষক নিয়োগ করা হবে। আমি ওনাকে বলব, অর্থমন্ত্রীর কাছ থেকে ক্লুটা সংগ্রহ করে—বি.ডি.ও. অফিসে অথবা ফিল্ড অ্যাসিস্ট্যান্টের চাকরি না দিয়ে যদি দায়বদ্ধতার ভিত্তিতে ডাক্তার নিয়োগ করে বলা হয় যে, তুমি প্রতি বছর কতগুলো গরুর চিকিৎসা করেছ, কতগুলো ছাগলের চিকিৎসা করেছ, কতগুলো হাঁস-মুরগির চিকিৎসা করেছ কতগুলো খামার তুমি ভিজিট করেছ—তার ভিত্তিতে তোমার চাকরির রিনিউয়াল হবে, অন্যথায় হবে না। এই দায়বদ্ধতা যদি মন্ত্রী দেখাতে না পারেন তাহলে অর্থমন্ত্রী নতুন

করে তাঁর সহকর্মীদের মধ্যে কি বার্তা পৌছে দিলেন আমার জানতে ইচ্ছা করে। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি আরেকটা কথা বলতে চাই, আমরা অনেক দিন আগে বি.ডি.ও. অফিসে সকাল বেলায় দেখতাম, বি.ডি.ও. অফিসারের ঘরের পাশে ভি.এস. বসে আছেন। অনেক মানুষ গরু, ছাগল সেখানে নিয়ে গেছেন চিকিৎসার জন্য চিকিৎসার পর তারা সেখান থেকে ফিরে যাচ্ছে হাসি মুখে। একটা সময়ে এই অবস্থা ছিল। কিন্তু আস্তে আস্তে এই অবস্থা কমতে কমতে এখন এমন অবস্থা দাঁড়িয়েছে যে, ভি.এস.-দের এখন অ্যাপয়েন্টমেন্ট দিতে হয়—অমুকের বাড়িতে গিয়ে দেখে আসব, তমুকের বাড়িতে গিয়ে দেখ আসব। বিনিময়ে ফি চালু হয়ে গেছে এবং আস্তে আস্তে বি.ডি.ও. অফিস কেন্দ্রিক যে প্রশাসন সেই প্রশাসন আস্তে আস্তে কমতে শুরু করেছে। সেজন্য আজকে নতুন করে ডাক্তার নিয়োগ চেয়ে, ফিল্ড অ্যাসিস্ট্যান্ট নিয়োগ চেয়ে কিছু লাভ নেই। কারণ আপনি জানেন স্যার, চিকিৎসা শাস্ত্রে একটা কথা চালু আছে, হোমিওপ্যাথি, অ্যালোপ্যাথি এর চেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে সিমপ্যাথি। ডাক্তাররা যদি আন্তরিকতার সঙ্গে কাজ করেন, ফিল্ড অ্যাসিস্ট্যান্টরা যদি মনে করেন এই দেশের সম্পদ আমাদের সম্পদ, এই সম্পদকে বাড়ানোর দায়িত্ব আমাদের আছে এবং এই সম্পদকে বাড়িয়ে মানুষের মুখে হাসি ফোটাতে হবে, তাহলেই প্রকৃত পক্ষে আমাদের সত্যিকারের লক্ষ্যে পৌছানো সম্ভব হবে। মন্ত্রী মহাশয় বলেছেন যে দুধ সংগ্রহ করার জন্য উনি চিলিং প্ল্যান্টের মাধ্যমে অনেক উদ্যোগ করেছেন। আমি ওঁনার কানে রাখতে চাই চিলিং প্ল্যান্টের কর্মচারিদের চাকরির নিশ্চয়তা নেই। এছাড়া আরও সমস্যা আছে। এখানে ম্যানেজারদের খামখেয়ালিপনা আছে—এই ব্যাপারটা উনি যদি তাড়াতাড়ি ব্যক্তিগত নজর দেন, এই ব্যাপারটা যদি আলাদা করে দেখেন, তাহলে সমস্যার সমাধান করে একটা মৌলিক জায়গায় পৌছাতে পারবেন। বৃহত্তর কলকাতায় দুগ্ধ সরবরাহ প্রকল্প—এটা একটা যন্ত্রণা প্রকল্প বললে কম বলা হবে। এই যন্ত্রণা প্রকল্পে ক্রমশ দাম বাড়ছে। দুধ কেন কেটে যাচ্ছে, কেন দুধে গন্ধ হচ্ছে, প্রচুর দুধ নষ্ট হচ্ছে এবং কলকাতার দুধের ডিপোতে যে মেয়েরা কাজ করছেন সেই মেয়েরা এত কম টাকায় কেমন করে চাকরি করেন তা ভাবলে তাঁদের প্রতি শ্রদ্ধা হয়, এবং ডিপার্টমেন্টের পরিচালন ব্যবস্থা সম্পর্কে অশ্রদ্ধা তৈরি হয়। এই ব্যাপারটা ওঁনার কানে রাখতে চাই। হিমুল দুগ্ধাগার সম্পর্কে ক্যাগ রিপোর্টে দেখছিলাম, তাতে বলছে যে, গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাইয়ের ক্ষেত্রে টাকা এমন করে জমা দেওয়া হচ্ছে যে, সেই টাকা অনেকদিন ধরে হাতে রাখা হচ্ছে, জমা অনেক পরে দেওয়া হচ্ছে। গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই স্কীমে সরকারের ৬৫ লক্ষ টাকা লস হয়েছে। হিমুলের রিপোর্টে বলছে যে, সেখানে ইন্টারেস্টে লোন দেওয়া হয়েছিল ২০ লক্ষ টাকা, কিন্তু তার যে অবস্থা তাতে কবে লোন ফেরত দেবে, কে ফেরত দেবে তার কিছু খুঁজে পাওয়া যাচ্ছে না। পরবর্তী পর্যায়ে আবারও একটা লোন দেওয়া হয়েছে ৬১ লক্ষ টাকা। কিন্তু হিমুলের পরিচালন ব্যবস্থা এত অপদার্থ যে সেটা সম্পর্কে কোনও কিছু আশা না করাই ভাল। একেবারে শেষে ক্যাগ লিখছেন—The prospect of recovery of Loan appeared to be uncertain and bleak. এরকম অবস্থা। হিমুলের সম্পর্কে উনি নতুন করে চিন্তা ভাবনা করবেন এটা আশা করা যায়।

মাননীয় মন্ত্রী বলেছেন, গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ, সবাইকে নিয়ে কাজ করবার উদ্যোগ করবেন। শেষে উনি বলেছেন, 'গবাদি প্রাণী উন্নয়ন, হাঁস-মুরগি উন্নয়ন, ছাগল, ভেড়া, শূকর এবং খরগোস উন্নয়ন ইত্যাদি কর্মসূচির রূপায়ণের মাধ্যমে ৪০,০০০ (চল্লিশ হাজার) পরিবার প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে উপকৃত হবেন'। পশ্চিমবাংলায় ৩৪১টি পঞ্চায়েত সমিতি, প্রত্যেকটির অধীনে ১০।১২টি গ্রাম পঞ্চায়েত, প্রত্যেকটি পঞ্চায়েত সমিতিতে যদি ১০০ জন লোককেও সাহায্য করা যায়, তাহলেও বিরাট লাভ আছে। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণে আই.আর.ডি.পি. সম্পর্কে যে তথ্য দিয়েছেন, গ্রামীণ লোকের কাছে খবর নিলে দেখবেন তার এক ভয়ঙ্কর চিত্র। আই.আর.ডি.পি.-র মাধ্যমে যদি হাঁস-মুরগি, ছাগল, গরু, এসব-এর উন্নয়নের ব্যাপারে গ্রামীণ মানুষের মধ্যে দায়বদ্ধতা সৃষ্টি করতে পারা যায়, তাহলে আমরা আমাদের বাঞ্ছিত লক্ষ্যে পৌঁছতে পারব। কিন্তু এসব কিছুই দেখছি না। শুধু টাকা নিয়ে সেমিনার হবে, প্রাণী প্রদর্শনী হবে, যুব মেলা হবে, স্টল দেবেন, ফেডারেশনের মেলা হবে। এতে করে প্রাণী সম্পদ উন্নয়ন কোনও ভাল জায়গায় যেতে পারবে না। খাঁকি ক্যাম্বেল হাঁসের কথা শুনছি তিনি বছর আগে থেকে। তার কি অবস্থা এখন, তা জানি না, মাঝে মাঝে দু-একটি প্রদর্শনী হয়েছে। সেটা প্রচলনের কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। মেদিনীপুরে একটা মেলা হয়েছিল, সেখানে দেখেছিলাম একটি নতুন প্রজাতির খরগোস এবং হাঁস আনা হয়েছে। বলেছেন ভিয়েতনাম থেকে ৮৪০টি ব্রয়লার হাঁস আনা হয়েছে। সেইগুলো সম্বন্ধে আর কিছুই জানলাম না। সেইগুলো কি খাঁচায় থাকবে, যেমন চিড়িয়াখানায় সাদা বাঘ থাকে, মানুষ দেখতে যায় মাত্র? মানুষের ঘরে ঘরে যদি সেগুলো পৌঁছয়, তাহলেই কিছু কাজে লাগতে পারে। এই ডিপার্টমেন্ট নিয়ে লোকে এখন হাসাহাসি করে। মেদিনীপুরে দেখেছি প্রাণী সম্পদ দপ্তরের একটি বিশাল জায়গা আছে। আজ থেকে ২০ বছর আগে সেখানে অনেক বড় বড় গরু নিয়ে খামার ছিল। এখন সেটা দেখলে দুঃখই হয়—এমন অবস্থা তার হয়েছে। গরিব ছেলেরা, বেকার ছেলেরা পোলট্রি করছে। কিন্তু তারা বলে, মুরগির খাবারের ব্যবসা মাড়োয়ারিরা কুক্ষিগত করে রেখেছে। ডিমের দাম, মাংসের দাম তারাই ঠিক করে দেবে। তাদের উপর নির্ভরশীল হয়ে যেসব গরিব বেকার ছেলেরা পোলট্রি করছে ৫০।১০০।২০০ মুরগি নিয়ে, তারা কি করে ডেভেলপ করবে? এই সমস্ত দেশে বোঝা যায় এটি একটি অকর্মণ্য, বিলাসী, আরামপ্রিয় দপ্তরে পরিণত হয়েছে। আমাদের দুধের প্রয়োজনের ৫ এর ৩ ভাগ উৎপাদন হয়, ডিম পাঁচ ভাগের এক ভাগ, মাংস চার ভাগের এক ভাগ উৎপাদন হয়। প্রয়োজনীয় ব্যবস্থা না নিলে আগামী দিনে একটা ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হবে। এসব কাজের পরও আপনি বাজেটে এত টাকা চাইবেন? এটা সমর্থন করা যায় না, এর বিরোধিতা করছি। ধন্যবাদ।

[3-00 – 3-10 p.m.]

**শ্রী সুভাষ নস্কর :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে মাননীয় প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী মহাশয় সভাতে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে

সংক্ষেপে কিছু কথা বলছি। প্রথমেই বলা দরকার যে, আমরা এই সাবজেক্ট-টাতে কোনও প্রাণ পাচ্ছি না। মনে হচ্ছে, এর উপর জোর দেওয়া হচ্ছে না। আমাদের যারা প্রবীণ লোকেরা আছেন তাঁরা প্রতিদিন ছাগলের দুধ খেতেন। কিন্তু আজকালকার শিশুরা সেটা হয়ত খুঁজে সংগ্রহ করছে, কিন্তু ঠিকমতো পাচ্ছে না। এটা হেলা-ফেলার বিষয় নয়। দ্বিতীয় বিষয় হচ্ছে, আত্মীয় স্বজন বাড়িতে এলে আমরা মাংস এবং দুধ—এই দুটো জিনিস খেতাম। আজকে গ্রামে গঞ্জে শহরে কিছু না পেলেও সস্তায় এক জোড়া ডিম সংগ্রহ করা যায়। শুধু তাই নয় মাংসের যোগান বাড়াতে পোলট্রি মুরগি সহজেই সংগ্রহ করা যায়। এটা আগে ভাবা যেত না। আজকে যখন সমস্ত জিনিসের দাম বাড়ছে, সেখানে ডিমের দাম বাড়েনি, নির্দিষ্ট জায়গায় আছে। মুরগির মাংসও যথেচ্ছ ভাবে ২৭, ২৮ বা ৩০ টাকায় পাওয়া যায়। মাংস এবং দুধের বিকল্প হিসাবে আমরা বলতে পারি—ডিম এবং মুরগির মাংস; এবং এটা হামেশাই গ্রহণযোগ্যও বটে। একথা বলতে গেলে আরও কিছু বলা দরকার। মাননীয় মন্ত্রী মহাশয় এই বাজেট ভাষণে বিস্তারিত সব কিছুই বলেছেন। এর উন্নতি, প্রজনন, ইত্যাদি বিষয়ে সব বলেছেন। কিন্তু ছাগল এবং দুধ এই দুটো বিষয়ে মনে হয় আমাদের সরকারি ভাবে দৃষ্টি দেওয়া কম হয়েছে। ছাগলের মাংস ১০০ টাকা কিলো বা তার উপরে হলেও ভেড়ার মাংস-এর দাম এত বেশি নয়, তবে প্রায় কাছাকাছি। আমি দেখছি, এক ধরনের ভেড়া আছে যাদের একই সঙ্গে ৫।৬টা বাচ্চা হয়। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, এই জাতের ভেড়া বেশি করে কিভাবে পালন করা যায় এবং তার দ্বারা মাংসের ঘাটতি মেটানো যায় এটা দেখা দরকার।

স্যার, আরেকটা বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দেখা যাচ্ছে, প্রচুর পরিমাণে গবাদি পশু, বিশেষ করে গরু বাংলাদেশে অনায়াসে পাচার হচ্ছে। এবং একথা অনস্বীকার্য যে আমাদের এখানকার প্রশাসন এই কাজে সাহায্য করছে। বিষয়টা শুধু আপনার দপ্তর নয়, সামগ্রিক ভাবে দেখা দরকার। এটা রোধ করার চেষ্টা করতে হবে।

স্যার, আমাদের এখানকার বহু মানুষ উড়িষ্যা এবং বিহারের একটা জেলা থেকে প্রতি বছর বহু গরু কিনে থাকে লাঙ্গল-চাষ ইত্যাদির জন্য। কিন্তু কিনতে গিয়ে নানা বাধা পেতে হচ্ছে। এমন কি কিছু কিছু ক্ষেত্রে ধর্মের দোহাইও দেওয়া হচ্ছে। এ ব্যাপারে আমি প্রাক্তন মন্ত্রীকেও বলেছিলাম। এই রকম গরু ব্যবসায়ীরা গরু কিনে আনতে গেলে তাদের থেকে গরু কেড়ে নেওয়া হচ্ছে। এবং এই ব্যবসায়ে একটা প্রতিবন্ধকতা সৃষ্টি করার চেষ্টা হচ্ছে।

স্যার, মাতৃদুগ্ধ-এর যেমন কোনও বিকল্প নেই, তেমনি গবাদি পশু খাদ্যের ব্যাপারে ফডার ইত্যাদির যে কথাই বলা হোক না কেন, আমার মনে হয়, এ ব্যাপারে প্রথমেই দৃষ্টি দেওয়া দরকার সবুজ গো-খাদ্যে। এটা কমে যাচ্ছে। পঞ্চায়েতে ভূমি সংস্কারের মধ্যে দিয়ে বলা হয়েছে, প্রত্যেকটা মৌজাতে একটা করে গো-চারণ ক্ষেত্র থাকবে।

কিন্তু কার্যক্ষেত্রে কোথাও গো-চারণ ক্ষেত্র নেই, যেখানে এই গরুগুলো চরতে পারে।

সরকারি ভাবে ব্যাপক উৎসাহ দেওয়া হচ্ছে, এই সবুজ খাদ্য বীজ দেওয়া হচ্ছে, কিন্তু তেমন ভাবে এটার প্রচার ব্যবস্থা নেই। যে প্রচার ব্যবস্থা আছে হাঁস, মুর্গরি পালনের ক্ষেত্রে, সংকর জাতীয় গরু তৈরির ক্ষেত্রে, রোগ নিরাময়ের ক্ষেত্রে। সুতরাং এটা আরেকটু ভাল করে প্রচার করা দরকার যে সবুজ খাদ্য কি করে উৎপাদন করা যায় এবং তার উপযুক্ত যে কৃষিজমি চাষের ফাঁকে ফাঁকে যেটা পড়ে থাকে সেই জমিতে অন্তত এই গরুর খাদ্য তৈরি করা যেতে পারে এবং তার যথেষ্ট প্রয়োজনও আছে। আরেকটি বিষয় সেটা হল মানুষের কোনও অসুখ-বিসুখ হলে তার জন্য অ্যাম্বুলেন্সে করে নিয়ে গিয়ে তার চিকিৎসা করা হয়, কিন্তু গবাদি পশুর ক্ষেত্রে তেমন ব্যবস্থা করতে পারেননি যাতে গ্রাম থেকে নিয়ে যাওয়া যায়। উপযুক্ত ঔষুধপত্র একই সাথে সেখানে দেওয়া দরকার। গ্রামের মানুষের চিকিৎসার জন্য ঔষুধ পাওয়া যায় কিন্তু গবাদি পশুদের চিকিৎসার জন্য ঔষুধ পাওয়া যায় না। আমি অনুরোধ করছি এটা আপনার ভাবনার মধ্যে রাখবেন। আরেকটা বিচ্যুতির কথা স্মরণ করিয়ে দিয়ে আমি আমার বক্তব্য শেষ করব, তা হলে ইদানিংকালে যাদেরকে ফিল্ড অ্যাসিস্ট্যান্ট করে পঞ্চায়েত ভিত্তিতে দেওয়ার কথা বলেছেন। দক্ষিণ ২৪ পরগনায় ৮১ জনকে নিয়োগ করা হয়েছে, ১৯৯০ সালে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে এদের নাম পাঠানো হয়েছিল। ১৯৯৭ সালে এদের সিলেক্ট করে ট্রেনিংয়ের ব্যবস্থা করা হয়। আমার কাছে দুটো নাম আছে। আমি মাননীয় মন্ত্রীর নজরে আনতে চাইছি, এস.সি., এস.টি. কোটা নির্ধারণ করা দরকার, নাম দুটি হল—সাজাহান আলি সর্দার, আর মোজাম্মেল ঢালি। সর্দার এবং ঢালি শুনলে মনে হয় এরা এস.সি।এস.টি. কোটায় তুলে তাদের চিঠি দেওয়া হয়, কিন্তু যখন খুঁটিয়ে দেখা হল যে এদের দুজনের কেউই এস.সি. নন। তারা চিঠিটা পেয়ে বাড়িতে বসে রইল। কার গাফিলতিতে, এই দুজনের চাকরি না হওয়ার কারণ কি? কাদের অসুবিধা ছিল এটা আপনি একটু খুঁটিয়ে দেখবেন এবং এদের ট্রেনিংয়ে পাঠাবার ব্যবস্থা করবেন। এ কথা বলে আমি শেষ করছি এবং আপনার ব্যয় বরাদ্দ সমর্থন করছি।

**শ্রী আকবর আলি খন্দেকর ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে পশ্চিমবঙ্গের প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয় বরাদ্দের বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের আনা কাট মোশনের সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। এ বছরে মাননীয় মন্ত্রী মহাশয় ৮৯ কোটি ২৯ লক্ষ ১৬ হাজার টাকার ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন। গত বছর আরেকজন মন্ত্রী ছিলেন তিনি ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছিলেন ৫৯ লক্ষ ৭৩ হাজার টাকা, তিনি হচ্ছেন মেহেবুব জাহেদী সাহেব। বইতে দেখলাম ১৯৯৫-৯৬ সালে নিম্নলিখিত বিষয়গুলির জন্য গুরুত্ব আরোপ করা হয়েছে, স্বনির্ভরতা চাকরির সংস্থান, আর্থিক সংস্থান, আধুনিক প্রযুক্তি অবলম্বন ও তার উন্নতি সাধন, পশু পালনের জন্য চিকিৎসা সংক্রান্ত প্রসার ও গবেষণার। এ বছর উনি করেছেন শুধু একটি লাইন, যদি বইটা পড়া হয় তাহলে দেখা যাবে একটি অংশ বেড়েছে এর আগের থেকে। আজকে ২০ বছর বামফ্রন্ট সরকার ক্ষমতায় আছে, আমি বিগত দিনের বইগুলি দেখছিলাম,

দেখলাম তাতে শুধু টাকার অঙ্কই বেড়ে যাচ্ছে। যে কোনও মন্ত্রীই আসুন শুধু টাকার অঙ্কই বেড়ে যাচ্ছে। আমরা যাঁরা গ্রাম বাংলার বিধায়ক এমন কি সি.পি.এম. বিধায়ক যাঁরা গ্রাম বাংলা থেকে জিতে এসেছেন, আমরা গ্রামে কি দেখতে পাই। এই বইতে ঝুড়ি ঝুড়ি কথা বলা আছে।

[3-10 – 3-20 p.m.]

কি লেখা আছে, না প্রত্যেক ব্লকে একটা করে হাসপাতাল হবে। যে দেশে মানুষের চিকিৎসা হয় না, সেখানে পশুর চিকিৎসা হবে! এ আমরা কোথায় বাস করছি! যেখানে স্যালাইনের বোতলে কেরোসিন সরবরাহ করা হয়। কুকুর সদ্যজাত শিশুকে হাসপাতাল থেকে টেনে নিয়ে যায়। আমরা শুনেছি চুচুড়া হাসপাতালে মা যে শিশুকে জন্ম দিয়েছেন সেই শিশুকে হাসপাতাল থেকে কুকুরে টেনে নিয়ে গিয়ে চিবিয়ে চিবিয়ে খেয়েছে। এই অবস্থায় এখানে নাকি পশুর জন্য, হাঁস, মুরগি, গরুর জন্য হাসপাতাল হবে, সেখানে ডাক্তার থাকবে! আবার একজন সরকার পক্ষের সদস্য বললেন অ্যাম্বুলেন্সেরও প্রয়োজন আছে। এসব হলে ভাল, আমাদের দেশেরই উপকার হবে, মানুষ বাঁচবে। কিন্তু আমরা বিগত ২০ বছরে কি দেখলাম? আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করতে চাই, সর্বক্ষেত্রে গত বছরের সঙ্গে এ বছরের ওঁর লক্ষ্যমাত্রার ডিফারেন্স কত? আমরা মন্ত্রীদের কাছ থেকে শুনি—পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার নাকি সারা দেশের মধ্যে সব ব্যাপারেই প্রথম। অবশ্য আমরা জানি খুনে প্রথম, ডাকাতিতে প্রথম। এর সাথে সাথে ওঁরা দাবি করছেন, দুধ উৎপাদনে প্রথম, ডিম উৎপাদনে প্রথম। প্রথমই যদি হবেন তাহলে আমরা প্রতিদিন কেন দেখছি বাইরে থেকে আমাদের রাজ্যকে দুধ, ডিম আমদানি করতে হচ্ছে? রোজ সকালে ঘুম থেকে উঠে আমাদের গুজরাটের আমূল বাটার খেতে হচ্ছে। মন্ত্রী মহাশয় বলেছেন, তাঁরা নাকি গত ২০ বছরে পশ্চিমবাংলায় অনেক বিপ্লবের বান বইয়ে দিয়েছেন। তাই যদি হবে তাহলে পশ্চিমবাংলায় সরকারি বা বে-সরকারি ভাবে উৎপন্ন বাটার আমরা প্রতিদিন সকালে উঠে পাই না কেন? আমাদের কেন বাটার গুজরাট থেকে নিয়ে আসতে হয়? ডিম, দুধ, বাটার, কিছুই আমাদের এখানে নেই, সবই আমাদের বাইরে থেকে আনতে হচ্ছে। অথচ এরপরেও সরকার বলছে, 'আমরা সর্বক্ষেত্রে প্রথম'! এর আগে আমাদের দলের মাননীয় বিধায়ক মান্নান সাহেব বললেন,—আজকে হরিণঘাটার প্রচুর জমি ব্যবসায়ীদের হাতে তুলে দেওয়া হচ্ছে। এ বিষয়ে আমি সি.বি.আই. এনকোয়ারি দাবি করছি। এ বিষয়ে কেন সি.বি.আই. তদন্ত হবে না? এই বইটা পড়লে দেখা যাবে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, 'আমরা গো-খাদ্যের জন্য প্রচুর পরিমাণে সবুজ ঘাসের উৎপাদন করছি'। আমি হুগলি জেলার ছেলে, আমি হুগলি জেলার চন্ডীতলা থেকে নির্বাচিত হয়ে—বিধায়ক হয়ে—এই বিধানসভায় এসেছি, সেখানে আমি দেখছি গরুগুলো না খেতে পেয়ে মরছে—কোথায় ঘাস? পঞ্চায়েতের মাধ্যমে কিছু কিছু জায়গায় কিছু কিছু মিনিকিট দিচ্ছে, সেগুলো রাতের অন্ধকারে বিক্রি হয়ে চলে যাচ্ছে। এরকম বহু ঘটনা খোঁজ করলে পাওয়া যাবে। কৃত্রিম প্রজনন কর্মসূচি হিসাবে মাননীয় মন্ত্রী

মহাশয় তাঁর বাজেট ভাষণে বলেছেন, "বেলগাছিয়াতে দুটি এবং জলপাইগুড়িতে একটি—এই তিনটি তরল নাইট্রোজেন প্ল্যান্ট স্থাপনের ফলে কৃত্রিম প্রজনন কর্মসূচিতে যথেষ্ট গতির সঞ্চার হয়েছে। শীঘ্রই বর্ধমান, বিষ্ণুপুর এবং মালদহে একটি করে এই জাতীয় প্ল্যান্ট স্থাপন করা হবে এবং সম্ভবত ১৯৯৭-৯৮ সালের মধ্যে আরও তিনটি প্ল্যান্ট স্থাপন করা সম্ভব হবে। ভারত সরকার ও এন.ডি.ডি.বি.-এর কাছ থেকে আশানুরূপ সহযোগিতা পাওয়া গেলে আমরা ১৯৯৭-৯৮ সালে ১০.০ লক্ষ কৃত্রিম প্রজনন করার লক্ষ্যমাত্রা পূরণ করতে পারব"। কিন্তু এ বিষয়ে আমাদের বাস্তব অভিজ্ঞতা হচ্ছে, আমরা হাতের কাছে কিছুই পাচ্ছি না। এরপরে হয়ত বলবেন,—কেন্দ্রীয় সরকারের দোষে আমরা কিছু করতে পারলাম না। স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলব যে, কেন্দ্রে এত দিন তো আপনাদের বন্ধু সরকার ছিল, তাঁদের আমলে তাঁদের কাছ থেকে কতটুকু কি পেয়েছেন, দয়া করে একটু বলবেন কি? হয়ত বলবেন ওঁরা সব ব্যবস্থাই করে দিয়েছেন, ওঁরা যদি আর কিছু দিন থাকে তাহলে সব পেয়ে যাব। অথচ কেন্দ্রে যখন আপনাদের বন্ধু সরকার থাকে না, অন্য সরকার থাকে তখন আপনারা বলেন—কেন্দ্র দিচ্ছে না, আমরা তাই লক্ষ্যমাত্রায় পৌঁছতে পারছি না। দুধে আমরা লক্ষ্যমাত্রায় পৌঁছতে পারছি না, ডিমে আমরা লক্ষ্যমাত্রায় পৌঁছতে পারছি না, বাটারে আমরা লক্ষ্যমাত্রায় পৌঁছতে পারছি না। আমাদের কেন্দ্রীয় সরকার কিছুই দিচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয়, এই বাজেট আলোচনার প্রসঙ্গে আমি আপনার কাছে একটা প্রশ্ন রাখছি, ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে আপনার ডিপার্টমেন্ট কত টাকা ধার করেছে এবং তার জন্য আপনারা কত টাকা সুদ দিচ্ছেন? এটা নির্দিষ্ট ভাবে আপনি হাউসকে জানাবেন। আমার সময় অল্প, তাই আমি এবারে আসছি আমাদের হুগলি জেলার মাদার ডেয়ারির প্রসঙ্গে। মাননীয় মন্ত্রী মহাশয়, মাদার ডেয়ারি আজকে আপনার দপ্তরের অধীনে এসেছে। মাদার ডেয়ারিতে যে সমস্ত শ্রমিক কর্মচারিরা আছেন তাঁদের স্ট্যাটাস কি হবে? এটা আপনাকে বলতে হবে। মাদার ডেয়ারির যারা শ্রমিক কর্মচারী আছেন সেইসব কর্মচারিদের স্টাটাস কি হবে? তারা কোন পর্যায়ে কিভাবে মাহিনা পাবে, তাদের হিসাব-নিকাশ কিভাবে হবে—এটা একটা প্রশ্ন। আর একটা প্রশ্ন করতে চাই, মাদার ডেয়ারিতে গত ২ বছর ধরে সি. পি. এমের তাবড়-তাবড় নেতৃবৃন্দকে চাকরি দেওয়া হয়েছে কন্ট্রাক্টরের মাধ্যমে। আমি জানি এবং আমার স্থির বিশ্বাস, এই মাদার ডেয়ারি তৈরি হয়েছিল যখন তখন সরকারের সঙ্গে একটা চুক্তি করেছিল। সেই চুক্তিটি ছিল ভূমিহারাদের অর্থাৎ যাদের জমি অধিগ্রহণ করা হয়েছে তাদের চাকরি দেওয়া হবে। কিন্তু আমরা জানি, সি. পি. এমের নেতারা রাতের অন্ধকারে সেখানে ঢুকে পড়েছে। যারা জমির মালিক, যারা ভূমিহারা এইরকম ১৫/১৬ জন মানুষ চাকরি পাচ্ছে না। এইসব মানুষদের চাকরির কি ব্যবস্থা হবে এই ব্যাপারে আপনি জানাবেন। আমি আরো বলতে চাই, ১৯৪৮ সালে ওভারটাইম অ্যাক্ট অনুযায়ী যে ব্যবস্থা আপনারা করেছিলেন সেই ব্যবস্থাকে উপেক্ষা করে লক্ষ লক্ষ টাকা ওভারটাইম দিচ্ছেন। সেই ওভারটাইম কারা পাচ্ছেন? সিটুর নেতৃবৃন্দরা সেই ওভারটাইমের টাকা পাচ্ছেন। আপনি মাদার ডেয়ারিতে এই ব্যাপারে ভাল করে খোঁজ নেবেন। এটা আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে পড়ে। এই

ডেয়ারিতে সিটু বাদে অন্য ইউনিয়নকে কোনও কথা বলতে দেয় না। তাদের যে মৌলিক অধিকার সেই মৌলিক অধিকার খর্ব করে দিয়েছে। সেখানে সিটু ইউনিয়ন যা খুশি তাই করছেন। এই ব্যাপারে আপনি বিচার-বিবেচনা করে দেখবেন। আর একটা কথা বলি, ১৯৯৫ সালে ৭২ লক্ষ টাকা দিয়ে ডানকুনি হাউসিং কমপ্লেক্সে ঘর নিয়েছিলেন কর্মচারিদের রাখার জন্য। সেই টাকা দিয়ে কি রকম ঘর নেওয়া হয়েছে? কর্মচারিরা অভিযোগ করছেন, প্রচুর টাকা দু-নম্বরী হয়েছে। লক্ষ লক্ষ টাকার দুর্নীতি হয়েছে এবং একেবারে বাজে-টাইপের ঘরগুলি নেওয়া হয়েছে। গত ২ বছর ধরে এখনো সেই ঘরগুলি ইউটিলাইজ হয়নি। মাদার ডেয়ারির কর্মচারিরা সেই ঘরগুলি পায়নি। অথচ ৭২ লক্ষ টাকা অলরেডি পেমেন্ট করে দিয়েছেন। এটা কাদের স্বার্থে? কারা এই টাকা পেল? কারা ষড়যন্ত্রে লিপ্ত আছে সেই ব্যাপারে তদন্ত কমিশন বসাতে হবে এবং এটা নিয়ে তদন্ত করতে হবে। এ ছাড়া প্রভিডেন্ট ফাণ্ড, গ্রাচুইটির এই সমস্ত ব্যাপারগুলি আছে। সেখানে কোন নিয়ম-কানুন মানা হচ্ছে না। ক্যান্টিন থেকে আরম্ভ করে যে কমিটিগুলি হয় সেই কমিটিগুলিতে সিটুর নেতৃবৃন্দ ছাড়া অন্য কোন ইউনিয়নের প্রতিনিধিদের রাখা হয়না। এই ব্যাপারে আপনাকে খোঁজ নিতে হবে যাতে সর্বস্তরের প্রতিনিধিরা সেখানে থাকে এবং মাদার ডেয়ারির মতন একটা উন্নয়নমূলক সংস্থায় যাতে ভাল কাজ হয় তার ব্যবস্থা করা। আপনি টোণ্ড দুধে ৩ পারসেন্ট ফ্যাট দিয়ে বিক্রি করছেন ১০ টাকায় আর ডাবল টোণ্ড দুধে দেড় পারসেন্ট ফ্যাট দিয়ে বিক্রি করছেন ৯ টাকায়। তাহলে যেখানে ৩ পারসেন্ট ফ্যাট দিয়ে ১০ টাকায় বিক্রি করছেন, সেখানে দেড় পারসেন্ট ফ্যাট দিয়ে ৯ টাকায় বিক্রি না করে, কেন সেখানে ৫ টাকা দরে বিক্রি করবেন না? আপনি দিনের পর দিন দুধের দাম বাড়িয়ে যাচ্ছেন। সুতরাং কেন কমাবেন না? গ্রাম বাংলার লোক যেখানে ছাগলের দুধ পাচ্ছে না, গরুর দুধ পাচ্ছে না, সেখানে সরকারি দুধের দাম দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে। এত দাম দিয়ে সাধারণ মানুষের খাবারের ক্ষমতা নেই। মাদার ডেয়ারির দুধ কাউ মিল্ক বলে এতদিন যে দুধগুলিকে বিক্রি করছিলেন সেই দুধগুলি গরুর দুধ নয়, অন্য কোন দুধ। এই দুধ কাউকে ৩.৫ পারসেন্ট ফ্যাট দিয়ে ১৩ টাকায় বিক্রি করছেন। কেন ১৩ টাকায় বিক্রি করবেন? কেন এই দুধ ১০ টাকায় বিক্রি করবেন না? কেন ৫ টাকায় বিক্রি করবেন না? এক্ষেত্রে একটা গভীর ষড়যন্ত্র আছে। এই ষড়যন্ত্রের জন্যই আপনি ৩.৫ পারসেন্ট ফ্যাট দিয়ে কাউ মিল্ক নাম করে ১৩ টাকা লিটারে বিক্রি করছেন। এই ব্যাপারে আপনাকে চিন্তা করতে হবে। মাদার ডেয়ারিতে লক্ষ লক্ষ টাকার দুর্নীতি আছে। যারা জনপ্রতিনিধি—শ্রীরামপুরের সাংসদ শ্রী প্রদীপ ভট্টাচার্য্য মাদার ডেয়ারির কারখানার গেটের সামনে কোনও একটা কাজে গিয়েছিলেন। ঐ কারখানার ম্যানেজমেন্ট তাকে সৌজন্য পর্যন্ত দেখাননি। এই ব্যাপারে তদন্ত করতে হবে। আজকে জনপ্রতিনিধি যারা যদি কোন জায়গায় যায়—সে সরকারি হোক আর বে-সরকারিই হোক তাদের যোগ্য সম্মান দেওয়া উচিত। শ্রীরামপুরের সাংসদ, শ্রী প্রদীপ ভট্টাচার্য্যকে সেখানকার ম্যানেজমেন্ট কে চন্দ্র মিনিমাম সৌজন্যবোধটুকু দেখাননি।

[3-20 – 3-30 p.m.]

একজন সাংসদ এলে কীভাবে কথা বলতে হয় তা তিনি জানেন না। উল্টে তিনি ঝগড়াঝাঁটি করেছেন। আপনারা বেকারদের চাকরির ব্যবস্থা করবেন বললেন, কিন্তু আপনারা তা দিতে পারেননি। আজকে এই ভাঁওতা দিয়ে দিনের পর দিন চালিয়ে যাচ্ছেন। আপনি বলেছেন যে হরিণঘাটায় এখন নুতন নুতন গরু আনা হয়েছে এবং বিভিন্ন জিনিস আনা হয়েছে। এর আগে যিনি প্রাণী সম্পদ মন্ত্রী ছিলেন জাহেদী সাহেব, তিনি কলকাতা এবং কলকাতার শহরতলী থেকে খাটাল উচ্ছেদ করে দিলেন। আপনি জানেন কি না জানিনা, কলকাতার সমস্ত খাটালগুলো আজকে ডানকুনিতে চলে গেছে এবং তার ফলে ঐ সব খাটালের গরু, মোষের নোংরা, গোবর প্রভৃতি ঐ ডানকুনি খালে পড়ছে। যার ফলে আজকে ডানকুনি খালের জল অত্যন্ত দূষিত হয়ে পড়েছে। ঐ এলাকার মানুষ এর ফলে অতিষ্ঠ হয়ে উঠেছে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, তিনি দয়া করে একবার ডানকুনি পরিদর্শনে চলুন। এমন একটা অলিখিত ব্যবস্থা ওখানে তৈরি হয়েছে, একটা খুঁটো পাঁচ টাকা, অর্থাৎ একটা করে গরু বা মোষ যেখানে বাঁধা থাকবে, সেই একটা করে গরু বা মোষের জন্য পাঁচ টাকা করে ওখানকার পঞ্চায়েতের নেতাদের দিতে হবে। এই ভাবে ওখানে লক্ষ লক্ষ টাকার খেলা চলছে। আমার পাশের এলাকার সদস্য তিনিও বলেছেন এই বিধানসভায় দাঁড়িয়ে যে ডানকুনি খালের পরিবেশ দূষণ হয়ে যাচ্ছে। আমি তাঁর সঙ্গে একমত। সুতরাং মন্ত্রী মহাশয়কে বলি, এই বিষয়ে বিধি ব্যবস্থা নেওয়ার দরকার। এই কথা বলে আমাদের দলের তরফ থেকে আনা কাট মোশনের সমর্থনে বক্তব্য রেখে এবং এই দপ্তরের ব্যয় বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ রামচন্দ্র মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের ভার প্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে দু একটি কথা বলতে চাই। এই বাজেট হচ্ছে স্বনির্ভরতা, কর্ম সংস্থান মুখী এবং উৎপাদন মুখী বাজেট। এই বাজেটকে সমর্থন করা বিশেষ প্রয়োজন। মান্নান সাহেব তাঁর বক্তব্য রাখতে গিয়ে এই দপ্তরের একটা বিশেষ গুরুত্ব আছে সেটা বলেছেন। আমিও মনে করি এই দপ্তরের গুরুত্ব আছে। আগে এই দপ্তর কৃষি দপ্তরের সঙ্গে যুক্ত থাকায় অধিকাংশ বরাদ্দ কৃষির দিকে চলে যেত। তখন এই দপ্তরকে গুরুত্ব দেওয়া হয়নি। যার ফলে প্রাণী সম্পদ বিকাশের দিকটা অনেক পিছিয়ে ছিল। আজকে মন্ত্রী মহাশয় যে কনস্ট্রাকটিভ প্ল্যানিং নিয়েছেন এবং তাঁর পরিকল্পনা সম্পর্কে যে সব কথা বলেছেন সেটা সমর্থনযোগ্য, তাঁকে আমি প্রশংসা করছি। বিপ্লব বাবু দু-একটা দায়বদ্ধতার কথা বলেছেন। আগে কোথায় ছিল ব্রয়লার, হাঁস এই সব ভিয়েতনাম থেকে আমদানি করা হয়েছে। আজকে যে সব ক্রস ব্রিডিং প্রোগ্রাম নেওয়া হয়েছে, আজকে যে সব ক্রস ব্রিডিং অ্যানিম্যাল হচ্ছে, যেমন ইনডো সুয়িস জার্সি ব্রিড, এই সব আজকে হচ্ছে। ফলে এই সব ক্ষেত্রে ক্রস ব্রিডিং প্রোগ্রামের জন্যই উন্নত হচ্ছে। যার ফলে আজকে তিন চার গুন দুধ বেশি পাওয়া যাচ্ছে।

তাহলে কি সেগুলি নিয়ে এসে অ্যাকক্লেমেটাইজ করে আমরা ভুল করেছি? বৈজ্ঞানিক দিক থেকে যেটা আমাদের ভাল মনে হয়েছে সেটা আমরা এখানে এনেছি। এই যে ব্রয়লার হাঁসের কথা বলেছেন, এখানে কি খাঁকি ক্যাম্পবেল ছিল? না, এটা আমরা বাইরে থেকে এনেছি। এই যে এতো শুয়োর হচ্ছে, আমাদের রাজ্যে কি এত শুয়োর ছিল? ইয়র্কশায়ার ব্রিড এ ক্ষেত্রে আনা হয়েছে এবং নিয়ে এসে মাংসের উৎপাদন বৃদ্ধি করা হয়েছে। তারপর ব্রিটিশ অ্যাণ্ড অ্যালপাইন ব্রিড ছাগল, এ তো উন্নত মানের ছাগল, এটা আনা হয়েছে। ব্ল্যাক বেঙ্গলটা অবশ্য আমাদের রাজ্যেরই। তারপর চিনচুলা হাইব্রিড খরগোস, সেটা কি আমাদের দেশে ছিল? না। রোড আইল্যাণ্ড, এটা রাশিয়া থেকে আনা হয়েছে। কাজেই বিরোধীপক্ষের বক্তারা কোনও কিছু চিন্তা না করেই তাদের বক্তব্য রেখেছেন বলেই আমি মনে করি। এবারে আমি ফডার প্রোগামের বিষয়ে আসছি। ৮-ম পরিকল্পনায় এই ফডার এবং ফিডের ক্ষেত্রে যথেষ্ট গুরুত্ব দেওয়ার প্রয়োজন ছিল। এ সম্বন্ধে এখনই যথেষ্ট গুরুত্ব না দিলে সমস্যা কিন্তু থেকেই যাবে কাজেই সে দিক থেকে এ ক্ষেত্রে যথেষ্ট গুরুত্ব দেওয়ার দরকার আছে বলেই আমি মনে করি। ফডার সম্বন্ধে দেখুন, সে দিক থেকে আমরা পিছিয়ে আছি। আমাদের জমি যা আছে তাতে ধানের উৎপাদন, অন্য ফসলের উৎপাদনের ব্যবস্থা করা হয়। কিন্তু ঘাসের উৎপাদন করার জন্য বা লেগুমিনাশের উৎপাদনের জন্য সেরকম ভাবে জায়গা নেই। এ দিকে কিন্তু বিশেষভাবে লক্ষ্য দেওয়ার প্রয়োজন আছে। আমাদের রাজ্যে ২২১টি এগ্রিকালচারাল ফার্ম আছে। এর অধিকাংশ ফার্মেই সিড প্রডাকশনের যে ব্যাপারটা সেটা ব্যহত হয়ে আছে। সেখানে যদি আমরা ফডারকে ইনট্রোডিউস করতে পারি, ফডার সিড যেমন লুসার্ন, এনুবি, ২১, গজরাজ ইত্যাদি তাহলে ভাল হয়। সঙ্গে সঙ্গে লোনা ও জলা জমির জন্য পারাগ্রাস করা যেতে পারে। এ ছাড়া প্রতিটি থানা এবং মহকুমাতে ফডার ফার্ম করতে পারলে আরও ভাল হয়। চাষীদের যে মিনিকিট দেওয়ার প্রোগ্রাম আছে তাতে যে ফডারের সিড এবং স্লিপস দেওয়া হচ্ছে সেটা যাতে ফারমাররা করতে পারে সেটাও দেখা দরকার। এর পর আমি ক্যাটেল সম্বন্ধে বলব। এ ক্ষেত্রে আর্টিফিসিয়াল ইনসেমিনেশন প্রোগ্রাম যেটাকে এ. আই. প্রোগ্রাম বলে সেটা যাতে নিজেরাই করতে পারে তারজন্য যুবকদের ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করে তাদের যদি চারিদিকে ছড়িয়ে দেওয়া যায় তাহলে আমাদের রাজ্যে ক্রশ ব্রিডিং এনিম্যালের সংখ্যা বাড়বে। এরজন্য ইন সার্ভিস ট্রেনিং এবং রিফ্রেশার কোর্স ট্রেনিং-এর বিশেষ প্রয়োজন আছে। তারপর আমরা দেখছি, বি. এল. ডি. ও. (ব্লক লাইফস্টক ডেভেলপমেন্ট অফিসার) পদ সৃষ্টি করা হয়েছে। এ ক্ষেত্রে আমার সাজেশন হচ্ছে, একটা রুর‍্যাল ডেয়ারি এক্সটেনশন অ্যাণ্ড ফার্ম অ্যাডভাইসারি সার্ভিস যদি গড়ে তোলেন তাহলে ভাল হয়। তারা যেটা করতে পারবে সেটা হচ্ছে, সাপ্লাই অব ইনফরমেশন অফ ইমপর্টেন্ট প্রোগ্রাম অ্যাণ্ড ম্যাসিভ ক্রশ ব্রিডিং প্রোগ্রাম, তা ছাড়া প্ল্যানিং, মেটিরিয়ালস সাপ্লাই, সেমিনার, ট্রেনিং, মার্কেটিং ফেসিলিটিস ইত্যাদি। এইভাবে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা যদি এগিয়ে যেতে পারি এবং উন্নয়ন পরিকল্পনা নিতে পারি তাহলে প্রাণী সম্পদ বিকাশের ক্ষেত্রে আমরা অনেকদূর এগিয়ে যেতে পারব বলেই আমি মনে করি। এই বলে বাজেটকে সমর্থন করে আমি শেষ করছি।

[3-30 – 3-40 p.m.]

**শ্রী আনিসুর রহমান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই মাননীয় সদস্য শ্রী আব্দুল মান্নান এবং অন্যান্য বক্তা যারা আমার বাজেটের উপর বক্তব্য রাখলেন তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। মান্নান সাহেবদের চোখ তো এখন দিল্লির দিকে যে কবে দিল্লির গদিতে বসবেন। কাজেই আমার ধারণা ছিল এ রকম একটা সাধারণ দপ্তর সম্পর্কে তারা বিশেষ কিছু বলবেন না, এই দপ্তরের ভেতরে ঢুকবেন না। কিন্তু দেখলাম, তারা গুরুত্ব দিয়ে অনেক কথা বললেন সেজন্য ধন্যবাদ। যাই হোক এখানে কিছু প্রশ্ন করা হয়েছে, কিছু সমালোচনা করা হয়েছে। আমার কাছে সমস্ত তথ্য আছে আমি বলতে পারি, কিন্তু সময় কম থাকার জন্য আমি সংক্ষেপে কয়েকটি কথা বলছি। প্রথমে যেটা বলা হয়েছে যে এই দপ্তরের গুরুত্ব খুবই কম, সেটা ঠিকই। তবে এটা শুধু পশ্চিমবঙ্গে নয়, এটা সারা ভারতবর্ষে। মান্নান সাহেব জানেন যে, ভারতবর্ষে এতদিন এই বিভাগের কোনও মন্ত্রী ছিলনা। ১৯৪৭ সালে দিল্লিতে আপনারা ক্ষমতায় এসেছেন। আজকে ভারতবর্ষে স্বাধীনতার ৫০ বর্ষ পূর্ণ হতে চলেছে। এতদিন এই দপ্তরে কোনও মন্ত্রী ছিলনা। এই সরকার আসার পরে এই প্রথম এই দপ্তরে একজন মন্ত্রী হয়েছেন। আমাদের রাজ্যের ব্যাপারেও এর বাস্তবতা সম্পর্কে ভাবা দরকার। তবে ৩/৪ দশক আগে অর্থাৎ ৬০-এর দশকে সারা পশ্চিমবাংলায় অভাবের দশক ছিল। তখন মানুষ খেতে পেতনা, খাদ্যের অভাব ছিল। তারপরে আমরা আসার পরে সারা পশ্চিমবাংলায় কৃষি বিকাশের প্রয়োজনীয়তা অনুভব করি এবং কৃষি বিজ্ঞানের পরিবর্তন করা হয়। সেই সঙ্গে সেচের ব্যবস্থা, উন্নত বীজ, কৃত্তিম সার, এগুলি ব্যবহার করার ফলে কৃষি ক্ষেত্রে একটা অস্বাভাবিক বিকাশ ঘটেছে। পাশাপাশি যদি দেখি তাহলে দেখব যে, সারা ভারতবর্ষে এটা নিয়ে ঠিকমতো ভাবা হয়নি। পশ্চিমবঙ্গের ক্ষেত্রেও আগে ভাবলে ভাল হত, কিন্তু সেই ভাবে ভাবা হয়নি। মাননীয় সদস্য যে কথা বলেছেন, সেটা ঠিক নয়। পশ্চিমবঙ্গের ছবি যদি দেখি তাহলে দেখবো যে, যেখানে জি. ডি. পি-তে এগ্রিকালচারাল কনট্রিবিউশন যেটা ছিল ৫২ পারসেন্ট সেটা এখন কমে ২৮ হয়েছে। অন্য দিকে প্রাণী সম্পদের ক্ষেত্রে যেটা ২/৩ ভাগ ছিল সেটা বেড়ে ৮ ভাগ হয়েছে। এটা আপনারা চিন্তা করে দেখুন যে পরিবর্তন হয়েছে কিনা। পশ্চিমবঙ্গে কৃষি বিজ্ঞানের যেভাবে পরিবর্তন হয়েছে, সেই একই ভাবে প্রাণী বিজ্ঞানেরও উন্নতি হয়েছে। নিম্ন জাতের প্রাণীকে উন্নত জাতে পরিণত করা হচ্ছে, উন্নত খামার, উন্নত চিকিৎসা ব্যবস্থা করা হচ্ছে। মার্কেটিংয়ের ব্যবস্থা করা হচ্ছে। এই সব সামনে রেখে পশ্চিমবঙ্গে আগামী দশকে বিশাল পরিবর্তন করার চেষ্টা করা হচ্ছে। সেই রকম দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা সকল দপ্তরকে নিয়ে ভাবতে চাই। তারপরে এখানে অ্যামালগামেশনের কথা বলা হয়েছে। এই প্রসঙ্গে বলা হয়েছে যে আগের মন্ত্রী যেসব কথা বলেছিলেন সেগুলি কাগজে-কলমে রয়ে গেছে। এটা ঠিক নয়। অ্যামালগামেশন করা হচ্ছে। পশ্চিমবঙ্গে সমস্ত জেলায় অ্যানিম্যাল হাসবেনড্রি এবং ভেটেরেনারি দপ্তর আলাদা ভাবে ছিল। সেগুলি এখন এক জায়গায় আনা হয়েছে, এক অফিসে বসে তার কাজ হচ্ছে। তাছাড়া ব্লকে

নুতন সেট আপ করা হয়েছে। ব্লক লাইন ডেভেলপমেন্ট অফিসার একজন নিয়োগ করা হয়েছে। তার নেতৃত্বে গোটা ব্লকের কাজগুলি এক জায়গায় নিয়ে আসার স্কীম করা হয়েছে। এছাড়া গ্রাম পঞ্চায়েত লেভেলে প্রত্যেক গ্রাম পঞ্চায়েতে প্রশিক্ষণ দেবার জন্য স্থায়ী কর্মী রাখার ব্যবস্থা করা হচ্ছে। এটা করতে পারলে সামগ্রিক ভাবে একটা বিরাট পরিবর্তন করা হবে। কিন্তু মুশকিল হচ্ছে সব ক্ষেত্রে এক করা অসুবিধা আছে, কারণ এদের কাজের ধরন আলাদা। কাজেই এইসবে অনেক জটিলতা আছে। এই জটিলতা কাটিয়ে কিভাবে পরিবর্তন করা যায় আমরা সেই চেষ্টা করছি।

দ্বিতীয় কথা বলা হয়েছে যে, দুধের ক্ষেত্রে বিরাট ঘাটতি। আমাদের ঘাটতি আছে। কারণ আমাদের যে চাহিদা, যা প্রয়োজন সেই পরিমাণ উৎপাদন হয়না। আমি এই ব্যাপারে আগেও বলেছি। তবে উৎপাদনের ক্ষেত্রে আগের থেকে পরিবর্তন হচ্ছে। এটা শুধু ২/৪টি ফিগার দিয়ে বিচার করলে হবেনা যে হরিণ ঘাটায় কি হল, কল্যাণীতে কি হল। আমাদের দৃষ্টিভঙ্গি আলাদা। ডিমের উৎপাদনে আমরা তিন নম্বর স্থানে আছি। এক নম্বরে অন্ধ্রপ্রদেশ, এবং দুই নম্বরে তামিলনাড়ু রয়েছে। অন্ধ্র প্রদেশে অর্গানাইজ সেক্টরে কয়েকটি ফার্ম লক্ষ লক্ষ হাঁস-মুরগীর ডিম উৎপাদন করে। কিন্তু আমাদের দৃষ্টিভঙ্গি তা নয়। আমাদের লক্ষ্য হচ্ছে গ্রামে-গঞ্জে মানুষের মধ্যে একটা পরিবর্তন আনা। তারা এগুলি চাষ করবে এবং তাদের পরিবারের লোকেরা ডিম উৎপাদন করবে। এতে একদিকে যেমন তাদের অবস্থার উন্নতি হবে, অপর দিকে রাজ্যের চাহিদাও পূরণ হবে। এই রকম দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা চলেছি।

এবারে আমি দুধের ব্যাপারে আসছি। ১৯৭৬-৭৭ সালে পশ্চিমবঙ্গে দুধের উৎপাদন ছিল ১০ লক্ষ মেট্রিক টন, সেটা বেড়ে এখন হয়েছে ৩৪ লক্ষ মেট্রিক টন। সাড়ে তিনগুণ উৎপাদন বেড়েছে দুধের ক্ষেত্রে। মাংসের উৎপাদন ২ লক্ষ মেট্রিক টন হত ওদের সময়, এখন হচ্ছে ৪.২৫ লক্ষ মেট্রিক টন। এক্ষেত্রে উৎপাদন ২০ গুণ বৃদ্ধি হয়েছে। ডিম যা ওদের সময় ১৯৭৬-৭৭ সালে উৎপাদন হত মাত্র ৬৭ কোটি, সেই ডিম এখন উৎপাদন হচ্ছে ২৬৫ কোটি। তবুও আমরা বলছি যে, আমাদের রাজ্যে এই তিনটি জিনিসের যতটা প্রয়োজন তার তুলনায় উৎপাদন কম হচ্ছে। তারজন্য আমরা চেষ্টা করছি এর উৎপাদন বাড়াবার। এর মানে অবশ্য এই নয় যে, এরজন্য দুটি বড় ফার্ম করে দিলাম এবং তার মাধ্যমে কিছু মানুষের অতিরিক্ত আয়ের ব্যবস্থা করে দিলাম। আমরা চাই, সাধারণ মানুষের মাধ্যমে এর উৎপাদন বাড়ুক।

এখানে সমিতি নিয়ে প্রশ্ন এসেছে। কিন্তু আগে সমিতি বলে কিছু ছিল না, কিন্তু এখন হয়েছে। হীমুলের কথা এবং অন্য কয়েকটি কথা ওরা বলেছেন। কিন্তু আমরা একটা পরিবর্তন এনেছি, ফলে সমিতির সংখ্যা বেড়েছে। এটা আগের তুলনায় অনেক বেড়েছে। আগে, ১৯৭৬ সালে, সারা পশ্চিমবঙ্গে সমিতির সংখ্যা ছিল মাত্র ১৫০টি, এখন হয়েছে ১,৫৩৫টি। কতগুণ বেড়েছে ভাবুন। বারো গুণের মতো এটা বেড়েছে। এবং এর সঙ্গে বর্তমানে মেম্বার হিসাবে

যুক্ত রয়েছেন ১ লক্ষ মানুষ। ১৯৮৩তে যখন ফেডারেশন গঠিত হয় তখন সদস্য-সংখ্যা ছি মাত্র ৪৩,০০০, কিন্তু বর্তমানে ফেডারেশনের সদস্য-সংখ্যা দাঁড়িয়েছে ১ লক্ষের উপর। হীম নিয়ে সমস্যা রয়েছে ঠিকই, কিন্তু পরিবর্তিত হচ্ছে। আজ থেকে তিন বছর আগে সেখা মাত্র ১০,০০০ লিটার দুধ উৎপন্ন হত। কিন্তু এখন অবস্থার উন্নতি হয়েছে। সেখানে সমস্য কোথায়? সারা দেশে ডেয়ারি ডেভেলপমেন্টের দায়িত্বে রয়েছে সেন্ট্রাল গভর্নমেন্টের ন্যাশন ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ড এবং তার হেড অফিস রয়েছে গুজরাটের আনন্দে আপনা জানেন, যে আনন্দ-এর কথা বলতে গিয়ে বলছিলেন—আজকে আকাশে আমূল, বাতা আমূল। কিন্তু আসল কথা হচ্ছে, ডেয়ারি ডেভেলপমেন্টের জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে এ ডি. ডি. বি.-কে যে টাকা দেওয়া হচ্ছে তার বেশির ভাগ ওখানে ব্যয় করা হচ্ছে এবং তা জন্য অন্য কোন রাজ্যে ডেয়ারির কোনও উন্নতি হচ্ছে না। যেখানে যে প্ল্যান্ট হয়েছে সে এন. ডি. ডি. বি.-র জন্য হয়েছে। ওখানে ড্রায়ার মেশিনে লিকুইড দুধ থেকে পাউডার মি করা হয়। যেখানে দুধ সারপ্লাস সেখানে এটা হতে পারে। কিন্তু আমাদের রাজ্যে দুধে ঘাটা এবং তারজন্য হিমূলের ঐ ড্রায়ার মেশিন পড়ে রয়েছে। আমরা সেগুলো পরিবর্তন ক কিভাবে প্রয়োজনের সঙ্গে সঙ্গতি রেখে হীমূলের সমস্যার সমাধান করতে পারি তার প্রস্ত রেখেছি প্ল্যানিং কমিশনের কাছে। প্রায় ৮.৫ কোটি টাকা নেপাল এবং ভূটানের কাছে বা পড়ে রয়েছে। ঐ টাকা যাতে তুলতে পারি এবং তুলে ঐ টাকা দিয়ে হীমূলের উন্নতি ক যায় তারজন্য একটি পরিকল্পনা আমরা করেছি। এবং আমাদের বিশ্বাস, সেটা আমরা কর পারব।

এখানে শ্রীমতী শান্তা ছেত্রী ডি. জি. এস. সি.-র ব্যাপারে প্রশ্ন করেছেন। উনি নিশ্চয় জানেন যে, যেসব সাবজেক্ট হিল কাউন্সিলকে ট্রান্সফার করা হয়েছে তারমধ্যে এই দপ্তরটা পড়ে। এরজন্য তাদের আলাদাভাবে টাকাও দেওয়া হয়। তারই জন্য দার্জিলিং যুক্ত হয়নি তবে দার্জিলিং হিলে যে ফার্মগুলি রয়েছে ঐ এলাকার মানুষদের জন্য তারজন্য একট পরিকল্পনা আমরা করেছি। ওদের নিয়ে আমরা বলেছিলাম। ঠিক হয়েছে, সেখানে আমাদে যে পরিকাঠামো রয়েছে, যে প্রাণী-সম্পদ রয়েছে তার সুষ্ঠ ব্যবহার কি করে করা যেতে পা তারজন্য আমরা চেষ্টা করব।

[3-40 – 3-50 p.m.]

এখানে মাদার ডেয়ারি নিয়েও কথা উঠেছে। অনেকগুলো প্রশ্ন করা হয়েছে এখানে মাদার ডেয়ারি আমরা চালাতাম না। এন. ডি. ডি. বি. এটা তৈরি করেছে এবং আমাদে গভর্নমেন্ট ছিলেন তার গ্যারেন্টার গত নভেম্বর পর্যন্ত। প্ল্যান্টটির পরিচালনার ভার ছিল মি কুরিয়ানের উপর। ওদের কর্মচারিদের স্টাটাসটা কি হবে। ওঁরা শেষে বললেন যে আমরা পরিচালনার দায়িত্ব নেব না। বাধ্য হয়ে তাদের পরিচালনার দায়িত্ব আমাদের মিল্ক ফেডারেশনকে দেওয়া হয়েছে। তাদের স্ট্যাটাস যেমন ছিল তেমন আছে এবং তেমন থাকবে। এই নিয়ে

কোনও দুশ্চিন্তার ব্যাপার নেই। মাদার ডেয়ারির উৎপাদন বেড়েছে, যখন আমরা হাতে নিই তার থেকে এখন উৎপাদন বেড়েছে। আর একজন প্রশ্ন করেছেন এখানকার কর্মচারিদের ঘর-বাড়ি দেওয়ার ব্যাপার নিয়ে। এখানকার কর্মচারিদের জন্য ৩২টি ফ্লাট নেওয়া হয়েছে আমাদের হাউসিং ডিপার্টমেন্টের কাছ থেকে। একটু জটিলতা দেখা দিয়েছে। এর মধ্যে কোনও দুর্নীতি নেই। এর মধ্যে কোনও অব্যবস্থা নেই, শুধু একটা জটিলতা দেখা দিয়েছে। ফেডারেশন দায়িত্ব নিয়েছে, মাদার ডেয়ারির পক্ষ থেকে ৩২টি ঘর নেওয়া হলো। এখন আমাদের সরকারের নিয়ম আছে যারা ঘর ভাড়া নেবে তাদের কো-অপারেটিভ পরিচালনা করবে। এখন যেহেতু মাদার ডেয়ারি নিয়েছে, আবার মাদার ডেয়ারি সরাসরি এই কো-অপারেটিভের মেম্বার হতে পারবে না, এর জন্য একটা জটিলতা দেখা দিয়েছে। আমরা আলোচনা করেছি, সমাধান করে নেওয়া যাবে। এর মধ্যে কোন দূর্নীতি নেই। আর একজন মাননীয় সদস্য বললেন যে ওখানকার ম্যানেজার নাকি খারাপ ব্যবহার করেছেন। যদি এটা হয়ে থাকে নিশ্চয়ই আমি দুঃখিত, নিশ্চয়ই আমি এই ব্যাপারে খোঁজ নেব। আমাদের মাদার ডেয়ারির কোনও ম্যানেজার যদি আমাদের কোনও বিধায়কের সঙ্গে কোনও সাংসদের সঙ্গে খারাপ ব্যবহার করে থাকেন বা খারাপ কথা বলে থাকেন নিঃসন্দেহে বলা যায় এটা খারাপ। এটা আমরা মানি না, এটা আমরা সমর্থন করি না। নিশ্চয়ই আমি এই ব্যাপারে খোঁজ করবো। আজকে এখানে প্রশ্ন উঠেছে গরু পাচারের ব্যাপারে। হাজার হাজার গরু চলে যাচ্ছে বাংলাদেশে এটা ঘটনা। এটা লুকোচুরির ব্যাপার নয়। এর মধ্যে কতখানি যুক্তি আছে সেটা দ্বিতীয় প্রশ্ন। প্রশ্ন হচ্ছে যাচ্ছে। আবার যাওয়ারও একটা বাস্তবতা আছে। আমাদের ভারতবর্ষে বাড়তি হয়ে যাচ্ছে। আমি সকালে বললাম যে আমাদের গ্রামেগঞ্জে পাওয়ার টিলার ঢুকছে। আমাদের গ্রামেগঞ্জে ট্রাকটার ঢুকছে ফলে গরু বাড়তি হয়ে যাবেই। শুধু আমাদের রাজ্যে নয়। ভারতবর্ষের সব রাজ্যের দিকে তাকিয়ে দেখবেন যত গরু ঢুকছে আমাদের রাজ্যে সব বাইরের। সেখানে উত্তপ্রদেশের গরু আছে, পাঞ্জাবের গরু আছে, হরিয়ানার গরু আছে। এইগুলি সব আমাদের রাজ্যে আসছে। প্রশ্ন হচ্ছে যাবে কোথায়? আমরা দিল্লির মিটিং-এ প্রধানমন্ত্রীর সামনে বলেছিলাম কি হবে এদের, একটা তো ব্যবস্থা করতে হবে। হয় ওদের ব্যবহার করতে হবে তা না হলে ফরমাল ওদের এক্সপ্লয়েড করতে হবে। আমরা আনন্দিত যে ওনারা একটা কমিটি করেছেন এবং সেই কমিটি করার পর এখানে লোক পাঠিয়েছিলেন এই ব্যাপারে খোঁজ নেবার জন্য এবং এই ব্যাপারে কি করা যায় তার জন্য। কিন্তু বিষয়টা খুব জটিল। এর সঙ্গে অনেক গুলি প্রশ্ন জড়িয়ে আছে, কিছু সংবেদনশীল প্রশ্ন এর মধ্যে জড়িয়ে আছে। যার ফলে জটিলতা হচ্ছে। কিন্তু তা সত্ত্বেও আমরা চাই যাতে ঠিকমতো ভাবে এদের ব্যবহার করা যায়। আমি বিশ্বাস করি, কেন্দ্রীয় সরকারের কাছে এই ব্যাপারটা আমরা হাজির করেছি, ওনারা যদি ঠিক মত এই ব্যাপারে গুরুত্ব দেন তাহলে ওদের একটা সমাধান করা যাবে। এ ছাড়া আরো অনেকগুলি প্রশ্ন এসেছে, বিশেষ করে একটা নিয়োগ সংক্রান্ত প্রশ্ন এসেছে। মাননীয় সদস্য শাজাহান সর্দার এবং ঢালির কথা বলেছেন। টাটা খুব দুর্ভাগ্যের যে একটা ঘটনা ঘটেছে। আপনাদের জেনে রাখা ভাল যে এর মধ্যে কোনও দুর্নীতি নেই। কোনও কিছু

নেই। এই কথা ঠিক যে ১৯৯০-৯১ সালে নাম নেওয়া হয়েছিল। তারপর অনেক মামলা হয়েছে। পরবর্তীকালে মামলার সমস্যা মিটিয়ে পরীক্ষা হয়। পরীক্ষা হওয়ার পর আবার মামলা হয়। তারপর এটা বন্ধ হয়ে পড়েছিল। তারপর আমি এসে বহু চেষ্টা করে এই মামলা মিটে যায়। এখানে ট্রেনিং-এর ব্যবস্থা হয়েছে, এখন নিয়োগ করা যাবে না। আমাদের নিয়ম হচ্ছে ১ বছর ফ্রি সারভিস ট্রেনিং হবে। সেইজন্য ট্রেনিং-এর কাজ শুরু হয়েছে। এবার বাছাই-এর সময় দেখা যায়, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে ভুল বসত ওদের নামের পাশে লেখা ছিল এস. সি. অ্যাণ্ড এস. টি। এবার নামটাও ছিল অদ্ভুত। শাজাহান সর্দ্দার, সাধারণত সর্দ্দাররা শিডিউল কাস্ট হয়। আর একজন মুসলিম তার নামের পাশে লেখা ছিল ঢালি। ওদের ভুল করে ডাকা হয়েছিল। ওদের কিন্তু ট্রেনিং-এর জন্য ডাকা হয়নি। ওদের ট্রেনিং-এর জন্য নিয়োগ করা হয়নি। ওদেরকে বলা হয়েছিল রিপোর্ট করার জন্য, প্রথমে কিছু কাগজপত্র দেখাতে বলা হয়েছিল। তারা যখন কাগজপত্র দেখাতে আসে তখন তারা ধরা পড়ে যায় যে তারা এস. সিও নয় এস. টি-ও নয়। এর মধ্যে কোনও অব্যবস্থা আছে বলে আমি মনে করি না। দুটি গুরুতর প্রশ্ন তুলেছেন আব্দুল মান্নান সাহেব। আমি বিনয়ের সঙ্গে বলি, উনি একজন দায়িত্বশীল বিধায়ক, একটা দলের নেতৃত্ব করেন, উনি যে এই ভাবে অসত্য কথা হাজির করে গোটা হাউসকে বিভ্রান্ত করবেন এটা আমি ভাবিনি। আমরা বারবার বলি সমালোচনা থাকলে নিশ্চয়ই করবেন। কিন্তু সমালোচনা মানে কখনও এটা হতে পারে না যে সভাকে বিভ্রান্ত করবেন। এমন আবেগ নিয়ে এমন কথা বললেন যে আমি অবাক হয়ে গেলাম। প্রথম প্রশ্ন তুলেছেন লাইফ স্টক প্রসেসিং কর্পোরেশন কে নিয়ে। দুর্গাপুরে আমাদের কিছুটা জমি ছিল, আমরা নিয়ে ছিলাম এখানে থেকে, তারপর মৌড়ীগ্রামে আমাদের কর্পোরেশনের একটা জমি ছিল। সেখানে গোটা পরিকল্পনায় ত্রুটি ছিল সেই সময়। সেই সময় বলতে অনেক আগে, তাঁদের সময়। ধারণা ছিল ওনাদের যে গোটা শহরের সকলের ছাগল মুরগী সব নিয়ে আসবে আর এখানে কেটে নিয়ে গিয়ে বিক্রি করবে। এটা অবাস্তব, এটা হতে পারে না। একটা মুরগী, একটা ছাগল ৫ কি. মি. দূর থেকে ১০ কি. মি দূর থেকে গাড়ি করে বয়ে নিয়ে আসবে আর এখান থেকে কেটে নিয়ে গিয়ে আবার সেখানে গিয়ে সেটা বিক্রি করবে, এটা হতে পারে না। ফলে আমরা যে মেশিনগুলি সেখানে বসিয়ে ছিলাম সেইগুলি কাজে লাগেনি, এক পারসেন্টও ব্যবহার করা যায়নি যে সময়টুকু চলেছিল। সমস্যা একটা হয়েছিল। এরফলে যুক্তভাবে বড় আকারের উন্নতমানের অনেকগুলো ছাগল, মুরগী, হাঁস, মহিষ কাটাতে তার ব্যবহার হয়নি। তবে এরমধ্যে দুর্নীতি ছিল না। যদি দেখা যায় এর মধ্যে দুর্নীতি ছিল, যদি থাকে, তাহলে আমি তার ব্যবস্থা নিতে পারি। ২য় একটা প্রশ্নে মাননীয় সদস্য বলেছেন যে, চারশো একর জমি নাকি দিয়ে দেওয়া হয়েছে। তিনি এতবড় অসত্য কথা বলে দিলেন। আমি দায়িত্ব নিয়ে বলছি মান্নান সাহেবকে যে, জমি যদি দেওয়া হয়ে থাকে, তাহলে আমি সকাল বেলা পদত্যাগ করতে রাজি আছি। তবে দায়িত্ব নিয়েই বলছি, কোনও জমি দেওয়া হয়নি। আপনি বারেবারে বলেছেন, জমি দেওয়া হয়েছে। আমি বলছি, 'মৌ' হয়েছে। 'মৌ' সাইন হয়েছিল। ওঁরা যৌথভাবে, শিশির বাজোরিয়া এবং ডেনমার্কের

একটা কোম্পানি, আবেদন করেছিলেন। সেই আবেদন খতিয়ে দেখা হচ্ছে। কোন কিছু ফাইনাল হয়নি। আমি এই কথা বলিনি যে জমি দেওয়া হয়েছে। চারশো একর জমি দেওয়ার জন্য ওঁরা আবেদন করেছিলেন। আমরা বলেছি, এর নির্দ্দিষ্ট নিয়ম আছে। নিয়ম মেনে জমি দেওয়া যেতে পারে। তবে এখনও দেওয়া হয়নি। যদি কখনও দেওয়ার প্রয়োজন হয়, তবে তা নিয়ম মেনেই দেওয়া হবে। এর মধ্যে কোন দুর্নীতি হবে না, ত্রুটি হবে না।

**শ্রী আব্দুল মান্নান :** আপনি বলছেন যে, জমি দেওয়া হয়নি। আপনি বললেন যে চুক্তি হয়েছে। সেই চুক্তিটা কি হয়েছে?

**শ্রী আনিসুর রহমান :** চুক্তি ফাইনাল হয়নি। ওঁরা এসেছিলেন। আমরা বলেছিলাম হরিণঘাটায় ওখানে দশ হাজার গরু রাখার মতো শেড আছে। আমরা বলেছিলাম, দরকার হলে আপনারা ওটা ব্যবহার করুন। আমরা প্ল্যাট দেব। যা নিয়মে আছে তাই হবে। নিয়ম ভেঙে আলাদা ভাবে কারও জন্য কিছু হবে না। সেই রকম কিছু যদি হয়ে থাকে তাহলে তার দায়িত্ব আমি নেব। এছাড়া চিকিৎসা এবং অন্যান্য কতকগুলো কথা উঠেছে। আমাদের ডাক্তাররা একশো ভাগ, সবলোক সুন্দর কাজ করছেন, তা নয়। অন্যান্য ব্যাপারে আমাদের কিছু ঘাটতি আছে। আমি এমন কিছু বলছি না, নিছক বলার জন্য বলছি না যে, আমাদের সব ঠিক আছে। এই রকম বলছি না। আমাদের কিছু ঘাটতি আছে। দু'একজন ডাক্তার আছেন যাঁরা ফি নেন। দু'একজন আছেন যাঁরা প্রাইভেট প্র্যাকটিস করেন। এটা সামগ্রিক সমস্যা। এটা কোন একটা দপ্তরের বিশেষ একটা সমস্যা নয়, এটা সামগ্রিক সমস্যা। তার সমাধান আমরা করতে চাই। তবে এটা একজন মন্ত্রীকে দিয়ে, একজন অফিসারকে দিয়ে, ডাইরেক্টরকে দিয়ে, একজন সেক্রেটারিকে দিয়ে হয়না। আমরা এবং আপনারা যারা জনগণের প্রতিনিধি, আমাদের সবার, আপনাদেরও একটা ভূমিকা আছে। আমরা বলছি, আগামী দশক হচ্ছে প্রাণী সম্পদ বিকাশের দশক। দেশের যে কৃষক তারা আট ভাগ জমির মালিক। কিন্তু পশ্চিমবাংলায় সেখানে মাত্র দু'ভাগের মালিক। সেই পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যেমন তাদের নিয়ে একটা জটিলতা আছে, কৃষি উৎপাদনের খরচ বেড়েছে। কিন্তু কৃষক তার ফসলের বাড়তি দাম পায় না। এই অবস্থায় কৃষকের হাতে যদি প্রাণী সম্পদের ব্যবস্থা করা যায় তাহলে পশ্চিমবাংলায় সবাইকে চাকুরি দিয়ে বা জমি দিয়ে জমির মালিক করা যাবে না, সবাইকে ব্যবসায়ী করা যাবে না, সবাইকে শহরে আনা যাবে না ঠিকই, কিন্তু সবাইকে একটা জিনিস দিয়ে সাহায্য করা যেতে পারে। দুটো হাঁস, দুটো গরু, চারটে মুরগীর মালিক—এটা করা যায়। এই ব্যাপারে আমাদের দায়িত্ব আছে, এটা আমাদের সবার কাছে জরুরি। বেকার যুবকরা বড় শিল্প করতে পারবে না, হয়ত তারা ছোট ছোট শিল্প করার কথা ভাবছে। আমরা তাদের এইভাবে দাঁড় করাতে পারি। তিনটে গরু পালন করতে পারলে একজনের সাধারণ চাকুরির মতো ব্যবস্থা হতে পারে। সেই সম্ভাবনা আমাদের সামনে আছে। আমরা যদি তা ঠিকমতো ব্যবহার করতে পারি, তাহলে নিশ্চয়ই আমাদের সামনে একটা সম্ভাবনা আছে। আপনারা কিছু মূল্যবান পরামর্শ দিয়েছেন। আমাদের যে ত্রুটি আছে তা আমরা মেটাবার চেষ্টা

করব। একটা কথা বলবো যে, আমাদের সামনে বিরাট সম্ভাবনা আছে। এই সম্ভাবনাকে যদি আমরা ঠিকমতো ব্যবহার করতে পারি, আগামীদিনে যদি ঠিকমতো চালাতে পারি তাহলে আমরা অনেক খানি এগিয়ে যেতে পারব। এখানে একজন তো বলেই ফেললেন যে, আমরা বলেছি যে, সব কিছুতেই আমরা ফার্স্ট দুধে ফার্স্ট হয়েছি, ডিমে আমরা ফার্স্ট হয়েছি, আমরা মাংসে ফার্স্ট আছি এই কথা আমরা কখনও বলিনি। আমরা অনেকখানি পিছিয়ে আছি। কিন্তু আমাদের সামনে বিরাট সম্ভাবনা আছে। সেই সম্ভাবনাকে কাজে লাগাবার সম্ভাবনা আমাদেব আছে। তাকে কাজে লাগাবার জন্য আমাদের সমস্ত পঞ্চায়েত'এর জনপ্রতিনিধি, আমরা সবাই মিলে যদি এগিয়ে আসি, তাহলে একটা পরিবর্তন আমরা আগামী দশকে নিশ্চয়ই আনতে পারব। এই আশা নিয়ে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে এবং কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-50 – 4-00 p.m.]

**Demand No. 49**

The motion of Shri Kamal Mukherjee, Shri Abdul Mannan, Shri Sobhan Deb Chattopadhya and Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 89,29,16,000 be granted for expenditure under Demand No. 49 Major Head :"2403 Animal Husbandry and 4403—Capital out lay on Animal Husbandry (Excluding Public Undertakings)" during the year 1997-98

(This is inclusive of a total sum of Rs. 29,76,00,000 already voted on account)

was then put and agreed to.

**Demand No. 50**

The motion of Shri Ajoy De, Shri Nirmal Ghosh, Shri Sultan Ahmed Shri Ashok Kumar Deb Shri Deba Prasad Sarkar, Shri Saugata Roy, and Shri Kamal Mukherjee that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,19,76,82,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads :"2404—Dairy Development and 4404—Capital outlay on Dairy Development (Excluding Public Undertakings)" during 1997-98.

(This is inclusive of a total sum of Rs. 89,92,00,000 already voted on account).

was then put and agreed to.

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 41

Mr. Deputy Speaker : There are 15 cut motions to demand No. 41. All the cut motions are in order and taken as moved.

1. Shri Ashok Kumar Deb
2. Shri Nirmal Ghosh
3. Shri Sultan Ahmed
4. Shri Ajoy De
5. Shri Shashanka Sekher Biswas
6. Shri Kamal Mukherjee
7. Shri Ajit Khanra
8. Shri Gopal Krishna Dey
9. Shri Sobhan Deb Chattopadhyay

Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী সুলতান আহমেদ ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমাদের তফসিলি জাতি এবং আদিবাসী ও ও. বি. সির যে ডিমাণ্ড হাউসে প্লেস করা হয়েছে তার আমি তীব্র বিরোধিতা করছি এবং আমাদের কাটমোশানকে সমর্থন করে বক্তব্য রাখছি। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে অনেকগুলো কথা বলেছেন, আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই যে, তিনি এস. সি. এবং এস. টির সংখ্যা দেখিয়েছেন প্রায় দু কোটির মতো, কিন্তু এই এস. সিদের কাস্ট সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে যে অসুবিধার সম্মুখীন তারা হচ্ছে তার কি ব্যবস্থা তিনি করেছেন? আমরা এস সিদের কাস্ট সার্টিফিকেটের অসুবিধার বিষয়গুলো তুলে কাট মোশনে দিয়েছি। তারপরে ওদের সার্টিফিকেট নেওয়ার সময়ে এবং অ্যাপলিকেশন করার সময়ে মা বাবার সার্টিফিকেট চাওয়া হয়। মা বাবার সার্টিফিকেট দেওয়ার পরেও কিন্তু এস সিরা সার্টিফিকেট পাচ্ছে না।

স্যার কেন্দ্রীয় সরকারের ষ্ট্যাণ্ডিং অর্ডার আছে, অ্যাপ্লিকেশনের ৪২ দিনের মধ্যে এনকোয়ারী করে এস. সি. এবং এস. টি. সার্টিফিকেট দিতে হয়। আজকে আমরা দেখছি কি, ১ বছরের যে পরিসংখ্যান রয়েছে আমাদের কাছে '৯৬-৯৭ সালে সার্টিফিকেট যেসব পেণ্ডিং রয়েছে, সেই ফিগারগুলি যদি দেখা যায় যারা এস. সি. র জন্য অ্যাপ্লাই করেন সার্টিফিকেট নিতে আসেন তাদের অভিযোগ এস. সি.র সার্টিফিকেট নেবার জন্য তাদেরকে অফিসে ঘুষ দিতে হয়। ঘুষ যদি না দেয় তাহলে ৩/৪ বছর সার্টিফিকেট পায় না। স্যার, শিডিউল কাস্ট এবং

শিডিউল ট্রাইবস এর সঙ্গে ও. বি. সি কমিশন হয়েছে। ও. বি. সি. কমিশনে অনেক জাতিকে নেওয়া হয়েছে তার সঙ্গে মুসলমান ভাইদের জোলা এবং মোমিন-আনসারিদের নেওয়া হয়েছে। স্যার, এস. সি. এবং এস. টি. পেন্ডিং কেসগুলি হল টিল ৩০.৬.৯৬ পর্যন্ত ৬৭,৬২২। এর মধ্যে এস. সি. পেন্ডিং আছে ৫,৩৩৮, ও. বি. সি. ৫৬ হাজার ৬৫২। টোটাল পেন্ডিং কেস হল ১ লক্ষ ৮ হাজার ৫৮১। ফ্রেশ অ্যাপ্লিকেশনও জমা পড়েছে মোট ৭৭,৫২২। আজকে আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই, আপনি যে বাজেট প্লেস করেছেন, এই বাজেটে অনেক কিছ সুযোগ সুবিধা দেওয়ার কথা বলেছন। প্রয়োজনে সার্টিফিকেটের ব্যাপারে তারা যে ক্লেম করবেন, সেখানে আপনার দপ্তরের লোকেরা তাদের বঞ্চিত করছে, ফলে সার্টিফিকেট সময় মতো ইস্যু হচ্ছে না। মাঝে মাঝে আমরা দেখছি যারা অ্যাপ্লিকান্ট তাদেরকে থানায় ডাকা হয়, ৩ মাস, ৬ মাস পর; তাদেরকে বলা হয় তোমাদের ডকুমেন্টসগুলি নিয়ে থানায় এসো। থানায় গেলে তারা একসঙ্গে ৮/১০টি পয়েন্টস জানিয়ে দেয়, এইসব জিনিসগুলি আনতে হবে। মা বাবার সার্টিফিকেট আমরা দিতে পারি, কিন্তু তার পরেও বলা হয় ঠাকুরদাদার থেকে তোমার বংশের সার্টিফিকেট এম. এল. এ., এম. পি.র কাছ থেকে নিয়ে এসো। তারা তাদের মা বাবার সার্টিফিকেট যেটা পেয়েছে, সেটা কি কাজের নয়, তাকে বলা হচ্ছে ঠাকুরদাদার সার্টফিকেট লাগবে। আশ্চর্যের বিষয়, এস. সি., এস. টি. সুযোগ সুবিধার কথা বলা হচ্ছে, তাদের শিক্ষার কথা বলছেন, তাদের অর্থনীতির ডেভেলপমেন্টের কথা বলছেন, তাদের জন্য যে সার্টিফিকেট মেইন ক্রাইটেরিয়া, সেটার প্রতি মাননীয় ন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই ৩/৪ বছর ধরে যে সার্টিফিকেটগুলি ইস্যু হয়নি র পিছনে কি রহস্য আছে? ওনার দপ্তরে পয়সা খরচ করলে সার্টিফিকেট তাড়াতাড়ি পাওয়া যায়। এস. সি. এস. টি. উন্নয়নের কথা আমরা শুনেছি, কিন্তু আমরা জানি কেন্দ্রীয় সরকারের মণ্ডল কমিশনের ও. বি. সি. সারা দেশে চাকরির ক্ষেত্রে একটা যে রিজারভেশন দেওয়া হয়েছে সংরক্ষণের কথা বলা হয়েছে, সেখানে আমরা দেখছি,—এস. সি., এস. টি.-র ক্ষেত্রে ও.বি.সি.-র ক্ষেত্রে ৫ শতাংশ চাকরিতে সংরক্ষণ দেওয়া হয়েছে কেন? আজকে মুসলমান ভাইদের লালিপপ দিয়ে মোমিন-আনসারি, জেলাকে ও. বি. সি. হিসাবে ডিক্লেয়ার করেও তাদের সার্টফিকেট দেওয়া হচ্ছে না। মেটিয়াবুরুজের ওখানকার যারা মোমিন, আনসারি যারা সার্টিফিকেটের জন্য দরখাস্ত করছে তাদেরকে অফিসাররা বলছে তোমরা তো হিন্দু ছিলে ১০০ বছর আগে।

[4-00 – 4-10 p.m.]

একশো বছর আগে ঠিকই স্যার, আজকে যে মুসলমান আমাদের দেশে আছেন তারা দুশো বছর আগে তারা হিন্দু ছিলেন। তারা কনভার্ট হয়েছেন কিন্তু তার মানে এই নয় যে তাদের বলা হবে, তুমি, তোমার বংশ কোন সময়ে হিন্দু ছিল তাদের সার্টিফিকেট নিয়ে এস। মোমিন, আনসারীরা ও. বি. সি. অফিসে অ্যাপ্লিকেশন দিতে যাচ্ছে কিন্তু তাদের অ্যাপ্লিকেশন জমা নেওয়া হচ্ছে না। আজকে যারা মাথায় ফল নিয়ে বিক্রি করে তাদের আমাদের রাজ্যে

ও. বি. সি. ডিক্লেয়ার করা উচিত। আজ দু বছর ধরে তারা আন্দোলন করছে, তাদের ও. বি. সি শ্রেণীভুক্ত করার জন্য। কিন্তু আজ পর্যন্ত তাদের সেটা করা হয় নি। আজকে কুরেশী বা কসাই, তারা ব্যাকওয়ার্ড শ্রেণী। তাদের কি কখনো জিজ্ঞেস করেছেন ভাই তোমরা কোথা থেকে এসেছ? অন্যান্য রাজ্য—উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্রে এদের ব্যাকওয়ার্ড ডিক্লেয়ার করেছে কিন্তু আপনার সরকার তা করেনি। আজকে জোলা, আনসারীর কথা বলেছেন। একজনও মোমিন, আনসারীকে সার্টিফিকেট দেওয়া হচ্ছে না, আসানসোল থেকে ডায়মণ্ডহারবার অবধি, কোথাও না। মোমিন, আনসারীদের ব্যাকওয়ার্ড ঘোষণা করেছেন, তারা সার্টিফিকেট নিতে যাচ্ছে কিন্তু আপনার দপ্তর তাদের সার্টিফিকেট দিচ্ছে না। তফসিলিজাতি এবং আদিবাসীদের ছেলেমেয়েদের কথা, ছাত্রছাত্রীদের কথা বলা হয়েছে। তাদের বুক গ্রান্টের কথা বলা হয়েছে, তাদের মেনটিন্যান্সের কথা বলা হয়েছে, তাদের হোস্টেল ফেসিলিটির কথা বলা হয়েছে। আমি স্যার, জানতে চাই এই বছরের স্টাইপেণ্ড এর টাকা তিন বছর পরে পাওয়া যায়। আপনি জিজ্ঞাসা করবেন, আপনার দপ্তরের লোকজনদের, আজকে কেন রেগুলারলি স্টাইপেণ্ড পাওয়া যাচ্ছে না? আজকে এই বছর অ্যাডমিশন হলে, বই পাবে না। বইয়ের টাকা আসবে দু বছর পর। আপনাদের ডি. এম অফিসে, জেলা দপ্তরে, এস. সি, এস. টি. দপ্তরে জিজ্ঞাসা করবেন হোস্টেল ফি, বুক গ্রান্টের টাকা সময় মতো দেওয়া হয় না কেন? স্যার, ১৯৯৩-১৯৯৪ সালে একজামিনেশন ফিসগুলো তাদের দেওয়ার কথা। আজকে এই একজামিনেশন ফি তারা ১৯৯৩-১৯৯৪ সালে পায়নি। আপনারা চাকরির সংরক্ষণের কথা বলেছেন। আপনারা কি চাকরি দিচ্ছেন? ভগবান জানেন। ২২ শতাংশ যে সংরক্ষণ তার যে ৬ শতাংশ ও. বি. সি. এবং ৫ শতাংশ এস. সি, এস. টি.র জন্য। আজকে তফসিলি জাতি এবং আদিবাসী—তাদের ছেলেমেয়েরা অ্যাডমিশন পায় না। সংরক্ষণ অনুযায়ী তাদের অ্যাডমিশন পায় না। স্কুল কলেজে খবর নিয়ে দেখবেন। আজকে চাকরি এবং কর্মের কথা আপনারা বলেছেন। আপনারা ম্যাকসিমাম যা চাকরি দিয়েছেন তা প্রাইমারি টিচার আর স্কুলে। আজকে মাদ্রাসা স্কুলে আরবী, ফার্সী পড়াবার জন্য এস. সি, এস. টি. টিচারকে পাঠানো হয়। আজকে ইংলিশ পড়ানোর জন্য, হায়ার স্টাডিতে ফিজিক্স, কেমিস্ট্রি পড়ানোর জন্য কোটা করা হয়েছে। আজকে তফসিলি জাতি ও আদিবাসী, তাদের ছেলেমেয়েরা হায়ার স্টাডি পায় না। অথচ তাদের বলা হচ্ছে ইংলিশ পড়াও। সেই জায়গা গুলো খালি থেকে যাচ্ছে, পরে বড় জাতির ছেলেরা সেই জায়গায় চাকরি পাচ্ছে। আজকে প্ল্যাণ্ড ওয়েতে এটা করা হচ্ছে। আপনার দপ্তর থেকে এস. সি, এস. টি. ছেলেরা যাতে চাকরি থেকে বঞ্চিত হয় তার ব্যবস্থা করা হচ্ছে। আরবী, ফার্সী পড়াবার জন্য তফসিলি জাতি লোকদের পাঠানো হয়। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে বলা হচ্ছে ওখানে চলে যান, খালি আছে। কিন্তু সে যাচ্ছে আর ফিরে আসছে। আর এদিকে বলা হচ্ছে যে চাকরি হচ্ছে।

স্যার, আজকে যদি সরকার সিনসিয়ার না থাকে, কেন্দ্রীয় সরকারের অনেক প্রকল্প, অনেক প্রোজেক্ট আছে—যেমন আই.আর.ডি.পি., পি.এম.আর.ওয়াই.। আমরা জানি—ডিপার্টমেন্ট

থেকে ব্যাঙ্কে পাঠানো হয়। ইন্টারভিউ নিয়ে পাঠানো হয়। আপনারা মার্জিন মানি দেওয়ার কথা বলেন। কিন্তু ন্যাশনালাইজড ব্যাঙ্কগুলি সেই ছেলে মেয়েদের ঋণ দিচ্ছে না। শুধু ইন্টারভিউ নিয়ে ছেড়ে দেয় যে, যেখান থেকে দরখাস্ত এসেছে, সেখানে চলে যান। আমি জানতে চাই যে, আপনার ডিপার্টমেন্ট যে মার্জিন মানিগুলি দিচ্ছে, সেগুলি দেওয়ার পরে ব্যাঙ্ক কোনও ফিনান্স করছে কিনা, ব্যাঙ্ক কোনও ঋণ দিচ্ছে কিনা। স্যার, কেন্দ্রীয় সরকারের টেলিকমিউনিকেশন ডিপার্টমেন্ট ঠিক করেছিল যে, ১৯৯৬ সালে ৬০০ মতো এস টি ডি, আই এস ডি বুথ সিডুল কাস্ট, সিডুল ট্রাইব ছেলে মেয়েদের দেবে। ক্যালকাটায় একটা কোটা ছিল। সারা ডিস্ট্রিক্টে দেওয়ার কথা ছিল। আপনার ডিপার্টমেন্ট স্বীকার করছে যে, ন্যাশনাল থেকে সেইটা এসেছিল। আপনারা একটাও তফসিলি জাতি ও উপজাতি ছেলে মেয়ের জন্য একটা এস টি ডি, আই এস ডি বুথ দিতে পারেন নি। দোষটা কার? দোষটা হল আপনার। আপনার ইনিশিয়েটিভ নেই। আপনি ৪০ কোটি টাকা চেয়েছেন। ৪০ কোটি টাকার বাইরে এই রাজ্যে যে ৩৭০০ কোটি টাকার বাজেট, সেই বাজেট দিয়ে কেন্দ্রীয় সরকারের শিডিউল কাস্ট কমিশন বলেছেন যে, আজকে যে গ্রামে তফসিলি জাতি ও উপজাতি বাস করে, সেই গ্রামে ইলেক্ট্রিসিটি পৌঁছে দিতে হবে। আপনি খোঁজ নিয়েছেন কি? তাদের সঙ্গে অন্যায় হয়েছে। হাজার হাজার পেন্ডিং কেস হয়েছে। তাদের মেয়েদের রাত্রিবেলা অন্ধকারে তুলে নিয়ে যাচ্ছে। তার জন্য কয়টা কেস হয়েছে, সেটা আপনি খবর নিয়ে দেখছেন কি? তাই শুধু বাজেট থাকলেই হয় না, টাকা গ্র্যান্ট করলেই হয় না, অন্তর দিয়ে দেখতে হয়। তাদের অসুবিধা, তাদের সমস্যার কথা ভাবতে হবে। মন্ত্রী মহাশয়, এখন যে বাজেট বক্তৃতা রেখেছেন, এটা একটা ফার্স এবং এর তীব্র বিরোধিতা করে এবং আমাদের আনা কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে তফসিলি জাতি এবং উপজাতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন, তাকে আমি আন্তরিক ধন্যবাদ জানিয়ে কয়েকটি কথা বলছি। আমি এখানে বলতে চাই যে, তফসিলি সম্প্রদায়ের মানুষের জন্য পশ্চিমবঙ্গ সরকারের যে উদ্যোগ, এটা সাংঘাতিক বিষয়। এটা কেউ বলার অপেক্ষা রাখে না। আমরা দেখেছি যে, ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত যখন ওরা ক্ষমতায় ছিলেন, তখন পর্যন্ত সার্টিফিকেট থেকে আরম্ভ করে, শিক্ষা ক্ষেত্রে তফসিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ের জন্য ছাত্র ছাত্রীদের বৃত্তি দেওয়া, বই দেওয়া ইত্যাদি কোনও কিছুরই বালাই ছিল না। সেই সময় আমরা স্কুলে পাঠরতা ছিলাম এবং এটা আমরা উপলব্ধি করেছি। এই সরকার আসার পরে, এই সমগ্র বিষয়টিকে নিয়ে ভাবনা চিন্তা করছেন এবং একটা সুসংহত রূপ দেওয়ার চেষ্টা করছেন। আজকে আমরা সুনির্দিষ্ট ভাবে বলতে পারি যে, গ্রামের দিকে প্রাইমারি থেকে শুরু করে উচ্চ মাধ্যমিক, উচ্চ শিক্ষা পর্যায়ে আমরা দেখেছি যে, ছাত্রদের সংখ্যা বাড়ছে।

[4-10 – 4-20 p.m.]

আজকে এটা বাস্তব ঘটনা। আজকে দরিদ্র, দিনমজুর, ক্ষেতমজুর ঘরের ছেলে মেয়েরা

অন্তত স্কুলে পড়াশোনা করতে আসছে। এই যে বৃত্তি দেওয়া হয়, এটা আমরা এর আগে কখনও ভাবতে পারিনি যে এ রকম একটা সুযোগ সুবিধা গভর্নমেন্ট থেকে পাওয়া যেতে পারে। এক সময় তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ের মানুষ সাংঘাতিক দারিদ্র অবস্থায় ছিল। এই সম্প্রদায়ের মানুষ আগে খেতে পেত না। এঁরা পিছিয়ে পড়া অংশ হিসাবে চিহ্নিত ছিল। এদেরকে অস্পৃশ্য জাতি হিসাবে চিহ্নিত করা ছিল। কিন্তু আজকে তাদেরকে সেই জায়গা থেকে তুলে এনে সামাজিক মর্যাদা দেওয়া হয়েছে। তাদেরকে নানা সুযোগা সুবিধার মধ্যে দিয়ে শিক্ষিত করে তোলা সম্ভব হয়েছে। আমরা জানি পশ্চিমবঙ্গের জনসংখ্যার প্রায় ২৩ পারসেন্টের কিছু বেশি তফসিলি সম্প্রদায়ের মানুষ। এর মধ্যে ১ কোটি ৬০ লক্ষ তফসিলি জাতির মানুষ এবং ৩৮ লক্ষ ৯ হাজার ৭৬০ জন হচ্ছেন তফসিলি উপজাতির মানুষ। এদের শিক্ষা, সংস্কৃতির উন্নয়নের ক্ষেত্রে ভাবনা-চিন্তা করা গেছে। সেই সঙ্গে এদের জন্য সরকার থেকে সুনির্দিষ্ট পরিকল্পনা নেওয়া হয়েছে। এদের জন্য ডি. আর. ডি. এ.র ধাঁচে আর্থিক উন্নয়ন নিগম বাজেটে তৈরি করা হয়েছে। এই কর্মসূচি ১৯৭৯-৮০ সালে গ্রহণ করা হয় এবং ১৯৮০-৮১ সালে এটা কার্যকর হয়। সারা পশ্চিমবঙ্গে প্রায় ২০ লক্ষ পরিবার তফসিলি জাতি সম্প্রদায়ের আছে। এর মধ্যে প্রায় ১০ লক্ষ পরিবারকে এই ডি. আর. ডি. এ.র আওতায় আনা গেছে। আর সারা পশ্চিমবঙ্গের ৬ লক্ষ তফসিলি উপজাতি পরিবারের মধ্যে ৩ লক্ষের বেশি পরিবারকে এই ডি. আর. ডি. এ.র আওতায় নিয়ে আসা হয়েছে। এইরকম আর্থিক সাহায্য ছাড়াও পশ্চিমবঙ্গে ভূমিসংস্কার হয়েছে। পঞ্চায়েতে অনেক কাজ হয়েছে, যার বেশিরভাগ জমি, শতকরা প্রায় ৫০ পারসেন্ট জমি তফসিলি জাতি ও তফসিলি উপজাতি সম্প্রদায়ের মধ্যে বিলি-বন্টন করা হয়েছে। এছাড়া তাদের জন্য পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে। আগে তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ের পাড়াগুলোতে কোনও পানীয় জলের ব্যবস্থা ছিল না, কোন টিউবওয়েল, বসানো হত না। আগে দেখতাম ভদ্রলোক হিসাবে গ্রামে যারা চিহ্নিত ছিল, যারা জমিদার ছিল, গৃহস্থলি তাদের বাড়ির সামনে টিউবওয়েল বসানো হত। সেখান থেকে তফসিলি জাতি ও উপজাতির মানুষদের গিয়ে জল নিয়ে খেতে হত। আমরা পশ্চিমবঙ্গে আসার পর বেশি করে পঞ্চায়েতি ব্যবস্থার মধ্যে দিয়ে, জেলা পরিষদের সুনির্দিষ্ট কর্মসূচির মাধ্যমে জেলা স্তরে তফসিলি জাতি ও তফসিলি উপজাতির মানুষদের মঙ্গলের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা করে পানীয় জলের ব্যবস্থা করি। তাদের জন্য টিউবওয়েল বসানো হয়েছে। পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং-এর মাধ্যমে বহু জায়গায় জল সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। বেশির ভাগ তফসিলি জাতি ও উপজাতির মানুষ প্রত্যন্ত গ্রামে বাস করেন। এইসব জায়গার যোগযোগ ব্যবস্থা খুবই খারাপ ছিল। শহরের সঙ্গে তাদের যোগাযোগ ব্যবস্থা ছিল না। জেলাপরিষদের এর জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করে এবং তারজন্য নির্দিষ্ট পরিমাণ টাকা বরাদ্দ করা হয়েছে। সেই বরাদ্দকৃত টাকা সঠিকভাবে খরচা করার মধ্যে দিয়ে আজকে প্রত্যন্ত গ্রামের সঙ্গে শহরের যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটানো গেছে। চিকিৎসার ক্ষেত্রে, সরকারি কাজকর্মের ক্ষেত্রে তফসিলি জাতি ও তফসিলি উপজাতির মানুষদের জন্য নানা সুযোগ সৃষ্টি করা হয়েছে।

এস. সি., এস. টি.দের জন্য যে নির্দিষ্ট পরিমান অর্থ বরাদ্দ থাকে, সেটা নির্দিষ্ট জায়গায় খরচ করার মধ্যে দিয়ে তাদের একটা জায়গায় তুলে আনতে পারা গেছে। আপনারা ভালো ভাবেই জানেন, আজকে তাদের জন্য তো রিজার্ভেশন আছে, আবার নতুন করে ৫২টি জাতিকে ও. বি. সি.-র আওতায় আনা হয়েছে এবং তাদের জন্য ৫ শতাংশ রিজার্ভেশন রাখা হয়েছে। আজকে গ্রামে গ্রামে গিয়ে দেখবেন, আগে এই সব তফসিলি জাতি, উপজাতির মানুষ যারা লেখাপড়া শেখার কথা, চাকরির কথা ভাবতেই পারত না, আজকে তাদের প্রত্যেক পরিবারের কেউ না কেউ বি. ডি. ও. অফিস, এস. ডি. ও. অফিস, ডি. এম. অফিস, বিভিন্ন অফিসে কাজ করছে।

সার্টিফিকেট সম্বন্ধে একটা কথা বিরোধী বন্ধুরা বলেছেন। হ্যাঁ, সার্টিফিকেট প্রদানের ব্যাপারে কিছু প্রশাসনিক জটিলতা আছে। এটা কাটাবার জন্য মাননীয় মন্ত্রী ইতিমধ্যেই এই পদ্ধতির সরলিকরণের কথা চিন্তা করেছেন। আমাদের বাস্তব অভিজ্ঞতায় দেখেছি, আগে মণ্ডল, সাহা, এসব পদবী দেখিয়ে সার্টিফিকেট নিয়েছে। সেসব বন্ধ করে সঠিক ভাবে সার্টিফিকেট দেওয়ার জন্য সরকার পদক্ষেপ নিয়েছে। আরও একটু দ্রুত এই সার্টিফিকেট প্রদান করার অনুরোধ করছি মাননীয় মন্ত্রীকে। শেষে এই বাজেটকে সমর্থন করে সমস্ত কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গোপালকৃষ্ণ দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ৪১ নং দাবির মাধ্যমে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, আমি তার তীব্র বিরোধিতা করছি। এই বাজেট বক্তৃতার তিনের পাতায়, যেখানে কল্যাণ সাধন শব্দটা ব্যবহার করেছেন—তফসিলি জাতি এবং উপজাতিদের কল্যাণের জন্য তাঁর দপ্তর আত্মনিয়োগ করেছে বলে বিশ্লেষণ করার চেষ্টা করেছেন, বাস্তবের সঙ্গে তার কোনও সঙ্গতি নেই, এটা সত্যের অপলাপ মাত্র। এস. সি., এস. টি.-র ব্যাপারে বামপন্থী বন্ধুরা প্রতিনিয়তই বলেন, তারা নাকি তাদের জন্য দরদ দিয়ে সব কিছু দেখেন। যে কথা শুরু করেছিলেন সুলতান আহমেদ, সরকারি দলের বন্ধুদেরও বলব, বুকে হাত দিয়ে দেখুন, সেই সুরে সুর মেলান। একটা সময় ছিল, যখন দু-তিন দিন বা এক সপ্তাহের মধ্যেই সার্টিফিকেট পাওয়া যেত। কিন্তু আজকে রাজ্য সরকার ৪৫ দিনের মধ্যে এই সার্টিফিকেট প্রদানের কথা বলছে। মাননীয় মন্ত্রী মহোদয়, একটু লক্ষ্য করে দেখবেন, ৪৫ দিন কেন, তিন বছরেও সার্টিফিকেট পাওয়া যাচ্ছে না।

[4-20 – 4-30 p.m.]

তার নমুনা আমি বলছি। এবিষয়ে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের টেবিলে আমি কাগজ দেব। আমাদের দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে ০৭.০২.৯৪ দরখাস্ত করা হয়েছে, মেমো নম্বর—১১০, ১১২। অনিন্দিতা গায়েন, অনুপম গায়েন এস. সি. সার্টিফিকেটের জন্য আবেদন করেছিলেন। স্থানীয় প্রতিনিধিদের কাছ থেকে সার্টিফিকেট নিয়ে জমা দেওয়া হয়েছে, আরো যে যে কাগজ সার্টিফিকেট বার করার জন্য দরকার ছিল তাও দেওয়া হয়েছে—আমি গতকাল

পর্যন্ত জানি তারা সার্টিফিকেট পায়নি। এবং এর থেকে বোঝা যায়, ৪৫ দিন নয় ১৯৯৪ সাল থেকে ১৯৯৭ সাল-এর আজকে পয়লা এপ্রিল, এই দপ্তর মনে হয় এফ মধ্যে দিয়ে আমাদের এপ্রিল ফুল করছে। সময় মতো, সঠিক ভাবে কেউ সার্টিফিকেট পাচ্ছে না।

এবারে ও. বি. সি.-দের সম্বন্ধে বলছি। এ ব্যাপারে যে কাগজ পত্র আছে সেগুলো আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের টেবিলে জমা দেব। স্যার, শ্রী রঞ্জিৎ কুণ্ডু ও. বি. সি.-র সার্টিফিকেটের জন্য বি. ডি. ও. অফিসে দরখাস্ত করেছিলেন, বারুইপুরে থাকেন, কিন্তু আজকে ১-লা এপ্রিল হয়ে গেলেও অদ্যাবধি তিনি সেই সার্টিফিকেট পায়নি। স্যার, এই সরকার নাকি পিছিয়ে পড়া মুসলমান সম্প্রদায়ের বন্ধু। আজকে মোমিন, আনসারি বা জোলা সম্প্রদায়ের দিকে কি দৃষ্টি দেওয়া হয়েছে? তারা যখন বি. ডি. ও.-র কাছে সার্টিফিকেটের জন্য যাচ্ছে তখন তাদের বলা হচ্ছে, তারা মুর্শিদাবাদের লোক সুতরাং এখানে তাদের সার্টিফিকেট দেওয়া হবেনা। অথচ যুগ যুগ ধরে আমাদের জেলা, বিশেষ করে ন-পুকুরিয়া, গোপালপুর প্রভৃতি জায়গায় ঐসব সম্প্রদায়ের বহু মানুষ বাস করে। কিন্তু এঁরাই আবার আজকে এস. টি. এস. সি. ও. বি. সি.-দের কল্যাণের কথা বলছেন। আজকে মণ্ডল কমিশনের রিপোর্ট অনুযায়ী ১৭-টার মধ্যে মন্ত্রী মহাশয় বলেছেন ৫২-টা শ্রেণীকে চিহ্নিত করে তাদের কল্যাণের কর্মসূচি নেওয়া হয়েছে। আমার কাছে যে তালিকা আছে তাতে ১৯৯৩ সালের ১৩-ই জুলাই, ১৯৯৪ সলের ১৩ ডিসেম্বর, ১৯৯৫ সালের ১২ই মে, ১২ই ডিসেম্বর, ১লা ডিসেম্বর এবং ৮ই মার্চ ১৯৯৬—মোট ৪৭টা সম্প্রদায়কে এতে চিহ্নিত করা হয়েছিল, ৬টা পর্যায়ে গেজেটে এই প্রস্তাব হয়েছিল। কিন্তু জানিনা, মাননীয় মন্ত্রী মহাশয় ৪৭-টা জায়গায় ৫২টা কোন কোন শ্রেণীভূক্ত মানুষকে এর মধ্যে নিলেন। এটা জানালে নিশ্চিত ভাবেই আমরা খুশি হব। আজকে মণ্ডল কমিশন ও. বি. সি.-দের ক্ষেত্রে যে সুপারিশ করেছিলেন সেখানে মাহিষ্য সম্প্রদায়ের মানুষরা দীর্ঘদিন ধরে অপেক্ষা করে রয়েছে। পশ্চিমবাংলায় এদের মধ্যে আর্থসামাজিক দিক থেকে পিছিয়ে পড়া মানুষের সংখ্যা অনেক। কিন্তু আজ পর্যন্ত তাদের নির্দিষ্ট করা হল না, ও. বি. সি. হিসাবে আসবে কিনা, এই নাকি কল্যাণ হচ্ছে। আজকে মুর্শিদাবাদ, মালদার 'চাই' সম্প্রদায়ের মানুষ দীর্ঘদিন ধরে এ বিষয়ে আন্দোলন করছে, এই অগণতান্ত্রিক বন্দি অবস্থার প্রতিবাদস্বরূপ তারা ভোট বয়কট পর্যন্ত করেছে যে, কবে তাদের এস. সি. তালিকাভুক্ত করা হবে। এবিষয়ে আমার একটা প্রশ্নের জবাবে মাননীয় মন্ত্রী মহাশয় জবাব দিয়েছিলেন। সেই প্রশ্নে জিজ্ঞাসা করেছিলাম, কেন্দ্রীয় সরকার এস. টি. ছাত্র-ছাত্রীদের জন্য যে অনুদান দিচ্ছেন সেটা তারা ঠিকমতো পাচ্ছে কি না? মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই ক্লাস ফাইভ থেকে মাসিক এবং বার্ষিক টাকা কি ভাবে দেওয়া হচ্ছে? আমি আপনাকে বলতে চাই যে আজকে পড়াশোনার টাকা বিশেষ করে হোস্টেল ফী না পৌছানোর জন্য সুন্দরবনে প্রত্যন্ত কলেজ পাঠানখালিতে হাজি দেশারত কলেজে আজকে ছাত্রাবাস উঠে যেতে বসেছে, তার কারণ হচ্ছে সঠিক সময়ে হোস্টেল ফী পাওয়া যায় না। বাড়ি থেকে টাকা এনে দেবে এমন আর্থিক সঙ্গতি বহু ছেলেদের থাকে না

ফলে মাঝপথে পড়াশোনা বন্ধ হয়ে যাচ্ছে। আজকে ট্যাংড়াখালির বঙ্কিম সর্দ্দার কলেজে, দক্ষিণ বারাসাত ধ্রুবচার হালদার কলেজে এবং পশ্চিমবঙ্গের আরও অনেক কলেজের এবং স্কুলের ছাত্রাবাসের অবস্থা খুবই খারাপ। আজকে সঠিক সময়ে স্টাইপেণ্ড পৌছায়না। পরীক্ষার ক্ষেত্রে বলছি, ১৯৯৫-৯৬, ১৯৯৬-৯৭ সালের আর্থিক বরাদ্দের টাকা ১৯৯৫-৯৬ সালে যারা ডিগ্রি কলেজের পরীক্ষা দিচ্ছে তারা পায়নি। ১৯৯৪-৯৫ সালের টাকা এখনও পৌছায়নি তাহলে ১৯৯৬-৯৭ সালের টাকায় পড়াশোনা চলবে কি করে। আজকে চাকরির ক্ষেত্রে সরকারি দলের বন্ধুরা প্রশংসা করছিলেন মন্ত্রকের, কিছু কিছু ক্ষেত্রে দীনেশবাবুকে ধন্যবাদ দিতে হয়। তফসিলি আদিবাসি সম্প্রদায়ের হৃদয়াবেগে সাড়া দিয়ে বীরশামুণ্ডার উৎসব পালনের জন্য একটা নতুন কর্মসূচি নিয়েছেন, কিন্তু এটাই কি সব? কয়েক জন আদিবাসী গুনীজনকে সংবর্ধনা দিলেই কি আদিবাসীদের প্রতি দরদের প্রকাশ ঘটল, মাননীয় মন্ত্রী মহাশয় হয়তো চুনী কোটালের মৃত্যুর কথা এখানে বলতে লজ্জা পেয়েছেন, তাই তিনি বলেননি। আজকে হাণ্ড্রেড পয়েন্ট রোস্টার মেনে কতজনকে সরকারি চাকরি দিয়েছেন, বে-সরকারি ক্ষেত্রে তাদের চাকরির ব্যবস্থা হচ্ছে কি না। দুর্নীতির চূড়ান্ত হচ্ছে। মালদায় গাজোলে তিয়াকাঠি বিদ্যালয়ের ছাত্ররা স্টাইপেণ্ডের টাকা পাচ্ছে না বলেই তাদেরকে তাড়িয়ে দেওয়া হচ্ছে। বাঁকুড়ায় লক্ষ লক্ষ টাকা আপনার অফিসাররা আত্মসাৎ করেছে, তার জন্য কি ব্যবস্থা নিয়েছেন? আজকে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগের জয়ন্ত বারিকের উপর অত্যাচার করা হয়েছে। শুধু কি তফসিলি সম্প্রদায়ের মানুষ বা আদিবাসী সম্প্রদায়ের মানুষের উপরেই এই অত্যাচার চলবে, আর আপনারা বলবেন কল্যাণ সাধন করছেন, এই জিনিস চলতে পারে না। মিঃ চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব পশ্চিমবঙ্গে যদি সত্যি সত্যি অগ্রগতি করতে হয় এবং আদিবাসী ও তফসিলি সম্প্রদায়ের মানুষের, তাহলে আজকে মন্ত্রী মহাশয়কে এখানে ঘোষণা করতে হবে কি স্কীম আদিবাসীদের কল্যাণে তৈরি করেছেন। কত ছাত্র আজকে আর্থিক দিক থেকে আর্থসামাজিক উন্নয়নের ক্ষেত্রে সুবিধা পাচ্ছে, কত জন মানুষকে হাণ্ড্রেড পয়েন্ট রোস্টার মেনে চাকরি করে দিয়েছেন? তাই এই ব্যর্থতার ইতিহাসে ভরা এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশানের সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-30 -- 4-40 p.m.]

**শ্রী অশোককুমার দেব ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, তফসিলি জাতি এবং উপজাতিদের কল্যাণে ১৯৯৭-৯৮ সালে অসম্পূর্ণ বাজেট, অবৈজ্ঞানিক বাজেট এবং হটকারী বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশানের সমর্থন করে কিছু কথা বলছি। স্যার, মন্ত্রী মহাশয় এখানে আছেন, গত বছর যে বাজেট পেশ করা হয়েছে, ঠিক সেই কায়দায় হুবহু একই বাজেট এবারেও তিনি হাউসে পেশ করেছেন, শুধুমাত্র ২৭ কোটি টাকার অঙ্কটার একটা ডিফারেন্স আছে। মনে হয় তিনি গত বারেরটাই টুকে লিখেছেন। আপনি নিশ্চয়ই এটা ...ছেন, দেখে এটাই প্রমাণ হয় যে গত বছর কোনও কাজই হয়নি এবং হয়নি বলেই গত

বারের মতো একই কায়দায় বাজেট লিখেছেন। আমরা দেখছি এই বাজেট বক্তৃতায় গ্রামীণ উন্নয়ন কর্মসূচির কথা বলা হয়েছে। ১৯৯৭-৯৮ সালে দারিদ্র সীমার নিচে অবস্থিত তফসিলি জাতি ও আদিবাসীর অন্তর্ভুক্ত মানুষের অর্থনৈতিক কল্যাণ সাধনের কথাও বলা হচ্ছে। দারিদ্র সীমার নিচে যে সমস্ত শিডিউলড কাস্টরা আছেন তাদের ক্ষেত্রে ৯০,০০০ টাকা এবং শিডিউলড ট্রাইবদের ক্ষেত্রে ২৬,০০০ টাকা করে সাহায্য করার পরিকল্পনা নেওয়া হচ্ছে। গত বছরও এই একই কায়দায় এই কথা বলা হয়েছিল। গত বছরের কথার সঙ্গে এ বছরের কথার কোন তফাৎ নেই। তাহলে গত বছর যে টাকাগুলো ধরা হয়েছিল সেই টাকাগুলো গেল কোথায়? আমরা মনে করি এস. সি. এবং এস. টি.-দের যদি সঠিক পরিকল্পনা করে কুটির শিল্প এবং অন্যান্য ক্ষুদ্র শিল্পের কাজ শেখানো যায় তাহলে তারা সেই কাজ শিখে ব্যাঙ্ক থেকে লোন নিয়ে ক্ষুদ্র ও কুটির শিল্প গড়ে তুলে নিজেদের সংসার চালাতে পারে। তাতে সরকারেরও আগামী দিনে চলার পথে সুবিধা হতে পারে। কিন্তু এই সরকার সেদিকে যাবার চেষ্টা করছেনা। আমরা দেখছি ও. বি. সি. সার্টিফিকেট ইস্যু করার ব্যাপারে এ রাজ্য অন্যান্য রাজ্যের তুলনায় অনেক পিছিয়ে আছে। যারা সার্টিফিকেট পাচ্ছেনা, তারা অনেকেই আমাদের কাছে আসছে। সরকার তাদের সার্টিফিকেট দেবার ব্যাপারে কিছুই করার চেষ্টা করছেনা। আমি মনে করি যদি এম. এল. এ. এবং এম. পি.-দের সার্টিফিকেট গ্রহণ করা হয় তাহলে এবিষয়ে অনেক সুবিধা হবে। অনুরূপভাবে দেখা যাচ্ছে শিডিউলড কাস্ট এবং শিডিউলড ট্রাইবদের ক্ষেত্রে সময় মতো সার্টিফিকেট না পাওয়ার ফলে অনেক ছেলে-মেয়ে চাকরির ক্ষেত্রে, পড়াশুনার ক্ষেত্রে পিছিয়ে পড়ছে। আমাদের কাছে এসে বলছে, সার্টিফিকেটের অভাবে আমরা পড়াশুনা করতে পারছিনা, চাকরির আবেদন করতে পারছেনা। আমরা এই বাজেট বক্তৃতার মধ্যে লক্ষ্য করছি যে, এ রাজ্যে ১৯৯৫ সালে প্রাথমিক এবং নিম্ন মাধ্যমিক আশ্রম ছাত্রাবাস যা ছিল তিন বছর পরে আজ'ও তাই আছে। ১৯৯৫ সালে ছাত্রাবাসে আবাসিক ছিল ১৭৬০ জন, আজ'ও তাই আছে প্রাথমিক স্তরের। আর নিম্ন মাধ্যমিক স্তরের ছাত্র সংখ্যা তিন বছর আগে ছিল ৩,৮০০ জন, আজ'ও তাই। আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করছি তিন বছরের মধ্যে ছাত্র সংখ্যা বৃদ্ধি পাচ্ছেনা। এর থেকে কি সরকার প্রমাণ করতে চাইছেন যে, এ রাজ্যে শিডিউলড কাস্ট, শিডিউলড ট্রাইব এবং ও. বি. সি.-র সংখ্যা কমছে? এটাই প্রমাণ করছে যে রাজ্যে এস. সি., এস. টি. এবং ও. বি. সি.-দের কোন উন্নয়নই হচ্ছে না। আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি সার্টিফিকেট নিয়ে এক ভয়াবহ অবস্থা চলছে। এখানে আমাদের দলের এবং সরকারি দলের বেশির ভাগ সদস্য নিশ্চয়ই এটা স্বীকার করবেন যে, সার্টিফিকেট নিয়ে ছিনি-মিনি খেলা হচ্ছে। প্রশাসনের সঙ্গে যুক্ত ব্যক্তিরা এই জিনিস করছে। এই বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের যথাযথ লক্ষ্য দেওয়া উচিত বলে আমি মনে করি। মন্ত্রীর এ বিষয়ে এগিয়ে যাওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি। আমি এই প্রসঙ্গটা বার বার এই হাউসে তুলেছি যে, এ বিষয়ে একটা উচ্চ ক্ষমতা-সম্পন্ন কমিটি তৈরি করে তাদের হাতে দায়িত্ব দিয়ে দেওয়া হোক। সত্যিই যারা সার্টিফিকেট পাওয়ার উপযুক্ত এবং আবেদন করেছেন, তাঁরা কি কারণে সার্টিফিকেট পাচ্ছেন না তা অবিলম্বে বিবেচনা করে

দেখা উচিত। যদি কমিটি গঠন করা হয় তাহলে নিশ্চয়ই কাজের পক্ষে অনেক সুবিধা হবে। ২৪-পরগনা জেলা থেকে শুরু করে রাজ্যের সব ক'টি জেলার আদিবাসী এবং তফসিলি অধ্যুষিত এলাকার আজকে কোন উন্নয়ন হচ্ছেনা। এক সময় আমরা ভেবেছিলাম এই সরকার হয়ত পূর্ত বিভাগের মাধ্যমে, জেলা পরিষদের মাধ্যমে ঐ সমস্ত এলাকার উন্নতির কথা ভাবছেন, উন্নয়নের চেষ্টা করবেন। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি সরকার সে পথে যাবার চেষ্টাই করলেন না। এখানে এখন ফিনান্স কর্পোরেশন তৈরি করার কথা ঘোষণা করা হয়েছে। বলা হচ্ছে,—আগামী বছরে ৫০০ জনকে ফিনান্স কর্পোরেশনের মাধ্যমে সাহায্য করা হবে। কারা সেই ৫০০ জন সাহায্য পাবে, তা আমরা জানি না। সেটা জানতে পারলে আমাদের সুবিধা হত। এই বাবদ ২৭ লক্ষ টাকা বরাদ্দ করা আছে। অথচ আমরা জানি এই ভাবেই গত বছর ১ কোটি ২০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল, তাহলে সেই টাকা গেল কোথায়? কারা সেই টাকা নিয়ে গেছে? আশা করব মন্ত্রী উত্তর দেবার চেষ্টা করবেন। বাজেট বক্তৃতায় আরো বলেছেন, তিনি শিডিউলড কাস্ট এবং শিডিউলড ট্রাইব পরিবারের উন্নয়নের কথা চিন্তা করছেন। কিভাবে তাদের আর্থিক উন্নয়নের কথা চিন্তা করছেন সেকথা বলার চেষ্টা আপনি করেননি। সুতরাং লোক দেখানো ছাড়া আর কিছু হবে না। তাদের আর্থিক উন্নয়নের ক্ষেত্রে ভ্যালুয়েশন কত সেকথা আপনার বলা উচিত ছিল। আপনি যেসব কর্মসূচির কথা ঘোষণা করেছেন তা সত্যিকারের মানুষ পাচ্ছে না। এস.সি. এবং এস.টি. যারা আছে তারা এইসব প্রকল্পের মধ্যে একজনও নেই। সুতরাং তা যদি না থাকে তাহলে অন্য ট্রেডে নিয়ে যান যে ট্রেডে তারা কাজ করতে পারেন। অন্য ট্রেডে নিয়ে গিয়ে এই সমস্ত উপজাতিদের জীবনকে যদি আমরা সুন্দর ভাবে সাজাতে পারি তাহলে আমার মনে হয় সুবিধা হবে এবং এদের উন্নতি হবে। একুশ শতাব্দীর মুখে দাঁড়িয়ে আমরা, এস.সি. অ্যান্ড এস.টি.-দের জন্য কর্মসূচি দেখছি? খালি গাছ কাটা, শালপাতার কর্মসূচি, কেন্দু পাতা এ ছাড়া তাদের জন্য কোনও কাজ নেই। এদের জন্য কি কোনও নতুন প্রকল্প হতে পারে না? ২০ বছর ধরে ক্ষমতায় থেকে এদের জন্য আপনারা কি করেছেন? কেন এদের উন্নতি হয়নি? দীর্ঘ ২০ বছর ধরে এদের সম্পর্কে আপনাদের ভাবা উচিত ছিল। কেন করেননি? এগুলি রাজ্য সরকারের প্রকল্প নয়, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প করে অনেক টাকা অনুদান দিয়েছিলেন এদের সাহায্য করার জন্য। তাহলে কেন রাজ্য সরকার এইসব প্রকল্পগুলি রূপায়িত করতে পারছেন না, কেন এইসব মানুষগুলি পিছিয়ে যাচ্ছে? শুধু তাই নয়, এদের জন্য অনেক রকম প্রকল্প আছে, যেমন, কুটির শিল্প, ক্ষুদ্র শিল্প প্রভৃতি। এগুলির মাধ্যমে এদের যদি ঠিকমত ঋণ দেওয়া যায় তাহলে এই সমস্ত পিছিয়ে পড়া মানুষগুলি নিজের পায়ে দাঁড়াতে পারে। পরবর্তী পর্যায়ে সরকারের উপর আর এদের নির্ভর করতে হবে না। কিন্তু এই সরকার আজ পর্যন্ত সেইসব কাজ করার চেষ্টা করছেন না। দিনের পর দিন যদি এই জিনিস চলতে থাকে তাহলে এরা যাবে কোথায়? সার্ভিসের ক্ষেত্রে গ্রামে গঞ্জে ঢালাও ভাবে প্রচার করছেন এস.সি. অ্যান্ড এস.টি.-রা চাকরি পাচ্ছেন। আপনারা প্রচার করছেন এস.সি. অ্যান্ড এস.টি.-রা যে চাকরি পাচ্ছে সেই ব্যাপারে চিন্তার কোনও কারণ নেই। আপনাদের কথা শুনে মনে

হচ্ছে, সারা পশ্চিমবাংলায় যারা এস.সি. অ্যান্ড এস.টি.-রা আছেন তাদের চাকরি পেতে আর বাকি নেই। আমার জেলা থেকে আরম্ভ করে বাকি যে জেলাগুলি আছে খোঁজ নিয়ে দেখলে দেখা যাবে এইসব সম্প্রদায়ভুক্ত মানুষের প্রচুর চাকরি পেতে বাকি আছে। কেন এই জিনিস করছেন? মানুষকে বঞ্চিত করা ঠিক নয়, মানুষকে এইভাবে ধাপ্পা দেওয়া ঠিক নয়। আপনারা ৫২টি সম্প্রদায়ভুক্ত মানুষকে—ইনক্লুডিং ও.বি.সি.-র ক্ষেত্রে ডিক্লেয়ার করেছেন তাদের চাকরি দেওয়া হবে। আমার কথা হচ্ছে, এদের জন্য যখন কোনও কাজ করতে পারবেন না, পিছিয়ে পড়া মানুষগুলিকে যখন এগিয়ে নিয়ে যেতে পারবেন না, তাদের জন্য যখন কোনও রকম সাহায্য করতে পারবেন না তখন তাহলে এ ব্যাপারে এগিয়ে যাবার দরকার কি ছিল? তাই বলছি, এগুলি পাবলিসিটি ছাড়া আর কিছু নয়। আপনি নিজেই তো এস.সি. নাকি এস.টি. সম্প্রদায়ভুক্ত, এদের সম্পর্কে আপনার ভাবা উচিত ছিল। আপনি সেই সম্প্রদায়ভুক্ত হয়েও সেই সম্প্রদায়কে ঠকাচ্ছেন। এটা আপনি ঠিক করছেন না। এটা শুধু আমার কেন্দ্র নয়, সব কেন্দ্রেই এই জিনিস হচ্ছে। এমন কি মুখ্যমন্ত্রী যে কেন্দ্র থেকে জয়লাভ করেছেন, সেই কেন্দ্রেও এস.সি. অ্যান্ড এস.টি. আছে। সুতরাং তাদের কেন আপনি ছলনা করছেন? এদের জন্য তাই বলছি, নতুন ভাবে চিন্তা করা উচিত। একটা লোককেও ঠকানো উচিত নয়। আমরা যখন কেন্দ্রের ক্ষমতায় ছিলাম তখন আমরা চেয়েছিলাম ও.বি.সি. থেকে আরম্ভ করে এস.সি. অ্যান্ড এস.টি.-দের এগিয়ে নিয়ে যেতে। কিন্তু আপনারা এদের পিছিয়ে দেবার চেষ্টা করছেন। তাই আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না। আমি আমাদের আনীত কাট মোশনকে সমর্থন করে এবং আপনার আনীত বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজ পশ্চিমবঙ্গ সরকারের তফসিলি জাতি ও উপজাতি এবং অনগ্রসর জাতির ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী দীনেশচন্দ্র ডাকুয়ার আনীত যে বাজেট সেই বাজেটকে সমর্থন করে আমি আমার যুক্তির অবতারনা করছি। বলতে উঠে সবার আগে বলতে হবে, ১৯৭৭ সালের আগে এস.সি. অ্যান্ড এস.টি.-রা কি কি সুযোগ পেত আর এখন কি কি পাচ্ছে, তুলনামূলক ভাবে কোথায় আছে, আরও কি পাওয়া উচিত ছিল সেগুলি বলতে গেলে প্রথমেই বলতে হবে কোনও জাতির কতখানি উন্নতি তা নির্ভর করে সেই জাতি কতখানি শিক্ষিত। আমাদের পশ্চিমবঙ্গ সরকার সেই সমস্ত আদিবাসীদের শিক্ষার প্রতি জোর দিয়েছে।

[4-40 – 4-50 p.m.]

কি ভাবে জোর দিয়েছে, যে সব ছেলে মেয়ে স্কুলে আসত, যারা বাবাকে লাঙ্গল দিয়ে সাহায্য করত, গরুটা এগিয়ে দিয়ে সাহায্য করত, তাদের স্কুলে আসার জন্য সরকার কিছু পয়সা দিয়ে সাহায্য করার ব্যবস্থা করেছে যাতে সে কিছু পয়সা তার বাবাকে মাকে দিতে পারে। মাসিক কুড়ি টাকা হারে প্রত্যেক পড়ুয়া ছেলেকে দেওয়া হত। যে সমস্ত ছেলেরা

আসত এই ব্যবস্থার ফলে ড্রপ আউটের সংখ্যা অনেক কমে গেছে। এবং ড্রপ আউটের সংখ্যা কমে যাবার ফলে স্কুলে এই সম্প্রদায়ের ছাত্র ছাত্রীদের মধ্যে স্কুলে যাবার একটা জোয়ার এসেছে। এর ফলে স্কুলে ছাত্র ছাত্রীর সংখ্যা এমন ভাবে বৃদ্ধি পেয়েছে যে কোথাও কোথাও ছাঁটাই পর্যন্ত করতে হচ্ছে। এটা শুধু শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবস নয় সমস্ত সম্প্রদায়ের মধ্যেই এসেছে। তাই আদিবাসী, তফসিল জাতির মধ্যে এই যে জোয়ার এসেছে এটাকে আরও উন্নতমানের করতে পারলে উন্নত জাতির সঙ্গে এই যে ব্যবধান এটা দূর হয়ে যাবে। অনুন্নত শ্রেণীর মধ্যে যে কলঙ্ক আছে সেটা মুছে যাবে। আমি আশা করব তারা অন্য সম্প্রদায়ের সঙ্গে সমান তালে উন্নতি করবে এবং তখন আমাদের দেশে কোনও হিংসা, দ্বেষ, ঘৃণা থাকবে না। যদিও প্রত্যেক তফসিলি এবং আদিবাসী ছাত্র ছাত্রীদের যে বৃত্তি দেওয়া হচ্ছে সেটার পরিমাণ খুবই কম কিছু বই বিনা পয়সায় দেওয়া হচ্ছে, কারণ ছাত্র ছাত্রী আছে, যাদের বাবাদের চাল, ডাল কিনতেই পয়সা ফুরিয়ে যায়, সেখানে বই কেনার আর পয়সা থাকে না। সেই জন্য সরকার থেকে বই কিনে দেবারও ব্যবস্থা করা হয়েছে। বই কিনে দেবার ব্যবস্থা করা হল তারপর আবার মাসিক ফি দেবার ব্যবস্থা হল। তার ফলে ছাত্র ছাত্রীদের সংখ্যা বেড়ে গেল। প্রথমে ছাত্র ছাত্রীদের সংখ্যা ছিল ৪৬ হাজার ৮৮৪ জন, টাকার পরিমাণ ছিল ৩২ লক্ষ ৪৪ হাজার টাকা। ১৯৯৪-৯৫ সালে ছাত্র সংখ্যা হল ৮ লক্ষ ৩১ হাজার ৯০৪ এবং টাকার পরিমাণ হল ৬৬ লক্ষ ৩৯ হাজার ৫০০। তুলনামূলক ভাবে বৃদ্ধি পেয়েছে ১৬৭.৪ শতাংশ। এই সংখ্যাটা কম নয়। এই হারে যদি বৃদ্ধি পায় তাহলে আরও সচেতনতা বাড়বে। এটা আগে ছিল না। মাধ্যমিক স্তরে ভরণ পোষণ ভাতা ছিল না। তফসিলি জাতি এবং উপজাতি ছাত্র ছাত্রীরা যাতে ভরণ পোষণ ভাতা পায় তার ব্যবস্থা করুন। তাদের পারিবারিক একটা সিলিং বাঁধা ছিল। একটা তফসিলি জাতি এবং উপজাতি পরিবারে একজন মহিলা এবং একজন পুরুষ কাজে গেলে, সরকারের নিয়ম অনুযায়ী তারা ত্রিশ যুক্ত ত্রিশ করে টাকা পায়। তাহলে একজন এক মাসে বা এক বছরে হিসাব করলে কত পাচ্ছে এই সংখ্যাটা মোটেই বেশি নয়। মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করব যাতে এটা বাড়ানো যায় সেই ব্যবস্থা উনি করবেন।

আশ্রম হোস্টেল যেগুলি আছে প্রাথমিক থেকে জুনিয়ার হাইস্কুল পর্যন্ত তার সংখ্যা ১৯২টি এবং এক একটি আশ্রম হোস্টেলে ২৫/৩০ জন ছাত্র বা ছাত্রী থাকতে পারে। কোথায় ছেলেরা থাকে, কোথাও মেয়েরা থাকে। এটা বাড়িয়ে ১৯৬টা করা হয়েছে এবং এতে মোট ছাত্র ছাত্রী থাকতে পারে ৫ হাজার ৬৫৫ জন। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে আরও ৫৫টি তিনি বাড়াবেন। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, এখানে ছাত্র পিছু ১৫০ টাকা করে যেটা দেওয়া হয় তা অপ্রতুল। আজকে পটলের দাম ৩০/৪০ টাকা কে.জি. সজনে ডাটা ৩০/৪০ টাকা কে.জি. মাছের বাজারও সেই রকম এই অবস্থায় তাদের ভাতাটা আরও যাতে বাড়ানো যায় সেদিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর আরও একটি অনুরোধ রেখে আমার বক্তব্য শেষ করব। যে সমস্ত পরিবারের ছেলে মেয়েদের

পড়াশুনা করার সুযোগ থাকে না, যে সমস্ত পরিবার আনক্লিন অকুপেশানের সঙ্গে যুক্ত, তাদের ছেলে মেয়েদের জন্য যাতে হোস্টেলের ব্যবস্থা করতে পারেন তাহলে খুবই ভাল হয়। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তা সমর্থন করে এবং বিরোধিদের আনা সমস্ত কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, তফসিল জাতি, উপজাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া মহাশয় যে ২১৬ কোটি ৭৫ লক্ষ ১৭ হাজার টাকার ব্যয় বরাদ্দের দাবি এই সভায় পেশ করেছেন তার তীব্র বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে আনা সমস্ত কাট মোশনগুলি সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার আমার বক্তব্য রাখতে গিয়ে প্রথমেই আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, এই সরকার, বিধানসভার মাননীয় সদস্য এবং সদস্যরা, বিভিন্ন সংবাদপত্রের এবং প্রচার মাধ্যমের কর্মীরা এই দপ্তরের বাজেটকে যে গুরুত্বহীন করে দিয়েছেন তা আজকের সভার চেহারা দেখলেই বোঝা যাচ্ছে। আজকে দেখুন মাননীয় অধ্যক্ষ মহাশয় নেই, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় নেই, অধিকাংশ সদস্য, সদস্যরা সভায় অনুপস্থিত, এমন কি বিভাগীয় মন্ত্রীরা ছাড়া কোনও পূর্ণ মন্ত্রী পর্যন্ত সভায় উপস্থিত নেই। অত্যন্ত ক্ষোভ এবং দুঃখের সঙ্গে আমি এই কথাগুলি বললাম। স্যার, এই বাজেটের আমি বিরোধিতা করছি। শুধু বিরোধিতা করার জন্যই যে আমি বিরোধিতা করছি না তা যুক্তি দিয়ে আমি বুঝিয়ে দেব। স্যার, এই বাজেটের বরাদ্দ বাড়লেও এখানকার তফসিল জাতি, উপজাতি, আদিবাসী সম্প্রদায় এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর মানুষদের অবস্থার কোনও উন্নতি হয়নি। তফসিল জাতি, উপজাতি এবং অনগ্রসর শ্রেণীর জন্য একটা বিত্ত নিগম করলেই এবং দারিদ্র সীমার নিচে বসবাসকারী মানুষদের কিছু আর্থিক সাহায্য ও ঋণ দিলেই যে সব দায়িত্ব শেষ হয়ে গেল তা আমি মনে করি না। এই দপ্তরে দুজন মন্ত্রী আছেন কিন্তু যে সমস্ত আইনকানুন এই দপ্তর থেকে করা হচ্ছে তার প্রয়োগ ঠিক মতন হচ্ছে কিনা তা দেখার জন্য বা মনিটারিং করার জন্য বা সুপারভিশান করার জন্য মন্ত্রী মহাশয় এবং রাষ্ট্রমন্ত্রী মহাশয় নজর রাখছেন কিনা আমরা বুঝতে পারছি না।

[4-50 – 5-00 p.m.]

আশা করি তিনি তার জবাবি ভাষণে উত্তর দেবেন। আজকে গ্রামে দারিদ্র সীমার নিচে বসবাসকারী তফসিল জাতি, আদিবাসী, যারা অন্যান্য অনগ্রসর শ্রেণীর মানুষ, তাদের আর্থিক সাহায্য এবং ঋণ প্রদান করছেন। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার স্মরণে থাকা উচিত যে গত অধিবেশনে একটা আইন প্রণয়ন করা হয় যে, নিয়োগ এবং পদোন্নতির ক্ষেত্রে যে সমস্ত সরকারি, আধা সরকারি এবং অন্যান্য সরকারি দপ্তরে যে পদগুলি আছে, সেগুলিতে নিয়োগের ক্ষেত্রে যদি জালিয়াতি করা হয়, তঞ্চকতা করা হয় তাহলে আড়াই হাজার টাকা বা ৫ বছর জেল হবে। সেই আইন প্রণয়ন করা সত্ত্বেও বিভিন্ন দপ্তরে তফসিল জাতি, আদিবাসীদের

বঞ্চনা করা হচ্ছে। গত ৪।১।১৯৯৬ তারিখে বর্তমান পত্রিকায় যে সংবাদ পরিবেশন করা হয়েছে, আমি সেই আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সংবাদে বলছে যে, পশ্চিমবঙ্গ পুলিশে ৪৭ জন ইন্সপেক্টরকে পদোন্নতি দিয়ে ডি.এস.পি. করা হবে সেজন্য পি.এস.সি.-র কাছে নাম চেয়ে পাঠানো হয়। পি.এস.সি. ৪৭ জনের নাম সুপারিশ করে পাঠায়। কিন্তু তার মধ্যে বেছে বেছে উচ্চবর্গের মানুষকে নেওয়া হয় কিন্তু তফসিল আদিবাসী ইন্সপেক্টরদের সমস্ত যোগ্যতা থাকা সত্ত্বেও, পি.এস.সি. সুপারিশ করা সত্ত্বেও তাদের পদোন্নতি ঘটানো হল না। পুলিশের মহা নির্দেশককে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন যে, কিছু টেকনিক্যাল অসুবিধা আছে। কিন্তু কি টেকনিক্যাল অসুবিধা আছে সেটা পুলিশের মহা নির্দেশক বলেন না। আমার প্রশ্ন হচ্ছে, যে সব দপ্তরে এই জাতীয় তঞ্চকতা করে চলেছে, এই জাতীয় বঞ্চনা করে চলেছে তফসিল জাতি, আদিবাসী শ্রেণীর মানুষের সঙ্গে সেই সম্পর্কে মনিটারিং করে এই সম্পর্কে যারা দায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে কি না? এই সম্পর্কে দায়িত্ব মন্ত্রী মহাশয়ের এক্তিয়ারে পড়ে কিনা, খবর রাখেন কিনা, এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করছেন কিনা সেটা আমাদের জানা উচিত?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে একটা গুরুত্বপূর্ণ ঘটনার কথা উল্লেখ করতে চাই। ভারতবর্ষের সর্বোচ্চ আদালত, সুপ্রিম কোর্ট গত ১৬।১১।১৯৯২ তারিখে একটা জাজমেন্ট দিলেন এবং তাতে বলা হয়েছে,

"It is further directed that wherever reservations are already provided in the matter of promotion—be it central services or state services or for that matter services under any corporation authority or body falling under the defination of 'State' in Article 12—such reservations shall continue in operation for a period of five years from this day" (16.11.1992).

এর ফলে এই বছর অর্থাৎ ১৯৯৭ সালে সেপ্টেম্বর মাসের পরে আর এই সব মানুষকে পদোন্নতির সুযোগ দেওয়া হবে না, যারা দীর্ঘদিন ধরে বঞ্চিত হয়ে আসছে। আমরা দীর্ঘদিন ধরে দেখছি যে তফসিল জাতি, আদিবাসী শ্রেণীর যারা লেখাপড়া জানা, শিক্ষিত মানুষ, যাদের যোগ্যতা আছে, যারা প্রোমোশনের জন্য পরীক্ষা দিচ্ছে, পদোন্নতি হবে কিন্তু সেখানে উচ্চ শ্রেণীর মানুষকে দেওয়া হচ্ছে। এর পরে তারা আর সেই সুযোগ পাবে না, দরকারে সেই ক্ষমতা থাকবে না যতক্ষণ পর্যন্ত না ভারতবর্ষের সংবিধান সংশোধন করা হবে। আমি মন্ত্রী মহাশয়কে বলব যে বিধান সভা থেকে সর্বদলীয় কমিটি করে এটা খতিয়ে দেখা হোক যে কোনও কোনও দপ্তরে, কোনও কোনও বিভাগে সমস্ত যোগ্যতা থাকা সত্ত্বেও তফসিল জাতি, আদিবাসী শ্রেণীর মানুষকে পদোন্নতির ক্ষেত্রে বঞ্চনা করা হয়েছে, ফেলে রাখা হয়েছে, পদোন্নতি ঘটানো হচ্ছে না। ১৯৯৭ সালের ১৬ই সেপ্টেম্বর মাসের আগে যদি এই সমস্ত পদে পদোন্নতি ঘটানো না হয় তাহলে আর সেই সুযোগ পাওয়া যাবে না।

আর একটা কথা এখানে উল্লেখ করতে চাই। ২৬শে আগস্ট ১৯৫৮ সাল থেকে জেল ওয়ার্ডে যারা কাজ করে আসছে তারা বার বার আবেদন করেছে প্রোমোশনের জন্য। তারা পরীক্ষাও দিয়েছে, কিন্তু ২০।১২।১৯৭৮ পর্যন্ত সেখানে ২০ জনের মধ্যে বেছে বেছে জেনারেল কাস্টের থেকে নেওয়া হয়েছে, আদিবাসী, তফসিল জাতির মানুষকে বঞ্চিত করা হয়েছে। পুনরায় পরীক্ষা হল ৬।৫।১৯৮৩ এবং ৭।৫।১৯৮৩ তারিখে। সেখানেও তিনি পরীক্ষা দিলেন। কিন্তু পদোন্নতি হল ১৪ জন জেনারেল কাস্টের এবং তাকে বঞ্চিত করা হল। আর যে ১৪জনকে প্রমোশন দেওয়া হল তার মধ্যে ১৩জনই ঐ সংশ্লিষ্ট ব্যক্তি থেকে জুনিয়র। এই ব্যাপারে তিনি তৎকালীন ইন্সপেক্টর জেনারেল অফ প্রিজন ডাইরেক্টরেট এবং এস.সি.। এস.টি. ওয়েলফেয়ার বিভাগের কাছে বারবার আবেদন করেছেন এবং তাতে শুধুমাত্র চিঠি লেখালেখিই হয়েছে, কিন্তু কোনও ফল হয়নি। ইতিমধ্যে তিনি রিটায়ার করেছেন। এইভাবে যেসব পুলিশ কর্মী পদোন্নতির ব্যাপারে বঞ্চিত হয়েছেন তাদের মধ্যে অনেকেই রিটায়ার করেছেন, কিন্তু তাদের প্রমোশন দেওয়া হয়নি। ও.বি.সি.-দের জন্য একটা বিত্ত নিগম করা হয়েছে এবং সেখানে ১.১৫ কোটি টাকা দেওয়া হয়েছে। কিন্তু সেই টাকায় বিত্ত নিগম অন্যান্য অনগ্রসর শ্রেণীর মানুষদের একজনকেও কোনও বাড়তি সুযোগ সুবিধা বা লোন দেয় নি। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব তাঁর জবাবি ভাষণে উল্লেখ করতে যে, পশ্চিমবঙ্গের কোন কোন জেলায় কতজন ও.বি.সি. সম্প্রদায়ভূক্ত মানুষকে কত টাকা করে ঋণ দেওয়া হয়েছে, কতজন ও.বি.সি. সম্প্রদায়ভূক্ত মানুষকে দারিদ্র সীমার উপর তোলা সম্ভব হয়েছে। আমরা এর উত্তর জানতে চাই। আর আমরা বিরোধিতা করবার জন্যই বিরোধিতা করি না। প্রতি বছরই আপনার বাজেট বরাদ্দ বাড়ছে। গত বছর যেখানে বরাদ্দ ছিল ১৭৯.৭ কোটি টাকা, সেখানে এই বছর আপনি ২১৬ কোটি ৭৫ লক্ষ ১৬ হাজার টাকা চেয়েছেন। এই জায়গায় দাঁড়িয়ে গ্রামের মানুষদের আর্থিক সহায়তা দেওয়াতে আত্মসন্তুষ্টির কোনও জায়গা নেই। কাজেই অবিলম্বে গত সেপ্টেম্বরের আগে পর্যন্ত এস.সি./এস.টি.-দের পদোন্নতির ক্ষেত্রে সমস্ত ব্যাকলগ মিটিয়ে যাতে তাদের সুযোগ দেওয়া যায় এবং সংবিধান সংশোধন করে যাতে ঐ জাজমেন্টের বিরুদ্ধে রক্ষাকবচের ব্যবস্থা করা যায় তারজন্য দাবি জানিয়ে, মাননীয় মন্ত্রীর বাজেটের বিরোধিতা এবং সমস্ত কাট মোশনকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী রামজনম মাঝি ঃ** মাননীয় চেয়ারম্যান, আমাদের দলের কাট মোশনকে সমর্থন করে এবং বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। ১৯৯৭-৯৮ সালের এই বাজেটকে সমর্থন না করে বিরোধিতা করছি, কারণ, আপনারা সকলেই জানেন যে, শ্রী ভি.পি.সিং যখন ভারতের প্রধানমন্ত্রী ছিলেন তখন পিছিয়ে পড়া মানুষেরা আন্দোলন করে তাদের অধিকার অর্জন করেছিলেন। কিন্তু পশ্চিমবঙ্গের বুকে আমরা দেখতে পাচ্ছি, এস.সি. এস.টি. এবং ও.বি.সি.-দের স্বার্থে বাজেটে তাদের জন্য জলের, রাস্তার বা অন্য কোনও কিছুর ব্যবস্থা নেই। আমার ওখানে কাটবেড়িয়া বলে এস.সি. অধ্যুষিত একটি গ্রাম রয়েছে যেখানে আজ পর্যন্ত পানীয় জলের কোনও রকম ব্যবস্থা হয়নি। অথচ বাজেট পাশ হচ্ছে এস.সি./এস.টি.-দের জন্য!

[5-00 – 5-10 p.m.]

জেলা পরিষদের মাধ্যমে এস.সি. অ্যান্ড এস.টি.-দের জন্য বাজেট করা হল বিদ্যুৎ পৌঁছে দেবার জন্য, তার জন্য ৫৭ লক্ষ টাকা বরাদ্দ করা হল। কিন্তু হাওড়ায় উলুবেড়িয়াতে এস.সি. অ্যান্ড এস.টি.-দের কাছে বিদ্যুৎ পৌঁছে দিতে পারে নি। শিডিউল কাস্টদের জন্য একটা প্রাইমারি স্কুল একটা হাইস্কুল আজ পর্যন্ত হয়নি। যেখানে যেখানে শিডিউল কাস্ট আছে তাদের আজ পর্যন্ত কোনও সুবিধা দেওয়া হয়নি। সেই জন্য এই বাজেটের বিরোধিতা করছি। ও.বি.সি.-রা সার্টিফিকেট পাচ্ছে না। তারা সার্টিফিকেট জোগাড় করার জন্য ২-৩-৪ বছর বি.ডি.ও., এস.ডি.ও.-র কাছে দৌড়াচ্ছে, কিন্তু তারা সার্টিফিকেট পাচ্ছে না। এখানকার যারা বি.ডি.ও., এস.ডি.ও. তাঁরা সার্টিফিকেট দিচ্ছে না। আজ পর্যন্ত এই সমস্ত শিডিউল কাস্টরা সার্টিফিকেট পায়নি। বিহার, উত্তরপ্রদেশ, অন্ধ্রপ্রদেশ থেকে এখানে এসে যারা বাস করছে তারা শিডিউল কাস্ট হওয়া সত্ত্বেও সার্টিফিকেট পাচ্ছে না। বিহার, উত্তরপ্রদেশ অন্ধ্রপ্রদেশ এবং উড়িষ্যা থেকে সার্টিফিকেট নিয়ে আসা সত্ত্বেও এখানে তার ভিত্তিতে কোনও সার্টিফিকেট দেওয়া হচ্ছে না। বলা হচ্ছে ৫০ বছরের আগেকার দলিল পেশ করতে হবে। যাদের জমি জায়গা নেই, উদ্বাস্তু হয়ে এসেছে, ৫০ বছর আগে তারা এসেছে, কিন্তু তাদের কোনও রকম ডকুমেন্ট নেই। তারা কিন্তু চাকরি করছে। তাদের চাকরির ক্ষেত্রে আজ পর্যন্ত সার্টিফিকেট দেওয়া হচ্ছে না। এই সম্বন্ধে জানতে চাই এদের সার্টিফিকেট দেবেন কি দেবেন না? তারা সার্টিফিকেট পাবে কি পাবে না এই ব্যাপারে চিন্তা ভাবনা করতে হবে। ভঙ্গী যারা, যারা ময়লা ফেলে, যারা সুইপারের চাকরি করে, তাদের কোনও জায়গা জমি নেই, কোনও দলিল নেই, তাদের চাকরির ক্ষেত্রে কোনও সার্টিফিকেট দেওয়া হচ্ছে না। এই ব্যাপারে চিন্তা ভাবনা করা দরকার। ও.বি.সি. সম্প্রদায়ের যারা মানুষ আছে তারা সার্টিফিকেট পাচ্ছে না, এই ব্যাপারে চিন্তা ভাবনা করা দরকার। যারা জেলে আছে তাদের ছেলেরা লেখাপড়া করছে তাদের স্কলারশিপের টাকা পয়সা পাওয়ার ক্ষেত্রে দলবাজি করা হচ্ছে। যারা আপনাদের দলের লাল ঝান্ডা নিয়ে মিছিল করতে পারছে তারা স্কলারশিপের টাকা পাচ্ছে, কংগ্রেস করলে সে কোনও টাকা পয়সা পাবে না। পশ্চিমবাংলায় বিভিন্ন কেন্দ্রের বিধায়ক এখানে আছে তাঁদের আমি চিন্তা ভাবনা করতে অনুরোধ করছি। এই ভাবে চারিদিকে সার্টিফিকেট পাওয়ার ক্ষেত্রে ধাধুলি চলছে। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনি জানেন চাকরির ক্ষেত্রে শিডিউল কাস্টদের জন্য ৭৫ পারসেন্ট রিজারভেশন আছে, ইউ.পি. করছে বিহার করছে অন্ধ্রপ্রদেশ করছে উড়িষ্যা করছে। বিভিন্ন প্রভিন্সে শিডিউল কাস্টদের জন্য ৭৫ পারসেন্ট চাকরি আছে। পশ্চিমবাংলায় সেটা হচ্ছে না। পশ্চিমবাংলার বুকে আমরা দেখতে পাচ্ছি? কারা চাকরি পাবে? যারা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির তদবীর করতে পারবে তাদের চাকরি হবে। কংগ্রেসের ছেলেদের চাকরি হবে না। আমরা জানি যে যে জায়গায় শিডিউল কাস্ট আছে, মেজর পোরশন যেখানে শিডিউল কাস্ট বাস করে তাদের জন্য লোনের ব্যবস্থা আছে। কিন্তু তারা আই.আর.ডি.পি. বলুন, জে.আর.ওয়াই. লোন বলুন, আজ পর্যন্ত তারা পাচ্ছে না।

সেজন্য আমি মন্ত্রীকে এই কথা জানাতে চাই। আমাদের দলের কাট মোশনকে সমর্থন করে এবং সরকারি দলের বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী খারা সোরেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, তফসিল জাতি এবং উপজাতি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন, আমি তাকে সর্বান্তকরণে সমর্থন করছি। আমি এতক্ষণ ধরে বিরোধিরা যা বলছিলেন তা শুনছিলাম। এখানে কেউ বলেছেন, এটা অবৈজ্ঞানিক, সেজন্য কিছুতেই সমর্থন করতে পারছেন না। আমি এই বাজেটকে পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা অবতারণা করতে চাই। বন্ধুগণ, আজ থেকে কুড়ি বছর আগে যখন আপনারা ছিলেন তখন তফসিল জাতি এবং উপজাতিদের জন্য যে বাজেট করেছিলেন, তখন কি তা বৈজ্ঞানিক ছিল? ১৯৭৭ সালের আগে কি বৈজ্ঞানিক বাজেট ছিল বলে আপনারা মনে করেন? সেদিন আপনাদের জায়গাতে যখন আদিবাসী ও তফসিল লোকেদের যে জমি দিয়েছিলেন, সেখানে তারা উঁচু জমিকে নিচু করেছে, নিচু জমিকে উঁচু করে যখন ফসলের উপযুক্ত করে তুলেছিল, সেই সময়ে তাদের বর্গাদার থেকে উচ্ছেদ করে তাড়িয়ে দিয়েছিলেন। আপনারা এই জিনিস সেদিন করেছিলেন। কিন্তু পশ্চিমবাংলায় বামফ্রন্ট আসার পর তারা বর্গাদারের স্থায়িত্ব পেয়েছে। তাদের লোন দিয়ে প্রতিষ্ঠিত করার চেষ্টা করেছেন। এই কারণে আপনারা আজকের এই বাজেটকে সমর্থন করতে পারছেন না। সমর্থন করতে না পারার আরও একটা কারণ আছে। তফসিল ভাই যারা আপনাদের বাড়িতে শ্রম দিত, তাদের আপনারা বেগার খাটাতেন। আজকে যখন জিজ্ঞাসা করা হয়, ভাই, আপনার ইনকাম কত? সে তখন বলছে ৪০ টাকা মজুরি। সেদিন তারা ৪০ টাকা মজুরির কথা বলতে পারেনি। সেদিন তারা বলেছে যে তারা বেগার খাটছে। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার শ্রম দিবস সৃষ্টি করেছে। তারা কাজ করছে বলে তারা মজুরি পাচ্ছে, যে কারণে আপনারা এই বাজেটকে সমর্থন করতে পারছেন না। বামফ্রন্ট সরকার তাদের বাস্তু জমি দেবার ব্যবস্থা করেছে। তারা সেখানে ঘরবাড়ি করে আছে। রাজ্য সরকার তাদের লোন দেবার ব্যবস্থা করেছে। ৩৪৮.৬৩ লক্ষ প্রান্তিক চাষী ভাইকে লোন দিয়েছে। এই কারণে আপনারা এই বাজেটকে সমর্থন করতে পারছেন না। আজকে বিরোধিতা করার জন্য এই বাজেটকে বিরোধিতা করছেন। পশ্চিমবঙ্গ সরকার আদিবাসী তফসিলদের একটা মর্যাদার জায়গায় নিয়ে গিয়েছেন যেদিন থেকে এই কলকাতায় সিধো, কানহু, ডহর-এর নাম পরিচিত হয়েছে। কৈ, আপনারা তো সেদিন সিধো, কানহু, বিরশা মুন্ডার নাম স্মরণ করতে পারেননি। পারেননি তার কারণ হচ্ছে, তাদের জমিতে বেগার খাটাতেন, তাদের দিয়ে দাসত্ব করাতেন। এই কারণে তাদের উন্নয়ন ঘটাতে পারেননি। তাদের শিক্ষার জন্য কোনও অনুদানের ব্যবস্থা আপনারা করেননি। বিভিন্ন প্রকল্প তাদের জন্য গ্রহণ করেননি। বিভিন্ন কারিগরি প্রকল্প গ্রহণ করেননি তাদের জন্য যাতে তারা কুটির শিল্প-এর মধ্যে দিয়ে নিজেদেরকে প্রতিষ্ঠা করতে পারে। তার জন্য যে অর্থের সংস্থান করা দরকার ছিল তা আপনারা করেননি। আজকে বিশেষ করে আদিবাসী এবং তফসিলিদের মধ্যে সাঁওতাল এবং মুন্ডাদের নাটক প্রতিযোগিতার মধ্যে দিয়ে

তাদের উন্নতির জায়গায় নিয়ে যাবার চেষ্টা হয়েছে। আপনাদের সময়ে এগুলো ছিল না। আমরা লক্ষ্য করছি যে, এবারে ২৪৩টি দল নাটক প্রতিযোগিতায় অংশ গ্রহণ করেছে। আদিবাসীদের মধ্যে যাতে সংস্কৃতি ও চেতনার সম্প্রসারণ ঘটে, তাদের নিজস্ব সংস্কৃতির প্রসার ঘটে তার জন্য পশ্চিমবাংলার সরকার চেষ্টা করছে। 'বাহা' এবং 'কারাম' নাচ প্রতিযোগিতার মধ্যে দিয়ে তাদের এগিয়ে নিয়ে যাবার চেষ্টা চলছে।

[5-10 – 5-20 p.m.]

এই আদিবাসী সমাজের সংস্কৃতি যেটা বিলুপ্ত হতে চলেছিল আজকে বামফ্রন্ট সরকারের প্রচেষ্টায় সেটা ফিরিয়ে আনার চেষ্টা চলছে। এর জন্য বামফ্রন্ট সরকার ধন্যবাদ পাওয়ার যোগ্য। আজকে বিভিন্ন জায়গায় বামফ্রন্ট সরকার তার কাজের মধ্যে দিয়ে অগ্রগতি আনার চেষ্টা করছে। ও.বি.সি. কথা উঠেছে সেই প্রসঙ্গে বলছি যে, এতে যে বিভিন্ন অসুবিধাগুলো আছে সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে সেগুলো দূর করে যাতে ৬ মাসের মধ্যে সার্টিফিকেট দেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। কিছু কিছু জায়গায় বিচ্যুতি আছে সেগুলো আরও সরলীকরণ করা যায় যাতে তার দিকে নজর দেওয়ার জন্যে ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে গোটা পশ্চিমবাংলার মধ্যে উত্তরবঙ্গে এক তৃতীয়াংশ আদিবাসী বাস করে, তাদের পড়াশুনোর কোনও সুযোগ থাকে না। সেই কারণে মন্ত্রীর কাছে দাবি করছি যে, উত্তরবঙ্গে একটা বিশ্ববিদ্যালয় করা হোক এবং বালুরঘাটে একটি মেডিক্যাল কলেজ স্থাপনের মধ্যে দিয়ে আদিবাসী এবং তফসিলি ভাইদের পড়াশুনোর ব্যবস্থা করুন। উত্তরবঙ্গ থেকে কলকাতার দূরত্ব প্রায় সাড়ে চারশো থেকে পাঁচশো কিলোমিটার, এত দূরে এসে উচ্চ শিক্ষা করার সুযোগ থেকে তারা বঞ্চিত হচ্ছে। এছাড়া চা বাগানের যে আদিবাসী ভাইরা তারা বেশির ভাগ হিন্দি ভাষী, সেখানে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্তরে হিন্দি মিডিয়াম চালু করার দরকার কারণ এর মধ্যে দিয়ে ওরা লেখাপড়ার সুযোগ পেতে পারবে। বিভিন্ন জায়গায় কলেজ স্থাপনের মধ্যে দিয়ে ছেলে মেয়েদের যাতে পড়ার সুযোগ পায় তা করে দিতে হবে। সুতরাং উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় এবং মেডিক্যাল কলেজ স্থাপনের মধ্যে দিয়ে আজকে পশ্চিমবঙ্গের আদিবাসী এবং তফসিলি জাতিরা যাতে সমানভাবে পড়ার সুযোগ পায় সেইদিকে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এই বাজেটকে পুনরায় সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রমথনাথ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি তফসিলি জাতি এবং উপজাতি কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী দীনেশচন্দ্র ডাকুয়া মহাশয় যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন তার বিরোধিতা করে এবং কংগ্রেসের আনীত কাট মোশনকে সমর্থন করে আমি দু-চারটি কথা বলতে চাই। আমার সময় খুবই কম, আমার আগের বক্তা শশাঙ্ক খুব আবেগের সঙ্গেই বলেছে যে, এই তফসিলি জাতি এবং আদিবাসী সম্প্রদায় কতটা উপেক্ষিত, অবহেলিত এবং উপহাসের যোগ্য তার প্রমাণ পাওয়া যাচ্ছে সাংবাদিকদের সংখ্যা দেখে। সাংবাদিকদের সংখ্যা কম, অধ্যক্ষ মহাশয় নেই, উপাধ্যক্ষ মহাশয়ও ছিলেন না, এখন এসেছে। পূর্ণমন্ত্রী

হিসাবে দীনেশ বাবু ছাড়া কয়েকজন রাষ্ট্রমন্ত্রী আছে, এর থেকেই বোঝা যায় যে দপ্তরটি এবং এই জাতিটি কত অবহেলিত। আমি বিস্তারিত আলোচনায় যাব না। আমার এই বিধানসভার সদস্য হবার পরে এস.সি. এবং এস.টি. সদস্য হিসাবে দুটি জেলা সফরে গেছিলাম। এছাড়া মাদ্রাজ সফরে গেছিলাম। তার ওপরে আমার যে অভিজ্ঞতা হয়েছে সেটা জানাচ্ছি—আমরা মেদিনীপুরে গিয়ে দেখেছি এবং কলকাতাও এই নিয়ে আলোচনা হয়েছে আদিবাসী এবং তফসিলি সম্প্রদায়ের সার্টিফিকেট সমস্যা একটা বিরাট সমস্যা। এই সমস্যা এখন একটা অ্যাকিউট সমস্যা। ৪৪টি ব্লকের প্রত্যেকটি ব্লকে একজন করে এস.সি. এবং এস.টি. ওয়েলফেয়ার ইন্সপেক্টর থাকবার কথা। কিন্তু আমরা মেদিনীপুর জেলায় গিয়ে দেখলাম যে, ৪৪টি ব্লকের ৪৩টি ব্লকে কোনও ইন্সপেক্টর নেই, আর বাকি যে কটা ব্লকে ইন্সপেক্টর আছে, তারা একজন করেই আছেন, তাদের না আছে কেরানি না আছে পিওন।

আমরা দেখেছি, বি.ডি.ও. সাহেবের কাছে যদি ওয়েলফেয়ার ইন্সপেক্টার কোনও ব্যাপারে সাহায্য চান বি.ডি.ও. সাহেব সেটা দিতে পারেন না। কারণ হচ্ছে তার পিওন নেই, ক্লার্ক নেই, এটাই হচ্ছে প্রধান সমস্যা। এই কারণে তাদের দপ্তরের কাজ অবহেলিত হচ্ছে, ফলে এস.সি, এস.টি. শ্রেণীর মানুষের অফিসে গিয়ে হয়রানির স্বীকার হচ্ছে, চূড়ান্ত ভাবে অপমানিত হচ্ছে, লাঞ্ছিত হচ্ছে। সেখানে কি ভাবে প্রত্যেকটি ব্লকে একজন করে ইন্সপেক্টার নিয়োগ করা যায় তার কোনও হিসাব বাজেট বরাদ্দের মধ্যে এক লাইনও দেখিনি। আর একটি বিষয় আমরা জেলা সফরে গিয়ে দেখেছি, একটু আগে শশাঙ্ক বাবু বলছিলেন ড্রপ আউট এর সংখ্যা কমের দিকে। আমি জানি পশ্চিমবঙ্গে ভারতবর্ষের যে গড় সেই গড়ের তুলনায় ৭ শতাংশ বেশি। কারণ সর্বভারতীয় ক্ষেত্রে প্রাইমারি থেকে মাধ্যমিক পর্যন্ত ড্রপ আউট হচ্ছে ৭৮ শতাংশ, সেখানে পশ্চিমবঙ্গে ১৯৯১ সালের হিসাবে প্রাইমারি থেকে মাধ্যমিক পর্যন্ত ড্রপ-আউট হচ্ছে ৮৫ শতাংশ। এই যে ৮৫ শতাংশ ছেলে মেয়ে প্রাইমারি থেকে মাধ্যমিকে পড়াশুনা করল না, পড়াশুনা ছেড়ে দিল এর মধ্যে ৮০।৯০ ভাগ এস.সি. এবং এস.টি. ছেলে মেয়ে। এর প্রমাণ আমরা দেখতে পেয়েছি মেদিনীপুর এবং হাওড়া জেলা সফরে গিয়ে। সেখানে তফসিলি জাতি ও উপজাতি ছেলেরা যারা স্কুল থেকে চলে গিয়েছে—ঐ সফরে বিনয় বাবু এবং কমলাক্ষী বাবু ছিলেন—তাদের মধ্যে দশম শ্রেণীতে ৫ জন ছেলে এস.সি. এবং এস.টি. পড়াশুনা করছে। ঐ ছেলেরা যখন ক্লাস ফাইভে পড়ত, সেখানে আমরা খাতা খুলে দেখেছি, তখন ৫০ জন এস.সি. এবং ২০ জন এস.টি. পড়ত, তারপর দশম শ্রেণীতে তারা যখন এল, তখন দেখা যাচ্ছে, তিন জন এস.সি. এবং ২ জন এস.টি. পড়ছে, মোট ৫ জন পড়াশুনা করছে। তাই আমি বলছি, ড্রপ আউটের সংখ্যা কমেনি, বেড়েছে। এর পিছনে যে কারণ সেটা অনেকবার আলোচনা হয়েছে। বুক গ্রান্ড, স্কলারশিপ এর টাকা যেটা দেওয়া হয়, সেটা সময়মত দেওয়া হয় না, এক বছরের টাকা পেতে পরের বছরে চলে যায়। ১৯৯৫-৯৬ সালের টাকা পেতে ১৯৯৬-৯৭ হয়ে যায়। এই অবস্থার জন্য যারা এস.সি., এস.টি. ছেলে পড়াশুনা করতে আসে তারা বাধ্য হয়ে পড়াশুনা ছেড়ে দেয়। এই হচ্ছে

পশ্চিমবঙ্গের বাস্তব অবস্থা। আমরা যখন তামিলনাড়ু সফরে গিয়েছিলাম—সেইবারে বিনয় বাবু, কমলাক্ষি বাবু ছিলেন—দীনেশ বাবু এখানে আছেন আপনি নিশ্চয় মন্ত্রী হিসাবে খবর রাখেন, তামিলনাড়ুতে আমরা দেখেছি, সেখানে প্রাইমারি থেকে উচ্চ মাধ্যমিক পর্যন্ত এস.সি., এস.টি. ছেলেরা যারা পড়াশুনা করে, তাদের পড়াশুনার সম্পূর্ণ দায়িত্ব সরকারের। তাদের বই, পোষাক সব কিছু সরকার সেখানে দেয়। আমি এই বাজেটে দেখেছি, দীনেশ বাবু এস.সি., এস.টি.-র জন্য বরাদ্দ ৩০০ টাকা যেটা ছিল সেটা ৩৬০ টাকা করে দিয়েছেন, ডাক্তার ও ইঞ্জিনিয়ারদের ক্ষেত্রে যারা পড়াশুনা করেন তাদের বই এর জন্য দেওয়া হয়েছে ২ হাজার টাকা। কিন্তু আমরা তামিলনাড়ুতে দেখেছি, মাধ্যমিক পর্যন্ত সেখানে ফ্রি তো করে দেওয়া হয়েছে, এবং ডাক্তার ও ইঞ্জিনিয়ারদের ক্ষেত্রে যারা পড়াশুনা করছে তাদের বই এর সম্পূর্ণ যোগান দেয় সরকার। এবং পড়াশুনা কমপ্লিট হওয়ার পরে তাদের ছেলে মেয়েরা সেই বই আবার সরকারকে ফেরত দেয়। সেখানে আই.এ.এস. আই.পি.এস.-দের ক্ষেত্রে ফ্রি কোচিং এর ব্যবস্থা আছে, আমাদের এখানে সেই ব্যবস্থা নেই। আমি দীনেশ বাবুকে বলব আপনি এইগুলি খতিয়ে দেখুন। এই বলে বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-20 – 5-30 p.m.]

**শ্রী উপেন কিস্কু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তফসিলি জাতি, উপজাতি এবং অন্যান্য অনগ্রসর কল্যাণ দপ্তরের মন্ত্রী শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া যে বরাদ্দ এখানে পেশ করেছেন আমি সেই বাজেটকে সর্বান্তকরণে সমর্থন করছি এবং বিরোধীদের আনা যে কাট মোশন সেই কাট মোশনের বিরোধিতা করছি। আমি এখানে বিরোধী পাঁচজন সদস্যের বক্তব্য মনোযোগ দিয়ে শুনবার চেষ্টা করছিলাম। আমি ভাবছিলাম কংগ্রেস হয়ত দীর্ঘদিন রাজ্য এবং কেন্দ্রে ক্ষমতা হারিয়ে তফসিলি জাতি, উপজাতি এবং অনগ্রসর যে সম্প্রদায় তাদের জন্য যথেষ্ট ভাবনা চিন্তা করে অতীতে তাদের যে কুম্ভীরাশ্রু, দুর্বলতার জন্য যে তারা দায়ী, তাদের যে আর্থিক নীতি অনুসরণ করার জন্য এখনও তফসিলি জাতি, উপজাতি এবং অন্যান্য অনগ্রসর সম্প্রদায় এখনও পিছিয়ে আছে, অন্ততঃ তারা নিজেদের সংশোধন করে আজকে প্রস্তুত হয়ে বামফ্রন্ট সরকারের যদি কোনও ত্রুটি, দুর্বলতা থাকে তার গঠনমূলক সমালোচনা করবেন। কিন্তু আমি তাদের বক্তব্য শুনে অত্যন্ত হতাশ হয়েছি। তারা সব গোলগোল বক্তব্য বলে নিজেদের অকর্মণ্যতা, দুর্বলতা, ব্যর্থতা ঢাকবার চেষ্টা করেছেন। তাদের বক্তব্যের মধ্যে কোথাও কোনও সারবস্তু নেই। আমি আজকে যেটা বলতে চাই যে, আদিবাসী, তফসিলি মানুষ তো আর ইদানিং কালে আর তাদের সঙ্গে নেই। দু, তিন জন যে তফসিলি সদস্য আছেন ৭৬ জন সদস্যের মধ্যে তাও আজকে সবাই উপস্থিত নেই। এর থেকেই প্রমাণ পাওয়া গেছে যে তফসিলি, আদিবাসীদের জন্য তাদের কত দরদ। হঠাৎ করেই তারা আদিবাসী, তফসিলি মানুষদের জন্য বলা শুরু করেছেন। সুলতান আহমেদ অনেক কথাই বলেছেন। তফসিলি ছাত্ররা স্কুলে ভর্তির সুযোগ পায় না, স্টাইপেন্ড পায় না। সেই নিয়ে আপনাদের বলি, আপনাদের আমলে এই ঘটনাগুলো কি ঘটত? স্টাইপেন্ড দেওয়ার ক্ষেত্রে আমাদের কিছু

ঘাটতি আমাদের ছিল ঠিকই কিন্তু বিগত দু বছর ধরে আমরা সময় মতো স্টাইপেন্ড দেওয়ার চেষ্টা করছি। খোঁজ খবর রাখুন আমরা স্টাইপেন্ড সময় মতো দেওয়ার চেষ্টা করছি। আপনাদের নির্দিষ্ট কোনও অভিযোগ থাকলে সেই সমস্ত বিষয় নিয়ে আমাদের কাছে আসলে আমরা যথাযথ ব্যবস্থা নেওয়ার চেষ্টা করব। ছাত্র ছাত্রী ভর্তির সংরক্ষণের নিয়ম হচ্ছে ২৮ ভাগ। কোনও কোনও ক্ষেত্রে হয়ত ঘাটতি থাকে, আমরা সেই ঘাটতি দূর করার চেষ্টা করছি। আমরা আপনাদের আশ্বাস দেওয়ার চেষ্টা করছি। মুসলমানদের ও.বি.সি.-তে অন্তর্ভূক্ত করার জন্য সুলতান আহমেদ বলেছেন। ১৯৮০ সালে ও.বি.সি. বিষয়ে একটি রিপোর্ট পেশ করা হয়েছিল তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর কাছে। আপনারা ১০ বছর ধরে সেটাকে ধামাচাপা দিয়ে রেখেছিলেন। বিশ্বনাথপ্রতাপ সিংহ এসে সেটাকে বার করলেন। আজকে ও.বি.সি.-র কথা বলছেন আমাদের কাছে? এইসব কথা বলার অর্থ কি? আজকে ভারতবর্ষের রাজনীতিতে যে জটিল অবস্থা, সেখানে আর আপনারা গোলমাল ডাকবার চেষ্টা করবেন না। আজকে অশোক দেব মহাশয় যে কথাগুলো বলেছেন। সার্টিফিকেট নাকি দেওয়া হচ্ছে না। সার্টিফিকেটের প্রশ্নে আমরা যথেষ্ট আন্তরিকতার সঙ্গে কাজকর্ম করছি। আমাদের ইন্সপেক্টর ছিল না। আমরা প্রত্যেকটা ব্লকে ইন্সপেক্টর দেওয়ার ব্যবস্থা করেছি। যেখানে বেশি সমস্যা, সেখানে ক্যাম্প করেছি। তফসিলি জাতি, উপজাতি সম্প্রদায়ের জন্য যেখানে বেশি সমস্যা সেখানে আমরা ক্যাম্প করেছি। সার্টিফিকেট দেওয়ার ব্যাপারটা আমরা সরলীকরণ করার চেষ্টা করছি। ৬ সপ্তাহের মধ্যে সার্টিফিকেট দেওয়ার যে কর্মসূচি সেটা আমাদের বিলম্বিত হচ্ছে।

আবার অনেক ক্ষেত্রে বিভিন্ন তথ্য না থাকার ফলে জটিলতা তৈরি হচ্ছে। আপনারা আশ্বস্ত হতে পারেন যে, আমরা আদিবাসীদের ক্ষেত্রে আমরা সার্টিফিকেট দিতে পারছি। ও.বি.সি. বা অন্যান্য সম্প্রদায়ের ক্ষেত্রে কাগজ পত্র না থাকার ফলে কিছু কিছু ক্ষেত্রে দেরি হচ্ছে। তবে যত তাড়াতাড়ি এগুলি দেওয়া যায়, তারজন্য চেষ্টা করছি। এখানে আমি রামজনম মাঝির কথা অবাক হয়ে শুনছিলাম। তিনি বলেছেন যে, শিডিউল কাস্টদের মধ্যে যারা লোনী আছে, তারা লোন পাচ্ছে না। লোন থাকলে কি করে লোন পাবেন? লোন না শোধ করলেই ডিফল্টার হবে। এটা তো সাধারণভাবে সরকারের নিয়ম। ১৯৯০ সালে আইন অনুযায়ী লোন মুকুব করা হল, তারজন্য কি হয়েছে, সেটা এই বাজেট বক্তৃতায় বলা আছে। সেখানে এই কথা বলা আছে যে, যে প্রান্তিক ঋণ ছিল, সেই ঋণ কেন্দ্রীয় সরকার দিলেন না। ব্যাঙ্ক ঋণ মকুব করে দেওয়া হল। আমরা পরে কেন্দ্রীয় সরকারকে লিখেছি যে প্রান্তিক ঋণ যদি মকুব করে দেওয়া যায় তাহলে তফসিলি আদিবাসী সম্প্রদায়ের যুবক যুবতীরা উপকৃত হত। তারা নূতন করে ঋণ পেতে পারত। বাজেট বক্তৃতা ভাল করে পড়লেই এটা বুঝতে পারবেন। আপনাদের কেন্দ্রীয় সরকারের এই অযোগ্যতার জন্য তফসিলি আদিবাসী মানুষের স্বার্থ বিরোধী কাজকর্মের জন্য আজকে পশ্চিমবাংলার কয়েক হাজার তফসিলি, আদিবাসী সম্প্রদায়ের যুবক, যুবতী আজকে বঞ্চিত হচ্ছে। আজকে আমি সেটা বলতে চাইছি

যে, আপনাদের আমলে তফসিলি, আদিবাসী মানুষদের কি চোখে দেখা হত। তাদের উচ্চ সম্প্রদায়ের মানুষের কাছাকাছি বসতে দেওয়া হত না। তাদের কোনও মর্যাদা ছিল না। আজকে আমরা সেই জায়গায় তফসিলি, আদিবাসী এবং অন্যান্য সম্প্রদায়ের মানুষের মধ্যে আপনারা যে বিভেদ তৈরি করে রেখেছিলেন, সেটা আমরা মুছে দিয়েছি। শিক্ষার দিক থেকে তাদের অগ্রসরের জন্য বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে এবং এর ফলে আজকে আদিবাসী সম্প্রদায়ের ছাত্র সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। আসল কারণ হচ্ছে ভূমি সংস্কার। আপনারা জানেন যে আমরা যে সমস্ত মানুষকে জমি দিয়েছি, তার ৭০ ভাগ মানুষকেই আপনারা ক্ষেতমজুর, ভূমিহীন করে রেখেছিলেন। সেই মানুষরা আজকে ভরসা পাচ্ছে। তারা দু বিঘা, তিন বিঘা জমি পেয়েছে। সেই কারণেই তারা তাদের ছেলে মেয়েদের পড়াশোনা শেখাতে পারছে। তাদের ছেলে মেয়েদের আর দোকানে বসতে হয় না। মজুর খাটতে হয় না। তফসিলি, আদিবাসী সম্প্রদায়ের যুবক, যুবতীরা আজকে স্কুলে যায়, লেখাপড়া শেখে। তাই আজকে স্কুল কলেজে লেখাপড়া শিখে এই ছেলে মেয়েরা চাকরির সুযোগ পাচ্ছে। আজকে তারা মাথা উঁচু করে দাঁড়িয়েছে এবং কাঁধে কাঁধ মিলিয়ে গ্রামের উন্নয়নের কাজে তারা আত্মনিয়োগ করছে। আগে কোনও সংরক্ষণ ছিল না। পঞ্চায়েতে নির্বাচিত হচ্ছে তারা। তবে এই সমস্ত সম্প্রদায়ের মানুষ যে গ্রামোন্নয়নের কাজে আত্মনিয়োগ করছে, তার জন্য এখন কোনও সাম্প্রদায়িক দাঙ্গা হয় না। ওই যে নাগপুরের মত জায়গায় আপনারা লাঠিপেটা করে মেরেছিলেন তাদের কিন্তু আর এখন সেই রকমভাবে মৃত্যুবরণ করতে হয় না। এখন তাদের জন্য পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে। তারা এখন নতুন পশ্চিমবাংলা গড়ার কাজে এগিয়ে চলেছে। আপনাদের কুম্ভীরাশ্রু বর্ষণ করার কোনও দরকার নেই। আপনারা যতই ষড়যন্ত্র করুন এই আদিবাসী মানুষরা এগিয়ে যাবে এবং সবার সাথে একযোগে রাজ্য গড়ার কাজ এগিয়ে যাবে। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-30 – 5-40 p.m.]

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে অন্যান্য বিষয়ের চেয়ে মূলত সার্টিফিকেটের বিষয়টা বেশি উঠেছে। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি, ঢালাও ভাবে সার্টিফিকেট দিলেও যাদের পাওয়ার কথা নয় তারা পেতে পারে, আবার ভাল করে যদি দেখে শুনে সার্টিফিকেট দেওয়া হয় তাহলে দেখা যায় বেশি ইস্যু হচ্ছে না। কোথাও হচ্ছে কোথাও হচ্ছে না। এর দুটো দিক আছে। এস.সি., এস.টি.-দের ওয়েলফেয়ারের বিষয়টা নিয়ে যতদূর দেখছি বিরোধী পক্ষের সঙ্গে সরকার পক্ষের খুব বড় একটা বিরোধ নেই। এই যে প্রশ্নগুলো, এ ব্যাপারে আমি মাননীয় সদস্যদের জিজ্ঞাসা করতে চাই, যে কোনও সদস্য এ ব্যাপারে যদি কোনও ওয়েলপ্রুভড সাজেশন করেন এবং সেটা যদি বাস্তবোচিত হয় তাহলে সেটা গ্রহণ করতে প্রস্তুত আছি, আমরা আইন তৈরি করব। এই সার্টিফিকেটটা সারা ভারতবর্ষের জন্য, এটা শুধু পশ্চিমবঙ্গের জন্য নয়। এই সার্টিফিকেট দেওয়ার ব্যাপারে লোয়েস্ট অথরিটি হচ্ছে এস.ডি.ও.। এছাড়া ডি.এম. পর্যন্ত আরও আছে। তবে এ ব্যাপারে

এস.ডি.ও.-র নিচে নামতে পারছি না। এস.ডি.ও.-র নিচে নামলে সেই সার্টিফিকেট আমরা মেনে নিলেও ভারতবর্ষের কেউ মানবে না। ক্যালকাটাতে ১৭ই মার্চ, ১৯৯৩ আমরা একটা সার্কুলার দিয়েছি। তাকে সেখানে জি.ও.-তে ইংরেজি ও বাংলায় বলা আছে প্যাটার্নাল রিলেশন থাকলে তাকে বিনা বাধায় সার্টিফিকেট দেওয়া হবে। এর একটা গাইড লাইন আছে। সেটা এখানে বিস্তৃত বলা যাবে না। এ ব্যাপারে সরকার আইন করছে, জি.ও. করেছে, এখন সমস্ত জায়গায় সেটা প্রয়োগের চেষ্টা করছে। সার্টিফিকেটের সংখ্যাটা খারাপ নয়। এরজন্য বলছি যে হিসাব-নিকাশ এভাবে এখন দিয়ে লাভ নেই। এক বছরের মধ্যে দেখা যাচ্ছে প্রায় লাখ-খানেক এস.সি. সার্টিফিকেট ইস্যু হয়েছে। কিছু পেন্ডিং আছে। সেগুলো পরে হবে। কিন্তু এই যে লাখ-খানেক সার্টিফিকেট ইস্যু হয়েছে এবং ও.বি.সি-দের জন্য প্রায় ৮৮ হাজার সার্টিফিকেট ইস্যু হয়েছে, সেটা খুব স্মল পারফরমেন্স নয়। এত অল্প দিনের মধ্যে অনেকটা কাজ হয়েছে। ও.বি.সি.-দের ব্যাপারটা বেশি দিন আসেনি। সেজন্য এই সার্টিফিকেট ইস্যুর যে কাজ হয়েছে সেটা সরকার পক্ষ খুব একটা স্মল ওয়ার্ক বলে মনে করে না। এ ব্যাপারে যদি কেউ কোনও পরামর্শ দিতে চান, তাহলে আমরা সেটা ফলো করতে পারি। ও.বি.সি.-দের যদি কোনও নাম পান, যদি কোনও সুযোগ—ও.বি.সি.-রা চান, আপনাদের দিক থেকে যদি কোনও গাইড লাইন থাকে তাহলে সেটা আমাদের কাছে রাখুন, আমি সেটা মানব। তবে এ পর্যন্ত যত সার্টিফিকেট ইস্যু করেছি তা সব নিয়মকানুন কে মেনেই দিয়েছি। এর বাইরে কিছু করিনি।

অন্য কতগুলো প্রশ্ন এসেছে। যেহেতু কাট মোশন এসেছে, সেই হিসাবে জবাব দিলেই ভাল হবে। ও.বি.সি ছাত্র ছাত্রীদের ভর্তির ব্যাপারে সুবিধা দানের একটি প্রশ্ন এসেছে। এটা মনে রাখবেন, ১৯৫০ সালে এস.সি., এস.টি. সৃষ্টি হয়েছে এবং স্কুল-কলেজে ভর্তি সংক্রান্ত আদেশ হয়েছে ১৯৮৯-৯০ সালে। এটা এতদিন কংগ্রেস আমলে ছিল না, আমাদেরও অনেকটা সময় লেগেছে। ১৯৮০-র দশকের শেষের দিকে করেছি এস.সি., এস.টি. স্কুল কলেজে রিজার্ভেশনের ব্যাপারটা। আমাদের রাজ্যকে আলাদা করে দেখছি না, স্বাধীনতার ৫০ বছর পরেও যে এত দেরি হয়েছে, তার বেশির ভাগটাই হয়েছে আপনাদের আমলে, কমটা আমাদের আমলে। ও.বি.সি.-এর স্কুল কলেজে ভর্তির ব্যাপারে সুবিধাদানের ব্যবস্থা ভারত সরকার করেনি, রিজার্ভেশনের ব্যবস্থা করেছে। এস.সি., এস.টি.-দের ক্ষেত্রে অনেক সময় রিজার্ভেশন যেখানে আছে, সেখানে প্রপারলি কোয়ালিফায়েড ক্যান্ডিডেট পাওয়া যায় না, সেক্ষেত্রে ডি-রিজার্ভ করতে হয়। কিন্তু ও.বি.সি.-দের ক্ষেত্রে ডিউলি কোয়ালিফায়েড ক্যান্ডিডেট পেতে অসুবিধা হয় না।

এই যে বলা হয়েছে, উন্নয়নের জন্য বরাদ্দ অর্থ খরচ হয় না; এটা না জেনে বলা হচ্ছে। আমাদের ডিপার্টমেন্টে বরাদ্দ অর্থ খরচ হয়নি, এটা কোনও দিন দেখিনি।

ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের পশ্চিমবাংলায় এস.সি., এস.টি. মানুষের লিভিং স্ট্যান্ডার্ড অনেক ভাল।

ও.বি.সি. তালিকাভুক্ত ব্যক্তিদের সার্টিফিকেট দেওয়ার কাজটি র‍্যাপিডলি হচ্ছে। অল্প কিছুদিনের মধ্যেই আমরা ৮৮,০০০ সার্টিফিকেট ইস্যু করেছি। আমরা কতগুলো জায়গায় ক্যাম্প করেছি, যাতে ব্যাকলগ কাটানো যায়। কলকাতা এবং ব্যারাকপুরের লোকেরা জানেন এই ক্যাম্পের কথা।

এই যে বলা হচ্ছে, পদন্নোতির সুযোগ পাচ্ছে না, বা কর্মী নিয়োগে রিজার্ভেশন আইন মানা হচ্ছে না, এটা ঠিক নয়। আমাদের কাছে যদি নালিশ আসে—অমুক জায়গায় আইন ভায়োলেট করা হয়েছে, সেইগুলো আমরা যথাযোগ্য ভাবে ব্যবস্থা করি। কিন্তু এরকম অভিযোগ ঠিক নয়। মাননীয় সদস্যদের জানা থাকা দরকার, কোনও সদস্যের কাছ থেকে বা অন্য কোনও লোকের কাছ থেকে কমপ্লেন এলে—এই লঙ্ঘনের ব্যাপারে, সেখানে আইনানুগ ব্যবস্থা নেওয়া হয় এবং রিড্রেস করার চেষ্টা করা হয়। এই বিষয়ে একটা নির্দিষ্ট অভিযোগ এসেছে পুলিশের রিক্রুটমেন্ট, প্রমোশন সম্পর্কে। এই বিষয়ে আমাদের দপ্তরের সঙ্গে পুলিশ ডিপার্টমেন্টের যোগাযোগ হচ্ছে, চিঠি লেখা-লেখিও হচ্ছে এটা সমাধানের জন্য। তবে এখনও কোনও নির্দিষ্ট অবস্থায় পৌছায়নি, ইট ইজ আন্ডার প্রসেস।

[5-40 – 5-50 p.m.]

তারপর ধরুন, ইকোনমিক একটিভিটিস সম্বন্ধে কেউ কেউ বললেন—লোন পাওয়া যায় না। ব্যাঙ্কে লোনের ব্যাপারে এই অসহযোগিতা তো সবার বেলাতেই আছে। তবে ব্যাঙ্কের অসহযোগিতা থাকা সত্ত্বেও আমরা এটুকু বলতে পারি যে, পশ্চিমবাংলার এস.সি./এস.টি.-দের জন্য যে ফ্যামিলি ওরিয়েন্টেড ইকোনমিক স্কীম আছে তাতে আমাদের কোনও ঘাটতি নেই। এ ব্যাপারে আপটু ১৯৯৫-৯৬-এর ফিগার নিতে পারেন। আমরা পশ্চিমবাংলায় ১০ লক্ষ ১৯ হাজার ৩৭০ জন এস.সি.-দের জন্য ৫০৩ কোটি টাকা ইনভেস্ট করেছি। আবার ঠিক তেমনি ২ লক্ষ ৬৪ হাজার ৮০১ জন এস.টি.-র জন্য ১৩৬ কোটি টাকা ইনভেস্ট করেছি। এই লোকগুলো জ্যান্ত, বাস্তব মানুষ। অর্থাৎ, মোটামুটি ৫।৬ জন করে যদি একটা পরিবার ধরা হয় তাহলে ২০।২২ লক্ষ পরিবার আছে। তা যদি হয় তাহলে তার মধ্যে ১১ লক্ষ পরিবার বেনিফিটেড হয়ে গেছে আপটু ১৯৯৬। এস.টি.-র মধ্যেও ঐ হিসাবে ৫।৬ লক্ষ পরিবারের মধ্যে ৩ লক্ষ পরিবার উপকৃত হয়েছে। অর্থাৎ আধাআধি। এগুলো আমরা করতে পেরেছি। এটা সম্ভব হয়েছে পশ্চিমবঙ্গের সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট, জনপ্রতিনিধি, সভাধিপতি, পঞ্চায়েত এবং অন্যান্য সকলের সহযোগিতায়। অর্থাৎ আমাদের অফিসাররা কাজ করেছেন তাই এই উন্নতি আমরা করতে পেরেছি।

এখানে ১০০ পয়েন্ট রোস্টার সম্বন্ধে অভিযোগ করা হয়েছে। এর সব নালিশগুলো আমি অস্বীকার করছি না। ১০০ পয়েন্ট রোস্টারের নামে ম্যাল প্রাকটিস-এর কথা শোনা যাচ্ছে। ডি-রিজার্ভেশনের জন্য অনেকে আমাকে বলেন, লোক পাওয়া যাচ্ছে না। ডি.এম. বলেন বেস্ট অ্যাটেম্পট সত্ত্বেও লোক পাওয়া যাচ্ছে না। এই রকম হলে তো আমরা একটা

স্টেলমেট অবস্থায় থাকতে পারি না। তবে যদি কোনও মাননীয় সদস্যের এসবের ব্যাপারে নির্দিষ্ট কোনও অভিযোগ থাকে জানাবেন, ব্যবস্থা হবে। চুরি করা যেমন আইনে নিষেধ, চুরি হলে থানাতে নালিশ করা যায় তেমনি যদি রিজার্ভেশন চুরি হয় তার জন্য নালিশ করবেন, রিজার্ভেশন সম্পর্কেও আইন আছে, ব্যবস্থা নেওয়া হবে। এটুকু আমি বলতে পারি যে, আমরা যথাসম্ভব এটা পূরণ করার চেষ্টা করছি।

মাননীয় সদস্যরা বিধানসভায় কে কতদিন এসেছেন আমি জানি না, তবে বাজেট বক্তৃতার সময় এটা কোনও নির্দ্দিষ্ট নিয়ম নেই, কোনও কালচার নেই, আপনাদের সবার অঙ্কের হিসাব নিয়ে আসব, এটা করা যায় না।

এখানে ভোকেশনাল ট্রেনিং সম্বন্ধে প্রশ্ন করা হয়েছে, কাট মোশন দেওয়া হয়েছে। আমাদের যে বিরাট সংখ্যক এস.সি.। এস.টি. পরিবারগুলো সাহায্য পেয়েছে তাদের থেকে আমাদের টি.সি., ফি.সি. বা জেলা পরিষদের থেকে ট্রেনিং দিয়ে তার থেকে ভোকেশনাল সার্টিফিকেট পেলে অগ্রাধিকারের সাহায্য পায়। ছোট ছোট পরিবার ভাগ করে কোনও পরিকল্পনা করার ক্ষেত্রেও ঐ সার্টিফিকেট অগ্রাধিকার পায়। আমাদের নিজেদেরও টেকনিক্যাল সার্টিফিকেট আছে। সারা পশ্চিমবাংলায় ঐ সার্টিফিকেটধারীদের ছোট ছোট জীবিকায় পুনর্বসতি হচ্ছে।

কাট মোশন ছাড়া অন্য যে প্রশ্নগুলো এসেছে তার মধ্যে একটা হচ্ছে, এস.টি.ডি. বুথ সম্পর্কে মাননীয় সদস্য সুলতান আহমেদ সাহেবের প্রশ্ন। এ বিষয়ে বলি, আমাদের টাকা ইত্যাদি সব ছিল। কিন্তু এস.টি.ডি. লাইসেন্সের জন্য পোস্ট অ্যান্ড টেলিগ্রাফের সার্টিফিকেট তো নিতে হবে। ধরুন, একটা গাড়ি কেনা হল, কিন্তু সেই মোটর গাড়ি চালাতে গেলে ড্রাইভিং লাইসেন্স তো লাগবে।

[5-50 – 6-00 p.m.]

মোটরের জন্য রুট পারমিট সেটা লাগবে। এস.টি.ডি. বুথ সম্পর্কে পোস্টাল অ্যান্ড টেলিগ্রাফ ডিপার্টমেন্ট থেকে পার্মিশন না দেওয়ার জন্য এটা করা যায়নি, কিন্তু পোস্টাল অ্যান্ড টেলিগ্রাফের জন্য স্বনামখ্যাত সুখরামের সঙ্গে অনেক যোগাযোগ করা হয়েছে, বিশেষ কিছুই হয়নি। এস.সি. এস.টি.-দের জন্য পোস্টাল অ্যান্ড টেলিগ্রাফ ডিপার্টমেন্ট থেকে কাগজপত্র না পাওয়ার জন্য বরাদ্দকৃত অন্য প্রকল্পে ব্যয় করা হয়েছে। মাননীয় সদস্য প্রমথ রায় বলেছেন পোস্ট-ম্যাট্রিকের টাকা কম, তিনি তামিলনাড়ুরও কথা বলেছেন। সারা ভারতবর্ষে পোস্ট ম্যাট্রিকের জন্য একটাই মাত্র স্কেল থাকে। আজকাল এই টাকার পরিমাণ বেড়েছে, আগে কম ছিল, এটা নিয়ে রাজ্যে রাজ্যে পার্থক্য নেই। তারপর অশোক দেব বলেছেন, এস.সি. এস.টি.-দের চাকরি বাকি আছে। আমি বলি বাকি তো থাকবেই, যা চাকরি আছে তার থেকে প্রার্থী অনেক বেশি, যার ফলে কিছু চাকরি পায় আর বাকিরা পড়ে থাকে। আপনি যদি পরামর্শ দেন যে যত চাকরির পদ সৃষ্টি হবে তার সবটাই শুধু এস.সি. এস.টি.-

দেরই দিতে হবে এই নিয়ম যদি করা হয় তাহলে সকলকেই দেওয়া হবে। আমি হাউসে প্রথমেই বলেছিলাম যে এটা ওয়েলফেয়ার বাজেট, কাজেই বিরোধী পক্ষ এবং সরকার পক্ষের বিশেষ কিছু বিরোধিতা থাকা উচিত নয়। তবে একটা জায়গায় বিরোধিতা আছে, গোটা ভারতবর্ষে এটা করা হয়েছে ১৯৫১ সালে কনস্টিটিউশন অ্যামেন্ড করে যে অ্যাক্ট করা হয়েছিল তাকে স্বর্গত জওহরলাল নেহেরুর বক্তব্যের কপি পড়বেন সেখানে পরিষ্কার বলা হয়েছে আমাদের ১০ বছর সময় দিন। ১০ বছর পরে আর এদের জন্য বিশেষ ব্যবস্থা লাগবে না। কিন্তু ভারতবর্ষের আর্থ সামাজিক যে অবস্থা তাতে দুর্বল মানুষ আরও দুর্বল হয়েছে, আর এস.সি. এস.টি. এরা বেশি দুর্বল তাই এরা আলাদা করে কি আর পাবে। ভারতবর্ষের এই আর্থ সামাজিক কাঠামোর মধ্যে অন্য মানুষ যারা আছে তারাই হিমসিম খাচ্ছে, আর এস.সি. এস.টি. এরা আরও দুর্বল এরা কি করবে। আজকে দ্রব্যমূল্যের বৃদ্ধি ঘটছে কাজেই টাকা রাখছি কিন্তু তাতে কিছুই হচ্ছে না। হাউসে আপনাদের কাছে আমার আবেদন এস.সি. এস.টি.-দের জন্য যে ওয়েলফেয়ার বাজেট সেখানে যদি কোনও মাননীয় সদস্য পরামর্শ দেন সেটা বিধানসভায় শুধু ভিতরেই নয় বাইরে দিলেও আমরা তা গ্রহণ করব, বা কোনও ডিফেক্ট যদি থাকে সেটাও আমরা কিওর করব। কিন্তু যেটা নিয়ে বিরোধিতা নেই অর্থাৎ সামাজিক উন্নয়নের প্রশ্নে যদি কোনও সাজেশন থাকে আমরা তা গ্রহণ করব। আর এই সামাজিক উন্নয়নের যে প্রচেষ্টা এতে সবাই যদি ঘাড় না লাগান তাহলে একা মন্ত্রী এবং তার গভর্নমেন্ট অফিসারদের দিয়ে কিছুই হবে না। আমি বক্তব্য শেষ করার আগে সমস্ত কাট মোশনের বিরোধিতা করে, আমার বাজেটকে সমর্থন করে এবং এই বাজেটকে মঞ্জুর করার আবেদন করে শেষ করছি।

The motions of Shri Ashok Kumar Deb, Shri Nirmal Ghosh, Shri Sultan Ahmed, Shri Ajoy De, Shri Shashanka Sekhor Biswas, Shri Kamal Mukherjee, Shri Ajit Khanra, Shri Gopal Krisnna Dey and Shri Sobhan Deb Chattopadhyay that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

**Dr. Asim Kumar Dasgupta :** The motions of that a sum of Rs. 2,16,75,17 000 be granted for expenditure under Demand No. 41, Major Heads : "2202—General Education (Tribal Areas Sub-Plan), 2204—Sports and Youth Services (Tribal Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Public Health) (Tribal Areas Sub-Plan), 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Tribal Areas Sub-Plan), 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2230—Labour and Employment (Tribal Areas Sub-Plan), 2235—Social Security and Welfare (Social Welfare) (Tribal Areas Sub-Plan), 2236—Nutrition (Tribal Areas Sub-Plan), 2250—Other Social Services (Tribal Areas Sub-Plan),

2401—Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops) (Tribal Areas Sub-Plan), 2401—Crop Husbandry (Horticulture and Vegetable Crops) (Tribal Areas Sub-Plan), 2402—Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan), 2403—Animal Husbandry (Tribal Areas Sub-Plan), 2404—Dairy Development (Tribal Areas Sub-Plan), 2405—Fisheries (Tribal Areas Sub-Plan), 2406—Forestry and Wild Life (TribalAreas Sub-Plan), 2408—Food, Storage and Warehousing (Tribal Areas Sub-Plan), 2425—Co-operation (Tribal Areas Sub-Plan), 2435—Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 2501—Rural Development (Tribal Areas Sub-Plan), 2575—Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan), 2702—Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 4250—Capital Account of Other Social Services (Tribal Areas Sub-Plan), 4425—Capital Outlay on Co-operation (Tribal Areas Sub-Plan), 4435—Capital Outlay on Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 4702—Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 4705—Capital Outlay on Command Area Development (Tribal Areas Sub-Plan), 4851—Capital Outlay on village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 5054—Capital Outlay on Roads and Bridges (Tribal Areas Sub-Plan), 6225—Loans for Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 6250—Loans for Other Social Services (Tribal Areas Sub-Plan), 6425—Loans for Co-operation (Tribal Areas Sub-Plan) and 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan)" during the year 1997-98.

(This is inclusive of a total sum of Rs. 74,11,40,000 already voted on account.)

was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 6.00 p.m. till 11 a.m. on Wednesday, the 2nd April, 1997 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 2nd April, 1997 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 14 Ministers, 9 Ministers of State and 138 Members.

[11-00 – 11-10 a.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, আমার একটা জিরো আওয়ার আছে।

## RULING FROM CHAIR

**মিঃ স্পিকার ঃ** বসুন। আজকে নন-অফিসিয়াল ডে। জিরো আওয়ার তখনই হয় যখন অফিসিয়াল বিসনেস থাকে। অফিসিয়াল বিসনেস না থাকলে জিরো আওয়ার হয় কোথা থেকে—এটা আমাকে বোঝাবে কে? আমি পার্লামেন্টারি রীতিনীতি শিখতে রাজি আছি যদি কেউ আমাকে শেখাতে রাজি থাকে। (নয়েজ) বসুন, ধৈর্য ধরে শুনুন। জিরো আওয়ার বলা হয়, অদ্ভুত অদ্ভুত রীতিনীতি তৈরি করছেন। এটা পাড়ার আড্ডা নয়।

That time which is between official business and non-official business. That time is called zero hour. When there is no official business where is that time. The question here is that you may demand a discussion on certain important matters, which have taken place. You may seek to give certain information. Mr. Bapuli and Mr. Deba Prasad Sarkar are senior members. Tapas Roy has come here for the first time. I can understand Tapas Roy, but I cannot understand Mr. Satya Ranjan Bapuli and Mr. Deba Prasad Sarkar. How you are demanding zero hour. Today there is no zero hour. You can give certain information. You can give adjournment motion—I will read it. You can give calling attention notice. But you cannot seek zero hour. Technically, there cannot be any zero hour. Now, Mr. Deba Prasad Sarkar—what is your point of information.

## POINT OF INFORMATION

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, আজকে আপনি দেখেছেন, গতকাল আমার কেন্দ্র

জয়নগরে জয়নগর থানার একজন এ. এস. আই. তিনি জয়নগরে ডাকাত ধরতে গিয়ে ডাকাতের গুলিতে তার মর্মান্তিক মৃত্যু ঘটেছে। ভদ্রেশ্বর থানার ও. সি তিনিও খুন হয়েছেন। ফলে আজকে ডাকাত এবং সমাজবিরোধীদের আক্রমণে শুধু সাধারণ নাগরিকরাই খুনের শিকার হচ্ছেন তা নয়, পুলিশ, ও. সি পর্যন্ত খুন হচ্ছেন। খুবই উদ্বেজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। সমাজ বিরোধীরা একেবারে বেপরোয়া হয়ে গেছে। এই ব্যাপারে গত ২৭ মার্চ মুখ্যমন্ত্রীর কাছে আমাদের রাজ্য সম্পাদক দলের শ্রী প্রভাস ঘোষ এই উদ্বেজনক আইন-শৃঙ্খলা পরিস্থিতির সংকট নিরসনে সর্বদলীয় বৈঠক ডাকার জন্য চিঠি দিয়েছিলেন। আমি আপনার কাছে সেই চিঠির কপি দেব। গোটা রাজ্যে উদ্বেগজনক আইন-শৃঙ্খলা পরিস্থিতির সঙ্কট নিরসনে আপনার মাধ্যমে জানাচ্ছি অবিলম্বে যেন সর্বদলীয় বৈঠক ডাকা হয়। এর জন্য আপনার মাধ্যমে আমি আবার জানাচ্ছি যাতে অবিলম্বে একটা সর্বদলীয় বৈঠক ডাকা হয়। কারণ সমাজ বিরোধীদের দলীয় স্বার্থে ক্ষমতাসীন দল যদি কাজে লাগায়, যেটা সারা ভারতবর্ষে ঘটছে, সেটা আজকে এখানেও হচ্ছে। এটা অত্যন্ত উদ্বেগজনক ব্যাপার। এই সঙ্কট নিরশনের জন্য আমি আবেদন জানাচ্ছি। আপনাকে এই চিঠিটা দিচ্ছি। অবিলম্বে যাতে একটা সর্ব দলীয় বৈঠক ডাকা হয় তার ব্যবস্থা করা হোক।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিধানসভার সদস্য মিঃ সরকার একটা বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। আমি আর একটা বিষয় উল্লেখ করছি। অসীম ব্যানার্জি, যার ডাক নাম ভোম ব্যানার্জি, তিনি পেশায় উকিল ছিলেন এবং আপনার জুনিয়ার ছিলেন, আমার সঙ্গে এক সঙ্গে প্র্যাকটিস করতেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আইন ব্যবসায়ী ছিলেন, আপনি জানেন সাধারণত উকিলদের কাছে কোনও মক্কেল এলে, বাড়ির কলিং বেল বাজালে তাকে ঘরে বসতে দিতে হয়। এই অসীম ব্যানার্জির স্ত্রী তিনি গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গলের একজন কর্মী তিনি ঐ কোয়াটারে থাকেন এবং অসীম ব্যানার্জি কংগ্রেসের একজন নেতৃ স্থানীয় কর্মী ছিলেন, আজকে অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি, তাঁর মৃত্যুতে আলিপুর কোর্ট বন্ধ, বারাসতে বন্ধ ডেকেছে। তাঁকে পয়েন্ট ব্ল্যাঙ্ক রেঞ্জ থেকে গুলি করে হত্যা করা হয়েছে ঘরে ঢুকে। আজকে সারা পশ্চিমবাংলায় যত আইনজীবী আছে, তাদের হয়ে আমি আপনার কাছে একটা আবেদন রাখতে চাই, আজকে দারোগা বাবুর জীবন রক্ষা হবে কি না, সেটা অন্য ব্যাপার। কিন্তু আইনজীবীদের জীবন পর্যন্ত আজকে সুরক্ষিত নয় এবং আইনজীবীদের এই রকম ভাবে পয়েন্ট ব্ল্যাঙ্ক গুলি করে হত্যা করা হচ্ছে। এটা পূর্ব পরিকল্পিত ঘটনা। আইনজীবীর এই নির্মম হত্যার জন্য আমি স্বরাষ্ট্র দপ্তরকে ধিক্কার জানাচ্ছি এবং বুদ্ধদেব বাবু এখানে এসে তাঁর বক্তব্য রাখুন এবং আইনজীবীদের জীবন সুরক্ষার ব্যবস্থা করুন। তিনি যদি তা না করতে পারেন তাহলে তিনি পদত্যাগ করুন।

**(গোলমাল)**

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেস এখানে বড় বড় কথা বলছেন এবং

গোলমাল করছেন, অথচ তাদের দলের আয়কর বাকি পড়েছে যার জন্য তাদের ২৪ কোটি টাকা পেনাল্টি দিতে হচ্ছে এই কংগ্রেস দলকে। এই ভাবে তারা ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে বিশৃঙ্খলা সৃষ্টি করছে। এই কংগ্রেসিরা গত পরশুদিন আমার এলাকায় রাস্তা অবরোধ করেছিল। এখানে মাননীয় সেচ দপ্তরের মন্ত্রী আছেন, তিনি জানেন তপসিয়ায় একটা খাল খননের কাজের জন্য ওখানে কিছু জল জমে যাচ্ছে। সেই খাল খুলতে এই কংগ্রেসিরা বাধা দিচ্ছে, অবরোধ করছে। এই ভাবে মানুষের নজরটাকে অন্য জায়গায় সরিয়ে দিতে চাইছেন। আজকে ওদের দল আয়কর ফাঁকি দিয়েছে, ফলে তাদের ২৪ কোটি টাকা পেনাল্টি দিতে হচ্ছে।

নয়েজ

সেচ মন্ত্রীর কাছে আমার অনুরোধ ওখানে খাল খননের ফলে যে অসুবিধা হচ্ছে সেটা তিনি সত্বর দূর করার ব্যবস্থা করুন।

নয়েজ

**মিঃ স্পিকার ঃ** এবার আব্দুল মান্নান, আপনার কী বলার আছে বলুন। মিঃ মান্নান, আপনি তো আপনার পার্টির হুইপ, একটু আগে যখন মাননীয় সদস্য সত্য বাপুলি বলছিলেন তখন কেউ ওনাকে ডিসটার্ব করেননি। আর যখন রবীন দেব বলতে উঠলেন তখন আপনাদের তরফ থেকে লাগাতার রানিং কমেন্টারি চলল, এই ভাবে কী চলবে? বলুন, আপনার কী বক্তব্য আছে। এই ভাবে চলতে পারেনা। আপনাদের মেম্বারদের কন্ট্রোল করুন।

(গোলমাল)

[11-10 – 11-20 a.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সত্য বাপুলি মহাশয় যখন বলছিলেন তখন থেকে রবীনবাবু প্রোভোক করছিলেন। রবীনবাবু করার পরে এখান থেকে পাল্টা করা হয়। কোনটা বেশি আর কোনটা কম হয়েছে সেটা দেখলে হবেনা। এটা বোথ সাইড থেকেই হয়েছে, শুধু এক দিক থেকে হয়নি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলতে চাচ্ছি সেটা হচ্ছে, এখানে মাননীয় দুই জন সিনিয়র মেম্বার সত্যরঞ্জন বাপুলি মহাশয় এবং দেবপ্রসাদ সরকার দুটি ঘটনার উল্লেখ করেছেন। কিন্তু আমরা কয়েকদিন ধরে দেখছি যে লাগাতর ধারাবাহিক ভাবে আইন-শৃঙ্খলার প্রশ্নে অবনতি হচ্ছে এবং বিহারের সঙ্গে যদি তুলনা করি তাহলে দেখা যাবে যে পশ্চিমবঙ্গের অবস্থা বিহারের চেয়েও খারাপ হয়েছে। একজন এ. এস. আই মার্ডার হয়েছে, একজন ল'ইয়ার খুন হয়েছেন, এবং আদিবাসীদের উপরে অত্যাচার হয়েছে এবং এগুলি নিয়ে বিক্ষোভ চলছে এবং সমস্ত লোক পুলিশের বিরুদ্ধে বিক্ষোভ দেখাচ্ছে, শুধু কংগ্রেস নয়। আজকে আইন-শৃঙ্খলার পরিস্থিতির চরম অবনতি ঘটেছে। আজকে বিহারও বলছে যে পশ্চিমবঙ্গ থেকে তাদের আইন-শৃঙ্খলার অবস্থা ভাল। এই রকম একটা অবস্থায় সর্বদলীয় বৈঠক ডাকা

হয়েছে। আমাদের মধ্যে রাজনৈতিক মতপার্থক্য থাকতে পারে। কিন্তু আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করব যে এই ব্যাপারে একটা সর্বদলীয় বৈঠক করতে। কারণ রাজ্যে আইন-শৃঙ্খলার ভয়াবহ অবনতি ঘটেছে, রাজ্যের মানুষ ইনসিকিওর ফিল করছে—সেটা ঘরে হোক, আর রাস্তায় হোক। এই রকম একটা অবস্থায় সর্বদলীয় বৈঠক ডেকে রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতির পর্যালোচনা করা হোক।

**শ্রী বরেন বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কথা হচ্ছে যে কোনও মৃত্যুই দুঃখজনক। কিন্তু মুশকিল হচ্ছে, মাননীয় বিরোধী দলের অন্যতম নেতা সত্যরঞ্জন বাপুলি মহাশয় আলোচনা করার সময়ে বললেন যে অসীম ব্যানার্জি, যার ডাক নাম হচ্ছে বোম ব্যানার্জি, তিনি খুন হয়েছেন। তিনি হাবড়ার মানুষ। সেখান থেকে পালিয়ে এসে কলকাতা থাকতেন। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে বলব যে অনেক কেস পেণ্ডিং আছে, ওনার বিরুদ্ধে খুনের মামলা আছে। তা সত্ত্বেও আমি আশা করব যে অভ্যন্তরীণ দ্বন্দ্বের জন্য বোম ব্যানার্জি খুন হয়েছেন কিনা সেটা দেখা দরকার। সেজন্য আপনি পুলিশি তদন্ত করে দোষীদের চরম শাস্তি দিন। তিনি হাবড়ায় রাজনীতি করতেন। আপনি বলেছেন বারাসাত কোর্টে বন্ধ হচ্ছে। আমি বলছি যে বারাসাত কোর্টে বন্ধ হচ্ছে না। এটা আপনি সংশোধন করে নিন। আমার কথা হচ্ছে যে ব্যাক গ্রাউণ্ডের উপরে বোম ব্যানার্জি তৈরি হয়েছিলেন, অ্যাকচ্যুয়ালী সেই ব্যাক গ্রাউণ্ডের উপরে দাঁড়িয়ে তিনি কাজ কর্ম করতেন তার প্রফেশনের বাইরে, এটা কোনও সন্দেহের উর্ধ্বে ছিলনা। কিন্তু কথা হচ্ছে যে কোন মৃত্যুই দুঃখজনক এবং মর্মান্তিক। আমি অনুরোধ করব যে কংগ্রেসের দল থেকে আত্মানুসন্ধান করুন যে কেন তিনি মারা গেলেন। দ্বিতীয় কথা হচ্ছে, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়কে বলব যে আপনি তদন্ত করুন এই মৃত্যুর জন্য দায়ী কারা। আর বিরোধী পক্ষকে বলব যে, আজকের কাগজে বেরিয়েছে যে ২৫ কোটি টাকা ইনকাম ট্যাক্স বাকি। কাজেই ২৫ কোটি টাকা ইনকাম ট্যাক্স বাকি যে দলের সেই দলের নেতার এটা ঠিকমতো বলা উচিত।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় স্পিকার স্যার, আজকে আমাদের মান্নান সাহেব আইন-শৃঙ্খলার অবনতির প্রশ্ন নিয়ে উল্লেখ করেছেন। ট্রেন ডাকাতি সহ নানা বিষয়ে তিনি এখানে উত্থাপন করেছেন। আমরা সবাই জানি নানা দিক থেকে একটা সমাজিক অবক্ষয় ঘটছে। নানা সমস্যা জর্জরিত করছে এই সব নানা ধরনের অসামাজিক কাজকর্ম। এই যে ট্রেন ডাকাতি হচ্ছে এই ট্রেন ডাকাতি নিয়ে কলিকাতার একটা বড় কাগজ সমীক্ষা করছে। আমরা এটা দেখেছি এবং ওনারা অস্বীকার করতে পারবেন না যে এই ধরনের ট্রেন ডাকাতি বা এই ধরনের ল অ্যাণ্ড অর্ডার ব্রেক এর অধিকাংশ কংগ্রেসের মদতপুষ্ট। এই ব্যাপারে কংগ্রেস দল মদত দিয়ে যাচ্ছে। প্রতিটি ডাকাতির ক্ষেত্রে, এই যে অসামাজিক কাজ খুন জখম হচ্ছে, কংগ্রেস একমাত্র দল যে গোটা পশ্চিমবাংলায় ল ল্যাণ্ড অর্ডার সিচুয়েশন ব্রেক করবার চেষ্টা করছে। আমরা জানি এই ধরনের সন্ত্রাস রোখবার জন্য আমরা প্রতিশ্রুতি বদ্ধ। আপনারা এই সব কথা বলতে লজ্জা করে না? কংগ্রেস দলের যিনি সর্বভারতীয় সভাপতি, তাঁর বিরুদ্ধে

এই ধরনের মামলা চলছে এবং এই রকম একটা দলের বিরুদ্ধে ২৪ কোটি টাকা আয় কর ফাঁকির অভিযোগ উঠেছে। কংগ্রেসের অধিকাংশ নেতার একপা জেলে একপা বেলে রয়েছে। এই রকম একটা অবস্থা কংগ্রেস দলের হয়েছে। এর মাশুল আপনাদের দিতে হবে না? এই যে সন্ত্রাসের ঘটনা ঘটছে, এই যে ডাকাতি খুন জখম ঘটছে, এই যে ল ল্যাণ্ড অর্ডার ব্রেক করে আক্রমণাত্মক ব্যবস্থা নেওয়া হচ্ছে তার বিরুদ্ধে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি করছি যারা এই পেছনে জড়িত সেই সমস্ত লোককে চিহ্নিত করা হোক এবং তাদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তির ব্যবস্থা করা হোক।

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** Today, I have received ten notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| i) | Alleged closure of Phulia Seed Farm under Shantipur Police Station. | : | Shri Ajoy De |
| ii) | Setting up of a Hospital in Budge-Budge Assembly Constituency area. | : | Shri Ashok Kumar Deb |
| iii) | Reported murder of Shri Ashoke Banerjee, A.S.I. of Joynagar Police Station on 1.4.97 | : | Shri Shiba Prasad Malick and Shri Sailaja Kumar Das |
| iv) | Reported out break of enteric disease at Topsia and Tiljala, Calcutta. | : | Shri Sultan Ahmed |
| v) | Dredging of Marhatta Ditch Canel in North Calcutta. | : | Shri Tarak Bandyopadhyay |
| vi) | Alleged stalemate condition of Ahmedpur Sugar Mill is Birbhum. | : | Shri Suniti Chattoraj |
| vii) | Non-supply of ration-commodities through Ration-shops in the district Howrah. | : | Shri Jatu Lahiri and Shri Sanjib Kumar Das |

| | | | |
|---|---|---|---|
| viii) | Dredging of the Kasapar Canal in Uluberia south Assembly Constituency. | : | Shri Ramjanam Manjhi |
| ix) | Violation of rule in case of promotion of the Scheduled castes and Scheduled Tribes candidate to the post of Deputy Superintendent of Police in the State. | : | Shri Shashanka Sekhar Biswas |
| x) | Alleged sale of Suggestions at Katwa. | : | Shri Rabindranath Chatterjee |

I wanted to select the notices of Shri Sultan Ahmed and Shri Suniti Chattoraj, But Shri Ahmed is not present in the House. So, it is not taken. Even, Shri Suniti Chattoraj is not present in the House. (Pause) Then, I take up the notice of Shri Ashok Kumar Deb on the subject of setting up if a Hospital in Budge Budge Assembly Constituency area.

The Minister-in-Charge may please make a statement today, possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on the 4th April, 1997.

**DISCUSSION ON THE MOTIONS UNDER RULE 185.**

**Mr. Speaker :** Now I call upon Shri Rabin Deb to move the motion.

**Shri Rabin Deb :** Sir, I beg to move that—

"This House notes with grave concern that—

(i) the Union Government has decided to open up the Ins Industry to private companies, both Indian and foreign;

(ii) the Insurance Regulatory Authority Bill, 1996 has been introduced in the Lok Sabha as a prelude to legalise that decision; and

(iii) the Union Finance Minister in the course of his Budget Speech on 28.2.97 has stated that Medical Insurance and pension hitherto under monopoly jurisdiction of GIC of India and LIC of India would be opened up to private sector and"or joint ventures.

This House is of the opinion that—

(i) the LIC and GIC have been functioning most successfully as Public Sector monopolies, serving insurance customers and generating enormous resources for economic and social development; and

(ii) the move to open up the industry would impair their continued successful functioning and lead to private control of enormous resources for private profit to the detriment of people and country's welfare;

This House, therefore, urges upon the Union Government through the State Government to withdraw the Insurance Regulatory Authority Bill, 1996 and give up all measures for opening up of the insurance sector to private and foreign capitals, including others in regard to medical insurance and pension."

There is no amendment to the motion.

[11-20 - 11-30 a.m.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি মাননীয় সদস্য শ্রী রবীন দেব এবং অন্যান্যরা যে মোশন নিয়ে এসেছেন, তাকে সমর্থন করতে পারছি না। এই মোশনটা হল বিশেষ করে সি. পি. এম. এবং বামফ্রন্ট যে ডুয়েল পলিসিতে চলেন, ওদের নিজেদের মধ্যে যে বৈপরীত্য, তারই একটা চেহারা। একদিকে সি. পি. এম. বর্তমান যুক্তফ্রন্ট সরকার যেটা পড়ে যাচ্ছে, তার সবচেয়ে বড় সমর্থক, অপরদিকে সেই সরকারেরই অর্থমন্ত্রী তিনি তাঁর বাজেট বক্তৃতায় ইনসিওরেন্সের ব্যাপারে যে নতুন প্রস্তাব দিয়েছেন, সেই ব্যাপারে সি. পি. এম. বা তার সহযোগী দল এখানে প্রস্তাব এনে তার বিরোধিতা করছেন। ওরা দাবি করেন, সমস্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ওদের স্টিয়ারিং কমিটিতে আলোচনা হয়, তাতে জ্যোতিবাবু এবং সুরজিৎ ওঁরা যান। অথচ ওদের এই ইনসিওরেন্সের ব্যাপারে বিরোধিতা করতে হল। আপনাদের যে স্টিয়ারিং কমিটি আছে, তাতে আপনারা বিরোধিতা করলেন না কেন? অন্যদিকে আপনারা বলছেন যে আপনারা যুক্তফ্রন্ট সরকারের সমর্থক। কংগ্রেস এই সরকারের উপর থেকে সমর্থন প্রত্যাহার করে ঠিক কাজ করেননি বলে বলছেন। ইনসিওরেন্সের ব্যাপারে যে প্রস্তাব বর্তমান অর্থমন্ত্রী চিদাম্বরম এনেছেন তা কংগ্রেস যে রাস্তায় চলছিল, মনমোহন সিং যেভাবে চলছিলেন, সেই রকম একটা পদক্ষেপ। আমরাও যদি সরকার বানাই, তাহলে আমরা প্রস্তাব দিয়েছি যে চিদাম্বরমকেই আমরা অর্থমন্ত্রী রাখবো। বামফ্রন্ট যুক্তফ্রন্টকে সমর্থন করলেন। কিন্তু চিদাম্বরমকে বিরোধিতা করলেন। ওদের সব সময় এই যে কন্ট্রাডিকশন, এর জন্যই কমিউনিস্ট পার্টির এই রমক অবস্থা। আসলে সি. পি. এম বুঝতে পারে না দেশের স্বার্থ বড়, না নিজেদের ইউনিয়নের

স্বার্থ বড়। সেজন্য এই প্রস্তাব এনেছেন। ব্যাপারটা অত্যন্ত সহজ। ইনসিওরেন্স জাতীয়করণ হয়েছে অনেক আগে। এরজন্য সি.পি.এম.-এর কোনও কৃতিত্ব নেই। ইনসিওরেন্স জাতীয়করণ করেছিলেন জওহরলাল নেহেরু ১৯৫৭ সালে। যে ক'টি জিনিস রাষ্ট্রায়ত্ব করেছিলেন তিনি, তার মধ্যে একটা ছিল স্টেট ব্যাঙ্ক, যেটি ইম্পিরিয়াল ব্যাঙ্ক ছিল। সমস্ত ইনসিওরেন্স কোম্পানি জাতীয়করণ করেছিলেন তিনি। আমরা চেয়েছিলাম জীবন বিমা ব্যবসাটা সরকারের হাতে আসুক। তারপর ইন্দিরা গান্ধী একের পর এক সমাজতান্ত্রিক পদক্ষেপ নিয়েছিলেন—১৯৬৯ সালে ব্যাঙ্ক জাতীয়করণ করেছিলেন, রাজন্য ভাতা বিলোপ করেছিলেন, কয়লা খনি জাতীয়করণ করেছিলেন। তারই অঙ্গ হিসাবে সাধারণ বিমা রাষ্ট্রীয়করণ হয়েছে। কোন সময়ে হয়েছে, না যখন আপনারা বলেছিলেন, 'ইন্দিরা গান্ধী ইয়াহিয়া ভুলো মাত।' সেই সময়ে সাধারণ বিমা রাষ্ট্রীয়করণ হয়েছে। আজকে আমি আশ্চর্য হয়ে যাচিছ, সি. পি. এম. কংগ্রেসের এই সিদ্ধান্তকে সমর্থন করতে এগিয়ে এসেছে। আস্তে আস্তে ওরা আরও অনেক ব্যাপারে এগিয়ে আসবেন। এটা রাজনৈতিক ক্ষেত্রে হবে, অন্যান্য ক্ষেত্রেও হবে। আমি এটা যখন বলছি, কোনও ভাবেই আমার উদ্দেশ্য নয় যে রাষ্ট্রায়ত্ব সেক্টর দুর্বল হয়ে যাক। ব্যাঙ্ক, সাধারণ বিমা, ইত্যাদি ক্ষেত্রে আমরা একটা রাষ্ট্রায়ত্ব শিল্প তৈরি করেছি। কিন্তু এর বাস্তব অবস্থাটা কি—সাধারণ বিমা বা জীবন বিমাতে মানুষ আর টাকা বিনিয়োগ করতে চাইছে না। লোকের টাকা থেকেও এই সংস্থাতে বিনিয়োগ হচ্ছে না কারণ এর মূল ব্যাপার হচ্ছে যে, লক্ষ লক্ষ মানুষ জীবন বিমাতে টাকা জমা দিয়েও তারা তাদের সুযোগ সুবিধার থেকে বঞ্চিত হচ্ছে, এতে কোনও সন্দেহ নেই। আমাদের রাষ্ট্রায়ত্ত শিল্প হিসাবে এল আই সি ইনক্লুডেড, কিন্তু এখনো পর্যন্ত তার যে পারফরমেন্স মানুষ তাতে সন্তুষ্ট নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয় এল আই সি অফিসে গিয়েছেন কিনা জানিনা কিন্তু আমার গতবারে একটা অভিজ্ঞতা হয়েছে। গত বছর আমার ২৫ বছরের ইনসুরেন্স পলিসি ম্যাচিওর করাতে টাকা উদ্ধার করতে গিয়ে ৪ মাস সময় লেগে গেছিল। আমাদেরই যদি ৪ মাস সময় লাগে তাহলে গরিব মানুষেরা এত টাকা উদ্ধার করার আগেই তো মরে যাবে। তাহলে এই জীবন বিমা কিসের জন্য করব? সুতরাং রাষ্ট্রায়ত্ত সেক্টর মানে কি শুধু কতগুলো ইনএফিসিয়েন্সিদের প্রশ্রয় দেওয়া এবং এমপ্লয়িদের স্বার্থ রক্ষা করা? যারা জীবন বিমা করেন তাদেরই যদি স্বার্থ ক্ষুন্ন হয় তাহলে জীবন বিমা করার দরকার কি। আজকে কেউ যদি বাড়ি করার জন্য এল আই সির থেকে টাকা লোন নিতে চান তাহলে তাকে নাজেহাল হতে হবে। এই এল আই সির হাউস বিল্ডিং লোন দেওয়া একটা বড় কাজ। লোকে জীবন বিমাতে টাকা জমা দিয়ে তার প্রিমিয়ামের টাকা লোন হিসাবে নিতে গিয়ে পায়ের জুতোর সুকতলা পর্যন্ত শুকিয়ে যাবে। আমার টাকা আমি প্রিমিয়াম দিচ্ছি কিন্তু সময়মতো তার লোন হিসাবে পাব না। ইনসুরেন্স অফিসে গেলে পরই দেখা যাবে হয় বন্ধ, তা না হলে দাবি দিবস ইত্যাদি এসব চলছে, অফিসারদের কাছে জিজ্ঞাসা করলে বলছেন, কি করব আমরা হেল্পলেস, আমরা কিছু করতে পারব না। তবে সাম্প্রতিককালে কম্পিউটারাইজেশন করে অবস্থার একটু উন্নতি হয়েছে। এই কম্পিউটারাইজেশন করার ব্যাপারেও তো বামপন্থীরা প্রচুর বাধা দিয়েছিলেন। বর্তমানে এল আই সি কিছুটা মডার্নাইজড হয়েছে।

কিন্তু আমরা রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক বলুন বা জীবন বিমা বলুন যে ধরনের সুযোগ চাইছি তার থেকে বঞ্চিত হচ্ছি। রাষ্ট্রায়ত্ত স্টেট ব্যাঙ্ক বা এল আই সির পাশাপাশি যদি প্রাইভেট সেক্টর ব্যাঙ্ক বা ফরেন ব্যাঙ্কগুলো থাকে এবং লোকের যদি চয়েস করার অধিকার থাকে তাহলে দেখা যাবে যে লোকে প্রাইভেট সেক্টরেই টাকা রাখতে চাইছে। আসলে রাষ্ট্রায়ত্ত সেক্টর যে তৈরি করেছেন তাতে আপনারা এফিসিয়েন্সি তৈরি করতে পারেননি। সুতরাং এই যে বলছি এল আই সি অ্যাণ্ড জি আই সি the LIC and GIC have been functioning most successfully as Public Sector monopolies, serving insurance customers and generating enormous resources for economic and social development; এটাই বাস্তব অবস্থা নয়, আমরা চাইছি এল আই সি শক্তিশালী থাকুক কিন্তু তার মানে এই নয় যে লক্ষ লক্ষ কাস্টমাররা বিমা করেও তাদের স্বার্থ ক্ষতিগ্রস্ত হবে। জি আই সির ক্ষেত্রেও একই কথা বলতে পারি, জি আই সি মোনোপলি বিজনেস হচ্ছে, কিন্তু ৪টি কোম্পানি যথা জেনারেল ইনস্যুরেন্স, ওরিয়েন্টাল ইনস্যুরেন্স, ডি ইণ্ডিয়া ইউনাইটেড ইনস্যুরেন্স এবং ন্যাশনাল ইনস্যুরেন্স যার হেড অফিস কলকাতাতে। এখানে আবার টাকা উদ্ধার করতে হলে সার্ভেয়ার থেকে শুরু করে অফিসার অবধি ঘুষ না দিলে টাকা উদ্ধার হবে না। সেখানে যদি আগুন লাগে তাহলে ফায়ার ইনস্যুরেন্সের জন্য ঘুষ দিয়ে টাকা পাওয়া যাবে। সুতরাং অ্যাক্সিডেন্ট বলুন বা ফায়ার ইনসুরেন্স বলুন ঘুষ দিয়ে টাকা উদ্ধার করতে হবে। হোয়াই দিজ স্যাড হ্যাপেন। তবে জি আই সির অবস্থা এল আই সির থেকে একটু ভালো কারণ তাদের ৪টি সংস্থার মধ্যে প্রতিযোগিতা রয়েছে। আজকে এই জিনিসটা সিরিয়াসলি দেখার প্রয়োজনীতা আছে যে হোয়েদার দি কাস্টোমার উইল সাফার। এই প্রশ্ন আজকে বড় করে আমাদের সামনে এসে দাঁড়িয়েছে। এটা মূলত ইউনিয়নের জন্যই হচ্ছে কিন্তু আমরাও তো ইউনিয়ন করি, লোকের স্বার্থ ক্ষুন্ন করে তো আমরা এসব সংস্থা চালাতে পারি না। আপনারা বিদেশি কোম্পানিগুলোকে এখানে ঢোকাতে চাইছেন, এর ইউটিলিটি সম্পর্কে আপনারা বলছেন ইকোনমিতে গ্লোবালাইজেশন এসে যাবে খুব সহজে। পশ্চিমবঙ্গে বিদেশি কোম্পানিগুলো যথা এনরোল হোক বা জেনারেল ইলেক্ট্রিক্যাল কোম্পানি হোক বা সিমেন্স হোক তারা টাকা ইনভেস্ট করবে। তারা যখন টাকা ইনভেস্ট করবে তখন তারা সেই এফিসিয়েন্সিটা চাইবে। তারা যদি দেখে যে ইনসুরেন্স কোম্পানিতে টাকা ইনভেস্ট করেও অ্যাকসিডেন্ট বাবদ টাকা ফেরৎ না পান তাহলে তারা সেই টাকা ইনভেস্ট করবেন কেন? দরকারের সময়ে টাকা পাব বলেই তো তারা এসে এখানে ইনভেস্ট করবে। এখানে জ্যোতি বাবু ওই বিদেশি সংস্থাকে ওয়েলকাম করছেন, These State Government welcomes investment by multinationals and foreign banks.

[11-30 – 11-40 a.m.]

ইফ ইউ ওয়ান্ট টু bring them, you have to allow their insurance companies to come. তার কারণ, প্রথমে ঐ ফরেন কোম্পানি আসবে, ওদের এফিসিয়েন্সিতে

জি. আই. সি.র সঙ্গে কমপিট করবে, কখনও রাজি হবে না। ওদের একটা মূল রেস্ট্রিকশন হচ্ছে, এখন ভারতবর্ষে ইনভেস্ট করা। এখানে যে ব্যাঙ্ক যাদের সঙ্গে ডিল করতে হয়, ইন্সিওরেন্স কোম্পানি যাদের সঙ্গে ডিল করতে হয় ওরা এফিসিয়েন্ট নয়। আমাদের নিশ্চয় এর মধ্যে থেকে চেষ্টা করতে হবে রাষ্ট্রায়ত্ত সেক্টরের এফিসিয়েন্সি বাড়াতে। কিন্তু আল্টিমেটলি আপনারা যদি ফরেন ইনভেস্টমেন্ট এখানে আনতে চান তাহলে আপনি ইন্সিওরেন্স কোম্পানি ফরেন ব্যাঙ্ককে আটকে পারবেন না। কংগ্রেস আমলে এই ব্যাপারে খুব চাপ হয়েছিল, সেই সময় প্রণববাবু তখন মন্ত্রী ছিলেন, আমাকে এসে বলেছিলেন ওরা খুব চাপ দিচ্ছে, ব্যাঙ্কিং সেক্টর যাতে খুলে দিই। আমরা খুলিনি, আমরা প্রটেক্ট করেছি। কংগ্রেস আমলে যতদিন ক্ষমতায় ছিল আটকে রেখেছিল, খুব বড় পার্টি ছিল, কংগ্রেস যেই গিয়েছে, অমনি চিদাম্বরম আপনাদের সমর্থন পেয়ে খুলে দিয়েছে। আপনারা সরকার তৈরি করে খুলে দিয়েছেন। তারপরে, ফরেন কোম্পানিগুলি চাপটা খুব বেশি দিচ্ছে। আপনাদের কে ইনভেস্টমেন্ট আনতে গেলে এই চাপ থেকে নিজেদেরকে মুক্ত করতে পারবেন না। তাই এবারে আপনারা যে বলছেন অনেক বেশি ওপেন আপ করুন, ওপেন আপ তো খুব বেশি করেনি। চিদাম্বরম খুব পরিষ্কার ভাবে বলেছে, আমি হেলথ ইন্সিওরেন্স-এ একটু ওপেন আপ দিতে চাই। তার কারণ হচ্ছে, আজকে যে মেডিক্লেম আছে—রবীন বাবু আপনি জানেন, এম. এল. এ.দের সব খরচ তো সরকার দেবে—এখানে একজন সাধারণ মানুষের যদি বাইপাস সার্জারি হয়, তাহলে মেডিক্লেম বলবে আপনি আগে সব খরচ করুন, তারপর বিল জমা দেবেন, তারপরে টাকা। লোকেরা টাকা জোগাড় করতে পারছে না, ফলে অপারেশন হচ্ছে না, মেডিক্লেম মাসের পর মাস পড়ে থাকে এবং সে টাকা-পয়সা দেবার ব্যাপারে ঘুষ ইত্যাদি দিতে হয়। আজকে লোকে মেডিক্যাল বেনিফিট চায় ভাল ভাল হাসপাতাল হচ্ছে এখানে, লোকেরা চাইছে অ্যাডভান্স মেডিক্যাল কেয়ার। কিন্তু একটা ওপেন হার্ট সার্জারি, কিডনি ট্রান্সপ্লান্ট এর জন্য মেডিক্লেম, থেকে যেটা জেনারেল ইন্সিওরেন্স আছে, সেই টাকা বার করতে লোকের দম বার হয়ে যাচ্ছে। অতীশদা বলছেন, ওর মেডিক্লেম ছিল, যখন অতীশদা এম. এল. এ. ছিলেন না, তখন বাইপাস সার্জারি হল, ভাগ্যে মেডিক্লেম ছিল, কিন্তু টাকা বার করতে ওর দম বার হয়ে গিয়েছে। এবং এক্ষেত্রে যদি একটু ওপেন আপ না করেন—মানুষকে ওরা বলছেন ভাল সার্ভিস দেব; ওরা তো বলছেন না, আমরা কমপারেবিল সার্ভিস দেব। আমি সেইজন্য বলছি, চিদাম্বরম যেটা করেছে, এটা আপনাদের স্মল স্টেপ। এতে বামপন্থীদের—একটা ভাল নীতির জন্য লড়ছে, এই বলে লাফাবার দরকার নেই। জ্যোতি বাবু বলবেন সমস্ত প্রাইভেট সেক্টর আসুক, ফিলিপস আসুক, সিমেন্স আসুক, হিন্দুস্থান লিভার আসুক, মাল্টি ন্যাশনালরা আসুক, শুধু ইন্সিওরেন্স কোম্পানিটা আমরা আটকে রাখব। দিস ইজ নট এ গুড পলিসি। এই শর্ট সাইডনেস এর জন্য ডগ ইন দি মানজার পলিসির জন্য অতীতে কমিউনিস্ট পার্টি সাফার করেছে এই রাজ্যে, এর জন্য ইনভেস্টমেন্ট আসেনি। এর জন্য আপনাদের আর একটু ওপেন মাইনডেড পলিসি ফলো করতে হবে। আপনি জানেন এই নিয়ে ইন্সিওরেন্স রেগুলেটার অথরিটি যেটা চিদাম্বরম বলছেন সেটা আমি সমর্থন করি। তার কারণ এই যে একটার পর

একটা প্রাইভেটাইজেশন এর দিকে আপনি যাবেন তাতে যদি রেগুলেটরি বডি না থাকে তাহলে সেটা রাম্পাট প্রাইভেটাইজেশন হয়। এই ভুলটা সুখরামকে করতে দেখেছি, যার জন্য ওকে জেলে যেতে হয়েছিল। টেলিফোনের যা ডিমান্ড সেটা গভর্নমেন্ট সেক্টর মিট-আপ করতে পারছে না। তাই গভর্নমেন্ট সিদ্ধান্ত নিল বেসিক টেলিফোন সার্ভিস ইনক্লুডিং অ্যাপার্ট ফ্রম সেলুলার এবং পেজিং সার্ভিসেস এগুলি আমরা ওপেন আপ করে দেব দেশি বিদেশি কোম্পানি, ফরেন কোম্পানির মধ্যে। আস্তে আস্তে বিরাট বিরাট ইনভেস্টমেন্ট এর প্রপোজাল আসতে শুরু করল, কিন্তু তখন কোনও রেগুলেটরি বডি ছিল না, স্ট্যাটুটরি অথরিটি ছিল না, তার ফলে মন্ত্রীর হাতে অনেকখানি ক্ষমতা চলে গেল, সেইজন্য এতে কোরাপশন হয়েছে, সুখরামকে জেলে যেতে হয়েছে। সুতরাং ইন্সিওরেন্স রেগুলেটরি অথরিটি [illegible] ভাল, তারা বিচার করুক কোন সেক্টরে আমরা কতটা দেব। এই ইন্সিওরেন্স এবং এল. আই. সি. যে ভাবে চলেছে তা দিয়ে কাস্টমারস স্যাটিসফাকশন সম্ভব নয়। আমি বলছি না, আপনারা রাতারাতি সমস্ত দরজা খুলে দিন। আপনি বলুন সিলেক্টিভলি, আস্তে আস্তে প্রাইভেটাইজেশনের রাস্তা খুলতে হবে। যদি আমাদের অর্থনীতিকে পৃথিবীর অর্থনীতির সঙ্গে যুক্ত করতে হয়, এছাড়া আর রাস্তা নেই। এই রাস্তায় রাশিয়া চলে যাচ্ছে, পোল্যাণ্ড যাচ্ছে, যেগুলি ফর্মার কমিউনিস্ট কান্ট্রিজ এর মধ্যে তারা ওপেন আপ করে সবচেয়ে বেশি ডেভেলপ করছে। আপনি নূতন জার্মানীতে দেখুন, ইউনাইটেড জার্মানি তারা কিভাবে ডেভেলপ করছে। চেকোশ্লোভাকিয়া কিভাবে ডেভেলপমেন্ট করছে? সারা পৃথিবীতে ইনভেস্টমেন্ট ডেস্টিনেশন আছে। সেখানে আপনারা ভারতবর্ষে ক্যাপিটাল আনতে চাইলে ভারতবর্ষে সুযোগ দিতে হবে। আমি আবার বলব যে বামপন্থী আপনারা, আপনাদের এই দ্বিচারিণী ভাবটা ছাড়ুন, বৈপরীত্য ছেড়ে ক্লিয়ার কাট বলুন। ইনভেস্টমেন্ট চাইলে ইনভেস্টমেন্ট চাইতে হবে পাওয়ার, ইনসিওরেন্স, ব্যাঙ্কিং, রিয়েল এস্টেটে। আমরা বন্ধ করে গ্লোবালাইজেশন করতে পারব না। সেজন্য আমি রবীন দেবকে বলছি এই প্রস্তাবটা নিয়ে বেশি জোরাজুরি করবেন না। আপনারা প্রস্তাবটা তুলে নিন।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সভায় মাননীয় সদ্য রবীন দেব মহাশয় যে প্রস্তাব এনেছেন এবং সবচেয়ে আশ্চর্যের কথা কংগ্রেসের পক্ষ থেকে বুদ্ধিজীবী বলে পরিচিত। মাননীয় সদস্য তিনি যেভাবে এই প্রস্তাবকে নাকচ করলেন। কংগ্রেসের আনীত যে কতগুলো প্রোপোজাল ছিল তার মধ্যে এটা অন্যতম—বিমা জাতীয়করণ। একই সরকারের, একই গৃহীত নীতি আজও পর্যন্ত সেই পার্টির, সেই দলের সদস্য হয়ে এইভাবে বিরোধিতা করবেন আমরা ভাবতে পারি না। আমরা এখানে যারা আছি, আমাদের বাইরে যারা আছেন, টুকিটাকি কাজকর্ম করেন বা করেন না, সরকারি বা বে-সরকারি, প্রায় প্রত্যেকটি মানুষ কোনও না কোনও ভাবে ইনসিওরেন্সের সঙ্গে যুক্ত। অনেকরকম ভাবে আলোচনা এই হাউসে হয়েছে। বে-সরকারি চিট ফাণ্ডগুলোর বিরুদ্ধে অনেক প্রতিবাদ আমরা সমস্বরে সবাই একসঙ্গে করেছি। একটা জায়গায় এসেছি। পিয়ারলেস এর বিরুদ্ধেও আমাদের সেই মনোভাব ছিল

কিন্তু মানুষ তারা সকলে একটা জায়গায় নিশ্চিত। এল. আই. সি এবং জি. আই. সি। আমাদের কেন্দ্রীয় অর্থমন্ত্রী যে প্রস্তাব এনেছেন এটা কিভাবে কংগ্রেসের পক্ষ থেকে মেনে নিচ্ছেন বুঝতে পারছি না। আজকে আমরা জানি আমাদের যে কোনও বিপদে আমরা আমাদের সঞ্চিত টাকা পেতে পারি। নিশ্চিতভাবেই পেতে পারি। আমি নিজে ঘর পুড়ে যাওয়ার পর, সমস্ত গ্রাম ধ্বংস হয়ে গেছে। এল. আই. সি স্কীমের টাকা দিয়ে তা পুনরুদ্ধার করা হয়েছে। হয়তো কতিপয় কর্মী যাদের সঙ্গে ঠিকমতো যোগাযোগ করা যায়নি তারজন্য কোনও অসুবিধা হতে পারে কিন্তু সার্বিকভাবে কোনও বিমা পলিসির বিরুদ্ধে এরকম মন্তব্য হতে পারে এটা ঠিক নয়। আজকে মানুষের জীবনের নিরাপত্তা কোথায় কিভাবে—আজকে রাজনৈতিক খুন হচ্ছে। মানুষ দুর্ঘটনায় মারা যাচ্ছে। একটা ক্ষেত্রে কি এইভাবে নজির আছে এল. আই. সি. টাকা দেননি বা টাকা পাননি? একটা নিয়মের মধ্যে নিয়ে, ডেথ সার্টিফিকেট ঠিকমতো দিয়ে, কে ক্লেমেন্ট কে টাকা পাবে সবই একটা নিয়মের মধ্যে আনতে হয়। সুতরাং এত বড় একটা বিষয়, সারা দেশের মানুষ, সারা দেশের লক্ষ লক্ষ কর্মচারি এরমধ্যে যুক্ত এবং নিশ্চিত ভাবে একটা আশ্রয়ের জায়গা। সেই এল. আই. সি., জি. আই. সি.-কে আপনারা বে-সরকারিকরণের দিকে ঠেলে দেবেন আর আমরা এটা এত সহজে মেনে নেব, সেটা হবে না। আজকে রবীন দেব মহাশয়, যে প্রস্তাব এনেছেন সেটা বিরোধী বন্ধুদের ভাবতে অনুরোধ করি। আমাদের দেশের লক্ষ লক্ষ মানুষের জীবন এখানে জড়িত আছে। যেটা নিশ্চিত ভাবে শুধু কর্মচারিদের নয়, আমাদের সকলের জীবনের নিরাপত্তার দায়িত্ব কিছুটা বহন করে সেটা জাতীয়করণ থাক। এই অনুরোধ জানিয়ে মাননীয় সদস্য শ্রী রবীন দেব মহাশয় যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[11-40 – 11-50 a.m.]

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় সদস্য শ্রী রবীন দেব মহাশয় ১৮৫ যে মোশন এখানে উত্থাপন করেছেন আমি সেই বিতর্কে অংশ নিয়ে প্রথমে ওনাকে কয়েকটি কথা বলতে চাই। উনি প্রথমে যে শব্দটা দিয়েছেন, The Union

Government has decided to open up the Insurance Industry to private companies, both Indian and foreign.

ফরেন কথাটা উনি কোথা থেকে পেলেন বুঝতে পারছি না। ২৮.২.৯৭ তারিখে চিদাম্বরম যে বাজেট বক্তৃতা দিয়েছেন আমি সেটা থেকে বলছি, সেখানে পরিষ্কার বলা হয়েছে,

I would also like to make it clear that only a few Indian companies that Indian controlled and with majority Indian ownership will be permitted to enter the Health Insurance Business.

হেলথ ইনসিওরেন্সটা মেডিক্যাল বেস করে হয়। সেজন্য উনি এই কথাগুলো বলেছেন।

উনি পরিষ্কার করে বলেছেন, ইণ্ডিয়ান কোম্পানিজ অ্যাণ্ড ইণ্ডিয়ান কন্ট্রোলড। ফরেন কথাটা উনি কোথা থেকে পেলেন? এ ছাড়া পেনশন সম্বন্ধে উনি বলেছেন, উনি জয়েন্ট ভেঞ্চারের সম্পর্কে বলেছেন। উনি ৫০ অনুচ্ছেদে বলেছেন,

LIC has also requested the Government to permit it to promote joint ventures in the pension business. There is no reason to deny LIC this right. The proposed amendment will permit LIC to enter into such joint ventures. After the amendments UTI's pension fund will compete that LIC's pension scheme.

উনি বলছেন ইউ. টি. আই.-র পারফরমেন্স খুব ভাল। ৪৯ অনুচ্ছেদে বলেছেন,

1955 at the instance of my disginguished predecessor UTI floated, UTI Retirement Benefit plan. It has attracted about 80,000 subscribers. I propose to allow UTI to expand the above plan into a full-fledged pension fund. UTI has made a request to Government in this regard. LIC has no objection; and hence it is appropriate to amend the laws.

ইউ. টি. আই.-র রিটায়ারমেন্ট স্কীম খুব ভাল এবং সেটা কে এক্সপ্যাণ্ড করতে বলেছেন এবং এল. আই. সি. কে কমপিট করতে বলছে এই নিয়ে কোনও কন্ট্রাডিক্টরি নেই। উনি এখানে ফরেন শব্দটা নিয়ে এলেন। জি. আই. সি., মেডিকেয়ার কিভাবে হয়? এখানে ডাক্তার উৎপল রায় আছেন। উনি একটা গ্রুপ নিয়ে যান। প্রিমিয়ামের একটা পারসেনটেজ উনি নেন। এই ভুঁই-ফোড় এজেন্সিগুলো চিট করছে। জি. আই. সি.র পারসোনেল স্কীম ৮৩ হাজার টাকার বেশি হয় না। সেখানে দেখা যাচ্ছে উনি ৩ লক্ষ টাকা পর্যন্ত দিচ্ছেন, তার উপরেও দিচ্ছেন। এরকম একটা উদাহরণ আছে—মেডিকেয়ার। এই যে ভুঁইফোড় এজেন্টগুলো আছে, তাদের হাত থেকে রক্ষা করার জন্য বলছেন এবং গ্যারান্টি দিচ্ছেন,

comprehensive regulations will be made and enforced by the insurance regulatory authority for all services provides in the insurance industries.

সেখানে তার গ্যারান্টি দিচ্ছেন। হেল্থ স্কিমে যারা ইনসিওর করবেন, তারা গ্যারান্টি পাবেন। জি. আই. সি. তার গ্যারান্টার থাকছে। সুতরাং, কিছু রেপুটেড ফার্ম বা অর্গানাইজেশন থেকে যেসব ফিকটিশিয়াস লোক, কি ভাবে টাকা নিচ্ছে, কিভাবে চিট করছে, বা জি. আই. সি.কে ফাঁকি দিয়ে টাকা নিচ্ছে, সেখানে ফিনান্স মিনিস্টার কন্ট্রোল আনতে চাইছেন। সেটা দেখা উচিত।

দ্বিতীয় হচ্ছে পরিষেবা। সেটাও দেখতে হবে। সুভাষ বাবু কোন জগতে বাস করেন জানি না, উনি বলেছেন 'কোনও অভিযোগ নেই'। কিন্তু আমরা দেখছি, এল. আই. সি.

থেকে নিজের টাকা নিতে গেলেও ঘুষ দিয়ে নিতে হয়। অর্থাৎ পরিষেবার ক্ষেত্রেও একটা ব্যাপার আছে। সুপ্রিম কোর্টের জাজমেন্ট আছে। শান্তি বাবু নিশ্চয় জানেন, বিমার সংক্রান্ত ব্যাপারে অনারেবল জাস্টিস কুলদীপ সিং এবং অনারেবল জাস্টিস আর. এল. সাহি একটা জাজমেট দিয়েছেন,

When priv:.te undertakings are taken over by the government or corporations are created to discharge what is otherwise states function. One of the inherent objectives of such social welfare measures is to provide better, efficient and cheaper service to the pecple. Any attempt therefore to exclude services offered by statutory or official bodies to the common man would be against the provisions of the Act and spirit behind it.

অর্থাৎ মানুষকে তাদের সার্ভিস পাওয়ার অধিকার থেকে বঞ্চিত করা অন্যায়, আইন বিরুদ্ধ। এখানে সুপ্রিম কোর্টের রায়েও সেটা বলা হয়েছে। অর্থাৎ, মানুষকে সেই সুযোগটা দিতে হবে। মাননীয় সদস্য সৌগত বাবু ঠিকই বলেছেন, আমাদের দুর্ভাগ্য। এটা এখানে খুব চেঁচামেচি করেন। আমরা অনেকে তো রাত্রিবেলা ফিরি, আমরা জানি, এক ধরনের আছে যারা নিজেদের পাড়ার মধ্যে খুব চেঁচায়, পথচারীরা ভয় পেয়ে যায়, কিন্তু পাড়ার বাইরে গেলে তারা মিউ মিউ করে। এদেরও সেই অবস্থা, পশ্চিমবাংলার মধ্যে হলে বিপ্লবী, বাইরে গেলেই মিউ মিউ করে। আপনাদের কথাতে ধরে নিলাম চিদাম্বরমের বক্তৃতার মধ্যে কোথাও জনস্বার্থের কথা নেই, অ্যান্টি পিপল অ্যাকটিভিটি হচ্ছে। আপনাদের তো দরকার ছিল বলা, এখনও তো নো-কনিফডেন্স আনা হয়নি, পাশ হয়নি, সেখানে বললেন না কেন? আমরা তো স্টিয়ারিং কমিটির মেম্বার ছিলাম না, আপনারাই ছিলেন। এবং, সবচেয়ে আশ্চর্যের ব্যাপার, শুধু স্টিয়ারিং কমিটি নয়, সেখানে প্রধানমন্ত্রী বলে দিচ্ছেন, 'জ্যোতি বাবু মেড মি প্রাইম মিনিস্টার'। আপনারাও গর্ব করে বলেন, ভারতবর্ষের সরকারকে কন্ট্রোল করছেন জ্যোতি বাবু। এবং, আপনারা বামপন্থীরা তার নিয়ন্ত্রক বলে গর্ব করেন। সুতরাং, আপনাদের এরকম দ্বি-মুখী নীতি কেন? কেন আপনারা এই ভণ্ডামি করছেন? একদিকে কেন্দ্রীয় সরকারের বাজেটকে দু হাত তুলে সমর্থন করছেন, আবার অপরদিকে বাজেটের বিরুদ্ধে প্রস্তাব আনবেন? হ্যাঁ, আপনাদের প্রস্তাবকে আমরা সমর্থন করব—পার্লমেন্টে সোমনাথ চট্টোপাধ্যায়কে বলুন এরকম একটা প্রস্তাব প্লেস করতে। যদি আপনাদের ভণ্ডামি না থাকে, যদি সত্যিকারের জনদরদী ভূমিকা থাকে, যদি মানুষকে না প্রতারণা করতে চান তাহলে নিয়ে আসুন সেখানে প্রস্তাব। এল. আই. সি. কর্মচারিদের সঙ্গে ইউনিয়ন করেন বলেই তাদের স্বার্থে এই প্রস্তাব আনার চেষ্টা করছেন।

[11-50 – 12-00 noon]

এই প্রস্তাব এখানে পাস হলেও কি, আর না হলেই বা কি। এর কোনও প্রতিক্রিয়া আসল জায়গায় পড়বে না। আপনাদের যে কজন মেম্বার পালামেন্টে আছেন তাঁরা যদি

এবিষয়ে একটা কাট মোশন মাননীয় চিদাম্বরমের বাজেট-এর বিরুদ্ধে জমা দিবেন, একটা প্রস্তাব নিয়ে আসতেন, তাহলে ভালো হত। তাই বলছি, রাতের বেলায় যারা কেউ কেউ করে আবার লেজ গুটিয়ে পালিয়ে যায় তাদের মতো না করে, এখানে না চেঁচিয়ে ওখানে চলুন। তাই এবিষয়ে মাননীয় সদস্য সৌগতবাবু যেটা বলেছেন, প্রত্যেকটা কথাই বলেছেন—তাই বলছি, দয়া করে আর ভণ্ডামী করবেন না। যদি সত্যি সত্যিই একটা জনদরদী সিদ্ধান্ত নিতে চান, যদি সত্যি সত্যি মনে করেন এগুলো বে-সরকারিকরণ হয়ে যাচ্ছে, জয়েন্ট ভেঞ্চারে প্রাইভেটকে দিয়ে দেওয়া হচ্ছে, তাহলে আপনাদের বলছি, আপনাদের এবং আমাদের এম. পি. মিলে যদি প্রস্তাব নিয়ে আসেন আমরা এটা সমর্থন করব। তা না করে শুধু পশ্চিমবাংলা বিধানসভায় চিৎকার চেঁচামেচি করবেন আর লোকসভাতে লেজ গুটিয়ে চলে আসবেন, এটা করলে কোনও লাভ হবে না। তাই মাননীয় সৌগতবাবু যেটা বলেছেন—প্রস্তাব তুলে নিন এবং দিল্লিতে গিয়ে এম. পি.-দের বলুন।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য রবীন দেব এবং আরো কয়েকজন সদস্য এল. আই. সি. এবং জি. আই. সি. রেগুলেট করার জন্য যে বিল কেন্দ্রীয় অর্থমন্ত্রী এনেছেন সে বিষয়ে এবং তার সঙ্গে মেডিক্যাল ইনস্যুরেন্স, পেনশন ইত্যাদি ব্যাপারে যে কথা বলেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। আমি বেশি কথায় যেতে চাই না। মাননীয় সদস্য সৌগতবাবু পণ্ডিত লোক আমি জানি। প্রাইভেটাইজেশন সম্বন্ধে, মাল্টিন্যাশনাল সম্বন্ধে ওঁর কি অভিমত সেটা আমার অজানা নয়, অনেকেরই অজানা নয়। উনি যা বলার খুব পরিষ্কার করেই বলেন, অন্যদের মতো গোল গোল করে বলেন না। উনি বরাবর এর সমর্থন করে এসেছেন। কিন্তু একটা মুশকিল হল, উনি নেহেরুজীর কথা বলেছেন। কিন্তু নেহেরুজী বিভিন্ন ক্ষেত্রে যে রাষ্ট্রীয়করণ, জাতীয়করণ-এর পলিসি নিয়েছিলেন এবং আমরা যাতে নিজের পায়ে দাঁড়াতে পারি, আমাদের অর্থনীতি যাতে দাঁড়াতে পারে সেজন্য যে নীতি নিয়েছিলেন এবং যে কাজ করেছিলেন, ওঁরা কেন্দ্রে যারা ছিলেন তাঁরা তার বিরোধিতা করেছিলেন এবং এই যে প্রচেষ্টা, এই প্রচেষ্টা আগের কেন্দ্রীয় সরকারের আমলেও হয়েছে। এবিষয়ে আই. এম. এফ., গ্যাট, অনেক কিছুই আছে—এটা পুরোনো কথা, সকলেই জানেন এবং তার জের আজকে অনেক কিছুই বহণ করতে হচ্ছে। রেগুলেশনের ফলে যেটা হবে, সেটা, যে ইক্যুইটিটা, শেয়ার কন্ট্রোলকে করবে। প্রাইভেটাইজেশন-এর শেয়ার প্রাইভেট মালিকের হাতে চলে যাবে—আজকাল যেটা হয়। এটা সৌগত বাবু আমার থেকে ভালো জানেন। প্রাইভেট মালিকদের মাল্টিন্যাশনালদের সঙ্গে ফরেনার্সদের সঙ্গে চুক্তি হয় আলাদা, সেই ভাবে ক্যাপিটাল ইনফ্লো হয়, আবার ওরা সরাসরিও আসে। আজকে ব্যাঙ্ক প্রাইভেটাইজেশন সম্পর্কে যে দৃষ্টিভঙ্গি যে প্রস্তাব এসেছিল ওদের সময়ে, আবার যেসব কথাবার্তা হচ্ছে কিম্বা আমাদের যে সমস্ত হেভি ইণ্ডাস্ট্রি পাবলিক সেক্টর যেখানে বিশেষ করে হেভি ইণ্ডাস্ট্রি আছে তাকেও প্রাইভেটাইজেশন করার জন্য যে কথা হচ্ছে, এতে অনেক সময় দেখা যাচ্ছে যারা এসেছেন তাদের গায়ে ভারতীয় নামাবলী, কিন্তু তাদের পিছনে অন্যরাও আছেন, তাদের টাকা পয়সা

ইত্যাদি আছে। সে কারণে আমরা এগুলির বিরোধিতা করি। আমার সবচেয়ে আশ্চর্য লাগছে মান্নান সাহেবও এখানে বলেছেন, আমি দেখলাম একটা প্রস্তাব আছে টেক্সটাইলস সম্বন্ধে, সেখানেও প্রাইভেটাইজেশনের চেষ্টা চলেছে, কথা হচ্ছে অনেক আগে থেকেই। তার বিরোধিতা করে একটা প্রস্তাবে সকলে একমত হয়েছেন। আমি বুঝতে পারছি না দ্বিচারণ কেন? দু রকম কেন? এছাড়াও উনি একটা কথা বলেছেন যুক্তফ্রন্ট সরকারের যিনি হচেছন অর্থমন্ত্রী—বামফ্রন্টের অন্য যে সমস্ত পার্টিগুলি আছে সাম্প্রদায়িক শক্তিকে ঠেকানোর জন্য আমরা কতগুলি কমন প্রোগ্রাম করেছি, কয়েকটি কমন প্রোগ্রামে ঐক্যবদ্ধ। বাকিগুলির বিষয় নিয়ে আলোচনা হয়, মতভেদ হয়, স্টিয়ারিং কমিটিতেও হয় এবং সেখানে সেগুলি আসে। আমরা বারবার বলেছি যেসব কথা আমরা মনে করব দেশের পক্ষে খারাপ, আমরা তার বিরুদ্ধে লোককে বলব, প্রতিবাদ করব। কিন্তু প্রতিবাদটা ওই গভর্নমেন্টকে ফেলে দেওয়ার জন্য যাবে, কি যাবে না সেটা কোনও কথা নয়। আমরা প্রতিবাদ করছি, কিন্তু তাকে অন্য কেউ ব্যবহার করবে সেই ভাবে যাচ্ছি না, আমরা লোককে বলছি, প্রতিবাদ করছি। এই যে একটা ইণ্ডাস্ট্রিওয়াইজ স্ট্রাইকের কথা ছিল—যেহেতু পরিস্থিতি বদলে গেছে এবং আজকেই সৌগত বাবু যে সব কথা বলেছেন—চিদাম্বরম-এর ওই সব প্রস্তাব সমর্থন করেছেন—যুক্তফ্রন্ট সরকারের যে প্রস্তাব—অর্থমন্ত্রীতো যুক্তফ্রন্টের তাকে উল্টে দেওয়ার জন্য চেষ্টা চলছে, সেই প্রচেষ্টা চলছে। সে কারণে আমরা বহুদিন ধরে বলছি যেটা প্রয়োজন যে এল. আই. সি., জি. আই. সি., কিম্বা ব্যাঙ্ক, রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক এগুলি যখন রাষ্ট্রায়ত্ত করা হয়েছিল তখন প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল এদের যে টাকা, সেই বিপুল অর্থ ছোট শিল্পে, মাঝারী শিল্পে আমাদের দেশের শিল্পের উন্নতির জন্য ব্যয় করা হবে, প্রধানত বড়রা কম পাবে এবং এ ছাড়া জাতীয় কল্যাণে যে সমস্ত প্রোজেক্ট কাজ করছে তাতে ব্যয় করা হবে। কিন্তু আস্তে আস্তে দেখা যাচ্ছে তার উল্টোটা হচ্ছে। সৌগত বাবু জানেন এল. আই. সি, জি. আই. সি. কিম্বা ব্যাঙ্ক এর বেশি টাকা যারা রাঘব বোয়াল তাদের দেওয়া হচ্ছে। রাঘব বোয়ালরা অনেকে আবার মাল্টিন্যাশনালদের সঙ্গে তাদের আগেও চুক্তি ছিল, এখনও চুক্তি আছে। এই কন্ট্রোল হলে এই অবস্থা আরও বাড়বে। এবং দেশের পক্ষে সাধারণ মানুষের পক্ষে অবস্থাটা আরও খারাপ হবে। এই জন্য দরকার হচ্ছে আরও বেশি গণতান্ত্রিক পদ্ধতিতে কন্ট্রোল কি করে করা যায়, ডেমোক্রেটিক কন্ট্রোল কি করে করা যায়। পার্লামেন্টের হোক বা অন্য ভাবে হোক এবং কর্মচারিদের সঙ্গে যোগাযোগ রেখে তাদের সঙ্গে আরও কি করে ভালো সার্ভিস করা যায়। এটাই হচ্ছে আজকে সবচেয়ে বেশি প্রয়োজন। এটা নয় যে এতে প্রাইভেট মালিকদের ডেকে নিয়ে এসো, বাইরের মালিকদের ডেকে নিয়ে এসো, তাতে উন্নতি হবে না, তাতে সংগঠন সংস্থা আরও ক্ষতি হবে, বিপদ হবে, দেশের ক্ষতি হবে। সে কারণে আমি রবীন বাবুর প্রস্তাবকে সমর্থন করি। সৌগতবাবু বলেছেন যে ওঁর যে এল. আই. সি. সার্টিফিকেট পলিসি সেটা ম্যাচিওর হয়ে গিয়েছিল, সেই পলিসি পেতে ওনাকে অনেক ঝক্কি পোয়াতে হয়েছিল। আমার দুর্ভাগ্য, আমার এল. আই. সি.-র কোনও পলিসি নেই। সুতরাং ওঁর এক্সপিরিয়েন্সটা আমি শেয়ার করতে পারছিনা। এই বলে আমি রবীন দেবের প্রস্তাবকে সমর্থন জানাচ্ছি।

[12-00 – 12-10 p.m.]

**শ্রী রবীন দেব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে মোশন আমরা উপস্থিত করেছি তার ওপর বিরোধী দলের দু'জন মাননীয় সদস্য আলোচনায় অংশ নিয়েছেন। সরকার পক্ষের মাননীয় শ্রম মন্ত্রী শান্তিরঞ্জন ঘটক'ও এই মোশনের ওপর আলোচনায় অংশ নিয়েছেন এবং মাননীয় সদস্য সুভাষ নস্কর মহাশয়'ও আলোচনায় অংশ নিয়েছেন। আমি আশা করেছিলাম মাননীয় বিরোধী সদস্যরা এই প্রস্তাবকে বা মোশনকে পূর্ণ সমর্থন করবেন। কিন্তু আমি লক্ষ্য করলাম সৌগতবাবু এবং মান্নান সাহেব একটু অন্য মত দিলেন। আমি ১৯৯৩ সালে এরকম একটা রিজলিউশন মুভ করেছিলাম, সেটাকে ওঁরা সাপোর্ট করেছিলেন। সৌগতবাবু বললেন—১৯৯১ সালে নয়া বিশ্ব ব্যবস্থার ওপর সঙ্গতি রেখে নয়া-অর্থনীতি যা ওঁরা প্রণয়ন করেছেন, তার তিনটে ক্ষেত্র আছে, যাকে সংক্ষেপে বলা হয় এল. পি. জি (লিবারেলাইজেশন, প্রাইভেটাইজেশন, গ্লোবালাইজেশন)। এই তিনটে শব্দের ওপর দাঁড়িয়ে নয়া-অর্থনীতি হয়েছিল। তাকে কেন্দ্র করে আমাদের এখানকার রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রের স্তম্ভগুলি—যেগুলি আমাদের অর্থনীতিরও স্তম্ভ-বিমা, ব্যাঙ্ক এবং আমাদের পরিষেবার মূল স্তম্ভ বিজাতীয়করণ করার জন্য ওঁরা বিভিন্ন কমিটি নিয়োগ করেছিলেন। সৌগতবাবুকে আমি স্মরণ করিয়ে দিচ্ছি, ১৯৯৩ সালে মালহোত্রা কমিটি গঠিত হয়েছিল। ১৯৯৪ সালের ৭ই জানুয়ারির মালহোত্রা কমিটির সুপারিশে কি ছিল? ঐ সুপারিশ কোথা থেকে এসেছিল? বিশ্ব ব্যাঙ্ক, বিশ্ব বাণিজ্য সংস্থা—আই. এম. এফ.-এর নির্দেশে ঐ সুপারিশ এসেছিল। আমেরিকার বাণিজ্য দপ্তরের পক্ষ থেকে দীর্ঘদিন ধরে চাপ সৃষ্টি করা হচ্ছিল—আমাদের দেশের ব্যাঙ্ক, বিমা প্রভৃতি সংস্থাগুলিকে তাদের হাতে তুলে দিতে হবে, তারা এগুলি নিয়ন্ত্রণ করবে। তাদের চাপে পড়ে, ঐ প্রেসক্রিপশন হাতে নিয়ে মালহোত্রা দেশের সঙ্গে, জাতির সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছিল। আমাদের মনে আছে আমাদের স্বাধীনতা আন্দোলনের সময় আমাদের দেশের কিছু মানুষকে বিশ্বাসঘাতক বলে চিহ্নিত করা হয়েছিল। সেই মীরজাফর, জগৎ শেঠের মতো ওরা আমাদের দেশের মানুষদের মধ্যে থেকে বিশ্বাসঘাতকতা করার জন্য মালহোত্রা, প্রকাশ ট্যাণ্ডন নরসিংহম-এর মতো বিশ্বাসঘাতকদের বেছে নিয়েছে। আমাদের দেশের অর্থনীতির যে রাষ্ট্র ক্ষেত্রগুলি মূল স্তম্ভ সেগুলিকে বিদেশিদের হাতে তুলে দেবার ষড়যন্ত্রে ওরা নেমে পড়েছে। ১৯৫৬ সালের ১লা সেপ্টেম্বর তৎকালীন অর্থমন্ত্রী সি. ডি. দেশমুখ বিমা জাতীয়করণ করেছিলেন। ১৯৫৭ সালে নয়। তখন জওহরলাল নেহেরু প্রধানমন্ত্রী ছিলেন। আর ১৯৭৫ সালে সাধারণ বিমা জাতীয়করণ হয়েছিল, ইন্দিরা গান্ধীর সময়। মাননীয় সদস্য সৌগতবাবু একটু আগে দ্বিচারিতার কথা বললেন। ১৯৫৬ সালে সি. ডি. দেশমুখ কি বক্তব্য রেখেছিলেন? ১৯৬৯ সালের ব্যাঙ্ক জাতীয়করণের ঘটনার কথা নিশ্চয়ই আপনাদের সকলের স্মরণে আছে। সেসময় কংগ্রেস ইণ্ডিকেট আর সিণ্ডিকেটে বিভক্ত ছিল। সৌগতবাবু, আপনি তো মাঝে কংগ্রেস(এস) হয়েছিলেন। ব্যাঙ্ক জাতীয়করণের সময় আপনি বোধ হয় সিণ্ডিকেট কংগ্রেসে তথা পাতিল, নিজলিঙ্গাপ্পার সঙ্গে ছিলেন। এই তাঁদের বক্তব্য আর আপনার বক্তব্যের মধ্যে মিল দেখা যাচ্ছে। অবশ্য

আপনাদের চরিত্র আমাদের জানা আছে—আপনারা যখন যেমন, তখন তেমন নীতি নিয়ে চলেন। সি. ডি. দেশমুখ সেসময় বলেছিলেন,

"Insurance is an essential source of service which a welfare state must make available to its people and the State must assume responsibility for rendering this service once it is clear beyond reasonable doubt that it cannot be provided in any other manner".

আমি যে কথাটা বলছি মনযোগ দিয়ে শুনুন। ১৯৫৬ সালে এল. আই. সি. জাতীয়করণ করা হয়। তখন সরকার মাত্র ৫ কোটি টাকা ইনভেস্ট করেছিল। আর এই সময়ের মধ্যে তাদের হাতে তুলে দেওয়া হয়েছে কত টাকা? আপনারা যখন বাইরের লোকের কাছে গিয়ে হাত পাতছেন, লোটা-কম্বল বিক্রি করে দিচ্ছেন, জালিয়াতির পথ গ্রহণ করছেন—তখন এক্ষেত্রে মনে রাখা দরকার ৫ কোটি টাকা ইনভেস্ট করেছিলেন। বিমার ক্ষেত্রে এক সময়ে অর্থাৎ ১৯৫৬ সালে ২৪০টা ব্রাঞ্চ ছিল, আর এখন সেটা বেড়ে হয়েছে ২ হাজার ২৪টি ব্রাঞ্চ। ১৯৫৬ সালে ডিভিশন ছিল ৩৩টি। আর এখন সেটা হয়েছে ১০০টি। ১৯৫৬ সালে এজেন্টস ছিল ৮৯ হাজার। আর এখন সেক্ষেত্রে হয়েছে ৫ লক্ষ ১৩ হাজার ৮১৭। ১৯৫৬ সালে পলিসি ছিল ৯ লক্ষ ৪২ হাজার আর এখন সেটা হয়েছে ১ কোটি ১০ লক্ষ ২১ হাজার। অ্যামাউন্ট ছিল ৩৩৬ কোটি ৬৭ লক্ষ টাকা আর এখন সেটা বেড়ে হয়েছে ৫১ হাজার ৮১৫ কোটি ৫৪ লক্ষ টাকা। এবার দেখুন বিসনেস কেমন হয়েছে ছিল ১ হাজার ৪৭৪ কোটি টাকা। সেটা এখন হয়েছে ২ লক্ষ ৯৫ হাজার ৭৫৮ কোটি টাকা। নেট প্রফিট ছিল ৫৬ কোটি ৮৬ লক্ষ টাকা। সেটা এখন বেড়ে হয়েছে ৭০৯ কোটি ৬০ লক্ষ টাকা। একটু আগে সৌগত রায় বলছিলেন গ্রাহক পরিষেবার কথা। মালহোত্রা সাহেব ১৯৯৪ সালের ৭ জানুয়ারি যে রিপোর্ট সাবমিট করেছিলেন তখন মালহোত্রা কমিটির পক্ষে মার্গকে সমীক্ষা করতে বলা হয়েছিল—সেই রিপোর্টে বলছেন, "বিমা শিল্পে উৎপাদনশীলতা ও পরিষেবা মাপার একটি অন্যতম সূচক"। এবার গ্রাহকদের দাবি অর্থাৎ ক্লেমস কি পরিমাণে মেটাতে সমর্থ হয়েছে দেখুন। এল. আই. সির ক্ষেত্রে ৯৭ শতাংশ ক্লেম মেটাতে সমর্থ হয়েছে। আর জি. আই. সির ক্ষেত্রে ৭৪ শতাংশ মেটাতে সমর্থ হয়েছে। এবার আন্তর্জাতিক ক্ষেত্রে—ওরা যখন এনরণ আনলেন, সবকিছু মুশকিল আসান করে দেবেন ভাবলেন তখন আন্তর্জাতিক ক্লেমের ক্ষেত্রে অনুপাত ৪০ শতাংশ আর আমাদের দেশে এল. আই. সির ক্ষেত্রে তখন ৯৭ শতাংশ। প্রাকজাতীয়করণে ৩৭ শতাংশ থেকে ৭৫ শতাংশ। উল্টোদিকে আপনারা কর্মচারিদের উপর দোষারোপ করছেন। কিন্তু কর্মচারিরা এই পরিষেবার মানকে উন্নত করার জন্য কতকগুলি কর্মসূচির সাজেশন দিয়েছেন। এরজন্য প্রয়োজন কর্মপদ্ধতির উন্নয়ন এবং অভ্যন্তরীণ সংস্কার এবং শিল্পের পূর্ণ স্বাধীনতা অর্থাৎ ফুল অটোনমি।। এগুলি ভুলে গেলে হবে না—১৯৯৩ সালে সেই উদ্যোগ নিয়েছিলেন, ১৯৯৪ সালেও সেই উদ্যোগ নিয়েছিলেন। কিন্তু ডঃ মনমোহন সিং তা করতে পারেননি। তাই তিনি রেখে দিয়েছেন। এরজন্য অল ইণ্ডিয়া ইনস্যুরেন্স

এমপ্লইজ অ্যাশোসিয়েশন তারা লাগাতার ধর্মঘট করেছিলেন অনেক মানুষের সমর্থন নিয়ে। সেইজন্য মনমোহন সিং এবং নরসিমা রাও পিছিয়ে যেতে বাধ্য হয়েছিলেন। আর এখন হচ্ছে আপনাদের বিরোধী বক্তব্য। আমরা বামপন্থীরা বর্তমানে কেন্দ্রে যে যুক্তফ্রন্ট সরকার রয়েছে তাদের যে আমরা সমর্থন করছি এটা সঠিক। আমাদের বামপন্থী স্ট্রেন্থ হচ্ছে ৫৩ আউট অফ ৫৪৫। আর আপনাদের স্ট্রেন্থ হচ্ছে ১৪০। আপনারা এই যুক্তফ্রন্ট সরকারে পক্ষে ছিলেন, বিপক্ষে ছিলেন না। আর আজকে আপনাদের এইসব অপকর্ম ঢাকবার জন্য সীতারাম কেশরী বলছেন, সবই ভাল, কিন্তু দেবগৌড়া খারাপ।

[12-10 – 12-20 p.m.]

তাই শুনে নিন, আমরা তথ্যের দিক থেকে সঠিক জায়গায় আছি। আপনারা একটু বুঝে নিন যুক্তফ্রন্ট সরকারে একটা কমন মিনিমাম প্রোগ্রাম আছে, আর্থিক দিক থেকেও আমাদের কিছু অ্যাডজাস্ট করতে হয়েছে। বর্তমানে সৌগত বাবু আপনাকে ধন্যবাদ আপনি এই ব্যাপারটা খোলাখুলি বলেছেন যে আপনারা সরকারে এলে চিদাম্বরমকেই অর্থমন্ত্রী রাখবেন। এখন চিদাম্বরম এল. পি. জি. নিয়ে আছেন, এখানেই হচ্ছে আমাদের যন্ত্রণা। মান্নান সাহেব যেহেতু জানেন, বাইরে গেলে কৈফিয়ত দিতে হবে, সেই জন্য মান্নান সাহেব বলছেন নয়জন নাকি এম. পি. আছেন, তাঁরা সার্পোট করবেন। আপনি একটু শুনুন, পেনশন বিল যখন এল, বর্তমানে সরকার উপস্থিত করলেন তখন আমরা সি. পি. এম. থেকে বিরোধিতা করেছিলাম সেই বিলকে। কিন্তু সেই বিলকে সমর্থন করেছিল কংগ্রেস। সুতরাং স্টিয়ারিং কমিটিতে আমরা এর প্রতিবাদ রেখেছি, পার্লামেন্টের এর প্রতিবাদ রেখেছি এবং এই ক্ষেত্রেও আমরা প্রতিবাদ রাখছি। আমি বলতে চাই সাধারণ বিমা সাধারণ মানুষের স্বার্থেই। এরা যে ইনভেস্টমেন্ট করে হাউজিং-এর ক্ষেত্রে ১৩১ কোটি ৬৭ লক্ষ, আজকে সেটা বেড়ে হয়েছে ৮ হাজার ৭৩১ কোটি টাকা। ট্রান্সপোর্টের ক্ষেত্রে এটা ৩০ কোটি ছিল সেটা বেড়ে হয়েছে ৪৭৭ কোটি। জল সরবরাহ এবং নিকাশি ব্যবস্থায় এটা ১৬ কোটি টাকা ছিল, সেটা বেড়ে হয়েছে ৮ হাজার ৮৮১ কোটি টাকা। ইলেক্ট্রিসিটি ইকুইটিতে ছিল ৬১ কোটি, সেটা বেড়ে হয়েছে ৭ হাজার ৫৮০ কোটি টাকা। এটা মনে রাখা দরকার। আপনারা নিজেরা ট্যাক্স ফাঁকি দিয়েছেন যার জন্য আপনাদের ২৪ কোটি টাকা পেনালটি দিতে হয়েছে। আপনারা জেনে রাখুন এই ইনকাম ট্যাক্সের কর্পোরেট ট্যাক্স, এল. আই. সি. এবং জি. আই. সি. হচ্ছে হায়েস্ট ট্যাক্স পেয়ার। ৯৬ সালে ৫৮২ কোটি ২৮ লক্ষ টাকা তারা দিয়েছে। আপনারা এই বিমা কোম্পানিগুলোকে ধ্বংস করে দিতে চাইছেন। বদনাম দিচ্ছেন, যাতে রাষ্ট্রায়ত্ব সংস্থাগুলো ধ্বংস হয়। এর ফলে সাধারণ মানুষের স্বার্থ ক্ষুন্ন হবে, জীবন বিমা কর্মীদের স্বার্থ ক্ষুন্ন হবে, জাতীয় স্বার্থ বিপন্ন হবে এবং এল. আই. সি.'র ক্ষেত্রে যে রেগুলেশন অ্যাক্ট আনছেন তাতে সাধারণ মানুষের স্বার্থ ক্ষুন্ন হবে এবং জাতীয় স্বার্থ বিপন্ন হবে। এই যে বাইরে থেকে ডেকে আনছেন, এই কমপিটিশনের যুগে দেখা যাবে বড় মাছ যেমন ছোট মাছকে খেয়ে ফেলে তেমনি এরা হাতছানি দিয়ে ঢুকবে এবং তারা পরে রাহাজানি করবে। প্রথমে প্রিমিয়াম

কমাবে, হাতছানি দেবে, তারপর গলা টিপে মারবে। আমাদের অর্থনীতি বিপন্ন হবে। একটা বিখ্যাত বিমা কোম্পানি ফাস্ট একজিকিউটিভ বিমা ৯১ সালে কমপিটিশনে দাঁড়িয়েছিল, আজকে সেটা কেউলিয়া হয়ে পড়েছে। আজকে আপনারাও এল. আই. সি. এবং জি. আই. সি.-কে দেউলিয়া করে দিতে চাইছেন। আমি আবার অনুরোধ করছি মাননীয় সৌগত রায় মহাশয় এবং মান্নান সাহেব আপনারা একটু ইতিহাসের পাতা খুলে দেখুন। সি. ডি. দেশমুখ যা করেছিলেন সেটা আই. এম. এফ. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের নির্দেশ অনুযায়ী, এখন তার বিরুদ্ধে আপনারাও চলেছেন। এর ফলে শুধু ইনসিয়োরেন্স কোম্পানিগুলোই ক্ষতিগ্রস্ত হবে না, দেশের অর্থনীতিও ক্ষতিগ্রস্ত হবে। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব আমি আজকে হাউসে উত্থাপন করেছি সেই প্রস্তাবকে সমর্থন করার জন্য আমি আর একবার আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :**

The motion of Shri Rabin Deb,

That This House notes with grave concern that—

(i) the Union Government has decided to open up the Insurance Industry to private companies, both Indian and foreign;

(ii) the Insurance Regulatory Authority Bill, 1996 has been introduced in the Lok Sabha as a prelude to legalise that decision; and

(iii) the Union Finance Minister in the course of his Budget Speech on 28.2.97 has stated that Medical Insurance and pension hitherto under monopoly jurisdiction of GIC of India and LIC of India would be opened up to private sector and/or joint ventures.

This House is of the opinion that—

(i) the LIC and GIC have been functioning most successfully as Public Sector monopolies, serving insurance customers and generating enormous resources for economic and social development; and

(ii) the move to open up the industry would impair their continued successful functioning and lead to private control of enormous resources for private profit to the detriment of people and country's welfare;

This House, therefore, urges upon the Union Government through the

State Government to withdraw the Insurance Regulatory Authority Bill, 1996 and give up all measures for opening up of the insurance sector to private and foreign capitals, including others in regard to medical insurance and pension."

was then put and agreed to.

**শ্রী রঞ্জিত কুণ্ডু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রুল ১৮৫ অনুযায়ী আজ এই সভায় আমি যে মোশনটি আনছি এখন আমি সেটা মুভ করে দিচ্ছি, আমার বক্তব্য আমি পরে বলব। আমার প্রস্তাবটি হল,—

Sir, I beg to move that

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে—

কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রণাধীন ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন পূর্বাঞ্চলের ১৬টি সুতী ও বস্ত্রশিল্প কারখানাগুলিকে বন্ধ করে দেওয়ার প্রচেষ্টা করছেন এবং এর ফলে উক্ত শিল্পের সঙ্গে যুক্ত প্রায় দশ হাজার শ্রমিক কর্মহীন হয়ে পড়ার প্রবল সম্ভাবনা দেখা দিয়েছে।

এই সভা আরও লক্ষ্য করছে যে—

কেন্দ্রীয় সরকারের কাছে এই রাজ্য থেকে দলমত নির্বিশেষে বহুবার উক্ত কারখানাগুলিকে পুনরুজ্জীবিত করার জন্য লিখিতভাবে আবেদন করা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার কোনও ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করছে না;

উক্ত কারখানাগুলির শ্রমিক-কর্মচারিগণ বিগত ২/৩ মাস যাবৎ বেতন ও মজুরি না পাওয়ার ফলে তাঁদের এবং তাঁদের পরিবারের সদস্যদের চরম দারিদ্র্যের মধ্যে দিন কাটাতে হচ্ছে; এবং শ্রমিকদের ই. এস. আই.-এর টাকা, প্রভিডেন্ট ফাণ্ডের টাকা প্রভৃতি জমা না পড়ার ফলে তাঁরা তাঁদের বিভিন্ন সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন এবং সর্বোপরি অবসরপ্রাপ্ত কর্মচারিগণকেও তাঁদের গ্র্যাচুয়িটির টাকা প্রদান করা হচ্ছে না।

সেহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে উক্ত কারখানাগুলির আধুনিকীকরণের মাধ্যমে নিয়মিতভাবে উৎপাদন চালু করা এবং শ্রমিক-কর্মচারিগণের সমস্ত বকেয়া বেতন, প্রভিডেন্ট ফাণ্ড এবং গ্র্যাচুয়িটির টাকা প্রদানের জন্য আবেদন জানাচ্ছে এবং দাবি করছে যে, এন. টি. সি. সংস্থাটির পুনরুজ্জীবনের এবং আধুনিকীকরণের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হোক।

সাথে-সাথে এই সভা সিদ্ধান্ত গ্রহণ করছে যে কেন্দ্রীয় সরকারের সাথে এই বিষয়ে আলোচনার জন্য এই সভা থেকে একটি সর্বদলীয় প্রতিনিধি দল প্রেরণ করা হোক।

**শ্রী নির্মল ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী রঞ্জিত কুণ্ডু মহাশয় যে প্রস্তাবটি হাউসে এইমাত্র উপস্থিত করলেন এই প্রস্তাবটি আমরা সকলে মিলে এনেছি এবং এই প্রস্তাবটি একটি সর্বদলীয় প্রস্তাব। আমি আশা করি এই হাউসের সকল সদস্য এই প্রস্তাবটি সমর্থন করবেন। স্যার, পূর্বাঞ্চলে এন. টি. সি'র যে সমস্ত মিল ছিল তারমধ্যে শুরুতে পশ্চিমবঙ্গে তাদের ১৪টি মিল ছিল, দুটি বিহারে, একটি আসামে এবং একটি উড়িষ্যাতে—এই ১৮টি মিল নিয়ে পূর্বাঞ্চলে তাদের গতিপথ শুরু হয়।

[12-20 – 12-30 p.m.]

মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, ভারতবর্ষ স্বাধীনতার পর বস্ত্র, অন্ন এবং থাকার জায়গা—এই তিনটি বিষয়ে আমাদের এবং রাজ্যের রাষ্ট্র নায়কদের যখন কর্ম চলতে থাকে তখন স্বাভাবিক কারণে ১৯৬৯ সালের আগে বিশেষ করে ১৯৬৬ সাল, ১৯৬৭ সাল এবং তারপরে ১৯৭২ সালের কাছাকাছি সারা ভারতবর্ষে ১২৪টি মিল, মালিকদের পরিচালনায় মিল যেগুলি বন্ধ ছিল, আমাদের দেশের তৎকালীন প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী, তিনি এই দেশের একদিকে জাতীয় সম্পদকে রক্ষা করা, অপর দিকে দেশের ৯০ কোটি মানুষের মোটা কাপড়ের যে প্রয়োজনীয়তা, বস্ত্রের যে প্রয়োজনীয়তা, সেই প্রয়োজনীয়তা যাতে রাজ্য সরকারি ক্ষেত্র এবং কেন্দ্রীয় সরকারি ক্ষেত্র এন. টি. সি. এবং রাজ্যে স্টেট ট্রেডিং কর্পোরেশন, টেক্সটাইলের মাধ্যমে পূরণ করা যায় তার সোপান গ্রহণ করেছিলেন এবং তাতে ১৯৭২ সালের পরে আমরা দেখেছি যে ১২৪ মিলকে সরকার অধিগ্রহণ করেন এবং পরবর্তীকালে ১৯৭৪ সালে জাতীয়করণ করে ভারতবর্ষে এন. টি. সি'র জন্ম দেওয়া হয় এবং হোল্ডিং কোম্পানির হাতে এর পরিচালনার দায়িত্ব তুলে দেওয়া হয়। আজকে এই পরিচালনা ব্যবস্থা কোথায় এসে দাঁড়িয়েছে? এই পরিচালনা ব্যবস্থা সম্পর্কে আমি আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে, পূর্বাঞ্চলের পরিচালনা ব্যবস্থার মধ্যে রাজ্য সরকারের অর্থাৎ পশ্চিমবঙ্গ সরকারের কর্তৃত্ব ছিল। এই পরিচালনা বোর্ড বা পরিচালন মণ্ডলীতে পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধি ছিল এবং আজও আছে। ভারত সরকারেরও প্রতিনিধি ছিল এবং আজও আছে। এই পরিচালন ব্যবস্থার উপরে বাংলার শ্রমিক কর্মচারী এবং পূর্বাঞ্চলের এন. টি. সি'র শ্রমিক কর্মচারিরা আস্তে আস্তে বিশ্বাস হারাতে থাকে। এই মিলগুলিতে কেন্দ্রীয় সরকারের শত শত কোটি টাকা দিয়ে এই জাতীয় উদ্যোগকে বাঁচাবার চেষ্টা করা হয়েছে এবং সেই চেষ্টার মধ্যে শুধু সরকারি দল নয়, ভারতবর্ষের বহু সদস্যরা আছেন, তারা চেষ্টা করেছেন যাতে এই জাতীয় সম্পদ রক্ষিত হয়, মডার্নাইজেশন হয়, রিনোভেশন হয় এবং এর মধ্যে যে লক্ষাধিক শ্রমিক কর্মচারি কাজ করেন, সেই কর্মচারিরা যাতে তাদের জীবন-জীবিকা ঠিকমতো চালাতে পারেন তার জন্য সকলে মিলে চেষ্টা করা

হয়েছে। কিন্তু পরিচালন ব্যবস্থার অধোগতির সঙ্গে সঙ্গে আমরা দেখছি যে, পশ্চিমবাংলায় যে কারখানা রয়েছে তার সংখ্যা হচ্ছে ১২টি এবং পূর্বাঞ্চলের ৪টি, এই মোট ১৬টি এবং পরবর্তীকালে ১৯৯৩ সালে ভারতবর্ষে 'শিক্ষা' আইন আসার পরে এন. টি. সিও বি. আই. এফ. আরে চলে যায়। তখন থেকে আমরা রাজ্য সরকারের কাছে বারবার আবেদন করেছি। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু, শ্রম মন্ত্রীর কাছে আমরা বারবার দরবার করেছি যে, এতে রাজ্য সরকারের ভূমিকা আছে। যদিও এন. টি. সি ভারত সরকারের অধীন, কিন্তু রাজ্য সরকারেরও একটা দায়িত্ব আছে এন. টি. সিকে রক্ষা করার। সেই দায়িত্ব কে কতটা পালন করেছেন সেটা বলার অবকাশ রাখে না। পরিণামে আমরা দেখছি যে ১৯৯৩ সালে এই কারখানাটি বি. আই. এফ. আরে চলে যায়। দিল্লিতে আগে যিনি বস্ত্রমন্ত্রী ছিলেন—জি. ভেঙ্কটস্বামী, তার কাছে গিয়ে আমরা সকলে মিলে তাঁকে বুঝাবার চেষ্টা করেছি যে, পূর্বাঞ্চলসহ পশ্চিমবঙ্গে এন.টি.সি.-র মডার্নাইজেশন এবং রিভাইভাল দরকার। আপনারা জেনে খুশি হবেন যে, সেই আবেদনে সাড়া দিয়ে ভারত সরকার পার্লামেন্টের মেম্বার এবং ট্রেড ইউনিয়নের প্রতিনিধিদের নিয়ে একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি গঠন করে দিয়েছিলেন। পরবর্তীকালে পার্লামেন্ট মেম্বারদের সাহায্য ও সহযোগিতায় ট্রেড ইউনিয়ন এবং কেন্দ্রীয় সরকারের মধ্যে একটা এগ্রিমেন্ট হয়েছিল ২,৫০০ কোটি টাকার রিভাইভাল প্যাকেজের। ঠিক হয়, ঐ টাকায় এখানকার ১২টি মিলের মডার্নাইজেশন হবে, ৩ লক্ষ স্পিণ্ডল দেওয়া হবে এবং পশ্চিমবঙ্গসহ পূর্বাঞ্চলে সূতার অভাব যাতে না হয় তারজন্য হস্তশিল্প-তাঁতী এবং পাওয়ারলুমগুলোকে ১২টা মিল থেকে সূতা দেওয়া হবে। কারণ ক্রাইসিস হলে দক্ষিণ এবং পশ্চিম ভারত থেকে সুতা আনতে হয় এখানে। এই রিভাইভাল প্যাকেজ সেখানে গৃহীত হয় এবং পরবর্তীকালে ১৯৯৫ সালে সেটা ভারত সরকারের ক্যাবিনেট অ্যাপ্রুভও করেন। কিন্তু তারপর ১৯৯৬ সালে যখন নির্বাচন আসে তখন প্রত্যেকে কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়েন। ফলে ১৯৯৫ সালে যে রিভাইভাল শুরু হবার কথা সেটা ১৯৯৫-৯৬ এবং ১৯৯৬-৯৭ সালও লাগু হল না। কিন্তু ঠিক ছিল, ভারত সরকার রিভাইভাল প্রগ্রামে ১ লক্ষ এন.টি.সি. শ্রমিককে বাঁচাবেন এবং তারফলে পশ্চিমবঙ্গে এন.টি.সি.-র ১২,০০০ শ্রমিক বাঁচতে পারবেন। কিন্তু আমরা দেখলাম, তারপর সরকার পরিবর্তন হল, ফলে আমাদের মনে আশা জাগল। আমরা মনে করলাম—নাই বা থাকলেন জি. ভেঙ্কটস্বামী, নাই বা থাকলেন কমল নাথ, কিন্তু এখন তো জালাপ্পা এসেছেন। তাই পার্লামেন্ট সদস্য এবং ট্রেড ইউনিয়নের প্রতিনিধিদের নিয়ে প্রধানমন্ত্রী কাছে গিয়ে বললাম—'আগেই এটা কেন্দ্রীয় ক্যাবিনেট অ্যাপ্রুভ করেছেন, কাজেই রিভাইভাল প্যাকেজটা আপনারা চালু করুন। যাতে এন.টি.সি.-র শ্রমিকরা বাঁচতে পারেন, যাতে তারা মোটা কাপড় ব্যবহারকারী মানুষ, যারা দারিদ্র সীমার নিচে বাস করেন, তাদের কাপড়ের চাহিদা মেটাতে পারে তারজন্য ঐ রিভাইভাল প্যাকেজ এখনই চালু করা দরকার'। ২,৫০০ কোটি টাকা রিভাইভাল প্যাকেজ—এটা পূর্বতন কেন্দ্রীয় সরকার মেনেও নিয়েছিলেন, কিন্তু সেটা চালু করে যাননি। পরবর্তীকালে ভলানটিয়ারি রিটায়ারমেন্ট স্কিম চালু করেছেন তারা। এই সরকার আসার পর আমরা আশা করেছিলাম, হয়ত এই সরকার ভলেনটিয়ারি রিটায়ারমেন্ট

স্কিমের হাত থেকে শ্রমিকদের মুক্তি দেবেন, কিন্তু স্কিমটা এরা চালু রেখে দিলেন। অথচ ৭০০-এর মত লোক, যারা নর্মাল ওয়েতে রিটায়ার করেছেন, তারা এখনও তাদের গ্র্যাচুইটি এবং প্রভিডেন্ট ফান্ডের টাকা পাচ্ছেন না, ই.এস.আই.-এর টাকা জমা পড়েনি বলে চিকিৎসার সুযোগও তারা পাচ্ছেন না। এরকম একটা অভূতপূর্ব পরিস্থিতি সৃষ্টি হয়েছে পূর্বাঞ্চলের এন.টি.সি.-তে। এই অভূতপূর্ব পরিস্থিতি থেকে এন.টি.সি.-কে বাঁচাতে যে সর্বদলীয় প্রস্তাব এসেছে তাতে দেখছি, পূর্বাঞ্চলের জন্য প্রয়োজনীয় ১৮০ কোটি মধ্যে ১৩৫ কোটি দেবেন ভারত সরকার।

[12-30 – 12-40 p.m.]

দুটি ফেজে দেবে, প্রথমে হচ্ছে ৮৯ কোটি টাকা দেবে পরে ৪৬ কোটি টাকা দেবে। এই বি.আই.এফ.আর. নির্দেশনামা জারি করেছিল যে এই যে ৫০০ কোটি টাকা গভর্নমেন্ট অফ ইন্ডিয়া ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের পূর্বাঞ্চলীয় সাবসিডিয়ারিকে দিয়েছে সেই সাবসিডিয়ারির দেয় টাকা সরকার যেন মুকুব করে দেন। বি.আই.এফ.আর.-এর এই প্যাকেজ গ্রহণ করার জন্য আমরা এই ব্যাপারে বারে বারে দরবার করেছি। এই হাউস থেকে বিশেষ করে আমি মুখ্যমন্ত্রীকে বলব যে এই টাকা মুকুব করে এন.টি.সি.-কে বাঁচাবার বিশেষ উদ্যোগ নিন। এই ব্যাপারে আমাদের রাজ্যকে উদ্যোগ নিতে হবে, এটা রাজ্যের সম্পদ, পশ্চিমবাংলার সম্পদ, তাই আমি আশা করব আমাদের মুখ্যমন্ত্রী এটা নিয়ে দিল্লিতে অনেক বেশি দরবার করবেন। এই ব্যাপারে প্রধানমন্ত্রী সহ কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে আলোচনা করে যাতে এই ৫০০ কোটি লোন ইকুইটিতে পার্টিসিপেশন করে অথবা যাতে এই লোন মুকুব করা যায় তার ব্যবস্থা তিনি করবেন। ই.এস.আই. এবং পি.এফ. এবং গ্রাচুইটির ক্ষেত্রে প্রায় ৪০ কোটি টাকার বেশি পাওনা হয়ে গেছে। শ্রমিকরা সাধারণ ভাবে অংশগ্রহণ করলেও তার থেকে তারা আজকে টাকা পাচ্ছে না। আমি এই হাউসে বলতে চাই এই যে ২০০৫ কোটি টাকার ত্রিপাক্ষিক চুক্তি হয়েছে তার মধ্যে পূর্বাঞ্চলের ১৮০ কোটি টাকা দেওয়ার ব্যাপারে যে প্রস্তাব হয়েছে সেটা যেন অবিলম্বে কার্যকর হয়। পশ্চিমবাংলার ১২টি মিলসহ পূর্বাঞ্চলের ১৬টি মিল রক্ষা করার জন্য আমি দাবি জানাচ্ছি। সরকার যাতে ৫০০ কোটি টাকার লোন যাতে মুকুব করে দেন তার জন্য আমি দাবি জানাচ্ছি। আরও দাবি জানাচ্ছি অবিলম্বে ই.এস.আই., পি.এফ. এবং গ্র্যাচুইটির প্রায় ৪০ কোটি টাকা সরকারের টাকা থেকে জমা দিতে হবে। স্ট্যাটুটরি ডিউজ যাতে অবিলম্বে দেওয়া হয় তার জন্য আমি দাবি জানাচ্ছি। শ্রমিকরা ২-৩ মাস মাইনে পায়নি। এই মাইনে না পাওয়ার জন্য শ্রমিকদের মধ্যে একটা হয়রানী চলছে। মাইনে যাতে শ্রমিকরা পায় তার জন্য আমি দাবি জানাচ্ছি। সব চেয়ে বড় কথা হল এই সমস্ত কারখানাগুলি চলছে না। শ্রমিকরা বলছে যে আমরা বসে বসে মাইনে নিতে চাই না। শ্রমিকরা বলছে কাজ করব কি করে? তুলা নেই, মেশিনের পার্টস নেই, কোনও সামগ্রী নেই, ইমপুট নেই। তাই ইমপুট যাতে তারা অবিলম্বে পায় তার জন্য ব্যবস্থা করা দরকার। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, সর্বশেষে আমি দাবি করব এই বিধানসভা থেকে একটা সর্বদলীয়

কমিটি করে দেওয়া হোক যাতে তারা দিল্লির সরকারের সঙ্গে আলোচনা করতে পারে তার ব্যবস্থা করা হোক। এই কথা বলে, সকলে মিলে এই প্রস্তাবকে সমর্থন করবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে এখানে কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের ১৬টি সুতি বস্ত্র শিল্প বন্ধ করবার চেষ্টা করা হচ্ছে তার বিরুদ্ধে আমাদের মাননীয় বিধায়ক রঞ্জিত কুন্ডু মহাশয় যে মোশন এনেছেন তাকে আমি সমর্থন করে দু-চারটি কথা বলতে চাই। পশ্চিমবাংলায় ১২টি এন.টি.সি. মিল আছে, আর দুটি আছে বিহারে এবং আসাম এবং উড়িষ্যায় একটি করে আছে, মোট ১৬টি মিল আছে। এই মিলগুলি পুনরুদ্ধার করবার জন্য বিগত কেন্দ্রীয় সরকার ২০০৫ কোটি টাকার একটা প্রস্তাব পেশ করেছিল। লোকসভা থেকে তৎকালীন বস্ত্রমন্ত্রী এই ঘোষণা করেছিলেন। বি.আই.এফ.আর. থেকে বলা হয়েছিল যে কেন্দ্রীয় সরকার যেন এন.টি.সি.-র ৫০০ কোটি টাকা লোন মুকুব করে দেন।

আরও বলা ছিল যে শ্রমিক কর্মচারিদের পি.এফ., ই.এস.আই. এবং গ্র্যাচুইটি ইত্যাদি বাবদ যে সমস্ত ডিউস আছে, সেগুলো যাতে মিটিয়ে দেওয়া হয়। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, এ পর্যন্ত কোনওটাই কার্যকর হয়নি। দশ হাজার কর্মচারির অবস্থা কি, আমার কাছে একটা স্টেটমেন্ট আছে, সেপ্টেম্বর, ১৯৯৬ পর্যন্ত, তাতে পি.এফ. ডিউস হয়েছে ২,২৮৫.৬৯ লক্ষ টাকা। ই.এস.আই. ডিউস হয়েছে ৪৪৯.৯৮ লক্ষ টাকা আর গ্র্যাচুইটি ডিউস হয়েছে ২৫১.২৮ লক্ষ টাকা। এই যে ডিউসগুলো হয়েছে এবং ঘোষণা মত এই দু হাজার পাঁচ কোটি টাকা, দেখা যাচ্ছে যে তা পাওয়া যায়নি। ৫৫০ কোটি টাকা লোন মুকুব করা হয়নি। উপরন্তু এতগুলো টাকা, পি.এফ., ই.এস.আই. এবং গ্র্যাচুইটি বাবদ বাকি পড়ে আছে। আমি খুব আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করলাম, আমাদের মাননীয় বন্ধু, নির্মল বাবু বক্তব্য রাখার সময়ে বলছিলেন। এইসব ব্যাপারগুলো—এই যে দু হাজার পাঁচ কোটি টাকা দেবার প্রস্তাব যদি গ্রহণ করে তা লোকসভায় ঘোষণা করা হয়ে থাকে, তৎকালীন বস্ত্রমন্ত্রী ছিলেন ভেঙ্কটস্বামী, তিনি এটা করেননি কেন? এই পাপ কাদের? সেই পাপের ফলে শ্রমিকরা আজকে অনিশ্চয়তার মধ্যে পড়ে গেছে। আজকে প্রত্যেকটি ফ্যামিলি অনাহারে ধুকছে। এই রকম অবস্থা যারা সৃষ্টি করেছেন, এই কথাটা ওঁকে একটু ভাবতে বলছি। আজকে এটা অত্যন্ত সত্য কথা যে, রুগ্ন শিল্পগুলোর পুনরুজ্জীবনের জন্য আগেকার সরকার বি.আই.এফ.আর.-কে দায়িত্ব দিতেন। আমাদের আই.এন.টি.ইউ.সি.-র নেতা, যিনি মাঝে মাঝে জেনিভা যান, মাননীয় সুব্রত বাবু একবার বলেছিলেন, বি.আই.এফ.আর.-এর ভূমিকা জল্লাদের মতো। অদ্ভুত ব্যাপার, কংগ্রেসের কে কখন কাকে যে সমর্থন করেন এটা বোঝা যায় না। আজকে দেখছি এগিয়ে এসেছেন—বলছেন, দিল্লিতে গিয়ে, সবাই মিলে আমাদের যেতে হবে। একটা শুভ বুদ্ধি দেখা দিয়েছে। শুধুমাত্র দশ হাজার কর্মচারির জীবন জীবিকার প্রশ্ন নয়, এরসঙ্গে জড়িয়ে রয়েছে গোটা পশ্চিমবাংলার এবং পূর্বাঞ্চলের অর্থনীতি। এরফলে এখানকার অর্থনীতি যা ক্ষতিগ্রস্ত

হচ্ছে তা অত্যন্ত ভাবনার বিষয়। তখনকার কেন্দ্রীয় সরকার এই কাজগুলো করেননি। তাঁরা কি করেছেন, না কোনও রকমে ক্ষমতায় টিকে থাকবার জন্য অনাস্থা প্রস্তাব থেকে বাঁচবার জন্য তাঁরা ঘুষ খেয়েছেন। সেই ঘুষের মামলা এখন চলছে। কাজেই একটা গঠনমূলক কাজ, এতগুলো মানুষের জীবন জীবিকার প্রশ্ন, একটা অর্থনীতির প্রশ্ন যেখানে, যেখানে সাধারণ মানুষ বাঁচার জন্য ত্রাহিত্রাহি করছেন, সেখানে ঘুষ নিয়ে নিজেদের অস্তিত্ব রক্ষা করে চলেছেন। হাওলার টাকা, গাওলার টাকা, শেয়ার কেলেঙ্কারির টাকা নিয়েছেন। সেগুলো শুধুমাত্র নিজেদের ক্ষমতায় টিকে থাকবার জন্য। কাজেই এই অবস্থার মধ্যে দিয়ে আমাদের ভাবতে হবে যে, ওদের যে পাপ, সেই পাপের ফলেই আজকে এই অবস্থার সৃষ্টি হয়েছে। আমি আজকে এই কথা দায়িত্ব নিয়ে বলছি। আপনাদের পাপে আজকে এন.টি.সি. এবং অনেকগুলো রুগ্ন কারখানা ধুঁকছে একথা কি আপনারা অস্বীকার করতে পারেন? এই মোশনকে সমর্থন করে বলছি যে সবার শুভবুদ্ধি আসুক এবং চলুন সবাই মিলে দিল্লিতে গিয়ে পূর্বাঞ্চল এবং পশ্চিমবঙ্গের স্বার্থে এই মিলগুলো চালু করার কথা বলি। এর সঙ্গে এতগুলো মানুষের ভবিষ্যত জড়িত, তাদের নিয়ে ছিনিমিনি খেলতে পারি না। ওইসব শ্রমিকদের মাস মাইনে পর্যন্ত বন্ধ হয়ে গেছে, সেটা যাতে দেওয়া যায় এবং এতগুলো কর্মচারির জীবন-জীবিকার স্বার্থে সর্বদলীয় ভাবে আমাদের যাওয়া দরকার। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[12-40 – 12-50 p.m.]

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এন.টি.সি.-র স্বপক্ষে যে সর্বদলীয় প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। তপন বাবু একটু আগেই বললেন, আমি তাঁকে মনে করিয়ে দিতে চাই যে, তিনি কি ভুলে গেছেন যে এই টেক্সটাইল ইন্ডাস্ট্রিগুলো এক সময়ে বন্ধ হয়ে গেছিল, রুগ্ন হয়ে গেছিল। ওইসব বন্ধ এবং রুগ্ন শিল্পগুলোকে অধিগ্রহণ কংগ্রেস আমলে করা হয়েছিল, সেই সময়ে ইন্দিরা গান্ধী ছিলেন। ১৯৭২ সালে সারা পূর্বাঞ্চলের ১৬টি মিল অধিগ্রহণ করার পরে সেগুলোকে রাষ্ট্রায়ত্তকরণ করা হয়েছিল। সেগুলো এত দিন ঠিক ভাবেই চলে এসেছে। কিন্তু একটা প্রশ্ন এখন দেখা দিয়েছে যে, পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কেন এসব কারখানাগুলো রুগ্ন হয়ে যাচ্ছে এবং কেনই বা আজকে এগুলোকে বি.আই.এফ.আর.-এর পাঠাতে হচ্ছে? এই যে সর্বদলীয় প্রস্তাব গ্রহণ করা হয়েছে তার কারণ হচ্ছে এসব কারখানাগুলো বন্ধ হবার ফলে বহু শ্রমিকের স্বার্থ বিঘ্নিত হয়েছে এবং ১২ হাজার কর্মচারি তারা তিন মাস ধরে কর্মহীন হয়ে পড়ে আছে। আমাদের শ্রমমন্ত্রী এখানে আছেন, তাঁকে বর্তমান টেক্সটাইল মন্ত্রী চিঠি দিয়ে জানিয়েছেন, যে, ডিসেম্বর ১৯৯৬ পর্যন্ত কর্মচারিদের বেতন দিতে পেরেছেন। কিন্তু জানুয়ারি, ফেব্রুয়ারি মার্চ এই তিনমাস ১২ হাজার কর্মচারিদের বেতন দেওয়া যায়নি। কিভাবে তাদের সংসার চলছে জানি না, তারা কারখানায় আসছে কিন্তু র মেটিরিয়াল নেই, ফলে কোনও কাজ নেই। এছাড়া যে কোনও মুহূর্তে এই সমস্ত মিলগুলোর বৈদ্যুতিক লাইন বিচ্ছিন্ন হয়ে যেতে পারে। তার খুবই সম্ভাবনা

আছে। আমি শ্রমমন্ত্রীকে অনুরোধ করব তিনি যাতে এই মিলগুলোর যে বিদ্যুতের টাকা বকেয়া আছে তারা ব্যবস্থা করেন। আমি কয়েকদিন আগে কাগজে দেখলাম যে হাওড়া কর্পোরেশনের ২৭ কোটি ২৮ কোটি টাকা বাকি থাকার জন্যে সি.ই.এস.সি. তাদের বৈদ্যুতিক লাইন কেটে দিয়েছিল। এই মিলগুলোর ক্ষেত্রে যেন সেই অবস্থা না হয় সেদিকে আপনি লক্ষ্য রাখবেন। একে তো মিলগুলো ভয়ঙ্কর অবস্থা এই সঙ্কটময় অবস্থায় যদি আবার বিদ্যুতের লাইন কেটে দেওয়া হয় তাহলে আরও খারাপ অবস্থা হয়ে দাঁড়াবে। মাননীয় বস্ত্রমন্ত্রী এই ব্যাপারে কোনও আশ্বাস দেননি। তিনি বলছেন এগুলো সব বি.আই.এফ.আর-এর পাঠানো হয়েছে। যদি সেটা ভায়াবেল হয় তাহলে চালু করা যাবে। মহারাষ্ট্রের ক্ষেত্রে বলেছেন যে, ওদের তো অনেক জমি, সেগুলো সেল করে ওই মিলগুলো চালানো যাবে। কিন্তু আমাদের ক্ষেত্রে তো সেটা সম্ভব নয়। এসব মিলগুলোর শ্রমিকদের পি.এফ.-এর টাকা বহুকাল ধরে দেওয়া হয়নি। ই.এস.আই.-এর টাকা দেওয়া হয়নি, ফলে চিকিৎসার সুযোগ থেকে তারা বঞ্চিত। তারপরে যারা রিটায়ার করে গেছেন তারা পেনশন পাচ্ছেন না। এসব মিলগুলোর দোষক্রুটি যেগুলো আছে তার ব্যবস্থা করে পশ্চিমবঙ্গের এই মিলগুলোকে বাঁচাবার জন্য কেন্দ্রীয় সরকারকে চাপ দেবার জন্যে দৃষ্টি আকর্ষণ করছি।

এই মিলগুলিকে ভায়াবেল করতে গেলে মডার্ন মেশিনারি আনতে হবে। কিছু কিছু মডার্নাইজেশন করা হয়েছিল, কিন্তু কারুর সঙ্গে কারুর সমন্বয় নেই এটা আপনারা নিজেরাও জানেন। এক জায়গায় করা হয়েছে, মাঝখানটা বাদ দিয়ে এই ভাবে কিছু কিছু টেক্সটাইলে মডার্নাইজেশন করা হয়েছে, অর্থ অপচয় হয়েছে। মাথাভারী প্রশাসনের ফলে ক্রমেই এইগুলি রুগ্ন হয়েছিল, যার পরিণতি আজকে ভয়ঙ্কর ভাবে পশ্চিমবাংলায় ১২টি মিলের ক্ষেত্রে প্রায় ১২ হাজার শ্রমিকেরা কর্মহীন হওয়ার পথে পৌঁচেছে। সেইজন্য এই মিলগুলিকে ভায়াবেল করার চেষ্টা করতে হবে সবাইকে মিলে। ওয়ার্ক কালচার ঠিক করতে হবে সবাইকে মিলে। পশ্চিমবাংলার বামপন্থী বন্ধুরা যতই বলুন না কেন, সর্বক্ষেত্রে ওয়ার্ক কালচারের অভাবে আমাদের শিল্পগুলি রুগ্ন হয়ে যাচ্ছে। তাই সর্বদলীয় প্রস্তাবে এই মিলগুলিকে ভায়াবেল করার জন্য যাতে এই মিলগুলি সচল থাকে তার জন্য যেমন কেন্দ্রীয় সরকারকে ভাবতে হবে, তেমনি রাজ্যের যে প্রতিনিধিরা আছেন তাদেরও এই ব্যাপারে লক্ষ্য রাখতে হবে যাতে পরিচালন ব্যবস্থা এবং শ্রমিকদের ওয়ার্ক কালচার ঠিক থাকে। এই দিকে আমাদের সবাইকে লক্ষ্য রাখতে হবে। আমার নিজের কেন্দ্রে একটি মিল রয়েছে, আরতি কটন মিল, ঐ মিলের পি.এফ. ফান্ডে ১৩ লক্ষ টাকা জমা পড়েনি, ই.এস.আই.-তে ৯ লক্ষ টাকা জমা পড়েনি, পশ্চিমবাংলায় ১২টি মিলের শ্রমিকরা ৩ মাস বেতন পাচ্ছেন না। কারণ এই মিলগুলি পশ্চিমবাংলায় সুতা যোগানের ক্ষেত্রে একটা বড় ভূমিকা হিসাবে অংশ গ্রহণ করে থাকে। সুতরাং এই মিলগুলিকে বাঁচানোর জন্য শ্রমিকের [illegible] প্রস্তাব রাখছি সর্বদলীয় কমিটি করে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে চাপ দেওয়া হোক এবং বিশেষ করে আমাদের মুখ্যমন্ত্রী যিনি অনেক ক্ষমতাবান তিনি ১২ হাজার শ্রমিকের মুখের দিকে তাকিয়ে কেন্দ্রীয় সরকারে

যুক্তফ্রন্টের মন্ত্রীর দায়িত্বে যিনি আছেন তাঁকে বলুন, তিনি পার্লামেন্টে ঘোষণা করেছিলেন, কোনও মিলকে বন্ধ করা হবে না। যিনি বলেছিলেন, এন.সি.সি.-র কোনও মিলকে বন্ধ করা হবে না। মাত্র ৮/১০ মাসের মধ্যে এই মিলগুলির এই পরিণতি কেন হল? সবাইকে মিলে কাজ করতে হবে যাতে আমরা এই মিলগুলিকে বাঁচাতে পারি, এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার হাতে একটা কাগজ আছে, এন.টি.সি. মিলের কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নের সকলে মিলে এই কাগজটা আমাকে দিয়েছেন। তাতে তাদের অবস্থাটা, এন.টি.সি. মিলের অবস্থাটার বর্ণনা আছে কি চান তারা তাও আছে। মোটামুটিভাবে প্রস্তাবে যা লেখা হয়েছে সেইগুলি আছে। রঞ্জিত বাবু এবং অন্যান্যারা সকলে মিলে এখানে যে প্রস্তাব দিয়েছেন তা আমি সমর্থন করছি। আমি এর বিস্তারিত ব্যাখ্যায় যেতে চাই না। আমরা এই বিধানসভায়, এর আগেও কতকগুলি শিল্পের সম্বন্ধে আলোচনা করেছি, প্রস্তাব নিয়েছি।

[12-50 – 1-00 p.m.]

সর্বদলীয় প্রতিনিধি তারা দিল্লি গেছেন। আমাদের স্টেট লিগ্যাল অ্যাডভাইসরি বোর্ড তাতে আলোচনা করেছি। যখন রেল ওয়াগনে সঙ্কট হল আমরা আলোচনা করেছি। তার সঙ্গে ইঞ্জিনিয়ারিং ইত্যাদি নিয়ে আলোচনা করেছি। পাট শিল্প নিয়ে আলোচনা করেছি। বস্ত্রশিল্প সম্বন্ধে আমরা খুবই উদ্বেগ প্রকাশ করেছি। এখানে আমি শুনছিলাম, অনেকে বলছিলেন মাননীয় মুখ্যমন্ত্রীর ব্যাপারে। নরসিংহরাও যখন প্রধানমন্ত্রী তখন আমাদের মুখ্যমন্ত্রী তখন তাঁর কাছে এই বিষয়টা পেশ করেন। টেক্সটাইল মিনিস্টার যখন কমল নাথ তখন তাঁর কাছে এটা পেশ করেন। যখন ভেঙ্কটস্বামী টেক্সটাইল মিনিস্টার আমি নিজেও তখন গিয়েছিলাম, বোধহয় সঙ্গে প্রতিনিধিরাও ছিলেন, মনে নেই। জালাপ্পা তাঁর সঙ্গে আমি কথা বলেছি, কি করা যায় এই বিষয়ে? তখন ৩৩ লেবার কনফারেন্স হল তাতে অন্য বিষয়ের সঙ্গে কটন টেক্সটাইলের বিষয়টাও এসেছিল। তখন সারা ভারতবর্ষে ২শোটা কটন টেক্সটাইল রাষ্ট্রীয়করণ করা হয়েছিল। জটু বাবু ঠিকই বলেছেন বেশির ভাগই প্রাইভেট সেক্টরে ছিল। সেগুলো রুগ্ন ছিল। আমাদের এখনও ১৪টা ছিল রাষ্ট্রায়ত্ত। মাঝখানে একটা প্রস্তাব নিয়ে আসল, রাষ্ট্রীয় অধিকর্তা, এটা কমাতে হবে। এটা ১০টা করতে হবে। আর বাকিগুলো মার্জ করতে হবে। অনেক আলোচনা হয়েছে। ওয়ার্ক কালচারের কথা বলেছেন। বলেছেন ওয়ার্ক লোড বাড়াতে হবে। আমরা বলি না আমরা ১০টা করব না। আমরা এতে রাজি নয়। তখন একটা কমপ্রোমাইজ ফরমূলা করা যায়—বারোটা। জ্যোতি উইভিং—এটা নিয়ে একটা গোলমাল আছে। সেটা থাকবে কি থাকবে না। ১২টা এবং এর সমাধানের জন্য ভেঙ্কটেশ যখন টেক্সটাইল মিনিস্টার এবং সাংমা লেবার মিনিস্টার, এপ্রিল মাসে ১৯৯৪ সালে একটা ত্রিপাক্ষিক চুক্তি হয়। সমস্ত সেন্ট্রাল ট্রেড ইউনিয়ন তাদের সঙ্গে মিলে। তাদের সিদ্ধান্ত হয় যে এটা ঠিকই যে মিলগুলো বহু পুরনো।

এইগুলোকে মডার্নাইজ করতে হবে। ওরা বলেন দু হাজার কোটি টাকা বেশি দরকার হবে। তো টাকা কোথা থেকে আসবে? ইতিমধ্যে আরেকটা খবর মহারাষ্ট্রে যে টেক্সটাইল মিল, সেগুলো বিভিন্ন কারণে বন্ধ হয়ে গিয়েছিল। সেই মিলগুলো কমপোজিট মিল ইত্যাদি, সেটা পুনার দিকে চলে গেছে। বেশির ভাগ অটোমেটিক পাওয়ারলুম চালিয়ে, তারা অনেক সুবিধা পাচ্ছে। যে টেক্সটাইল মিলগুলো উঠে গেছে, সেই মিলগুলোর যে সারপ্লাস ল্যান্ড, সেই ল্যান্ড বিক্রি করে ১২শো কোটি টাকা পাবে এবং সরকারের ফিনান্সিয়াল ইনস্টিটিউশন মিলে বাকি আটশো কোটি টাকা দেওয়া হবে কিন্তু এটা স্পেল আউট হল না এবং সেখানে ওরা স্বীকার করেছিলেন ছাঁটাই হবে না। কিন্তু করলেন যেটা, ভলান্টারি রিটায়ারমেন্টের যে খেলাটা, সেটা খেলে দিলেন। তাতে এইসব সারা ভারতবর্ষের ৮০ লাখ কর্মচারি ভি.আর.এস. নিয়ে চলে যায়। আমাদের এখানেও তিন হাজার, সাড়ে তিন হাজার ভি.আর.এস. নিয়ে নেয়, পশ্চিমবাংলা, আসাম এই রিজিয়নে। এটাও বললেন যে আমরা প্রাইভেটাইজেশন করব না।

এটা বললেন যে সব মিল টেকেন ওভার হয়েছিল। কিন্তু ন্যাশনালাইজ করা হয়নি। ন্যাশনালাইজ করলেন কাদের? মহারাষ্ট্রের ১৫টিকে ন্যাশনালাইজ করলেন, আর সম্ভবত আমার যদি ভুল না হয়, ইউ.পি. র বোধহয় ২-৩ টি মিলকে তারা ন্যাশনালাইজ করেছিলেন। বাকিগুলো ন্যাশনালাইজ করলেন না এবং ওরা বললেন বি.আই.এফ.আর এ আমরা সব প্যাকেজ পাঠাব। যত দেনা আছে সব কিছু, বি.আই.এফ.আর থেকে যে প্যাকেজ বেরিয়ে আসবে সেই প্যাকেজ অনুযায়ী [illegible] মিলগুলো চলবে। ফাঁক রেখে গেল সেটা হচ্ছে এই যে মডার্নাইজ হতে সময় লাগবে, সেই সময়তে এই মিলগুলো কে রানিং কন্ডিশনে রাখার জন্য তুলো কোথা থেকে পাওয়া যাবে, আদার মেটারিয়াল কোথা থেকে পাওয়া যাবে, কে টাকা দেবে, এই সব টাকা কে দেবে—এই ফাঁকটা পূরণ করলেন না। [illegible] ছিলেন, আমি তখন তাঁকে জিজ্ঞাসা করেছিলাম যে, এই গ্যাপটার কি হবে? উনি কোনও জবাব দিতে পারেননি। বলছেন যে ও নিজেরা হচ্ছে রিসোর্সেস তারা নিজেরা জোগাড় করবে। প্রথম কায়দা করলেন, সেটা হচ্ছে, কিছু টাকা দিলাম, বাকি টাকা তোমরা জোগাড় করে নাও। অনেক মিল ইউনিয়নদের সঙ্গে চুক্তি করে—এই মিলগুলো নো কনভারশন বেসিসে বাইরের যে সমস্ত লোক তুলো সাপ্লাই করছে, সেই তাদের দিয়ে তারা মাল তৈরি করিয়ে লেবার কস্ট তার উপর সেগুলোকে বিক্রি করে। কিন্তু এতে বেশি দিন চলে না। কিন্তু বাইরের যারা মাল নেয় তারা যখন দেখল এই মিলগুলো এদের উপর ডিপেন্ডেন্ট তখন তারা তাদের পক্ষে যাতে রেট আরও হয় সেটার চেষ্টা করতে লাগল। যার ফলে দেখা গেল নো কনভারশন বেসিসে কস্ট উঠছে না। এরকম অবস্থা। মাঝে মাঝে কিছু কিছু বলার ফলে কিছু তুলো, কিছু টাকা পাঠিয়েছেন। যেমন ন্যাশনাল জুট মিলগুলোর স্পেয়ার পার্টস বা অন্য মেশিনারিস ইত্যাদি নেই। তারপর মাননীয় জটু বাবু যেটা বলেছেন, ঐ ওঁর আরতি মিল শুধু নয়, আমি জানি, আমার কাছে লিস্ট আছে, প্রত্যেকটি মিলের প্রভিডেন্ট ফান্ডের টাকা, ই.এস.আই.-র টাকা, গ্র্যাচুইটির টাকা বাকি আছে। মাইনে পওর নেই এবং এগুলোর

অ্যাপ্রোপ্রিয়েট গভর্নমেন্ট হচ্ছে দিল্লি। স্টেট গভর্নমেন্ট এগুলোর অ্যাপ্রোপ্রিয়েট গভর্নমেন্ট নয়। এবং এরা একমাত্র হচ্ছে ১৬৫ ডিয়ারনেস দেয়, তারও রিটার্ন হচ্ছে। এরপরে আরও এগ্রিমেন্ট হচ্ছে যে, ডিয়ারনেস আরও বাড়বে এবং সেইখানে ওয়ার্কাররা আরেকটু ওয়ার্ক লোড নিয়ে নেয়। সকলে একমত হয়ে সিট্রা নর্মসের উপর আরেকটু নর্মস তারা নিয়ে নেয়। এদের যে মডার্নাইজেশন স্কীম হচ্ছে তাতে টেক্সটাইলের ৪টে এক্সপার্ট কমিটি আছে। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া—তারাই নিয়োগ করেছিলেন, তাঁদের স্কীম, সেই স্কীম অনুযায়ী সেটা হয়। তবে যে অবস্থা তাতে আমি বেশি বলতে চাই না। এর পরে আরেকটা খারাপ জিনিস আছে, ওদের যে বিভিন্ন সেক্রেটারিস আছে, তারা একটা সিদ্ধান্ত নিয়েছেন যে ঐ মিলগুলোকে আবার গ্রুপ ওয়াইজ ভাগ করেছেন। গ্রুপ-এ তে ১৩টি, গ্রুপ-বি তে ৩৭টি আছে। ঐ ১৩টির ক্ষেত্রে বলেছেন যে এদের লাভ হবে, সুতরাং এদের পিছনে টাকা ঢাল। আর ঐ ৩৭টির ক্ষেত্রে বলছেন যে গভর্নমেন্ট যদি বিশেষ টাকা দেয় তাহলে এই মিলগুলো দাঁড়াতে পারে। এর কোনওটাই ওয়েস্ট বেঙ্গল বা আমাদের রিজিওনে নয়। বাকি ৭০টি আমাদের রিজিওনের মধ্যে পড়ছে এবং এগুলোর বেশির ভাগ ক্ষেত্রে বলছেন যে এগুলোর কোনও সম্ভাবনা নেই, এদের ওয়াইন্ড-আপ করতে হবে বা তুলে দিতে হবে। আমাদের পশ্চিমবাংলার একসময় সুতিবস্ত্র শিল্পে অনেক ভাল ছিল। স্বাধীনতা আন্দোলনের সময়েও এখানে অনেক সুতো কল হয়েছিল। কিন্তু আজকে আমাদের এখানে সুতিবস্ত্র শিল্পের অবস্থা খুবই খারাপ। প্রাইভেট সেক্টরে যেগুলো আছে সেগুলোর অবস্থাও খুব খারাপ। কমপোজিট মিল আস্তে আস্তে কমে যাচ্ছে এবং তার জায়গায় স্পিনিং মিল হচ্ছে। কিন্তু যে পরিমাণ সুতো থেকে যে জিনিসগুলো তৈরি হয়, যেন ধরুন গেঞ্জি অথবা তাঁতীরা যে কাপড় তৈরি করেন কিংবা পাওয়ার লুমে যে কাপড়, চাদর ইত্যাদি তৈরি হয় তার সুতো পাওয়া যায় না। ওয়েস্ট বেঙ্গল থেকে যা তৈরি হয় তা সাপ্লাই হয় না। আমাদের আরকেটা অসুবিধা হচ্ছে এখানে মিনিমাম ফান্ড কম আছে। যা আছে তাতে হয় না, সেগুলো বাইরে থেকে আসছে। আরেকটা যেটা, সেটা হল, এর আগে কংগ্রেস গভর্নমেন্ট সিদ্ধান্ত করেছিলেন যে কমপোজিট মিলগুলো আস্তে আস্তে তুলে দিতে হবে পশ্চিমবঙ্গ থেকে। আমাদের ডাইং নেই, আমাদের পেইনটিং নেই। যার ফলে এখানে ওঁরাই পলিসি নিয়েছিলেন। পুরোনো একটা পলিসি ছিল, গ্রে কটন তৈরি কর, গ্রে ক্লথ তৈরি কর, যেগুলো অন্য জায়গায় ডাইং হবে, অন্য জায়গায় ব্লিচিং হবে।

এরকম একটা অবস্থার বিরুদ্ধে আমাদের ব্যবস্থা নিতে হবে। সেখানে এই যে সিদ্ধান্ত ওরা করেছে, এটা মারাত্মক। সেইজন্য আজকে যে স্কিমটা আনলাম, সেটাকে অ্যাকটিভিট করতে হবে। দ্বিতীয় হচ্ছে, যতক্ষণ না এই স্কিমটাকে অ্যাকটিভেট করা যায়, সেটাকে ইমপ্লিমেন্ট করা যাচ্ছে না। এটা পুরোপুরি যতক্ষণ না হচ্ছে, ততক্ষণ মিলগুলোকে পুরোপুরি চালু করার জন্য সেন্ট্রাল গভর্নমেন্টকে মাল-মশলা, পয়সা-কড়ি, সব দিতে হবে—এটা আমরা বলেছি। কটন টেক্সটাইলে ইউনিয়ন খুব কো-অপারেটিভ, এরকম দুরাবস্থা সত্ত্বেও তারা কাজ করে যাচ্ছে। আমার অভিজ্ঞতা, এঁদের সঙ্গে কথা বলে, মিলেমিশে যদি কাজ করা যায়, এবং

অফিসারদেরও কাজ করতে হবে, তাহলে আমার দেখছি ইন্টারমিডিয়েট অ্যাড-হক স্কীম করা যায়—এরকম ভাঙ্গাচোরা যন্ত্রপাতি নিয়েও উৎপাদন করা যায়। সেটা আমাদের করতে হবে। সেইজন্য এই প্রস্তাবকে সমর্থন করছি।

[1-00 – 1-10 p.m.]

**শ্রী রঞ্জিত কুন্ডু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে প্রস্তাব এনেছিলাম, মাননীয় বিরোধী সদস্য নির্মল ঘোষ, জটু বাবু, সকলেই সমর্থন করেছেন। এখন কথা হচ্ছে যে, এই মিলগুলো আগে প্রাইভেট সেক্টরে ছিল এবং পরবর্তীকালে অধিগ্রহণ করা হয় আই.ডি.আর. অ্যাক্টে। তার পেছনেও দীর্ঘকালের অনেক লড়াই সংগ্রাম আছে এখানকার শ্রমিক কর্মচারিদের, তবেই এটা হয়েছে। এখন প্রাইভেটাইজেশনের জমানায়, বে-সরকারিকরণের জমানায় এটাকে তুলে দেওয়ার চেষ্টা হচ্ছে। এখানকার পরিচালন ব্যবস্থা নিয়ে জটু বাবু বললেন, এখানকার ওয়ার্ক কালচারের জন্যই বোধ-হয় এটা হচ্ছে। এটা ঠিক নয় যে এখানকার ওয়ার্ক কালচারের জন্য হয়নি। গোটা দেশেই হয়েছে, বিশেষ করে মহারাষ্ট্রে। সেখানে রুগ্ন কারখানাগুলোতেও কোটি কোটি টাকা নষ্ট হয়েছে। এখানকার শ্রমিক কর্মচারিরা বরাবরই লড়াই, সংগ্রাম করে আসছে, অধিগ্রহণের পরেও এই শিল্পকে বাঁচাতে হবে, এই মানসিকতা তাদের আছে। শ্রমিক কর্মচারিদের দিক থেকে কোনও বাধা ছিল না বলেই জানি, তাদের সব রকম সহযোগিতা তারা করতে চেয়েছে, করছে। কিন্তু আছে মাথাভারী প্রশাসন, দুর্নীতি, স্বজন-পোষণ, এই কারণে সেটা হয়েছে। এছাড়া আছে শিল্পের সঙ্কট। এখানে মাননীয় মন্ত্রী শান্তিরঞ্জন ঘটক খুব পরিষ্কার ভাবেই বলেছেন, এই যে ২ হাজার ৫ কোটি টাকার প্রকল্প ওরা এনেছিলেন এবং বি.আই.এফ.আর.-এ দিলেন ১৯৯৪ সালে, তখন ক্যাবিনেটে পাস হয়। কিন্তু ক্যাবিনেটে পাস হলেও তাকে কার্যকর করা হল না। কেন হল না, তা আমরা বুঝি। কেন না, নয়া অর্থনীতির প্রবক্তা মহমোহন সিং, তখনকার অর্থমন্ত্রী, তাঁর অপছন্দ ছিল, তিনি সেটা চালু করতে দিলেন না, বি.আই.এফ.আর.-এ দিলেন। বি.আই.এফ.আর.-এ অপারেটিং এজেন্সি যারা থাকে, ফিনান্সিয়াল ইন্সটিটিউশন, কেন্দ্রের একটা বিরাট ভূমিকা থাকে। এবং, তারা যেটা বলেন, বি.আই.এফ.আর. সেই পথেই যান।

তাঁরা বললেন, এই স্কীমের উপর যে ৫৫০ কোটি টাকা, এটা হচ্ছে পূর্বাঞ্চলের ক্ষেত্রে। সরকারি ভাবে এই ঋণ মকুব করে দিতে হবে। এটা একদিনে হয়নি। ৫৫০ কোটি টাকা সরকার দেয়ওনি। দিয়েছিল ২০০ কোটি টাকা এবং তা সুদে-আসলে ৫৫০ কোটি টাকায় গিয়ে দাঁড়িয়েছে। এটা যদি মকুব করে দেওয়া যেত তাহলে এখানকার স্কীমগুলো ভায়াবেল হতে পারত। কিন্তু এটা করা হল না। এই প্রকল্পগুলোতে যে লোকগুলো আছে তাদের কি করে মাইনে হবে,- উৎপাদন কি করে হবে, তুলো ইত্যাদি কি করে আনা যাবে—আই.ডি.বি.আই.-তে তাদের কি ব্যবস্থা আছে, তার কোনও ব্যবস্থা তাঁরা করেননি। ফলে মিলগুলোর যে ক্ষমতা তা নষ্ট হয়ে গেছে এবং সবচেয়ে আশঙ্কার ব্যাপার যেটা

মাননীয় মন্ত্রী মহাশয়ও উল্লেখ করেছেন, যে, ইতিমধ্যে টেক্সটাইল মিনিস্ট্রি গোপনে বলেছেন, কাউকে জানালেন না—যেখানে নাকি ত্রি-দলীয় বৈঠক করে ঐ রকম একটা ২ হাজার ৫ কোটি টাকার স্কীম নেওয়া হল এবং সেটা কার্যকর করলেন না— এটা কাউকে জানালেন না এবং না জানিয়ে—যাই হোক আমরা এখন খবর পাচ্ছি তিনটে ভাগ করা হয়েছে। ১৩-টা মিল, যাদের নিজস্ব কিছু রিসোর্স আছে তাদের বলছেন, তোমরা তোমাদের টাকায় রিনোভেট মডার্নাইজ করে নাও আর, ৩৭টা মিলের রিনোভেশনের দায়িত্ব কেন্দ্রীয় সরকার নেবেন। আর, বাকি ৭০-টা মিল, যার মধ্যে আমাদের পূর্বাঞ্চলের মিলগুলোও রয়েছে তাদের ক্ষেত্রে বলছেন, কোনও ভবিষ্যৎ নেই। এই ভাবে ভাগ ভাগ করা হয়েছে। ১০ হাজার শ্রমিক-কর্মচারির মধ্যে ৭৭৬ জন অবসর নিয়েছেন কিন্তু কোন গ্র্যাচুইটি পাননি। ৬৭০ জনের ২ কোটি ৫১ লক্ষ ২৮ হাজার গ্র্যাচুইটির টাকা বাকি আছে। সেগুলো তো দেওয়া হচ্ছেই না, আবার বলা হচ্ছে, এগুলো বন্ধ করে দেবেন। এটা যদি হয় তাহলে এতগুলো শ্রমিক-কর্মচারির প্রভূত সর্বনাশ হবে এবং তার প্রভাব আমাদের রাজ্যের অর্থনীতির উপর পড়বে এবং একটা অরাজকতার অবস্থা এখানে সৃষ্টি হবে। এটা আমাদের প্রতিরোধ করতে হবে। এজন্য শ্রমিক-কর্মচারিরা ধর্না দিয়েছে, ডিমোনেস্ট্রেশন করেছে, নেতারা গ্রেপ্তারও হয়েছে ফেব্রুয়ারি মাসে এটা হয়েছে। স্যার, আমার শেষ কথা হচ্ছে, এবিষয়ে এখানে সর্বদলীয় প্রস্তাব পেশ হয়েছে কিন্তু আমরা আগের প্রস্তাবেও দেখেছি, বে-সরকারিকরণের ক্ষেত্রে ওঁরা পুরনো নীতি আঁকড়ে ধরে আছেন। আমি জানি না, ওঁদের যে ট্রেড ইউনিয়ান উইং—এটা তার বক্তব্য না কি গোটা কংগ্রেস দলের কথা। আমরা যদি সকলে মিলে এনিয়ে বলতে পারি, লড়তে পারি তাহলে আমাদের অর্থনীতি এবং শ্রমিক-কর্মচারিদের এবং পুরনো শিল্পকে বাঁচানো যাবে বলে মনে করি। এখানে শিল্পের প্রয়োজন আছে। পাওয়ারলুম, হ্যাণ্ডলুম সুতো পাচ্ছে না। এখানে থেকে সেই সুতো সরবরাহ করতে পারি। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, ইণ্ডিয়ান সিল্ক, জুট ইত্যাদিতে একটা জিনিস ওরা করল, ত্রি-দলীয় বৈঠকে সিদ্ধান্ত হল এবং ওয়ার্ক শেয়ারের কথা উঠলে সকলে এটা মেনে নিলো, কিন্তু তা সত্ত্বেও যে প্রকল্প নেওয়া হয়েছিল তা কার্যকর করা হল না। তাই এই প্রস্তাব সবাই মিলে গ্রহণ করবেন, সবাই মিলে এজন্য আমরা যাব, রাজ্যের অর্থনীতি এবং শ্রমিকদের যাতে সর্বনাশ না হয়, তাদের উপকার হয় এটা দেখা হবে, এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Ranjit Kundu that—

এই সভা উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে—

কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রণাধীন ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন পূর্বাঞ্চলের ১৬টি সুতী ও বস্ত্রশিল্প কারখানাগুলিকে বন্ধ করে দেওয়ার প্রচেষ্টা করছেন এবং এর ফলে উক্ত শিল্পের সঙ্গে যুক্ত প্রায় দশ হাজার শ্রমিক কর্মহীন হয়ে পড়ার প্রবল সম্ভাবনা দেখা দিয়েছে;

**এই সভা আরও লক্ষ্য করছে যে—**

কেন্দ্রীয় সরকারের কাছে এই রাজ্য থেকে দলমত নির্বিশেষে বহুবার উক্ত কারখানাগুলিকে পুনরুজ্জীবিত করার জন্য লিখিতভাবে আবেদন করা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার কোনও ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করছে না;

উক্ত কারখানাগুলির শ্রমিক-কর্মচারিগণ বিগত ২/৩ মাস যাবৎ বেতন ও মজুরি না পাওয়ার ফলে তাঁদের এবং তাঁদের পরিবারের সদস্যদের চরম দারিদ্র্যের মধ্যে দিন কাটাতে হচ্ছে; এবং শ্রমিকদের ই. এস. আই. এর টাকা, প্রভিডেন্ট ফাণ্ডের টাকা প্রভৃতি জমা না পড়ার ফলে তাঁরা তাঁদের বিভিন্ন সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন এবং সর্বোপরি অবসরপ্রাপ্ত কর্মচারিগণকেও তাঁদের গ্র্যাচুয়িটির টাকা প্রদান করা হচ্ছে না।

সেহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে উক্ত কারখানাগুলির আধুনিকীকরণের মাধ্যমে নিয়মিতভাবে উৎপাদন চালু করা এবং শ্রমিক-কর্মচারিগণের সমস্ত বকেয়া বেতন, প্রভিডেন্ট ফাণ্ড এবং গ্র্যাচুয়িটির টাকা প্রদানের জন্য আবেদন জানাচ্ছে এবং দাবি করছে যে, এন. টি. সি. সংস্থাটির পুনরুজ্জীবনের এবং আধুনিকীকরণের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হোক।

সাথে-সাথে এই সভা সিদ্ধান্ত গ্রহণ করছে যে কেন্দ্রীয় সরকারের সাথে এই বিষয়ে আলোচনার জন্য এই সভা থেকে একটি সর্বদলীয় প্রতিনিধি দল প্রেরণ করা হোক।

was then put and agreed to.

[1-10 – 2-45 p.m.(Including Adjournment)]

**শ্রী নির্মল ঘোষ ঃ** স্যার, মাননীয় শ্রমমন্ত্রী এখানে আছেন তাই ওনার দৃষ্টি আকর্ষণ করছি। হাজার হাজার কর্মচারী বিশেষকরে সুতাকল, বস্ত্রকলের তারা এসপ্ল্যানেড ইস্টে জড়ো হচ্ছে। বাসন্তী, জানবার্গ, বাউড়িয়া, মোহিনী এবং এর সাথে শ্রী দুর্গাও আছে এই মিলগুলি খোলার ব্যাপারে আপনি কি উদ্যোগ নিয়েছেন সে ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি, যদি এ ব্যাপারে কিছু বলেন।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** বাসন্তী বি. আই. এফ. আরে. ছিল, শান একটা কোম্পানিকে কিনে নেন, বোম্বাইতে তাদের কারখানা ছিল। আমি শুনেছি যে একটা অর্থকরী প্রতিষ্ঠান তাদের টাকা দিয়েছিল, এটা আমি শুনেছি, এটা আমি সিওর নই। তারা সেখানে বলেছিলেন বাসন্তীকে চালাবেন। বর্তমানে বাসন্তী কারোর হাতে নেই, লোক খোজা হচ্ছে চালানোর মতো। জানবার্গ বি. আই. এফ. আরে আছে, সেখানে আপনি জানেন কো-অপারেটিভ করা যায় কি না সেটা ভাবা হচ্ছে। মোহিনী সেটা একবার খোজ করা হয়েছিল, এন. টি. সির হাতে ছিল,

মোহিনীকে তালাক দিয়ে চলে যায়। মোহিনী সেই অবস্থায় আছে, আমি বেঙ্কট স্বামীকে বলেছিলাম এটা ৭,৮ বছর আপনাদের হাতেই ছিল, সেই কয় বছরে কর্মচারিদের যা পাওনা দিয়ে দিন এবং এটা দেওয়া উচিত। এটা দিলে খানিকটা দেনা কমবে। তিনি বলেছিলেন আমি তো রাজি আছি কিন্তু মোনমোহন সিং দিচ্ছেন না। বর্তমানে আবার খোঁজ করা হচ্ছে যে কাউকে পাওয়া যায় কি না। কিন্তু এতে সাবধান হতে হবে। বাজপাখীর মতো আসে আর জমি তারা গ্রাস করতে চায়। বাউড়িয়াকে বাঙ্গুররা কিছুদিন চালিয়ে তারা বন্ধ করে দিল। বাউড়িয়া বি. আই. এফ. আরে. আছে। চেষ্টা করা হচ্ছে কোন পার্টি পাওয়া যায় কি না। একবার বিড়লারা আগ্রহ দেখিয়েছিল, তার পর তাদের পছন্দ হল না। মোহিনী, জয়শ্রী হচ্ছে যে ভদ্রলোকের তার কোন উচ্চবাচ্য নেই। আমাদের চেষ্টা করতে হবে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এখন বিরতি, আমরা আবার ২.৪৫ মিনিটে মিলিত হব।

**(At this stage the House was adjourned till 2.45 p,m.)**

[2-45 – 2-50 p.m.(After Adjournment)]

**Shri Saugata Roy :** Sir I beg to move that—

This House notes with grave concern—

that the leakage of Mathematics question paper of the Madhyamik Examination, 1997 which forced postponement of the examination in Mathematics paper has raised doubts about the proper functioning of the West Bengal Board of Secondary Education and its ability to conduct examinations under its control properly;

that the leakage of question papers on more than one occasion has also caused serious damage to the reputation of the State in the field of Education; and

that the Education Minister (P & S) who is charged with the responsibility of looking after School Education in the State, instead of taking firm action against the President and the Secretary of the Board for their failure to hold the examination properly has preferred to defend then on the floor of this House on the 18th March, 1997.

Having considered the acts of commission and omission on the part of the Education Minister (P & S) in this regard this House

records its indignation against and disapproval of the conduct of the Education Minister./Sir, today is a historic day in the annuals of the West Bengal Assembly.

আজকে দিনটা ঐতিহাসিক দিন। তার কারণ ৫০ বছরের বেশি সময় হয়ে গেছে, এ বছর ৬০ বছর হতে চলেছে, এই হাউসে এই প্রথম একজন মন্ত্রীর বিরুদ্ধে সেনসর প্রস্তাব বা নিন্দা প্রস্তাব নিয়ে আসা হয়েছে। এর আগে কখনো এটা হয়নি। স্যার, আমি কাউল অ্যাণ্ড শাকদের-এর বই-এর ৫৮৮ পাতা কোট করছি,

Censor motion can be moved against the Council of Ministers or an individual Minister or a group of Ministers for their failure to act or not act and for their policy and may express regret indignation or surprise of the House at the failure of the Minister or Ministers.

স্যার, আমরা ইণ্ডিগেশন—উষ্মা এবং ডিস-অ্যাপ্রুভাল—অসম্মতি এই মন্ত্রী শ্রী কান্তি বিশ্বাস সম্পর্কে এখানে পেশ করছি। স্যার, আমি এই কথা আগেই বলে রাখি যে, আমি যা আলোচনা করব তা মন্ত্রী কান্তি বিশ্বাসের বিরুদ্ধে, ব্যক্তি কান্তি বিশ্বাসের বিরুদ্ধে নয়। যদিও কান্তি বিশ্বাস বাংলার বিদ্বজ্জনের বিশ্বাস হারিয়েছেন তবুও আমি এই আলোচনার মধ্যে ওঁর অতীত টানব না। কেমন ভাবে উনি মাধ্যমিক এবং প্রাথমিক শিক্ষকদের অবসরের বয়স কমিয়েছেন, কেমন ভাবে নিজে রিটায়ার করার পরের মাসেই পেনশন পেয়েছেন, কেমন ভাবে গাইঘাটার লোকে ওঁকে ১৯৯১-এর নির্বাচনে হারিয়েছে তা বলব না।

**Mr. Speaker :** Mr. Roy, you have to confine yourself to the motion. You cannot go beyond.

[2-50 – 3-00 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি মোশনেই কনফাইণ্ড থাকব, কান্তি বাবুর পাণ্ডু নিয়ে বলতে যাব না। উনি কেন গাইঘাটা থেকে সন্দেশখালিতে গেছেন সেকথাও আমি বলব না। আপনি যখন বলছেন তখন আমি ঐ ব্যাপারে যাব না, আমি আমার মোশনেই ফিরে আসছি। অনেকেই বলেছেন যে বোর্ডের প্রশ্ন ফাঁসের ব্যাপারে সি. পি. এমের হার্ডলাইনার বনাম সফট লাইনারের লড়াই, বোর্ডের সমস্ত অ্যাপয়েন্টমেন্ট নাকি আলিমুদ্দিন স্ট্রিট থেকে ২ জন সি. পি. এম. নেতা নিয়ন্ত্রণ করেন। প্রশ্ন ফাঁসের ব্যাপারে তাদের দুর্বল করার চেষ্টা করা হয়েছে। আমি অবশ্য এই নিয়ে কনসার্ন নই, পশ্চিমবাংলার মানুষও কনসার্ন নয়। আমি কনসার্ন কান্তিবাবুর অ্যাক্টস অফ কমিশন অ্যাণ্ড অমিশনের জন্য ৫ লক্ষ ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে গেছে তারজন্য। তারা উদ্বেগ এবং হ্যারাসমেন্টের সম্মুখীন হয়েছে মন্ত্রীর এই অ্যাক্টস অফ কমিশন অ্যাণ্ড অমিশনের জন্য। তাই ব্যক্তি কান্তি বিশ্বাসের বিরুদ্ধে বক্তব্য রাখা নয়, এডুকেশন মিনিস্টার হিসাবে তার যে ব্যর্থতা, তার যে দায়িত্ব তিনি পালন করেননি এবং

সেই দায়িত্ব পালন না করে অন্যের উপর দোষ চাপিয়েছেন, সেই কান্তি বিশ্বাসের বিরুদ্ধে এই মোশন নিয়ে এসেছি। এবার কান্তিবাবু কি করেছেন? আপনি হয়তো একথাটা বলতে পারেন যে, সেকেণ্ডারি বোর্ড হচ্ছে স্ব-শাসিত সংস্থা, তাহলে মন্ত্রী কি করবেন? সেকেণ্ডারি বোর্ড যে স্বশাসিত সংস্থা সেটা আমরা মানি। সেকেণ্ডারি বোর্ডে ইলেকটেড কাউন্সিল আছে। কিন্তু কে তাদের নিয়োগ করেন? সেকেণ্ডারি বোর্ডের প্রেসিডেন্ট এবং সেক্রেটারিকে কে নিয়োগ করেন? পশ্চিমবঙ্গ সরকার বা তাদের অ্যাডভাইস মতো রাজ্যপাল। সুতরাং যখন বোর্ড একটা ব্যর্থতা দেখাচ্ছেন তখন তার বিরুদ্ধে ব্যবস্থা করা, সেই বোর্ডকে সুপারসিড করার দায়-দায়িত্ব কার? মাননীয় মন্ত্রী সেই কাজ করতে কেমন ভাবে ব্যর্থ হয়েছেন সেটাই আমি দেখাব এবং কিভাবে মন্ত্রী বিবৃতি দিয়ে এই হাউসকে মিস-লিড করেছেন ছত্রে-ছত্রে তা আমি প্রমাণ করব। ১১ই মার্চ অঙ্কের পরীক্ষা ছিল। গোটা পরীক্ষাটা পোস্টপনমেন্ট বা স্থগিত ঘোষণা করা হল পরীক্ষা যখন শুধু হবে তার মাত্র ১৪ ঘন্টা আগে। এরফলে ৫ লক্ষ ছাত্র-ছাত্রী যে অসুবিধায় পড়েছে সেই কথাই আমি বলছি। প্রথমদিন মাননীয় মন্ত্রীর কাছ থেকে বা বোর্ড থেকে এটা জানানো হয়নি যে লিকেজের জন্য পরীক্ষা পোস্টপন্ড করে দেওয়া হয়েছে। সেটা তার পরের দিন বোর্ড যে বিবৃতি দিয়েছেন তখন জানা গেছে যে, এই লিকেজের জন্য পরীক্ষা পিছিয়ে গেছে। কান্তিবাবু ১১ তারিখে যে বিবৃতি দিয়েছেন সেখানে প্রশ্ন ফাঁসের কথা স্বীকার করেননি। ১২ তারিখে উনি বিবৃতি দিয়েছেন, বলেছেন আদৌ হতাশ নই। হি ওয়াজ নট ডিস-অ্যাপয়েন্টেড। ১৪ তারিখে যখন বের হয়ে গেল যে আগন্তুক প্রশ্ন দিয়ে গেছে, কথাটা সত্য নয়, তখন এই ব্যাপারে চুপ করে থাকলেন। ১৫ তারিখে উনি উত্তেজিত হয়ে (কান্তিবাবু) হাউসে বিবৃতি দিয়েছেন, বোর্ডের প্রেসিডেন্ট এবং সেক্রেটারিকে সরানো হবে না। ১৭ তারিখে উনি নিজেই বলেছেন, পদত্যাগ করবেন না। ১৮ তারিখের বিখ্যাত বিবৃতিতে উনি বলেছেন যে, বোর্ড ভাল কাজ করছেন। আমি ঐ বিবৃতিটা পড়ে শোনাব। কিন্তু আমি বলতে চাই, পরীক্ষায় প্রশ্ন ফাঁস এই প্রথম নয়, এর আগেও অর্থাৎ ১৯৯৪ সালে কান্তি বাবু মন্ত্রী থাকার সময়ে অঙ্কের প্রশ্ন কঠিন হওয়ার জন্য পরীক্ষা বাতিল হয়ে গিয়েছিল। মনে আছে, তখন বোর্ডের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। ১৯৯৫ সালে ম্যাথামেটিক্স পরীক্ষার কোয়েশ্চেন ফাঁস হয়ে গিয়েছিল, সেটাও বোর্ড অস্বীকার করেছে। এই রামপ্রসাদ সিং—বোর্ডের কর্মী ১৯৯৬ সালেও প্রশ্ন ফাঁস করেছিল। কিন্তু তা নিয়ে এখনও পর্যন্ত কোনরকম বিবৃতি পরিষ্কার ভাবে আসেনি। শুধু তাই নয়, এই বছর শুধু অঙ্কের পরীক্ষা স্থগিত হয়েছে। অথচ পুলিশের কাছে যে ভূগোলের প্রশ্নও ফাঁস হয়েছিল। রামপ্রসাদ সিং আজকে গ্রেপ্তার হয়েছে, তার কাছ থেকে ভূগোলের প্রশ্ন পত্র পাওয়া গেছে। এই সব ব্যাপারে কান্তি বাবু কোনও কথা বলেন নি। উপরন্তু আপনি দেখুন স্যার, উনি কী বলেছেন। উনি খুব গুরুতর কথা বলেছেন, উনি বলেছেন যে গণিত পরীক্ষা হবার কথা ছিল যেদিন, তার আগের দিন পর্ষদের কাছে জমা পড়া নমুনা সন্ধ্যায় পরীক্ষা করে বুঝতে পারেন যে পরীক্ষার প্রশ্ন পত্র ফাঁস হয়েছে। বিভিন্ন গণ মাধ্যমের সঙ্গে এবং পুলিশ এবং সাধারণ প্রশাসনের সহযোগিতায় মুহূর্তের মধ্যে—কথাটা নোট করুন, কান্তি বাবু বিবৃতি দিচ্ছেন যে

র্ডের মধ্যে নাকি পর্ষদের ঐ সিদ্ধান্ত রাজ্যের সর্বত্র তারা জানিয়ে দেন। সত্যটা কী? যে ছাত্রীরা অঙ্ক পরেরদিন পরীক্ষা কেন্দ্রে গিয়ে জানতে পারেন যে পরীক্ষা পসপন্ড হয়েছে। র্ডের মধ্যে কি কান্তি বাবু আপনার বোর্ডের প্রেসিডেন্ট কমপিটিটারের মধ্যে সমস্ত পরীক্ষার্থীর তে বাড়িতে জানিয়ে দিয়েছেন? আপনি বোর্ডকে ডিফেণ্ড করার জন্য অপদার্থ একটা র্ডের প্রেসিডেন্ট এবং সেক্রেটারিকে ডিফেণ্ড করার জন্য এই কথা বলেছেন। তারপর ার কী বলছেন—কত বড় অসত্য কথা এখানে বলেছেন, আপনি বিবৃতি দিচ্ছেন পর্ষদের থেকে ঐ একই সঙ্গে পুলিশের কাছে ঘটনার তদন্ত ও প্রাসঙ্গিক ব্যবস্থা গ্রহণ করার এফ. আই. আর. করা হয়। সত্যটা কী যে ১১ তারিখে পরীক্ষা, ১০ তারিখে পসপন্ড এফ. আই. আর. করা হয়েছে ১১ তারিখে সন্ধ্যাবেলা প্রায় ২৪ ঘন্টা পরে। আর নি এখানে বিবৃতি দিচ্ছেন যে এক সঙ্গেই পুলিশের কাছে জানিয়ে দেওয়া হয়। ২৪ ঘন্টা দেরি হল তা আমরা এখনও পর্যন্ত জানিনা। আরও আপনারা বলছেন, উনি প্রশংসা ছেন পরীক্ষার্থীর স্বার্থে, অন্যদিকে পর্ষদ প্রায় পাঁচ লক্ষ পরীক্ষার্থীর জন্য গণিত প্রশ্ন পত্র ায়ে গোটা রাজ্যে ৮০৬টি পরীক্ষা কেন্দ্রে প্রশ্ন পত্র প্রেরণ করে সাত দিনের মধ্যে স্থগিত ক্ষা গ্রহণ করেছেন। পরীক্ষার্থীর স্বার্থে এই দৃষ্টি নন্দন ও প্রশংসনীয় কাজের জন্য আইন ত ভাবে কৃতিত্বের দাবি করেছেন। প্রশংসা করছেন কাকে, দৃষ্টি নন্দন ওঁর কাছে কে? রঞ্জন। কারোর চিত্তরঞ্জন করতে পারেননি। দৃষ্টি উজ্জ্বল ওর কাছে, কার ভাবমূর্তি—উজ্জল কারোর কাছে ভাবমূর্তি নেই যে কান্তি বিশ্বাস মানুষের বিশ্বাস হারিয়েছেন, তাঁর কাছে চিত্তরঞ্জন তাঁর চিত্তকে রঞ্জিত করবে. উজ্জ্বল তার কাছে উজ্জ্বল ভাবমূর্তি নিয়ে আসবে চর্য কী? আপনার সঙ্গে পশ্চিমবাংলার কেউ একমত হবেন আমি মনে করি না। এবং চেয়েও লজ্জাজনক ব্যাপার যে আপনি শুধু বোর্ডের এই অপদার্থ প্রশাসনকে প্রশংসা ছেন তাই নয়, যে বোর্ডের প্রেসিডেন্ট এবং সেক্রেটারি বললেন যে আগন্তুকও তাঁর কাছে পত্র দিয়ে গেছে, অচেনা আগন্তুক। আপনি সেদিন জবাব দিলেন না, ১৮ তারিখে সঞ্জীব প্রশ্ন করেছিলেন যে কেন আগন্তুককে আটকাননি। আপনি বললেন কত লোক আসে। লোক প্রশ্ন দিয়ে যায়। আপনি জবাব দিলেন না। কিন্তু পরে জানা গেল বোর্ডের সিডেন্টের এই গল্প আষাঢ়ে গল্প। সি. পি. এম. এর একজন প্রতিষ্ঠিত শিক্ষক নেতা, াষ দত্ত, তিনি আপনার কাছে প্রশ্ন দিয়ে গিয়েছিলেন। কিন্তু এই মিথ্যা কথা বলার জন্য রদিন বোর্ডের প্রেসিডেন্ট এবং সেক্রেটারিকে ডিসমিস করা উচিত ছিল, আপনি করেননি। দু তিন বছর ধরে পরীক্ষার প্রশ্ন ফাঁস হয় সারা ভারতবর্ষে পশ্চিমবাংলার পরীক্ষা ব্যবস্থা র্কে প্রশ্ন দাঁড়িয়েছে, আমাদের রাজ্যের ভাবমূর্তি নষ্ট হয়ে যাচ্ছে, আপনি কোন ব্যবস্থা নি এবং দেখা গেল যে বোর্ডের পরীক্ষা শুধু একটা সেন্টারে নয়, ওখান থেকে বোর্ডের রুম থেকে পাঠিয়ে দেওয়া হয় রিজিওনাল সেন্টারে, সেখান থেকে ডি. এম.-দের কাছে। এম.-দের কাছ থেকে চলে যায় থানায়। লিকেজ কোথা থেকে অন্য কোন জায়গা থেকে নে। লিকেজ হয়ে বোর্ডের অফিস থেকে। বোর্ডের স্ট্রং রুম থেকে। সরষের মধ্যে ভূত। যে ড়তে চিত্তরঞ্জন বসে থাকেন, সেই বাড়ি থেকে রামপ্রসাদ সিং—শুধু এই বছর নয়, গত

বছর প্রশ্ন লিক হয়েছে আর সেই বোর্ডের অপদার্থ কর্তৃপক্ষকে আপনি ডিফেণ্ড করেছেন আমি জানিনা কী রাজনৈতিক স্বার্থ আপনাদের? আমি জানি না কেন একজন সি. পি. এম.-এর শিক্ষক সমিতির নেতা, তিনি পুলিশের সমালোচনা করেছেন। যে পুলিশ যা বার করছে সমস্ত কাগজে বেরিয়ে যাচ্ছে, উনি হচ্ছেন সি. পি. এম.-এর একজন সেন্ট্রাল কমিটির মেম্বার তিনি পুলিশের সমালোচনা করেছেন। আমি জানিনা বোর্ডের প্রেসিডেন্ট এবং সেক্রেটারির সঙ্গে এত আঠা কিসের? কিন্তু আমি এটা জানি যে সেকেণ্ডারি বোর্ডে ১৯৮৩ সাল পর্যন্ত ডব্লিউ বি. সি. এস. অফিসার ছিলেন সেক্রেটারি হিসাবে, তখন এই জিনিস হয়নি। আর আপনার আজকে এনকোয়ারি করার জন্য দায়িত্ব দিয়েছেন সুধীন চট্টোপাধ্যায়কে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে পরীক্ষার চার্জে যিনি দশ বছর ছিলেন।

[3-00 – 3-10 p.m.]

আপনার পার্টির সঙ্গে ঘনিষ্ঠ ভাবে যুক্ত এই এনক্যোয়ারির উপর আমাদের কোনও বিশ্বাস নেই যে এনকোয়ারির দায়িত্ব সুদিন চ্যাটার্জিকে দিয়েছেন। আমি জানি না কেন এই বোর্ডের প্রেসিডেন্ট এবং সেক্রেটারিকে আপনি বাঁচাচ্ছেন। একটা কারণ হতে পারে—এই পুরো অপদার্থতার সঙ্গে কান্তিবাবু, আপনি জড়িত। আপনি শুধু জড়িত তাই নয়, এই সঙ্গে আপনি আরো যেটা করেছেন সেটারও আমি উল্লেখ করব। এ ক্ষেত্রে সংবাদপত্রগুলি যে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছেন, ঐ আগন্তুকের আষাঢ়ে গল্প ইত্যাদি ফাঁস করে দিয়ে সেই সংবাদপত্র সম্বন্ধে আপনি কি বলেছেন? আপনি বলেছেন, কিছু সংবাদপত্রের দুরভিসন্ধিমূলক ভূমিকা এবং তাদের আশ্রিত কিছু অর্বাচীন সাংবাদিকদের সকল প্রকার অপচেষ্টা ব্যর্থ করে এই কাজ সম্পন্ন হয়েছে। আপনাদের বোর্ড, আপনাদের নিযুক্ত প্রেসিডেন্ট, সেক্রেটারি, তাদের স্ট্রংরুম থেকে পরীক্ষার কোয়েশ্চেন বার হয়ে গেল আর দোষ হয়ে গেল আপনার কথায় 'অর্বাচীন' সাংবাদিকদের। আপনার অপদার্থতার কোনও তুলনা নেই। আমি অনেক ভেবে মনে করেছি যে আপনাকে সর্বোতভাবে নিন্দা করা ছাড়া কোনও বিকল্প নেই। যেভাবে ৫ লক্ষ পরীক্ষার্থীর স্বার্থ ক্ষুন্ন করেছেন, যেভাবে এই রাজ্যের সর্বনাশ করেছেন তাতে পদত্যাগ করতে বলা ছাড়া আর কিছু বলা যায়না। এখানে বামফ্রন্টের সদস্য আছেন তারা বুকে হাত দিতে বলুন, এর পর এই অপদার্থ মন্ত্রীর থাকা উচিত কিনা? আমি মনে করি এই নিন্দা প্রস্তাবকে আপনাদের এগিয়ে এসে সমর্থন করা উচিত। এই দাবী আবার রেখে, নিন্দা প্রস্তাব পেশ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ, বাকি যারা এই ডিবেটে পার্টিসিপেট করবেন তাদের বলি, রুল অনুযায়ী নিজেকে কনফাইন রাখতে টু দি মোশন। এটা ভালোভাবে বুঝে নেবেন। তা না হলে বারবার আমাকে মনে করিয়ে দিতে হবে। এবারে শ্রীপদ্মনিধি ধর বলুন।

***শ্রী পদ্মনিধি ধর ঃ*** মাননীয় স্পিকার মহাশয়, যে প্রস্তাব বিরোধীপক্ষের ৪ জন মাননীয় সদস্য এনেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি। পরীক্ষার প্রশ্নপত্র যেটা প্রকাশিত হয়েছে

সেটা নিশ্চয় দুঃখজনক ঘটনা। বোর্ড যথাসময়ে তাতে হস্তক্ষেপ করে পরীক্ষা হবার আগেই পরীক্ষা বন্ধ করে দিয়ে নতুনভাবে পরীক্ষা নেবার বন্দোবস্ত করেছেন। এই ইতিহাস বামফ্রন্টের আমলেই আমরা দেখতে পাচ্ছি। স্যার, ঐ বিরোধীপক্ষের বন্ধুরা এখানে ১৯৭২ থেকে ১৯৭৫ সাল পর্যন্ত কি করেছিলেন তা আমি এখানকার প্রসিডিংস পড়েই আপনাদের জানাব। বামপন্থীদের কথা নয়, আমি কংগ্রেস এম. এল. এ.-দের কথাই বলব। এখানে সদস্য ছিলেন শ্রী অসমঞ্জ দে। তার ভাই এখন এখানে বিধায়ক হয়ে এসেছেন। শ্রী অসমঞ্জ দে খুন হয়েছিলেন। কারা তাকে খুন করেছিল সেটার বিচার এখন করছি না। আমি তার একটি বক্তব্য যা উনি এখানে এই সভায় রেখেছিলেন তা আমি আপনাদের পড়ে শোনাচ্ছি। প্রসিডিংসের ৮৮৭ পেজে আছে। শ্রী দে ২২শে মার্চ ১৯৭৪ সালে বলছেন, 'পরীক্ষা ব্যবস্থা একটা প্রহসনে পরিণত হয়েছে। সেন্ট টমাস স্কুল থেকে সিনিয়র কেমব্রিজ ও হায়ার সেকেণ্ডারি পরীক্ষা দেওয়া যায়। এই স্কুলের একজন ছাত্র-দেবাশীষ সেন, এই বছর একই স্কুল থেকে সিনিয়ার কেমব্রিজ ও হায়ার সেকেণ্ডারি পরীক্ষা দিচ্ছে। তার রোল নং—এইচ, এস সাউথ (এস. সি) বি-১০১। 'তারপর তিনি বলেছেন, 'পাইকপাড়ার কুমার আশুতোষ ইন্সটিটিউশনের প্রধান শিক্ষক সংবাদপত্রের মাধ্যমে বলেছেন যে কয়েকজন ছাত্র ১২টার সময় এসে বলে যে ওরা ২৫০ টাকায় কোয়েশ্চেন পেয়েছে এবং ২৫০ টাকায় তার উত্তর লিখে দেবে। এমন একটা অবস্থা হয়েছিল যেখানে পরীক্ষা ব্যবস্থা প্রহসনের মধ্যে দিয়ে চলেছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে ফার্স্ট এবং ফাইনাল এম. বি. এস. পরীক্ষা ভণ্ডুল হয়েছিল ৬ এবং ৮-ই জানুয়ারি, ১৯৭২ সালে। ছাত্র পরিষদের নামধারী গুণ্ডাবি ঢালাও ভাবে নকল করার দাবিতে, গণ টোকাটুকি করার দাবিতে শিক্ষক, পরীক্ষকদের ভীতি প্রদর্শন করেছিল। ৬ই জানুয়ারি ন্যাশনাল মেডিক্যাল কলেজের পরীক্ষা কেন্দ্রে এক্সটারনাল পরীক্ষক প্রবীণ শরীরতত্ত্ববীদ হীরেন চট্টোপাধ্যায়, তিনি এই বিধান সভার সদস্য ছিলেন, তিনি ছাত্র পরিষদের টোকাটুকিতে বাধা দিলে ছাত্র পরিষদের গুণ্ডারা ডঃ চ্যাটার্জিকে লাঞ্ছিত এবং নিগৃহীত করেছিলেন। আমি আপনাদের কাছে অ্যাসেম্বলি থেকে দেখাব যে কিভাবে তারা চলেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু তাই নয়, আমার জেলায় কৃষ্ণনগর কলেজে ছাত্ররা টোকাটুকি করতে চায়। সেখানে কৃষ্ণনগর কলেজ পুলিশ চেয়েও পায়নি। টোকাটুকি করতে না দেবার জন্য সমস্ত ছাত্ররা পরীক্ষার হল ছেড়ে চলে যায়। এই ভাবে দিনের পর দিন অধ্যাপকদের নিরাপত্তার কথা বলা হয়েছে, তাদের স্বার্থের কথা বলা হয়েছে, অধ্যাপকদের সমস্যার কথা বলা হয়েছে, কিন্তু সরকার এবং সরকারি প্রশাসন তারা নীরব ছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী নেতারা ইতিহাসের কাঠগড়ায় আমাদের শিক্ষা মন্ত্রীকে দাঁড় করাতে চায়। এরা সেনসার করবে আমাদের শিক্ষামন্ত্রীকে। দে হ্যাভ অলরেডি বীন সেনসার্ড বাই দি পিপল অফ ওয়েস্ট বেঙ্গল ফর টোয়েন্টি ইয়ার্স। এরা লাইফার। এরা জীবনে আর এইখানে বসতে পারবে না। আমি এই হাউসের প্রাক্তন সদস্য অসমঞ্জ দে কি বলেছিল সেটা এখানে তুলে ধরছি। স্কটিসচার্চ কলেজে টোকাটুকি বন্ধ করতে গিয়ে সেখানে গুণমনিবাবু এবং আরো ২ জন প্রফেসর যখন কলেজ থেকে বেরিয়ে হেদুয়ার দিকে যান তখন কিছু ছাত্র পরিষদের নামধারী গুণ্ডা ওপেন রিভলবার, ছুরি নিয়ে প্রচণ্ড

ভাবে তাকে আক্রমণ করে এবং তিনি প্রহৃত হন। পরে তিনি এই কথা কলেজ টিচার্স কাউন্সিলে জানান।

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ আমলে রাস্তার ফুটপাথে কোয়েশ্চেন পেপার বিক্রয় হত। কতবার পরীক্ষার কোয়েশ্চেন পেপার বেরিয়ে গেছে তার ইয়ত্তা নেই। ১৯৭২-৭৭ সাল পর্যন্ত পরীক্ষা প্রতি বছর হয়নি। যদিও কোন বছর হয়েছে কিন্তু তার ফল প্রকাশিত হয়নি। এদের মধ্যেও কেউ কেউ আছে এবং পার্লামেন্টেও আছে যারা এই সময়ে পাশ করেছে। ১৯৭২ সালে এরা কলেজের গেট বন্ধ করে দিয়ে ল' পাশ করেছে, টুকে এম. এ—এল.এল.বি হয়েছে। এখনও ১৯৭২ সালের ডিগ্রিধারীকে আজকে শিক্ষিত সমাজ গ্রহণ করতে চায়না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যথেষ্ট সহনশীলতার পরিচয় দিয়েছেন। আজকে এরাই শিক্ষা ক্ষেত্রে বিভিন্ন অশান্ত সৃষ্টি করছে এই কোয়েশ্চেন পেপার ফাঁসের ব্যাপারে এদের হাত আছে কি না বা কাদের হাত আছে সেটা অনুসন্ধান করে দেখা দরকার। অনুসন্ধান যদি করা হয় তাহলে সেটা বোঝা যাবে। স্যার, এরা একটা ইস্যু খুঁজছিল। ইস্যু পাবার জন্য একটা ইস্যু তৈরি করছে। তাই এরা যে প্রস্তাব এনেছে, তার তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-10 – 3-20 p.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি রাইটলি পয়েন্ট আউট করেছেন যে, সেন্সিয়ার মোশনে যে বিষয়বস্তু থাকে আলোচনা তার মধ্যে রাখতে হবে। আপনি একজন ক্রিমিনাল ল'ইয়ার। আপনি ভালভাবেই জানেন যে, একজন অপরাধীর যখন বিচার হয় তখন তার হয়ে ডিফেণ্ড করতে গিয়ে সে কোনও অপরাধ করেনি এটা বলতে হয়। কিন্তু পদ্মনিধিবাবু আলোচনার বিষয়বস্তুকে ঘুরিয়ে দেবার জন্য যা বলে গেলেন সেখানে উনি কোনও অপরাধ করেননি সেটা বললেন না। শুধুমাত্র কবে কোথায় কি হয়েছে সেটা বলে গেলেন। মোশনে আমরা মাননীয় মন্ত্রীকে অ্যাকিউজ করেছি, কিন্তু উনি ডিফেণ্ড করে কোনও বক্তব্য রাখলেন না যে, ঐ ঘটনার সঙ্গে মন্ত্রীর কোনও সম্পর্ক নেই। এরকম হলে তো একতরফা ডিবেট হবে। সেজন্য আপনাকে অনুরোধ করছি, ওদের ডিফেণ্ড করে বক্তব্য রাখতে বলুন। আমরা মন্ত্রীর বিরুদ্ধে অ্যালিগেশন যা এনেছি তাকে ডিফেণ্ড না করে কবে কোথায় কি হয়েছে সেসব ওবা বলছেন। এটা হতে পারে না। আপনি একজন ক্রিমিনাল ল'ইয়ার, আপনি জানেন যে, ডিফেণ্ড কিভাবে করতে হয়। কিন্তু উনি নিজ বক্তব্য রাখতে গিয়ে একবারও বললেন না যে, কান্তিবাবু কোনও অন্যায় করেননি বা ঐ ঘটনার সঙ্গে তাঁর কোনও সম্পর্ক নেই। শুধু বলে গেলেন ১৯৭২ সালে কি হয়েছে, ১৯৭৭ সালে কি হয়েছে। এটা হতে পারে না। আপনি প্রথমে যেভাবে নির্দেশ দিয়েছিলেন সেইভাবে আলোচনাটা হোক এটাই আমি চাই।

(গোলমাল)

**Mr. Speaker :** Take your seat.

The question here is that the motion relates to certain leakages of question papers of certain particular examination under the management and authority of certain Board. The minister-in-charge of the Primary and Secondary education is the minister-in-charge of that department under which the Board functions. The question is related to examination. You are making allegation of the present government being negligent, not taking effective steps against the Board which has been in charge of the examination and which has not taken proper steps. There has been leakages and all the other things whatever has happened. Any other member who is replying, in his reply it is logical that he will refer to a period of time when you as a political party had been in power. (noise) Please, Please. The debate is relating to a question of administration, of education system. (interruption) Then nobody will reply. But you are confining yourself into a particular year. I do not agree with you over there. (noise) I do not agreed with you. (noise) Mr. Roy what I had drawn you attention to was that you are making certain personal allegations against the minister, that he has retired and taken his pension, that he has not resigned. Nowhere in the motion it has been mentioned that he is drawing his pension. Nowhere in the motion you have mentioned his personal action or personal affiliation. This is a debate. In a debate you should make allegations relating to his department, ministry when he is there. In reply he will make allegations against your period of government. The question is relating to education system. Question of personal allegation does not arise. I say confine yourself to the motion. You cannot make personal allegations against the minister. You cannot go beyond the motion. No. no. That is not correct. I do not agreed with that.

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিজে বলেছেন যে, যে মোশনের উপর আলোচনা সেই মোশনের সাবজেক্ট ম্যাটারের উপর আলোচনা সীমাবদ্ধ রাখতে। কিন্তু এখানে আমাদের মাননীয় সদস্য পদ্মনিধি ধর মহাশয় যে আরগুমেন্ট দিলেন, যেভাবে বক্তব্য রাখলেন যে ১৯৭২ সালে কি হয়েছিল না হয়েছিল, এটা নিশ্চয়ই আপনি স্বীকার করবেন যে এটা আলোচ্য বিষয় নয়। পরবর্তীকালে আপনি বললেন যে পুরানো জিনিস আনা যায়। আমি আরগুমেন্টের খাতিরে ধরে নিচ্ছি যে ১৯৭২ সালে কিছু হয়েছিল। ১৯৭২ সালে যদি কিছু হয়ে থাকে যদি আরগুমেন্টের খাতিরে ধরে নিই সেই ১৯৭২ সালে কিছু হয়েছিল

বলে আজকে যে অভিযোগ উঠেছে সেটা খারিজ হয়ে যায়? এটা কখনও হয় স্যার? আপনারা যদি এই আরগুমেন্ট দেন তাহলে আপনারা সম্পূর্ণ ব্যর্থ বর্তমানে যে ঘটনা ঘটেছে সেটাকে ডিফেণ্ড করবার মতো কোনও যুক্তি আপনাদের নেই।

**Mr. Speaker :** Mr. Sinha, that is on point of debate which you make in a reply I agree with you in regard to debate for that.

**শ্রী অজয় দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সদস্য সৌগত রায় সহ আরো ৩ জন, ১৯৯৭ সালের মাধ্যমিক পরীক্ষার অঙ্কের প্রশ্নপত্র ফাঁস নিয়ে মোশন এনেছেন। আমি মনে করি এই দপ্তরের দায়িত্ব প্রাপ্ত মন্ত্রী মাননীয় কান্তি বিশ্বাস মহাশয় সম্পূর্ণ ভাবে ব্যর্থ হয়েছেন। এই যে প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঘটেছে তারপরেও আজ অবধি—ঘটনা যে অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে তাতে লক্ষ লক্ষ ছাত্র ছাত্রীর ভবিষ্যত অনিশ্চিত অন্ধকারের মধ্যে ঠেলে দিয়ে নিজের পদ আঁকড়ে রেখেছেন। মাননীয় সদস্য পদ্মনিধি ধর মহাশয় একটু আগে ১৯৭২-৭৭ সালের কথা বললেন, সেই সময়কার অ্যাসেম্বলির প্রসিডিংস থেকে কোট করে অনেক কথা বললেন। আমি শুধু ওনাকে এই কথা বলতে চাই ১৯৭২-৭৭ সালে হোক আর অন্য সময় হোক কংগ্রেস দল বুকের পাটা রাখে, কংগ্রেসের মন্ত্রীর বিরুদ্ধেও প্রতিবাদ জানাতে পারে। আপনাদের কোন দিন সেই জিনিস ঘটেছে, বুতে হাত দিয়ে বলুন তো? কান পেতে শুনুন বাংলার মানুষ কি বলছে। ঠাণ্ডা ঘরে বসে মন্ত্রীর স্তাবকতা করে সরকারের মোসায়েবী করে পার পাবেন না, পশ্চিমবাংলার মানুষ ক্ষমা করবে না। যে ঘটনা ঘটেছে সভ্য দেশে অত্যন্ত লজ্জার ব্যাপার। যার জন্য আমাদের নিন্দা প্রস্তাব আনতে হয়েছে। যে ঘটনা ঘটেছে ১৯৯৭ সালে গোটা ভারতবর্ষের কাছে একটা কলঙ্কময় অধ্যায় হয়ে দাঁড়িয়েছে। বিভিন্ন প্রচার মাধ্যমে গণ মাধ্যমের মধ্যে দিয়ে মানুষ জানতে পেরেছে কিভাবে এই কাজকে প্রশ্রয় দেওয়া হয়েছে। এটা নূতন জিনিস নয়, ধারাবাহিক ভাবে একটার পর একটা প্রশ্নপত্র ফাঁস হয়েছে। ভূগোল প্রশ্ন নিয়েও আপনাদের দলের মধ্যে মতবিরোধ আছে। বাংলার মানুষ দেখেছে কিভাবে আপনারা বাংলার সম্মান বাংলার কৃষ্টি বাংলার সংস্কৃতিকে ধ্বংস করে দিয়েছেন। উনি আগন্তুকের গল্প বলেছেন। কলিং অ্যাটেনশনের উত্তরের পর মাননীয় সদস্য সঞ্জীব দাস মহাশয় ওনাকে প্রশ্ন করেছিলেন যে আপনি বলুন এই আগন্তুক কে? তিনি এই প্রশ্নের উত্তর দিতে গিয়ে পাশ কাটিয়ে গিয়েছেন। আপনি বিষয়টি মানুষের কাছে উন্মোচিত কেন করতে পারেননি? কি করে স্ট্রং রুম থেকে কোয়েশ্চেন চলে এল? সচিব থেকে শুরু করে সভাপতি থেকে শুরু করে দায়িত্বে যারা রয়েছে তাদের আড়াল করার অপচেষ্টা কেন আপনার? কারণ নিশ্চয়ই আছে। আপনাদের দলের অনেক রাঘাববোয়াল এই ব্যাপারে জড়িত রয়েছে। সেটাকে আপনি ধামা চাপা দেওয়ার চেষ্টা করছেন তদন্তের কথা শুনিয়ে।

[3-20 – 3-30 p.m.]

আমরা জানি, হয়ত কিছু দিনের মধ্যেই দেখব, এই সভাপতি এবং সচিবকে আপনারা

একটা পুরস্কার দিয়ে দেবেন। এই জিনিস পশ্চিমবাংলায় চলছে। আপনাদের প্রশাসনের যারা কর্তাব্যক্তিরা আছেন, যারা দলের হয়ে কাজ করছে—এস. ডি. ও., ডি. এম., পুলিশের এস. পি. থেকে শুরু করে পুলিশ কমিশনার কেউ মুখ্যমন্ত্রীকে সার্টিফিকেট দিতে পারলে, দলের হয়ে কাজ করতে পারলে তাদের সম্বর্ধনা দিয়ে দিচ্ছেন। মাননীয় সত্যবাবু বলছিলেন, এস. ডি. ও.কে সম্বর্ধনা দেওয়া হয়েছে। কুড়ি বছর ধরে বাংলার মানুষ এই জিনিস দেখছে। আপনারা কুড়ি বছরে মাত্র ১৮টি মাধ্যমিক স্কুল তৈরি করেছেন। আর অসীমবাবু প্রত্যেক বছর এখানে বলছেন, এক হাজার করে প্রাথমিক বিদ্যালয় করবেন। এই গল্প শুনিয়ে যাচ্ছেন। তাই আমি শুধু এই কথা বলতে চাই, এই পরীক্ষার বিষয় নিয়ে একজন দারোয়ান আর কোচিং সেন্টারের মালিককে গ্রেপ্তার করতে পারেন, কিন্তু জেনে রাখুন, বাংলার মানুষ আপনাদের ক্ষমা করবে না। আপনি (মাননীয় মন্ত্রীকে লক্ষ্য করে) ঐ আসনে বসে আছেন। আপনাকে বাংলার মানুষ ক্ষমা করবে না। ১৯৯৭ সালে যারা পাশ করবে, তারা যখন বাইরে যাবে, যখন তারা বলবে ১৯৯৭ সালে পাশ করেছে, তখন তাদের ঘাড় ধরে তাড়িয়ে দেবে। তাই আমি আপনার পদত্যাগ দাবি করছি বাংলার মানুষের মান মর্যাদাকে বাঁচাবার জন্য।

**Ms. Gillian Rosemary D'Costa Hurt** : Hon'ble Mr. Speaker, Sir, with apology to the point in question, Oh! leakage, leakage, leakage; oh! Indian Educational bid upon the decades, lies bleeding cold and deaths. Today, as an educationist, it pains me to admit that there is a problem in the whole educational scenario of our country. Marks and mark-sheets pass for education. It is unfortunate that our system makes marks, the Alfa and the Omaga, the beginning and the end of life. The system is a whirlpool, dragging into its vortex irresistibly and remorsslessly, parents and pupils and meaningless papers indicative of a mass mental suicide. The magical measurs at the end of ten years schooling not marely attempts to separate the ship from the boat but in one stroke, reduces to empty the ten years of educational effort or pretended effort, and gives to teachers, staff of administration, printers, middleman, the mildest touch of millions.

Our Anglo-Indian schools have always stood out as Bastile of all that is good in education. However, even in our schools, I am sorry to say that there have been at times leakage of papers only a few years ago. All of you are aware that in one of the premier institutions, in our states, there was a leakage of question papers. Now who is to blame for that ? What happens ? I think that the entire educational system as a whole in the whole country needs a long overall change in educational values, reopening, rethinking, replanning and repolishing. Let it

be no dramatic sacrificing of conveniant scapegoats or even a silent acquiescencs of the same. I wonder in what way, we are demanding resignations or blaming one person or another who is at the helm of the office. Will this really help ? I don't think so. In fact, we should give the person who is at the helm of the affairs, a chance to rectify things. We should rather strike at the root cause of the problem and find a solution in the true sense of the word onely then will the children of our country get what they have or right to—that is true education.

**শ্রী সৌমেন্দ্রচন্দ্র দাস :** মাননীয় স্পিকার, স্যার, এখানে ১৮৫-এ যে প্রস্তাব এসেছে, আমি এই প্রস্তাবকে পূর্ণ বিরোধিতা করছি। কারণটা হচ্ছে, আমরা প্রত্যেকেই জানি, শিক্ষালয় হচ্ছে সত্য সাধনার পীঠস্থান। শিক্ষার মধ্যে দিয়ে চেতনা আসে। চেতনার মধ্যে দিয়ে মানুষ নিজ নিজ ভূমিকা পালন করে। শিক্ষাক্ষেত্রে মধ্য শিক্ষা পর্ষদে বা শিক্ষা দপ্তরের যে এর মধ্যে কোথাও ভুল নেই একথা বলছি না, প্রত্যেকটা ক্ষেত্রেই ভালোমন্দ নিয়ে চলতে হয়। ওই পর্ষদের অফিসের সব কর্মচারি সৎ এবং নিষ্ঠাবান একথাও যেমন ঠিক নয় তেমনি ওদের সময়কালের মতো সব কর্মচারি যে অসৎ একথাও ঠিক নয়। প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে ইতিমধ্যেই লক্ষ্য করা গেছে যে এই কাজের সঙ্গে যুক্ত বলে যাদের বিরুদ্ধে অভিযোগ এসেছে তারা ধরা পড়েছে এবং তাদের বিচার ইত্যাদি হবে। পুলিশি তদন্ত চলছে, তদন্তের রিপোর্ট জমা এখনও পড়েনি। কিন্তু ইতিমধ্যেই ৫ লক্ষ ছাত্র-ছাত্রীর স্বার্থে তাদের পরীক্ষা নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে। সে কাজ পর্ষদের কর্মচারিরাই পালন করেছেন, এরজন্য তাদের অভিনন্দন জানাই এবং মাননীয় মন্ত্রীকেও অভিনন্দন জানাচ্ছি। ওই স্ট্রং রুমকে কেন্দ্র করে নানা রকম প্রশ্ন এসেছে। বিশেষ করে বিভিন্ন পত্র পত্রিকায় দেখেছি এবং এক শ্রেণীর বাজারি পত্রিকা এই পরীক্ষাকে কেন্দ্র করে এবং প্রশ্নপত্রকে কেন্দ্র করে সরকারকে মানুষের কাছে খারাপ করার একটা ষড়যন্ত্রে লিপ্ত হয়েছেন। পরীক্ষা এখন সময়মতো হচ্ছে, সময়মতো গার্ড দেবার ব্যবস্থা হয়েছে, সময়মতো পরীক্ষার ফলাফল প্রকাশিত হচ্ছে যেটা এর আগে ছিল না। এই কাজগুলো শিক্ষা দপ্তর এবং মাননীয় মন্ত্রীই করিয়েছেন, তারজন্য তাঁকে অভিনন্দন জানাই এবং এই প্রস্তাবকে নিন্দা করি। ওরা প্রশ্নপত্র ফাঁসের পক্ষে যেসব যুক্তি দিয়েছেন তার আমি বিরোধিতা করছি তার একমাত্র কারণ হচ্ছে যে, এখন সময়মতো পরীক্ষা হয়, দু নম্বর হচ্ছে প্রশ্নপত্র ফাঁস হয়েছে ঠিক কথা, সেই প্রশ্ন বাতিল করে দিয়ে আবার নতুন পরীক্ষা করা হয়েছে, তিন নম্বর হচ্ছে ওই ৫ লক্ষ ছাত্র-ছাত্রীদের স্বার্থ এন.সি.ও.-র করা গেছে, যেটা কিনা কংগ্রেসি রাজত্বে কোনও দিনই ছিল না। দুর্নীতি এবং নৈরাজ্য শিক্ষাক্ষেত্রে ভরে গেছিল কংগ্রেসি সময়ে বিশেষ করে ১৯৭২-৭৩-৭৪ সালে ব্যাপক টোকাটুকি করে পাশ করেছিল। মাস্টার মশাইকে গুলি করে মারা হয়েছিল, মাস্টাররা পাহারা দিতে ভয় পেত। মাস্টার মশাইদের গুলির ভয় দেখিয়ে পরীক্ষা দিতে বসত। আজকে অন্তত

সেই অবস্থা আর নেই, শিক্ষাক্ষেত্রে একটা সুস্থ পরিবেশ ফিরে এসেছে এবং বিরাজ করছে। সুতরাং রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করবার জন্য এই প্রস্তাবটি আনা হয়েছে। আজকে শিক্ষকদের স্বার্থ এবং ছাত্রদের স্বার্থ রক্ষা করা হচ্ছে। আপনাদের আমলে মাস্টার মশাইদের কি দুরবস্থা ছিল—মাইনে পেত না, গোটা পরীক্ষা ব্যবস্থাটার মধ্যে একটা অব্যবস্থা ছিল, আজকে তার আমূল পরিবর্তন ঘটেছে। বামফ্রন্ট সরকারই এই পরীক্ষা ব্যবস্থার পরিবর্তন ঘটিয়েছে। আজকে সিলেবাসের পরিবর্তন ঘটেছে। ছাত্রদের শিক্ষার দিকে মনোনিবেশ করার ব্যবস্থা করা গেছে, বিশেষ করে দ্বাদশ শ্রেণী পর্যন্ত বিনা বেতনে পড়ার সুযোগের ব্যবস্থা করা গেছে। এসব ব্যবস্থা আগে ছিল না। প্রশ্নপত্র যেমন ফাঁস হয়েছিল তেমনি পর্ষদ আবার পরীক্ষা গ্রহণ করে তা নির্বিঘ্নে সম্পন্ন করেছেন। আগামী দিনে যাতে এই ধরনের ঘটনা না ঘটে সরকার তারজন্য সম্পূর্ণ ভাবে সচেষ্ট। এবং সেটা তাদের চেতনার থেকেই করা সম্ভব হয়েছে। কিন্তু ঘটনাকে হাতিয়ার করে পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থা সম্পর্কে মানুষের মনে বিরূপ ধারণা সৃষ্টি করার জন্যে রাজনৈতিক লক্ষ্য চরিতার্থ করবার জন্যে এই প্রস্তাব আনা হয়েছে। পুলিশি তদন্ত চলছে, এই তদন্তের মধ্যে দিয়ে দোষী ব্যক্তির শাস্তি নিশ্চয়ই আমরা চাইব এবং আগামী দিনে এই ধরনের ঘটনা যাতে আর না ঘটে সেটা এনসিওর করবার জন্যে সরকার দৃঢ় হবেন। মাননীয় মন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি এইকারণে যে, প্রশ্নপত্র ফাঁস হবার পরেই তিনি অল্প সময়ের মধ্যে নির্দেশ দিয়ে নির্বিঘ্নে পরীক্ষা ব্যবস্থা পরিচালনা করেছেন এবং দক্ষ হাতে তিনি কাজ করেছেন, এরসঙ্গে পর্ষদেরও সৎ এবং নিষ্ঠাবান কর্মচারিদের অভিনন্দন জানাই এবং মাননীয় মন্ত্রীর দপ্তরও এই পরীক্ষা ব্যবস্থা পরিচালনা করতে সাহায্য করেছে ধন্যবাদ জানিয়ে এই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-30 – 3-40 p.m.]

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় স্পিকার স্যার, আজকে আমাদের আনা মোশনে আমি ভেবেছিলাম শিক্ষামন্ত্রী এই মোশন তোলার আগে পদত্যাগ করবেন। কিন্তু আমরা দেখছি নির্লজ্জভাবে শিক্ষামন্ত্রী তিনি এখানে আছেন, তিনি পদত্যাগ করেননি। আমি মনে করি আমি যদি এই সরকারে থাকতাম এবং শিক্ষামন্ত্রী হতাম তাহলে আমি পদত্যাগ করতাম। আমি ভেবেছিলাম, আমাদের থেকে একটা প্রস্তাব আনা দরকার, এই প্রশ্নপত্র ফাঁসের জন্য শিক্ষামন্ত্রীকে একটা রিওয়ার্ড দেওয়া দরকার। যে মানুষ [illegible] পশ্চিমবাংলার ৫ লক্ষ ছাত্র-ছাত্রীদের নিয়ে ছিনিমিনি খেলেন, শিক্ষা নিয়ে ছিনিমিনি খেলেন [illegible] কি আমাদের আস্থা থাকতে পারে? আমি তাঁর কাছে প্রশ্ন রাখতে চাই, কি কারণে [illegible] বিচার বিভাগীয় তদন্ত হবে বলেও বিচারপতির নাম ঘোষণা করা হয়নি? পুলিশি [illegible], সেখানে বিচারপতির নাম কেন ঘোষণা করা হয়নি, তাও আমি জানি। যে ষ্ট্রং রুম থেকে প্রশ্নপত্র ফাঁস হয়েছে সেই পর্ষদের সচিবকে কেন জেরা করা হয়নি, কোন কারণে জেরা করা হয়নি, তাঁকে বাঁচাবার চেষ্টা হচ্ছে এই শিক্ষা মন্ত্রীর দল। আর একজনকে তারা বাঁচাবার চেষ্টা করছে—এই সরকার তাকে বাঁচাবার চেষ্টা করছে, এও আমি জানি। যে সেন্টারের একজন শিক্ষককে ধরা হয়েছে,

সেই সেন্টার থেকে যে রসদ পাওয়া গেছে তাতে দেখা যাচ্ছে, বেশিরভাগ লোক যারা জড়িত আছেন, তারা হচ্ছেন সি. পি. এম. এর লোক, তাঁদেরকে বাঁচাবার জন্য শিক্ষামন্ত্রী লড়ে যাচ্ছেন। কয়েকদিন আগে এই হাউসে মাননীয় মুখ্যমন্ত্রী ভাষণ দিচ্ছিলেন, আপনাদের তো ছেলে-মেয়েরা আছে, তারা কি শিখবে? বলুন তো আপনারা বুকে হাত দিয়ে কোন রাজত্বে আমরা বাস করছি? উচ্চশিক্ষার বিভিন্ন ক্ষেত্রে পশ্চিমবাংলা পিছিয়ে আছে। সেই অবস্থায় দাঁড়িয়ে আপনারা শিক্ষা ব্যবস্থাকে নষ্ট করতে চাচ্ছেন। আপনারা চক্রান্ত করতে চাচ্ছেন পশ্চিমবাংলায় যাতে আর নতুন করে কেউ গ্রাজুয়েট না হতে পারে। তার কারণ হচ্ছে চাকরির অভাব। যারা পরীক্ষার খাতা দেখছেন, তারা হচ্ছেন আপনাদের শিক্ষামন্ত্রী—দলের লোক। কয়েকদিন আগে উচ্চ মাধ্যমিকের ইংলিশ পরীক্ষা হল, সেখানে হলুদ প্রশ্নপত্র ইংরাজির ক্ষেত্রে দেওয়া হয়েছে, এখানে দুইজন শিক্ষা মন্ত্রী বসে আছেন, এই হলুদ প্রশ্নপত্র দেওয়া হল কেন? কারণ ইংরাজির ক্ষেত্রে আপনাদের প্রথম প্রশ্নপত্রটি ফাঁস হয়ে গেছে। তাই দ্বিতীয় প্রশ্নটি তখন দেওয়া হয়েছে। দিনের পর দিন আপনারা পশ্চিমবাংলায় এই জিনিস করছেন। আমি এও জানি, এখানে দেখা যাচ্ছে, শিক্ষা মন্ত্রী সরকারের সহযোগিতা নিয়ে কিছু কিছু জায়গায় নিজেদের এমন কিছু লোককে দায়িত্ব দিয়ে বসিয়ে রেখেছেন, কাউন্সিলে ডি. আই. অফিসে, বোর্ডে সব জায়গায় সি. পি. এম.এর আখড়া হয়ে গেছে। আজকে ওখানে কোনও কাজ করানো যায়না, এর বিরুদ্ধে আমাদের লড়াই। অনেক সি. পি. এম. এর সদস্য আছেন, তারা আমাদের কাছে এসে বলেন, আমাদের ছেলে-মেয়েরা মানুষ হবে না, এইভাবে শিক্ষা ব্যবস্থাটা যদি চলতে থাকে। হাওড়ার একজন এম. এল. এ. আছেন, তিনি বলেছেন, আমাকে, তিনি একটি স্কুলের শিক্ষক, সেখানে ক্লাস এইটে তাঁর নামে একটি রচনা লিখতে বলা হয়েছে, কোন রাজত্বে আমরা বাস করছি। এই জিনিস কখনই হতে দেওয়া যায়না, যে পরিস্থিতি আজকে আপনারা সৃষ্টি করতে যাচ্ছেন। যে পুলিশি তদন্ত চলছে, সেই তদন্ত শেষ হওয়ার আগে কখনই বিচার বিভাগীয় তদন্তর ক্ষেত্রে বিচারপতি কি সেই দায়িত্ব নিশ্চয় এই কাজ তিনি করতে যাবেন না। বা করতে পারেন না। পুলিশ মন্ত্রী আজও বলেছেন, তিনি পুলিশ মন্ত্রী হয়েও পুলিশের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছেন, ৩১শে মার্চের মধ্যে যদি পুলিশ রিপোর্ট না দেয় তাহলে পুলিশ মন্ত্রী থেকে লাভটা কি? স্বাভাবিকভাবে রিপোর্ট এখনও পেশ করা হয়নি। শিক্ষাক্ষেত্রটাকে নিয়ে আপনারা একটা রাজনীতি শুরু করেছেন, ক্লাস নাইন টেনের ছোট ছোট বাচ্ছা ছেলেমেয়েদের নিয়ে আপনারা মিছিল করছেন, কোন রাজত্বে আপনারা শিক্ষা ব্যবস্থাটাকে নিয়ে যাচ্ছেন এটা আপনাদেরকে ভাবতে হবে। তা যদি না করেন তাহলে আগামী দিনের শিক্ষার পরিবেশ, শিক্ষার মান খারাপ হবে। গত কয়েকদিন আগে শিক্ষামন্ত্রী কান্তি বিশ্বাস তিনি নিজেদের পত্রিকায় গণশক্তিতে একটি স্টেটমেন্ট দিয়েছেন। স্টেটমেন্ট দিয়েছেন যে গ্রেপ্তার হচ্ছে। আগামীতে আরও গ্রেপ্তার হতে পারে। কিন্তু যারা গ্রেপ্তার হয়নি, কেন তারা গ্রেপ্তার হয়নি? আমি জানি তারা আপনাদের দলের লোক। তাই আপনি তাদের গ্রেপ্তার করেননি। আজকে তাদের বাঁচাবার জন্য আপনাদের দলের লোকদের বাঁচাবার জন্য আপনি ৫ লক্ষ ছাত্রছাত্রীর ভবিষ্যত নষ্ট করার জন্য, পশ্চিমবাংলার মান নষ্ট করার জন্য,

শিক্ষার মান নষ্ট করার জন্য আপনি যে পদক্ষেপ নিয়েছেন, তার বিরুদ্ধেই আমাদের এই লড়াই। এই ধাপ্পাবাজ মন্ত্রীকে আমরা বিশ্বাস করি না। তাই আমরা আজকে এই প্রস্তাব এনেছি। আগামীদিনে যাতে এই ঘটনা আর না ঘটে। পরীক্ষার প্রশ্নপত্র আর ফাঁস না হয়। আমি এই প্রস্তাব সমর্থন করে, কান্তি বিশ্বাসের পদত্যাগ দাবি করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সৌগত রায় মহাশয় তাঁর এই প্রস্তাব উত্থাপন করে বলেছেন যে মাননীয় শিক্ষা মন্ত্রী কান্তি বিশ্বাসের উপর পশ্চিমবাংলার মানুষ আস্থা এবং বিশ্বাস হারিয়েছেন। মাননীয় রায় মহাশয়ের রায় পশ্চিমবাংলার মানুষ মেনে নিচ্ছেন না, আমরাও মেনে নিচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সৌগত রায় তাঁর প্রস্তাব উত্থাপন করে বলেছেন সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থায় এটা একটা নজির বিহীন দৃষ্টান্ত। আমরাও বলি এটা একটা নজিরবিহীন দৃষ্টান্ত। উদোর পিণ্ডি, বুদোর ঘাড়ে চাপাবার এরকম দৃষ্টান্ত আর দেখা যায় না। মধ্যশিক্ষা পর্ষদ একটা স্বশাসিত কাউন্সিল। স্বাধীনভাবে কাজ করে। সেখানে প্রত্যক্ষভাবে কোনও দায়িত্ব, সম্পূর্ণ দায়িত্ব মন্ত্রীর নয়। মন্ত্রীর যদি কোন দায়িত্ব থেকে থাকে সে দায়িত্ব পরোক্ষ দায়িত্ব। কিছু নৈতিকতার প্রশ্ন। এবং পরোক্ষ দায়িত্ব থেকেই, সেই পরোক্ষ দায়িত্ব গ্রহণ করেই মাননীয় মন্ত্রী মহাশয় পুলিশি তদন্তের নির্দেশ দিয়েছেন। আমরা মনে করি সেই পুলিশি তদন্তই যথেষ্ট নয়। যে মারাত্মক ঘটনা ঘটেছে। আমি ৭২এর পুনরাবৃত্তি করতে চাই না। সেই ঘটনার উল্লেখ করতে চাই না। গোটা পরীক্ষা ব্যবস্থাটা নৈরাজ্যের মধ্যে চলত। বামফ্রন্ট যেহেতু ক্ষমতায় আছে, সেহেতু পশ্চিমবাংলার মানুষ এই ঘটনাকে দুর্ভাগ্যজনক বলে মনে করছে। আমরাও এই ঘটনাকে দুর্ভাগ্যজনক বলে মনে করছি। শুধু পুলিশি তদন্তের উপর নির্ভর করে থাকলে চলবে না। একটা জুডিশিয়াল কমিশন নিয়োগ করে, পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করা হোক আমি যতদুর জানি শিক্ষা দপ্তর হয়তো সেই সিদ্ধান্ত গ্রহণ করতে চলেছে। একটা বিষয়ে আমি সংবাদপত্রকে দোষারোপ করতে চাই না, মধ্যশক্ষা পর্ষদের সচিব থেকে শুরু করে এমন সব পরস্পরবিরোধী বিবৃতি দেওয়া শুরু করলেন যে মানুষ বিভ্রান্ত হয়ে পড়েছেন। আগন্তুকের গল্প, মিলনদা, এমন সব কথা চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায়, উজ্জ্বল বসু বলতে থাকলেন যে মানুষ জানতে চাইল এর উৎস কোথায়। পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থা নিয়ে আরও অনেক প্রশ্ন উঠেছে। মিলনদা, সিওর সাকসেস ইত্যাদি। আমি এই কথা বলি প্রশাসনের ভিতর আমূল খোল নলচে বদলে গিয়েছে একথা মনে করবার কোনও কারণ নেই। প্রশাসন এর ভিতর ওদের লোকজন এখনও আছে। সরকারি কর্মচারিরা বদল হয়ে গিয়েছে। একথা মনে করবার কোনও কারণ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই গুরুত্বপূর্ণ বিষয়টি উত্থাপন করার সৌগত রায়ের একমাত্র উদ্দেশ্যই হচ্ছে পশ্চিমবাংলায় তাঁদের যে নিমজ্জমান নৌকো, সারা ভারতেও তাই, এই ক্ষেত্রে তিনি একটা রাজনৈতিক মুনাফা অর্জন করার চেষ্টা করেছেন।

[3-40 – 3-50 p.m.]

বামফ্রন্ট সরকারের উপর মানুষের পূর্ণ আস্থা আছে। বামফ্রন্ট সরকারের মন্ত্রী কান্তি বিশ্বাসেরও উপরও মানুষের নিশ্চয়ই পূর্ণ আস্থা আছে। বামফ্রন্ট সরকার এবং কান্তিবাবু বিচ্ছিন্ন ঘটনা নয়। বামফ্রন্টের মন্ত্রী সভার সদস্যদের উপর, বামফ্রন্ট সরকারের উপর মানুষের পূর্ণ আস্থা থাকলে, কান্তি বাবুর উপরও মানুষের নিশ্চয়ই পূর্ণ আস্থা আছে। তবে একথা ঠিক সবাই সুমধুর কথা বলতে অভ্যস্ত নন। সৌগত বাবু সুমধুর কথা বলতে অভ্যস্ত, কিন্তু কান্তিবাবু সুমধুর কথা বলতে অভ্যস্ত নন। এতে হয়তো অনেকে ব্যাথা পান। কিন্তু তারজন্য আপনারা কোনও একজন মন্ত্রীকে সিঙ্গল-আউট করবেন না। যদি আপনাদের হিম্মত থাকে তাহলে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে মোকাবিলা করুন। কিন্তু সে ক্ষমতা আপনাদের নেই। মন্ত্রী সভার সদস্যদের দায় দায়িত্ব অস্বীকার করা যাবে না। কিন্তু তারজন্য আপনারা সিঙ্গল-আউট করতে পারেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিজে মানস, আপনি এখানে বসে আছেন। আপনার কাছে আমার একটা বড় প্রশ্ন রয়েছে, আপনি এখানে যে সেনসর মোশন আনতে দিয়েছেন সেটা এভাবে আনা যায় কিনা। এই বলে উদ্দেশ্যপ্রণোদিত ভাবে রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করার জন্য যে প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সৌগতবাবু যে নিন্দা প্রস্তাব এখানে এনেছেন তাকে সম্পূর্ণ ভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। আমি নতুন বিধায়ক হিসাবে হতাশ হলাম। বিতর্ক চেয়েছিলাম যে আমার সিনিয়র মেম্বার পদ্মনিধি বাবু এবং জয়ন্ত বাবুর কাছ থেকে নতুন কিছু বক্তব্য শুনব। কিন্তু তাঁরা মোশনের দিকে না গিয়ে ১৯৭২-৭৪ সালের কথা বললেন। তখন আমরা অনেক ছোট ছিলাম। যদি ১৯৭২-৭৪ সালে কোনও অন্যায় হয়, ধরুন অন্যায় হয়েছে, লিকেজ হয়েছে, তাহলে আজকে কান্তিবাবুর সম্পর্কে আনীত নিন্দা প্রস্তাবের সঠিক জাস্টিফাই করা যায় কি? দ্বিতীয়ত ১৯৭২-৭৪ সালে যদি অন্যায় ধরে থাকি তারজন্য মানুষ বিচার করেছে, তার শাস্তি দিয়েছে, এখানে আমাদের বসিয়েছে। পদ্মনিধিবাবুও কি এর মাধ্যমে আগামীদিনে এখানে বসার বন্দোবস্ত করছেন? আজকে এসম্পর্কে একটা বিখ্যাত গান আমার মনে পড়ছে—

বিস্তীর্ণ বাংলার পাঁচ লক্ষ ছাত্র-ছাত্রী অভিভাবকের হাহা-কার শুনে

নিঃশব্দে নীরবে কান্তি বিশ্বাস সাহেব তুমি পদত্যাগ না করে

বসে রয়েছো কেন?

প্রশ্ন ফাঁসের ব্যাপারে রামপ্রসাদকে স্কেপ গেট করা হয়েছে। ৬জনকে গ্রেপ্তার করা হয়েছে। তারমধ্যে ২ জনকে রোলড আউট করা হয়েছে এবং ৩ জনকে জে. সি. পি. সি.তে রাখা হল। দে আর নিয়ার পনস। দিস ইজ কিন্তু আপনারা রাঘববোয়ালদের ধরার কোনও

বন্দোবস্ত করেননি। নাথিং বাট দি টিপ অফ দি আইসবাগ। কান্তিবাবু বলেছিলেন প্রশ্নফাঁসের ব্যাপারে তিনি ব্যবস্থা নেবেন। তিনি হাউসে দাঁড়িয়ে হাউসকে অসত্য বলেছেন। তিনি হাউসকে মিস গাইড করেছেন, তিনি হাউসকে মিস লিড করেছেন। কান্তিবাবু বলেছিলেন প্রশ্ন ফাঁস হওয়ার পর এফ. আই. আর. হয়েছে। তিনি এটা অসত্য বলেছেন। আমি দায়িত্ব নিয়ে বলছি, ১১ তারিখ সন্ধ্যে ৭টার পর পার্ক স্ট্রিট থানায় এফ. আই. আর করা হয়েছে। এরজন্য ৫ লক্ষ ছাত্র-ছাত্রীর অন্তরের উষ্মা আপনাদের উপর বর্ষিত হবে না?

পাঁচ লক্ষ অভিভাবকের চোখের জলের ধিক্কার আপনার উপর বর্ষিত হবে না এই অসত্য ভাষণের জন্য? একবার বলছেন অটোনমাস, একবার বলছেন জানিনা, আবার প্রয়োজনে ডিফেণ্ড করছেন। আপনার এই দ্বিচারণের বিরুদ্ধেই আমাদের এই নিন্দা প্রস্তাব। পুলিশমন্ত্রী বলেছেন রামপ্রসাদের কাছ থেকে দুটো খামে ভরা ভূগোল এবং অঙ্কের প্রশ্নপত্র পায়। আজকে হাউসের ভেতরে বা বাইরে একবারও এটা বলেছেন মাননীয় মন্ত্রী মহোদয়? একবারও বলেছেন, ভূগোল প্রশ্নপত্র ফাঁস হয়েছে? তাহলে বলুন বুদ্ধদেব বাবু অসত্য বিবৃতি দিয়েছেন, না হলে স্বীকার করুন ভূগোল প্রশ্নপত্র ফাঁস হয়েছে। কোনওটাই বলবেন না? আজকে প্রশ্ন হচ্ছে নৈতিকতার, প্রশ্ন হচ্ছে মূল্যবোধের, গণতান্ত্রিক রীতি-নীতির, দৃষ্টিভঙ্গির। সত্য উদ্ঘাটিত হবে, না অসত্য ভাষণ দিয়ে এই সমস্ত দোষীদের ধামাচাপা দেওয়ার চেষ্টা করা হবে? আজকে বলছেন অটোনমাস। এদিকে চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায়, উজ্জ্বল বসু তাদের আড়াল করে রাখা হচ্ছে। আজকে তার দায়িত্ব আপনার উপর বর্তায় না? পদ্মবাবু এবং জয়ন্ত বাবুকে স্মরণ করিয়ে দিতে চাই, এস. এফ. আই. আপনাদেরই সংগঠন, তারা বলেছে দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। ১৯৯৫ সালে উড়িষ্যায় যখন অঙ্কের প্রশ্নপত্র ফাঁস হয়েছিল, সেখানে এস. এফ. আই. দাবি তুলেছিল শিক্ষামন্ত্রীকে পদত্যাগ করতে হবে। আজকে এই যিনি দোষীদের আড়াল করার চেষ্টা করছেন, যে মন্ত্রীর বিরুদ্ধে আমরা নিন্দা প্রস্তাব এনেছি, তাঁকে বাংলার মানুষ ক্ষমা করবে না। আজকে ক্ষমতার বিকেন্দ্রীকরণের কথা বলে সমস্ত জায়গায় মৌরসী পাট্টা দিয়ে পেটোয়া লোকদের রাখা হয়েছে। স্ট্রং রুমের কথায় আসছি। ৩০ হাজার পরীক্ষার্থী যখন পরীক্ষা দিয়েছে, তখন যে ইনফ্রাস্টাকচার ছিল, আর আজ যে ৫ লক্ষ পরীক্ষার্থী দিচ্ছে, এখনও সেই ইনফ্রাস্টাকচারই প্রিভেইল করছে। এটা স্ট্রং রুম? আমি জানি একটা সাধারণ ঘর মাত্র, কোনও চেকিং নেই এবং সেখানে কোনও সিকিউরিটি নেই। শুনে রাখুন, জেনে রাখুন, সেখানে আছে তারাস তালার উপর গালা এবং তার জন্য কান্তি বিশ্বাসের গলায় মালা। নিন্দা প্রস্তাব আনব না? উজ্জ্বল বাবু ভুল তথ্য দিলেন, আষাঢ়ে গল্প বললেন। উনি জানেন না কে চিত্ত মণ্ডল, কোন চারজন গিয়েছিল? চারজন এ. বি. টি. এ.-র তথা মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির নেতা। তিনি বলেছিলেন, চারজনকে গ্রেপ্তার করিয়ে দেব। তারপর কোন মার্ক্সবাদী সেন্ট্রাল কমিটির নেতার কথায় আর হয়নি। বলা হল ৯ তারিখে প্রশ্নপত্র পেয়েছে, আর পর্ষদ বলছে ১০ তারিখে পেয়েছে। প্রশ্নপত্র দেওয়ার পর যে জেরক্স কপি থাকে, যেটা হ্যাণ্ড ওভার করা হয়েছে পুলিশকে এবং পর্ষদ যেটা দিয়েছে, তা মিলছে না।

তাহলে কি আড়াল করা হচ্ছে এ. বি. টি. এ. কে না কমিউনিস্ট পার্টির নেতাকে, না এই চক্রকে? এই চক্রে আজকে একটা পিওন, দারোয়ান থেকে শুরু করে চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায় অবধি আছে। আজকে তাই এর বিরুদ্ধে আমাদের নিন্দা প্রস্তাব। কান্তি বাবু, ৬৯ সালে আপারাই তো দৃষ্টান্ত রেখেছিলেন, সেবার বাংলা সেকেণ্ড পেপার প্রশ্নপত্র ফাঁস হয়েছিল, সেদিন আপনাদেরই নির্মল সিনহা ছিলেন পর্ষদের সভাপতি।

[3-50 – 4-00 p.m.]

তিনি অ্যালাউ করেছিলেন সমস্ত ইন্টারোগেশন, ইনভেস্টিগেশন। প্রেসের নাম, পেপার সেটারের নাম বলে দিয়েছিলেন। ইন্টারোগেশন হয়েছিল সমস্ত ক্ষেত্রে, স্ট্রং রুম পর্যন্ত ইনভেস্টিগেশন, ইন্টারোগেশন হয়েছিল। সেদিন তো মনে করেননি। ১৯৬৩ সালে প্রফুল্ল সেন যখন মুখ্যমন্ত্রী ছিলেন আপনারা গ্রেট রঘুনাথ ব্যানার্জির নাম শোনেননি, তাঁর আত্মীয় বিশ্বনাথ ব্যানার্জি তখন সচিব ছিলেন। তাঁকে তার বাড়ি থেকে হাতে হ্যাণ্ডকাপ দিয়ে গ্রেপ্তার করেছিলেন। কিন্তু সেটা আজকে কান্তিবাবু পারছেন না। আজকে তাই পর্ষদ সচিবকে গ্রেপ্তার করা উচিত বলে আমি মনে করি। এবং সচিবকে আড়াল করার জন্য কান্তিবাবুকেও গ্রেপ্তার করা উচিত বলে আমি মনে করি। উনি আজকে বাংলার শিক্ষাকে ধ্বংস করে দিচ্ছেন। আজকে ৫ লক্ষ ছাত্র-ছাত্রী এবং তাদের অভিভাবকদের যে অবস্থার মধ্যে উনি দাঁড় করিয়েছেন তার থেকে ওনার ক্ষমা নেই। আর, আজকে আপনারা তাঁর পক্ষ সমর্থন করছেন। আপনারা সত্যপ্রিয় রায়ের কথা ভুলে গেলেন? যাই হোক, আজকে ৬ জন মন্ত্রী একটা বোর্ডকে সামলাতে পারেন না। এই লজ্জা মাননীয় কান্তি বিশ্বাস কোথায় ঢাকবেন? সত্যবাবু, পদ্মবাবুরা এই লজ্জা কোথায় ঢাকবেন? আজকে প্রশ্ন তাই, ১৯৯৫ সালের সেপ্টেম্বর মাসে ক্যাবিনেট থেকে সিদ্ধান্ত দিয়েছিল যে, ডব্লু. বি. সি. এস., আই. এ. এস. থেকে সভাপতি বা সচিব করা হবে। কিন্তু আপনারা মানলেন না? আপনাদের বিরুদ্ধে নিন্দা প্রস্তাব আনব না? আজকে আপনারা মাননীয় সদস্য সৌগত রায় মহাশয় যে নিন্দা প্রস্তাব এনেছেন তাতে নিজেদের বুকে হাত দিয়ে কনসাসলি ক্লিয়ার করুন বলুন যে এই হাউসে দাঁড়িয়ে এই প্রস্তাবের বিরোধিতা করলেও, ভণ্ডামি করলেও, বাড়ি ফিরে গিয়ে এটা করতে পারবেন? স্যার, আমার সময় শেষ হয়ে এসেছে তাই আমি আর বক্তৃতা দীর্ঘায়িত করব না শুধু একটা কবিতা বলে শেষ করব—'নৈতিকতার স্খলন দেখেও, মানবতার পতন দেখেও, নির্লজ্জ অলস ভাবে পদত্যাগ না করে বসে রয়েছেন কেন শিক্ষামন্ত্রী কান্তি বিশ্বাস।' এই বলে স্যার, আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ তপতী সাহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিরোধী পক্ষের মাননীয় সদস্য প্রশ্ন ফাঁস নিয়ে যে মোশন এনেছেন সে সম্বন্ধে কিছু কথা বলতে চাই। আজকে কি কংগ্রেসের একথা বলার কোনও নৈতিক অধিকার আছে? প্রশ্নপত্র ফাঁস আমিও

সমর্থন করিনা। কিন্তু এই প্রেক্ষাপটে কয়েকটা কথা বলার আছে। এটা কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। এটা একটা ধারাবাহিক ঘটনা। ১৯৫০ সালের ২৬শে জানুয়ারি সংবিধানের নির্দেশাত্মক নীতি অনুযায়ী ঘোষণা করা হয়েছিল ১০ বছর পর অর্থাৎ ১৯৬০ সালের মধ্যে ১৪ বছর বয়স পর্যন্ত সমস্ত বালক-বালিকাকে বাধ্যতামূলক এবং অবৈতনিক শিক্ষার ব্যবস্থা করা হবে। কিন্তু তা কেন করা হল না? এর কোনও উত্তর আপনারা দিতে পারবেন না। এর পর একটা আন্তর্জাতিক সমীক্ষার প্রকাশিত তথ্য অনুযায়ী ১৯৬৫ সালে বলা হয়েছে, ২ হাজার সালে পৃথিবীর মোট নিরক্ষরের অর্ধেক এই ভারতবর্ষে হবে। তেহেরানে নিরক্ষরতার ব্যাপারে ঐ আলোচনার ২৫ বছর পরে অর্থাৎ ১৯৯০ সালে আমরা এই খবর পেলাম কেন? একটু আগে মাননীয় সৌগতবাবু বললেন, স্বাধীনতার পরে এটা একটা স্মরণীয় দিন। আমিও বলি, হ্যাঁ স্মরণীয় দিন। আজকে এই বিধানসভায় বিরোধীপক্ষের মুখোশ খুলে যাবার দিন। পশ্চিমবাংলার মানুষ জানে ৭০ দশকও একটা স্মরণীয় দশক।

পশ্চিমবঙ্গের বহু মানুষের ক্ষেত্রে সত্তরের দশক একটি স্মরণীয় দিন, একটি স্মরণীয় দশক। এই দশকে পশ্চিমবঙ্গে সর্বক্ষেত্রে যে নৈরাজ্য যে অরাজকতা সৃষ্টি হয়েছিল তার মূলে ছিল তৎকালীন কংগ্রেসের নীতির প্রভাব। এই প্রেক্ষাপটে শিক্ষা ক্ষেত্রেও তার প্রভাব পড়েছিল, ক্ষতিগ্রস্থ হয়েছিল বহু লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রী। উদাহরণ স্বরূপ আমি নিজের কথাই বলছি, আমি ১৯৬৯ সালে প্রি মেডিক্যাল কোর্সে ভর্তি হই, সেবারে ফাইনাল পরীক্ষা হওয়ার কথা ছিল ১৯৭০ সালের জুন মাসে কিন্তু পরীক্ষা হয়েছিল ১৯৭০ সালের ডিসেম্বর মাসে। প্রথম বর্ষ থেকে দ্বিতীয় বর্ষের যে পরীক্ষা সেটা হওয়ার কথা ছিল ১৯৭১ সালের জুন মাসে কিন্তু সেই পরীক্ষা হয়েছিল ১৯৭২ সালের জুন মাসে। আবার দ্বিতীয় বর্ষ থেকে তৃতীয় বর্ষের পরীক্ষা হওয়ার কথা ছিল ১৯৭২ সালের জুন মাসে কিন্তু সেই পরীক্ষা হয়েছিল ১৯৭৪ সালের মার্চ মাসে। আর তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষের পরীক্ষা হওয়ার কথা ছিল ১৯৭৩ সালের জুলাই মাসে কিন্তু পরীক্ষা হয়েছিল ১৯৭৫ সালের জুন এবং চতুর্থ থেকে পঞ্চম বর্ষের পরীক্ষা হওয়ার কথা ছিল ১৯৭৪ সালের জুন মাসে কিন্তু পরীক্ষা হয়েছিল ১৯৭৬ সালের মার্চ মাসে, আর ফাইনাল পরীক্ষা হওয়ার কথা ছিল ১৯৭৫ সালের জুন মাসে কিন্তু পরীক্ষা হয়েছিল ১৯৭৭ সালের জুন মাসে এবং তার ৬ মাস পরে বেরিয়েছিল রেজাল্ট। তখন আমার মত অনেক ছাত্র-ছাত্রীদের আড়াই বছর নষ্ট হয়েছিল। আপনারা কি সেই আড়াই বছর ফিরিয়ে দিতে পারবেন? তখন আমাদের ডাক্তারি পড়তে সময় লেগেছিল ৬ বছরের জায়গায় ৮ বছর, এটা বলে রাখা ভাল কোনও পরীক্ষায় একবার অকৃতকার্য না হয়েই। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আসার পর দু বছরের মধ্যে সেই ব্যাকলগ রেগুলারাইজ হয়ে যায়। এবং নির্ধারিত সময়েই পরীক্ষা হয় এবং রেজাল্ট বেরোয়। এই প্রসঙ্গে বলে রাখা ভাল যে এখন সেই ডাক্তারি কোর্সে সাড়ে ৪ বছরের মধ্যেই একজন ছাত্র ডাক্তার হয়ে বেরিয়ে যান। আমি শুধু ডাক্তারির কথা বললাম কিন্তু এর প্রভাব অনেক ক্ষেত্রেই ছিল,

সেগুলি বিস্তারিত ভাবে বলছি না। এই প্রসঙ্গে বলে রাখা ভাল সি.বি.এস.সি., আই.সি.এস.সি.-র নেট পরীক্ষা এমন কি আই.এ.এস. পরীক্ষার প্রশ্নপত্রও ফাঁস হয়েছিল। তখন কিন্তু বিরোধী বন্ধুদের এত সোচ্চার হতে দেখিনি। আমি এই প্রশ্নপত্র ফাঁসকে সমর্থন করছি না। কিন্তু যে দেশে প্রধানমন্ত্রী ঘুষ নেয় সেই দেশে একজন সাধারণ কর্মচারির ক্ষেত্রে এটা এমন কিছু অসঙ্গত নয়। আমি এই ঘুষ নেওয়াকে সমর্থন করছি না, এটা সংস্কৃতির অবক্ষয়ের একটা ধাপ, এর বিরুদ্ধে আমাদের দাঁড়াতে হবে। বিরোধী বন্ধুদের কাছে আমার আবেদন আপনারা অতীতে কি করেছেন এবং এই সরকার শিক্ষা ক্ষেত্রে কি পদক্ষেপ নিচ্ছেন তার তুলনামূলক বিচার করে এই লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রী এবং তাদের অভিভাবকদের বিভ্রান্ত করবেন না এবং সেই চেষ্টা থেকে বিরত থাকুন, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Pankaj Banerjee :** Hon'ble Mr. Speaker Sir, while speaking under rule on the motion 185 which is brought by four of us. I stand here with a heavy heart and broken mind to regret the present primary and secondary education Minister's activities regarding leakage of mathematics paper in the last Secondary Examination. Sir, so many speakers have spoken. I stand here not only as a member of the opposition party but as a sensible and responsible citizen of the State. Regarding the state of affairs which has been happening in the education field in the State of West Bengal I have only one word regret, regret and regret it.

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাকে চীফ হুইপ নির্দেশ দিয়েছেন বাংলায় বলতে। আমি শুধু একটি কথা বলি, আইনের প্রেক্ষাপটে যদি গোটা বিষয়টাকে বিচার করি তাহলে আমরা দেখতে পাই ল অফ দি ল্যান্ড কি নির্দেশ সরকারকে দেয়, রাষ্ট্রকে দেয়। আজকে মাননীয় কান্তিবাবু সেই ল অফ ল্যান্ডকে অস্বীকার করার চেষ্টা করছেন।

[4-00 - 4-10 p.m.]

মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য নির্দেশে ডি.সি. নজরুল ইসলাম সাহেব তদন্ত করলেন প্রশ্ন ফাঁসের। প্রাইমা ফেসি তদন্তে তিনি কয়েক জনকে চিহ্নিত করেছেন—বোর্ডের সভাপতি, পর্যদের সেক্রেটারি এবং কয়েকজন কর্মচারিকে তিনি চিহ্নিত করেছেন যাদের সম্পূর্ণ যোগসাজস বা অপদার্থতা বা অবহেলায় প্রশ্ন ফাঁস হয়েছে। আমি মানি পর্যদের প্রশ্ন ফাঁসে সরাসরি দায় দায়িত্ব মন্ত্রীর ছিল না। কিন্তু মন্ত্রী মহাশয়ের কাছে এটুকু আশা করেছিলাম প্রাইমা ফেসি তদন্তে দোষী চিহ্নিত করা হয়েছে যখন চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায়কে, উজ্জ্বল বসুকে, তাঁদের

যখন নির্দ্দিষ্ট কাঠগড়ায় দাঁড় করিয়ে দেওয়া হয়েছে, দিনের পর দিন ডি.সি. নজরুল ইসলাম তাঁদের সোপর্দ্দ করাবার চেষ্টা করছেন—এখনও সোপর্দ্দ করা হয়নি—তখন তিনি অন্তত নিজের বিবেক অনুযায়ী পদত্যাগ করবেন। তাঁদের এখনও সোপর্দ্দ করা হল না, অথচ দেশের আইন কি বলে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্রিমিনাল কেসের প্রোসিডিয়র হচ্ছে যদি প্রাইমা ফেসি থাকে, আপাতদৃষ্টিতে যদি কাউকে দোষী বলে মনে করা হয় তাহলে তাকে আইন অনুযায়ী পুলিশ গ্রেপ্তার করবে এবং গ্রেপ্তার করে আদালতে সোপর্দ্দ করবে। আদালত তাকে হয় বেল দেবে, না হয় জুডিসিয়াল কাস্টোডিতে বা লোকাল থানার কাস্টোডিতে রাখবে। এটাই হচ্ছে দেশের আইন। আজকে মাননীয় মন্ত্রী মহাশয়ের যদি সৎ সাহস থাকত, যদি রাজনৈতিক দুরভিসন্ধি না থাকত, নিজের দলের লোককে বাঁচাবার অপচেষ্টা যদি না থাকত তাহলে তিনি ল অফ দি ল্যান্ডের কাছে মাথা নত করে বলতেন,—আমাদের সংসদের ২,৩,৪ জন অপরাধ করেছে। আমি পশ্চিমবাংলার মানুষের রায়ে নির্বাচিত, নৈতিকতার কাছে দায়বদ্ধ—শুধু এই সভায় চিৎকার করেই দায়বদ্ধতা পালন করা যায় না, কাজ করে তা প্রমাণ করতে হয়। এই মন্ত্রী সেই দায় বদ্ধতা প্রমাণ করতে ব্যর্থ হয়েছেন। তাই আমরা তাঁর পদত্যাগ চেয়েছি। এটা কোনও ব্যক্তির বিরুদ্ধে আনা কোনও প্রস্তাব নয়। কোনও ব্যক্তিকে পছন্দ, অপছন্দের কথা নয়। একটা দপ্তরের ব্যর্থতার প্রশ্ন। তঁদন্ত করে বলা হচ্ছে,—ওরা দোষী। অথচ মন্ত্রী আলিমুদ্দিন স্ট্রিটের নির্দেশে আসামীদের আড়াল করছেন। যে আসামীরা বাংলার পাঁচ লক্ষ ছাত্র-ছাত্রীর ভবিষ্যত নিয়ে ছিনি-মিনি খেলল কয়েক লক্ষ টাকার বিনিময়ে তাদের বিরুদ্ধে এখানে দাঁড়িয়ে নৈতিকতাহীন মন্ত্রী কোনও কথা বলছেন না! তিনি বলছেন না যে,— আমি পশ্চিমবাংলার মানুষের কাছে প্রতিশ্রুতিবদ্ধ, পর্ষদের ব্যর্থতা আমি স্বীকার করে নিয়ে আসামীদের পুলিশের কাছে সোপর্দ্দ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন ওদের জিজ্ঞাসাবাদ পর্যন্ত করতে দেওয়া হচ্ছে না। পুলিশ চাইছে, কিন্তু পুলিশকে ঠেকিয়ে রাখা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কে এই উজ্জ্বল বসু? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একটু আগে ঐ চেয়ারে বসে টিটকারি করেছেন। আমি আবার বলছি টিটকারি করা আপনার উচিত হয়নি। আপনি মাঝে মাঝেই ভুলে যান, আপনি স্পিকার, আপনি রুলিং পার্টির সদস্য হিসাবে নিজেকে অবিহিত করেন। এটা দুঃখের। উজ্জ্বল বসু হচ্ছেন কলকাতার ১২২ নং ওয়ার্ডের গণতান্ত্রিক নাগরিক সমিতির সভাপতি। অর্থাৎ সি.পি.এম.-এর নাগরিক সমিতির প্রেসিডেন্ট। তাকে ডি.সি. নজরুল ইসলাম দোষী হিসাবে চিহ্নিত করা সত্ত্বেও আলিমুদ্দিন স্ট্রিট থেকে বিমান বসু এবং অনিল বিশ্বাসের নির্দেশে ধরা হচ্ছে না, জিজ্ঞাসাবাদ পর্যন্ত করা হচ্ছে না। এমন কি তিনি বোর্ডে পর্যন্ত আসছেন না। দিনের পর দিন তাকে বোর্ড থেকে গাড়ি পাঠানো হচ্ছে, কিন্তু তিনি আসছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আজকে আমাদের এই সেন্সর মোশন তুলতে দিয়ে গণতন্ত্রের প্রহরী হিসাবে নিজের দায়িত্ব পালন করেছেন। একজন সদস্য কটাক্ষ করে বলেছেন, তুলতে দেওয়া উচিত নয়। আমি তাঁকে বলি,

মাননীয় কান্তি বাবু দায়িত্ব নিয়ে অপরাধীদের লুকিয়ে রাখবার চেষ্টা করছেন। আইন বলছে, অপরাধ যে করে এবং অপরাধে যে ইন্ধন জোগায় তারা দুজনেই সমান অপরাধী। যখন মধ্যশিক্ষা পর্ষদের ৩/৪ জন মানুষ অপরাধ করেছেন তখন পর্ষদের দায়িত্বে এখানে যিনি আছেন তিনি তাদের আড়াল করার জন্য সমান অপরাধী। তিনি অপরাধের পক্ষে সায় দিয়ে অপরাধীদের পক্ষই সমর্থন করছেন। তাই আমরা মন্ত্রীর বিরুদ্ধে সেন্সর মোশন এনেছি, কোনও ব্যক্তিগত কুৎসা করার ইচ্ছায় নয়।

আমরা কি চাই? ১৯৭২ সালে যদি কিছু খারাপ হয়ে থাকে তারজন্য আমরা বারবার জনগণের কাছে ক্ষমা প্রার্থনা করেছি এবং যার জন্য আমরা ১৯৭৭ সাল থেকে এইদিকে বসে আছি। এটাই আমাদের শিক্ষা, এটাই আমাদের শাস্তি, সেই শিক্ষা আমরা নিতে জানি এবং নিয়ে আসছি। কিন্তু আপনাদের কি শিক্ষা? ১৯৭২ সালে কংগ্রেস করেছে, তাই ১৯৯৭ সালে আমরাও করব। আপনারা পাপাচার এবং ব্যভিচারকে একই আসনে পাশাপাশি বসিয়েছেন আর একজন রামের দিকে অঙ্গুলি হেলন করে দেখাবার চেষ্টা করছেন। আমি আপনার কাছে আবেদন রাখব, ছাত্র কমিউনিটির একজন হিসাবে আমি আপনাকে বলি, মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় দীর্ঘদিন ধরে শিক্ষকতা করেছেন। আপনার যে একটা গরিমা আছে সেটা কেন প্রকাশ করছেন না? কেন আপনার শিক্ষকতা জীবনের চারিত্রিক বৈশিষ্টতা দেখাতে পারছেন না? কেন পার্টির মধ্যে সীমাবদ্ধ আছেন? আমি জানি, আপনার নিজের বিবেকের কাছে মর্ম যন্ত্রণা হচ্ছে, আপনি নিজে সেই যন্ত্রণা ভোগ করছেন। আমি জানি আপনি পাপের বিরুদ্ধে কথা বলতে চাইছেন। শিক্ষাদরদী মানুষ হিসাবে, ৩০ বছর শিক্ষকতা করার পর আপনার যে দায়িত্ব সেটা আপনি জানেন, ছাত্রদের কান্না আপনি বোঝেন, অভিভাবকদের উৎকণ্ঠার শরিক আপনি হোন। আপনি বিবেকের দরজায় যে খিল লাগিয়ে বসে আছেন—আমরা চেষ্টা করছি, বদ্ধ বিবেকে আঘাতের পর আঘাত করে বিবেককে জাগ্রত করা। এই পাপাচার এবং ব্যভিচারের শরিকানা আপনি হবেন না। এটা একটা পাপযুক্ত। নিজেকে একজন যাত্রী হিসাবে, দরদী শিক্ষক হিসাবে আপনার কাছ থেকে মানুষ আশা করছে এই পাপের শাস্তির ব্যবস্থা করবেন। বিবেকের দরজা এঁটে বসে থাকবেন না। প্রশাসনিক দিক থেকে পুলিশ তার কাজ করুক, জুডিসিয়ারি বিচার করুক। কিন্তু আপনি আপনার দায়িত্ব সঠিক ভাবে পালন করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদের কোনও রকম বিবেক দেখি না। রাম অন্যায় করেছে, অতএব শ্যামও অন্যায় করবে—এই কথা বলে পাপ ঢাকা যায় না। ৭০ দশককে অন্ধকার ছিল বলে আলোতে ওরা আসবে না, ওরা পশ্চিমবাংলাকে সেই অন্ধকারেই নিয়ে যেতে চায়। আমরা ৪ জন সদস্য যে সেন্সর প্রস্তাব এনেছি তা খুব ঠান্ডা মাথায় অনেক ভেবে-চিন্তে এই মানবিকতার দরজায় আঘাত করার জন্য। কিন্তু এই সরকারের নীতি বলে যদি কিছু অবশিষ্ট থাকে—যদিও জানি ওদের নীতি তলাতে তলাতে একেবারে তলানিতে এসে দাঁড়িয়েছে তথাপি এই ৫ লক্ষ ছাত্র-ছাত্রী এবং তাদের অভিভাবকদের উৎকণ্ঠার অংশীদার হয়ে এই কথাই

বলতে চাই, রাইটার্স বিল্ডিংস-এর শীততাপ নিয়ন্ত্রিত কক্ষের চার দেওয়ালের মধ্যে নিজেকে বন্দি করে রেখে ভাবছেন এইভাবে চিরদিন রাজত্ব করবেন তাহলে আমি বলব, দেওয়ালের লিখন পড়তে শিখুন, অভিভাবকদের যন্ত্রণা উপলব্ধি করতে চেষ্টা করুন। ছাত্র-ছাত্রীদের উপর আপনি যে অন্যায় করেছেন—আজকে দুটি পেপার লিক হয়ে গেছে। অঙ্কের পেপার পুনর্মুদ্রণ করলেন, কিন্তু ভূগোলের ক্ষেত্রে কোনও উচ্চ-বাচ্য করলেন না। আমার কাছে একজন ছাত্রী ফাঁস হওয়া ভূগোলের প্রশ্নপত্র দিতে এসেছিল। আমি তাকে বললাম, আমাকে দেবেন না, রিপোর্টারদের কাছে দিন। এইভাবে ফাঁস হওয়া প্রশ্নপত্র ২৫০ টাকায় ঢালাও বিক্রি হয়েছে। তাই বলছি, আপনাকে দায়িত্ব নিতে হবে। কি সেকেন্ডারি, কি হায়ার সেকেন্ডারি সব ক্ষেত্রেই একই অবস্থা। দ্বিতীয়বার প্রশ্ন ছাপাতে হয়েছে। তাই আমি মাননীয় মন্ত্রী শ্রী কান্তি বিশ্বাসের কাছে আবেদন করব, অপরাধীদের ধরার চেষ্টা করুন, তাদের বিচার করুন। পাপাচার এবং ব্যাভিচারের পথ নেবেন না, পাপের অংশীদার আপনি হবেন না তাহলেই শিক্ষক জীবনের প্রতি যথার্থ সম্মান দেখাতে পারবেন, ছাত্রদের কাছ থেকে যথার্থ দক্ষিণা আপনি পাবেন।

**(এই সময়ে মাইক অফ হয়ে যায়।)**

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের আনীত নিন্দাসূচক প্রস্তাবটি আমি তীব্র বিরোধিতা করছি। প্রতিবাদ এই কারণে করছি, প্রশ্নপত্র ফাঁস হওয়া নিশ্চয়ই দুর্ভাগ্যজনক, আজকে বিরোধীদের ক্ষেত্রে স্মরণীয় দিন হতে পারে, কিন্তু আমাদের কাছে এটা চমৎকার দিন। আমরা আত্মসন্তুষ্টিতে থাকি না, আমরা আত্ম-সমালোচনা করি। তাই শিক্ষামন্ত্রী মহাশয় রোগ নির্ণয় করে সেই রোগ যাতে আবার ছড়িয়ে পড়তে না পারে তারজন্য তিনি বিচার বিভাগীয় তদন্তের কথা ঘোষণা করেছেন। পুলিশি তদন্ত হয়েছে। ভবিষ্যতে ছাত্র-ছাত্রীরা আর যাতে এই প্রশ্ন ফাঁসের মুখোমুখি না হতে পারে তারজন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

[4-10 – 4-20 p.m.]

আর আপনারা উদাসীন। একচক্ষু হরিণের মতো আপনাদের জাহাজ যখন ডুবছে তখন পশ্চিমবাংলায় প্রশ্নপত্র ফাঁসের বিষয়টাকে ইস্যু করে চিৎকার করছেন। আপনাদের মুখে নৈতিকতা, মূল্য বোধের কথা, এই সব আর ভাল লাগে না। যখন আপনারা সারা ভারতবর্ষে আজকে দুর্নীতির পঙ্কিল আবর্তের মধ্যে তিল তিল করে ডুবে যাচ্ছেন, তখন আপনারা পশ্চিমবঙ্গে এই প্রশ্নপত্র ফাঁসের বিষয়টাকে ইস্যু করে চিৎকার করছেন। আমরা স্বীকার করি বামফ্রন্ট সরকারের ব্যর্থতা কিছু হলে তার অনুসন্ধান হয়, আত্ম-সমালোচনা হয় এবং তা দূর করার জন্য ব্যবস্থা নেওয়া হয়। সেদিক থেকে এই দিনটা আপনাদের পক্ষে স্মরণীয় হলেও আমাদের কাছে চমৎকার দিন। আমি একটা কথা বলতে চাই, কোনও বাবা তার সন্তানের

অপরাধে অপরাধী হতে পারে? আপনাদের আমলে শিক্ষা কোন স্তরে নেমে গিয়েছিল, গণ টোকাটুকি, নির্দিষ্ট সময়ে পরীক্ষা না হওয়া, নির্দিষ্ট সময়ে পরীক্ষার ফল না বেরোন, এই সব যেন স্বাভাবিক ব্যাপার হয়ে গিয়েছিল। আমাদের মাননীয়া সদস্য ডাঃ তপতী সাহা তাঁর নিজের অভিজ্ঞতার কথা বলেছেন। বছরের পর বছর হিসাব দিয়ে দেখিয়ে দিয়েছেন, আমি তার মধ্যে যেতে চাই না। আপনারা বলছেন মন্ত্রীকে পদত্যাগ করতে, এতে কখনও সমাধান হতে পারে? আপনারা সস্তার রাজনীতি করছেন, লোককে বোকা বানাবার চেষ্টা করছেন। আপনাদের সময়ে দিল্লিতে মন্ত্রীদের বিরুদ্ধে যে দুর্নীতির অভিযোগ উঠেছিল তাতে কজন মন্ত্রী পদত্যাগ করেছিলেন। এখনও তো অনেকে আদালতের দরজায় ঘুরছেন যাতে কেস না ওঠে। সেদিক থেকে আমাদের শিক্ষা মন্ত্রী যে বলিষ্ঠতা দেখিয়েছেন, তার জন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি। তিনি বিচার বিভাগীয় তদন্তের ব্যবস্থা করেছেন, পুলিশি তদন্ত চলছে। দোষী ব্যক্তিকে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হবে। যদি প্রশ্নপত্র ফাঁস না হত তাহলে আমরা সুখী হতাম। এটা দুর্ভাগ্যজনক ঘটনা। এর গভীরে যেতে হবে এবং বাস্তু ঘুঘুদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে এই কথা বলে এই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেসি বন্ধুদের মধ্যে কয়েকজন মাধ্যমিক পরীক্ষায় অঙ্কের প্রশ্নপত্র ফাঁসকে কেন্দ্র করে শিক্ষামন্ত্রীর বিরুদ্ধে যে নিন্দা প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবের বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। শিক্ষামন্ত্রী দ্রুততার সঙ্গে যে ভাবে পরীক্ষার ব্যবস্থা করেছেন, তাতে তিনি অভিনন্দনবাদার্হ। প্রকৃত পক্ষে আজকে শিক্ষামন্ত্রী পর্ষদকে আড়াল না করে বিচার বিভাগীয় তদন্তের ব্যবস্থা করে গণতান্ত্রিক মূল্য বোধের পরিচয় দিয়েছেন অতীতে আমরা কি দেখেছি, ১৯৫০ সালে ইতিহাসের প্রশ্নপত্র ফাঁসের কথা আমরা স্মরণ করতে পারি।

সেখানে ইতিহাসের প্রশ্ন ফাঁস হয়েছিল এবং অন্যান্য বিষয়ের প্রশ্নও ফাঁস হয়েছিল কিন্তু সেখানে নতুন করে পরীক্ষা নিতে প্রায় দু মাস সময় লেগে গিয়েছিল। ২রা মে আনন্দবাজার পত্রিকাতে ইতিহাসের ৯টি প্রশ্ন ছাপা হয়েছিল, ৩রা মে ইতিহাসের পরীক্ষা ছিল, দেখা গেল সেখানে ৭টি প্রশ্ন হুবহু মিলে গিয়েছে। তা সত্ত্বেও কিন্তু সেই সময় পরীক্ষা বাতিল হয়নি এবং তৎকালীন পর্ষদ সচিবের নিন্দাও করা হয়নি এবং তার পদত্যাগও দাবি করা হয়নি।

১৯৫৯ সালে পর্ষদের কাছে ৫টি প্রশ্নের খাম জমা দেওয়া হয়েছিল এবং প্রশ্নপত্র আউট করা হয়েছিল কিন্তু তা সত্ত্বেও পরীক্ষা বাতিল হয়নি। কিন্তু বামফ্রন্টের আমলে আপনারা দেখলেন, প্রশ্নপত্র যখনই ফাঁস হয়েছে সঙ্গে সঙ্গে সেখানে ব্যবস্থা নেওয়া হয়েছে। কাজেই এই যে তৎপরতার সঙ্গে এর মোকবিলা করা হয়েছে এরজন্য নিঃসন্দেহে তারা প্রশংসারযোগ্য। স্যার, এই প্রশ্নপত্র ফাঁসের ঘটনা কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। এই আর্থ

াামাজিক পরিস্থিতিতে একটা বিশেষ শ্রেণীর দ্বারা সমাজ বিরোধীরা প্রশ্রয় পেয়ে মাথা তুলে াঁড়াবার চেষ্টা করছে এবং এইভাবে অর্থের পেছনে দৌড়াচ্ছে। এর বিরুদ্ধে আমাদের সরকার ্যবস্থা নিয়েছেন এবং নিচ্ছেন। আগামী দিনে প্রশ্নপত্র ফাঁসের ঘটনার মধ্যে দিয়ে যাতে ছাত্র ্রাত্রী এবং তাদের অভিভাবকদের অসুবিধার মধ্যে পড়তে না হয় তারজন্য সরকার দৃষ্টি দিয়েছেন। এই বলে এই নিন্দা প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-20 – 4-30 p.m.]

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় শ্রী সৌগত রায়, াাব্দুল মান্নান, তাপস রায় মহাশয়রা যে মোশন মুভ করেছেন এবং নিন্দা প্রস্তাবের কথা ালেছেন সেখানে অভিযোগটা একটা পয়েন্টের উপর তারা রেখেছেন। It is entirely on eakage of Mathematics question paper. আমি অবান্তর কথার মধ্যে যাচ্ছি না। I vould defend the Hon'ble Minister. That is my point. শ্রী সৌগত রায় াহাশয় যে অ্যালিগেশনটা এনেছেন তার মোটিভটা কি? What was the motive of his ıcquisition ? স্টুডেন্ট যারা পরীক্ষা দিয়েছে তাদের জন্য অথবা এটা উদ্দেশ্য প্রণোদিত কিনা? Actually in the interest of five lakhs or more students. এটা হচ্ছে পুরোপুরি পলিটিক্যালি মোটিভেটেড। আমি মনে করি অত্যন্ত নিন্দনীয় ভাবে রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করার জন্যই ওরা এই প্রস্তাব এনেছেন। When the action is taken on the part of the Minister ? যেটা করা সম্ভব তার পেরিফেরির উপর দাঁড়িয়ে সেটা তিনি করেছেন। তার পরেও যেভাবে প্রস্তাব আনা হয়েছে তাতে এই প্রস্তাবকে পলিটিক্যালি মোটিভেটেড বলেই আমি মনে করি। সুতরাং আমি মনে করি এই প্রস্তাব খারিজ হওয়া উচিত। দু নং কথা হচ্ছে, I defend him. I defend the Hon'ble Minister in the name of sanctity of examination. কোথায় ছিল স্যানটিটি অফ এগজামিনেশনের ব্যাপারটা, পরীক্ষার পবিত্রতার ব্যাপারটা আপনাদের আমলে? Without going back to the days of 1972. আমি শুধু বলতে পারি এই জায়গায় দাঁড়িয়ে, যারা ১৯৯৫ সালে কোয়েশ্চেন লিক হয়েছে বলে বাজারি সংবাদপত্রের মাধ্যমে অভিযোগ দায়ের করেছিলেন কলকাতা হাইকোর্টের নির্দেশে তাদের উপর পেনাল্টি ধার্য করা হয়েছিল। আজকে তারাই আবার বলছেন কোয়েশ্চেন লিকের কথা। সুতরাং Sanctity of examination is restored by the Education Department. এই স্যানটিটি ও নিরাপত্তা আপনাদের আমলে ছিল না। I defend the Hon'ble Minister in the name of justice of examination. কোয়েশ্চেন লিক হয়েছে, হতে পারে।

It is most unfortunate. Whether action is taken ? —Yes, action is taken. What is the fault on the part of the Minister ? 'No action is

taken' this argument cannot stand. Next, I defend the Hon'ble Minister for askinng the power and authority to cancel the leakage papers and to hold examination within seven days. Where it was held ? It was never held in India. Examination has held within shortest period of time. There is no acquisition against him. I defend him for a clean administration in the Board. In the meantine our Hon'ble Minister has ordered judicial enquiry.

এখনও জানি না যে কে কে এর সঙ্গে যুক্ত আছে। এনকোয়ারি হচ্ছে, একজন গার্ড অভিযুক্ত হয়েছে, তার বিরুদ্ধে তদন্ত চলছে। জুডিশিয়াল এনকোয়ারি যেটা হচ্ছে তাতে আগামী দিনে কে কে এর সঙ্গে যুক্ত আছে সেটা দেখা যাবে।

But, you say that the Secretary or the Chairman of the Board is directly involved in this matter—'No'. I ask the Hon'ble Minister to suspend them or to take action against them. Rather I defend him and also appreciate him. Our Hon'ble Minister order that' the head of this Government has stopped mass copying from the school examinations of West Bengal. If your acquisition are all for this thing, you cannot stand. I defend and also praise our Hon'ble Minister for taking such action as applicable. I must defend the Hon'ble Minister for taking such action.

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৪ জন বিধায়ক যে প্রস্তাব এখানে এনেছেন, আমি তার বিরোধিতা করছি। এতক্ষণ বিরোধী পক্ষের বক্তব্য যা শুনলাম তাতে দুষ্কর্ম যারা করেছে তাদের বিরুদ্ধে এরা একটি কথাও বলেননি। সিদেল চোরের বিরুদ্ধে কোনও কথা নেই, এরা বাড়ির মালিকের বিরুদ্ধে কথা বলছেন। অদ্ভুত দৃষ্টিভঙ্গির পরিচয় এরা দিয়েছেন। এরা অভিযোগ এনেছেন বাড়ির মালিকের বিরুদ্ধে যে, তোমার বাড়িতে চুরি হয়েছে, তুমি ঘর থেকে বেরিয়ে যাও। চোরের শাস্তির কোনও কথা নেই, বাড়ির মালিককে বলা হচ্ছে যে তুমি বেরিয়ে যাও। এই ধরনের উদাহরণ ভারতবর্ষে কোথাও পাওয়া যায় না। ১৯৬৯ সালেও এই ধরনের গোলমাল হয়েছে। তখন পর্ষদের সভাপতিকে তার দায়িত্ব থেকে পদত্যাগ করতে বলা হয়নি বা পদত্যাগ করতে হয়নি। তখন কংগ্রেস ছিল, কাজেই সেটা ধোয়া তুলসী পাতা। এখন বামফ্রন্ট এসেছে, এখন পদত্যাগ করতে হবে। আমরা দেখেছি যে, যখন শ্রীমতী ইন্দিরা গান্ধী তার দেহরক্ষীর হাতে গুলি বিদ্ধ হলেন।

তখন কিন্তু ভারতবর্ষের কোনও স্বরাষ্ট্রমন্ত্রী পদত্যাগ করেননি সেই দায়িত্ব স্বীকার করে।

তিনি তো খুন হয়েছিলেন, সেক্ষেত্রে স্বরাষ্ট্রমন্ত্রীর তো পদত্যাগ করা উচিত ছিল। কিন্তু সেটা হয়নি। আমরা দেখছি, এই প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে যারা জড়িত তাদের বিরুদ্ধে বিচার-বিভাগীয় তদন্ত হচ্ছে এবং সেটা নিশ্চয়ই নিরপেক্ষ তদন্ত হবে। যত বড় পদেই থাকুন না কেন, প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে যুক্ত ব্যক্তিদের শাস্তি হবেই। সেই সময় কয়েক দিনের মধ্যে নতুন প্রশ্নপত্র ছাপিয়ে পরীক্ষা নেবার দায়িত্ব পালন করেছেন মন্ত্রী। তিনি তো নির্দোষ, তাঁকে দোষ দিয়ে লাভ নেই। কিন্তু যারা গন্ডগোলটা করলেন তাদের বিরুদ্ধে একটি কথাও ওরা বললেন না। আজকে যারা এখানে দুর্নীতির কথা বলছেন তাদের আমলে কিভাবে বে-আইনি সব নিয়োগ হয়েছে সেসব কথা সবাই জানেন। সব দপ্তরকে ওরা পঙ্গু করে দিয়েছিলেন। সে সময় কেন্দ্রেও কংগ্রেস ক্ষমতায় ছিল। সেই সময় [***] সেসব কথা সবাই জানেন।

**মিঃ স্পিকার :** এসব কথা বলা যাবে না। কথাগুলো বাদ যাবে।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** স্যার, ওরা গঠনমূলক প্রস্তাব দিন না, পদত্যাগ ইত্যাদি না বলে। প্রশ্নপত্রে নিরাপত্তা কিভাবে রক্ষিত হবে, স্ট্রংরুমে প্রশ্নপত্র রাখতে গেলে নিরাপত্তার দিকটা কিভাবে করা দরকার সেসব প্রস্তাব দিন, বাস্তু ঘুঘুরা যাতে বাসা না বাঁধতে পারে সেটা বলুন! অবশ্য তদন্ত হলে সমস্ত কিছুই বেরোবে। তারজন্য এই মোশনের তীব্র বিরোধিতা করে শেষ করছি।

**শ্রী কান্তি বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী সৌগত রায় এবং আরও তিনজন মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন, স্বাভাবিক ভাবে আমি এই প্রস্তাবের বিরুদ্ধে আমার মত প্রকাশ করছি। আমি গভীর ভাবে বিশ্বাস করি এই প্রস্তাব অযৌক্তিক, অন্যায় এবং রাজনৈতিক উদ্দেশ্য দ্বারা প্রণোদিত হয়েই এই প্রস্তাব তারা এনেছেন। এই প্রসঙ্গে আমি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানাচ্ছি, কারণ আপনি বিরোধী দলের প্রতি সহনশীলতা এবং উদারতা দেখিয়েছেন। ১৯৫৪ সালে ম্যাট্রিকুলেশন পরীক্ষার প্রশ্নপত্র বিভিন্ন রাস্তায় পড়েছিল। ঐ সংবাদ প্রকাশিত হলে এই বিধানসভায় মাননীয় জ্যোতি বাবু মুলতুবি প্রস্তাব উত্থাপন করেছিলেন। ঐ দুর্ভাগ্যজনক ঘটনার উপর দাঁড়িয়ে মুলতুবি প্রস্তাব উত্থাপন করা সত্ত্বেও তদানিন্তন বিধানসভার অধ্যক্ষ জ্যোতি বাবুর সেই মুলতুবি প্রস্তাব অনুমোদন করেননি। কিন্তু আপনি তার চেয়ে অনেক দুর্বল একটা বিষয়ের উপর ভিত্তি করে রুল ১৮৫-তে ওঁরা যে প্রস্তাব এনেছেন তার উপর আলোচনা করবার সুযোগ আপনি দিয়েছেন।

---

Note : *** [Expunged as ordered by the chair]

[4-30 – 4-40 p.m.]

১৮৫ ধারায় যে প্রস্তাব ওনারা এনেছেন তাকে আপনি আলোচনা করার সুযোগ দিয়েছেন। এর মধ্যে দিয়ে আপনি উদারতার এবং বিরোধী পক্ষের প্রতি আপনার যে সহনশীলতা আছে তার পরিচয় আপনি দিয়েছেন। আমার দ্বিতীয় কথা হল, বিরোধী পক্ষের কয়েকজন সদস্য যে ভাবে বক্তব্য রেখেছেন, যে শব্দ চয়ন করেছেন, তাঁরা যা বিশেষণ প্রয়োগ করেছেন এটা বলার প্রয়োজন নেই। এইগুলি যদি এই বিধানসভার কার্য বিবরণীতে নথিভুক্ত হয়ে থাকে তাহলে পরবর্তীকালে আমাদের যারা রাষ্ট্র বিজ্ঞানের ছাত্র তারা এইগুলি পড়বে। এর মধ্যে দিয়ে তারা ওঁদের শিষ্টাচার ওঁদের রুচিবোধ এবং ওঁদের সংস্কৃতির মান সম্পর্কে পরিষ্কার ভাবে বুঝতে পারবে। এই জিনিস যথাযথ ভাবে বিধানসভার কার্য বিবরণীতে নথিভুক্ত হওয়া উচিত। আমার তৃতীয় কথা হল, আমাদের মাননীয় সদস্য ব্রহ্মময় নন্দ মহাশয় যে কথা বলেছেন আমারও সেই কথা। যে ঘটনা ঘটেছে তা যে কোনও শিক্ষা প্রিয় মানুষ শিক্ষা প্রেমী মানুষ নিন্দা করবেন তাতে বিন্দুমাত্র সন্দেহ নেই। প্রশ্নপত্র ফাঁসের ঘটনার সঙ্গে যারা যুক্ত তারা বাংলার মানুষের কাছে যে কোনও শিক্ষা প্রিয় মানুষের কাছে নিন্দা পাবেন তারা ঘৃণার যোগ্য। কিন্তু এই প্রস্তাবের মধ্যে একটা কথাও বলা হয়নি যারা এই অন্যায় কাজ করেছে, যারা এই গর্হিত কাজের সঙ্গে যুক্ত তাদের বিরুদ্ধে। তাদের বিরুদ্ধে কোনও উষ্মা প্রকাশ করা হয়নি, তাদের চিহ্নিত করার কথা বলা হয়নি। তাদের বিরুদ্ধে কোনও ঘৃণার কথাও বলা হয়নি। সেই জন্যই আমি বলেছি এই প্রস্তাব রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করবার জন্য মাননীয় সদস্য সৌগত রায় সহ আরও তিন সদস্য উত্থাপন করেছেন। আমি আনন্দিত হতাম যদি এই ঘটনাকে কেন্দ্র করে জেলা বিদ্যালয় পরিদর্শক অফিস, যেখান থেকে শিক্ষা সম্পর্কিত সমস্ত রকম অর্থ বরাদ্দ করা হয়, যেখান থেকে শিক্ষকদের বেতন দেওয়া হয়, যেখান থেকে বিদ্যালয়ের গৃহ নির্মাণের জন্য অর্থ বরাদ্দ করা হয়, সেই জেলা পরিদর্শক অফিস যারা ভাঙ্গচুর করেছে তাদের ঘৃণা করার জন্য নিন্দা করার জন্য এই প্রস্তাব আনা হয়েছে। এই প্রস্তাবের মধ্যে দিয়ে ৪ জন যদি আন্তরিক ভাবে শিক্ষার প্রতি নিষ্ঠা এবং পরিচ্ছন্ন প্রশাসনের প্রতি বিশ্বাস সংগঠিত করতেন তাহলে না হয় বুঝতাম। কিন্তু তাঁরা তা করেননি। এই গর্হিত নিন্দনীয় কাজের তাঁরা নিন্দা করেননি এই প্রস্তাবের মধ্যে দিয়ে। আমি মাননীয় সদস্যদের কছে পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ সম্পর্কে আপনার মাধ্যমে কিছু নিবেদন করতে চাই। এই পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ ১৯৫০ সালে প্রতিষ্ঠিত হয় নানা আইনের মধ্যে দিয়ে। এর একটা দীর্ঘ ইতিহাস আছে। সেই ইতিহাসকে উপেক্ষা করে পর্ষদ ত্রুটিমুক্ত কাজ করবে এটা ভাবাই কষ্টকর। এর অতীত ইতিহাস খুব একটা সুখকর নয়। ১৯৫৪ সালে এই বিধানসভায় দাঁড়িয়ে তৎকালীন শিক্ষামন্ত্রী শ্রী পান্নালাল বসু একটা বিবৃতি দিয়েছিলেন। তিনি বলেছিলেন ১৯৫৪ সালে যে পরীক্ষা হয়েছে সেই পরীক্ষায় যারা স্টার মার্কস পেয়েছে সেই স্টার মার্কস হবে না, এই পরীক্ষায় যারা প্রথম বিভাগে পাশ করেছে তাদের প্রথম বিভাগ হিসাবে ধরা

হবে না। যেহেতু প্রশ্নপত্র ফাঁস হয়ে গিয়েছে। এই পরীক্ষার ব্যাপারে তিনি আরও বিবৃতি দিয়েছিলেন যে, যারা এই পরীক্ষায় ডিসটিংশন পেয়েছে—সেই সময় ডিসটিংশন দেওয়া হত—তাদের ডিসটিংশন দেওয়া হবে না। এই বিধানসভায় দাঁড়িয়ে তিনি এই কথা রেখেছিলেন। তিনি আরও বলেছিলেন যে, যারা ভাল রেজাল্ট করেছে ভাল ফলাফল করেছে তার টেস্টে যে মার্কস পেয়েছে এবং পরীক্ষায় যে মার্কস পেয়েছে তার অ্যাভারেজ করে মার্কস ধরা হবে। এই কথা তিনি বলেছিলেন। গোটা ভারতবর্ষে এর চেয়ে নিকৃষ্ট অধ্যায় আর নেই। এই বিধানসভায় ১৯৫৪ সালের আগস্ট মাসে তদানিস্তন শিক্ষামন্ত্রী পান্নালাল বসু এই বিবৃতি দিয়েছিলেন। এই হচ্ছে ইতিহাস। ১৯৫৭ সালে প্রশ্নপত্র ফাঁস হয়েছিল এবং একাধিকবার প্রশ্নপত্র ফাঁস হয়েছে। এই প্রশ্নপত্র ফাঁস হওয়ার পর পুনরায় আবার পরীক্ষা হয়েছে? সেই পরীক্ষা বাতিল করার জন্য ছাত্ররা আন্দোলন করেছিল। তার ফল কি হয়েছে? তার ফল হয়েছে কিছু নিরপরাধ ভাল ছেলে শাস্তি পেয়েছে। প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে বিধানসভায় প্রতিবাদ জানানো হয়েছিল। কিন্তু সেই প্রতিবাদ তাঁদের কর্ণগোচরে প্রবেশ করে নি। বাংলার অগণিত ছাত্র ছাত্রী কথা বিবেচনা করে প্রতিবাদ জানানো হয়েছিল, কিন্তু তার ফল কিছু হয়নি। তখন মাধ্যমিক পরীক্ষায় ছাত্র-ছাত্রী সংখ্য কত ছিল? ১৯৫৪ সালে ছাত্র-ছাত্রী সংখ্যা ছিল ৫৬ হাজারের এবং ১৯৫৭ সালে ছাত্র-ছাত্রী সংখ্যা ছিল ৭০ হাজারের মতো।

এই স্বল্প সংখ্যক ছাত্র ছাত্রীদের পরীক্ষা নিতে হলে, তার প্রশ্নপত্র যদি নতুন করে তৈরি করতে হয়, সেটা এমন কিছু কঠিন কাজ ছিল না। তা সত্ত্বেও তাঁরা সেদিকে দৃষ্টিপাত করেননি। এর মধ্যে দিয়ে তাঁদের দায়িত্ব জ্ঞানহীন সরকার এবং মধ্য শিক্ষা পর্ষদের দায়িত্ব জ্ঞানহীনতার পরিচয় পাওয়া যায়। আজকে পাঁচ লক্ষ ছাত্র ছাত্রী। পর্ষদের একজন বা দুজন কর্মচারি যদি অন্যায় করে থাকে—৬৭৫ জন হচ্ছে পর্ষদের কর্মচারি, তার মধ্যে একজন যদি গর্হিত কাজ করে থাকে, আরও তদন্তে যদি দেখা যায় কেউ গর্হিত কাজ করেছে, যারা অন্যায় কাজ করেছে তারা ক্ষমার অযোগ্য। আমার কথা হচ্ছে, বর্তমানে এত কর্মচারি আর তখন অল্প সংখ্যক কর্মচারি ছিল ঠিকই, কিন্তু তখন ছাত্র ছাত্রীর সংখ্যা কম ছিল। কিন্তু এখন মধ্য শিক্ষা পর্ষদের বিরাট ছাত্র ছাত্রী থাকা সত্ত্বেও নতুন করে পরীক্ষা নেওয়ার জন্য তাঁরা এক সপ্তাহের মধ্যে প্রশ্নপত্র ছেপেছেন। তখন দুটি ভাষায় প্রশ্নপত্র ছাপা হত। এখন সেখানে পাঁচটি ভাষায় ছাপা হয়। তা সত্ত্বেও মধ্যশিক্ষা পর্ষদ এই ব্যবস্থা নিয়েছেন। মধ্য শিক্ষা পর্ষদের যেসব কর্মচারিরা নিষ্ঠার পরিচয় দিয়েছেন, তাঁদের এই বিধানসভার পক্ষ থেকে অভিনন্দন জানানো উচিত। তা না হলে আগামী দিনে তাঁদের মনোবল ক্ষুন্ন হবে। এখানে সৌগত বাবু বলেছেন যে বারেবারে প্রশ্নপত্র ফাঁস হচ্ছে। আমি সৌগত বাবুর দৃষ্টি আকর্ষণ করব, ১৯৭৭ সালে আমরা যখন সরকারে আসি, ১৯৭৭ সালে সরকারে আসার পরে ১৯৮৮ সালে মিরিক থানা লুঠ হয়। তার আগে প্রশ্নপত্র সম্পর্কে কোনও অভিযোগ ওঠে নি। ১৯৮৮ সালে জি.এন.এল.এফ. আন্দোলন যাঁরা করেছিলেন তাঁরা মিরিক থানা লুঠ

করেন। তখন অনিবার্য ভাবে আমাদের আবার নতুন করে প্রশ্নপত্র তৈরি করে পরীক্ষা নিতে হয়েছিল। এরপর ১৯৮৯ সালে রেলের নিয়ন্ত্রণ থেকে একটি কেন্দ্রের একটি প্রশ্নপত্রের বান্ডিল চুরি যায়। তখন বাধ্য হয়ে আমাদের নতুন করে প্রশ্নপত্র তৈরি করে পরীক্ষা নিতে হয়েছিল। কিন্তু পরীক্ষা স্থগিত রাখা হয়নি। অল্প দিনের মধ্যেই প্রশ্নপত্র তৈরি করে আমরা সেই পরীক্ষা নিয়েছিলাম। ১৯৯০ সালে আমরা বাইরের প্রেস থেকে প্রশ্ন ছাপাই। সেই প্রশ্নের দুটি বিষয়ের প্রশ্ন জড়িয়ে দেবার ফলে যখন পরীক্ষার হলে প্রশ্নপত্র ডিস্ট্রিবিউট করা হয় তখন বোঝা যায় যে প্রশ্নপত্র বেরিয়ে গেছে—যেটি আগে থেকে বেরিয়ে গেছে। তখন নতুন করে পরীক্ষা নেওয়া হয়. পরীক্ষা বন্ধ রাখা হয়নি। এইভাবে মধ্যশিক্ষা পর্ষদ দায়িত্বশীলতার পরিচয় দিয়েছেন। ১৯৯৪ সালের পরীক্ষা, অঙ্কের পরীক্ষা বাতিল হয়নি। ১৯৯৪ সালে অঙ্কের পরীক্ষা নিয়ে বিভিন্ন মহল থেকে প্রশ্ন ওঠে যে অঙ্কের প্রশ্ন কঠিন হয়েছে। তখন সিদ্ধান্ত নেওয়া হয় যে, ১৯৯৪ সালে যারা অঙ্কের পরীক্ষা দিয়েছে তারা ঐ পরীক্ষায় থাকতে পারে, আবার তারা ইচ্ছা করলে নতুন করে যে পরীক্ষা নেওয়া হচ্ছে তাতেও বসতে পারে। এইভাবে মধ্যশিক্ষা পর্ষদ ছাত্র ছাত্রীদের প্রতি যে সুবিচার এবং দায়িত্বশীলতার পরিচয় দিয়েছেন, তার নজির ভারতবর্ষের মধ্যে খুব কম আছে। অন্যান্য জায়গায় কি তা হয়? আমরা মনে করি, পশ্চিমবাংলায় আমাদের সুনাম আছে। যাটের দশকের দুর্নাম ঢেকে আমরা পশ্চিমবঙ্গে শিক্ষক সমাজ, শিক্ষাপ্রিয় মানুষ যে নতুন নজির স্থাপন করেছি, তার একাধিকবার স্বীকৃতি পাওয়া গেছে। সমস্ত ভারতবর্ষে মধ্যশিক্ষা পর্ষদগুলির যে সমিতি আছে, সেই সমিতি পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের সততা, নিষ্ঠার যে পরিচয় দিয়েছেন তা বলেছেন। সৌগত বাবু, আপনি একটু চেষ্টা করলে জানতে পারবেন, দুজন ব্যক্তি এখনও জীবিত আছেন। আমাদের প্রাক্তন মাননীয় প্রধানমন্ত্রী নরসীমা রাও, তিনি এখনও জীবিত আছেন। তিনি ১৯৮৬ সালে শিক্ষামন্ত্রী ছিলেন। অপরজন হচ্ছেন, কে.সি.পন্থ, তিনিও জীবিত আছেন। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে শিক্ষা মন্ত্রককে আমরা যাঁরা শিক্ষক ছিলাম, আমাদের সুচিন্তিত মতামত দিয়েছিলাম। এখনও দুই ব্যক্তি জীবিত আছেন। মাননীয় নরসীমা রাও এবং কে.সি.পন্থ, দুজনেই জীবিত আছেন। সেই সময়ে আমার সহযোগী শিক্ষামন্ত্রী ছিলেন মাননীয় শম্ভু ঘোষ মহাশয়। এই দুই ব্যক্তিকে আমাদের সম্পর্কে জিজ্ঞাসা করলে আপনি জানতে পারবেন।

[4-40 – 4-50 p.m.]

ভারতবর্ষের মধ্যশিক্ষা পর্ষদের যে সমিতি আছে তারা একাধিকবার পশ্চিমবঙ্গের মধ্য শিক্ষা পর্ষদ সম্পর্কে ভূয়সী প্রশংসা করেছেন। তাদের কাছে আপনারা আমাদের পর্ষদের কি ভূমিকা জানতে পারেন। সৌগত রায় মহাশয়কে এই প্রসঙ্গে বলতে চাই যে, অমৃক সিংয়ের নেতৃত্বে কেন্দ্রীয় সরকার কিছুদিন আগে একটি কমিশন বসিয়েছিল। সম্প্রতি অমৃক সিং তাঁর প্রতিবেদনে দাখিল করেছেন। অমৃক সিংয়ের নেতৃত্বে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ পরিচালনা

করার ক্ষেত্রে দীর্ঘদিন ধরে তার উপরে অনুসন্ধান করে প্রতিবেদন দাখিল করেছে এবং গত সপ্তাহে সেই প্রতিবেদনটি দাখিল করা হয়েছে। আমি কিছু বিধায়কদের অনুরোধ করব এবং বিশেষ করে বিরোধী পক্ষের বিধায়কদের অনুরোধ করব তারা যেন অমৃক সিংয়ের প্রতিবেদনটি পড়েন। ওই প্রতিবেদনে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ সম্পর্কে তারা যে প্রশংসা করেছেন, পশ্চিমবঙ্গ সরকার সম্পর্কে, তার শিক্ষা ব্যবস্থা সম্পর্কে এবং পশ্চিমবাংলার দায়িত্বশীল শিক্ষকদের সম্পর্কে যে ভূয়সী প্রশংসা করেছেন সেটা অনুরোধ করব আপনাদের পড়তে। ওই প্রতিবেদনে মধ্যশিক্ষা পর্ষদের ভূমিকা সম্পর্কেও আলোচিত হয়েছে অধ্যয়ন করবেন। প্রশ্নপত্র ফাঁস হওয়া অত্যন্ত নিন্দনীয় ঘটনা এই সম্পর্কে বিন্দুমাত্র সন্দেহ নেই। কিন্তু সেই সঙ্গে সঙ্গে আমি আপনাদের কাছে পুর্নবার আবেদন করব যে, আপনারা দায়িত্বশীলতার পরিচয় দিন, অতীতের নজির ভঙ্গ করে নতুন নজির স্থাপন করবার চেষ্টা করুন। একদা বাংলা শিক্ষাক্ষেত্রে যে সুনাম অর্জন করেছিল, তাকে আরও উজ্জ্বল থেকে উজ্জ্বলতর করার চেষ্টা করুন এবং তারজন্য ঐক্যবদ্ধ হয়ে আমাদের এই কাজ করতে হবে। যাতে করে পশ্চিমবঙ্গকে শিক্ষার একটা পীঠস্থান হিসাবে তৈরি করতে পারি। এই ধরনের দুঃখজনক ঘটনা যাতে ভবিষ্যতে আর না ঘটে সেদিকে আমাদের নজর দিতে হবে। আমাদের পক্ষে যে সমস্ত মাননীয় সদস্যরা তাদের যুক্তিপূর্ণ বক্তব্য রেখেছেন তাদের সকলকে সমর্থন করছি এবং ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমাদের আনীত মাননীয় মন্ত্রীর বিরুদ্ধে নিন্দাসূচক প্রস্তাবকে তাকে ডিফেন্ড করতে গিয়ে শাসক দলের বক্তারা যেসব বক্তব্য রেখেছেন তা আমি মন দিয়ে শুনেছি। তার ফলে আমার কাজও অনেক সহজ হয়ে গেছে। শাসক দলের মন্ত্রীসহ আট জন সদস্য বক্তৃতা দিয়েছেন। এবং তাদের মধ্যে দুজন ছাড়া কেউ এই কথা বলেননি যে পর্ষদ ভাল কাজ করেছে এবং মন্ত্রী যোগ্য লোক। শুধু দুজন, মন্ত্রী নিজে এবং প্রভঞ্জন মণ্ডল ছাড়া আর কাউকে বলতে শুনিনি। প্রভঞ্জন বাবু ডেভিলস অ্যাডভোকেট হতে পারেন কিন্তু ভাল বক্তা হতে পারেননি। তারপরে মিসেস হার্টকে দাঁড় করিয়েছেন আপনাদের হয়ে বলার জন্যে, তিনি কেবল আই.সি.এস.সি. বোর্ডের প্রশ্নপত্র ফাঁস হয়েছিল সেই সম্পর্কেই সারাক্ষণ বলে গেলেন। তিনি একটি স্কুলের প্রিন্সিপাল, সেই স্কুলটি আই.সি.এস.সি. স্কুল। মধ্য শিক্ষা পর্ষদ সম্পর্কে তাঁর কিছু জানাই নেই। তারপরে দাঁড় করিয়েছেন ডাঃ গৌরী সাহাকে, তিনি তো পুরো বক্তৃতাতে বলে গেলেন মেডিক্যাল পরীক্ষা কবে হয়েছিল, তখন বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা ব্যবস্থা কেমন ছিল ইত্যাদি ইত্যাদি। তবে উনি সেই সুযোগে এটা জানিয়ে ভালই করেছেন যে ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে মেডিক্যাল পাশ করেছেন, তার আগে করেননি। ওদেরই আরেকজন সদস্য, অধ্যাপক শ্রী কৃষ্ণপদ নন্দ বক্তৃতা করতে গিয়ে বললেন যে গৃহস্থের বাড়িতে সিঁদ কেটে চোর ঢুকে চুরি করেছে, সেখানে চোরকে না ধরে গৃহস্থকে ধরছেন। সেখানেই তো আমাদের প্রশ্ন যে, ওই চোরকে গৃহস্থ বসিয়ে রেখেছেন চুরি করবার

জন্যে, সুতরাং ওই সিঁদেল গৃহস্থকেই তো গ্রেপ্তার করতে হবে। এক্ষেত্রেও সেই একই কথা প্রযোজ্য, মাননীয় মন্ত্রী তো তাঁর দায়িত্ব এড়াতে পারেন না। তবে আমি মাননীয় মন্ত্রীকে একটি ব্যাপারে ধন্যবাদ জানাই কারণ তিনি আমাদের জানিয়ে দিতে সাহায্য করেছেন যে কতবার প্রশ্নপত্র ফাঁস হয়েছে। ওঁনার থেকেই জানতে পারলাম যে, ১৯৮৮ সালে হয়েছিল, ১৯৮৯, ১৯৯০ এবং ১৯৯৬-৯৭ এই নিয়ে পাঁচবার প্রশ্নপত্র ফাঁস হয়েছে। তারপরেও কি ওঁনার সম্বন্ধে বলতে হবে যে উনি ভাল কাজ করেছেন, উনি যোগ্য ব্যক্তি, এই ব্যাপারে আমরা একমত হতে পারব না। আজকে শিক্ষাকে কোন অবস্থায় নিয়ে এসে দাঁড় করিয়েছেন।

কান্তি বাবুর আজকে এমন অবস্থা দাঁড়িয়েছে নরসিমা রাও এর দেওয়া সার্টিফিকেটকে মাদুলি করে ওকে নিজেকে ডিফেন্ড করতে হচ্ছে। নরসিমা রাও এর দেওয়া সার্টিফিকেট নিয়ে যদি আপনি সম্মান রাখতে চান, রাখুন; আমার কোনও আপত্তি নেই। আপনার পার্টি মানবে কিনা জানি না, হার্ট লাইনাররা এটা মানবে কিনা জানি না। আমি কান্তি বাবুকে বলতে চাই, ১৯৫৪ সালে প্রশ্নপত্র ফাঁস হয়েছিল, ১৯৭৫ সালে প্রশ্নপত্র ফাঁস হয়েছিল, তাই ১৯৯৭তে প্রশ্নপত্র ফাঁস এমন কিছু অন্যায় নয়। এখানে একটি কথা জয়ন্ত বাবু বলেছেন, বোর্ডের সেক্রেটারি এবং প্রেসিডেন্ট পরস্পর বিরোধী বক্তব্য বলছেন, এটা বলা ঠিক হয়নি। একটিবার এই ব্যাপারে ওর মুখ থেকে নিন্দা বেরুল না, বোর্ডের প্রেসিডেন্ট এবং সেক্রেটারিকে নিয়ে। আমাদের তো প্রস্তাবের এটা বিষয়বস্তু নয়, কান্তি বাবু স্ট্রং রুম থেকে প্রশ্নপত্র বার করে প্রশ্ন বিলি করেছে। সে রামপ্রসাদ করুক, অধিকারি করুক, সেই করুক, মদন দেবনাথ করুক সেটা তারা করেছে, আমার বক্তব্য বোর্ডের নিরাপত্তা রাখতে পুরো ব্যর্থ হল। স্ট্রং রুমের সিকিউরিটি রাখতে যারা ব্যর্থ হল, বোর্ডের সেই সরকার নিযুক্ত প্রশাসক এবং সি.পি.এম. এর সমর্থক চিত্তরঞ্জন ব্যানার্জি ও উজ্জ্বল বসুর বিরুদ্ধে ব্যবস্থা নিতে ব্যর্থ হওয়ার জন্য আমি কান্তি বাবুর নিন্দা করতে চাই। আমি কান্তি বাবুকে বলব না, তরুণ সদস্য তাপস যে রেগে যাচ্ছে এটা স্বভাবতই। ৫ লক্ষ ছাত্র-ছাত্রীর ভবিষ্যত অন্ধকার করে দিচ্ছেন সেখানে একটা লোক অম্লান বদনে তাকে বিরোধিতা না করে তার বক্তব্য হল প্রশ্নপত্র ফাঁস এমন কিছু নয়। আসল ব্যাপার হচ্ছে, বোর্ড প্রশ্নপত্র ফাঁস করে যাবে আবার পরীক্ষা নেবে। তাহলে প্রশ্নপত্র ফাঁস আপনি করে যাবেন আবার পরীক্ষা নিলে সাতখুন মাফ হয়ে যাবে। This is the prank of your argument. এটা নয় যে কোনও অন্যায় কাজ হলে Some body has to take the responsibility. অনেকে এটা চালিয়ে দিলেন, ২ জন সদস্য তপতী সাহা পর্যন্ত বললেন, সমাজে যে রকম অবক্ষয় হয়েছে, এই রকম চতুর্থ শ্রেণীর লোকেরা করবে, এই রকম মার্কসিস্ট কথা, সামাজিক অবক্ষয় আমি শুনেছি। কিন্তু আমার সহজ বক্তব্য প্রশ্নপত্র ফাঁস এটা ডিজিজ নয়, এটা সিমটাম। ডিজিজটা কি, টোটাল পলিসিসাইজেশন অফ দি এডুকেশনাল [illegible] শিক্ষার প্রত্যেকটি স্তরে রাজনীতি ঢুকিয়ে বোর্ডের সেক্রেটারি [illegible] থেকে শুরু করে চাপরাশি পর্যন্ত কে হেড একজামিনার হবে, একজামিনার হবে,

কে স্ট্রং রুমে ডিউটি করবে, কে মডারেটার হবে, সব আলিমুদ্দিন স্ট্রিট ঠিক করে দেবে। আমি কারুর বিরুদ্ধে বলছি না, তাকে সমর্থন করার জন্য বোর্ডের প্রেসিডেন্ট সেক্রেটারিকে রেখেছেন এই পলিটিসাইজেশনের জন্য। অনিল বিশ্বাসের ব্যাপারে আমি ক্ষমা চেয়ে নেব, এই লোকটা বোর্ডে দলবাজি করে আত্মীয় স্বজনকে চাকরি দিয়ে সর্বনাশ করেছে শিক্ষার। একটা অর্দ্ধ শিক্ষিত লোকের হাতে কলকাতা বিশ্ববিদ্যালয়কে ভাইস চ্যান্সেলার হবে ঠিক কে দিয়েছেন। আর আমি ক্ষমা চাইব? কি বলছেন আপনারা? ওরা সর্বনাশ করছে বাংলার শিক্ষার, বোর্ডের সর্বনাশ করছে, কখনওই ক্ষমা চাইব না. আমি তাই একটা প্রশ্নের উত্তরে বলতে চাই, জয়ন্ত বাবু যা করেছেন, সেই প্রশ্নের জবাব শেষে দেব। জয়ন্ত বাবু বলেছেন ভাল কথা, আপনারা সব ব্যাটাকে ছেড়ে দিয়ে ধেঁড়ে ব্যাটাকে ধরেছেন কেন? পুরো মন্ত্রিসভার বিরুদ্ধে নো কনফিডেন্স আনুন। না এনে আপনারা শুধু আমাদের একজন মন্ত্রীর বিরুদ্ধে এই রকম নিন্দা প্রস্তাব আনছেন কেন? এই রকম বলার চেষ্টা করেছেন।

আমার বক্তব্য খুবই সহজ। এই মন্ত্রী সভার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আমরা আগেও এনেছি, ভবিষ্যতেও জানব কিন্তু আপনি জানেন স্যার, নো-কনফিডেন্স মোশন কোনও বিশেষ বিষয়ের উপর হয় না। এটা পুরো একটা প্যামট অফ থিংস নিয়ে হয়। এটা একটা বিশেষ প্রশ্ন, একজন মন্ত্রীর দায়িত্ব ছিল বোর্ডের সেক্রেটারির বিরুদ্ধে অ্যাকশন নেওয়ার। তিনি সেই অ্যাকশন নেননি। উপরন্তু তিনি এখানে দাঁড়িয়ে ডিফেন্ড করেছেন, ওরা যে দেরি করে এফ.আই.আর. করেছেন, তা তিনি স্বীকার করেননি। ওরা আগন্তুক এর ব্যাপারে একটা অসত্য বিবৃতি দিয়েছেন, তিনি সে · স্বীকার করেননি। ওদের বিরুদ্ধে কোনও রকম অ্যাকশন নেওয়ার কথা না বলে ওদের · অভিনন্দন জানিয়ে চোরের মায়ের বড় গলাটা করে দিয়েছেন। এটাই হচ্ছে আমার মন্ত্রীর বি · অভিযোগ।

[4-50 – 4-52 p.m.]

এটা আমার মন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ। আমি আপনার কাছে, পার্লামেন্টারি ডেমোক্রেসির কাছে আমি কোট করতে চাই। রেজিগনেশনের অনেক উদাহরণ আছে। সম্মুখ রিজাইন করেছিলেন, লালবাহাদুর শাস্ত্রী রিজাইন করেছিলেন, রেল অ্যাক্সিডেন্টের পর, টি.ডি.কৃষ্ণমাচারি রিজাইন করেছিলেন, এ.পি.জেন রিজাইন করেছিলেন, কৃষ্ণ মেনন পর্যন্ত রিজাইন করেছিলেন। আর আপনি কোন মহাপুরুষ যে আপনি রিজাইন করতে পারবেন না।

The Council of Ministers is collectively responsible to the Parliament. The responsibility is joint and indivisible. There is no specific provision in the Constitution, laying down the individual responsibility of a Minister and his accountability to Parliament for all the acts of omis-

sion and commission in his departmental charge. However, in keeping with the high parliamentary traditions, individual Ministers have of their own accord accepted responsibility for, and resigned on account of, the criticisms or shortcomings of the department under them.

ভারতীয় মন্ত্রিত্বে এটাই ট্রাডিশন যে মন্ত্রী নিজের ডিপার্টমেন্টের দায়িত্ব কাঁধে নিয়ে পদত্যাগ করেছেন। আপনার বিচার বিভাগীয় তদন্ত আমরা চাই না তাহলে আরেকটা ইউসুফ কমিশন হবে। সি.বি.আই. এনকোয়ারি আমরা চাই। আমরা চাই আপনার পদত্যাগ। আপনি পদত্যাগ করুন। আপনি দাঁড়িয়ে বলুন আপনি পদত্যাগ করছেন কিনা। আমরা নিন্দা প্রস্তাব আনছি।

(এই সময়ে কংগ্রেস দল ওয়াক আউট করেন।)

The motion of Shri Saugata Roy that —

This House notes with grave concern—

That the leakage of Mathematics question paper of the Madhyamik Examination, 1997 which forced postponement of the examination in Mathematics paper has raised doubts about the proper functioning of the West Bengal of Secondary Education and its ability to conduct examinations under its control properly;

That the leakage of question papers on more than one occasion has also caused serious damage to the reputation of the State in the field of Education; and

That the Education Minister (P & S) who is charged with the responsibility of looking after School Education in the State, instead of taking firm action against the President and the Secretary of the Board for their failure to hold the examination properly has preferred to defend them on the floor of this House on the 18th March, 1997.

Having considered the acts of commission and omission on the

part of the Education Minister (P & S) in this regard, this House records its indignation against and disapproval of the conduct of the Education Minister, was then put and lost.

## Adjournment

The House was then adjourned at 4.52 p.m. till 11 a.m. on Wednesday, the 3rd April, 1997 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 3rd April, 1997 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 8 Ministers, 7 Ministers of State and 124 Members.

[11-00 a.m. to 12-30 p.m.(Including Adjournment)]

**Mr. Speaker :** Hon'ble Members, I have a tragic announcement to make — the death of Mr. Prabir Sen Gupta, former Minister of the State and also the Ex-Member of the Assembly. His dead body will be brought to the Assembly. Those Members wish to pay their respect may do so when the body will arrive at the front portico. As such I am adjourning the House till 12.30 p.m. For this reason, there will be no question hour today. The House stands adjourn till 12.30 p.m.

**... (At this stage the House was adjourned till 12.30 p.m.)**

[12-30 p.m.–12-40 p.m.(After Adjournment)]

### Starred Questions
### (To which Written Answers were laid on the Table)

**গঙ্গা দূষণরোধে প্রকল্প**

***৩৮৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯৩) **শ্রী আব্দুল মান্নান ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গঙ্গা দূষণরোধ পরিকল্পনায় কতগুলি প্রকল্প মঞ্জুর করা হয়েছিল;

(খ) ৩১শে ডিসেম্বর ১৯৯৬ পর্যন্ত কতগুলি প্রকল্পের কাজ শেষ হয়েছে;

(গ) বাকি প্রকল্পের কাজ কবে নাগাদ শেষ হবে; এবং

(ঘ) প্রকল্পগুলিতে মোট ব্যয়ের পরিমাণ কত?

**নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গে প্রথম পর্যায়ে গঙ্গা দূষণ রোধ পরিকল্পনায় মোট ১১০টি প্রকল্প মঞ্জুর করা হয়েছিল।

(খ) ৩১শে ডিসেম্বর, ১৯৯৬ পর্যন্ত ১০৫টি প্রকল্পের কাজ শেষ হয়েছে।

(গ) বাকি ৫টি প্রকল্পের মধ্যে একটির কাজ ৩১শে মার্চ, ১৯৯৭ নাগাদ শেষ হবে। ৪টি প্রকল্পের কাজ ৩১শে মার্চ, ১৯৯৭ এর পরে শেষ হবে।

(ঘ) প্রথম পর্যায়ে গঙ্গা দূষণ রোধ পরিকল্পনায় শুরু থেকে ৩১শে জানুয়ারি, ১৯৯৭ পর্যন্ত মোট ১৭৪.৩৫ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

## 'কর্মসংস্থান নিশ্চিন্তকরণ' প্রকল্প

*৩৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কবে থেকে 'কর্মসংস্থান নিশ্চিন্তকরণ' প্রকল্পটি চালু হয়েছিল;

(খ) শুরুতে নির্বাচিত কয়টি ব্লকে উক্ত প্রকল্প চালু হয়েছিল; এবং

(গ) বর্তমানে আওতাভুক্ত ব্লকের সংখ্যা কত (জেলাভিত্তিক)?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২.১০.১৯৯৩ থেকে কর্মসংস্থান নিশ্চিন্তকরণ প্রকল্পটি চালু করা হয় তবে আনুষ্ঠানিক ভাবে ২.১০.১৯৯৩ শুরু হলেও কার্যত ডিসেম্বর ১৯৯৩ থেকে প্রকল্প শুরু হয় কেন না ঐ মাসে এই প্রকল্প রূপায়ণের জন্যে অর্থ এসে পৌঁছয়।

(খ) শুরুতে ১২৮টি ব্লকে এই প্রকল্প চালু হয়েছিল।

(গ) বর্তমানে এই প্রকল্পের আওতায় ২৭০টি ব্লক আছে।

| জেলার নাম | ব্লকের সংখ্যা |
|---|---|
| কোচবিহার | ১২ |
| জলপাইগুড়ি | ১৩ |
| দার্জিলিং | ৮ |
| শিলিগুড়ি মহকুমা পরিষদ | ৪ |
| উত্তর দিনাজপুর | ৯ |
| দক্ষিণ দিনাজপুর | ৮ |

| | |
|---|---|
| মালদা | ১১ |
| মুর্শিদাবাদ | ৯ |
| উত্তর ২৪ পরগনা | ৮ |
| দক্ষিণ ২৪ পরগনা | ১৯ |
| হুগলি | ১১ |
| মেদিনীপুর | ৫৪ |
| বাঁকুড়া | ২২ |
| পুরুলিয়া | ২০ |
| বর্ধমান | ৩১ |
| বীরভূম | ১৯ |
| নদীয়া | ১০ |
| হাওড়া | ২ |
| **মোট** — | ২৭০ |

**ব্যক্তিগত মালিকানার ভিত্তিতে কলকাতার বাজার উন্নয়ন**

***৩৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫০৫) **শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতার কয়টি বাজারকে ব্যক্তিগত মালিকানা ভিত্তিতে উন্নয়নের জন্য হস্তান্তর করা হয়েছে; এবং

(খ) তার মধ্যে কয়টি বাজার ইতিমধ্যে তৈরি হয়েছে?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কলকাতার কোনও বাজারকে ব্যক্তিগত মালিকানার ভিত্তিতে উন্নয়নের জন্য হস্তান্তর করা হয়নি।

(খ) এই প্রশ্ন ওঠে না।

**বনবিভাগে শূণ্য পদ**

***৩৯২।** (অনুমোদিত প্রশ্ন নং *৮১) **শ্রী সুশীল বিশ্বাস ঃ** বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে বনবিভাগে শূণ্য পদের সংখ্যা কত; এবং

(খ) উক্ত পদগুলি পূরণের জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি?

**বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) শূণ্য পদের সংখ্যা ১১৬০টি।

(খ) হ্যাঁ।

**রাজ্যের বনাঞ্চলে হাতির উৎপাত**

***৩৯৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৬২০) **শ্রী তপন হোড় ঃ** বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের বিভিন্ন বনাঞ্চলে হাতির উৎপাত বন্ধ করতে রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

**বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হাতির উপদ্রব প্রশমনে নিম্নলিখিত ব্যবস্থা নেওয়া হয়েছে ঃ—

১। (ক) হাতির দল যাতে তাদের স্বাভাবিক বাসভূমি ও জঙ্গল থেকে লোকালয়ে না যেতে পারে এবং এক জঙ্গল থেকে আর এক জঙ্গলে যাওয়ার সময় লোকালয় এড়িয়ে যেতে পারে সেজন্য বিদ্যুৎবাহী তার দিয়ে ঘেরা তৈরি করা হয়েছে।

(খ) পোষা হাতি দিয়ে কুনকীর দল তৈরি করা হয়েছে। হাতির দল লোকালয়ে বেরলে কুনকী হাতির দলের সাহায্য নিয়ে তাদের জঙ্গলে তাড়িয়ে দেওয়া হয়।

(গ) হাতির দল অথবা দলছুট হাতি গ্রামে বেরলে সাধারণ গ্রামবাসীরা অথবা চা বাগিচার শ্রমিকদের কি করা উচিত, কি করা উচিত নয়-এ ব্যাপারে প্রচারপত্র ছাপিয়ে বিলি করা হয়েছে। জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েত সদস্যদের কাছ থেকে যথেষ্ট সাহায্য পাওয়া যায়।

(ঘ) হাতির উপদ্রব কমাতে চারটি এলিফ্যান্ট স্কোয়াড উত্তরবঙ্গে কাজ করছে। এই স্কোয়াডগুলি আছে শুকনা, মালবাজার, বিনাগুড়ি এবং মাদারীহাটে। এছাড়া বিশেষভাবে উপদ্রুত এলাকায় আঞ্চলিক সমস্ত বনকর্মীকে সংগঠিত করে অবস্থার মোকাবিলা করা হয়।

(ঙ) চা বাগিচা পরিচালন কর্তৃপক্ষ ও শ্রমিক সংগঠনের সাথে আলোচনা চালিয়ে যাওয়া হচ্ছে—হাতির সাধারণ চলাচলের প্রতিবন্ধকতা দুর করার জন্য হাতির সাথে শ্রমিকদের সংঘর্ষের মাত্রা কমিয়ে আনার জন্য উপদ্রবপ্রবণ শ্রমিক কলোনির চারপাশে বিদ্যুতিক তারবাহী ঘেরা তৈরি করা বা কলোনিগুলির স্থানান্তকরণের উপর জোর দেওয়া হচ্ছে। এ ব্যাপারে চা বাগিচা মালিক ও শ্রমিকপক্ষকে নিয়ে কর্মশালা আয়োজন করা হয়েছে।

(চ) ১৯৯১-৯২ সাল থেকে ভারত সরকারের "হস্তী প্রকল্প" পশ্চিমবঙ্গ অংশগ্রহণ করছে। এই প্রকল্পের মূল কর্মসূচি হল ঃ—

(১) জঙ্গলে হাতির খাদ্য ঘাস, বাঁশ ইত্যাদি লাগানো,

(২) জঙ্গলে সুখা মরশুমে জলের সংস্থান করা,

(৩) বন সংলগ্ন গ্রামগুলিতে বিকল্প কৃষিজাত দ্রব্য উৎপাদন,

(৪) কুনকী হাতির সাহায্যে দলছুট দাঁতাল হাতি ও দলপতি স্ত্রী-হাতি ধরা ও প্রশিক্ষণ দেওয়া ইত্যাদি।

## কলকাতায় হকারের সংখ্যা

***৩৯৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১০২৮) **শ্রী সুকুমার দাস ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতা শহরে বর্তমান হকার উচ্ছেদের আগে হকারের সংখ্যা সম্পর্কে সরকারের নিকট কোনও তথ্য আছে কি না?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হকারের সংখ্যা সম্পর্কে সরকারের কাছে সুনির্দ্দিষ্ট তথ্য নেই।

## বনরক্ষা কমিটি

***৩৯৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮৩) **শ্রীমতী দেবলীনা হেমব্রম ঃ** বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকারের বনদপ্তরের অধীন কোনও বনরক্ষা কমিটি আছে কি না;

(খ) থাকলে, উক্ত কমিটির সদস্যদের কি কি সুযোগসুবিধা দেওয়া হয়; এবং

(গ) বর্তমান আর্থিক বছরে কতগুলি কমিটি সুযোগসুবিধা পেয়েছে?

**বনবিভাগের ভাবপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বনরক্ষা কমিটির সদস্যদের নিম্নলিখিত সুযোগ সুবিধা দেওয়া হয় ঃ—

১। বনরক্ষা কমিটির সদস্যগণ অরণ্য সম্পদের কোনও ক্ষতি না করে পাহারাকৃত বনাঞ্চল থেকে নিম্নলিখিত বনজ-দ্রব্যগুলি ও বিনামূল্যে সংগ্রহ করেন ঃ—

(ক) গাছের পাতা, ঘাস, ফল, ফুল, বীজ (কাজুবাদাম ছাড়া) ও খসে পড়া ডালপালা ইত্যাদি। উত্তরবঙ্গের ক্ষেত্রে এগুলি ছাড়াও মাশরুম, ঔষধি এবং বনাঞ্চলে বনরক্ষা কমিটির দ্বারা রোপিত কৃষি ফসল (Inter Crops)

(খ) পুনর্জীবিত বনের কপিসিং মালটিপল সুট কাটিং, থিনিং ইত্যাদি থেকে অন্তবর্তীকালীন উৎপাদন হিসাবে প্রাপ্ত বনজ সম্পদের এক চতুর্থাংশ এবং কাজু বিক্রয়ের আয়ের পঁচিশ শতাংশ সদস্যদের মধ্যে সমানুপাতিক হারে বন্টিত হবে।

(গ) উত্তরবঙ্গের ক্ষেত্রে থিনিং এবং কালচারাল অপারেশনের মাধ্যমে অন্তবর্তীকালীন উৎপাদন হিসাবে প্রাপ্ত জ্বালানী কাঠ ও বল্লা বিক্রয় থেকে প্রাপ্ত নীট আয়ের পঁচিশ শতাংশ বনরক্ষা কমিটির সদস্যরা পাবেন।

২। (ক) সংগৃহীত কেন্দুপাতা ও শালবীজ ল্যাম্পস (LAMPS) এর মাধ্যমে "পশ্চিমবঙ্গ উপজাতি উন্নয়ন সমবায় কর্পোরেশন লিমিটেড"-এ জমা দিতে হবে এবং ল্যাম্পস, অনুমোদিত হারে ব্যক্তিগত সংগ্রহের ভিত্তিতে সদস্যদের মূল্য প্রদান করবে।

(খ) সুন্দরবন থেকে সংগৃহীত মধু ও মোম বন বিভাগে জমা দিতে হবে এবং সরকার অনুমোদিত হারে ব্যক্তিগত সংগ্রহের ভিত্তিতে সদস্যরা মূল্য পাবেন।

৩। উত্তরবঙ্গ ছাড়া পশ্চিমবঙ্গের অন্যান্য অঞ্চলের পাহারাকৃত বনাঞ্চল থেকে চূড়ান্ত পর্যায়ে উৎপাদিত বনজ সম্পদের বিক্রয় থেকে প্রাপ্ত নীট আয়ের পঁচিশ শতাংশ আনুপাতিক হারে স্বীকৃত সদস্য অথবা তাঁর মনোনীত ব্যক্তি পাবেন।

৪। উত্তরবঙ্গের ক্ষেত্রে পাহারাকৃত বনাঞ্চল থেকে চূড়ান্ত পর্যায়ে উৎপাদিত বনজ সম্পদের মধ্যে কেবলমাত্র জ্বালানী কাঠ বিক্রয় থেকে প্রাপ্ত নীট আয়ের পঁচিশ শতাংশ আনুপাতিক হারে স্বীকৃত সদস্য অথবা তাঁর মনোনীত ব্যক্তি পাবেন।

(গ) ১৪৯টি।

**ব্যক্তি-মালিকাধীন হাট ও বাজার**

*৩৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮২৬) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে পঞ্চায়েত এলাকায় ব্যক্তি-মালিকানাধীন হাট ও বাজার অধিগ্রহণ সম্পর্কে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ব্যক্তি মালিকানাধীন হাট ও বাজার অধিগ্রহণ সম্পর্কে কোনও প্রস্তাব বর্তমানে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের বিবেচনাধীনে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**উত্তরপাড়া-কোতরং পৌরসভার ব[illegible] এলাকার উন্নয়ন**

***৩৯৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫০৩) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরপাড়া-কোতরং পৌরসভার সঙ্গে হিন্দমোটর কারখানাসহ মাখলা ও ভদ্রকালী এই দুটি পূর্বতন অঞ্চল পঞ্চায়েত এলাকা যুক্ত হওয়ার পরিপ্রেক্ষিতে বর্ধিত এলাকার উন্নয়নের জন্য উত্তরপাড়া-কোতরং পৌরসভাকে অতিরিক্ত আর্থিক বরাদ্দ দেবার পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কি পরিমাণ অর্থ কবে নাগাদ দেওয়া হবে বলে আশা করা যায়?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই মুহূর্তে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্যে সংগ্রহিত মধু**

***৩৯৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৪) **শ্রী কমল মুখার্জি ঃ** বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বছরে যে 'মধু' সংগৃহীত হয় তা কি প্রয়োজনের তুলনায় অপ্রতুল;

(খ) 'মধু' ব্যবসায় সরকারের গত বছর (১৯৯৫-৯৬) কত ব্যয় ও আয় হয়েছিল; এবং

(গ) সরকার কর্তৃক বিভিন্ন বনজ উৎপাদন বিক্রয়ের জন্য বেকার ছেলেমেয়েদের জন্য স্টল খোলার পরিকল্পনা করেছেন কি?

**বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৯৫-৯৬ সালের মধু বিক্রয় বাবদ ঃ—

আয় — ১৪,৯৪,৯৮৫ টাকা।

ব্যয় — ৯,৩৪,৯৩৭ টাকা।

(গ) না।

## রাজ্যের প্রতিটি পুরসভায় অগ্নিনির্বাপক কেন্দ্র

*৪০০। (অনুমোদিত প্রশ্ন নং *২১০৪) **শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের প্রতিটি পুরসভা এলাকায় একটি করে অগ্নিনির্বাপণ কেন্দ্র চালু করার পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন;

(খ) সত্যি হলে, ৩১শে ডিসেম্বর, ১৯৯৬ পর্যন্ত মোট কতগুলি কেন্দ্র চালু হয়েছে; এবং

(গ) কতগুলি কেন্দ্র পরিকল্পনাধীন আছে?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ঐ।

## জমির উপর কর আদায়

*৪০১। (অনুমোদিত প্রশ্ন নং *২০০৩) **শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার জমির উপর দুবার করে কর আদায় করছেন; এবং

(খ) সত্যি হলে, কিসের উপর ভিত্তি করে উক্ত কর আদায় করা হয়ে থাকে?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

খ) প্রশ্ন ওঠে না।

## মেদিনীপুরে হাতির আক্রমণে ক্ষয়ক্ষতি

*৪০২। (অনুমোদিত প্রশ্ন নং *২০৫৯) **শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে ঃ** বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দলমার বুনো হাতির আক্রমণে মেদিনীপুর জেলায় ১লা জানুয়ারি ১৯৯৫ থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৯৬ পর্যন্ত মোট ক্ষয়ক্ষতির পরিমাণ কত; এবং

(খ) এজন্য কি কি বাবদ কত অর্থ সরকারকে ক্ষতিপূরণ দিতে হয়েছে?

**বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আর্থিক ক্ষতির পরিমাণ বলা সম্ভব নয়। তবে ১৯৯৫ সালে ৯ জন ও ১৯৯৬ সালে ৭ জন মানুষের প্রাণহানি ঘটেছে।

(খ) ১৯৯৫-৯৬ সালে প্রদেয় আর্থিক অনুদানের পরিমাণ ৩০.১৪ লক্ষ টাকা। ১৯৯৬-৯৭ সালে ২৬.৩৫ লক্ষ টাকা সংস্থান করা হয়েছে। ২০শে সেপ্টেম্বর, ১৯৯৬ এর নূতন আদেশাবলে আর্থিক অনুদান দেওয়া হবে ফসল ক্ষতি, ঘরবাড়ি ধ্বংস বা মানুষ/গবাদি পশুর জীবনহানির জন্য।

## চাঁচোলে পৌরসভা স্থাপন

***৪০৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯১৯) **শ্রী মহবুবুল হক ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলার চাঁচোলে পৌরসভা স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## হোমগার্ডের সংখ্যা

***৪০৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৪) **শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে বর্তমানে কতজন হোমগার্ড আছে?

**স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

২২,৯৬৬ জন।

**রাজ্যের খাসজমি বিলি বন্টন**

***৪০৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৮) **শ্রী সুশীল বিশ্বাস ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের খাসজমি বিলি ব্যবস্থা বর্তমানে কোন পর্যায়ে আছে;

(খ) নদীয়া জেলার কৃষ্ণনগর ১ নং পঞ্চায়েত সমিতির ৯১ নং ভীমপুর মৌজায় কোনও খাস জমি আছে কি না; এবং

(গ) থাকলে, তা বিলি বন্টন করার জন্য রাজ্য সরকার কোনও পদক্ষেপ গ্রহণ করেছে কি?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) খাস জমি বিলি করার কাজ যথারীতি চলছে।

(খ) হ্যাঁ। খাস জমি আছে।

(গ) হ্যাঁ।

**হনুমানের উপদ্রব বন্ধ করতে ব্যবস্থা**

***৪০৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৬) **শ্রী কমল মুখার্জি ঃ** বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হনুমান মারা আইনগত অপরাধ;

(খ) সত্যি হলে, হনুমানের উপদ্রব বন্ধ করতে কি কি ধরণের ব্যবস্থা নেওয়া হবে; এবং

(গ) বন দপ্তরের এই ব্যাপারে ট্রেনিংপ্রাপ্ত কর্মী আছেন কি না?

**বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সর্বপ্রথমে উপদ্রুত এলাকার জনগণকে প্রাণীগুলিকে উত্যক্ত করতে বারণ করা হয় এবং বন দপ্তরে খবর দিতে বলা হয়। অতঃপর বনকর্মীরা এবং বন্য প্রাণী শাখার লোকেরা গিয়ে খাঁচা, ফাঁদ ইত্যাদির সাহায্যে জন্তুদের ধরে নিয়ে গিয়ে তাদের উপযুক্ত বনাঞ্চলে ছেড়ে দেয়।

(গ) হ্যাঁ।

**হকার উচ্ছেদ অভিযানে খরচ**

*৪০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৮) **শ্রী অশোককুমার দেব :** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সাম্প্রতিক হকার-উচ্ছেদ সংক্রান্ত অভিযানে (কলকাতা শহরে) ব্যয়িত অর্থের পরিমাণ কত; এবং

(খ) কোন্ কোন্ খাতে এই খরচ হয়েছে?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) সাম্প্রতিককালে কলকাতায় হকার উচ্ছেদের জন্য কোনও অর্থব্যয় করা হয়নি, তবে পরবর্তী সময়ে দখলমুক্ত ফুটপাতের সংস্কারকার্যে এবং পরিত্যক্ত কাঠামো সরান বাবদ আনুমানিক ১০ (দশ) লক্ষ টাকা খরচ করা হয়েছে।

(খ) গাড়ি ভাড়া এবং মজদুর ও অন্যান্য কর্মীর মজুরি এবং আনুসঙ্গিক খরচ বাবদ এই অর্থ ব্যয় করা হয়েছে।

[12-40 – 12-50 p.m.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received four notices of Adjournment Motion.

The first one is from Shri Gopal Krishna Dey on the subject of acute crisis of drinking water in Sundarban area. The second one is from Shri Kamal Mukharjee on the subject of inclusion of local MLAs in the Municipal Board. It is out of order. The third one is from Shri Samar Mukherjee on the subject of deplorable condition of Bhaluka-Ratua Road in Ratua Assembly Constituency area, Malda—it is also out of order and the last one is from Shri Pankaj Banerjee on the subject of acute crisis of drinking water in Calcutta.

The subject matters of Motions are not such that may call for adjournment of business of the House. The Members will get ample scope to raise the matters during voting and discussion on budget of the respective departments. Memers may also call attention of the Government through Calling Attention, Mention etc. I, therefore, withhold my consent to all the Motions. One Member of the party may, however, read the text of the Motion as amended.

**Shri Gopal Krishna Dey :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely :

People of Sundarban Area mainly of island are facing Drinking Water Problem. People are bound to use the Pond Water for Drinking which is unhygienic.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** To-day, I have received five notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| i) | Non-availability of wheat in M.R. Shop in the State. | : | Shri Gyan Singh Sohanpal |
| ii) | Alleged stalemate condition of Phulia Health Centre in the area under Shantipur police Station, Nadia. | : | Shri Ajoy De |
| iii) | Reported murder of Shri Ashoke Banerjee, A.S.I. of Jaynagar Police Station on 1.4.97. | : | Shri Shyamadas Banerjee, Shri Robin Mukherjee, Shri Gopal Krishna Dey & Shri Shashanka Sekhar Biswas. |
| iv) | Acute crisis of wheat in the state | : | Shri Sanjib Kumar Das |
| v) | Security of the Lawyers in the State. | : | Shri Ashok Kumar Deb |
| vi) | Alleged murder of Gram Pradhan of Maharul Gram Panchayat, Murshidabad on 31.3.97 | : | Shri Unus Sarkar & Shri Mozammel Haque. |

I have selected the notice of Shri Sanjib Kumar Das on the subject of Acute crisis of wheat in the State.

The Minister in charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** The statement will be made on the 8th instant.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I call upon the Hon'ble MInister-in-charge of the Municipal Affairs Department to make a statement on the subject of crisis of drinking water in the Taltala Assembly Constituency area. (Attention called by Dr. Tapati Saha on 31.3.97).

**শ্রী অশোক ভট্টাচার্য :** তালতলা বিধানসভা কেন্দ্রের কিছু অংশে এখন সুবোধ মল্লিক ও অকল্যাণ্ড জলাধার থেকে পূর্ণ ক্ষমতায় জল সরবরাহ করা সম্ভব হচ্ছে না, তাই এই অঞ্চলের জলের চাপের কিছু সমস্যা আছে। এই এলাকাগুলিতে জল সরবরাহের জন্য পার্ক সার্কাস ময়দানে একটি ৪৫ লক্ষ গ্যালনের জলাধার নির্মাণের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে। দল পত্রটি আগামী ২৮শে এপ্রিল, ১৯৯৭ খোলা হবে। এই জলাধার ও পাম্পিং স্টেশন নির্মাণ করতে মোট ৭৯৮ লক্ষ টাকা খরচ হবে আগামী ২$\frac{১}{২}$ বছরের মধ্যে এই কাজ শেষ হবে। কাজটি শেষ হওয়ার পর তালতলা বিধানসভা কেন্দ্রে জলের চাপের প্রভুত উন্নতি হবে।

শীঘ্রই পলতায় একটি ২ কোটি গ্যালন-এর জল প্রকল্প চালু হবে। তা থেকে কলকাতার জন্য ১ কোটি গ্যালন জল পাওয়া যাবে। ফলে সমগ্র কলকাতার সাথে তালতলা এলাকাও উপকৃত হবে। এছাড়া কলকাতা সামগ্রীকভাবে জলের যোগান বাড়ানোর জন্য পলতাতে একটি ৪ কোটি গ্যালনের জল প্রকল্প এবং গার্ডেনরিচ-এ একটি ৬ কোটি গ্যালন জল প্রকল্প তৈরি হচ্ছে। এছাড়াও কলকাতায় জলের চাপ বাড়ানোর জন্য আরো কয়েকটি জলাধার তৈরি করার পরিকল্পনা কলকাতা পৌরসভার রয়েছে।

## STATEMENT UNDER RULE 346

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :**

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

গত ১৯শে ফেব্রুয়ারি, ১৯৯৭ রাত প্রায় ৭.৪০ মিনিটের সময় ভদ্রেশ্বর থানার ভারপ্রাপ্ত অফিসার শ্রী ভোলানাথ ভাদুড়ি আসামীকে সঙ্গে নিয়ে একটি খবর সরজমিনে খতিয়ে দেখার জন্য থানা থেকে বেরিয়েছিলেন। ঐ খবরের পরিপ্রেক্ষিতে তিনি চন্দননগরের বাঁশবাগান এলাকা থেকে একটি দেশি আগ্নেয়াস্ত্র উদ্ধার করেন। ইতিমধ্যে বাঁশবাগান এলাকায় বোমা বিস্ফোরণের একটি খবর ভদ্রেশ্বর থানায় রাত প্রায় ৮.৪৫ মিনিট নাগাদ পৌঁছায় এবং সেই খবরটি ভারপ্রাপ্ত অফিসার শ্রী ভাদুড়িকে বেতার মারফত দেওয়া হয়। সেইসময় শ্রী ভাদুড়ি উপরিউক্ত আসামী ও উদ্ধারপ্রাপ্ত আগ্নেয়াস্ত্র সমেত ফিরে আসছিলেন। থানায় এসেই শ্রী ভাদুড়ি আসামীকে থানায় নামিয়ে দিয়ে সাব ইনসপেক্টর এস. পাহাড়ী এবং শ্রী এস. চক্রবর্তী

ও ড্রাইভার-কনস্টেবল দীপক মণ্ডল, অ্যাসিস্ট্যান্ট সাব ইন্সপেক্টর বি. এল. অধিকারী ও কনস্টেবল প্রসন্ন মালকে সঙ্গে নিয়ে বেরিয়ে যান এবং রাত প্রায় সাড়ে ন'টায় বাঁশবাগান পৌছান। তিনি যখন এই খবরটা লিপিবদ্ধ করছিলেন, সেই সময়েই তিনি বেতার মারফত আরেকটি খবর পান যে জনৈক দীপুয়া বি. এম. রোডে হাঙ্গামা সৃষ্টি করছে। ঐ খবরটি চাঁপদানী পুলিশ ফাঁড়িতেও পৌছোয়। ভারপ্রাপ্ত অফিসার শ্রী ভোলানাথ ভাদুড়ি চাঁপদানীর পুলিশ দলকে এই খবরের পরিপ্রেক্ষিতে বাঁশবাগান থাকার নির্দেশ দেন এবং নিজে পুলিশ বাহিনীকে সঙ্গে নিয়ে রওনা হন। তিনি এ. এস. আই. শ্রী বি. এল. অধিকারীকেও তাঁর সঙ্গে যেতে বলেন। রাত তখন প্রায় সাড়ে দশটা। তিনি চাঁপদানী পুলিশফাঁড়ি হয়ে বি. এম. রোড অভিমুখে রওয়ানা হন। ঐ ফাঁড়ির অন্যান্য পুলিশ কর্মচারিদের কাছে শুনতে পান যে জনৈক রাজকুমার গুপ্ত নিজে এসে ঐ ফাঁড়িতে জানিয়েছে যে জনৈক দীপুয়া ও তার সঙ্গীরা শ্রী গুপ্তের বাড়িতে এসে হামলা করেছে। শ্রী ভাদুড়ি আরো জানতে পারেন যে সার্কেল ইন্সপেক্টর শ্রী দীপক মিত্রও ঐ সময় ফাঁড়িতে ছিলেন এবং তিনি রাজকুমার গুপ্তকে সঙ্গে নিয়ে রওয়ানা হয়ে গেছেন। শ্রী ভাদুড়ি ফাঁড়ি থেকে আরো জানতে পারেন যে জনৈক মুন্না, যে নাকি বোমা বিস্ফোরণের সঙ্গে যুক্ত ছিল, সে বাঁশবাগানে পুনরায় এসে হাজির হয়েছে। বাঁশবাগানে যাওয়ার পথে শ্রী ভাদুড়ির রাজকুমারের সঙ্গে দেখা হয়। রাজকুমার তাঁকে জানায় যে দীপুয়া, ভাকলু এবং তাদের সাঙ্গোপাঙ্গোরা একটা সাদা এম্বাসাডর গাড়ি করে বি. এম. রোড ধরে এগিয়ে গেছে। এই খবর পেয়ে ভারপ্রাপ্ত অফিসার শ্রী ভাদুড়ি ঐ দলটিকে তাড়া করতে শুরু করেন। এর আগে এই দলটি যে একটি পেট্রোল পাম্পে ডাকাতি করে ১৩০০০ টাকা লুঠ করেছিল সে সংবাদ পরে পাওয়া যায়। বি. এম. রোড ধরে কিছুদুর যাওয়ার পর শ্রী ভাদুড়ি ও তাঁর সঙ্গের পুলিশ দল তাদের আগে আগে অম্বাসাডর গাড়িটা যাচ্ছে দেখতে পান। পুলিশদল দুষ্কৃতিদের গাড়িটাকে ধাওয়া করতে করতে একসময়ে জি. টি. রোডের মোড়ের কাছে দ্বারিক জঙ্গল রোডে এসে ঐ অম্বাসাডর গাড়ির সমান্তরাল অবস্থানে পৌছান। তখনই দুষ্কৃতীরা গাড়ি থেকে বোমা ও কয়েক রাউণ্ড গুলি পুলিশ জীপের দিকে ছুঁড়তে থাকে। শ্রী ভাদুড়ি, জীপের সামনের আসনে বাইরের দিকে বসেছিলেন। এর ফলে তিনি গুরুতরভাবে আহত হন। পুলিশ দলও প্রত্যুত্তরে দুষ্কৃতীদের গাড়ি লক্ষ্য করে এগারো রাউণ্ড গুড়ি ছোঁড়ে। দুজন পুলিশ কর্মী জীপ থেকে নেমে দুষ্কৃতীদের দলের একজন ড্রাইভারকে আহত অবস্থায় দেখতে পান এবং তাকে টেনে নামানোর চেষ্টা করেন। সেই সময় পুলিশের জীপ ওবং দুষ্কৃতীদের সাদা গাড়িটা থেমে ছিল। অন্যান্য দুষ্কৃতীরা ইতিমধ্যে পালিয়ে যায়।

সেই মুহূর্তে ভারপ্রাপ্ত অফিসার শ্রী ভাদুড়ি তাঁকে কাছের কোনও হাসপাতালে নিয়ে যেতে তাঁর সঙ্গীদের বলেন এবং এই আশঙ্কাও প্রকাশ করেন যে তিনি হয়তো আর বাঁচবেন না। এই কথা শুনে পুরো পুলিশ দল শ্রী ভাদুড়িকে নিয়ে গৌরহাটি ই. এস. আই. হাসপাতালে চিকিৎসার জন্য রওয়ানা হয়। ঘটনাস্থলে অ্যাম্বাসাডর গাড়িটি ও তার আহত ড্রাইভার দুষ্কৃতী পড়ে থাকে। পুলিশ দল যখন হাসপাতালে পৌছায়, তখন রাত প্রায় ১১.১০ মিনিট। সেখানে শ্রী ভাদুড়িকে মৃত বলে ঘোষণা করা হয়।

এই ঘটনার পর পুলিশ অভিযান চালিয়ে নিম্নোক্ত আসামীদের গ্রেপ্তার করে আদালতে হাজির করে ঃ—

(১) মনসারাম গুপ্ত, পিতা রামেশ্বর গুপ্ত। ঠিকানা ঃ ৭, বি. কে. পাল টেম্পল রোড, থানা-বালী, জেলা-হাওড়া; ডাবলু. বি-১২এ-০৮২৯ নং গাড়ির চালক। সে এখন জেল হাজতে রয়েছে।

(২) জলিল মিঞা, ওরফে মহঃ জলিল, পিতা-মহঃ খলিল। ঠিকানা ঃ বি. এম. রোড, চাঁপদানী, থানা-ভদ্রেশ্বর। সেও জেল হাজতে রয়েছে।

(৩) হাতকাটা অশোক, ওরফে অশোক সাহা, পিতা-নকুল সাহা। ঠিকানা ঃ শিমুরালি, নরপতিপাড়া, থানা চাকদহ, জেলা-নদীয়া। বর্তমানে জেল হাজতে আছে।

(৪) কালো ভোলা, ওরফে ভোলানাথ বোস, পিতা কালিপদ বোস। ঠিকানা-৪৯/৭ রাণী হর্ষমুখী রোড, থানা-চিৎপুর, কলকাতা। বর্তমানে জেল হাজতে রয়েছে।

(৫) কালুয়া, ওরফে, বাবলু ইসলাম, ওরফে সফিকুল ইসলাম, ওরফে বাবু ইসলাম, পিতা-শুকুর আলী মোল্লা। ঠিকানা ঃ কারিগরপাড়া, দীঘিরধার, থানা-বাদুরিয়া, উত্তর চব্বিশ পরগনা। সে বর্তমানে পুলিশ হেফাজতে রয়েছে।

উদ্ধার করা জিনিস-পত্রের বিবরণ ঃ—

(১) অ্যাম্বাসাডর গাড়ি, নং ডাবলু. বি. ১২এ/০৮২৯

(২) ট্রানজিস্টর (পেট্রোল পাম্প থেকে চুরি যাওয়া)

(৩) মদের বোতল, (তার গাড়ে আঙুলের ছাপসহ)

(৪) কাঠের ড্রয়ার, (পেট্রোল পাম্প থেকে চুরি যাওয়া)

(৫) একটা পাইপগান, ১ রাউণ্ড ৩০০ কার্তুজসহ, যেটা টকালুয়া, ওরফে বাবলু, পিতা সুকুর আলী মোল্লা, ঠিকানা-কারিগর পাড়া, থানা-বাদুরিয়া থেকে উদ্ধার করা।

(৬) একটা আগ্নেয়াস্ত্র (পাইপগান) এবং ২ রাউণ্ড ৩০৩ তাজা কার্তুজ এবং দুটি বোতল-বোমা, যেগুলো রাখাল দাসের গুদাম থেকে উদ্ধার করা হয়।

উপরিউক্ত ঘটনা নিয়ে পুলিশ একটি মামলা রুজু করে, যার নং ঃ শ্রীরামপুর থানা কেস নং ৮৬, তারিখ ২০.২.৯৭; ভারতীয় দণ্ডবিধির ৩৩৩/৩৫৩/৩২৬/৩০৭/৩০২/৩৪ ধারায়, অস্ত্র আইনের ২৫/২৭ ধারায় ভারতীয় বিস্ফোরক আইনের ৯ বি ধারায়। পেট্রোল

পাম্পে ডাকাতি সংক্রান্ত ঘটনাটি শ্রীরামপুর থানায় নথিবদ্ধ হয় এবং তার ভিত্তিতে আর একটি মামলা চালু হয়।

স্থানীয় পুলিশের দ্বারা প্রাথমিক তদন্তের পর মামলাটির তদন্তভার সি. আই. ডি. গ্রহণ করে। তারা এখন ঘটনাটির পরবর্তী তদন্ত ও ব্যবস্থা গ্রহণ করছে।

অবশিষ্ট আসামীদের গ্রেপ্তারের জন্য প্রচেষ্টা চালানো হচ্ছে।

সরকারের তরফে প্রয়াত ভোলানাথ ভাদুড়ির পরিবারের জন্য আপাতত নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ঃ-

(১) ভোলানাথ ভাদুড়ির বিধবা পত্নী শ্রীমতী অনিন্দিতা ভাদুড়িকে পঃ বঙ্গ সরকারের পক্ষ থেকে এককালীন এক্স-গ্রাসিয়া অনুদান হিসেবে দুই লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

(২) উত্তরপাড়া থানার বিপরীত দিকে অবস্থিত উত্তরপাড়া পুলিশ আবাসনে একখানা ফ্ল্যাট শ্রীমতী ভাদুড়িকে বাস করার জন্য দেওয়া হয়েছে।

(৩) শ্রীমতী ভাদুড়ির অনুরোধক্রমে তাঁকে সরকারের অধীনে উপযুক্ত একটা চাকুরি দেওয়ার প্রস্তাব এখন সরকারের সক্রিয় বিবেচনায় রয়েছে।

(৪) প্রয়াত ভোলানাথ ভাদুড়িকে সাহসিকতার জন্য মরণোত্তর রাষ্ট্রপতি পদকের প্রস্তাব বিবেচিত হচ্ছে।

## MENTION CASES

**মিঃ স্পিকার ঃ** এখন মেনশন। আধঘন্টা হবে। তার মধ্যে যতগুলো নেওয়া যাবে ততগুলো নেওয়া হবে।

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্রর ১১৮ ফলতা বিধানসভার জগন্নাথপুর থেকে বিড়লাপুর যে রাস্তা গেছে তার বকুলতলার পর থেকে মল্লিকপুর পর্যন্ত দু-মিটার অন্তর দু-পাশে এক-হাঁটু করে গর্ত হয়ে গেছে। এর ফলে বহুবার দুর্ঘটনাও ঘটেছে। পি. ডব্লু. ডি. অফিসারদের বার বার জানিয়েও কোনও ফল পাওয়া যাচ্ছে না। স্যার, ফলতায় এশিয়ার বৃহত্তম এক্সপোর্টিং জোন, ব্যবসা-বাণিজ্যের কেন্দ্র হতে চলেছে। কিন্তু স্যার, ওখানকার রাস্তাঘাটের যদি ঐ অবস্থা হয়ে তাহলে কোন শিল্পপতি এখানে ব্যবসা করতে আসবে না। মাননীয় জ্যোতিবাবু হেলিকপ্টার, প্লেনে আসলেও মানুষ ঐ রাস্তা দিয়ে চলাচল করতে পারে না।

তাই স্যার, আমাদের দাবি, ঐ রাস্তার যুদ্ধকালীন ভিত্তিতে মেরামত করার ব্যবস্থা করা হোক এবং যাতে বাস চলতে পারে তার ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী অশোক গিরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পূর্তবিভাগের দৃষ্টি আকর্ষণ করছি। কাকদ্বীপ নামখানায় প্রায় ১৪ কিঃমিঃ রাস্তার অবস্থা বেহাল। এই রাস্তাটি ভাঙ্গা-চোরা, জরাজীর্ণ, গাড্ডায় ভর্তি এতে যাত্রীসাধারণের দুর্ভোগ হয়। বিশেষ করে ভ্রমণার্থীদের নামখানা দিয়ে যেতে হয় এবং তাদের ধকল সহ্য করতে হয়। সেই কারণে আমি অনুরোধ করছি বর্ষা শুরুর আগে রাস্তাটি যাতে মেরামত করা হয় এবং রাস্তাটি চওড়া করা হয় তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বিপ্লব রায়চৌধুরি :** স্যার, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। আমার নির্বাচনী এলাকা পাঁশকুড়া পূর্ব, এর সঙ্গে ঘাটাল ও দাসপুর এলাকার যোগাযোগ খুবই গভীর। সেই এলাকার অসংখ্য মানুষ কোলাঘাট স্টেশন ব্যবহার করে কলকাতার সঙ্গে যোগাযোগ রাখেন। সেখানে রাস্তা অত্যন্ত ন্যারো, আমি মাননীয় পূর্তমন্ত্রীকে অনুরোধ করছি সেই রাস্তাটি চওড়া করে সংস্কার করা হোক এবং ঘাটাল ও দাসপুরের সঙ্গে আমাদের যোগাযাগ যাতে বাড়ে তার জন্য জশাড় পয়েন্টে একটা ব্রিজ তৈরির উদ্যোগ নেওয়ার অনুরোধ জানাচ্ছি। ওরা প্রস্তাব বিবেচনা করছি বলছেন। দীর্ঘসূত্রিতা যদি দীর্ঘ দিন চলতে থাকে তাহলে সমস্যার সমাধান হবে না। তাই আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই ব্রিজ তৈরির উদ্যোগ নেওয়া হয় এবং সেখানে রাস্তা চওড়া করে সংস্কার করা হয়, এতে হাজার হাজার মানুষের যাতায়াতের সুবিধা হবে।

**শ্রী মৃণালকান্তি রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পর্যটন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দিঘা এবং শঙ্করপুরকে ঘিরে দেশি বিদেশি যে পর্যটকরা আসেন, তাই পর্যটন শিল্পের উন্নতি এবং আরও বেশি পরিচিতি বাড়ানোর জন্য পর্যটন উৎসবের ব্যবস্থা করা হোক এই দিঘা ও শঙ্করপুরকে ঘিরে। বহু পর্যটক আসেন তাদের সানবাথ ইত্যাদি ব্যাপারগুলি থাকে। এই দুটি এলাকা আলাদা জোন এবং আলাদা থাকার ব্যবস্থা করতে পারলে ভালো হয় এবং বেশ কিছু বিদেশি বারবার আসছেন তারা আমাদের এই ব্যবস্থা করার কথা বলেন।

**শ্রী সঞ্জয় বক্সী :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চিত্তরঞ্জন অ্যাভিনিউ এবং বিবেকানন্দ রোড উত্তর-এর সাথে মুক্তারামবাবু স্ট্রীটের রাস্তাটি পশ্চিমদিকে তিন ফুট উচু আর পূর্ব দিকে তিন ফুট নিচু। এই অবস্থায় সেখানে যাতায়াতের অসুবিধা হচ্ছে। ওখানে বিভিন্ন সময় স্কুটার, মোটরসাইকেল, গাড়ি উল্টে পড়ে এবং বিভিন্ন সময় বিভিন্ন রকম হতাহতের আশঙ্কা থাকে। ওখানে যে কোনও সময় বাস, মিনিবাস উল্টে গিয়ে বড় ধরনের দুর্ঘটনা ঘটার আশঙ্কা রয়েছে। এই অবস্থা মেট্রোরেল কর্তৃপক্ষের নজরে আনা হয়। গত ১০ মাস আগে পৌরসভাকে অর্থ দেওয়া সত্ত্বেও কলকাতা পৌরসভা কোনও কাজ করছে না। তাই আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সৌমেন্দ্রচন্দ্র দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পরিবহনমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা, দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা এবং কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা—এই তিনটি সংস্থার যে সমস্ত শ্রমিক কর্মচারি ১৯৮৪ সাল থেকে অবসর গ্রহণ করেছেন, পশ্চিমবঙ্গ সরকার ঘোষণা করেছিলেন তাদের পেনশনের আওতায় আনা হবে। কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থার কর্মচারি যারা ১৯৮৪ এবং ১৯৮৫ সালে অবসর গ্রহণ করেন তারা পেনশন পেয়েছেন কিন্তু বাকিরা পেনশন পায় নি। এই তিনটি সংস্থার হাজার হাজার কর্মচারী তাদের কৈশোর, যৌবন জীবনের এই মূল্যবান সময়টি সংস্থার কাজে, দেশের মানুষের স্বার্থে অতিবাহিত করেছেন। আজকে জীবনের শেষ প্রান্তে এসে তারা তাদের পেনশন থেকে বঞ্চিত হচ্ছেন। তাদের জীবনে দুর্বিসহ যন্ত্রণা সৃষ্টি হয়েছে। এই অবস্থায় দাঁড়িয়ে আমার দাবি অবিলম্বে তাদের পেনশনের ব্যবস্থা করা হোক।

[12-50 – 1-00 p.m.]

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, গত ২০ বছরে কাটোয়া বিধানসভা এলাকায় কোনও মাধ্যমিক স্কুলকে উচ্চ-মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়নি। বর্তমানে মাধ্যমিক পরীক্ষা যে প্রহসনে পরিণত হয়েছে, তার ফলে ব্যাপক সংখ্যক ছাত্র মাধ্যমিক পরীক্ষায় পাশ করার পর উচ্চ মাধ্যমিক স্তরে ভর্তির ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হবে। সে জন্য অবিলম্বে যাতে কাটোয়ার দু'একটা মাধ্যমিক স্কুলকে উচ্চ-মাধ্যমিক স্তরে উন্নীত করা হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

**শ্রী মইনূল হক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জন-স্বাস্থ্য কারিগরি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা সহ তার সংলগ্ন ব্যাপক এলাকায়—ধুলিয়ান এবং ফরাক্কার বিভিন্ন অঞ্চলের পানীয় জলে আর্সেনিক দেখা দিয়েছে। অথচ এবিষয়ে জেলা প্রশাসন সরকারিভাবে এখনো পর্যন্ত কোনও উদ্যোগ গ্রহণ করেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অবিলম্বে অতিশীঘ্র ঐ এলাকার পানীয় জলকে আর্সেনিক মুক্ত করার জন্য সরকারি উদ্যোগ গ্রহণ করা হোক। ধন্যবাদ।

**শ্রী বাচ্চামোহন রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীকে এবং ভূমি ও ভূমি সংস্কার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার এলাকায়—ময়নাগুড়ি বিধানসভা কেন্দ্রের পূর্বদহের গ্রামে পাট্টা-প্রাপ্ত খাস জমি বেদখল করা হচ্ছে। ওখানে ইতিমধ্যেই কিছু লোক সংঘবদ্ধভাবে এক ভূমিহীন চাষীর পাট্টা-প্রাপ্ত জমি দখল করেছে। ভূমি সংস্কার অফিস থেকে যথারীতি এই মর্মে থানাকে রিপোর্ট করা সত্ত্বেও থানা কর্তৃপক্ষ এখন পর্যন্ত দোষীদের ধরার কোনও ব্যবস্থা করেনি। একদল মানুষ এইভাবে বিভিন্ন জায়গায় সংঘবদ্ধভাবে পাট্টা-প্রাপ্ত চাষীদের কাছ থেকে জমি ছিনিয়ে নিয়ে তাদের

আবার ভূমিহীন করে দিচ্ছে। এবিষয়ে অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি পুলিশমন্ত্রী এবং ভূমি ও ভূমি সংস্কার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পাট্টা-প্রাপ্ত জমি যাতে আর বেদখল না হয়, তার জন্য অবিলম্বে জরুরি ব্যবস্থা অবলম্বন করা হোক।

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় স্পিকার, স্যার, একটি গুরুতর বিষয়ের প্রতি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজ কয়েক মাস ধরে হাওড়ার বিধিবদ্ধ রেশন এলাকায় কোনও গম পাওয়া যাচ্ছে না। ফলে সাধারণ মানুষকে বাজার থেকে ৯ টাকা, ১০ টাকা কে. জি. দরে আটা কিনতে হচ্ছে। মানুষ বার বার রেশন দোকানে গিয়ে প্রতিবাদ জানাবার ফলে রেশন দোকানের মালিকরা উত্যক্ত হয়ে সবাই মিলে স্ট্রাইক করেছে। হাওড়ার বিধিবদ্ধ এলাকার সমস্ত রেশন দোকান স্ট্রাইক করেছে। এই হচ্ছে অবস্থা! অথচ সরকার বলছে, গরিব মানুষদের অর্ধেক মূল্যে চাল গম দেবে! রেশন দোকানে ন্যায্য দামে গম পাওয়া যাচ্ছে না, দোকানদাররা উত্ত্যক্ত হয়ে স্ট্রাইক করেছে, অথচ খাদ্যমন্ত্রী নীরব। এ ব্যাপারে তিনি কোন কথা বলছেন না। একদিকে গরিব মানুষদের অর্ধেক মূল্যে খাদ্য সরবরাহ করার কথা ঘোষণা করা হল, তা তারা কেউ পাচ্ছেনা, অপর দিকে ন্যায্য দামে রেশন দোকান থেকে মানুষ গম পাচ্ছে না। রেশন দোকানগুলোয় স্ট্রাইক চলছে। এর ফলে সমবায় প্রথায় যে রেশন দোকানগুলো চলে সেগুলো মার খাচ্ছে। দোকান বন্ধ থাকছে, অথচ তারা তাদের কর্মচারিদের বেতন দিতে বাধ্য হচ্ছে। অবিলম্বে এই অবস্থার প্রতিকার করা দরকার। তাই আপনার মাধ্যমে আমার খাদ্যমন্ত্রীর কাছে দাবি অবিলম্বে তিনি হাওড়ার রেশন দোকানগুলো খোলার ব্যবস্থা গ্রহণ করুন এবং সেগুলোয় নিয়মিত গম চাল যাতে পাওয়া যায় তার জন্য ব্যবস্থা করুন।

**শ্রী কিরীটী বাগদি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার নির্বাচনী এলাকার ইন্দপুরে খাতরা ২ নম্বর ব্লকের ৩টি গ্রাম পঞ্চায়েতে আজও সে শিশু বিকাশ প্রকল্প চালু করা হল না—সেইজন্য আমি আপনার মাধ্যমে সমাজকল্যাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ ৩টি অঞ্চলে এই শিশু বিকাশ প্রকল্প চালু হয়। এ ছাড়া বাঁকুড়া ২ নম্বর ব্লকে এখনও পর্যন্ত শিশু বিকাশ প্রকল্প চালু হয়নি। এই ব্যাপারেও সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি হচ্ছে, একটি মর্মান্তিক ঘটনা ঘটেছে। গত ৩১-৩-৯৭ তারিখে রাত্রিবেলা আসানসোল-এর এফ. সি. আই. গো-ডাউনে (গোপালপুর) আগুন লাগে। এরফলে ৭০ লক্ষ টাকার চিনি নষ্ট হয়। নট ওনলি দ্যাট, আশ্চর্য্যের ব্যাপার, এই ঘটনার ৩দিন আগে অর্থাৎ ২৭-৩-৯৭ তারিখে ঐ রাত্রিবেলা একই গো-ডাউনে আগুন লেগেছিল। তাতেও প্রায় ৬ লক্ষ টাকার চিনি নষ্ট হয়। ২৭-৩-৯৭ তারিখে রাত্রিবেলা আগুন লেগে ৬ লক্ষ টাকার চিনি যখন নষ্ট হয়ে গেল তাতেও প্রশাসনের কর্তাব্যক্তিদের ঘুম ভাঙল না। আবার ৩১-৩-৯৭ তারিখে

রাত্রিবেলা আগুন লেগে ৭০ লক্ষ টাকার চিনি নষ্ট হয়ে গেল। তাই আমার অনুরোধ, এই ব্যাপারে সি. আই. ডি. দিয়ে এনকোয়ারী করার ব্যবস্থা করা হোক কোনও অন্তর্ঘাতমূলক ব্যাপার-স্যাপার আছে কিনা। সি. আই. ডি. দিয়ে এনকোয়ারী করে সত্য উদ্ঘাটন করা হোক। এই যে এত লক্ষ টাকার চিনি নষ্ট হয়ে গেল, এর ফলে ঐ সাব-ডিভিশনে সপ্তাহে রেশন দোকানে চিনি পাওয়া যাবে না। ন্যাচারালি একটা ক্রাইসিস হবে। এটাকে কিভাবে মিট-আপ করা যায় সেই ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেবেন। আর তদন্ত করে যারা দোষী তাদের যেন যোগ্য শাস্তি দেওয়া হয়—এই অনুরোধ আমি রাখছি।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** আসানসোলে আগুন লাগার যে বিষয়টি মাননীয় সদস্য উত্থাপন করলেন সেই বিষয়ে আমি বলতে চাই, একটা গুদামে দুবার পরপর আগুন লেগে যে চিনি নষ্ট হয়েছে সেই ব্যাপারে জেলাশাসককে নির্দেশ দিয়েছি। জেলাশাসক ও পুলিশের সহযোগিতায় একটা তদন্ত করা হবে কেন এই ঘটনা দুবার ঘটল সেই কারণ অনুসন্ধান করার জন্য।

**শ্রী অসিতকুমার মাল ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবাংলার মধ্যে সবচেয়ে বড় গ্রাম মারগ্রাম। সেখানে ৩০/৪০ হাজার লোক বসবাস করে। অথচ সেখানে দারুণভাবে পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। ১০ বছর আগে জনস্বাস্থ্য বিভাগের যারা ইঞ্জিনিয়ার আছেন তারা সেখানে গিয়ে পাইপ লাইন অর্ডার সাপ্লাই করব বলে মাপজোক করে নিয়ে আসেন। এটা ১০ বছর আগে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিতে পাশ হয়। এখন এটা রাইটার্স বিল্ডিংস-এ এসেছে। কিন্তু আজও পর্যন্ত সেখানে পাইপলাইন বসছে না। পশ্চিমবাংলার মধ্যে সবচেয়ে বৃহত্তম গ্রাম হওয়া সত্ত্বেও এবং যেখানে ৩০/৪০ হাজার লোক বসবাস করে সেখানে কেন পাইপ লাইন অর্ডার সাপ্লাই হচ্ছে না? অথচ ছোট-ছোট গ্রামগুলিতে পাইপ লাইন বসানোর ব্যবস্থা হয়েছে। আমি এই বিষয়ের প্রতি ১৯৮৭ সালে যখন বিধানসভার সদস্য ছিলাম তখনও মেনশন করেছিলাম তখন পাইপলাইন অর্ডার সাপ্লাই করার জন্য ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিতে পাশ হয়েছিল। তারপর আমি শুনেছিলাম, জনস্বাস্থ্য বিভাগের ইঞ্জিনিয়ার সিউড়িতে গিয়ে সমস্ত ফাইল রাইটার্স-এ পাঠিয়ে দিয়েছে। কিন্তু রাইটার্স থেকে বলছে, এতো টাকা আমরা দিতে পারব না। বিশ্বব্যাঙ্ক, নাকি দিল্লি কোথা থেকে টাকা দেবে তা আমি বুঝতে পারছি না। তাই আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, ১০ বছর আগে পাইপলাইন অর্ডার সাপ্লাই করবে বলে জনস্বাস্থ্য বিভাগের ইঞ্জিনিয়াররা মারগ্রামে গিয়ে যে মেজারমেন্ট করে, টাকা এসটিমেট করে সিউড়ি থেকে ফাইল রাইটার্স বিল্ডিংস-এ পাঠিয়েছে সেই ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে অতি সত্বর যাতে মারগ্রামে পাইপ লাইন বসে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**Shri Gaulan Lepcha :** Hon'ble Speaker, Sir, I would like to draw

the attention of all Hon'ble Members as well as Hon'ble Education Minister to the gross irregularities practised in the press of West Bengal Board of Secondary Education in printing Gorkha/Nepali words in Madhyamik question papers which are full of spelling as well as grammatical mistakes. This is happening every year. Hon'ble Speaker, Sir, on top of each question is stated "Marks will be deducted for spelling mistakes etc." But how would the Board authorities account for such gross mistakes in the question paper itself? Semetimes the words are found to be in Bengali print such as "Somprasaran", "Barnana" etc. which make sentences more complicated. Hon'ble Speaker, Sir, the future of the students whose medium is Gorkha/Nepali is at stake unless this gross mistakes are looked into and rectified. Sir, I have got one question paper which I am handing over to you for your kind information and necessary action.

[1-00 – 1-10 p.m.]

**শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র কালিগঞ্জে বল্লভপাড়া এবং কাটোয়ার মধ্যে যোগাযোগের জন্য ভাগীরথী নদীর উপর একটি সেতু নির্মাণের জন্য মাননীয় পূর্তমন্ত্রীর আমি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এই বল্লভপাড়া এবং কাটোয়া ঘাট দিয়ে নদীয়া ও বর্ধমান জেলার হাজার হাজার মানুষকে প্রতিদিন পারাপার করতে হয়। সেখানে সেই ঘাটের মালিক ফেরির যা ভাড়া তার থেকে গরিব, খেটে খাওয়া মানুষদের কাছ থেকে তারা সামান্যতম জিনিস নিয়ে গেলেও ১/১০/২০ টাকা করে অতিরিক্ত ভাড়া নেয়। সেখানে মাঝে মাঝে নৌকাডুবি হয়। স্যার, একদিকে নবদ্বীপের গৌরাঙ্গ সেতু এবং আর এক দিকে বহরমপুরের ব্রিজ-এর মাঝখানে প্রায় ১০০/১৫০ কিঃ মিঃ-এর মধ্যে কোনও ব্রিজ নেই। হাজার হাজার মানুষ যারা এই বল্লভপাড়া-কাটোয়া ঘাট দিয়ে প্রতিদিন পারাপার করেন, তাদের সুবিধার্থে অবিলম্বে সেখানে একটি ব্রিজ নির্মাণের দাবি মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মৎস্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার দিঘার সৈকত আমাদের মেদিনীপুর জেলার মৎস্যজীবীদের কাছে যেমন তেমনি অন্যান্য জায়গায় মৎস্যজীবীদের কাছে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান। তা ছাড়া ট্যুরিস্টদের কাছেও এই দিঘার সৈকত একটি গুরুত্বপূর্ণ স্থান। মৎস্যজীবীরা দীঘার সৈকতে এসে সমুদ্র থেকে ধরা তাদের মাছ নামায়। এই দিঘার সৈকতে ব্যাপক ভাঙ্গন দেখা দিয়েছে। এর ফলে হাজার হাজার মৎস্যজীবী যারা কষ্ট করে সমুদ্র থেকে মাছ ধরে আনছে তারা ভীষণভাবে বিপন্ন হয়ে পড়েছে। দিঘা ডেভেলপমেন্ট

অথরিটি এই ভাঙ্গন প্রতিরোধের ব্যাপারে কোনও উদ্যোগ গ্রহণ করছেন না, কোনও ব্যবস্থাও হচ্ছে না। তা ছাড়া দীঘার সৈকত থেকে আসার জন। পীচের রাস্তাও নেই। আমি মৎস্য মন্ত্রী এবং উন্নয়ন মন্ত্রী মহাশয়দের এ দিকে দৃষ্টি আকর্ষণ করে বলব, অবিলম্বে হাজার হাজার মৎস্যজীবীদের জীবিকার কথা চিন্তা করে সেখানে ভাঙ্গন প্রতিরোধের ব্যবস্থা করা হোক এবং পীচের রাস্তা নির্মাণ করা হোক।

## ZERO HOUR

**মিঃ স্পিকার ঃ** আমার কাছে ২১ জনের নাম আছে জিরো আওয়ারে বলার জন্য। ১। টা পর্যন্ত জিরো আওয়ার চলবে, তার মধ্যে যতগুলি হয় হবে। যারা বলবেন তারা খুব সংক্ষেপে বলবেন। শ্রী দেবপ্রসাদ সরকার প্রথমে বলুন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৫ তারিখে কুলতলিতে ৫ জনকে হত্যা করা হল পৈশাচিক ভাবে সি.পি.এম.-র ঘাতকদের দ্বারা, সেই হত্যাকান্ডের পরও কিন্তু নিরাপত্তা থাকছে না। গতকাল সি.পি.এম.-র জেলা নেতৃত্বের পক্ষ থেকে—আগে ওরা একটা বিবৃতি দিয়েছিলেন। এই যে ৫ জনকে হত্যা করা হল পুলিশ আসামীকে কেন ধরেনি? সেজন্য তারা মানবাধিকার কমিশনে যাবেন, এলাকা পরিদর্শন করবেন—একথা বলে কাগজের মাধ্যমে হুকমি দিয়েছে। আমার কাছে সংবাদপত্র আছে। গতকাল মার্ডার কেসের আসামী, তাদের নিয়ে ৩০০ জনের মিছিল মৈপিঠ থেকে দেবীপুরের দিকে গেছে। যারা ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদের জন্য সম্প্রতি পুলিশ ক্যাম্প করা হয়েছে। সেখানে গিয়ে তাদের বলা হয়েছে যে, তোমাদের কে এখানে আসতে দিয়েছে? আমাদের সমর্থক রাখাল বাবুর বাড়ি ভেঙ্গে দিয়েছে। সেখানে নতুন করে অ্যান্টি-সোশ্যালদের জড়ো করেছে আবার ঘটনা ঘটাবার জন্য। আমি হোম সেক্রেটারি, ডি.এস.-কে এই বিষয়ে জানিয়েছি। এই ভাবে হুমকি দেওয়া হচ্ছে যাতে পুলিশ আসামীদের ধরতে না পারে। আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রী মুরশালিন মোল্লা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কুলতলীতে ঢাকির মুখে এস.ইউ.সি.-র গুন্ডা বাহিনী এবং সমাজবিরোধীরা ছাত্রদের নদী পার হতে দিচ্ছে না। এস.ইউ.সি.-র গুন্ডা বাহিনী বলছে যে সুদীপ বৈদ্য, রাখাল মন্ডলের কাছ থেকে চিঠি আনতে হবে যদি নদী পার হতে হয়। গুড়গুড়ি কেন্দ্র, ভুবনেশ্বরী গ্রাম পঞ্চায়েত, পশ্চিম দেবীপুর ইত্যাদি জায়গায় এটা নিয়ে একটা সমস্যা দেখা দিয়েছে। অবিলম্বে এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা দরকার। নদীর এপারে কুখ্যাত ডাকাত ফনী ঘোষের নেতৃত্বে এস.ইউ.সি. সমস্ত এলাকায় বাড়ি বাড়ি আক্রমণ করছে এবং লুঠপাট করছে। আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য যাতে সাধারণ মানুষ শান্তিতে বসবাস করতে পারে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কুলতলীতে যে ঘটনা ঘটেছে, এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক ঘটনা। বিরোধী পক্ষের মাননীয় সদস্য দেবপ্রসাদ বাবু যে কথা বললেন, আমি তাকে একথা বলছি যে, ৯৭ জনের নামে যে এফ.আই.আর. করা হয়েছে, পুলিশ ২২ জনকে গ্রেপ্তার করেছে। ইতিমধ্যে যে খবর এসেছে তাতে ৫/৬ জন প্রত্যক্ষ ভাবে খুনের সঙ্গে জড়িত আছে। এই ব্যাপারে আমাদের সরকারের যে নিয়ম আছে সেটা খুবই স্পষ্ট। খুন হলেই আসামীকে ধরা হবে এবং ধরা হচ্ছে। ঐ এলাকায় উত্তেজনা আছে। তবে এটা রক্ষা করার দায়িত্ব সকলেরই। কাজেই এই ব্যাপারে আমি আপনাদের সকলের সহযোগিতা চাইছি।

**শ্রী অজয় দে :** (অনুপস্থিত।)

**ডাঃ মাখনলাল বাঙ্গাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় কৃষি মন্ত্রী এবং কেন্দ্রীয় কৃষিমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। প্রতিটি জেলায় একটি করে কৃষি বিজ্ঞান কেন্দ্র খোলা হবে। আপনি জানেন যে মেদিনীপুর হচ্ছে সর্ব বৃহৎ জেলা। এখানকার অর্থনীতি কৃষির উপরে নির্ভর করে। কাজেই এখানে কৃষি বিকাশের ক্ষেত্রে নুতন নুতন প্রশিক্ষণ, নতুন প্রযুক্তির প্রয়োজন। মেদিনীপুরের সবং বাসন্তীপুর স্কুলে কৃষি বিজ্ঞান পড়ানো হয়। সেখানে জমি এবং যন্ত্রপাতি আছে। কাজেই সেখানে একটা কৃষি বিজ্ঞান কেন্দ্র খোলার জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নদীয়ার করিমপুর, কালীগঞ্জ, চাকদায় আর্সেনিকে শত শত মানুষ আক্রান্ত হচ্ছে। করিমপুরে ২০ জন, কালীগঞ্জে ১০ থেকে ১৫ জন মারা গেছে। করিমপুর থেকে আরম্ভ করে কালীগঞ্জ, চাকদার বিভিন্ন গ্রামে এই আর্সেনিক আক্রান্ত হয়ে মানুষ মারা যাচ্ছে এবং পঙ্গু হয়ে যাচ্ছে। কিন্তু সেখানে চিকিৎসার কোনও ব্যবস্থা নেই।

[1-10 – 1-20 p.m.]

অথচ তার কোনও চিকিৎসার ব্যবস্থা নেই। আমি তাই জনস্বাস্থ্য কারিগরি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে নদীয়া জেলার করিমপুর থেকে হরিণঘাটা পর্যন্ত অঞ্চল, যেখানে মানুষ আর্সেনিক আক্রান্ত হয়ে মারা যাচ্ছেন, সেখানে স্পেশ্যাল মেডিক্যাল টিম পাঠানো হোক এবং যেসব টিউবওয়েলের জলে আর্সেনিক পাওয়া যাচ্ছে সেসব টিউবওয়েল সিল করে দিয়ে সেখানে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করা হোক এবং আক্রান্তদের চিকিৎসার ব্যবস্থা করা হোক। আজকের কাগজেই সেখানকার আক্রান্তদের ছবি বেরিয়েছে। তাতে দেখা যাচ্ছে কি ভয়াবহ অবস্থা তাদের। গায়ে চাকা চাকা দাগ হয়ে তারা মারা যাচ্ছেন শিশু থেকে বয়স্ক পর্যন্ত। তারা এস.এস.কে.এম. হাসপাতালে চিকিৎসার জন্য এসেও কোনও চিকিৎসা পাচ্ছেন না।

**শ্রী পুর্ণেন্দু সেনগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বারাষ্ট্র (পুলিশ) মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২ তারিখে মেদিনীপুর সদর ব্লকের ৮ নং গ্রাম-পঞ্চায়েত এলাকায় জাগুল গ্রামে অধিবাসীরা যখন শালুক পূজা করছিলেন তখন কয়েকজন পুলিশ সেখানে অতর্কিতে হানা দিয়ে বাদল সবরকে বুটের লাথি মেরে খুন করে। আমি পুলিশের এই আচরণের তীব্র প্রতিবাদ করছি। সঙ্গে সঙ্গে স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করছি এবং দাবি জানাচ্ছি, আদিবাসী লোধা সম্প্রদায়ের বাদল সবর-এর মৃত্যুর ক্ষতিপূরণ দেওয়া হোক।

**শ্রী মৃণালকান্তি রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সভাকে জানাচ্ছি যে, আজকে কেন্দ্রের টাল-মাটাল অবস্থার ফলে বিদেশী বিনিয়োগকারী শিল্পপতিরা আতঙ্কিত। স্বরাজ পাল, রাম বাকসামী—এদের বক্তব্য আমি পড়েছি। ওয়াশিংটন থেকে যে খবর পাচ্ছি এবং অন্যান্য জায়গা থেকে যে খবর পাচ্ছি তাতে এখানে বিদেশি লগ্নির ব্যাপারে যে অনুকূল পরিস্থিতি সৃষ্টি হয়েছিল সেটা বাধাপ্রাপ্ত হবে। এখন যারা এই টাল-মাটাল পরিস্থিতি সৃষ্টি করেছেন তাদের উচিত বিদেশি শিল্পপতিদের আশ্বস্ত করা যে, ভারতবর্ষে এই অনুকূল পরিস্থিতি বজায় থাকবে। এটা না করলে আমরা মুশকিলে পড়ব। সেজন্য তাদের এই শঙ্কা এখনই দূর করা দরকার। যদি সেটা না করা যায় তাহলে ভারতবর্ষের জনগণ যে জিনিসটা চাইছেন—এই টাল-মাটাল অবস্থাটা দূর হোক, তাহলে দেশের ক্ষতি হবে।

**শ্রী জটু লাহিড়ী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন আগে হাওড়ার ইমপ্রুভমেন্ট ট্রাস্ট আবাসন থেকে প্রায় ১০০ পরিবারকে জোর করে বের করে দেওয়া হয়েছে কোনও রকম নোটিশ না দিয়েই। বলা হয়েছে—ওরা জবরদখলকারী। আমার প্রশ্ন, দীর্ঘ ৮-১০ বছর তারা ঐসব কোয়ার্টারে রয়েছেন, এষ্টেট অফিসার রয়েছেন, নিজস্ব কর্মচারি এবং কেয়ারটেকার রয়েছেন, এই অবস্থায় তারা কি করে সেখানে জবরদখল করলেন? তাদের এক-একজনের কাছ থেকে ৫০০ থেকে ১৫,০০০ টাকা করে নিয়ে তাদের বলা হয়েছিল কোয়ার্টারগুলি তাদের নামে রেগুলারাইজ করে দেওয়া হবে। তাদের সেখানে রেশন কার্ড রয়েছে, ভোটার লিস্টে নাম রয়েছে, অথচ তাদের জবরদখলকারী বলে গৃহচ্যুত করা হচ্ছে। তাদের অনেকের ছেলেমেয়েরা মাধ্যমিক পরীক্ষা দিয়েছে, অনেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে। এই সময় তাদের ক্ষতি করে উচ্ছেদ করা হচ্ছে। আমি বিষয়টার প্রতিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সৌমেন্দ্রচন্দ্র দাস :** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কোচবিহারে বেশ কয়েকদিন ধরে পৌর এলাকায় পানীয় জলের তীব্র সঙ্কট সৃষ্টি হয়েছে এবং তার ফলে সেখানকার জনজীবন বিপর্যস্ত হবার মুখে। কোচবিহার পৌরসভা যারা চালাচ্ছে তারা নিজেদের মধ্যে দলবাজি করতে ব্যস্ত গোষ্ঠীদন্দ্বে বিভোর। তাই তারা নাগরিক জীবনের সুখস্বাচ্ছন্দ্য লক্ষ্য করতে পারছে না। এই অবস্থায় দাঁড়িয়ে আমি পৌরমন্ত্রীকে বলতে চাই এবং জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের দৃষ্টি

আকর্ষণ করে বলতে চাই, কোচবিহারে শিল্প নেই, কোনও কারখানা নেই, এই অবস্থায় যদি পানীয় জলের সরবরাহ না থাকে তাহলে মানুষের মধ্যে একটা হতাশার সৃষ্টি হবে। তাই আমি অবিলম্বে এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী নির্মল মুখার্জি :** (নট প্রেজেন্ট)

**শ্রী তাপস ব্যানার্জি :** স্যার, আপনি নিশ্চয়ই মমতা ব্যানার্জিকে চেনেন। তিনি আসানসোলের নামকরা স্কুলের প্রধান শিক্ষিকা। তাঁর উপর যথেষ্ট অত্যাচার করা হয়েছে। শুধু তাই নয় ১৯৯৪ সালের জুন মাস থেকে তার সমস্ত মাইনের টাকা আটকে রাখা হয়েছে। তিনি একজন নাম করা প্রধান শিক্ষিকা, তিনি খুব সুন্দরভাবে স্কুল চালাচ্ছিলেন। রাজনৈতিক কারণে তাঁর উপর অত্যাচার করা হয়েছে। প্রকাশ্য দিবালোকে সমস্ত ছাত্রীদের সামনে তাঁকে লাঞ্ছনা করা হয়েছে। তাঁর উপর যথেষ্ট অবিচার করা হয়েছে। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি, এই প্রধান শিক্ষিকার ১৯৯৪ সালের জুন মাস থেকে মাইনে বন্ধ করে তাঁর উপর সুবিচার করছেন না। সুবিচার করা হবে তখনই যখন ১৯৯৪ সালের জুন মাস থেকে তার সমস্ত মাইনে অবিলম্বে রিলিজ করে তাঁর কাছে যখন পৌঁছে দেওয়া হবে।

**শ্রী তপন হোড় :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় ক্রীড়ামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা সকলেই জানি ভারতবর্ষের মধ্যে ফুটবল খেলার পীঠস্থান হচ্ছে কলকাতা। সেই ফুটবলের পীঠস্থান আজকে খুব দুর্দিনে পড়েছে। এখানে যে জাতীয় লিগ শুরু হয়েছে সেই জাতীয় লিগে কলকাতার একমাত্র ইস্টবেঙ্গল দল খেলার সুযোগ পাচ্ছে। এখানে ভাল ভাল খেলোয়াড়কে আনা যাচ্ছে না, ভাল ভাল খেলোয়াড় এখানে আসতে চাইছে না। এখন দেখছি কেরালা গোয়া পাঞ্জাব এরা এগিয়ে গেছে। ওই সমস্ত রাজ্যে ভাল ভাল ফুটবল খেলোয়াড় আনতে রাজ্য সরকার সাহায্য করছে। এখানে শুধু আই. এফ. এ. চেষ্টা করছে খেলোয়াড় আনতে। আমি রাজ্য সরকারকে অনুরোধ করব কেরালা পাঞ্জাব গোয়া রাজ্য সরকার যেমন চেষ্টা করছে খেলোয়াড় আনার, আমাদের রাজ্যসরকার যেন সেই রকম চেষ্টা করেন ভাল খেলোয়াড় আনার।

**শ্রী গোপালকৃষ্ণ দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে যে ঘটনাটা জানাতে চাই তা হল, পশ্চিমবাংলায় খুন সন্ত্রাস চুরি ডাকাতি ক্রমশ বাড়ছে। শুধু আমি নয় এই হাউসে এই কথা রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী তাঁর বিবৃতিতে বলেছেন। জয়নগর থানার এ. এস. আই. অশোক ব্যানার্জি খুন হল। যেখানে পুলিশের নিরাপত্তা নেই সেখানে সাধারণ মানুষের নিরাপত্তা সম্পর্কে সংশয় দেখা দিয়েছে। কল্পনাপ্রবন স্বরাষ্ট্রমন্ত্রী বারে বারে বিবৃতি দিচ্ছেন ঠিকই কিন্তু রাজ্যে খুন সন্ত্রাস চুরি ডাকাতি বেড়ে যাচ্ছে। বাংলার মানুষের জীবনের নিরাপত্তা তিনি দিতে পারছেন না। মানুষ আজকে সন্ত্রস্ত। গ্রামবাংলায় চুরি ডাকাতি বাড়ছে। স্বাভাবিক কারণে মানুষ নিরাপত্তাহীন হয়ে পড়েছে। হুগলিতে ডাকাতের হাতে দুর্গা সিং খুন হল,

মধ্যমগ্রামে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে ডাকাতি হল। শুধু তাই নয় আদিবাসীরা খুন হচ্ছে। কল্পনাপ্রবন স্বরাষ্ট্রমন্ত্রী সাহিত্য চর্চা করতে ভালবাসেন, তাঁকে একটু ভাবতে বলব। উনি ওই আসনে বসে মানুষকে নিরাপত্তা দেওয়ার যে দায়বদ্ধতা তা তিনি পালন করতে ব্যর্থ হয়েছেন। এই সম্পর্কে তাঁর কি ভাবনা সেটা এই বিধানসভায় বলে বাংলার মানুষকে তিনি আশ্বস্ত করুন।

[1-20 – 1-30 p.m.]

**শ্রীমতী সুস্মিতা বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বড়জোড়া ব্লকের চাঁদাই গ্রামে কলিসুদ্দিন মল্লিক নামে এক ব্যক্তি গত ২৬/২/৯৭ তারিখে গলসী থানার অন্তর্গত শিররাই গ্রামে তার শ্বশুরবাড়িতে গিয়েছিল। কিন্তু তারপর থেকে আজ পর্যন্ত তার কোনও হদিশ পাওয়া যায়নি। এ সম্পর্কে গলসী থানায় একটি ডায়েরি করা হয়েছিল। কিন্তু পুলিশ কোনও কার্যকর ভূমিকা গ্রহণ করেননি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে ব্যবস্থা গ্রহণের জন্য, নিখোঁজ ঐ ব্যক্তিকে খুঁজে বার করার জন্য ঐ ব্যক্তিকে যারা গুম করে রেখেছে তাদের ধরার জন্য এবং যারা এই ঘটনা ঘটিয়েছে, তাদের অবিলম্বে গ্রেপ্তার করে উপযুক্ত শাস্তি দেবার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি :** মাননীয় স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের মন্ত্রী মহাশয়ের কাছে এর আগে অনেকবার অনুরোধ করেছি, আবারও অনুরোধ করছি। হীরাপুরে ৩২টি মৌজায় ৮০টি গ্রামে পানীয় জলের সঙ্কট চলছে। পি. এইচ. ই.র যে রিজার্ভারগুলো আছে, সেগুলো ঠিকমতো ভর্তি হচ্ছে না। সেজন্য ওখানে মানুষ ঠিকমতো পানীয় জল পাচ্ছে না। ওখানে পাশ দিয়ে দামোদর নদের জল বয়ে গেছে। সেই জল যারা খাচ্ছে তাদের গায়ে চাকা চাকা দাগ বেরোচ্ছে। দামোদরের জল দূষিত হয়ে গেছে। বারেবারে বলা সত্ত্বেও পাইপগুলো মেরামত করা হচ্ছে না। সেখানে যে পাইপগুলো আছে সেগুলোর মেরামত করা হয়নি। বারবার অনুরোধ করেছি, আবারও অনুরোধ করছি, এখন গ্রীষ্মকাল চলে এসেছে। মানুষ যদি তাদের পানীয় জল না পায় তাহলে তারা আইন নিজেদের হাতে তুলে নিতে পারে। তখন কিন্তু আমরা কোনও দায়িত্ব নিতে পারব না। সেই দায়িত্ব আপনাদেরই নিতে হবে। অবিলম্বে মাননীয় মন্ত্রী মহাশয় পানীয় জলের সুষ্ঠু ব্যবস্থা করুন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জিয়াগঞ্জ জঙ্গীপুর থেকে শুরু করে ফারাক্কা পর্যন্ত গঙ্গার জল ক্রমশ নিচে নেমে যাচ্ছে এবং সেখানে পার্শ্ববর্তী এলাকায় চাষীরা মার খাচ্ছে। এমনকি ওখানে টিউবওয়েলে যে জল অসত তাও নেমে গিয়েছে। সর্বত্রই পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। রঘুনাথগঞ্জ, জঙ্গীপুর প্রত্যেকটি শহরেই টিউবওয়েলের জল নেমে গিয়েছে। মানুষ ওখানে বর্তমানে প্রচণ্ড সঙ্কটের মধ্যে আছে বাংলাদেশের সঙ্গে গঙ্গার জল

চুক্তির ফলে। আমরা নিশ্চয়ই চাই বাংলাদেশের সঙ্গে সৌহার্দ্য বজায় থাকুক। কিন্তু ফারাক্কা চুক্তির ফলে যে অবস্থা—পার্শ্ববর্তী এলাকায় চরম পানীয় জলের সঙ্কট, গঙ্গার সর্বত্র জলস্তর নেমে গিয়েছে। আমরা চিরকাল ওখানে বাস করছি, এই রকম অবস্থা আমরা আগে দেখিনি। এখন আমরা এই চরম সঙ্কট দেখছি। আমি আপনাদের মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই জল চুক্তিকে পর্যালোচনার ব্যবস্থা করুন এবং সঙ্গে সঙ্গে স্থায়ী ভাবে জল সরবরাহের ব্যবস্থা করা হোক।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের অন্যতম শিল্প কারখানা মেটাল বক্স আজকে ৮ বছর ধরে বন্ধ হয়ে আছে। ৬৯ জন শ্রমিক অনাহারের ফলে আত্মহত্যার পথ বেছে নিতে বাধ্য হয়েছে। ১৭০ জন শ্রমিক বিনা চিকিৎসায় এবং অনাহারে থাকা অবস্থায় মারা গেছেন। রাজ্য সরকার আজ পর্যন্ত মেটাল বক্সের দুর্বিনিত মালিককে ডেকে কারখানাটি খোলার চেষ্টা করল না। বি. আই. এফ. আরে কারখানাটি চলে গেছে। এই অবস্থায় ওখানকার জমি বিক্রি করার জন্য চিন্তা ভাবনা শুরু হয়ে গেছে। ওখানে প্রত্যেক শ্রমিক যারা আশায় বুক বেঁধে আছেন যে তাঁদের সহকর্মীরা মারা গেলেও আগামী দিনে কারখানাটি খুললে তাঁদের রুটি রুজির ব্যবস্থা হবে এবং তখন তাঁরা তাঁদের পরিবারকে চালিয়ে নিতে পারবেন। আজকে যদি কারখানার জমি বিক্রি হয়ে যায় তাহলে এই সমস্ত ভুখা শ্রমিক যে আশায় আগামীদিনে বাঁচার স্বপ্ন দেখছেন। সেখানে মানুষগুলোকে চিরদিনের মতো এই সরকার বেকারির খাতায় নাম লিখিয়ে দিচ্ছেন। আপনারা হয় মেটাল বক্সের মালিককে গ্রেপ্তার করুন, তা না হলে তার সঙ্গে আলোচনার মাধ্যমে মিটমাট করার ব্যবস্থা করুন। ওই মেটাল বক্সের মালিক ওই জমিতে বিক্রি করে ওখানে একটা মাল্টি-স্টোরেড বিল্ডিং করার অপপ্রয়াস চালাচ্ছেন। সুতরাং আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীকে জানাচ্ছি যে, ওই মেটাল বক্সের শ্রমিকদের বাঁচানোর চেষ্টা করুন এবং মালিকপক্ষের ওই অপপ্রয়াস বন্ধ করুন।

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সমবায় বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। একজন প্রভাবশালী আই.এ.এস. অফিসার সমবায় দপ্তরের রেজিস্টার বা নিয়ামক। ওই নিয়ামকের বাড়ির টেলিফোন বিল পে অ্যাণ্ড অ্যাকাউন্টস সেকশনে পাঠালে পরে তারা সেটা ফেরত পাঠিয়ে দেয়। গত ৩০শে মার্চ একটি চাঞ্চল্যকর সংবাদ সংবাদপত্রে বেরিয়েছে যে, সমবায় ব্যাঙ্কে টাকা না থাকা সত্ত্বেও রাজ্যের সমবায় ব্যাঙ্ক ২৩,৫৫৬ টাকার চেক দিয়ে দিয়েছে। ২০ তারিখে ওই সমবায় ব্যাঙ্কের নিয়ামক সমবায় ব্যাঙ্কে একটি চিঠি পাঠান এবং ২৫ তারিখে ওই সমবায় ব্যাঙ্কের ম্যানেজিং ডিরেক্টর নোটিশ দিয়ে ২৩,৫৫৬ টাকার চেক ইস্যু করা হল। ব্যাঙ্কে টাকা না থাকা সত্ত্বেও কিভাবে তিনি ব্যাঙ্ক থেকে টাকা দিলেন এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে উচ্চ পর্য্যায়ের তদন্তের দাবি করছি এবং সমবায় মন্ত্রীর বিবৃতি দাবি করছি।

**শ্রী দেবীশঙ্কর পাণ্ডা** : মাননীয় স্পিকার স্যার, আজকে দশমাস হয়ে গেল আমরা বিধায়করা নির্বাচিত হয়েছি। কিন্তু এখনও পর্যন্ত একজন বিধায়কের ভূমিকা কি, দায়িত্ব কি এবং অধিকার কতখানি, কর্তব্যই বা কতখানি বুঝতে পারিনি। আমরা এই বিধানসভাতে দাঁড়িয়ে আমাদের এলাকার সমস্যার কথা তুলে ধরি এবং সামগ্রিক সমস্যার কথাও তুলে ধরি, কিন্তু সেটা প্রশাসনের কাছে গুরুত্বপূর্ণ ব্যাপার বলে মনে হয়নি। তাহলে অন্তত তার কোনও প্রতিকার হত। মন্ত্রী মহাশয়ের কাছে কোন সমস্যার কথা বলতে গেলে জেলা পরিষদ দেখিয়ে দিচ্ছেন। আমরা জেলা পরিষদের কাছে উপেক্ষিত এবং পঞ্চায়েত সমিতির কাছেও বিধায়করা অবাঞ্ছিত। অথচ আমরা বিধায়করা সোয়া দু লক্ষ মানুষের ভোটে জিতে এখানে এসেছি। মানুষের প্রত্যাশা পূরণ করতে পারছি না। এই যে ক্ষমতার বিকেন্দ্রীকরণের নামে জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতির হাতে ক্ষমতা কেন্দ্রীভূত করা হচ্ছে, এতে বস্তুত বিধায়করা অবাঞ্ছিত হয়ে যাচ্ছে। সুতরাং আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে, বিধায়করা যেন অবাঞ্ছিত হয়ে না পড়ে এবং সম্পূর্ণরূপে অপ্রাসঙ্গিক হয়ে না পড়ে, জনসাধারণের আশা-আকাঙ্খা যেন পূরণ করতে পারে, প্রত্যাশা পূরণ করতে পারে সেইদিকে নজর দেবেন।

[1-30 – 2-10 p.m.]

**শ্রী গৌতম চক্রবর্তী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, উত্তরবঙ্গের ব্যাপারে মন্ত্রীদের কোনও রকম শিরপীড়ার কারণ নেই। সেইজন্য আমরা দেখতে পাচ্ছি যে, উত্তরবঙ্গে গত ৩দিন ধরে সমস্ত ট্রান্সপোর্ট বন্ধ হয়ে গেছে, কিন্তু কারুর কোনও চিন্তা নেই। এই ট্রাসপোর্ট বন্ধ হয়ে যাবার ফলে একদিকে পরীক্ষার্থীদের খুব অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে, সাথে সাথে উত্তরবঙ্গের ৬টি জেলার সমস্ত মার্কেট ড্রাই হয়ে গেছে। মাছ থেকে সব্জি থেকে আরম্ভ করে কোনও কিছু আর পাওয়া যাচ্ছে না। ৪০ টাকা কে. জি. দরের মাছ সেখানে ১০০ টাকা দরে বিক্রি হচ্ছে। আমি দুঃখের সঙ্গে বলতে চাই, দক্ষিণবঙ্গে যদি এই রকম ঘটনা ঘটত তাহলে অন্যান্য মন্ত্রী এবং পরিবহন মন্ত্রী ঝাঁপিয়ে পড়ে সেখানে কাজ করার জন্য উদ্যোগ নিতেন। উত্তরবঙ্গের ৬টি জেলায় সেখানে খাদ্য নেই, পরীক্ষার্থীরা পরীক্ষা দিতে পারছে না, তাই আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি, অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী পরেশ পাল** : মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে কয়েকটি কথা বলতে চাই। মানিকতলা বিধানসভা কেন্দ্রে প্রায় ১ লক্ষ ৬০ হাজার ভোটার, প্রায় ১২/১৫ লক্ষ লোকের সেখানে বাস। তার মধ্যে বাগমারি, উল্টোডাঙ্গা, মুরারিপুকুরে ৮০/৮৫ হাজার লোক বাস করে। এরা সকলেই দারিদ্র সীমার নিচে। তাই

ছোট করে একটা আউটডোর এমারজেন্সির ব্যবস্থা করা হোক তাহলে ঐ অঞ্চলের মানুষ অনেকখানি উপকৃত হবে। একটা হাসপাতাল আছে, সেটা হচ্ছে, ঐখানকার শ্রমিকদের জন্য, সেই হাসাপাতালে বহু লোক ছুটে যায়। যখন কোনও এমারজেন্সির ব্যাপার হয় তখন সেখানে ভর্তি নেয় না। যেহেতু সেটা শ্রমিকদের জন্য তৈরি, তখন এখানে ভীষণ গণ্ডগোল হয়। ফলে রাত-বিরেতে সেখানে আমাদেরকে ছুটে যেতে হয়, তাই স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন, যদি এখানে একটা আউটডোর বা এমার্জেন্সির ব্যবস্থা করে দেন তাহলে এলাকার সাধারণ মানুষের অনেক উপকার হয়।

**শ্রী অশোককুমার দেব :** মাননীয় স্পিকার স্যার, স্বরাষ্ট্রমন্ত্রী এখানে আছেন, তাঁর কাছে আমি একটি ব্যাপারে বলতে চাই। আমার বিধানসভা কেন্দ্র হচ্ছে বজবজ, এই কেন্দ্রটি বিরাট এলাকা নিয়ে, একটা থানা থেকে অন্য থানায় যেতে কমপক্ষে ২ ঘন্টা সময় লাগে। মন্ত্রীকে আমি বহুবার বলেছি, আশুতি-১, আশুতি-২, এবং চটা এই তিনটি এলাকাকে নিয়ে একটা নতুন থানা করা হোক কিংবা একটা পুলিশ ফাঁড়ি করার আবেদন জানাচ্ছি। এলাকার শান্তির জন্য, কমপক্ষে থানা হলে মানুষের কাজে লাগবে, এলাকায় আমরা শান্তিতে বাস করতে পারব, আশা করব মাননীয় মন্ত্রী আমাদের কথা শুনবেন এবং আগামী দিনের জন্য নিশ্চয় তিনি কিছু করবেন এই আশা আমি রাখি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**(At this stage the House was adjourned till 2.00 p.m.)**

[2-00 – 2-10 p.m.(After Adjournment)]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand Nos. 7 & 61

**Mr. Deputy Speaker :** There are five cut motions to Demand No. 7 and 11 cut motions to Demand No. 61. All the cut motions are in order. Members may now move their motions.

| | |
|---|---|
| Shri Rabin Mukherjee<br>Shri Nirmal Ghosh<br>Shri Ajoy De<br>Shri Kamal Mukherjee | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |
| Shri Tushar Kanti Mandal<br>Shri Nirmal Ghosh<br>Shri Sultan Ahmed<br>Shri Shanshanka Shekhar Biswas<br>Shri Kamal Mukherjee<br>Shri Saugata Roy | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

Shri Deba Prasad Sarkar

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমি সংস্কার মন্ত্রী যে বাজেট উত্থাপিত করেছেন ১৯৬ কোটি ৮৫ লক্ষ টাকার মতো সেই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের দলের তরফে আনা যে কাট মোশনসগুলো এসেছে সেগুলো সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। স্যার, এই ভূমিসংস্কার পশ্চিমবঙ্গে আপনি জানেন যে প্রায় গত ১৮ বছর ধরে বন্ধ হয়ে আছে। পরিসংখ্যান আমি দেব, তার থেকে বুঝতে পারবেন যে ভূমিসংস্কারের কাজ বলুন, বর্গা রেকর্ড বলুন, নতুন জমি সরকারে ন্যস্ত করা বা ভূমি বন্টনের কথা বলুন এইগুলো প্রায় বন্ধ হয়ে গেছে এবং যেটুকু আপনারা ভূমিসংস্কার করেছিলেন, রাজ্যপালের ভাষণে বা বাজেটের সময়ে যখনই আপনারা সুযোগ পান আপনারা বলেন যে আমূল ভূমিসংস্কার আপনাদের সময়ে হয়েছে। কি রকম ভূমিসংস্কার আপনাদের সময়ে হয়েছে তার বিবরণ আমি একটু পরে দেব। আপনাদের এই যে দাবি ভূমিসংস্কারের মাধ্যমে খাদ্য-উৎপাদন বেড়েছে, বেকারসমস্যা মিটেছে এটা যে কতখানি ভ্রান্ত, তার উদাহরণ, তার প্রমাণ আমি দেব। সেজন্য স্যার, এই বাজেটের বিরোধিতা করছি। যে দপ্তরের কাজ প্রায় শেষ হয়ে গেছে, সেই দপ্তরের জন্য প্রায় দু'শো কোটি টাকার মতো বরাদ্দ করার কোনও সার্থকতা আছে বলে আমি মনে করি না। দ্বিতীয়ত যেটা হচ্ছে ভূমিরাজস্ব আদায়। এটা আমার কাছে একটু অসুবিধাজনক ঠেকেছে। আমি বুঝতে পারছি না, সেটা হচ্ছে স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স যেটা আমাদের কাছে মন্ত্রিসভা দিয়েছে তার ১৮৮ নম্বর পৃষ্ঠায় টেবিল নং ১২১, এটা যদি দেখেন তাহলে দেখবেন ভূমিরাজস্ব আদায় হয়েছে ১৯৯৪-৯৫ ৫৯৩ কোটি টাকা, ১৯৯৫-৯৬তে ৭০৮ কোটি টাকা তার পর ১৯৯৬-৯৭তে সেটা কমে দাঁড়িয়েছে ৪০০.৬৫ কোটি টাকা। এত ফ্লাকচুয়েট হচ্ছে কেন? ১৯৯৪-৯৫তে ৫৯৩ কোটি টাকা, ১৯৯৫-৯৬তে ৭০৮ কোটি টাকা এবং গত বছর ৪০০.৬৫ কোটি টাকা এই ওঠা নামা হচ্ছে কেন। এর কারণটা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই। তিনি তাঁর জবাবী ভাষণে নিশ্চয়ই এক্সপ্লেন করবেন। উনি আজকে একটা সংশোধনী দিয়ে এই ভাষণে বলেছেন যে রয়ালটি বাবদ আদায় হয়েছিল গত বছর ৩.৬৭ কোটি টাকা। সেস বাবদ ৫.৭২ কোটি টাকা এবং যেটা ভূমিরাজস্ব যেটাকে ল্যাণ্ড রেভিনিউ বলি সেটাতে মাত্র এক কোটি টাকা আদায় হয়েছে। অবশ্য আপনারা কিছু কিছু, ৪ একর, ৬ একর পর্যন্ত আপনারা ল্যাণ্ড রেভিনিউ মকুব করে দিয়েছেন। তার জন্য ভূমিরাজস্ব আদায় কম হয়েছে, এটা আমরা বুঝতে পারছি। বাকি যে ৪শো কোটি টাকা কোথা থেকে তুলছেন? টী-গার্ডেন, না ইঁট ভাঁটা, কোথা থেকে। এটা মন্ত্রীর কাছে ডিটেল ব্রেক আপটা জানতে চাই। আর একটা পয়েন্ট, যেটা মন্ত্রী মহাশয় বলেছেন, আমি তার বিরোধিতা করছি। উনি বলেছেন যে, ধান এবং পাটে পশ্চিমবঙ্গ নাকি প্রথম হয়েছে। খুব গর্বের সঙ্গে আপনারা আপনাদের বাজেট বক্তৃতায় এবং বিভিন্ন সময়ে বলেছেন। আমি মনে করিয়ে দিতে চাই যে, পশ্চিমবঙ্গ বরাবরই ধান এবং পাটে প্রথম স্থান অধিকার করে ছিল। এটা আপনাদের সময়ের কৃতিত্ব নয়। ১৯৭২-৭৩এর আগে থেকে যদি ধরেন, তাহলে দেখবেন যে, সেই ডঃ বি. সি. রায়ের আমল থেকেই ভারতের সমস্ত রাজ্যের থেকে পশ্চিমবঙ্গেই ধান এবং পাট

যে পরিমাণ জমিতে ধান চাষ হয়, অন্য কোনও রাজ্যে সেই পরিমাণে হয় না। পশ্চিমবঙ্গে যে পরিমাণ জমিতে পাট চাষ হয়, অন্য কোন রাজ্যে সেই পরিমাণে হয় না। সুতরাং স্বাভাবিক কারণেই ধান এবং পাটে পশ্চিমবঙ্গ বরাবরই প্রথম ছিল। এটা আপনাদের কৃতিত্ব নয়। সুতরাং এটা জোর গলায় এটা প্রচার করবার প্রয়োজন আছে বলে, মনে করি না। অথচ আপনারা এমন ভাবে প্রচার করলেন যে, আগে লাস্ট ছিল, এখন বামফ্রন্ট সরকার আসার পর প্রথম হয়েছে। এটা অসত্য কথা, এটা টিকবে না। তাই আমি এর চূড়ান্ত বিরোধিতা করছি। মাননীয় মন্ত্রী মহাশয়, আর একটা কথা বলেছেন, এটা আমার কাছে আশ্চর্য ঠেকেছে। তিনি বলেছেন—ছোট জোতের চাষের উৎপাদনশীলতা অধিক হয়। এটা আমি বুঝতে পারছি না এবং ছোট জোত বলতে আপনি কি মনে করেছেন? এটা আমি জানি না। এটা কি ১ একর, ২ একর, না ১০ কাঠা, না সাড়ে ৭ একর, সেটা আমি বুঝতে পারছি না। এটা খুবই স্বাভাবিক যে, সবাই আমার সঙ্গে একমত হবেন যে, আজকাল বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করতে গেলে খুব ছোট ছোট হোল্ডিং যেখানে লাঙ্গল ঘুরবে না, সেই রকম জমিতে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করা সম্ভব নয় এবং জানেন যে, পানীয় জলের প্রয়োজনে মিনি টিউবওয়েল, ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল বসাতে গেলে জমির দরকার। ধরুন এক চাষীর একটা জমি এক মৌজায় থাকে, আর একটা জমি আর এক মৌজায় থাকে। অনেক দূরে দূরেও থাকে। তার পক্ষে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করা সম্ভব নয়। সুতরাং আমাদের ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড অ্যাণ্ড ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট ১৯৫৫ তে কনসোলিডেশন অব ল্যাণ্ড হোল্ডিং করবার যে একটা প্রভিশন আছে, আপনারা কোনও দিনই এই কনসোলিডেশন অব ল্যাণ্ড হোল্ডিং করার চেষ্টা করেননি। যদি আপনি মনে করেন যে, ছোট জোতের চাষের উৎপাদনশীলতা বেশি হবে, তাহলে দয়া করে অনুরোধ করব যে, এই কনসোলিডেশন অব ল্যাণ্ড হোল্ডিং তুলে দিন। একটা বিল আনুন। আপনারা ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট তুলে দেবার ব্যবস্থা করুন। কেননা ছোট জোত থাকলে উৎপাদনশীলতা বেশি হয়, তাহলে চ্যাপ্টার ফাইভের কোনও মানে হয় না। আপনাদের নিযুক্ত মুখার্জি এবং বন্দোপাধ্যায় একটা কমিশন করেছিলেন। নিউ হরাইজন অব ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত এখান থেকে আমি পড়ছি। তারা রিপোর্ট দিয়েছিলেন। তারা সাজেশন করেছিলেন—

Para-4.11 "We, therefore, suggest that a State-wise programme may be undertaken to consolidate the plots of actual tillers whether they are small landowners, patta-holders or recorded bargadars.

তারপর বলেছেন However, a start could be made straightway on preliminaries, such as studying Punjab's law on, and experience in, implementing consolidation. Punjab had to work through the bureaucracy whereas West Bengal has the advantage of utilising its more people-sensitive Panchayats. Representatives of the Panchayats should be drawn in from the beginning to chart out the programme, so that the law

enacted, the rules framed and the guidelines for implementation drafted are in tune with ground realities."

[2-10 – 2-20 p.m.]

আপনাদের নিযুক্ত কমিশনই এই রেকমেণ্ডেশন দিয়েছিলেন। কনসোলিডেশন অব ল্যাণ্ড হোল্ডিং করবার সেই রেকমেণ্ডেশন আপনারা গ্রহণ করেননি। কনসোলিডেশনের জন্য আপনারা কোনও ব্যবস্থা করছেন না, আবার একদিকে বলছেন ছোট জোতের চাষের উৎপাদনশীলতা অধিক হয়। এটা কি করে হয় সেটা আমি বুঝতে পারছি না। মন্ত্রী মহাশয় আপনি কি বলতে চাইছেন আমি বুঝতে পারছি না। আপনার পূর্বসূরী শ্রী বিনয় চৌধুরি মহাশয়, যিনি দীর্ঘকাল ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মন্ত্রী ছিলেন, তিনি একটা বইতে, ল্যাণ্ড রিফর্মস ইন ওয়েস্ট বেঙ্গল-এর ৩ পাতায় বলেছেন, Side by side our government is trying to build up firm alliance with the middle peasantry. তিনি ছোট জোতের কথা বলছেন না। তিনি মিডল পিজেন্টদের সাথে ফার্ম অ্যালায়েন্স করতে চাইছেন। তিনি বড় তোজদারদের, বড় চাষীদের সঙ্গে, সাইজেবল নাম্বার অফ রিচ পেজেন্টদের সঙ্গে তিনি উইন-ওভার করার চেষ্টা করেছেন with a view to isolating and containing the class enemy of rural society তিনি কাদের সঙ্গে যে বন্ধুত্ব করতে চাইছেন সেটা বোঝা যাচ্ছে না। We have thus selected the target group and appropriate measures have been taken to reach our goals. এতে সব গুলিয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলেছেন, ছোট জোত, অধিক উৎপাদনশীল। কিন্তু আপনার পূর্বসূরী রিচ পেজেন্টদের সঙ্গে বন্ধুত্ব স্থাপন করার চেষ্টা করেছেন, যাতে রুরাল সোসাইটিতে ক্লাস-এনিমি দূর করা যায়। কিন্তু এটা আমরা কি করে বুঝব? রিচ পেজেন্টদের সঙ্গে উনি বন্ধুত্ব করার চেষ্টা করেছেন ভোটের জন্য। একদিকে বলছেন আমরা গরিব চাষীদের পক্ষে; আর অন্যদিকে তিনি রিচ পেজেন্টদের সঙ্গে বন্ধুত্ব করার চেষ্টা করেছেন। তাহলে আপনাদের ভূমিসংস্কারের নীতিটা কি? আপনাদের ভূমিসংস্কারের নীতিটা কতটা অযৌক্তিক সেটা আমি পরে বলব। কিন্তু আপনার পূর্বসূরীর করা নীতিটা থেকে বোঝা যায় আপনারা ভোটের স্বার্থে সবরকম করতে পারেন। যে বর্গাদাররা ভূমিহীন, সেই বর্গাদাররা যদি কংগ্রেসের সাপোর্টার হয় তাহলে তাকে উচ্ছেদ করার জন্য আপনাদের পার্টি সচেষ্ট হয়ে পড়ে। আবার যার অনেক জমি আছে, সে যদি আপনাদের তহবিলে চাঁদা দেয়, আপনাদের ভোটের ব্যবস্থা করে দেয় তাহলে তার সাত খুন মাপ হয়। আপনারা তার সাথে বন্ধুত্ব করার চেষ্টা করেছেন। এটা আপনাদের ভূমি নীতি? তাহলে দু-রকম কথা চলতে পারে না। এতে পশ্চিমবঙ্গের ভূমি সংস্কার হবে না। এই সমস্যার সমাধান করা যাবে না। আমি ভেস্টেড জমির হিসাব আপনাদের দিতে চাই। এ পর্যন্ত কৃষি ও অকৃষি জমি মিলিয়ে ২৯.০২ লক্ষ একর জমি পশ্চিমবঙ্গে সরকারে ন্যস্ত হয়েছে। তার মধ্যে কৃষি ও অকৃষি জমি দুই-ই আছে। কৃষি জমির পরিমাণ ১২.৮৭ লক্ষ একর। মোট কৃষি ও অকৃষি জমি হচ্ছে ২৯.০২ লক্ষ একর। বাকি ১৬.১৫ লক্ষ একর জমি

থাকল। এর ক্যাটাগরি কি? এটা কি অকৃষি জমি, না এটাকে কৃষি জমিতে পরিণত করা যায়? এই জমিগুলো খাল, না বিল—কি অবস্থায় আছে সেটা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই। এ পর্যন্ত কতটা জমি বিতরণ যোগ্য হয়েছে সেটাও আমরা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই। আরেকটা ব্যাপার আমরা মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে, ২৯.০২ লক্ষ একর কৃষি ও অ-কৃষি জমি যেটা পশ্চিমবঙ্গ সরকারে ন্যস্ত হয়েছে তার জন্য কতখানি কমপেনসেশন দেওয়া হয়েছে? মাননীয় বিনয় বাবু বলেছেন যে, The lands are being verified by local bodies like panchayats. কৃষি জমি বাদ দিয়ে বাকি ১৬.১৫ লক্ষ একর যে জমি আছে, বিনয় বাবু বলেছেন, তার মধ্যে ৫ লক্ষ ৮০ হাজার একর জমি নন-এগ্রিকালচারাল নাও হতে পারে। তবে সেটা ভেরিফাই করা হচ্ছে। এই জমি বিতরণযোগ্য কিনা, এটা এগ্রিকালচারাল জমি কিনা সেটা পঞ্চায়েতের মাধ্যমে ভেরিফাই করা হচ্ছে।

এটা কত দূর অগ্রসর হয়েছে এবং এর মধ্যে কতখানি জমি বিতরণযোগ্য বলে আপনারা মনে করছেন? বিতরণের চিত্র তো আপনাদের খুবই করুণ—একটু পরে সেটা বলব। এই যে ৫ লক্ষ ৮০ হাজার একর সম্ভাব্য কৃষি জমি বিতরণ করতে চাইছেন, সেটা নিশ্চয় বলবেন।

আমি একটা হিসাব দিতে চাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়। আপনারা প্রায়ই বলেন যে, কংগ্রেস আমলে কিছু হয়নি। এটা যে কত ভ্রান্ত, সেটা পরিসংখ্যান দেখলেই বুঝতে পারবেন। আমি শুধু ১৯৭২ থেকে ১৯৭৭, এই হিসেবটা দিচ্ছি, যে সমস্ত আপনারা বলেন আমরা নাকি অনেক খারাপ কাজ করেছি, ইত্যাদি ইত্যাদি। দেখুন নভেম্বর ১৯৭২, আমরা পাওয়ারে আসার একটু পরেই, সরকারে ন্যস্ত হয়েছিল ৯ লক্ষ একর। আর আমরা ৫ বছর থাকার পর জুলাই ১৯৭৭ ন্যস্ত জমির পরিমাণ হল ১০.৭৫ লক্ষ একর। তাহলে আমাদের ৫ বছরে সরকারে ন্যস্ত হল ১.৭৫ লক্ষ একর। এ সব স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স থেকেই বলছি। ১৯৭২-৭৩ সালে, পেজ ১১ এবং ১৯৭৭-৭৮ সালে পেজ ৪১ দেখলেই বুঝতে পারবেন। বাজেটে বলেছেন, ১২.৮৭ লক্ষ একর জমি সরকারে ন্যস্ত হয়েছে। তাহলে আপনাদের ২০ বছরে সরকারে ন্যস্ত হল ২.১২ লক্ষ একর। আর আমাদের ৫ বছরে সরকারে ন্যস্ত হয়েছিল ১.৭৫ লক্ষ একর। কি নিরোদ বাবু, সূর্যকান্ত বাবু খুব ভূমি সংস্কার করছেন? এত যে বিরাট বিরাট দ্বিতীয়, তৃতীয় সংশোধনী আনলেন, কি হল এসব জিনিস?

আমি আগেও বলেছি, যেটুকু ভূমি সংস্কার করেছেন, সেটা ৭৭ সালে ক্ষমতায় আসার পর এবং ৭৯তেই তা শেষ হয়ে গেছে। ৭৯ থেকে সংখ্যাটা ধরলে দেখবেন ৭৯ সেপ্টেম্বর পর্যন্ত খাস হয়েছিল ১২.৪৫ লক্ষ একর। তার পর থেকে ৯৬ সাল পর্যন্ত দেখুন, প্রায় ১৭ বছর পরে হল ১২.৮৭ লক্ষ একর। তাহলে ৭৯ থেকে ৯৬, এই ১৭ বছরে প্রায় ৪৩ হাজার একর জমি সরকারে ন্যস্ত করেছেন। তাই বলছি, আপনাদের ভূমি-সংস্কারের ব্যাপারটা

বর্তমানে প্রায় বন্ধ হয়ে গেছে, নতুন করে করবার আর কিছু নেই। আবার দেখুন, ২.১২ লক্ষ একর, যেটা ২০ বছরে সরকারে ন্যস্ত করলেন, সেটা কত কজনের মধ্যে বিলি করেছেন? প্রায় ৯ লক্ষ লোকের মধ্যে।

[2-20 – 2-30 p.m.]

এই ৯ লক্ষ লোকের মধ্যে যদি ২.১২ লক্ষ একর জমি বিলি করা হয় তাহলে মাথাপিছু জমির পরিমাণ হয় ১৪.১৫ কাঠা। তাহলে আপনারা ২০ বছরে মাথাপিছু ১৪ কাঠা করে জমি দিয়েছেন। তার মধ্যে কত লোক ঐ জমি হস্তান্তর করে দিল, বিক্রি করে দিল তার হিসাব আপনারা দেননি। আপনারা যারা গ্রাম্য এলাকা থেকে নির্বাচিত হয়েছেন তাঁরা এটা জানেন। এই রকম লিজ দিয়ে দিয়েছন, বিক্রি করে দিয়েছেন যে জমি প্রাপকরা তাদের সংখ্যা যেটা দিয়েছেন সেটা বর্তমানে ৯ লক্ষ আছে কিনা সন্দেহ। এবারে আমি এই 'নিউ হরাইজেন' থেকে আবার একটু পড়ে শোনাচ্ছি, একটু আগেও পড়ে আপনাদের শুনিয়েছি। পঞ্চায়েত সম্বন্ধে ওঁরা রির্পোট দিয়েছিল। পঞ্চায়েতের ল্যাণ্ড রিফরমস একটা মেজর আইটেম ছিল। পঞ্চায়েত খুঁজে বার করবে যে, কোথায় জমি আছে না আছে এবং ভূমিহীন কৃষকদের মধ্যে তা সরবরাহ করবে, এটা পঞ্চায়েতের একটা দায়িত্ব ছিল। তাই ১৯৯৩ সালের রিপোর্টে ওঁরা কি বললেন? বললেন, 'ল্যাণ্ড রিফর্ম ওয়াজ ওয়ান সাচ প্রোগ্রাম বাট ইট ইজ নট সিন অ্যাজ এ স্কুইজড লেমন। লেবুকে কচলাতে কচলাতে রস যখন পুরো বার করে নেওয়া হয়—সেই অবস্থা এক্ষেত্রে এসেছে, এই হচ্ছে ওঁদের দেওয়া ১৯৯৩ সালের রিপোর্ট। ওঁরা আরো বলছেন—with little surplus land to distribute and few bargardars are left to be recorded not counting the cases held up in the Court. Virtually land reforms exist—but there is nothing worthwhile left to do. এটা হচ্ছে, ব্যানার্জি-মুখার্জি কমিশনের রিপোর্ট। প্রাথমিক যে মন্তব্য তাতে দেখা যাচ্ছে, ল্যাণ্ড রিফর্মের কিছুই করার নেই, শেষ হয়ে এসেছে—প্রাকটিক্যালি তার সঙ্গে তাঁরা সহমত পোষণ করেছেন এবং সেই জন্য আপনার বাজেটের আমি বিরোধিতা করছি। যেখানে আপনার প্রায় কাজ শেষ হয়ে গেছে সেখানে ১৯০ কোটি টাকা বরাদ্দ করার কোন জাস্টিফিকেশন আছে বলে আমি মনে করি না।

এবারে আমি ভূমি বন্টনের ব্যাপারে আসছি। আমাদের সময় নভেম্বর '৭২ পর্যন্ত জমি বন্টিত হয়েছিল ৩.৭৫ লক্ষ একর—এটা বলছি স্ট্যাটিস্টিক্যাল অ্যাপেণ্ডিক্স ১৯৭২-৭৩, পেজ ১১ থেকে। জুলাই ১৯৭৭ পর্যন্ত, অর্থাৎ আমাদের ৫ বছরে জমি বণ্টিত হল ৬.৩৫ লক্ষ একর—স্ট্যাস্টিক্যাল অ্যাপেণ্ডিক্স ১৯৭৭-৭৮, পেজ ৪৪ থেকে বলছি। তাহলে ১৯৭২ থেকে ১৯৭৭ সালে আপনাদের আখ্যায়িত 'কালা' সময়ে জমি বন্টিত হয়েছিল ৬.৩৫ লক্ষ একর থেকে ৩.৭৫ লক্ষ একর যদি বাদ দেওয়া হয় তাহলে ২.৬০ লক্ষ একর। আর আপনাদের সময়ে, ২০ বছরে হয়েছিল, মাননীয় মন্ত্রী মহাশয় ভাষণে বলেছেন, আজ পর্যন্ত ১০.০৯ লক্ষ

একর জমি বন্টিত হয়েছে। তাহলে ১৯৭৭-এর জুলাই-এর ৬.৩৫ লক্ষ একর জমি যদি বাদ দেওয়া হয় তাহলে আপনাদের সময়ে বন্টিত হল ৩.৭৪ লক্ষ একর। অনেক হল? আবার দেখা যাচ্ছে ১৯৭৭ জুন পর্যন্ত ৯.৮৪ লক্ষ লোককে জমি বন্টন করা হয়েছিল। আর আপনাদের সময় আপনারা বলছেন, এ পর্যন্ত যে জমি বন্টিত হয়েছে তাতে ২৩.৭২ লক্ষ লোক উপকৃত হয়েছে। তাহলে আপনাদের সময় কত লোককে বন্টন করেছেন? ২৩.৭২ থেকে ৯.৮৪ বাদ দিলে ১৩ লক্ষ ৮৮ হাজার লোককে ৩ লক্ষ ৭৪ হাজার একর জমি বিলি করেছেন। ১৩ লক্ষ ৮৮ হাজার লোককে ৩ লক্ষ ৭৪ হাজার একর জমি বিলি করেছেন, ভাগ করলে মাথাপিছু পড়ছে ১৪ কাঠা। আপনারা কি মনে করেন—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে মাথাপিছু ১৪ কাঠা জমি বিলি করে আপনারা কি মনে করেন আমুল ভূমিসংস্কার করেছেন এবং তার ফলে খাদ্য উৎপাদন বাড়ছে? ১৪ কাঠা জমি দিয়ে একটা লোকের চলে না, ইকনমিক হোল্ডিং বলে একটা কনসেপশন আছে, তাই ১৪ কাঠা জমি বিলি করে কারোর সমস্যার সমাধান হবে বলে আমি মনে করি না। পশ্চিমবাংলায় ১ কোটি ৩০ লক্ষ একর চাষযোগ্য জমি আছে, এটা ইলাসটিক নয় যে টানলেই বাড়বে, প্রতি বছরই এটা কমছে। শিল্পের জন্য জমি দিচ্ছেন, রাস্তার জন্য জমি দিচ্ছেন, নতুন করে বসতি হচ্ছে কৃষিজমির উপর, আক্রমণ হচ্ছে আর কৃষিজমি চলে যাচ্ছে। ১ কোটি ৪০ লক্ষ একর ছিল, বর্তমানে ১ কোটি ৩০ লক্ষ একরে দাঁড়িয়েছে। পশ্চিমবঙ্গের জন সংখ্যা কত, সাড়ে ৭ কোটি। তার ৭০ পারসেন্ট গ্রামে থাকে। ১ কোটি ৩০ লক্ষ একর অর্থাৎ ৩ কোটি ৯০ লক্ষ বিঘা জমিকে যদি ৫২৫ লক্ষ লোককে দিয়ে ভাগ করেন আপনাদের মার্ক্সীয় নীতিতে সবাইকে সমান করে দেবেন বলে ভাগ করেন, তাহলে মাথাপিছু ১৫ কাঠার বেশি জমি পাওয়া যায় না। এই যে আমূল ভূমি সংস্কারের কথা, জনগণতান্ত্রিক বিপ্লবের কথা আপনারা দেওয়ালে লিখে ভরিয়ে দেন, এটা একেবারেই অলীক, অসত্য। এর দ্বারা সমস্যার সমাধান করা যাবে না। সুতরাং জমির লোভ দেখিয়ে রাজনীতি করতে চান সেটা আলাদা কথা, কিন্তু এই পবিত্র বিধানসভার মধ্যে যদি বলেন যে আমূল ভূমি সংস্কার করে আমরা পশ্চিমবঙ্গের সমস্যার সমাধান করব, এই জিনিস কংগ্রেস পক্ষ থেকে বিশ্বাস করা সম্ভব নয়। পশ্চিমবঙ্গে সমস্যার সমাধান করতে গেলে জমির উপর নির্ভরশীল ব্যক্তির সংখ্যা কমাতে হবে, কাজেই ক্ষুদ্রশিল্প, তাঁত শিল্প, এই সব শিল্পের উপর জোর দিয়ে মানুষকে আরও কাজ দেওয়ার দরকার। এই ভাবে যাতে তাঁদের জীবন নির্বাহ করার সুযোগ বৃদ্ধি পায় তার ব্যবস্থা করুন, যেমন পাশ্চাত্য দেশগুলিতে আছে। গোটা ভারতবর্ষের সঙ্গে পশ্চিমবাংলায় ভূমিহীন ক্ষেতমজুরদের সংখ্যা বাড়ছে, আপনাদের এই বৈপ্লবিক চিন্তাধারাতে সংস্কার করা সত্ত্বেও ভূমিহীন ক্ষেত-মজুরের সংখ্যা বাড়ছে এটা আমি স্ট্যাটিসটিক্যাল অ্যাপেণ্ডিক্স খুঁজে পাইনি, জানি না আপনারা হয়ত লুকোবার জন্যই দেননি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে ২০ বছর আগে ভূমিহীন ক্ষেত-মজুর কত ছিল আর আজকে এই ১৯৯৬ সালে সেই ভূমিহীন ক্ষেত-মজুরের সংখ্যা কত? এই পশ্চিমবাংলায় কত

আছে? আপনাদের সাহস থাকলে আপনারা এটা বলুন যে এই সংখ্যাটা কত? এর সমাধান করবার জন্য আপনারা কি চিন্তাভাবনা করছেন? বর্গা রেকর্ডের অবস্থাও একই রকম। ১৯৭৭ থেকে ১৯৮৮ সালে ১৩ লক্ষ ৭৫ হাজার বর্গা রেকর্ড করেছেন। প্রতি বছর ৪ হাজার ৫ হাজার করে বাড়তে বাড়তে ১৯৯৬ সালের শেষ আপনার স্পীচে ১৪ লক্ষ ৭৫ হাজার বর্গা রেকর্ড হয়েছে। যদি হিসাব দেখেন ১৯৯৪ সালে ১৪ লক্ষ ৫৯ হাজার, ১৯৯৫ সালে ১৪ লক্ষ ৫৯ হাজার, ১৯৯৬ সালে ১৪ লক্ষ ৭৫ হাজার। এটা ১৪ লক্ষ থেকে ১৫ লক্ষে নিয়ে আসতে পারছেন না। ১৯৭৮ থেকে ১৯৭৯তে খুব প্রচেষ্টা করে, অনেক রকম হিড়িক তুলে বর্গা রেকর্ডের ব্যবস্থা গ্রামে-গঞ্জে আপনারা করেছিলেন।

[2-30 – 2-40 p.m.]

১৯৭৯ সালের পর থেকে বর্গা রেকর্ডিং-এ ভাঁটা পড়েছে। এখন আর বর্গা রেকডিং হচ্ছে না। সুতরাং এ-ব্যাপারে আপনার ভূমি-সংস্কারের কর্মসূচি একেবারে প্রায় স্তব্ধ হয়ে এসেছে। তবুও আমি একটা জিনিস মন্ত্রী মহাশয়কে বলি, আপনি জানেন ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস অ্যাক্টের ১৬ ধারায় দু ভাগে বর্গাদারের শ্রেণী ভাগ করা আছে—একটা হচ্ছে জমির মালিক যদি খরচ-খরচা দেন তাহলে ফসলের ভাগ হবে ৫০ঃ৫০; আর যদি জমির মালিক কিছু না দেন, সবই বর্গাদার দেন, তাহলে বর্গাদার পাবে ৭৫ ভাগ ফসল এবং জমির মালিক পাবেন ২৫ ভাগ। বর্গা রেকর্ডিং-এর সময় কোন শ্রেণীর বর্গাদার—৫০ঃ৫০; না ৭৫ঃ২৫; 'ক' শ্রেণীর, না 'খ' শ্রেণীর, তা উল্লেখ থাকছে না। ফলে পরবর্তীকালে অনেক জটিলতা দেখা দিচ্ছে। আমি আশা করব এটার প্রতি নিশ্চয়ই মন্ত্রী মহাশয় নজর দেবেন এবং উনি দপ্তরকে আদেশ দেবেন—যদিও বর্গা রেকর্ডিং এখন হচ্ছেনা। তবুও আগামী দিনে যখন বর্গা রেকর্ডিং হবে তখন যেন আইনের ১৬ ধারা অনুযায়ী কোন শ্রেণীর বর্গাদার তা উল্লেখ করা হয়।

ক্ষেতমজুরদের ব্যাপারে যেটা আমি বললাম সেটার হিসেব আমরা পাইনি, সেটা আমি জানতে চাইছি। এখানে ডিটেল কিছু নেই। ১৯৭১ সালের সেনসাস অনুযায়ী পশ্চিমবাংলার মোট ওয়ার্ক ফোর্সের ২৬.৪ শতাংশ ছিল ক্ষেতমজুর বা এগ্রিকালচারাল লেবারারস। ১৯৭১ সালের পরের স্ট্যাটিসটিক্যাল অ্যাপেণ্ডিক্সগুলো খুঁজলে আপনি দেখতে পাবেন প্রতি বছরের প্রোপোরশন দেওয়া আছে। ১৯৭১ সালে ছিল ২৬.৪%, ১৯৯১ সালের সেনসাস—লেটেস্ট সেনসাস—বলছে পশ্চিমবাংলার টোটাল ওয়ার্ক ফোর্সের ৩২.২৪% হচ্ছে এগ্রিকালচারাল লেবারারস অর্থাৎ গত ২০ বছরে টোটাল ওয়ার্ক ফোর্সের মধ্যে কৃষি শ্রমিকের সংখ্যা প্রায় ৬% বেড়ে হল ৩২.২৪%। স্ট্যাটিসটিক্যাল অ্যাপিণ্ডক্স ১৯৯৬-৯৭, পেজ ২২-এ আপনি দেখুন ৩২.২৪% দেওয়া আছে।

এবারে আমি একটা খুব ইন্টারেস্টিং ব্যাপারের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হচ্ছে আগে আগে আমরা একটা বই পেতাম, সে বইটার নাম হচ্ছে, 'ভূমি

সংস্কার ঃ পশ্চিমবঙ্গ''—পরিসংখ্যান বিবরণী-৫, ১৯৮১ সালে যেটা প্রকাশিত হয়েছিল, সেটাই আমরা লাস্ট পেয়েছি। তারপর থেকে আর পাচ্ছিনা। যদি আপনার দপ্তর থেকে বইটা নিয়মিত প্রকাশিত হয় তাহলে দয়া করে মন্ত্রী মহাশয়, আপনি তা বিধানসভায় সদস্যদের মধ্যে ডিস্ট্রিবিউশনের ব্যবস্থা করবেন। ১৯৮১ সালের যে বইটি আমার কাছে আছে, যেটি আমি সর্বশেষ পেয়েছি তাতে কি বলা হচ্ছে দেখুন—আমরা জানি জমির মালিকরা অনেক সময়ই ভেস্টিং-এর বিরুদ্ধে হাইকোর্টে যান, ইঞ্জাংশন নেন। আপনার এই বই বলছে, '৩১-১২-৭৮ পর্যন্ত ইনজাংশনে আবদ্ধ জমির পরিমাণ ছিল ১.৬৪ লক্ষ একর; ৩১-১২-৭৯ পর্যন্ত ইঞ্জাংশনে আবদ্ধ জমির পরিমাণ ছিল ১.৬৮ লক্ষ একর এবং ৩১-১২-৮০ পর্যন্ত ইঞ্জাংশনে আবদ্ধ জমির পরিমাণ ছিল ১.৭৯ লক্ষ একর। এই পর্যন্ত হিসেব পাচ্ছি, তারপর আর নেই। এখানে যেটা আরো ইন্টারেস্টিং সেটা আমি আপনার এই বই থেকেই কোর্ট করছি, ''ন্যস্ত জমির ও বর্গা নথিভুক্তি সংক্রান্ত মামলাগুলিকে পরিচালনা করার উদ্দেশ্যে হাইকোর্টে আইনজ্ঞদের একটি বিশেষ 'সেল' গঠিত হয়েছে। এই সব মামলা পরিচালনার জন্য সরকার পর্যাপ্ত অর্থ বরাদ্দ করেছেন। এই সব মামলার কাজে নিযুক্ত পেশাদারী ও বিশেষজ্ঞদের ব্যয়নির্বাহের জন্য ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮০-৮১ সালের মধ্যে মোট প্রায় এক কোটি আটান্ন লক্ষ উনষাট হাজার টাকা বরাদ্দ করা হয়েছে।'' ইঞ্জাংশনকে ভেকেট করার জন্য হাইকোর্টে এবং নিম্ন আদালতে উকিল নিয়োগ করেন, খুবই স্বাভাবিকভাবেই তারা আপনাদের দলের হন। কারণ আপনারা কংগ্রেসি মনোভাবের উকিলদের নিশ্চয়ই নিয়োগ করবেন না ইঞ্জাংশন ভেকেট করার জন্য। বর্গাদারদের আইনগত সাহায্য প্রদানের একটি পরিকল্পনা চালু করেছেন। সেই পরিকল্পনায় ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮০ সালের মধ্যে—৩ বছরে কত খরচ করেছেন? এবং এরজন্য খরচ হয়েছে ১ কোটি ৫৮ লক্ষ ৫৯ হাজার টাকা। তাহলে বুঝুন—এই ৩ বছরে ১৯৭৮-১৯৭৯ এবং ১৯৮০ সালে আপনাদের দলভুক্ত আইনজ্ঞরা এই ইনজাংশনে আবদ্ধ জমি ভেকেট করার জন্য তাদের ক্ষেত্রে খরচ হয়েছে ১ কোটি ৫৮ লক্ষ ৫৯ হাজার টাকা। কত জমি ভেকেটেড হয়েছে সেটা আমি জানতে চাই? এত টাকা খরচ করে যে আইনজ্ঞদের পরামর্শ নিলেন বা তাদের পিছনে খরচ করলেন তার জন্য কত জমি ইনজাংশন থেকে ভ্যাকেটেড হল, কত জমি বিতরণ হল সেটা আমরা নিশ্চয়ই জানতে চাইব। কারণ যখন আমরা ব্যয় মঞ্জুরি করছি তখন আপনি টাকাটা বে-হিসাবি খরচ করছেন, না হিসাবি খরচ করছেন তা জানবার অধিকার নিশ্চয়ই আমাদের আছে এবং আপনি তা নিশ্চয়ই জানাবেন। ১৯৭৯ সাল পর্যন্ত আমি হিসাব দিলাম। তাহলে এই যে দীর্ঘ ১৭ বছর অতিক্রান্ত হয়েছে এই গত ১৭ বছরে ইনজাংশনে আবদ্ধ জমি কতটা উদ্ধার করতে পারলেন আর কত টাকা কালো কোটধারী আইনজ্ঞদের পিছনে খরচ করলেন তা দয়া করে মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানাবেন, টাকাটা বে-হিসাবি, না হিসাবি খরচ করেছেন। চাষের এলাকার হিসাব আমি আগেই দিয়েছি, সুতরাং নতুন করে বলার কিছু নেই। যত জমি পশ্চিমবাংলায় আছে তা সবাইকে সমান করে ভাগ করে দিলেও ১৪ কাঠার বেশি মাথাপিছু দেওয়া যাবে

না। সুতরাং এটা নিয়ে মানুষকে বিভ্রান্ত করে আমূল ভূমি সংস্কারে সমস্যার সমাধান হয়ে যাবে এই কথা বলা বাতুলতা, একথা বলা সাজে না। এবার আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি পরিসংখ্যান দিতে চাই। উনি আমার পরিসংখ্যানের সঙ্গে একমত হবেন কিনা জানি না। আপনি আইন মোতাবেক নন-ইরিগেটেড এরিয়ায় ম্যাকসিমাম জমি রাখতে পারবে ৫২ বিঘা এই কথা বলেছেন। আমি ধরে নিলাম একজনের ৫২ বিঘা জমি আছে। তার বছরে ইনকাম কত—সে হিসাব আমার কাছে আছে। সে যদি বর্গাদার দিয়ে চাষ করে—অধিকাংশ সময় তাই হয়—এই ৫২ বিঘা জমির মালিক আপনাদের ভাষায় তারা শোষক, আপনাদের ভাষায় জোতদার, আপনাদের ভাষায় সমাজের শত্রু। তারা নিজেরা চাষ করে না, বর্গাদার দিয়ে কিংবা লেবারারদের দিয়ে চাষ করেন। ফলে সেই জমিতে নিজে চাষ করলে যে লাভ হয়, সেই রকম লাভ সে করতে পারে না। সেইভাবে তার ইনকাম কম হয়, সেই ইনকাম আমার মতে—আমি যতটুকু খবর নিয়েছি—তাতে বিঘা প্রতি ৩০০ টাকা লাভ হয়। তাহলে এই ৩০০ টাকা পার বিঘা লাভ করলে—এটা নন-ইরিগেটেড মনে রাখবেন এবং বছরে একটি ফসল হয়—এই ৫২ বিঘায় হচ্ছে, ৩০০ দিয়ে গুণ করলে ইনকাম ১৫ হাজার ৬০০ টাকা। এটা আবার ফ্যামিলি অফ ৫, সর্বোচ্চ ৫২ বিঘা রাখতে পারবে। একজন হলে এটা কমে যাবে। ৫ জনের ফ্যামিলি মেইনটেন করার জন্য এই তথকথিত শোষক এবং জোতদার সে বছরে ইনকাম করছে ১৫ হাজার ৬০০ টাকা। আর আপনারা একজন গ্রুপ (ডি) কে মাহিনা দেন কত? এটা আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই? একজন গ্রুপ (ডি) কর্মচারী যিনি ভূমি রাজস্ব দপ্তরে আছেন তাকে কত টাকা মাহিনা দেন? মিনিমাম ২ হাজার টাকা। তাহলে তার বছরে ইনকাম হচ্ছে ২৪ হাজার টাকা। আর এই ৫২ বিঘা জমির একজন মালিক যাকে আপনারা জোতদার বলেন তার বছরে ইনকাম হচ্ছে ১৫ হাজার ৬০০ টাকা। এটা হাস্যকর নয়? এদের আবার জমি আপনারা কেড়ে নিতে চাইছেন। অবশ্য এর থেকে অনেক গরিব মানুষ দেশে আছে, তাদেরকে নিশ্চয়ই দিতে হবে। কিন্তু কার জমি কেড়ে নিয়ে কাকে দেবেন? এ তো দারিদ্র্য বিতরণ করা হবে। এতে কোনও লাভ হয় না। আমি মানছি, এর থেকেও অনেক গরিব মানুষ আছে যারা খেতে পায় না, অভাব-অনটনে ভুগছেন। এইরকম বহু মানুষ গ্রাম বাংলায় আছেন।

[2-40 – 2-50 p.m.]

কিন্তু আপনাদের এই কি নীতি যে গ্রুপ ডি-র থেকে যাদের বছরে ইনকাম কম তাদের কাছ থেকে কেড়ে নিয়ে একে কিছুটা দাও, ওকে কিছুটা দাও? তাতে কি সমস্যার সমাধান হবে রবীন বাবু? হবে না। সুতরাং অন্য কিছু পথ ভাবতে হবে। পশ্চিমবঙ্গের গরিব মানুষ যাদের জমি নেই, যারা ভূমিহীন ক্ষেতমজুর তাদের সমস্যার সমাধান করতে গেলে যাদের ৫২ বিঘা আছে তাদের কাছ থেকে কিছু কিছু কেড়ে নিয়ে ছিঁটে ফোঁটা করে ২/১ বিঘা করে আমাদের দিয়ে দিলে কিন্তু আমি আবার বলছি সমস্যার সমাধান হয় না, হতে পারে না। সুতরাং নতুন ভাবে চিন্তা ভাবনা আপনাদের করতে হবে। যখন দ্বিতীয় সংশোধনী বিল

সেছিল যেখানে জমির সংখ্যা পাল্টে চাষযোগ্য জমি, বাস্তু ভিটা, বাগান, পুকুর সব কিছুকে মির মধ্যে ইনক্লুড করলেন তখন আমরা তাতে আপত্তি করেছিলাম। আমরা বিনয়বাবুকে লেছিলাম, আপনি এতে বাগানকে যদি ইনক্লুড করেন তাহলে তো আম গাছ, লিচু গাছ শ্চিমবঙ্গে যা আছে তা সমস্ত নষ্ট হয়ে যাবে। আজও আমার মনে আছে বিনয়বাবু তার ত্তরে একটা ভাল কথা বলেছিলেন। তিনি বলেছিলেন, আপনি আমও খাবেন, ভাতও াবেন তা হবে না। এই প্রসঙ্গে মন্ত্রী মহাশয়কে বলি, ধরুন আপনি একজন জমির মালিকের কটি বাগান অধিগ্রহণ করলেন, ভেস্ট করালেন কিংবা পুকুর ভেস্ট করালেন কিন্তু আপনার ্যান্ড রিফর্মস অ্যাক্টের কোনও ধারাতে তা আপনি ডিস্ট্রিবিউশন করবেন দয়া করে জানাবেন ি? বাগান বিতরণ করবার তো কোনও প্রভিশন যে আইন আছে তাতে নেই। পুকুর যদি ভস্ট করান তাহলে তা বিলিবন্টন করার তো কোনও প্রভিশন এখানে নেই। কাজেই বিষয়টি াপনাকে ভাবতে হবে। আপনি আইন করলেন সব ভেস্ট হয়ে যাবে ১৯৭৮ সালের াগস্ট, না কবে থেকে, কিন্তু তা বিতরণ করবেন কি করে? তার প্রভিশন তো ওয়েস্ট বঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যাক্টে নেই। সুতরাং আপনারা যে আইন করেছেন তা ত্রুটিপূর্ণ আইন াবং সেই আইন আপনারা বাস্তবায়িত করতে পারছেন না। আপনারা মাননীয় রাষ্ট্রপতির মালোচনা করছেন ৬ বছর পরে তিনি সম্মতি দিলেন বলে কিন্তু ৬ বছর পর সম্মতি দবার পর দ্বিতীয় এবং তৃতীয় সংশোধনীর পর কতখানি জমি সরকারে ন্যস্ত হয়েছে তার িসাব দেবেন কি? এখন তো সরকারে জমি ন্যস্ত প্রায় হচ্ছেই না বলা যায়, বছরের দু/তিন াজার একরের বেশি হচ্ছে না। সুতরাং শুধুমাত্র কেন্দ্রীয় সরকার ও মাননীয় রাষ্ট্রপতির মালোচনা করলেই হবে না, গোটা বিষয়টা আপনাদের ভাল ভাবে ভাবতে হবে। এর পর মামি আরও একটা মিথ এক্সপ্লোড করে দেখাতে চাইছি। আপনারা প্রায়ই বলেন যে এখানে াকি আমুল ভূমি সংস্কার করে খাদ্য উৎপাদনের ব্যাপারে আপনারা একটা বিপ্লব করে ফলেছেন। এটা কতখানি অসত্য পরিসংখ্যান দিয়েই তা আমি দেখাব। এটা আমার নিজের তথ্য নয়, স্ট্যাটিসটিক্যাল অ্যাপেন্ডিক্স থেকেই তথ্যগুলি তুলে দিচ্ছি। ১৯৭৫/৭৬ সালে আমাদের খাদ্য উৎপাদন হয়েছিল ৮৬ লক্ষ টন। ১৯৭০/৭১ সালে আমরা যখন এলাম তখন পশ্চিমবঙ্গে খাদ্যের উৎপাদন ছিল ৭৫ লক্ষ টন। আমি যেমন জমি ন্যাস্ত হবার, জমি বিলিবন্টনের হিসাব দিলাম তেমনি খাদ্য উৎপাদনেরও হিসাব দিচ্ছি। আমাদের ৫ বছরে খাদ্য উৎপাদন বাড়ল ১১ লক্ষ টন। হিসাব করলে দেখা যাচ্ছে গড়ে প্রতি বছর ২.২ লক্ষ টন করে। এবারে আপনাদের আমলের হিসাবটা একটু দেখা যাক। ১৯৭৫/৭৬ থেকে ১৯৯৫/৯৬ এই ২০ বছরে উৎপাদন বেড়ে মোট খাদ্য উৎপাদনের পরিমাণ দাঁড়িয়েছে ১৩০ লক্ষ টনে। আমি আমাদের সময়ের লাস্ট ইয়ারের আগের ইয়ারটা ধরছি—১৯৭৫/৭৬ কারণ লাস্ট ইয়ারে দারুণ বন্যা হয়েছিল, সেই ১৯৭৫/৭৬ থেকে ১৯৯৫/৯৬ আপনাদের ২০ বছরে খাদ্যের উৎপাদন বেড়েছে ৪৪ লক্ষ টন। ৪৪কে ২০ দিয়ে ভাগ করলে দাঁড়ায় বছরে ২.২ লক্ষ টন। আমাদের ৫ বছরেও গড়ে প্রতি বছর উৎপাদন বেড়েছিল ২.২ লক্ষ টন করে। আপনাদের ২০ বছরে প্রতি বছর ২.২ লক্ষ টন গড়ে বেড়েছে। আপনাদের সময়ে খাদ্য উৎপাদন ১৩০ লক্ষ টনের কাছাকাছি

পৌঁছেছে। সুতরাং আপনাদের কমপ্লেসেন্সি বা গৌরব অনুভব করার কোনও সঙ্গত কারণ আছে বলে আমি মনে করি না। আপনারা বিভিন্ন সময়ে যে কথা বলেন তার দ্বারা আপনারা মানুষকে বিভ্রান্ত করতে চান। আমূল ভূমি সংস্কার করা হয়েছে, এত খাদ্যোৎপাদন হয়েছে, খাদ্য উৎপাদনে রেকর্ড স্থানে পৌঁছেছি, এই সব কথা বলে নিজেরা আত্মসন্তুষ্টি লাভ করেন। আমরা ধানের উৎপাদনে প্রথম এবং পাটের ক্ষেত্রেও প্রথম। এটা বামফ্রন্ট সরকারের আগে থেকেই আছে এবং এখনও তাই আছে। আপনারা সেটা ধরে রাখতে পেরেছেন সেজন্য আপনাদের ধন্যবাদ জানাচ্ছি। এটার জন্য আপনারা ধন্যবাদ পেতে পারেন। আপনারা এটা মনে করবেন না যে, পশ্চিমবাংলা ৫ম স্থানে ছিল বা একাদশ স্থানে ছিল সেখান থেকে আপনারা প্রথম স্থানে এনেছেন—এই রকম আত্মসন্তুষ্টির কোনও কারণ নেই।

এবারে আমি আরও কয়েকটি বিষয়ে বক্তব্য রেখে আমার বক্তব্য শেষ করব। মাননীয় মন্ত্রী মহাশয়, ক্যালকাটা ঠিকা টেনেন্সি অ্যাক্ট, ১৯৮১, এটা আপনারা আইনে পরিণত করেছেন। কিন্তু আমি এই পর্যন্ত শুনিনি যে এই ঠিকা টেনেন্সি অ্যাক্টে আপনি বিভিন্ন যে সমস্ত খাটাল আছে, বস্তি আছে, সেগুলিকে অধিগ্রহণ করতে পেরেছেন। দীর্ঘ ১৫/১৬ বছর অতিবাহিত হয়েছে, এই ক্যালকাটা ঠিকা টেনেন্সি অ্যাক্টে আপনি কতখানি জায়গা, কতগুলি বস্তি, কতগুলি খাটাল যেগুলি ঠিকা টেনেন্সি অ্যাক্টের আন্ডারে পড়ে সেগুলি আপনি অধিগ্রহণ করেছেন, কমপেনসেশন দিয়েছেন, সেই জমিগুলি কোথায় কি করেছেন, সেটা আপনার কাছে আমি জানতে চাই। আমি প্রথমে মনে করি যে, এই ক্যালকাটা ঠিকা টেনেন্সি অ্যাক্টে যে প্রভিশন দিয়েছে, আমার কাছে ডিটেলস নেই, থাকলে আমি বলতে পারতাম, তাতে ফাঁকা জমির উপরে বাড়ি তৈরি করা, পেট্রোল পাম্প তৈরি করা, এগুলিও ঠিকা টেনেন্সি অ্যাক্টের আন্ডারে যাবে। তা যদি হয় তাহলে তো রাইটার্স বিল্ডিংসটাও ঠিকা টেনেন্সি অ্যাক্টের আন্ডারে পড়ে। কাজেই এই ধারণাটা পাল্টাতে হবে। এই পেট্রোল পাম্পগুলির কথাই ধরুন—এগুলি কাদের? কলকাতায় যে পেট্রোল পাম্পগুলি আছে, তারা বলছে যে, আমরা ঠিকা টেনেন্সি অ্যাক্টের আন্ডারে এসেছি, আমরা ভাড়া দেব না। সেই ভাড়া আপনার দপ্তরেও জমা পড়ছে না। যদি দেখতাম যে এগুলি অধিগ্রহণ করে, কমপেনসেশন দিয়ে আপনি গ্রহণ করেছেন তাহলে এর একটা মানে বুঝতাম। কিন্তু এটা ন যযৌঃ ন তস্থৌঃ অবস্থায় রয়েছে। কলকাতার এই পেট্রোল পাম্পগুলি থেকে জমির মালিকরাও ভাড়া পাচ্ছে না, আবার সরকারও ভাড়া পাচ্ছে না। সুপ্রিম কোর্টে কেস হচ্ছে, এস.এল.পি. ফাইল হচ্ছে, কিন্তু সেখানে হিয়ারিং হচ্ছে না। একটা অবাঞ্ছিত অবস্থায় পৌঁছেছে। বিনয়বাবু থাকার সময়ে আমি এই অসুবিধার কথা বারবার বলেছি। তিনি বলেছিলেন, আমি সোমনাথবাবুর সঙ্গে কথা বলছি, আমি দেখব এটা। ক্যালকাটা ঠিকা টেনেন্সি অ্যাক্ট প্রয়োজন মতো সংশোধন করে পেট্রোল পাম্পগুলিকে বাদ দেওয়া যায় কিনা সেটা দেখব। এই পেট্রোল পাম্পগুলি মাল্টিন্যাশনাল কোম্পানিগুলির হাতে ছিল, এখন ইন্ডিয়া গভর্নমেন্টের হাতে এসেছে। এদের প্রোটেকশন দেবার জন্য ক্যালকাটা ঠিকা

টেনেন্সি অ্যাক্ট হয়নি। এটা মেনলি খাটাল, বস্তি ইত্যাদির জন্য হয়েছিল। আজকে যে উদ্দেশ্যে এটা করা হয়েছিল সেই উদ্দেশ্য থেকে সরে গিয়ে যাদের এর আন্ডারে আসবার কথা নয় তারা এসে গেছে। এরা ঠিকা টেনেন্সি অ্যাক্টের আন্ডারে আসার ফলে মালিককে ভাড়া দিচ্ছে না, রেন্ট কন্ট্রোলে ভাড়া জমা দিচ্ছে। কাজেই এই সম্পর্কে চিন্তা-ভাবনা করে আমাদের জানাবেন।

আর একটা কথা হচ্ছে, জমি অধিগ্রহণ করার কথা আপনার বক্তব্যে লিখেছেন। কিন্তু আমি দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে, জমি যেগুলি বিভিন্ন সরকারি কাজের জন্য গ্রহণ করা হচ্ছে, সেই জমিগুলি অধিগ্রহণ করার পরে তাদের কমপেনসেশন দেন না।

[2-50 – 3-00 p.m.]

এই কমপেনসেশন দেবার ব্যাপারটা আপনাদের অত্যন্ত ধীর গতিতে চলছে। একজনের ব্যাপারে আমি বারে বারে লিখে, বড় থেকে ছোট সরকারি কর্মচারিদের কাছে গিয়েও তার ফয়সালা করতে পারিনি। আমি একটি উদাহরণ দিচ্ছি। কেস নাম্বার ২১, ১৯৮০-৮১, এতে আমার এলাকায় হীজলের রিটায়ার্ড এমব্যাঙ্কমেন্টে ১৯৮০-৮১ সালে সাধারণ চাষীদের জমি অধিগ্রহণ করা হয়েছিল। সেখানে অনেক লেখালেখি করবার পর অ্যামাউন্ট ঠিক হয়েছিল ৬৬ লক্ষ ১০ হাজার টাকা, এনকোয়ারি ডেট ঠিক হয়েছিল ৩.২.১৯৯৭ থেকে ৭.২.১৯৯৭। কিন্তু এ.ডি.এম. বললেন ৩১শে মার্চের আগে এটা আর হবে না। জানি না, সরকারের টাকা নেই বলেই এটা বলা হল কিনা। ১৯৮০-৮১ সালে জমি অধিগ্রহণ করবার পর এখনও পর্যন্ত সেই জমির দাম যদি চাষীরা না পান তাহলে তারা নিজেদের ভরণপোষণ করবেন কি করে? এইভাবে বহু জায়গায় জমি অধিগ্রহণ করে তার ক্ষতিপূরণ আপনারা দিচ্ছেন না। আমি বিনয় বাবুকে লিখবার পর একটি মৌজায় ক্ষতিপূরণ দেবার কাজটা এগিয়েছিল। কিন্তু ১৯৭৮ সালের কেস এখনও পড়ে থাকবে কেন? কাজেই আপনার দপ্তরে যারা এসব কাজ দেখাশুনা করেন তাদের বলুন অবিলম্বে কমপেনসেশনের টাকা দিয়ে দিতে।

আমি বক্তব্য দীর্ঘায়িত করতে চাই না, তবে একটি কথা বলছি, ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যাক্টের ৪৩ ধারায় কো-অপারেটিভ ফার্মিং-এর কথা লেখা আছে। কিন্তু আপনি বলেছেন, যে, ছোট জোতে বেশি উৎপাদন হয়, তাই সাধারণভাবে কো-অপারেটিভ ফার্মিং-এর কথা চিন্তা করছেন না, কারণ কো-অপারেটিভ ফার্মিংয়ে একসঙ্গে অনেক জমি নিয়ে করতে হয়। কিন্তু কো-অপারেটিভ ফার্মিংয়ে ট্রাক্টর, ডিপ-টিউবওয়েল-এর মাধ্যমে সেচের ব্যবস্থা, বীজের ব্যবস্থা ইত্যাদি বৈজ্ঞানিক পদ্ধতিতে প্রয়োগ করে উন্নত চাষের ব্যবস্থা করা যায়। তার জন্য যে জমি সরকারে ন্যস্ত রয়েছে সেখানে আজকে যদি কো-অপারেটিভ ফার্মিং করে সেই জমিকে বেশি ফলনশীল করবার উদ্যোগ গ্রহণ করেন তাহলে সেটা একটা দৃষ্টান্ত স্থাপিত হবে এবং সেটা পরবর্তীকালে গোটা ভারতবর্ষে অনুসৃত হবে।

আর একটি কথা বলে শেষ করছি। আপনার দপ্তরের রেন্ট কন্ট্রোল বিলটি বর্তমানে

সিলেক্ট কমিটির বিবেচনাধীন রয়েছে। এই নিয়ে ভাড়াটিয়ারা এক রকম, বাড়ির মালিকরা আর এক রকম বলেছেন। তবে শুনেছি, এই আইনটা সংশোধন করে যাতে বাড়ির মালিকরা কিছু রেন্ট পান তার চেষ্টা করছেন। কিন্তু এক্ষেত্রে সিলেক্ট কমিটির কাজটা দীর্ঘদিন ধরে চলছে। আমি অনুরোধ করব, এ-ব্যাপারে যে সিদ্ধান্তই গ্রহণ করুন না কেন সেটা তাড়াতাড়ি গ্রহণ করে যাতে বিলটা হাউসে পেশ হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করুন।

যা হোক, বক্তব্য দীর্ঘায়িত না করে বলছি, যেখানে রাজ্যে ভূমি সংস্কারের কাজ বন্ধ হয়ে গেছে সেখানে এই বাজেটকে সমর্থন করতে পারছি না, তাই এর তীব্র বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনকে যাতে আপনারা সমর্থন করেন তারজন্য আবেদন জানিয়ে শেষ করছি।

**শ্রী বীরেন ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৯৭-৯৮ সালের জন্য ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের যে ব্যয়-বরাদ্দ মাননীয় মন্ত্রী সভায় পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি দৃঢ়ভাবে এবং বিরোধী পক্ষের আনা সমস্ত কাট মোশনের বিরোধিতা করছি। বিরোধী দলের মাননীয় নেতা এই বিষয়ে বক্তব্য রাখতে উঠে যে সমস্ত বক্তব্য রাখলেন তা আমি মনোযোগ দিয়ে শুনে বুঝতে পারলাম তিনি এমন স্ববিরোধী বক্তব্য রাখলেন, তিনি কি বলতে চাইছেন তা সবটা পরিস্কার হল না। তাঁর কথা থেকে এটাই বোঝা গেল যে আমাদের অবস্থান, কেন্দ্রীভূত ভূমি শ্রমজীবী মানুষের মধ্যে বিলি, সঠিক অবস্থার মধ্যে রয়েছে। এটাই মাননীয় বিরোধী দলের নেতার বক্তব্য থেকে বেরিয়ে এল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ বামফ্রন্ট সরকারের ভূমি সংস্কার কর্মসূচির যে সাফল্য সেই সাফল্য ...

(এ ভয়েস : সব অসত্য কথা, সব অসত্য কথা।)

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার :** মিঃ তাপস ব্যানার্জি, এটা ঠিক নয়। আপনারা যখন বলছিলেন তখন ওনারা শুনছিলেন। হাউসের একটা প্রসিডিয়োর আছে সেটা বুঝুন। আপনাদের অপোজিশন লিডার যখন বলছিলেন তখন ওনাদের একজনও কোনও শব্দ করেননি, সে সত্য হোক আর অসত্য হোক তাঁরা শুনেছেন। ওনারা যখন বলবেন তখন আপনাদের শুনতে হবে। আপনি একজন উকিল মেম্বার, ইউ মাস্ট হ্যাভ দি পেসেন্স।

**শ্রী বীরেন ঘোষ :** পশ্চিমবাংলার ভূমি সংস্কার গোটা ভারতবর্ষের কাছে একটা দৃষ্টান্ত এবং সর্বক্ষেত্রে তা প্রশংসিত হয়েছে। যদিও এখানে বিরোধী দলের নেতা তা সমর্থন করতে পারেননি। পশ্চিমবাংলার একজন নাগরিক হয়ে পশ্চিমবাংলার এই সাফল্য, তার থেকে তিনি গর্ব অনুভব করেননি। উল্টে তিনি এর সমালোচনা করলেন এবং বিরোধিতা করলেন। যদিও পশ্চিমবাংলার একজন নির্বাচিত সাংসদ পার্লামেন্টে গত ১৯ তারিখে এই ব্যাপারে বক্তব্য

রেখেছেন। তিনি বলেছেন, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের ভূমি সংস্কার ব্যবস্থা এবং বর্গাদার প্রথার বিষয় পশ্চিমবাংলা থেকে সারা দেশের শিক্ষা নেওয়া উচিত। এই রাজ্যের ভূমি সংস্কার এবং বর্গাদার প্রথাকে মডেল করে অন্যান্য রাজ্যে ভূমি সংস্কার করা দরকার। কারণ আমূল ভূমি সংস্কার ছাড়া দারিদ্র দূরীকরণের আর কোনও পথ নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ১৯ তারিখে লোকসভায় এই বক্তব্য রেখেছিলেন কংগ্রেস দল থেকে নির্বাচিত এম.পি. প্রিয়রঞ্জন দাসমুন্সি। বামফ্রন্ট সরকার তার জন্মলগ্ন থেকে বিকল্প কর্মসূচির কথা বলে আসছে। সেই বিকল্প পথ থেকে পশ্চিমবাংলায় ভূমি সংস্কার হয়েছে। গোটা ভারতবর্ষে মোট যে খাস জমি বিলি হয়েছে তার ১৮ শতাংশ জমি বিলি হয়েছে পশ্চিমবাংলায়। যদিও দেশের মোট চাষ যোগ্য জমি মাত্র ৩.৫ শতাংশ পশ্চিমবাংলায় অবস্থিত। বামফ্রন্ট সরকারের বিকল্প দৃষ্টিভঙ্গি হচ্ছে বিকেন্দ্রীকরণ উৎপাদন বৃদ্ধি এবং স্বনির্ভরতা। এই বিকল্প কর্মসূচির মধ্যে ভূমি সংস্কারের মধ্য দিয়ে কৃষির ক্ষেত্রে আমাদের জয়যাত্রা শুরু হয়েছিল ১৯৭৭ সাল থেকে বামফ্রন্ট সরকারের জন্মলগ্ন থেকে। আমরা মনে করি কৃষিপ্রধান দেশে ভূমি সংস্কার বাতিত রেখে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব নয়। তাই আমরা ভূমি সংস্কারকে গুরুত্ব দিয়ে সেটা কার্যকর করার চেষ্টা করেছি। মাননীয় অতীশবাবু স্ববিরোধী কথা বলে গেছেন। তিনি বললেন যে আমাদের আমলে নাকি ভূমি সংস্কার হয়নি, যা ভূমি সংস্কার কংগ্রেস আমলে হয়েছে। তারপর তিনি বললেন যে ৫২ বিঘা জমি যাদের আছে এই জমি দিয়ে তাদের দারিদ্র দূর হবে না। বিরোধী দলের নেতা নিশ্চয়ই জানেন যে এই যে ৫২ বিঘা জমি, সেচ এলাকায় সাড়ে ১২ একর এবং অসেচ এলাকায় সাড়ে ১৭ একর জমির এই যে ল্যান্ড সিলিং আইন, এই আইন আপনাদের নেতা মাননীয় সিদ্ধার্থশংকর রায় ১৯৭১ সালে তৈরি করে গিয়েছিলেন। আজকে সেই আইনের বিরোধিতা করেছেন অতীশচন্দ্র সিনহা মহাশয়। সেইজন্যই বলেছি যে তিনি স্ববিরোধী কথা বলেছেন। আমরা জানি ভারতবর্ষে এই ভূমিসংস্কার প্রশ্নটি কখনও গুরুত্ব দেওয়া হয়নি। এই কারণে দেওয়া হয়নি যেহেতু কংগ্রেস দল তখন কেন্দ্রীয় সরকারে ছিল।

[3-00 – 3-10 p.m.]

তাদের শ্রেণীগত অবস্থানের কারণে তারা জমিদারদের হাত থেকে জমি নিতে চাননি। যদিও প্রাক-স্বাধীনতার যুগে তারা ভারতবর্ষের কৃষককে শুনিয়েছিল, 'লাঙ্গল যার জমি তার'। কিন্তু তারা সেই কাজ করেননি। ভারত সরকার কর্তৃক নিযুক্ত প্রশান্ত মহলানবিশ কমিটি বলেছিলেন যে, ভারতবর্ষের মোট জমি হচ্ছে ৩৮ কোটি একর। তার মধ্যে শিলিং বহির্ভূত জমি পাওয়া যাবে ৬ কোটি ৫০ লক্ষ একর। এটা তাঁরা চিহ্নিত করেছিলেন। সেখানে এই সাড়ে ছ কোটি একর জমি পাবার কথা ছিল, তাঁদেরই কথা, সেখানে ভারত সরকার চিহ্নিত করেছিলেন মাত্র ৬৪ লক্ষ একর এবং সরকারে ন্যস্ত হয়েছিল মাত্র ৫১ লক্ষ একর। এই জমির মধ্যে ২৯ লক্ষ একর জমি হচ্ছে এই পশ্চিমবাংলায়। আর বাকিটা ত্রিপুরা, কেরালা এবং জম্মু ও কাশ্মীরে। বাকি অন্যান্য প্রদেশে এই কাজ করা হল না। এটাই ছিল কংগ্রেসের

শ্রেণী চরিত্র। পশ্চিমবাংলায় এই ২৯ লক্ষ একর জমির মধ্যে ১০ লক্ষ ৯ হাজার একর জমি ইতিমধ্যেই বন্টন করা হয়েছে। এখানে মাননীয় বিরোধী দলের নেতা মনে করিয়ে দিয়ে ভালই করেছেন। কেন না, পরিসংখ্যানের কচকচি এবং কারচুপি নিয়ে পশ্চিমবাংলার মানুষ বসে নেই। তাদের যে তিক্ত অভিজ্ঞতা, রক্তাক্ত অভিজ্ঞতা সেটা হচ্ছে সত্তর দশকের অভিজ্ঞতা। আমরা জানি, প্রশান্ত মহলানবিশ কমিটির রিপোর্ট মেনে জমি দখল হল না। ১৯৬৭-৬৯ সালে যুক্তফ্রন্ট সরকারকে কৃষকরা সংগ্রামের হাতিয়ার করে সেদিন লাখো কৃষক সেই উদ্বৃত্ত জমিকে খাস করার জন্য লড়াই শুরু করেছিল। তারা সেদিন যখন চোরাই জমি উদ্ধারের জন্য সংগ্রামে নেমেছিল তখন তাদের উপরে লাঠি এসে পড়েছিল, কংগ্রেসের পুলিশ, সি.আর.পি., মিলিটারি এসে দাঁড়িয়েছিল জোতদার জমিদারদের পক্ষে। যুক্তফ্রন্ট-এর নেতৃত্বে জোতদার জমিদারদের চোরাই জমি উদ্ধার করার জন্য তারা জীবন দিয়েছিল, রক্ত দিয়েছিল। সেই রক্তাক্ত অভিজ্ঞতার কথা পশ্চিমবাংলার মানুষ ভোলেনি। বর্ধমান জেলার মঙ্গলকোট-এর অন্তর্গত চৈতন্যপুরে রায়েরা গুলি চালিয়ে চারজনকে মেরেছিল। সেদিন জমি দখল করতে গিয়ে গুলি চলেছিল মেমারির বিজুরে শ্রমজীবী মানুষের উপরে। গুলি চলেছিল বর্ধমানে, হুগলিতে, চব্বিশ পরগণায় এবং মেদিনীপুরে। সেদিন বিভিন্ন আন্দোলনে কয়েকশো কৃষককে জীবন দিতে হয়েছিল। তারপর ১৯৭২ সালে আধা ফ্যাসিস্ট, সন্ত্রাস সৃষ্টি করে উদ্ধার করা সেই জমি কেড়ে নিয়ে জোতদারদের ফিরিয়ে দেবার চেষ্টা কংগ্রেস শুরু করেছিল। পশ্চিমবাংলার মানুষ সংগ্রামের মধ্যে দিয়ে যে অভিজ্ঞতা অর্জন করেছিল, সেই আধা ফ্যাসিস্ট সন্ত্রাসের কাছে পশ্চিমবাংলার মানুষ মাথা নোয়ায়নি। সেই দখলিকৃত জমি তাদের কাছ থেকে কেড়ে নেওয়া যায়নি। যুক্তফ্রন্ট সরকারের সময়ে সেদিন সেই জমির পাট্টা দেওয়া যায়নি। অল্প সময়ের মধ্যে আইনগত অসুবিধার জন্য সেদিন পাট্টা দেওয়া যায়নি। ডি.সি.আর.-এর মাধ্যমে সেই ৬ লক্ষ একর দখল করা জমি—যা বারেবারে কেড়ে নেবার চেষ্টা হয়েছিল তা—কংগ্রেস আমলে পাট্টা দিতে বাধ্য হয়েছিল। সুতরাং ৬ লক্ষ একর জমি নিয়ে যে গর্ব ওঁরা করেন, সেই ক্রেডিট তাঁদের নয়। সেই ক্রেডিট হচ্ছে আসলে পশ্চিমবাংলার গরিব শ্রমজীবী মানুষের। এখানে পরিসংখ্যান দিয়ে ক্রেডিট দাবি করা হয়েছে যে, কংগ্রেসের আমলে জমি বিলি হয়েছে। তাহলে এত কান্ড এখানে ঘটত না। তাই আজকে দেখা যায় যে, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পর বিকল্প দৃষ্টিভঙ্গি নিয়ে নতুন ভাবে এই জমির আন্দোলন শুরু হয়েছে এবং যে জমি ইতিমধ্যে বন্টন করা হয়েছে তার পরিমাণ হচ্ছে ১০ লক্ষ ৯ হাজার একর। এবং শুধু তাই নয়, সেই জমি ২৩ লক্ষেরও অধিক মানুষের মধ্যে বিতরণ করা হয়েছে। অতীশবাবুর বড় দুঃখ হচ্ছে জমি বিলি হচ্ছে না বলে, আবার তিনি তার উত্তরে বলে দিয়েছেন যে, জমি তো আর ইলাস্টিক নয় বা রবার নয় যে বাড়ালেই বাড়বে। যত টানবে তত বাড়বে, জমির ক্ষেত্রে তো এটা সম্ভব নয়, কারণ এর একটা সীমবদ্ধতা আছে। একটা সময় আসবে যখন এর সীমাবদ্ধতা দেখা দেবেই। এই কারণেই তো দ্বিতীয় ভূমি সংস্কার সংশোধনী বিল আনা হয়েছে এবং তার মধ্যে দিয়ে জমির সংজ্ঞা পরিবর্তনের মধ্যে দিয়ে কিছু কিছু জমি পাওয়া যাবে। এর মধ্যে দিয়ে কিছু জমি বাড়ানোর চেষ্টা করা হচ্ছে।

এর মধ্যে বর্গা রেকর্ড ১৪ লক্ষ হয়েছে, আর বেশি বর্গা নেই এবং একটা সময়ে এই জায়গাতে আসতেই হবে। অতীশবাবু বলেছেন কৃষি উৎপাদন বৃদ্ধি পেয়েছে বলে আমরা নাকি দাবি করেছি, হ্যাঁ আমরা দাবি করেছি যে কৃষি উৎপাদন বৃদ্ধি পেয়েছে। আমাদের এগ্রিকালচারাল সেনসাস রিপোর্ট দেখলাম, তাতে দেখা গেল যে, ১৯৭০-৭১ সালে পশ্চিমবঙ্গে জোতের সংখ্যা ছিল ৪২ লক্ষ, সেখানে ১৯৯০-৯১ সালে সেটা দাঁড়িয়েছে ৬৩ লক্ষ ৬২ হাজারে। আর এবার এই হোল্ডিং সংখ্যা দাঁড়াবে ৬৫ লক্ষের মত। জোতের সংখ্যা বাড়া মানেই জমির কেন্দ্রীয় ভবন ভেঙ্গে গরিব, ক্ষুদ্র প্রান্তিক চাষীর হাতে জমি যাওয়া। এর ফলেই চাষের উৎপাদন বৃদ্ধি হচ্ছে এবং জমিতে ছোট ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীদের ইন্টারেস্ট বাড়ছে। সেই কারণে সারা ভারতবর্ষে সেখানে গড় উৎপাদনের হার ২.৮ শতাংশ, সেখানে পশ্চিমবঙ্গে গড় উৎপাদনের হার ৫.৮ শতাংশ, এটা তো আর কোনও ম্যাজিকের দ্বারা সম্ভব হয়নি। আসলে জমির উপরে জোতের যে কেন্দ্রীয় ভবন ছিল সেটা ভেঙ্গে গিয়ে গরিব চাষীদের হাতে ছড়িয়ে পড়ায় চাষীরা তাদের ইন্টারেস্টে কৃষির উৎপাদন বাড়িয়েছে। এরজন্য পশ্চিমবঙ্গ সরকার কৃষি সহায়ক সব রকমের সাহায্য করছেন যেমন ব্যাঙ্ক, উন্নতমানের বীজ সরবরাহ করছেন, মিনিকিট এবং সেচের সুবিধা করে দেওয়ার ফলে উৎপাদন বৃদ্ধিতে সুবিধা হয়েছে এবং এখানেই সাফল্য এসেছে, এখন যা বিক্রি হচ্ছে তা অতীতের সংখ্যাতত্ত্বের সঙ্গে কোনও সামঞ্জস্য নেই। আসলে মেহনতি, ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীরা আজকে উৎপাদন বৃদ্ধিতে উজ্জীবিত হয়েছে। এর ফলে গ্রামে গ্রামে অনেক গঞ্জ বেড়েছে, ছোট শিল্প বেড়েছে। কিন্তু আজকে কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতির ফলে সমস্ত জিনিসের দাম বাড়ছে, কিন্তু সেই তুলনায় পশ্চিমবঙ্গে খাদ্য শস্য উৎপাদনের বৃদ্ধি ঘটেনি। আপনাদের সময়ে বড় বড় জমির মালিকরা তাদের উৎপাদিত ফসল কৃষকদের না দিয়ে মজুত করার ব্যবস্থা করত। খাদ্য শস্য মজুত করে রেখে দিয়ে বাজারে না ছেড়ে বর্ষার সময়ে বেশি দামে বাজারে বিক্রি করা হত। মহাজনদের কাছ থেকে গরিব মেহনতি মানুষেরা ধার চাইতে গেলে এক টিন কর্জের পরিবর্তে তাদের সুদ সমেত তিন টিন ফেরত দিতে হত। আজকে আর সেই মহাজনরা নেই। আজকে জোতের সংখ্যা ৪২ লক্ষের থেকে ৬৫ লক্ষতে পৌঁছেছে। সারা ভারতবর্ষে জমির কেন্দ্রীয় ভবন আপনারা দেখুন, সেখানে প্রান্তিক এবং মেহনতি মানুষের হাতে মাত্র ১৮ শতাংশ জমি এসেছে, সেখানে পশ্চিমবঙ্গে ২৯ শতাংশ জমি চাষীদের হাতে এসেছে।

[3-10 – 3-20 p.m.]

গরিব মানুষের হাতে চাষযোগ্য জমির পরিমাণ হচ্ছে ৬৫ শতাংশ, পশ্চিমবাংলায় যারা ১০ একরের উর্ধ্বে জমির মালিক তারা বড় মালিক, তাদের হাতে গোটা ভারতবর্ষের চাষযোগ্য জমির ৫০ শতাংশ কনসেনট্রেটেড। পশ্চিমবাংলায় এই সংখ্যাটা হচ্ছে মাত্র ১৮ শতাংশ। এমনি করে জমিদারির কেন্দ্রীয় ভবন-এর একটা পরিবর্তন ঘটেছে পশ্চিমবাংলায় এই ভূমি সংস্কার কর্মসূচির মধ্যে দিয়ে। তাই আজকে গ্রামাঞ্চলে উৎপাদনশীলতার দরজা খুলে গিয়েছে। তাই আজকে গ্রামাঞ্চলে জমিদারি ব্যবস্থা, মজুতদারি ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। আজকে

যে ধান উৎপন্ন হয়, ঐ জমির যারা মালিক, তারা সবটা তার ঘরে মজুত রেখে দাম বাড়িয়ে যারা ছাড়ত, আজকে আর তারা সেটা করতে পারছে না। গোলায় ধান মজুত রাখতে পারে না। ধান ওঠার মরশুমে বাজারে ধান চলে আসে, বাজারে সেই ধান বিক্রি হয়ে যায়, চাষীরা কালোবাজারির কবলে পড়তে হয় না। এটাই হচ্ছে গ্রামাঞ্চলের একটা নূতন চেহারা, ভূমি সংস্কারের ফলে এই চেহারাটা পাল্টে দেওয়া গিয়েছে। আজকে গ্রামাঞ্চলের ক্ষেতমজুর বামফ্রন্ট সরকারের যে বিকেন্দ্রীকরণ নীতি সেই বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে পঞ্চায়েতি ব্যবস্থার মধ্যে দিয়ে গাঁয়ের গরিব মানুষকে যুক্ত করে উন্নয়নের নূতন পথ খোলা গিয়েছে। গাঁয়ের গরিব মানুষেরা যুগ যুগ ধরে জোতদার জমিদারের কাছে বাঁধা থাকত, তারা কখনওই মাথা তুলে দাঁড়াতে পারত না। কিন্তু ভূমিসংস্কারের ফলে সেই অর্থনৈতিক প্রতিবন্ধকতাকে এড়িয়ে নতুন ভূমিসংস্কারের জন্য তারা মাথা তুলে দাঁড়িয়েছে। যে লোকটি বিচুলি কাটত, খড় কেটে দিত, যে লোকটি কোনও কথা বলতে পারত না, সেই ভূমিহীন ক্ষেতমজুর আজকে পঞ্চায়েতে প্রতিদ্বন্দ্বিতা করছে এবং গ্রামের সংখ্যালঘিষ্ঠ শ্রমজীবী মানুষের সহযোগিতা নিয়ে সেই লোকটি পঞ্চায়েতের সদস্য হচ্ছেন এবং নিজেকে উন্নয়নের সঙ্গে যুক্ত করছেন। সেই ব্যক্তি শ্রমজীবী মানুষের প্রতিনিধিত্ব করে গাঁয়ের গরিব মানুষকে যুক্ত করে উন্নয়নের নূতন পথ খুলে দিয়েছে। তাই পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের চেহারাটা পাল্টে গিয়েছে। মাননীয় অতীশচন্দ্র সিনহা মহাশয়ের গায়ে জ্বালা ধরে, তিনি সজ্জন লোক, ভদ্রলোক, ভাল মানুষ কিন্তু তিনি শ্রেণী বিভক্ত ভূস্বামী থেকে এসেছেন, সেই ভূস্বামীদের গায়ে জ্বালা ধরছে, তাদের যে নীতি সেই নীতির পরিবর্তন হলেই। আমরা আমাদের অবস্থানের পথে এগিয়ে চলেছি, সঠিকভাবে এখানে বামফ্রন্ট সরকার এগিয়ে চলেছে। উনি বলেছেন, আমূল ভূমিসংস্কারের কথা, আমরা আমূল ভূমিসংস্কারের কথা বলি না, আমরা জানি, গোটা ভারতবর্ষে পুঁজিবাদীদের পথে চলবে, জমিদারীর পথে চলবে, আমরা সেই কারণে আমূল ভূমিসংস্কারের কথা বলিনা, ভূমিসংস্কারের যে কাজ, তার মধ্যে দিয়ে আজকে গ্রামাঞ্চলের যে সাফল্য এসেছে, এর মধ্যে দিয়ে উৎপাদনশীলতা বেড়েছে। অন্যদিকে বলা যেতে পারে যে অভ্যন্তরীণ বাজার তৈরি হয়েছে, গ্রামাঞ্চলে, আজকে গ্রামাঞ্চলে বার্ষিক আয় হচ্ছে ৩০ হাজার কোটি টাকা, যার মধ্যে ৯ হাজার কোটি টাকা হচ্ছে শিল্পপণ্যের চাহিদা হিসাবে বেড়েছে। তাই পশ্চিমবাংলায় শিল্পায়নের পরিবেশ দেখা দিয়েছে। ভূমিসংস্কার কর্মসূচির যে সাফল্য সেই সাফল্যকে সুসংহত করে আমরা এগিয়ে যেতে চাই। পশ্চিমবাংলার কৃষির স্বার্থে শিল্পকে এগিয়ে নিয়ে যেতে চাই। তাই মাননীয় ভূমিসংস্কার মন্ত্রী যে ব্যয়বরাদ্দের প্রস্তাব এখানে পেশ করেছেন তাকে আমি দৃঢ়ভাবে সমর্থন করি। বিরোধী দলের প্রতিনিধিরা পশ্চিমবাংলার মানুষের স্বার্থে, ভূমিসংস্কারকে সমর্থন করবেন—এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অধীররঞ্জন চৌধুরি ঃ** মাননীয় স্পিকার স্যার, ভূমিসংস্কার দপ্তরের আজকের এই বাজেটের চূড়ান্তভাবে বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। স্পিকার স্যার, আমরা দেখলাম এই বাজেটে প্রায় ২০ কোটি টাকার উপর বরাদ্দ বাড়ানো হয়েছে গত বছরের

তুলনায়। আমি বুঝতে পারছি না এই ধরনের একটা অপদার্থ, অকর্মণ্য দপ্তরের কি বৈপ্লবিক পরিবর্তনের জন্য এই ব্যয়বরাদ্দ করা হল। ভারতবর্ষের একটা দরিদ্রতম রাজ্যের নাম পশ্চিমবঙ্গ। পশ্চিমবঙ্গের মাথাপিছু যে ক্যাপিটাল ইনভেস্টমেন্ট হয় তা যখন ৪৪ হাজার টাকা সেই সময় জাতীয় গড় মাথা পিছু ক্যাপিটাল ইনভেস্টমেন্ট-এর পরিমাণ ৯২ হাজার টাকা। যখন জাতীয় গড় এগ্রিকালচারাল প্রোডাকশনে মাথা পিছু ২০১ কিলো তখন পশ্চিমবঙ্গের মাথাপিছু এগ্রিকালচারাল প্রোডাকশন ১৭৭ কেজি। পশ্চিমবঙ্গে রুরাল ইনকাম যখন জাতীয় গড়ে ১৫শো টাকা তখন এই রাজ্যে রুর‍্যাল ইনকাম মাথাপিছু ১২শো ৬৪ টাকা। ৫৪ লক্ষ নথিভুক্ত বেকার। স্রোতের মতো প্রতিদিন বেকারের সংখ্যা বাড়ছে। ৪৪ লক্ষ টন ফুড শর্টেজ রয়েছে এই রাজ্যে। তার পর এই ব্যয়বরাদ্দকে আমি বামবিলাসিতা বলতে চাই। স্পিকার স্যার, এই রাজ্যের বামপন্থী বন্ধুরা নিজেদের কৃতিত্ব যতই ফলাও করে বলুন না কেন মনে রাখবেন লাল কেরিওয়াল কমিটি রিপোর্ট অনুযায়ী এরাজ্যে দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী মানুষের সংখ্যা ৩২.৭ শতাংশ। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বাজেটে একটি বিষয়ে মাননীয় মন্ত্রী গর্ববোধ করেছেন দেখে আমি খুশি। মাননীয় মন্ত্রী বলেছেন যে পশ্চিমবাংলায় ১৬টি জেলায় স্বত্বলিপি কম্পিউটারের মাধ্যমে সংরক্ষণ করা হচ্ছে। এজন্য তিনি গর্ববোধ করেছেন। আমরাও গর্ববোধ করি। কিন্তু স্পিকার স্যার, এইকথা আমাদের মনে রাখা দরকার ৮০র দশকে বামপন্থী বন্ধুরা কেন পশ্চিমবাংলায় কম্পিউটার ইনস্টলেশনের বিরুদ্ধে সোচ্চার হয়েছিলেন। বলেছিলেন, এই রাজ্যে কম্পিউটার স্থাপন করা হবে না কারণ এই রাজ্যের তাহলে ক্ষতি হবে। এই রাজ্যের বেকার ক্ষতিগ্রস্ত হবে। আমাদের মুর্শিদাবাদে একটা কথা আছে 'হুঁকে পড়ে'। এই বামপন্থী বন্ধুরা হুঁকে পড়েছেন। সেই সময়ে বহু শিল্প প্রতিষ্ঠান চলে গিয়েছে। আজকে বামপন্থী বন্ধুরা যে কম্পিউটারের প্রয়োজনীয়তা এবং তার সাফল্যের গাওনা গাইছেন তার জন্য আমি খুশি হয়েছি। পশ্চিমবাংলার মানুষ দেখেছে কংগ্রেস যখন ক্ষমতায় ছিল, তখন গ্রামাঞ্চলে কৃষির উন্নতির জন্য সেচের বন্দোবস্ত করেছে। বিভিন্ন জলবিদ্যুৎ প্রকল্প হয়েছে।

[3-20 – 3-30 p.m.]

জলকে একদিকে বিদ্যুৎ উৎপাদনের কাজে অন্যদিকে চাষের কাজে ব্যবহার এর দিকে যখন চিন্তাভাবনা করা হচ্ছে, তখন এই বামপন্থী বন্ধুরা গ্রামের চাষীদের বুঝিয়েছিল যে, জলবিদ্যুৎ প্রকল্প যদি হয়, সেই জল থেকে যদি বিদ্যুৎ উৎপন্ন হয়, তাহলে জলে নাকি সার থাকবে না। আর জলে সার না থাকলে জমিতে চাষ হবে না। এটা আপনারাও জানেন এবং আমরাও জানি। এখন আপনারা বুঝতে পেরেছেন যে, সেদিনের এই কথা কত অবান্তর ছিল। আমরা চাই আপনাদের আত্মার শুদ্ধিকরণ ঘটুক, চিত্তের শুদ্ধিকরণ ঘটুক, মানসিকতার শুদ্ধিকরণ ঘটুক। আমরা জানি যে, এই প্রচারসর্বস্ব এই দল শুধু জানে হ্যাঁকে না করতে, রাতকে দিন করতে, অমাবস্যাকে পূর্ণিমা করতে। এই দলের একটা ফিলজফি আছে। মার্ক্সীয় ফিলজফি অনুযায়ী সেই তথ্যের নাম মিলিট্যান্ট মেটিরিয়াল। আমরা জানি এরা হ্যাঁকে না করতে এই

মার্কসীয় তথ্য প্রয়োগ করে থাকেন। মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমরা জানি যে, ভারতে এক সময় ইস্টইণ্ডিয়া কোম্পানি এসেছিল। এই ইস্ট ইণ্ডিয়া কোম্পানি যখন এসেছিল, সেই সময় ভারতের ট্রেড ছিল পূর্ব থেকে পশ্চিম মুখী। অর্থাৎ ভারতের যে র মেটিরিয়াল, যে ম্যানুফ্যাকচারড গুডস, এখানকার মসলা, এই সমস্ত পূর্ব থেকে নিয়ে গিয়ে ইস্ট ইণ্ডিয়া কোম্পানি ইংলণ্ডের বাজারে বিক্রি করত। শিল্প বিপ্লবের পরে ইণ্ডাস্ট্রিয়াল ক্লাসের জন্ম হল, যারা ইণ্ডাস্ট্রিয়াল টেকনিক বুঝতে পারে এবং এই ইণ্ডাস্ট্রিয়াল ক্লাস ইস্ট ইণ্ডিয়া কোম্পানিকে খর্ব করার জন্য এবং বিশ্বের বাজার দখল করবার জন্য বৃটেন সরকারকে দিয়ে লেজিসলেশন আনিয়েছিল এবং এই লেজিশলেশনের মধ্য দিয়ে ভারতবর্ষ থেকে সেই সময়, ব্রিটেন-এ আমদানিকৃত সেই সমস্ত পণ্য দ্রব্যের উপর তারা প্রতিবন্ধকতা সৃষ্টি করল। ভারত থেকে সমস্ত পণ্যদ্রব্য সেখানে যাওয়া বন্ধ হয়ে গেল। উল্টো দিক থেকে ব্রিটেনের সেই সমস্ত ইণ্ডাস্ট্রিয়াল ক্লাস, তারা বৃটেনে তৈরি পণ্য দ্রব্য ভারতের বাজারে নিয়ে আসতে আরম্ভ করল এবং ব্রিটিশ সরকার ইকনমিক অ্যাণ্ড পলিটিকাল মেজারস্ গ্রহণের মধ্য দিয়ে ভারতের মার্কেটে প্রস্তুত পণ্য দ্রব্যের জন্য যাতে উপকৃত হতে পারে, তার বন্দোবস্ত করল এবং এর ফলে ইস্ট ইণ্ডিয়া কোম্পানির সময় যে ট্রেড পূর্ব থেকে পশ্চিমে যেত, সেটা ইণ্ডাস্ট্রিয়াল ক্লাসের বৃটেনে জন্ম দেওয়ার পরে ট্রেড হল পশ্চিম থেকে পূর্বমুখী। ভারতে যে ব্যবসা ছিল, কটেজ টেক্সটাইল এছাড়াও ছিল শিপ বিল্ডিং, ইত্যাদি যে পুরানো ব্যবসা ছিল, সেগুলি ধ্বংস হয়ে গেল। হাজার হাজার লক্ষ লক্ষ ক্রাফটস্ম্যান, আর্টিসান বেকার হয়ে গেল। ভারতে একটা ভ্যাকুয়াম, শূন্যস্থান তৈরি হল। এদেশের পণ্যদ্রব্য এদেশের মার্কেটে বিক্রি করবার জন্য নানা রকম প্রতিবন্ধকতা তৈরি করল। ফলস্বরূপ কি হল—না, এই সমস্ত আর্টিসান ক্রাফটসম্যান মৃত্যুমুখে পতিত হল। রোজগারের জন্য কোনও ব্যবস্থা না থাকার ফলে সেই সমস্ত মানুষের ঢল আবার গ্রামের অভিমুখে যাত্রা করেছিল। অর্থাৎ ব্যাক টু ভিলেজ মুভমেন্ট শুরু হল। এইভাবে শুরু হওয়ার ফলে কৃষিজমির চাহিদা বাড়ল। যে কোনও উন্নতিশীল দেশে মানুষের গতি হয় ফ্রম ভিলেজ টু টাউন, ফ্রম রুর‍্যাল বেল্ট টু আরবান বেল্ট। ভারতে এমন একটা পরিস্থিতি সৃষ্টি হল, তার ফলে মানুষের ঢল চলল গ্রামের দিকে। রুরালাইজড হল ভারতবর্ষ। ব্রিটিশরা ভারতকে বোঝাল যে, তোমরা শুধু এগ্রিকালচার নিয়ে দেখ, তাহলে তোমাদের দেশের উন্নতি। কর্ণওয়ালিশ যে জমিদারি প্রথা প্রবর্তন করেছিলেন, ভারতবর্ষের জাতীয়তাবাদী কংগ্রেস ক্ষমতা দখল করার পর প্রথমেই সেই জমিদারি প্রথা উচ্ছেদের জন্য আইন প্রণয়ন করেছিলেন। একথা নিশ্চয়ই বামপন্থীরা স্বীকার করবেন। পশ্চিমবঙ্গে ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে, ১৯৫৩ সালে এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট প্রণীত হয়েছিল কিনা সেটাও নিশ্চয়ই বামপন্থী বন্ধুরা জানেন। আজকাল মাঝে মাঝেই আমরা দেখছি আপনারা গান্ধীজি থেকে কোটেশন করে বিধানসভায় কথা বলছেন। এতে আমরা খুশি। আমরা খুশি হয়েছি আপনাদের মানসিকতা পরিবর্তনের জন্য। আমরা জানি আগামীদিনে আপনারা গান্ধীজী জিন্দাবাদ বলবেন। কিন্তু আমার একটা আপত্তি আছে যে, গান্ধীজি লাল সেলাম বলা যাবে না। আমি ব্রেক-আপ দিচ্ছি, তা হল, ১৯৬৬ সালের ১৪ই মার্চ পর্যন্ত পশ্চিমবঙ্গে কংগ্রেস ক্ষমতাসীন ছিল,

সেই সময় এম. আই. সি. (ল্যাণ্ড রিফর্মস) ছিলেন শ্যামাপদ ভট্টাচার্য্য। আমি পরিসংখ্যান থেকে দেখছি, ১৯৬৬ সালের ১৪ই মার্চ পর্যন্ত ল্যাণ্ড ভেস্টেড হয়েছিল ৩ লক্ষ ৭২ হাজার ৭২৬ একর। এরপর পশ্চিমবঙ্গে যুক্তফ্রন্ট সরকার দুটো টার্মে ছিলেন, ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত। সেই সময় পশ্চিমবঙ্গে এম. আই. সি. (ল্যাণ্ড রিফর্মস) ছিলেন হরেকৃষ্ণ কোঙার মহাশয়। এই সময় অর্থাৎ ১৯৬৯ সাল অবধি ভেস্টেড ল্যাণ্ডের পরিমাণ ছিল ৫ লক্ষ ১০ হাজার একর। স্বাভাবিক ভাবে একথা বলা যেতে পারে যে বামপন্থীরা ক্ষমতায় আসার পর, ডিউরিং দি লেফট রেজিম, ১৯৬৯ সাল পর্যন্ত ল্যাণ্ড ভেস্টেড হয়েছিল ১ লক্ষ ৩৭ হাজার ২৭৪ একর। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল কংগ্রেসি জমানা। ১৯৭৭ সালের শেষে ভেস্টেড ল্যাণ্ডের পরিমাণ দাঁড়াল ৯ লক্ষ ২৬ হাজার একর। অর্থাৎ শুধু মাত্র কংগ্রেস জমানায় ১৯৭২-৭৭ সাল পর্যন্ত ল্যাণ্ড ভেস্টেড হয়েছিল ৪ লক্ষ ১৬ হাজার একর। ১৯৯৭ সাল পর্যন্ত ভেস্টেড ল্যাণ্ডের পরিমাণ, বাজেট বক্তৃতা অনুযায়ী ১২ লক্ষ ৮৭ হাজার একর। তাহলে ডিউরিং দি লেফট রেজিম, ১৯৭৭ সাল থেকে ১৯৯৭ সাল পর্যন্ত ভেস্টেড ল্যাণ্ডের পরিমাণ হল ৩ লক্ষ ৬১ হাজার একর। তাহলে ১৯৭৭ সাল থেকে ১৯৯৭ সাল পর্যন্ত প্লাস ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত বাম জামানায় মোট ভেস্টেড ল্যাণ্ডের পরিমাণ হল ৪ লক্ষ ৯৮ হাজার ২৭৪ একর। কংগ্রেস সরকারের আমলে মোট ল্যাণ্ড ভেস্টেড হয়েছিল ৭ লক্ষ ৮৮ হাজার ৭২৬ একর। আপনাদের বাজেট বক্তৃতা অনুযায়ী ডিস্ট্রিবিউটেড ল্যাণ্ড ১০ লক্ষ ৯ হাজার একর। তার মধ্যে বাম জমানায় জমি বন্টনের পরিমাণ ৪ লক্ষ ৪ হাজার একর। বাকি ৬ লক্ষ ৫ হাজার একর জমি কংগ্রেস জমানাতে বন্টিত হয়েছিল। এইসব দেখে বামপন্থী বন্ধুদের এবার ড্রাম বাজানো নিশ্চয়ই বন্ধ হবে। আমার আগের বক্তা বললেন যে এখানে নাকি হাজার-হাজার, লক্ষ লক্ষ বিঘার জমিদাররা ছিলেন। আমি মার্ক্সবাদী পত্রিকা থেকে কিষাণ সভার নেতা শান্তিময় ঘোষের বক্তব্য এখানে উল্লেখ করব।

[3-30 – 3-40 p.m.]

মার্ক্সীয় কৃষক সভার নেতা শান্তিময় ঘোষ এক মার্ক্সীয় প্রবন্ধে বলেছিলেন, ভূস্বামীদের জমি দখল করে গরিব চাষীদের মধ্যে বিলিয়ে দিতে হবে। তার উত্তরে প্রমোদ দাশগুপ্ত বলেছিলেন, তাঁর অভিমত ছিল, 'সারা ভারত কৃষক বিপ্লবের ক্ষেত্রে কথাটা ঠিকই, কিন্তু পশ্চিমবঙ্গে এরকম কোনও কিছুর প্রয়োজন নেই। বামপন্থী বন্ধুরা, আপনাদের বক্তৃতার মধ্যে আপনারা স্ব-বিরোধিতা করছেন, আপনাদের নেতাদের কথায় তা স্পষ্ট। এর পর নিশ্চয় আপনারা আপনাদের ভুল-ত্রুটি শুধরে নেবেন। পশ্চিমবাংলায় কংগ্রেস সরকারের আমলে ব্যক্তি মালিকানা থেকে পারিবারিক মালিকানায় জমি সিলিংয়ের যে পরিবর্তন, তা সাধিত হয়েছে। বর্গাদারদের স্বার্থ রক্ষার জন্য বর্গাদার অ্যাক্ট, ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট, পাট্টা রাইটস অ্যাক্ট, ক্ষেতমজুরদের ন্যূনতম মজুরির জন্য মিনিমাম ওয়েজেস অ্যাণ্ড এগ্রিকালচার অ্যাক্ট, এইগুলো কংগ্রেস আমলেই গৃহীত হয়েছিল। যাতে ক্ষেতমজুররা অন্যায় ভাবে জমি থেকে উচ্ছেদ না হয়, তা প্রোটেকশনের জন্য কংগ্রেস আমলে ইন্সপেক্টর নিয়োগ হয়েছিল। এই কথা

বামপন্থী বন্ধুরা ভুলে যাবেন না। কংগ্রেস আমলে জমি বন্টনের যে পদ্ধতি আমরা অবলম্বন করতাম, তা বলছি। আমরা একটা ল্যাণ্ড অ্যাডভাইসরি কমিটি করেছিলাম, তাতে বিরোধী সদস্যদেরও রাখতাম, সরকার পক্ষের সদস্যরাও থাকতেন। সেই কমিটি এলাকা পর্যবেক্ষণ করে ঠিক করতেন কোথায় জমি ভেস্ট করা যাবে, কি ভাবে জমি অধিগ্রহণ করা যাবে। এটা স্থির করার পর জে. এল. আর. ও.-এর মাধ্যমে তখন রেভিনিউ অফিসার ছিলেন—সেই জমি নির্দিষ্ট বর্গাদারদের কাছে পৌছে দেওয়া হত। আর বামফ্রন্ট জমানায় কি হল? একটা ফাইভ মেন কমিটি হল, যার সদস্য হবে থানার ও. সি., বি. ডি. ও., বি. এল. আর. ও., কর্মাধ্যক্ষ, পঞ্চায়েতে সমিতির সভাপতি, বিরোধী দলের কোন সদস্য নেই। আমরা জানি আপনারা গণতন্ত্রে বিশ্বাস করেন না, ব্যক্তি স্বাধীনতাকে গুরুত্ব দেন না এবং মার্ক্সীয় নীতি অনুযায়ীই এই কমিটি করেছেন। বন্ধুগণ ভুলে যাবেন না, হাইকোর্ট এই কমিটিকে বাতিল করেছে, অসাংবিধানিক বলেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ফাইভ মেন কমিটির জন্যই আজ গ্রাম বাংলার বুকে ভয়ঙ্কর বাতাবরণের সৃষ্টি হয়েছে, তা দেখে পশ্চিমবাংলার সচেতন মানুষ স্বাভাবিক ভাবেই আতঙ্কিত। গ্রামবাংলায় আজ বামফ্রন্টের নেতৃত্বে ভূমিহীন কৃষক ভূমিহীন কৃষককে, ক্ষেত মজুর ক্ষেত মজুরকে খুন করছে। তাদের রক্তে রঞ্জিত হচ্ছে মাটি। তাই সর্বান্তকরণে এই বাজেটের বিরোধিতা করে, কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হাফিজ আলম সৈরানি :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের যে ব্যয়বরাদ্দ-এর দাবি রেখেছেন, তাকে সম্পূর্ণরূপে সমর্থন করছি। এই সভায় বিরোধী দলের নেতা এবং তাঁর দলের একজন বিপ্লবী বক্তা এখনে বক্তব্য রেখেছেন এবং প্রমাণ করতে চেষ্টা করেছেন যে, পশ্চিমবাংলায় ভূমি সংস্কারের যা কাজ হয়েছে, তা কংগ্রেসের আমলেই হয়েছে। আমি এ ব্যাপারে কিছু তথ্য আপনার কাছে পেশ করতে চাই। আপনি জানেন স্যার, ১৯৫৬ সালের ৩০-শে মার্চ 'দি ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্ম অ্যাক্ট '৫৫' পাস হয়। ১৯৫৬ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত, আজকে যাঁরা বিরোধী পক্ষে আছেন তাঁরা বেশির ভাগ সময় ধরে তখন ক্ষমতায় ছিলেন। আমরা তখনকার যে হিসাব পাচ্ছি তাতে দেখা যাচ্ছে যে, ২ লক্ষ ৫০ হাজার ৯৯২.৩২ হেক্টর জমি তখন বিলি-বন্টন করা হয়েছিল। এর মধ্যে যে জমি কেবল যুক্তফ্রন্ট-এর আমলে—যে কয়েক বছর যুক্তফ্রন্ট ছিল—বিলি হয়েছিল তার পরিমাণ হচ্ছে, ২ লক্ষ ৪২ হাজার ৮১১.৬ হেক্টর অর্থাৎ এটা যদি বিয়োগ করা হয় তাহলে দেখা যাবে কংগ্রেস ১৯৫৬ সাল থেকে নিয়ে ১৯৭৭ সাল পর্যন্ত ৮ হাজার ১৮০.৭২ হেক্টর জমি বিতরণ করেছিলেন। এই হচ্ছে কংগ্রেসের কৃতিত্ব, এছাড়া কোনও দাবি তাঁরা রাখতে পারেন না। অপর দিকে আমরা কি দেখছি, ১৯৯৬/৯৭-এর পরিসংখ্যান থেকে? এখনও পর্যন্ত জমি বিলি-বন্টন হয়েছে ৩ লক্ষ ৯৩ হাজার ১৪.৪৭ হেক্টর। তার থেকে যদি কংগ্রেস জমানার ৮ হাজার ১৮০.৭২ হেক্টর বাদ দেওয়া যায় তাহলে আমরা যুক্তফ্রন্ট থেকে বামফ্রন্ট আমলে যে জমি বন্টন করেছি তার পরিমাণ ৩ লক্ষ ৮৪

হাজার ৯৩৩.৭৪ হেক্টর। এই দাবি তাঁরা করতে পারেন না যে, ভূমি সংস্কারের কোনও কাজ আমরা করতে পারিনি।

মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের বিশেষ করে দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, উত্তরবঙ্গের ৬-টা জেলা কৃষিপ্রধান জেলা রূপে পরিচিত। এখানকার সমস্ত অর্থনীতি কৃষির উপর নির্ভরশীল, কোনও কলকারখানা নেই। ভূমি সংস্কারের মধ্যে দিয়ে সেখানে বিশেষ উন্নতি হচ্ছে কিন্তু আমাদের ভয় হচ্ছে অন্য জায়গায়। আমাদের প্রাক্তন ভূমি ও ভূমি সংস্কার মন্ত্রী মাননীয় বিনয় চৌধুরির জমানায় ভূমি সংস্কারের যে জোয়ার এসেছিল তার ধারাবাহিকতা আমরা আজকে বজায় রাখতে পারব কিনা সে বিষয়েও বেশ সন্দেহ দেখা দিয়েছে। এই সন্দেহের কারণ কি? স্যার, আমরা দেখছি, উত্তরবঙ্গের বিশেষ করে চারটে জেলা কোচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং এবং উত্তর দিনাজপুর—এখানে বে-আইনি ভাবে চা-বাগান গড়ে উঠছে। শুধু এটা হলে বিশেষ কিছুই বলার ছিল না। কিন্তু এর পরে যা হয়েছে তার একটা তথ্য আমি আপনার সামনে তুলে ধরছি এবং আপনি এবিষয়টা বিশেষ গুরুত্ব দিয়ে দেখবেন এই আশা রাখছি। স্যার, কুচবিহারের একটা ব্লক, মেখলিগঞ্জে ৫-টা চা-বাগান গড়ে উঠেছে। নামগুলো আমি বলে যাচ্ছি এবং কি রকম বে-আইনি ভাবে জমি দখল করে রয়েছে সেটা দেখুন।

১) শ্রীবাস টি এস্টেট ঃ জমি কিনেছে ১৯.৮১ একর। সরকারি জমি বে-আইনি ভাবে দখল করেছে ২২০ একর।

২) কোচবিহার অ্যাগ্রো টি এস্টেট লিমিটেড ঃ কিনেছে ৫৩.৯৬ একর।

[3-40 – 3-50 p.m.]

অবৈধভাবে সরকারি জমি দখল করেছে ১৬১ একর। ওয়ার্সাবারি টী কোম্পানি লিমিটেড তার জমি হল ৩৫৪.১৬ একর তার মধ্যে অবৈধভাবে সরকারি জমি দখল করেছে ২৪.৩৯ একর। তারপর টিমসাম অ্যাগ্রো টী কোম্পানি লিমিটেড তার জমি হচ্ছে ৬৩.৬৭ একর, তার মধ্যে অবৈধভাবে সরকারি জমি দখল করেছে ৩১.০৪ একর। তারপর বংশীধাম টী এস্টেট তার জমি কিনেছে ১২৩.৪২ একর, তার অবৈধভাবে সরকারি জমি দখল করেছে ২০৪.৯১ একর, এবং বংশীধাম টী এস্টেটের নতুন নাম লং ভিউ টী এস্টেট। অর্থাৎ মোট সরকারি জমি যে জমি বিলি বন্টন হওয়ার কথা ছিল তফসিলি জাতিদের মধ্যে, যে জমি বিলি বন্টন হওয়ার কথা ছিল আদিবাসীদের মধ্যে, যে জমি বিলি বন্টন হওয়ার কথা ছিল উপজাতিদের মধ্যে, ভূমিহীনদের মধ্যে। সেই জমি আপনার দপ্তরের কিছু অসাধু কর্মচারীর যোগসাজসে আজকে চা বাগানের মালিকরা দখল করেছে, যার মোট পরিমাণ ৬৪৩.৯১ একর। এই ব্যাপারটা আপনাকে দেখতে হবে, আপনাদের শক্ত হাতে এটা দেখতে হবে। আপনাকে আরেকটা কথা বলি, মেখলীগঞ্জ শহরের যিনি এস. ডি. এল. আর. ও. ছিলেন তিনি

কোচবিহার শহরে একটি রাজপ্রাসাদ করেছেন। সেখানে যদি ভিজিলেন্স কমিশন বসান তাহলে আপনি তার সত্যতা জানতে পারবেন। আরেকটা জটিল সমস্যার প্রতি এই হাউজের দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৫৬ সালে রাজ্য পুনর্গঠনের মধ্যে দিয়ে উত্তরদিনাজপুরের ইসলামপুর মহকুমা বিহার থেকে বাংলায় এসেছিল। স্বাভাবিকভাবেই সেখানে যত পুরাতন জমির কাগজপত্র ছিল সেগুলি সব একটা অসাধারণ ভাষায় লিপিবদ্ধ ছিল, যে ভাষা কেউ বুঝতেও পারেনি। আমি এই হাউজে প্রত্যেক সদস্যকে চ্যালেঞ্জ করছি যে এই ভাষা কেউ পড়তে পারবেন না। ভূমি ও ভূমিসংস্কার দপ্তরের কর্মচারিরা স্বাভাবিক ভাবেই এই কাগজ দেখে তারা পড়তে পারতেন না, এবং তার ফলেই তারা এর জমি ওর নামে রেকর্ড করে দিয়েছেন, ভেস্ট করে দিয়েছেন। ইতিপুর্বে আমি মাননীয় মন্ত্রীকে এ ব্যাপারে বলেছি। তিনি আমাকে আশ্বাস দিয়েছেন যে এ ব্যাপারটা উনি দেখবেন। আমি মনে করি তিনি এ ব্যাপারে নিশ্চয়ই সচেষ্ট হবেন। স্যার, ভূমি সংস্কার দপ্তরের কাজ ভূমি বিলিবন্টন করা নয়, জমির যে চরিত্র নেচার অফ ল্যাণ্ড যাতে চেঞ্জ না হয় সেই জিনিসটা তারা দেখবেন, কিন্তু আমরা কি দেখছি? আমরা দেখছি আজকে চাষযোগ্য জমিতে ইটভাটা গড়ে উঠেছে, টালিভাটা গড়ে উঠেছে, বালিখাদ গড়ে উঠেছে। কিন্তু সেখানে নিয়মটা কি? যে রয়ালটি আমাদের পাওয়ার কথা সেটা পর্যন্ত পাওয়া যাচ্ছে না। কমার্স অ্যাণ্ড ইণ্ডাস্ট্রি ডিপার্টমেন্টের অফিসাররা বসে আছেন তাদের কাছে গিয়ে এই ইটভাটার মালিক, টালিভাটার মালিক তারা গিয়ে বলছে যে, আমি এতটা উৎপাদন করি, আর তাদের কথার উপরেই রয়্যালটি ঠিক হয়ে যাচ্ছে। তার ফলে দেখা যাচ্ছে সরকারের যা রয়্যালটি পাওয়ার কথা তা সরকার পাচ্ছেনা। আপনার দপ্তরের পরিকাঠামো এবং কর্মচারির তুলনায় কমার্স অ্যাণ্ড ইণ্ডাস্ট্রিস দপ্তরের কর্মচারির সংখ্যা কম এবং পরিকাঠামো দুর্বল। সুতরাং আপনার দপ্তর থেকেই এবিষয়ে অগ্রণী ভূমিকা গ্রহণের প্রয়োজন আছে। ল্যাণ্ডের নেচার পরিবর্তনের ক্ষেত্রে কোনও অফিসার কোনও মাল্টি মিলিওনিয়র বা পুঁজিপতির সঙ্গে যোগসাজস করে কৃষি জমিকে অকৃষি জমিতে পরিণত যাতে না করতে পারে তার জন্য আপনি একটু উদ্যোগী হোন। এবিষয়ে চিন্তাভাবনা করতে আমি আপনাকে অনুরোধ করছি। স্যার, আমরা দেখছি বর্ধমান, আসানসোল, কুলটি, রানীগঞ্জের কয়লা-খনি অঞ্চলে অবৈধভাবে কয়লা উত্তোলন করা হচ্ছে। তার ফলে ঐ অঞ্চলে পরিবেশের ভারসাম্য নষ্ট হচ্ছে, সমস্যার সৃষ্টি হচ্ছে এবং আইনশৃঙ্খলা নিয়েও সমস্যার সৃষ্টি হচ্ছে। এই যে অবৈধ কাজ চলছে, এই অবৈধ কাজকে বাধা দেবার জন্য আপনার দপ্তরকে তৎপর হতে হবে। আপনার দপ্তরকে দেখতে হবে কোনও কোনও মাল্টি-মিলিয়নিয়ররা আপনার দপ্তরের কোনও কোনও কর্মচারিকে টাকা পয়সা দিয়ে ঐ অঞ্চলে অবৈধভাবে কয়লা উত্তোলন করছে। এই বিষয়টির প্রতি আপনাকে গুরুত্বসহকারে দৃষ্টি দিতে হবে। আমরা যারা বামপন্থী রাজনীতিতে বিশ্বাস করি, আমরা জানি মানুষের দল পরিবর্তন হলেও তার শ্রেণী চরিত্রের পরিবর্তন হয়ে যায়না। আজকে পশ্চিম বাংলায় অহরহ এরকম ঘটনা ঘটছে। কিছু জোতদার, জমিদার নিজেদের স্বার্থ সিদ্ধির জন্য যে কোনও বামপন্থী দলের আড়ালে চলে আসছে এবং তাদের ভেস্টেড জমিকে আবার ভাই-এর নামে বা অন্যান্য আত্মীয়-স্বজনের নামে পাট্টা করিয়ে নেবার চক্রান্ত করছে।

অনেক অংশে এই চক্রান্ত তাঁদের সফলও হচ্ছে। আমি একটা দৃষ্টান্ত এখানে স্থাপন করতে চাই। আমি চাকুলিয়ায় বসবাস করি, আমাদের চাকুলিয়া বাজারের কাছে ৮২ শতক ভেষ্ট জমি—বালিগুড়া গ্রামে—পূর্বতন জোতদার এক শ্রেণীর কর্মচারির সঙ্গে যোগসাজস করে পাট্টা করিয়ে নিয়েছে। এরকম ঘটনা সর্বত্র অহরহ ঘটছে। সেজন্য এই ঘটনাগুলো দেখতে আমি আপনাকে অনুরোধ করছি এবং আপনার ব্যয়-বরাদ্দের দাবিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ভূমি ও ভূমি-সংস্কার দপ্তরের মন্ত্রী মাননীয় ডাঃ সূর্যকান্ত মিশ্র মহাশয় ১৯৯৭-৯৮ সালের আর্থিক বছরের যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তার বিরোধিতা করে আমাদের দলের সদস্যদের আনা ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে এই পবিত্র বিধানসভায় আমার বক্তব্য পেশ করছি। স্যার, আমার পূর্ববর্তী বক্তা, বামফ্রন্টের শরিক দলের সদস্য, আমাদের একজন বন্ধু একটু আগে ভূমি ও ভূমি-সংস্কার দপ্তর সম্পর্কে যে বক্তব্য রাখলেন তা থেকে এটাই প্রমাণ হয়ে গেল যে, আসলে দপ্তরটি একটা বাস্তু-ঘুঘুর বাসা, দুর্নীতির আখড়া। শাসক দলের প্রত্যক্ষ বা পরোক্ষ মদতে গ্রাম বাংলায় এই দপ্তরের মাধ্যমে ব্যাপক দুর্নীতি চলছে। আমাকে আর আজকে এই কথা বলতে হলনা, সরকার পক্ষের সদস্যের মুখ থেকেই এই কথা বেরিয়ে এল। তবে মন থেকে না পারলেও, শেষ পর্যন্ত তিনি বাজেটকে সমর্থন করলেন। তিনি আশা করেছিলেন, এ ক্ষেত্রে এ রাজ্যে বামপন্থী চেতনার উন্মেষ ঘটবে। কিন্তু তাঁর কথার মধ্যে দিয়ে হতাশা ফুটে উঠল। তিনি সমর্থন করলেও আমি এই বাজটকে সমর্থন করতে পারছি না। সূর্যবাবু সজ্জন মানুষ হলেও তাঁর দপ্তরের কিছু কিছু মানুষ দুর্জন।

[3-50 – 4-00 p.m.]

মাননীয় মন্ত্রী মহাশয় তার বক্তব্যে বিগত ২০ বছরে এই রাজ্যে আর্থ সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে ভূমি সংস্কারের ভিত্তিতে নাকি গড়ে উঠেছে বলে তিনি বারংবার দাবি করেছেন। আমি মনে করি এটা তাঁর কল্পনা-প্রসূত। আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী বুদ্ধদেববাবুর কাছাকাছি বসে ওনার একটু স্পর্শ দোষ হয়েছে। তাই তিনি সত্যের অপলাপ করছেন বা অলীক দেখতে শুরু করেছেন। এই সরকার আমূল ভূমি সংস্কারের পথিকৃত বলে দাবি করেন। ভারতবর্ষের সংস্কৃতি, সভ্যতা গঙ্গার সঙ্গে যুক্ত। সেই গঙ্গার জল বন্টনের ক্ষেত্রে বাংলার সর্বনাশ জ্যোতিবাবুর নেতৃত্বে এবার হয়েছে। যদি জিজ্ঞাসা করি, গঙ্গা তুমি কোথা থেকে এসেছো, তাহলে বলবে, মহাদেবের জটা থেকে বা হিমালয়ের পাদদেশ থেকে। আর এই গঙ্গাকে মর্ত্যে এনেছিলেন ভগীরথ আর ভূমি সংস্কারের ভগীরথ কে—একথা জিজ্ঞাসা করলে প্রতিটি গ্রামগঞ্জে এটাই প্রমাণ হবে, তার নাম কংগ্রেস, তার নাম কংগ্রেস, তার নাম কংগ্রেস। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে বলেছেন, ২ লক্ষ ৮৭ হাজার একর জমি এই রাজ্যে এ পর্যন্ত খাস হয়েছে আর ১৯৯৭ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত ১০ লক্ষ ৯২ হাজার একর কৃষিযোগ্য জমির পরিমাণের কথা তিনি উল্লেখ করেছেন এবং বলেছেন, উপকৃত মানুষের

সংখ্যা ২৩ লক্ষ ৯২ হাজার। আমার আগেকার বক্তা কংগ্রেসের শ্রী অতীশচন্দ্র সিংহ মহাশয় এবং আমার পূর্ববর্তী বক্তার বক্তব্য থেকে নিশ্চয়ই কিছুটা আপনার উপলব্ধি হয়েছে। কিন্তু মন্ত্রীর কর্ণকুহরে যখন প্রবেশ করেনি, তাই তথ্যটা আমাদের বারংবার দিতে হবে। তাই পুনরাবৃত্তি করে বলি, আপনি একটু অতীত স্মৃতি রোমন্থন করুন। অতীতের দিকে যদি একটু তাকান-তাহলে দেখবেন—বিধানসভায় আজকে যারা সদস্য আছেন এবং গণমাধ্যমের প্রচারের মধ্য দিয়ে গ্রামবাংলার মানুষ বাস্তব সত্যটা জানতে পারবে আপনাদের এই ভূমি সংস্কারের নামে যে প্রচার, সেটা আসলে ধাপ্পা এবং সেই সত্যটাই উদ্ঘাটিত হবে। আপনারা প্রায়শই বলেন, আমরা সবেতে প্রথম। আপনারা খুনেতে প্রথম, রাহাজানিতে প্রথম, ধর্ষণে প্রথম, গণ-ধোলাইতে রের্কড, এমন একটি রাজ্যে নিশ্চয়ই একথা স্বীকার করবে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় ভূমি সংস্কারের ক্ষেত্রে পশ্চিমবাংলা তুলনামূলকভাবে এগিয়ে এ বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় যদি বার্ষিক ভিত্তিতে ব্রেক-আপটা দিতেন অর্থাৎ স্বাধীনোত্তর ভারতবর্ষ কেমন করে জমি সরকারে ন্যস্ত হল সেটা যদি বলতেন তাহলে বোধ হয় ভাল হত। ওনারা বলেন, আমরা দেওয়ালে লিখি, আমূল ভূমি সংস্কারের মধ্য দিয়ে কর্মসংস্থানের ব্যবস্থা করবেন, আমূল ভূমি সংস্কারের মধ্য দিয়ে সামাজিক পরিকাঠামোর পরিবর্তন করবেন। আর্থ সামাজিক উন্নয়ন করবেন। আমি ওনাকে বলি, ১৭৯৩ সালে লর্ড কর্ণয়ালিশের জমিদারি বন্দোবস্ত পদ্ধতির বিরুদ্ধে তার বিলোপ আইন আপনি করেননি। তদানীন্তন ভূমি রাজস্ব মন্ত্রী যিনি ছিলেন, শ্রী বিমলচন্দ্র সিংহ, তিনি এই পবিত্র বিধানসভায় এই আইন প্রণয়ন করেছিলেন।

এবং এই আইন প্রণয়নের মধ্যে দিয়ে তিনি একটা নতুন দিক, একটা নতুন পথ, একটা দিশার সন্ধান দিয়েছিলেন। আপনারা হয়ত স্বীকার করবেন না, জ্যোতিবাবু দিল্লিতে বসে আছেন, কেন্দ্রে প্রধানমন্ত্রী হবেন কিনা সেই স্বপ্ন দেখছেন, তিনি থাকলে বলতে পারতেন। আপনারা তো প্রয়াত বঙ্কিম মুখার্জির কথা মনে রাখেন না। বামপন্থীরা তো অতীতের কথা ভুলে যান। এই তো তেভাগা আন্দোলন নিয়ে অনেক কিছু করছেন, কংসারী হালদারকে মঞ্চে এনে তাকে সংবর্ধনা দিচ্ছেন কিন্তু সেই লোকটি যে না খেয়ে শিরাকলে দিন গুজরান করছেন সে খবর আপনারা রাখেন না। তারা থাকলে বলতে পারতেন আসল ভূমি সংস্কারের কাজ কারা করেছিলেন। এই প্রসঙ্গে প্রাক্তন ভূমি রাজস্বমন্ত্রী বিনয় চৌধুরির কথাটাও আমি বলব। সেদিন তিনিও ঐ ল্যাণ্ড সিলেক্ট কমিটির মেম্বার ছিলেন। আজকে তিনি থাকলেও স্বীকার করতেন। তবে বাধ সাধলো বিনয়বাবুর উক্তি—তিনি বলেছিলেন, এই বামফ্রন্ট গভর্নমেন্ট হচ্ছে গভর্নমেন্ট of the contractor, for the contractor, তাই তাকে মনোনয়ন দেওয়া হল না। তিনি আজকে এই সভায় থাকলে নিশ্চয় স্বীকার করতেন ভূমি সংস্কারের ক্ষেত্রে অগ্রণী ভূমিকা কারা নিয়েছিলেন। স্যার, এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি বিধানসভার প্রসিডিংসের পাতা থেকে অতীতের কথা একটু বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় যদি দয়া করে আমাদের ব্রেক আপগুলি দিয়ে দিতেন তাহলে লাইব্রেরিতে গিয়ে অতীতের পাতা ঘেঁটে তথ্য সংগ্রহ

করতে হত না। ১৯৯৬ সালের কথা আমার বন্ধু অধীর চৌধুরি বলেছেন। সেই সময় ভূমি সংস্কার দপ্তরের মন্ত্রী ছিলেন শ্রী শ্যামাদাস ভট্টাচার্য্য তার রিপোর্ট যেটা তিনি বিধানসভায় ১৪ই মার্চ দিয়েছিলেন তাতে আমরা দেখছি সরকারে ন্যস্ত জমির পরিমাণ ছিল ৩ লক্ষ ৭২ হাজার ৭২৬ একর। ১৯৬৯ সালের কথা এই প্রসঙ্গে দ্বিধাহীন কণ্ঠে স্বীকার করতে আমার কোনও দ্বিধা নেই। ১৯৬৯ সালে ভূমি সংস্কার দপ্তরের মন্ত্রী যিনি ছিলেন সেই হরেকৃষ্ণ কোঙ্গার নিশ্চয় ভূমি সম্পর্কে একজন প্রাজ্ঞ, বিজ্ঞ, ওয়াকিবহাল মানুষ ছিলেন যদিও সাঁই বাড়ির মতন কলঙ্কজনক অধ্যায়ের সঙ্গে তার নাম যুক্ত হয়েছিল। সেই সময় খাস জমির পরিমাণ ছিল ৫ লক্ষ ১০ হাজার একর। আমরা জানি সেই সময় যুক্তফ্রন্ট জমি উদ্ধারের নামে লাল ঝাণ্ডা পুঁতে গ্রামে গ্রামে সন্ত্রাসের সৃষ্টি করেছিলেন এবং পশ্চিমবঙ্গে একটা রক্তাক্ত অধ্যায় তৈরি করে বাংলার মানুষকে বিপ্লবের স্বপ্ন দেখিয়ে অস্থির, উত্তাল করার চেষ্টা করেছিলেন। সেই অন্ধকারের দিনগুলিতে আমরা দেখি মাত্র ১ লক্ষ ৩৭ হাজার ২৭৪ একর জমি খাস হয়েছিল। ১৯৭৭ সালের সেপ্টেম্বরে খাস জমির পরিমান ছিল ১০ লক্ষ ৬৫ হাজার একর। এরমধ্যে যুক্তফ্রন্টের আমলে ১ লক্ষ ৩৭ হাজার ২৭৪ একর জমি বাদ দিলে ৯ লক্ষ ২৭ হাজার ৭২৬ একর জমি ৫ বছরে কংগ্রেস আমলে সরকারে ন্যস্ত হয়েছিল। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় ফেব্রুয়ারি, ১৯৯৭ পর্যন্ত হিসাব দিয়েছেন, তাতে দেখা যাচ্ছে সেটা হচ্ছে ১২ লক্ষ ৮৭ হাজার একর। তাহলে বামফ্রন্টের ২০ বছরের কৃতিত্বে কত জমি খাস হয়েছে, সরকারে ন্যস্ত হয়েছে বা উদ্ধার হয়েছে—৩ লক্ষ ৫৯ হাজার ২৭৪ একর। এরপরও কি আপনারা ঢাকঢোল পিটিয়ে বলবেন যে আপনারাই ভূমি সংস্কারের ব্যাপারে পথিকৃত, আপনারাই পথ দেখিয়েছেন, আপনারাই নতুন দিশা এনেছেন? স্যার, আমি হিসাবের সুবিধার জন্য বলি, যুক্তফ্রন্টের সময় এবং বামফ্রন্টের সময় সরকারে ন্যস্ত খাস জমির পরিমাণ হচ্ছে ৪ লক্ষ ৯৭ হাজার ২৭৪ একর।

[4-00 – 4-10 p.m.]

আমি যদি হিসাবের সুবিধার জন্য ৫ বছর ধরি তাহলে এই হিসাব থেকে প্রমাণিত হয়ে যাবে যে ভূমি রাজস্বের ক্ষেত্রে কারা অগ্রণী ভূমিকা নিয়েছে, আর কারা প্রচার সর্বস্ব রাজনীতির মধ্যে দিয়ে ভাঁওতা দেওয়ার প্রচেষ্টা করেছে। আসুন জমি বন্টনের দিকে তাকানো যাক। মাননীয় মন্ত্রী মহাশয়, এই পর্যন্ত জমি বিলি হয়েছে ১০ লক্ষ ১ হাজার একর। তার মধ্যে বামফ্রন্ট সরকারের আমলে হয়েছে ২০ বছরে ৩ লক্ষ ৬৫ হাজার একর। ৫ বছরে ১৯৭২ থেকে ১৯৭৫ সালে কংগ্রেস আমলে জমি বিলি হয়েছিল ৬ লক্ষ ৪৪ হাজার একর। ২০ বছরে আপনাদের আমলে হয়েছে ৩ লক্ষ ৬৫ হাজার একর, আর কংগ্রেস আমলে ৫ বছরে হয়েছে ৬ লক্ষ ৪৪ হাজার একর। তাহলে কারা ভূমিহীনদের স্বার্থে, দরিদ্র মানুষের স্বার্থে আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তনের জন্য ভূমি সংস্কারের জন্য অগ্রণী ভূমিকা নিয়েছিল সেটা এই পরিসংখ্যান থেকে বোঝা যায়। আপনারা অপারেশন বর্গার নামে সন্ত্রাস চালিয়েছিলেন, কিন্তু ভূমি সংস্কার করা হয়নি। অসীমবাবু দায়বদ্ধতার কথা বলেছেন। মন্ত্রী মহাশয় চেষ্টা

চালাচ্ছেন। কিন্তু ওনার দপ্তর একটা দুর্নীতিপরায়ণ বাস্তু ঘুঘুর বাসায় পরিণত হয়েছে। সেখানে অনেক সময়ে নিরুপায় হয়ে অনেক কিছু হজম করতে হয়। আমাদের বামফ্রন্টের অবস্থা এমনই করুণ হয়ে দাঁড়িয়েছে। জমি অধিগ্রহণ হল কিন্তু বিলিবন্টনে পিছিয়ে আছেন। কংগ্রেসের আমলে ব্লক লেভেলে কমিটি করে অল পার্টির মাধ্যমে জমি বিলি হয়েছে। সেখানে যে বেশি জমি বিলি হয়েছে সেটা পরিসংখ্যান থেকেই বোঝা যাবে। আজকে একটা ৫ ম্যান কমিটি করলেন, যেটা আন-কনস্টিটিউশনাল কমিটি। সেখানে পঞ্চায়েত সমিতির সভাপতি, ভূমি কর্মাধক্ষ্য, তাদের সঙ্গে বি. ডি. ও. ও. সি. এবং বি. এল. আর.ও.-কে যুক্ত করেছেন। অথচ নির্বাচিত প্রতিনিধি, বিধায়ককে সেখানে যুক্ত করেননি, অন্যান্য কৃষক সংগঠনের প্রতিনিধিদের যুক্ত করেননি। যারা মাঠের কাছাকাছি থাকে, যাদের মাঠের সঙ্গে সম্পর্ক আছে, যারা কৃষিকর্মের সঙ্গে যুক্ত, তাদের যুক্ত না করে আপনি ৫ ম্যান কমিটি করলেন এবং তার ফলে গ্রামে সন্ত্রাস বাড়ছে, মামলা বাড়ছে, দারিদ্রতা বাড়ছে, মানুষের দুর্দশা বাড়ছে। আজকে এই কথা মাননীয় মন্ত্রী মহাশয় অস্বীকার করতে পারবেন না। আজকে তাই আমাদের দাবি যে, সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে অল পার্টি কমিটি করে তার মাধ্যমে জমি বিলি-বন্টনের ব্যবস্থা করুন। যদি তা না করেন তাহলে গ্রাম বাংলার আইন-শৃঙ্খলার যদি অবনতি হয়, ভূমিহীন মানুষরা যদি আরো দরিদ্র সীমার নিচে চলে যায় তাহলে সেই দায়-দায়িত্ব কিন্তু আপনার এবং কাউন্সিল অব মিনিস্টারের হবে। আজকে মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তব্য অনুযায়ী ১৩ লক্ষ ৭২ হাজার মানুষকে বামফ্রন্ট সরকার ২০ বছরে জমি বিলি করেছেন। আর কংগ্রেসের আমলে ১৯৭২ থেকে ১৯৭৭ সাল ৫ বছরে জমি বিলি হয়েছিল ১০ লক্ষ। আপনাদের আমলে ২০ বছরে হয়েছে ১৩ লক্ষ, আর কংগ্রেসের আমলে ৫ বছরে হয়েছে ১০ লক্ষ। তাহলে কারা অগ্রণী ভূমিকা নিয়েছিল সেটা আপনাকে ভাবতে অনুরোধ করছি। সরকার বলেছিলেন যে ক্ষুদ্র ক্ষুদ্র চাষীদের জন্য ল্যাণ্ড কর্পোরেশন করব। কিন্তু আপনারা তা করতে পারেননি। ইসলামপুরের চা বাগান থেকে আরম্ভ করে যে ল্যাণ্ডের পরিবর্তন ঘটছে, বে-আইনি কাজ চলছে সেই সম্পর্কে কোনও ব্যবস্থা করতে পারেননি। এই ব্যর্থতার কারণে আমি আপনার এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নর্মদাচন্দ্র রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় এখানে যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করছি এবং সমর্থন করে এখানে কয়েকটি কথা বলছি। কংগ্রেসিদের দুঃখ হল, যে ভূমি সংস্কার আইন তারা কোথায়ও কার্যকর করতে পারেননি আজকে সেই জমিদারী উচ্ছেদ আইন এবং ভূমি সংস্কার আইন অনুযায়ী পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার সিলিং বহির্ভূত ২৯.২ লক্ষ একর জমি ১০ বছরে সরকারে ন্যস্ত করিয়েছেন যে জমির মধ্যে কৃষিযোগ্য জমির পরিমাণ ১২.৮৭ লক্ষ একর। ইতিমধ্যে এই সরকার ১০.৯৪ লক্ষ একর জমি ২৩.৭২ লক্ষ ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করেছেন যাদের ৫৬ শতাংশ মানুষই হচ্ছেন তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত।

এছাড়া বামফ্রন্ট সরকার এই জমির পাট্টা দেবার ব্যাপারেও একটা সুন্দর ব্যবস্থা করেছেন; শুধু পুরুষ নয়, স্বামী-স্ত্রী উভয়ের নামেই পাট্টা দেওয়া হয়েছে। এমন কি, বহু জায়গায় মহিলাদের নামেও পাট্টা করে দেওয়া হয়েছে। এইভাবে সরকারে ন্যস্ত জমি এখানে বিলিবন্টিত হয়েছে। বর্তমানে রাজ্যে ১৪.৭৫ লক্ষ বর্গাদারদের আবাদযোগ্য জমির পরিমাণ ১০.৯৪ লক্ষ একর। সারা পশ্চিমবঙ্গে দ্বিতীয় ভূমি সংস্কার আইন চালু করবার মধ্য দিয়ে আজকে এই পরিমাণ বর্গাদার তারা ঐ জমি চাষ করছেন। এছাড়া এখানে ৫ লক্ষ কারিগর, এবং মৎস্যজীবী পরিবারকে বাস্তু জমি দেওয়া হয়েছে। এইভাবে ভূমি সংস্কার এবং পঞ্চায়েতের মাধ্যমে দারিদ্র দূরীকরণ প্রকল্পগুলি রূপায়নের মধ্যে দিয়ে এখানে গ্রামীণ অর্থনীতির বিকাশ ঘটানো হয়েছে। আজকে অস্বীকার করবার কোন উপায় নেই যে, সাধারণ মানুষের ক্রয়-ক্ষমতা আমাদের রাজ্যে বেড়েছে এবং সেটা বেড়েছে গ্রামীণ অর্থনীতির বিকাশের ফলে। আজকে আমরা গর্বের সঙ্গে বলতে পারছি দেশি এবং বিদেশি পরিসংখ্যান থেকে যে, আমাদের রাজ্য সারা ভারতবর্ষের মধ্যে খাদ্যশস্য উৎপাদনে প্রথম স্থান অধিকার করেছে, মৎস্য এবং মাছের পোনা উৎপাদনেও এই রাজ্য প্রথম স্থান অধিকার করেছে, আলু উৎপাদনে দ্বিতীয় স্থান অধিকার করেছে। আজকে সারা ভারতের রাজ্যগুলির পরিসংখ্যান নিলে দেখা যাবে যে, এই রাজ্যে কৃষির উপর নির্ভরশীল শ্রমিক-সংখ্যা হ্রাস পেয়েছে উৎপাদনের তুলনায়। কিন্তু এই শ্রমিক-সংখ্যা পাঞ্জাব এবং হরিয়ানায় বেড়েছে। কাজেই আমি বলব, সারা পশ্চিমবঙ্গ জুড়ে আজকে গ্রামীণ অর্থনীতির বিকাশ ঘটেছে। আজকে রাজ্যে কৃষিক্ষেত্রে সেচ ও সম্প্রসারিত হয়েছে এবং এটাও গ্রামীণ অর্থনীতি বিকাশে সহায়ক হয়েছে। এক্ষেত্রে মাননীয় মন্ত্রীকে আমি কয়েকটি বিষয়ে অনুরোধ করব।

[4-10 – 4-20 p.m.]

তিনি তাঁর বিভাগের পক্ষ থেকে কার্যকর ভূমিকা গ্রহণ করবেন। আমরা জানি জমির সীমাবদ্ধতা আছে। জমির সীমাবদ্ধতার বাইরে যে সমস্ত জমি আছে সেটা সরকারের হাতে ন্যস্ত হচ্ছে। সেই সমস্ত জমির কিছু কিছু পাট্টা দেওয়া হচ্ছে। কিন্তু আমরা লক্ষ্য করছি সেই পাট্টাপ্রাপ্ত জমি জোতদারদের কাছে ন্যস্ত হয়ে যাচ্ছে। সেই পাট্টাদার সেই জমি ধরে রাখতে পারছে না। এই জমি ধরে রাখার যে গ্যারান্টি সেটাকে নিশ্চিত করতে হবে। পশ্চিমবাংলায় আজকে এস্টেট ল্যাণ্ড কর্পোরেশন আছে, যেখানে বর্গাদাররা জমি কেনার ক্ষেত্রে লোন পাওয়ার সুযোগ আছে। কিন্তু বর্গাদাররা সেটা গ্রহণ করতে পারছে না। আপনার দপ্তরের বি. এল. আর. ও. থেকে শুরু করে ডি. এল. আর. ও. পর্যন্ত প্রশাসনের যে পরিকাঠামো সেটা শক্তিশালী না হওয়ার ফলে অনেক ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি বর্গাদারদের জমি বিক্রি হয়ে যাচ্ছে জোরদারদের কাছে। তারা পাট্টা বিক্রি করে দিচ্ছে। এই পাট্টা যাতে বিক্রি করতে না পারে তার নিশ্চিত করা যাচ্ছে না। এটা নিশ্চিত করবার জন্য মন্ত্রী মহাশয়কে আইনের দ্বারা কার্যকর ভূমিকা গ্রহণ করতে হবে। পাশাপাশি আমি বলব প্রশাসনিক দুর্বলতা রয়েছে। আজকে দেখতে পাচ্ছি জমির চরিত্র পরিবর্তন করে দেওয়া হচ্ছে। অনেক ক্ষেত্রে দেখতে

পাচ্ছি আবাদী জমিকে, চাষযোগ্য জমিকে ইঁট ভাটা, চা বাগিচায় রূপান্তরিত করে দেওয়া হচ্ছে। এই ভাবে হাজার হাজার বিঘা জমি নষ্ট হয়ে যাচ্ছে। এই পরিবর্তনকে বন্ধ করতে হবে। এটা বন্ধ করতে না পারলে সিলিং বহির্ভূত জমি বার করে যেগুলিকে পাট্টা দেওয়া হচ্ছে সেই পাট্টাদার সেই জমিকে ধরে রাখতে পারবে না। আমরা দেখতে পাচিছ এই সমস্ত জমি ইঁটভাটা হয়ে যাচ্ছে। দক্ষিণ দিনাজপুর জেলায় কোনও জাতীয় সড়ক নেই, রেল লাইন নেই একফসলী জমির উপর এই জেলার মানুষ নির্ভরশীল। বালুরঘাটের জলঘর অঞ্চল টোটাল আদিবাসী এবং তফসিলি জাতি এবং উপজাতি অধ্যুষিত এলাকা। এই অঞ্চলে বেশির ভাগ মানুষ বর্গাদার এবং পাট্টাদার চাষী বাস করে। এখানে যারা কুলাক শ্রেণী যারা জোরদার তারা এই গরিব চাষী ক্ষুদ্র চাষী প্রান্তিক চাষী বর্গাদার পাট্টাদারদের কাছ থেকে জমি কিনে নিয়ে ইঁটভাটা করবার জন্য বি. এল. আর. ও.-র কাছে দরখাস্ত করছে। আমি খোঁজ খবর নিয়ে দেখেছি এই ব্যাপারে পঞ্চায়েত প্রতিবাদ করা সত্ত্বেও বি. এল. আর. ও. এবং ডি. এল. আর. ও. ইঁট ভাটা তৈরি করার পারমিশন দিয়ে দিচ্ছে। একদিন যেখানে বর্গাদার পাট্টাদার সেই সমস্ত চাষ যোগ্য জমিতে আবাদ করত সেখানে আজকে ইঁট তৈরি হচ্ছে। এই সমস্ত ইঁট ভাটা কলোনির আশেপাশে তৈরি হয়েছে। এর ফলে এই ইঁট ভাটা থেকে পলিউশন তৈরি হচ্ছে। এই পলিউশন বন্ধ করবার জন্য আমি পলিউশন কন্ট্রোল বোর্ডকে জানিয়ে ছিলাম লিখিত ভাবে। কিন্তু তার কোনও প্রতিকার হয়নি। এই ভাবে ইঁট ভাটার নামে জোতদারদের হাতে জমি চলে যাচ্ছে। আজকে সেখানে চাষের জায়গায় ইঁট তৈরি হচ্ছে। এই ভাবে উত্তর দিনাজপুরে হাজার হাজার বিঘা জমি চা-বাগিচায় পরিণত হচ্ছে। জমির এই চরিত্র পরিবর্তন বন্ধ করা দরকার। বি. এল. আর. ও. থেকে শুরু করে ডি. এল. আর. ও. পর্যন্ত সমস্ত জায়গায় দুর্নীতি ঢুকে পড়েছে, এটা বন্ধ করা দরকার। সমস্ত জায়গায় বছরের পর বছর মামলাভুক্ত হওয়ার ফলে জমি উদ্ধার করা যাচ্ছে না। আপনি বলেছিলেন আপনার দপ্তরের পক্ষ থেকে ল্যাণ্ড ট্রাইব্যুনাল গঠন করে সমস্ত মামলা ভুক্ত জমির মামলা নিষ্পত্তি করবেন। সেই মামলা ভুক্ত জমির মামলা যাতে নিষ্পত্তি করা যায় তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি। বহু জমি জোতদাররা মামলা করে বছরের পর বছর তাদের হাতে রেখে দিয়েছে এবং তার ফসল খেয়ে যাচ্ছে। এই ব্যাপারে আপনার দপ্তর বি. এল. আর. ও. থেকে শুরু করে ডি. এল. আর. ও. জোতদারদের মদত দিয়ে যাচ্ছে। সুতরাং এই জিনিসকে বন্ধ করার জন্য আমি অনুরোধ করব যাতে ল্যাণ্ড ট্রাইব্যুনাল গঠন করা হয়। আজকে প্রশাসনের দুর্বলতা কোন্ জায়গায় গিয়েছে দেখুন। দক্ষিণ দিনাজপুরে তপন থানার অধীন তপন পঞ্চায়েত সমিতি ভূমি সংস্কারের কাজ, ওখানে মাঠ খসড়া করে ভূমিহীনদের মধ্যে পাট্টা বিলি করার জন্য ল্যাণ্ড ডিস্ট্রিবিউশন কমিটি ৬০০'র মতো পাট্টা তৈরি করেছিল এবং ৩। ১৯৯৫ সালে তৈরি হয়েছিল। সেই পাট্টা বিলি করার জন্য তারিখও ঠিক হয়েছিল। দুঃখের কথা, প্রায় দেড়শো একর জমিতে ৬০০ সেই পাট্টা বিলি করা গেল না। ১৯৯৫ সাল থেকে তপন থানায় সেটি আটকে রাখা হয়েছে। পাট্টা বিলির জন্য ডেটও ঠিক হয়েছিল। ডি. এম., বি. এল. আর. ও.-কে বারবার করে বলা সত্ত্বেও তা বিলি করা যায়নি।

এগুলো যাতে সত্ত্বর বিলি করা যায় তার জন্য উদ্যোগ নিতে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাই। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় জমি অধিগ্রহণের কথা বলেছেন। আমি এই ব্যাপারে বলব যে, বালুরঘাট, মালদহে একটি মাত্র রাস্তা, যেটি বিকল্প রাস্তা, তার কাজ মালদহ্ জেলাতে জমি অধিগ্রহণের বিষয়কে কেন্দ্র করে আটকে আছে। ওখানে জমি অধিগ্রহণের ব্যাপারটি ত্বরান্বিত করার জন্য এবং উক্ত রাস্তাটি যাতে সত্ত্বর হয় তার জন্য আমি অনুরোধ জানাই। উত্তরবঙ্গে ৬টি জেলা। ওখানে তিস্তার কাজ ত্বরান্বিত করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। সেচ মন্ত্রী বলেছিলেন যে আগামী চার বছরের মধ্যে তিস্তার কাজ সম্পন্ন হবে এবং চাষীদের জল দেওয়া যাবে। আজকে সেই কাজ বন্ধ আছে। সেই কাজ এখনও পর্যন্ত না হওয়ার জন্য আজকে চাষীরা হতাশ হয়ে পড়েছে। তিস্তা ক্যানালের কাজ জমি অধিগ্রহণের জন্য করা যাচ্ছে না। জমি অধিগ্রহণের আইনের মারপ্যাঁচে এই অবস্থা। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আইনের সরলিকরণ করে যাতে উক্ত কাজটি সত্ত্বর হয় তা দেখার জন্য অনুরোধ জানাই। এটি করতে পারলে চাষীদের মুখে হাসি ফোটানো যাবে এবং তাদের মনে যে বিক্ষোভ দানা বেঁধেছে তা মিটবে। সেজন্য আমি অবিলম্বে এই কাজটি করার জন্য অনুরোধ জানাই। আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় জমি অধিগ্রহণের কাজটি ত্বরান্বিত করবেন। এই কথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধী দলের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

## POINT OF INFORMATION

**শ্রী রবীন দেব :** স্যার, আমার একটা পয়েন্ট অফ ইনফর্মেশন আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সকালে আমাদের হাউসে আমাদের রাজ্যের প্রাক্তন মন্ত্রী, বিশিষ্ট ট্রেড ইউনিয়ন নেতা শ্রী প্রবীর সেনগুপ্তের মরদেহ এসেছিল। সেই মরদহে আপনি, স্পিকার মহাশয়, মাননীয় মন্ত্রী সূর্যকান্ত মিশ্র, অন্যান্য মন্ত্রীবর্গ, আমাদের গভর্নমেন্টের চিফ হুইপ, বিরোধী দলের চিফ হুইপ এবং আরও অনেকে মাল্যদান করেছিলেন। আকাশবাণীর আড়াইটার বুলেটিনে—আমি ডেড বডির সাথে হুগলিতে গিয়েছিলাম, আমার কাছে ট্রানজিস্টার ছিল তাতে ট্রেনে আসার সময় শুলনাম যে, আপনারা যাঁকে মাল্যদান করেছেন, তাঁর নাম বিদ্যুৎ সেনগুপ্ত। আকাশবাণী এত দায়িত্বজ্ঞানহীন। আকাশবাণী গোটা রাজ্যবাসীকে জানাল যে তাঁর নাম বিদ্যুৎ সেনগুপ্ত। গত কয়েকদিন ধরেই আকাশবাণী এই রকম করছে। গতকাল রাতে যখন বিধানসভা পর্যালোচনা হচ্ছিল তখন ওঁরা সংখ্যাটা ৮ লক্ষ বলে দিলেন। আমি তাই বিষয়টি আপনার এবং হাউসের নজরে আনলাম।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT RESUMED AGAIN

**শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর :** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় ভূমি সংস্কার মন্ত্রী যে বাজেট বরাদ্দ উপস্থাপিত করেছেন, আমি তাকে সমর্থন করছি। আমি ঠিকুজি রচয়িতা নই। সুতরাং কংগ্রেসের আমলে বা আমাদের আমলে কত জমি বিলি হয়েছে, সেই চুলচেরা

বিচারে না গিয়ে আমি যা দেখছি তার ভিত্তিতে বলছি। আমি অতীতকে দেখেছি এবং বর্তমানকে দেখছি। আমি অতীতে ভুখা মানুষের মিছিল দেখেছি। আর আজকে দেখছি অর্থনীতির দিক থেকে, খাদ্যের দিক থেকে স্বয়ংম্ভর হয়ে উঠেছে।

[4-20 – 4-30 p.m.]

আমাদের মাননীয় বিরোধী দলের সদস্যবৃন্দ পশ্চিমবঙ্গে শিল্পায়ন হয়নি বলে বলেছেন, আমি তাঁদের কথা ধরে নিয়েই বলছি যে পশ্চিমবঙ্গে শিল্পায়ন হয়নি। পশ্চিমবঙ্গে শিল্পায়ন হল না অথচ ভুখা মানুষরা তো আর মিছিল করতে পারছে না, লোকের ক্রয় ক্ষমতা বৃদ্ধি পেয়েছে, এটা হল কি করে? এত আর কোনও জাদু কাঠি নেই যে হয়ে যাবে, সুতরাং একথা স্বীকার করুন আর নাই করুন, একথা বলতেই হবে যে, সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের ভূমি সংস্কার সবচেয়ে বেশি হয়েছে বলেই আজকে উৎপাদনও বৃদ্ধি পেয়েছে। এবং তারই ফলে গরিব মানুষের ক্রয় ক্ষমতা বৃদ্ধি পেয়েছে এবং শিল্প স্থাপনের সম্ভাবনা সূচিত হয়েছে। এই কারণে এই বাজেটকে সমর্থন করে বলছি যে, আজকে মহিলাদের সামাজিক অধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে বামফ্রন্ট সরকার যে বৈপ্লবিক পদক্ষেপ গ্রহণ করেছেন তা সত্যিই প্রশংসনীয়। জমিতে পাট্টাদান-এর মধ্যে দিয়ে মহিলাদের জমিতে নাম লিখিত করে ভূমি সংস্কারের ব্যবস্থা করেছেন। সেক্ষেত্রে একটা উল্লেখযোগ্য পদক্ষেপ এই সরকার গ্রহণ করেছে। বিরোধী দলের সদস্যরা যদি এই বিষয়ে স্বীকার করতেন এবং সমর্থন করতেন তাহলে তাদের ধন্যবাদ জানাতাম। সেই সঙ্গে বামফ্রন্টের জমানাতে আমাদের রাজ্যের ১২.৮৭ লক্ষ একর জমির মধ্যে ১০.৯ লক্ষ একর জমি আমরা বিলি করতে সক্ষম হয়েছি। আর বাকি যেসব জমিগুলো হাইকোর্টে লাল ফিতায় বাঁধা হয়ে পড়ে আছে সেগুলো যদি লাল ফিতার বাঁধন থেকে মুক্ত করতে পারেন তাহলে সরকার সেইসব জমিগুলো গরিব মানুষদের হাতে তুলে দেবেন। কিন্তু এরজন্য দরকার ল্যান্ড ট্রাইব্যুনাল গঠন করার, এই ল্যান্ড ট্রাইব্যুনাল গঠন করার প্রস্তাব অনেক দিন আগের থেকেই হয়ে আসছে কিন্তু এখনও এটা বাস্তবায়িত হয়নি। সেই কারণে আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করব এমন কিছু ব্যবস্থা করুন যাতে করে ল্যাণ্ড ট্রাইব্যুনালের মাধ্যমে জমিগুলো বিলি করা যেতে পারে। হাইকোর্টের ফিতার বাঁধন থেকে মুক্ত হতে পারে। অতীতেও এই সভায় দাঁড়িয়ে বারেবারে বলেছি, আবার বলছি যে, আপনারা যে জমি দিয়েছেন সেই জমি নিয়েও অনেক গরিব মানুষ রাখতে পারেনি। এই ব্যাপারে আপনারা পরীক্ষা-নিরীক্ষা করে দেখুন কারণ আমি দায়িত্ব নিয়ে বলছি যে, আমার এলাকায় অনেক গরিব মানুষ আছে যাদের আপনারা জমি দিয়েছিলেন কিন্তু সেই জমি তারা রাখতে পারেননি। এই ব্যাপারে আপনারা একটা কমিটি গঠন করে কর্মসূচি গ্রহণ করুন। এছাড়া ল্যাণ্ড কর্পোরেশন গঠন করার দরকার হয়ে পড়েছে। অভাবী মানুষগুলো সহায়-সম্বলহীন হয়ে অনেক সময়ে জমি বিক্রি করে এবং অভাবের চাপে যে তারা জমি বিক্রি করে সেই জমিগুলো যদি ল্যাণ্ড কর্পোরেশন নিয়ে রাখেন এবং পরবর্তী সময়ে যদি ওইসব মানুষেরা তাদের জমির দেনা মিটিয়ে জমিগুলো ফেরত পেতে পারে তাহলে অনেক উপকার

হয়। এই ব্যাপারে যদি সার্ভিস কো-অপারেটিভ গঠন করেন খুব ভালো হয়। এই সার্ভিস কো-অপারেটিভের মাধ্যমে ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকদের কৃষি সহায়ক সমস্ত কিছু করা যেতে পারবে এবং এর ফলে অর্থনৈতিক অবস্থার খানিকটা উন্নতি হবে। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ ভূমি সংস্কারের ক্ষেত্রে যে একটি উল্লেখযোগ্য স্থান দখল করে আছে সেই বিষয়ে কোনও সন্দেহের অবকাশ নেই। এই প্রসঙ্গে একটি কথা বলি, সেটা হচ্ছে যে, আমরা কাগজে কলমে লক্ষ লক্ষ ক্ষুদ্র গরিব কৃষকদের জমির পাট্টা দিয়ে আসছি, এই জিনিস কংগ্রেস আমল থেকেই চলছে এবং এখনো চলছে কিন্তু বাস্তবে সেই জমিগুলো তারা ভোগ করছে কিনা সেটা কেউ দেখি না। এই রকম শয়ে শয়ে জমি পাট্টা দেওয়া হয়ে আছে কিন্তু সেগুলো কিছু অংশ নদীগর্ভে ঢুকে গেছে, নয়তো খালখন্দে ঢুকে গেছে এই রকমের অবস্থা। এরফলে কংগ্রেসিরা তাদের বক্তব্যে ভূমি সংস্কারের কথা বলতে গিয়ে এই ব্যাপারে কটূক্তি করেছেন। এগুলোর সংশোধন হওয়ার দরকার। কাগজে কলমে যেসব লেখা আছে তার সঙ্গে বাস্তবের কোনও মিল নেই। এই ব্যাপারে নানাস্তরে আলোচনা হয়ে সিদ্ধান্তও হয়েছে এবং সেই সিদ্ধান্ত এ. ডি. এম এবং এল. আরের কাছে পাঠানও হয়েছে, কিন্তু আজ পর্যন্ত সেগুলোর সংশোধন হয়নি। সুতরাং এই বিষয়ে সংশোধন করে আরো সহজতর উপায় তৈরি করে বর্গাদার, কৃষকদের হাতে আরও বেশি করে পাট্টা যাতে দেওয়া যেতে পারে সেই ব্যবস্থা করতে হবে। এই প্রসঙ্গে একটি কথা বলি, আমরা জানি মিলিটারীরা দেশের স্বাধীনতা রক্ষার জন্য অনেক সংগ্রাম করেছেন। এরজন্য অতীতের সরকার তাদের সুবিধার্থে জমিও দিয়েছিলেন। আমি জানি এইরকম বহু জমি দেওয়া সত্ত্বেও চাষাবাদি সেখানে হচ্ছে না। তারা আবার এই সমস্ত জমি অন্য লোকেদের বিলি করে দেন এবং বিলি করে দিয়ে তাদের কাছে উপস্বত্ত্ব ভোগ করেন। আমি যে এলাকা থেকে এসেছি, সেই এলাকায় এই রকম শত শত একর জমি আছে, আমার পাঁশকুড়া এলাকায় আছে, সেই সমস্ত জমির ধারে  কাছে তারা যান না। কিন্তু আমরা দেখছি এই সমস্ত মিলিটারীরা জমিতে না গিয়ে তার ফসল তারা ভোগ করছেন এই সমস্ত জমিতে বহু খেটে খাওয়া মানুষ চাষ করছেন, এই সমস্ত বিষয়গুলি আপনারা খতিয়ে দেখুন এবং যারা প্রকৃত চাষী যারা চাষ করছে, ভূমিহীন তাদের ব্যাপারে আপনারা ব্যবস্থা গ্রহণ করুন। আমরা বহু উন্নয়নমূলক কাজের জন্য জমি অধিগ্রহণ করেছি, এই উন্নয়নমূলক কাজের জন্য যাদের কাছ থেকে আমরা জমি নিয়েছি, তারা সেই জমির দাম এখনও পায়নি। যেসব জমি ২০/২৫ বছর আগে অধিগ্রহণ করা হয়েছে যেমন আমার ওখানে রাতুলিয়া, গোবর্ধনপুর, খেরাই বখশিপাল এখানে যাদের সর্বস্ব গিয়েছে জমি গিয়েছে, তাদেরকে ক্ষতিপূরণ দেওয়ার জন্য আমি আবেদন জানাচ্ছি। মাননীয় মন্ত্রী আশা করি তিনি এই ব্যাপারটা দেখবেন। বিশেষ করে মাননীয় ভূমিসংস্কার মন্ত্রী যে বাজেট উপস্থাপন করেছেন এটা ভূমিসংস্কার আন্দোলনের একটা যুগান্তকারী পদক্ষেপ হবে, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয়

ভূমি ও ভূমিসংস্কার দপ্তরের মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন ৭ নম্বর ও ৬১ নম্বর দাবির মুখ্যখাতে ১৯৬ কোটি ৮৬ লক্ষ ৫ হাজার টাকা আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করছি। আমাদের কংগ্রেস দলের পক্ষ থেকে যে সমস্ত কাট মোশন আনা হয়েছে, আমি সেইগুলি সমর্থন করছি। মাননীয় ভূমিসংস্কার দপ্তরের মন্ত্রী তার বাজেট ভাষণের ২ নম্বর অনুচ্ছেদে বলেছেন যে ১২.৮৭ লক্ষ একর কৃষিজমি খাস করা হয়েছে। অন্যান্য পরিসংখ্যানে আমি যাবনা, কারণ সময় কম। আমি শুধু কয়েকটি পয়েন্ট নিয়ে বলতে চাই, মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় ভূমিসংস্কার দপ্তরের মন্ত্রীর পরিসংখ্যানে কিছুটা অসঙ্গতি দেখা যাচ্ছে। এই সভার অনেকের স্মরণে থাকতে পারে, গতবারের বাজেট অধিবেশনে তফসিলি জাতি ও উপজাতির কল্যাণ বিভাগের যে বাজেট বরাদ্দ পেশ করা হয়েছিল সেখানে ১ কোটি ২০ লক্ষ—এই প্রসঙ্গে ধরা হয়েছিল। আমার প্রশ্ন, অর্থমন্ত্রী মহাশয় যে পরিসংখ্যানটা দিয়েছেন এটা ঠিক, নাকি বিভাগীয় মন্ত্রী যে পরিসংখ্যানটা দিয়েছেন সেটা ঠিক? কারণ আমি দেখছি মাননীয় অর্থমন্ত্রী বলছেন, ১৯৯৬-৯৭ সালে সর্বশেষ পরিসংখ্যান হচ্ছে ১২.৪৭ লক্ষ একর কৃষি জমি সরকারের হাতে ন্যস্ত হয়েছে। মাননীয় ভূমিসংস্কার মন্ত্রী বলছেন, ১২.৮৭ লক্ষ একর। এই ব্যাপারে আমার সন্দেহ দেখা দিয়েছে কার পরিসংখ্যানটা ঠিক? মাননীয় মন্ত্রী তার তিন নম্বর অনুচ্ছেদে বলেছেন ১০.৩ লক্ষ একর কৃষি জমি ২৩.১২ লক্ষ জনের মধ্যে বন্টন করা হয়েছে। তার মধ্যে ৫৬ শতাংশ হচ্ছে তফসিলি জাতি উপজাতির মধ্যে। এই সম্পর্কে উনি গর্ব করে বলেছেন, পশ্চিমবাংলায় যত তফসিলি জাতি উপজাতি আছেন তার নাকি দ্বিগুণেরও বেশি। কোথায় পেলেন মাননীয় মন্ত্রী পশ্চিমবাংলায় মোট জনসংখ্যার ২৯.২১ শতাংশ হচ্ছে তফসিলি জাতি উপজাতি? মাননীয় মন্ত্রী নিজে বলছেন ৫৬ শতাংশ হচ্ছে তফসিলি জাতি উপজাতির হার—মোট জনসংখ্যার মধ্যে তফসিলি জাতি উপজাতি ২৯.২১ শতাংশ একে দ্বিগুণ করলে হয় ৫৮.৪২ শতাংশ—এক্ষেত্রে এটা কি দ্বিগুণেরও বেশি হয়? আমি দেখতে পাচ্ছি দ্বিগুণ এখনও হয়নি। উনি বলছেন তারও বেশি, যে পরিসংখ্যানটা উনি দিয়েছেন।

[4-30 – 4-40 p.m.]

দয়া করে মাননীয় মন্ত্রী বলবেন তাঁর জবাবী ভাষণে, এই অসংগতিপূর্ণ তথ্য আমাদের এই সভায় পেশ করা হল কেন। কোথায় পেলেন, কেন এই অসংগতি পূর্ণ তথ্য উনি সভায় পরিবেশন করলেন? মাননীয় অর্থমন্ত্রী বলেছেন ৪ নম্বর অনুচ্ছেদে ১০.৫ লক্ষ একর খাস জমি ২৫.৫৩ উপকার ভোগীর মধ্যে বন্টন করেছেন। আর বিভাগীয় মন্ত্রী বলেছেন ১০.৯ লক্ষ খাস জমি। এইরকম সর্বত্রই পরিসংখ্যানের ফারাক আমার দেখতে পেয়েছি। মাননীয় অর্থমন্ত্রী বলছেন এক, মাননীয় ভূমিসংস্কার মন্ত্রী বলছেন আরেক। এইটা মেলাতে চেয়ে আমি আর অন্য কিছু পড়তে পাইনি। এই ব্যাপারে যে কথাটা মনে পড়ছে, মাননীয় রাষ্ট্রমন্ত্রী, উনি তখন মন্ত্রী ছিলেন না, ১৯৯৬ এর ২রা মার্চ উনি লিখিতভাবে একটা প্রশ্ন করেছিলেন, "ভূমিসংস্কার দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন সরকার কি অবগত

আছেন যে তৃতীয় ভূমিসংস্কার আইনে সরকারের ন্যস্ত জমি অধিকাংশ জমিদার, জোতদার গত ১৯৭২ সালের পর থেকে নানাভাবে হস্তান্তর করেছেন? অবগত থাকলে নদীয়া জেলায় সেই জমির পরিমাণ কত? সেই সমস্ত জমিতে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন? মন্ত্রী জবাব দিয়েছিলেন এইরকম কোনও তথ্য সরকারের জানা নেই কিন্তু সরকারের জানা না থাকলে কি হবে এইরকম ঘটনা নদীয়া জেলাতে ঘটেছে। আমরা আশা করব, মাননীয় রাষ্ট্রমন্ত্রী তিনি জবাবি ভাষণে এর জবাব দেবেন। এই ঘটনা না ঘটলে তৎকালীন বিধায়ক এই প্রশ্ন করতেন না। নিশ্চয়ই তাঁর জানা আছে এই জাতীয় ঘটনা ঘটছে। সরকারের নজরে নেই। সরকারে নজরে না থাকলে কি হবে, এই জাতীয় ঘটনা ঘটছে। মাননীয় মন্ত্রী দক্ষ, অভিজ্ঞ সবই ঠিক কিন্তু তাঁর দপ্তরের সর্বনিম্নে যারা আছে, ভূমি সহায়ক, রাজস্ব পরিদর্শক, মহকুমা আধিকারিক, প্রত্যেকটি জায়গা দুর্নীতির আখড়াতে পরিণত হয়েছে। সেখানে বাস্তু ঘুঘুতে ভরে গেছে। সেখানে পয়সা না দিলে কোনও রেকর্ড সংশোধন করা হয় না। রেজিস্টার্ড এইটের ব্যাপারেও একটা বিরাট অসংগতি লক্ষ্য করা যায়। আমি যখন পঞ্চায়েত সমিতির সভাপতি ছিলাম তখন দীর্ঘ দু বছর ধরে, এই রেজিস্টার্ড এইটের কপি চেয়ে আমি পাইনি। আধিকারিক আমার দপ্তরে পাঠাতে পারেনি। বারবার জানতে চাওয়ার পর, একদিন বলে দেওয়া হল এত স্বল্প সময়ের মধ্যে রেকর্ড করে দেওয়া সম্ভব না। তাহলে তারা সারা বছর কি কাজ করে। কেন তাদের বেতন দেওয়া হবে? তহশীলদার যারা, তারা খাজনা নেওয়ার ক্ষেত্রে মাঝখানে মাঝখানে গ্যাপ রেখে শেষের দিকে কছু টাকা নিয়ে একটা বোঝাপড়া করে খাজনার রসিদ দিচ্ছে। নদীয়া জেলায় নমুনা অনেক আছে। মাননীয় মন্ত্রী চাইলে আমি দিতে পারব। কিন্তু আমার প্রশ্ন আজকে খাস জমি, বর্গা জমি, ভূমিসংস্কার যা নিয়ে আমরা যাদের নিয়ে এত গর্ব করছি, পঞ্চায়েত এবং গ্রাম উন্নয়ন, যার মধ্যে গ্রামের সর্বস্তরের, নিচু স্তরের মানুষের উপকার করে ভূমি, ভূমি সংস্কারের মাধ্যমে পশ্চিমবঙ্গে নাকি সার্বিক উন্নয়ন সম্ভব। মাননীয় মন্ত্রী সূর্যকান্ত মিশ্র উনি জানেন এবং জানা উচিত। আজকে বলা হচ্ছে ভূমিসংস্কারের মাধ্যমে প্রত্যেকটি বর্গা নথিভুক্ত করা হচ্ছে। তাদের প্রোটেকশন দেওয়ার ব্যবস্থা আছে। তাই যদি হয় তাহলে বারবার কেন বিধানসভায় মেনশন করা হচ্ছে, লিখিত অভিযোগ করা হচ্ছে। আজকে আমার বিধানসভা কেন্দ্র হাঁসখালি, সেখানে বেছে বেছে কংগ্রেসি রেকর্ডেড বর্গাদারদের উচ্ছেদ করা হচ্ছে। থানায় ডায়েরি করলে পুলিশ কোনও ব্যবস্থা নেয় না। দুষ্কৃতকারীদের পুলিশ গ্রেপ্তার করে না। মাননীয় রাষ্ট্রমন্ত্রীকে বলেছি, অনেক মন্ত্রীকে বলেছি, জেলাপরিষদের কর্মাধ্যক্ষদের বলেছি। আজকে দেখা যাচ্ছে যে, সর্বত্রই যারা কংগ্রেস করে তারা বর্গাদার হোক, পাট্টাদার হোক, গরিব মানুষ হোক, তাদের প্রোটেকশন এই সরকার দিচ্ছে না। যারা সি. পি. এম. করে তারা আইনত বর্গাদার না হয়ে, আইনত পাট্টাদার না হয়ে ও তাদের পাট্টা দেওয়া হচ্ছে বে-আইনিভাবে ফসল কেটে পুলিশ তাদের ঘরে তুলে দিচ্ছে। আর যারা কংগ্রেসি, তাদের ফসল চুরি হচ্ছে, দিনের বেলায় ফসল কেটে নেওয়া হচ্ছে। তাদের বাড়ির উপর হামলা করা হচ্ছে। আমি আশা করব যে, মাননীয় মন্ত্রী মহাশয়, তাঁর জবাবি ভাষণে এই কথা বলবেন। সরকার পক্ষের বক্তা শ্রী নর্মদা রায়ের বক্তব্য শুনে আমার ভালো লাগল।

তিনি বলেছেন যে, আজকে পাট্টা তৈরি করে শুধুমাত্র অনুমোদনের অপেক্ষায় দিনের পর দিন বসে থাকতে হয়। মহকুমা আধিকারিকের কাছ থেকে অনুমোদন না আসার ফলে নিয়মিত সময়ের মধ্যে পাট্টা গরিব মানুষের কাছে পৌছে দিতে পারা যাচ্ছে না। আজকে কেন এই অব্যবস্থা। আজকে প্রতিবছরই বাজেট বাড়াতে হচ্ছে। তাই আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করে, আমাদের আনা কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পঙ্কজ ঘোষ :** মাননীয় মন্ত্রী সূর্যকান্ত মিশ্র ভূমি ও ভূমিসংস্কার দপ্তরের জন্য ১৯৯৭-৯৮ সালের যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন, তাকে পূর্ণ সমর্থন করে বিরোধীপক্ষের আনা কাট মোশনের বিরোধিতা করে দু-একটি কথা বলতে চাই। একটা বিষয় হচ্ছে যে, মোট খাস জমি ২৯.০২ লক্ষ একর, তার মধ্যে কৃষি হচ্ছে ১২.৮৭ লক্ষ একর, ১০ লক্ষ একর হচ্ছে বনাঞ্চল, ৬ লক্ষ হচ্ছে অকৃষি, ১ লক্ষ ৮৮ হাজার, ৩১৮ একর যেটা মামলায় আবদ্ধ হয়ে আছে। আর বাকি যে জমিটা, সেটা বন্টনের কাজ বা বন্টনের যে প্রসিডিংস সেটা চলছে। আমি একটা জিনিস শুনে আশ্চর্য হয়ে গেলাম যে, কি করে তারা এই দপ্তরের কর্মকাণ্ডকে বিরোধিতা করছেন? এটা আমরা সবাই জানি যে, পশ্চিমবঙ্গ হচ্ছে একটা অঙ্গরাজ্য। আমাদের রাষ্ট্র ক্ষমতা নেই। আমাদের যে ক্ষমতা, সেখানে দাঁড়িয়ে আমুল ভূমিসংস্কার করা সম্ভব নয়, সেটা আমরা বুঝি। কিন্তু আপনাদের জ্ঞাতার্থে এটা জানতে চাই যে, সীমিত ক্ষমতার মধ্যে থেকে যদি আন্তরিক ভূমিকা গ্রহণ করা যায়, তাহলে একটা দৃষ্টান্ত স্থাপন করা যায়। এটা কারোর বলার অপেক্ষা রাখে না। এটা আপনারা কেউই অস্বীকার করতে পারবেন না। অমর্ত্য সেন এর মতো অর্থনীতিবিদ তিনিও এসেছেন এবং তিনিও দেখবার চেষ্টা করেছেন যে, কি করে একটা অঙ্গরাজ্যের সরকারের পক্ষে এতবড় গুরুত্বপূর্ণ কর্মকাণ্ড করা সম্ভব হবে। এই কথা এইজন্য বললাম যে, আমরা দেখলাম যে, ভারতের প্রায় ৭৪ শতাংশ মানুষ গ্রামের অর্থনীতির উপর নির্ভর হতে আরম্ভ করল। এর ফলে জমির উপর বোঝা বাড়ল।

[4-40 – 4-50 p.m.]

শুধু উনি কেন, আপনাদের বহু নেতা বার বার তারিফ করেছেন যে ভূমিসংস্কারের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের দৃষ্টান্ত অনুসরণ করুন। ভূমিসংস্কারের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ যে দৃষ্টান্ত স্থাপন করেছেন সেটা অভূতপূর্ব। দেশ-বিদেশের মানুষ এসে এই ব্যবস্থা দেখে গেছেন। শুধু আমাদের দেশের নয় বিদেশের পণ্ডিত ব্যক্তিরা এখানে এসে বলে গেছেন যে কি করে এই কাজ করা সম্ভব হল। এতবড় সাফল্যকে তথ্যের কারচুপির মধ্যে দিয়ে যারা গোটা রাজ্যের মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন মানুষ তাদের ক্ষমা করবে না। কারণ আপনাদের শ্রেণী চরিত্র আমাদের জানা আছে। এই রাজ্যের একটা অতীত আছে এবং আপনাদের সম্পর্কে মানুষ জানে। আজকে নয়, আপনারা অতীতকে স্মরণ করুন। এমনি এমনি হয়নি। আজকে স্মরণ করুন, আজকে একটা ঐতিহাসিক মূহূর্তে দাঁড়িয়ে তেভাগা আন্দোলনের সুবর্ণজয়ন্তী বর্ষ শুরু হয়েছে। আপনারা জানেন সারা ভারত কৃষক সভার সপ্তম বর্ষ উদযাপিত হচ্ছে। সেই

তেভাগা আন্দোলন, তেলেঙ্গানা আন্দোলন, কৃষক বিদ্রোহের সময় আপনাদের শ্রেণীচরিত্র ফুটে উঠেছিল। এরপর জমিদারি প্রথার অবসান করা হল। তারপর কি দেখা গেল? কারা জমিদার ছিলেন? যারা হ্যাট-কোট, বুট-সুট পরতেন তারাই জমিদারি চালাতেন। কিন্তু জমিদারি প্রথা অবসানের পর এই হ্যাট-কোট, বুট-সুট পরা জমিদাররা রাতারাতি গান্ধীটুপি মাথায় দিয়ে খদ্দর পরা শুরু করলেন। জমিদারি প্রথা অবসানের পর কি হল? সেই জমি কৃষক পেয়েছিল? জমিদাররা সেই জমি নিজের নামে না, আত্মীয়-এর নামে না, ছেলে-মেয়েদের নামে না, যে জন্মগ্রহণ করেনি তার নামে লুকিয়ে রেখেছিল। এই তো আপনাদের চরিত্র। আর আপনারা বড়াই করে ভূমিসংস্কারের কথা বলছেন। কৃষক যেন বোঝে না খুড়োর কল কাকে বলে, আর চুষি-কাঠি বলতে কি বোঝায়। সেই কৃষক ১৯৬৭-৬৯ সালের মধ্যে সংগঠিত শক্তির মধ্যে দিয়ে গণআন্দোলনের মাধ্যমে সেই জমি দখল করেছিল। এটা কি আপনারা অস্বীকার করতে পারেন? ১৯৭২ সালে আপনারা ক্ষমতায় এসেছিলেন। সেই সময়ের কথা মানুষের মনে আছে, মানুষ তার জবাব দিয়েছে, তাই আজকে আপনারা এদিকে না বসে ওদিকে গিয়ে বসেছেন। আপনারা ১৯৭২ সালে জমি বিলি করেছেন? আপনারা ১৯৭৫ সালে জমি বিলি করেছেন? আপনারা তথ্য দেখাচ্ছেন, পরিসংখ্যান দেখাচ্ছেন। উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে বসিয়েছেন। একটা করে পাট্টা ধরিয়ে দেওয়া হয়েছিল। কৃষকরা জমি পায়নি। তাদের উপর কম অত্যাচার করা হয়নি, তাদের উপর কম আক্রমণ করা হয়নি। তারপরের ইতিহাস আপনাদের জানা আছে। আজকে ভূমিসংস্কারের যে সাফল্য সেটা আপনারা অস্বীকার করতে চাইছেন। আজকে গোটা পশ্চিমবঙ্গের চেহারাটা কি? এখন মাঠের পর মাঠ সবুজে ভরে থাকে। আমরা গ্রামের মানুষ, আমরা জানি আগে চৈত্র হলেই গ্রামের লোককে থালা ঘটি বাটি, বন্ধক দিতে হত। আপনারা মাইলো ভুট্টো খাওয়াননি? আর আপনারা বলেন, ধান চাষে আপনারা প্রথম ছিলেন। ১৯৬৯ সালের ৩১শে আগস্টের কথা ভুলে যাবেন না। কারা গুলি চালিয়েছিল আজিজুলের উপর? কারা, কেন এই কাজ করেছিল? এই তো আপনাদের চরিত্র।

মানুষ খাদ্য চাইতে এসেছিল, সেই নিরস্ত্র মানুষদের উপর বর্বর আক্রমণ করেছিলেন আপনারা। আজকে কৃষক শহরে এসে বলে না ফ্যান দাও, ফ্যান দাও, আজকে আপনার বাড়িতে অনুষ্ঠান থাকলে তারা পাত্র হাতে করে বসে থাকে না। কিভাবে এই অবস্থা হল অনুসন্ধান করলেই পেয়ে যাবেন। আপনার বাড়িতে যে মজুরি খাটত, সেই আপনাকে হারিয়ে প্রধান হয়েছে। গায়ে কি অমনি জ্বালা ধরে? আজকে ক্ষেতমজুর সারাদিন কাজ করার পর বাড়ি ফিরে রেডিও শোনে, আজকে টি.ভি. দেখতে আপনার বাড়ি যায় না, ছেলেকে স্কুলে যাওয়ার জন্য সাইকেল কিনে দিতে পারে। এসব কি সাফল্য নয়? আপনারা কি অন্ধ ধৃতরাষ্ট্র? আজকে তারা এই যে মর্যাদা, আত্ম সম্মান পেয়েছে, তার মূল চাবিকাঠি হচ্ছে ভূমি সংস্কার। সকলেই জানেন, শিল্পের জন্ম হয় কৃষির গর্ভে। কৃষিতে যদি সেই পরিবর্তন না আনা যায়, তাহলে শিল্প উন্নত হয় না। আজকে ক্ষুদ্র শিল্প, কুটির শিল্প থেকে শুরু করে তাঁত শিল্প, আরও সব শিল্পে দেখুন কি পরিবর্তন আমরা সংগঠিত করতে পেরেছি। আজকে

মৎস্যজীবীরা, বারুই সম্প্রদায়ের লোকেরা তাদের মর্যাদা পাচ্ছে, অধিকার পাচ্ছে, যেটা আগে পেত না। এই পরিবর্তন হয়েছে ভূমি সংস্কারের ফলে। সেই কারণে ইতিহাস আপনাদের ক্ষমা করবে না। যারা এই বিশাল, মহৎ কর্মকান্ডকে অস্বীকার করতে পারে, তাদের জায়গা হবে ঐ ইতিহাসের আস্তাকুঁড়েতে, মানুষের মধ্যে নয়। আর, মানুষের আশীর্বাদ নিয়ে আমরা বারে বারে আসব। আমাদের অগ্রগতি রোখা যাবে না। এই কথা বলে, এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শেখ দৌলত আলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ব্যয়বরাদ্দের দাবির বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। এ কি শুনি আজ মন্থরার মুখে? কি অপূর্ব ভাবে তিনি ইতিহাসের দিকে লক্ষ্য রেখেছেন। বর্গী হাঙ্গামার কথা নিশ্চয় আপনাদের মনে থাকা দরকার। আজকে যখন এত ইতিহাসের কথা বলছিলেন, তখন এটা বলতে পারলেন না, কারা প্রথম এই চাবিকাঠি তুলে দিয়েছিলেন? জমিদার প্রথা উচ্ছেদ করে যে জমিগুলো আমরা এনে দিয়েছিলাম, তার স্বীকৃতি কোথায়? আজকে উনি বললেন ফাইভ মেন কমিটির কথা।

[4-50 – 5-00 p.m.]

উনি সত্যের অপমান করেননি ? উনি সত্যকে পাশ কাটিয়ে গেছেন। কি? না, ভূমি ও ভূমি সংস্কার বিভাগের যে কমিটি আছে এরা এটা করবেন। ৫ ম্যান কমিটি সেটা সত্যিকারের কাজ হচ্ছে কিনা দেখবেন। ইতিহাসকে বিকৃত করলেন না? আপনারা যে প্রকৃত বর্গাদার তাকে কিছুতেই বর্গার সার্টিফিকেট দিতে চাইলেন না। স্যার, আমার এলাকার ঘটনা বলি শুনুন। সেখানে কে বর্গা পাবে তা নিয়ে মারামারি করতে করতে খুনোখনি হয়ে গেল, লাস পড়ে গেল। তাহলে আজকে কি আপনারা প্রকৃত বর্গাদারকে জায়গা দিতে পেরেছেন? আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, এত লক্ষ বর্গা রেকর্ড হয়েছে। কিন্তু দেখবেন, সত্যিকার বর্গাদাররা সেই জমি পাচ্ছে না। আমাদের আরেক বামপন্থী বন্ধুকে ধন্যবাদ, তিনি সত্যি কথা বলে ফেলেছেন। আজকে যেসব জমির পাট্টা প্রকৃত বর্গাদারদের দেওয়া যেত তা দেওয়া যাচ্ছে না, প্রশাসন যন্ত্রের কাটা-কলে পড়ে মার খাচ্ছে।

আপনারা বললেন, ভুখা মিছিল আজকে হয় না। কিন্তু আপনারা শুনে রাখুন—শুখা মিছিল হয়। জ্যোতি বাবুর দৌলতে শুখা মিছিল হচ্ছে। নদীয়ার চাষীরা জমিতে জলের জন্য দাবি জানালে গুলি খেয়েছিল। আবার জলের দাবি করলে আবার গুলি খাবে। আর আপনারা আজকে বলছেন, ভুখা মিছিল হয় না।

আপনারা বেকার সমস্যার সমাধান করতে পারেননি বলে যাদের জমি দেওয়া উচিত নয়, বসতি দেওয়া উচিত নয়, তাদের দিয়ে আপনারা 'শো' করছেন। আবার বলছেন, বিদেশিরা এসে নাকি বলছে, এত সুন্দর ভূমি সংস্কার পশ্চিমবঙ্গ ছাড়া হয়নি। আর, আমাদের প্রিয়রঞ্জন দাশমুন্সি কি বলেছিলেন তার তাবিজ ধারণ করে বসে আছেন—হ্যাঁ, কিছু যদি

দেখতে হয় পশ্চিমবাংলায় চলুন। কেন? কেরলার কথা বললেন না স্যার, আমি যখন ১৯৭২-৭৭ সালে এই সভার সদস্য ছিলাম আমাদের পাঠানো হয়েছিল কর্ণাটকে। আপনারা চিৎকার না করে শুনে রাখুন। সেখানে আমি দেখে এসেছিলাম, ওয়ান ম্যান, ওয়ান ক্ষতিয়ান—আপনারা তাই ফলো করছেন।

স্যার, আমাদের মন্ত্রী মহাশয় বলছেন, ধান, গম—সব ব্যাপারেই উনি নাকি প্রথম স্থান অধিকার করেছেন। এত ভাল কথা, আমরাও তো চাই পশ্চিমবঙ্গ সব ব্যাপারে প্রথম স্থান অধিকার করুক। এখানে ধানের উৎপাদন বাড়ুক, গমের উৎপাদন বাড়ুক। কিন্তু আপনাদের যে পরিসংখ্যান তাতে বলা হচ্ছে, ১৯৯৪ থেকে ১৯৯৫ সালে ধান পেয়েছেন ১২২.৩৬ লক্ষ টন। আর, ১৯৯৫-৯৬ পেয়েছেন ১১৮.৮৭ লক্ষ টন—আমাদের নয়, আপনাদের দেওয়া হিসাব থেকে বলছি। এই কমার প্রবণতা কেন? এটা হয়েছে আপনাদের অত্যাচারে, বর্গাদের অত্যাচারে। আপনারা বর্গাদারদের জায়গা নিয়ে রাজনীতি করছেন, প্রকৃত বর্গাদার জমি পাচ্ছে না। ওঁরা কি করে বর্গা করছেন মিঃ চেয়ারম্যান স্যার একটু শুনে নিন। সত্যিকার বর্গাদারকে অফ করে দিয়ে, মিথ্যা সাক্ষী যোগাড় করে অফিসারদের সামনে বলা হচ্ছে, সেই প্রকৃত বর্গাদার, জমি হাল করে, ইত্যাদি। এই ভাবে গ্রামবাংলায় মিথ্যা বর্গাদাররা বর্গা পাচ্ছে। এটা আপনারা অস্বীকার করতে পারেন? দয়া করে ইতিহাসকে বিকৃত করবেন না। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, নগর উন্নয়ন করতে গেলে, রাস্তা তৈরি করতে গেলে বিভিন্ন ভাবে জমি দেওয়া হচ্ছে।

জমি অ্যাকুইজিশনের জন্য কত টাকা দিয়েছেন? সবচেয়ে লোয়ার রেটে দিয়েছেন। জমি রেজিস্ট্রির বিষয়ে রেজিস্ট্রেশন ফি যা করেছেন, যাদের জমি দিচ্ছেন তা না করে যদি বাড়তি টাকা তাদের দিতে পারতেন তাহলে তারা উপকৃত হত। আজকে বলছেন শিল্পায়ন খুব দ্রুতগতিতে হচ্ছে। আমি আপনাদের জানাচ্ছি এই শিল্প মালিকরা এক বছর, দু বছর কারখানা চালু করে চলে যাচ্ছে। আমার সাবজেক্ট কমিটির চেয়ারম্যানকে নিয়ে গিয়েছিলাম ফলতায়। সেখানে ১০ একর জমির টাকা দেওয়া হয়নি বলে এখনও সেই রাস্তা হল না। ফলতায় বাণিজ্য কেন্দ্র এক নম্বর সেক্টরের গেটের কাছে ১৫০ ফুট জায়গায় বাণিজ্যকেন্দ্র হবে। আগে মন্ত্রী মহাশয় বললেন দু হাজার একর জমি অধিগ্রহণ করা হয়েছে এবং প্রায় ৩২ কোটি টাকা ক্ষতিপূরণ বাবদ দিতে হয়েছে। আপনারা জেনে রাখুন এখনও যেসব মানুষ টাকা পায়নি তারা আজকে স্লোগান দিচ্ছে কাজ দাও তা নাহলে জমি ছেড়ে দাও। কারণ তারা আজকে টাকা পাচ্ছে না। এর পরিবর্তিত পরিস্থিতি আপনারা অনুধাবন করতে পারছেন না। মন্ত্রী মহাশয় আরেকটা কথা বলেছেন যেটা আমি না বলে পারছি না। অনেক জমি খাস করা হয়েছে ২৯.০২ লক্ষ একর, তার মধ্যে কৃষি জমি হচ্ছে ১২.৮৭ লক্ষ একর, অর্থাৎ প্রায় ১৩ লক্ষ একরই ধরুন, এই জমি আপনি কত জনকে দিয়েছেন? ১০ লক্ষ ৯ হাজার একর কৃষি জমি আপনি দিয়েছেন ভূমিহীনদের। আপনি বলুন এই ২৯ লক্ষ থেকে ১২ লক্ষ বাদ দিয়েছেন তার থেকে এই ১০ লক্ষ একর কৃষি জমি প্রায় ভূমিহীনদের দিয়েছেন, তাহলে

বাদ বাকি জমি গেল কোথায়? আপনি এক জায়গায় বলেছেন ৫ লক্ষ একর মৎস্যজীবীদের ও কৃষিজীবীদের দিয়েছেন। আপনাদের কৃষক সভা না কি কৃষক সমিতি নামে একটা সভা আছে, সেই সমিতির কৃষক ভাইরা মনে হয় এই জমি বেদখল করে রেখেছে। তাই আপনাদের কাছে এর সঠিক হিসাব আসেনি। আপনিও আপনার এই বাজেট বক্তৃতায় এই সভাকে আড়াল করবার চেষ্টা করেছেন। এ ব্যাপারে একটা ফাইভ-ম্যান কমিটি হয়েছে, তারা এটাকে গুরুত্ব দিয়েছে। আপনারাই বলেছেন যত জমি আছে সেই জমি ন্যাশনালাইজ করার কথা। তারা কি করেছেন? আমাদের এখানে অবশ্য আপনারা করেননি। কো-অপারেটিভ ফার্মিং আপনারা কি করাতে পারতেন না? যে জমিগুলি আপনাদের দলের লোকেরা ভাগ করে রেখেছেন ওই কৃষক সভার নাম করে, যে জমিগুলি অধিগ্রহণ করে রেখেছেন আপনাদের দলের লোকদের দিয়ে, সেগুলি কি কো-অপারেটিভ ফামিং করা যেত না? এটা করা হলে আমরা আরও ভাল ফল পেতে পারতাম। আরও বেশি চাষবাস আমরা করতে পারতাম। এই ভূমি সংস্কারের উন্নতির ফলে আমাদের গ্রামোন্নয়ন ঘটত। আজকে কেন আপনারা চাল নিয়ে চালবাজি করছেন? প্রকৃতপক্ষে যারা দরিদ্র, যাদের বার্ষিক আয় ১৫ হাজার টাকার কম, সেখানে তাদের দিতে পারছেন না। সেখানে কেন জমির সীমা নির্ধারণ করতে পারলেন না? আপনারা শুধু বলেন আমরা বিরাট সাফল্য এনেছি। আপনাদের সাফল্য হচ্ছে বর্গাদার দিয়ে বর্গাদারকে খুন করানো। আপনাদের সাফল্য হচ্ছে পাট্টা দেওয়ার নাম করে ঠাট্টা করা। বলুন আজ পর্যন্ত কত জন কৃষককে পাট্টা দিতে পেরেছেন?

[5-00 – 5-10 p.m.]

আমাদের বামপন্থী বন্ধুরা বললেন, 'পাট্টা ইজ রেডি'। কিন্তু আপনাদের সরকার রেডি নয়, সে দিতে পারছে না। সুতরাং পাট্টা নিয়ে ঠাট্টা ছাড়া আর কি বা আপনাদের কাছে আশা করতে পারি। এই প্রসঙ্গে আমি বলি যে, একজন জমিদার সিলিং-এর মধ্যে যতটুকু জমি রাখা যায় ততটুকু রেখে, বাকিটা দিয়ে দিলেন সরকারকে। সেটা ভেস্ট হল, কিন্তু জমিদার তো আর নিজে চাষ করতেন না, দু তিন জেনারেশন ধরে যারা সেই জমি ভোগ করছিল তাদের কি হবে? সুতরাং আমরা লক্ষ্য করছি সিলিং বহির্ভূত ভেস্টেড জমির ক্ষেত্রেও ভেস্টেড ইন্টারেস্ট এক জায়গায় প্লে করছে এবং এর ফলেই আপনাদের ভূমি সংস্কার ব্যর্থ হচ্ছে। এ কথা কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট ভাষণের মধ্যে নেই, যেটা থাকা উচিত ছিল। আমি আপনার কাছে বলতে চাই যে, আমরা আমাদের রাজত্বকালে পাঁচ বছরে—১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত—১ লক্ষ ৭৫ হাজার একর উদ্ধার করেছিলাম, ২ লক্ষ ৬০ হাজার বিলি করেছিলাম। কিন্তু আপনারা ২০ বছরে ২ লক্ষ ১২ হাজার একর জমি পেয়েছেন, বিলি করেছেন তার তিন গুণ। তারপরে এখানে মেয়েদের নামে পাট্টা দিয়েছেন বলে দাবি করেছেন। আপনি যদি মুসলিম আইনটা দেখেন তাহলে দেখতে পাবেন মেয়ে কেন, মেয়ের মেয়ে থাকলে তার নামেও হবে। এটা নতুন কিছু নয়। এর মধ্যে নতুনত্বের কি আছে? যেসব মানুষেরা গরিব মানুষদের জমি আপনার আমলাদের সাহায্যে

কেড়ে খাচ্ছে তাদের বিরুদ্ধে আপনি একটু হাইকোর্টে গিয়ে লড়ুন। যারা আপনার আমলাদের সাহায্যে সব লুটেপুটে খাচ্ছে, তাদের বিরুদ্ধে লড়ুন। পরিশেষে আজকে মাননীয় মন্ত্রী মহাশয় এই যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে, আমাদের দলের কাট মোশনগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**ডঃ রামচন্দ্র মন্ডল ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় ভূমি ও ভূমি সংস্কার সম্পর্কে যে বাজেট এনেছেন সেই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি দু-একটি কথা বলছি। সমর্থন করছি এই কারণে যে, এই দপ্তর তাদের কাজের মধ্যে দিয়ে এ রাজ্যে একটা ইকনমিক স্টেবিলিটি এনেছে। ভূমি বন্টনের মধ্যে দিয়ে রাজ্যের গ্রামীণ জনসাধারণের মধ্যে একটা স্বনির্ভরতা এসেছে। ভূমিহীন মানুষ এবং কৃষকরা যে ছোট ছোট জমি পেয়েছে সেই জমি তারা নিজেরা চাষ করে একটা উন্নত অবস্থার সৃষ্টি করেছেন। আজকে এখানে বিরোধী দলের নেতা ১৯৫৫ সালের অ্যাক্ট হওয়ার কথা উল্লেখ করলেন। তিনি আরও বললেন কনসোলিডেশন অফ ল্যান্ড হোল্ডিং অ্যাক্টের কথা। তিনি প্রশ্ন রাখলেন হোল্ডিংগুলোকে একত্রিত না করে ছোট ছোট ভাগে ভাগ করে রাখলে উন্নতি হবে কি করে? এই প্রসঙ্গে আমাদের জমিদারি প্রথা সৃষ্টির সময়ে যেতে হয়—১৯৯৩ সালে লর্ড কর্ণওয়ালিশের সময় থেকে জমি জমিদারদের হাতে কুক্ষিগত হয়ে পড়েছিল। জমিদারদের হাত থেকে সেগুলো ফিরে পাবার কোনও সুযোগ ছিল না। ফলে কৃষক সেই জমিকে উন্নত করে তোলার কোনও সুযোগ পেত না। ছোট ছোট জমি হবার ফলে আজকে কৃষক জমিকে উন্নত করার সুযোগ পেয়েছে। বিভিন্ন প্রক্রিয়ায় যে যার নিজের জমিকে ক্রমশ উন্নত করে তুলছে, ফলে এ রাজ্যে ফসল উৎপাদন ক্রমশ বেড়ে চলেছে। এ রাজ্যে যতক্ষণ কৃষকের হাতে জমি ছিল না ততক্ষণ তারা জমিকে উন্নত করে তুলতে পারেনি। তাই তো আমরা ভূমি বন্টন ব্যবস্থাকে স্বাগত জানাচ্ছি। আজকে ভূমি বন্টনের ফলে আমাদের কৃষি ব্যবস্থা উন্নত হয়েছে। বাড়তি জমি অধিগ্রহণ করে তা খাস জমিতে রূপান্তরিত করে প্রকৃত কৃষকের কাছে তা বন্টন করার ফলে চাষের উন্নতি ঘটেছে। সঠিক ভাবে বর্গাদারদের নাম নথিভুক্ত করার মধ্যে দিয়েও এ ক্ষেত্রে উন্নতি সংঘটিত হয়েছে। দরিদ্র চাষীদের মধ্যে যে ভূমি বন্টন করা হয়েছে তার স্বত্বও তাদের দেওয়া হয়েছে এবং সাথে সাথে চাষের বিভিন্ন উপকরণ ও ঋণের ব্যবস্থা করা হয়েছে। এই সমস্ত কার্যকলাপের মধ্যে দিয়ে জমির উৎপাদন অনেক বেড়ে গেছে। শুধু জমি থাকলেই হবে না, সেখানে এগ্রিকালচারাল প্রোডাকটিভিটির প্রয়োজন। জমি চাষীর হাতে এসেছে বলেই এগ্রিকালচারাল প্রোডাকটিভিটি বেড়ে গেছে। এরপর আর একটি কথা বলতে চাই, এই জমিগুলি আসার পর অনেককে পাট্টা দেওয়া হয়েছে। কিন্তু এমন অনেক লোক আছে যাদের কাছে ঠিকমতো পৌঁছায়নি। আমি আশা করব, সেই জমির পাট্টা তারা যেন পায় সেই চেষ্টা আপনি করুন। এই সম্পর্কে আর একটি কথা বলতে চাই, এই জমিগুলি দেওয়া সত্ত্বেও অনেক জমি হস্তান্তরিত হয়েছে। সেটা যাতে না হয় তার চেষ্টা করুন। কনভারশন অফ ল্যান্ডে অনেক জমি চলে গেছে। এই সম্পর্কে বিভিন্ন জায়গায় বিভিন্ন বক্তা বলেছেন। আমি বলতে চাই,

এই সম্পর্কে যে অ্যাক্ট হয়েছিল ১৯৯১ সালে সেই ল্যান্ড রিফর্মস ট্রাইব্যুনাল অ্যাক্টকে যাতে আমরা সঞ্জীবিত করতে পারি অর্থাৎ একে ভিত্তি করে জমিগুলি যাতে কনভারশন না হয় তার চেষ্টা করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি। এ ছাড়া ১৯৯২ সালে ভূমি সংস্কার সম্পর্কে দিল্লিতে মন্ত্রীদের যে আলোচনা হয়েছিল তার ফলে ১৯৯৬-৯৭ সালে প্রায় ২৯ লক্ষ একর জমি খাস করে ২৩ লক্ষ একর জমি ভূমিহীনদের মধ্যে বিলি করা হয়েছে। এ ছাড়া ১১ লক্ষ একর জমি প্রায় ১৫ লক্ষ বর্গাদারদের মধ্যে বিলি করা হয়েছে। এগুলি উন্নয়নের দিক হিসাবে আমরা দেখতে পাচ্ছি। এই ভূমি সংস্কারের মাধ্যমে আমাদের দেশ কৃষি উন্নয়নের দিক থেকে এগিয়ে গেছে। এর ফলে মানুষের রুজি-রোজগারের দিকটা বেড়েছে। আমি আর একটি কথা বলে শেষ করব, এর সঙ্গে ক্ষুদ্র শিল্পের উন্নয়ন বিশেষ ভাবে জড়িত। ক্ষুদ্র শিল্পকে চাষীদের বিকল্প আয়ের দিক থেকে দেখা দরকার। সেইজন্য আমি বলি, কৃষির সঙ্গে ক্ষুদ্র শিল্পের একটা কো-অর্ডিনেশন থাকা দরকার। বর্গাদারদের যে জমি সেই জমির উন্নয়নের সঙ্গে সঙ্গে মানুষের রুজি-রোজগারের যদি ব্যবস্থা করা যায় তার জন্য ক্ষুদ্র ও কুটির শিল্পের একটা কো-অর্ডিনেশন করা প্রয়োজন আছে বলে আমি মনে করছি। এই কথা বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী দেবীশঙ্কর পান্ডা ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে মাননীয় ভূমি ও ভূমি সংস্কার মন্ত্রী এই সভায় চলতি আর্থিক বছরের জন্য যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি সেই ব্যায় বরাদ্দের তীব্র বিরোধিতা করছি এবং আমাদের দলের সদস্যরা যে সমস্ত ছাঁটাই প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবগুলিকে সমর্থন করে কয়েকটি কথা এই সভায় বলতে চাই। আজকে ভূমি সংস্কারকে বামফ্রন্ট ফলাও করে প্রচার করছে। আমরা গ্রামের মানুষ। গ্রামে কীর্ত্তনের দল দেখেছেন? একজন পদকর্তা একটি কথা বলেন আর অন্যেরা ধুয়া ধরেন। তেমনি বামফ্রন্টের সর্বোচ্চ নেতা থেকে আরম্ভ করে অর্থাৎ মুখ্যমন্ত্রী থেকে শুরু করে গ্রামের প্রত্যন্ত প্রান্তের কর্মীবর্গরা সবাই সেই ভূমি সংস্কার করা হয়েছে বলে চিৎকার করে চলেছেন। পরিস্থিতি এমনই একটি জায়গায় এসে দাঁড়িয়েছে, এখানে বিরোধী দলের সদস্যরা যখন পানীয় জলের সঙ্কট এবং পানীয় জলে আর্সেনিক-এর কথা বলেন তখন বামফ্রন্টের সদস্যরা ভূমি সংস্কারের কথা বলেন। তবে আমাদের সৌভাগ্য, গতকাল প্রশ্ন ফাঁসের প্রসঙ্গে ওরা ভূমি সংস্কারের প্রসঙ্গ আনেননি। আজকে ভূমি সংস্কার শব্দটা বামফ্রন্টের লোকের কাছে অবশেষনে পরিণত হয়েছে। কিন্তু গ্রামবাংলার মানুষ আজকে ভূমি সংস্কারের কি বাস্তব চিত্র দেখতে পাচ্ছে? গ্রামবাংলার মানুষ দেখতে পাচ্ছে, ভূমি সংস্কারের নামে যেটা চলছে সেটা গ্রামে রাজনৈতিক পীড়ন ছাড়া আর কিছু নয়। একথা সত্য, তে-ভাগা আন্দোলনের ৫০ বছর পূর্তি লগ্নে গ্রাম বাংলায় জোতদার নেই, জমিদার নেই, নেই সামন্ততান্ত্রিক শোষণ। কিন্তু গ্রাম থেকে শোষণ লুপ্ত হয়ে যায়নি। খালি শোষণের রূপটা পাল্টেছে, শোষকের চরিত্র এবং চেহারা বদলেছে। এখন গ্রাম বাংলায় যে শোষণ চলছে সেটা হচ্ছে রাজনৈতিক শোষণ।

[5-10 – 5-20 p.m.]

সি.পি.এম.-এর নেতারা, সি.পি.এম.-এর কর্মীরা ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী, বর্গাদারদের এবং পাট্টাদারদের মধ্যে সংঘর্ষ লাগিয়ে দিচ্ছে এবং তাদের সংঘর্ষে ব্যস্ত রেখে পঞ্চায়েতকে কেন্দ্র করে তারা অবাধে লুণ্ঠনের রাজত্ব কায়েম করে চলেছে। এইভাবে রাজত্ব করায় গত ২০ বছরে তাদের আর্থিক মানের ব্যাপক পরিবর্তন যেভাবে ঘটে গিয়েছে সেটা আজ আর তাদের অস্বীকার করার উপায় নেই। স্যার, এই বামফ্রন্ট সরকার কৃষক, বর্গাদার, পাট্টাদারদের স্বার্থ রক্ষা করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ ছিলেন। কিন্তু গ্রামাঞ্চলে কংগ্রেসের তো বটেই সি.পি.এম. ছাড়া বামফ্রন্টের অন্যান্য ছোট শরিক দলগুলির বর্গাদার এবং পাট্টাদার যারা রয়েছেন তাদের স্বার্থ প্রতি মুহূর্তে বিঘ্নিত হয়ে চলেছে। তাদের জমি থেকে তাদের উচ্ছেদ করা হচ্ছে। এই প্রসঙ্গে আমি আমার এলাকার দুটি ঘটনার কথা উল্লেখ করতে চাই। আমার নন্দী গ্রাম বিধানসভা কেন্দ্রের গড়চক্রবেড়িয়া গ্রামে শেখ ওয়াব আলি তিন পুরুষের বর্গাদার। কিন্তু যেহেতু সে কংগ্রেস করে এবং স্থানীয় সি.পি.এম. নেতা ও কর্মীদের স্যালুট করে না সেই হেতু গত ৫ বছর ধরে তার জমি থেকে তাকে ফসল তুলতে দেওয়া হচ্ছে না। এস.ডি.ও. প্রতি বছর তাকে পুলিশ প্রোটেকশন দেওয়ার কথা বলেন কিন্তু দেখা যায় প্রতি বছর পুলিশ সেখানে পুতুলের মতন দাঁড়িয়ে থাকে আর সি.পি.এম.-এর লোকজন তার জমি থেকে ফসল তুলে নিয়ে চলে যায়। তারপর দীনবন্ধুপুরের শেখ ইসলাম। সে বর্গায় চাষ করত এবং নিজে সে পাট্টাদার। তার সেই জমি ভেস্ট হয়ে যায়। সে ভূমিহীন হওয়ায় সেই জমির পাট্টা পাবার সে দাবিদার কিন্তু যেহেতু সে সি.পি.এম. করে না সেই হেতু পঞ্চায়েতের ভূমি সংক্রান্ত স্থায়ী সমিতি তাকে বঞ্চিত করে অন্যদের দিয়ে দেয়। বাধ্য হয়ে সে হাইকোর্টে কেস করে এবং হাইকোর্ট তাকে পাট্টা দিতে বি.এল.আর.ও.-কে অর্ডার দিলেও ৬ বছর সে চাষ করতে পারে নি, ভিক্ষা করে তাকে জীবিকা নির্বাহ করতে হয়েছে। এইভাবে সেখানে পাট্টাদারদের স্বার্থ বিঘ্নিত হচ্ছে। স্যার, ১৯৮২ সালে নন্দীগ্রাম দু নং ব্লকের পঞ্চায়েত সমিতি কংগ্রেসের ছিল। সেই সময় সেখানে যে সমস্ত ভূমিহীন মানুষকে পাট্টা দেবার জন্য সুপারিশ করা হয়েছিল পরবর্তী পর্যায়ে সি.পি.এম. সেই পঞ্চায়েত সমিতি দখল করে নতুন করে সেই সমস্ত জমি রি-অ্যালটমেন্ট করে এবং যাদের নাম আগে সুপারিশ করা হয়েছিল তাদের বঞ্চিত করে সি.পি.এম.-এর লোকদের সেই জমি পাইয়ে দেবার চেষ্টা করে। স্যার, এইভাবে গ্রামবাংলায় ভূমি সংস্কারের নামে ব্যাপক রাজনৈতিক দমন—পীড়ন চলছে। এই যে ফাইভ মেন কমিটির কথা বলা হচ্ছে এই ৫ জনের মধ্যে দু জন রাজনৈতিক ব্যক্তি থাকেন—পঞ্চায়েত সমিতির সভাপতি একজন এবং ভূমি সংক্রান্ত স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ হচ্ছেন অপরজন। এরা অফিসারদের বাধ্য করছেন রাজনৈতিক সিদ্ধান্ত গ্রহণ করতে। ফলে অধিকাংশ ক্ষেত্রেই সমস্ত সিদ্ধান্ত সি.পি.এম.-এর অনুকূলে যাচ্ছে। এটা পাঁচজনের কমিটি, না, প্যাঁচের কমিটি তা মানুষের কাছে পরিষ্কার নয়। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে তাই অনুরোধ জানাব, এই ফাইভ মেন কমিটি যাতে নিরপেক্ষ সিদ্ধান্ত নেয় এবং গরিব মানুষ সি.পি.এম. করে না বলে যাতে

বঞ্চিত না হয় সে দিকে দৃষ্টি দিন। তারপর মধ্যবিত্তদের ক্ষেত্রে দেখা যায় যে তাদের রিটার্ন দাখিলের ত্রুটির জন্যই হোক বা টেকনিক্যাল কারণেই হোক অনেক সময় তাদের জমি ভেস্ট হয়ে যায়। সেখানে তারা হাইকোর্টের স্মরণাপন্ন হলে হাইকোর্ট ডাইভেস্টিং-এর অর্ডার দেওয়া সত্ত্বেও কংগ্রেস সমর্থন হওয়ার জন্য মিউটেশন হচ্ছে না এবং তাদের দিনের পর দিন ঘুরতে হচ্ছে। যেহেতু সেটেলমেন্ট অফিসে সেই জমিগুলি ভেস্ট হিসাবে চিহ্নিত হয়ে আছে সেই হেতু ভেস্ট হয়েছে এই অজুহাতে সি.পি.এম.-এর লোকরা সেই সমস্ত জমি ঝান্ডা পুঁতে দখল করে নিচ্ছে। সেই মানুষগুলিকে আবার বিপদে পড়ে নতুন করে হাইকোর্টের শরণাপন্ন হতে হচ্ছে। আজকে বি.এল.আর.ও., আর.আই. অফিসে ছোটাছুটি করলেও পয়সা না দিলে কোনও কাজ হয় না। আজকে সেখানে অবাধে লুণ্ঠন চলছে। একটা বর্গা সার্টিফিকেট পেতে গেলে ৪/৫ শত টাকা জমা দিতে হবে তা না হলে সার্টিফিকেট পাওয়া যায় না। এই রকম একটা অপদার্থ, অযোগ্য দপ্তরে এটা পরিণত হয়েছে। আজকে ভূমি সংস্কারের নামে গ্রামবাংলায় যে রাজনৈতিক পীড়ন চলছে তার বিরুদ্ধে প্রতিবাদ জানানো দরকার। মন্ত্রী মহাশয় বলছেন যে তার দপ্তরকে তিনি কম্পিউটারাইজড করবেন। কিন্তু তার দপ্তর কম্পিউটারাইজড না হয়ে পলিটিক্যালাইজ হচ্ছে। এই রাজনৈতিক দূষণ থেকে ভূমি সংস্কার দপ্তরকে মুক্ত করা হোক। সেজন্য আজকে মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি এখানে রেখেছেন তার বিরোধিতা করছি এবং আমাদের দলের সদস্যরা যে ছাঁটাই প্রস্তাব এনেছেন, সেগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কমলেন্দু সান্যাল ঃ** ভূমি ও ভূমি সংস্কার বাজেটের সমর্থনে ও কাট মোশনের বিরোধিতায় ছন্দিত ভাষণ।

মিঃ স্পিকার, স্যার,
বাজেটের প্রতি জানাই পূর্ণ সমর্থন আমার।
ওপাশের বন্ধুরা এনেছেন যত কাট মোশন,
বাতিল করছি ছড়া-ছন্দের লাগিয়ে লোশন।
ছে-চল্লিশের তে-ভাগা লড়াই, রক্তাক্ত তেলেঙ্গানা,
পশ্চিমবঙ্গের কাকদ্বীপে টাকা দিতেই কংগ্রেসে ভাবনা,
ফলে চিরস্থায়ী বন্দোবস্ত,
আইন বলে গেল সমস্ত অস্ত্র,
জমিদারি অধিগ্রহণ আইন,
পাস করেই ওঁরা বসেছিলেন ১৯৬৭ অবধি, কৃষক পায়নি জমিন।
ওরা দিয়েছিলেন রাজপুত্রে ভূ-বন্টন ভার,
ঠিক যেন গল্পের ল্যাজ ঝোলাটির ভাগের নামে পিস্টক আহার।

কৃষি জমি মাথাপিছু ৭৫ বিঘে,
বাগান পুকুর, দেবোত্তর যতস্থায়ী আড়ে এবং দীঘে।
রাজপুত্রের আইনের জোরে,
সে শিশুটিরও নামে জমি যেটি ছিল মাতৃজঠরে
পোষ্য জীব হাতি এবং ষাঁড়ের নামে
জমি ছিল, দেখেছি নিজে জমি দখল সংগ্রামে।
পশ্চিমবঙ্গে খাস ও বেনাম জমি দখল ১৯৬৭ সালে
প্রথম যুক্তফ্রন্ট রাজত্বের কালে
বর্ধমানে চৈতন্যপুর ও কৈচোর গ্রামে
জমি দখলে কৃষক শহিদ, জোতদারের বন্দুকী জুলুমে।
গুলির বদলা রসগোল্লা না বজ্রকণ্ঠে হরেকৃষ্ণ কোঙ্গার
ডাক দিলেন, 'মার এলে বদলা হবে তার'।
তোলপাড় সারা বাংলা, জমিচোর ভয়ে কম্পমান—
এম.এল.এ. কেনার টাকা ইন্দিরা মারফত, দেন ময়নিহান।
জমিদারি প্রথা তোলার নামে ঝুলিয়ে খুড়োর কল
আইন গড়েও কলা দেখালেন, ধাপ্পাবাজের দল।
১৯৬৭, ২১শে নভেম্বর এল কালো রাত,
প্রথম যুক্তফ্রন্ট ভেঙ্গে দিল বেইমানের হাত।
দুর্বার গণ জোয়ারে, জেল গেল ভরে,
পরিত্রাণে শাসকেরা নির্বাচন করে।
জন্ম নিল আবার 'যুক্তফ্রন্ট' ১৯৬৯ সাল!
হরেকৃষ্ণ কোঙ্গার, জ্যোতি বসু দুই কালের রাখাল
চোরা জমির প্রতি আলে আলে,
নির্ভীক কৃষক দল রক্ত লাল নিশান উড়ালে।
কৃষক আন্দোলন বিরোধী মুখ্যমন্ত্রী বললেন, অসভ্য এ সরকার,
নিজ সরকার ফেলে দিতে করলেন অনশন আহার,
একাত্তরের নির্বাচনে সি.পি.আই.(এম) দল, হল সর্ববৃহৎ,
কিন্তু বামপন্থীরা মিলে মিশে হলেন না একমত।
সুবিধাবাদীদের জোট সরকার গড়ে 'ডেমো কোয়া'র দল,

৮৮ দিনের মাথায় শিশু হায়, তুলল পটল।
১৯৭২ নির্বাচনে রিগিং, ১৯৭৭ পর্যন্ত অন্ধকার,
কংগ্রেসি কালে জমি পেলেন বেশ কিছু জমি আছে যার।
উচ্ছেদ খেলার চেষ্টা হলো যারা লড়াইয়ে দখলদার।
১৯৭৭ সালে বামফ্রন্ট এলো, শুরু আইনি বন্টন
সারা বঙ্গে আজও তৃপ্ত কৃষক জনগণ।
বৈশাখী বিকাল, মেঘ জমেছে সমস্ত আকাশে
পিপাষার্ত মাঠে বৃষ্টি, সোঁদা গন্ধ বাতাসে
ধুলো বৃষ্টি আটকে দিতে বাবুরা বন্ধ করেন ঘর
কৃষক তখন স্বপন দেখে হাল চালাবে দিনভর।
কুমারী মাটির ঘুম ভেঙ্গে যায় কৃষক মুর্বির চাপে
টস টস করে ঘামে ভেজে দেহ্ প্রখর রৌদ্রের তাপে।
জমিতো নিজের, পাট্টাদারের ক্লান্ত মুখেও হাসি
ওপাশী বন্ধুরা বড় বিরক্ত! আমরা যে ভালোবাসি।
ভোরের পাখীর গান পশে আজ কৃষক বধূর কানে
সাতসকালে ফ্যানা ভাত চড়ে কিষাণী মার উনানে

[5-20 – 5-30 p.m.]

চাষীর ঘরের চেহারা বদল ঘুরে দেখবেন গ্রামে
খড়ের বদলে চালে টালি, আর খুঁটির বদল থামে।
জোতদার প্রেমীদের গাত্রদহন, রক্ত চোক্ষে জ্বালা
কি আর করা যাবে বলুন, এর নাম জোতদার বিদায় পালা।
ওঁদের আনা যত কাট-মোশন
বাতিল করে, রাখছি ফেলে বাস্কেটেতে স্থান।

কাট-মোশনের বিরুদ্ধে ঃ—

ক্ষুদ্র জমির মালিক যাঁরা
শিল্প গড়তে জমিন দিয়ে, ক্ষতিপূরণ পাচ্ছেন তাঁরা
খনি খনন বিদ্যুৎ উৎপাদন স্থান।
রেলও যদি জমি চায় — দেবই, আছে এ সংস্থান

বালিখাদ, ইটভাটা হতে রাজস্ব আসে
চরজমি সমস্যা মেটাতে সরকার সমাধানে বসে
আইনি চেহারা দিতে কিস্তোয়ার কিস্তেদার হয়
জোতদারসেবী ও পাপী জেনেও মিছে কয়।
কারখানা স্থাপনে জমি জিরেৎ অধিগ্রহণ করে
ক্ষতিপূরণ দেওয়া হয়নি কোথা বলুন সচিৎকারে।
আদালতে ভূমির মামলা অনেক আছে জমে —
মাননীয় বিরোধীরা সদয় হলে মামলা-সংখ্যা কমে।
মাননীয় বাপুলি এবং ওপাশের উকিল যাঁরা
অধিক জমির মালিকের পাশে মাঝে মাঝে দাঁড়ান তাঁরা।
বর্গা বিবাদে কৃষক খুনের খুলুন খতিয়ান
আগের চেয়ে কত কম পাবেন এ প্রমাণ।
বর্গাদারে - পাট্টাদরে আইনি সহায়তা
নদীয়াতে কত? প্রশ্ন এলে নিশ্চয়ই জানাব তা।
নথিভুক্ত পাট্টাপ্রাপক এবং বর্গাদার
জানেন তারা বামফ্রন্ট সরকার, তাদের হাতিয়ার
জমিতে যাদের ছিল না দখল, নিজের জমিও বেশি
১৯৭২-৭৭ যুগে পাট্টা দেওয়ায় কৃষক-মাঝে রেষারেষি।
বে-আইনি ভাবে তখন আপনারা দিয়েছিলেন পাট্টা
তারাই কেবল পাট্টা হাতে, জমিতে পায় না পাত্তা।
কাট-মোশন সব করছি বাতিল বাজেট সমর্থন
শুধু আমি নহি, বাজেটের পাশে লাখো লাখো চাষীগণ।

মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এর সাথে গদ্যে সামান্য সংযোজন। সেটা হচ্ছে, নদীয়ার মাননীয় শশাঙ্কবাবু একটা প্রশ্ন তুলেছেন, কিন্তু উনি আমার কাছে এসেছিলেন অন্য ভাবে, আজকে যেভাবে বললেন সেভাবে নয়। বর্গার জমি, সেটা ভেস্টেড হয়ে গেছে হঠাৎ। ভেস্টেড হবার পর সেই জমিতে কৃষক ঢুকে পড়েছে। এটাই সাধারণ নিয়ম যে, কৃষকরা এইভাবে ভেস্টেড জমি দখল করে নেয়। কিন্তু আগে থেকেই যারা বর্গা পেয়েছেন তারা নিশ্চয়ই ঐ জমি পাবেন, আমি কথা দিচ্ছি শশাঙ্কবাবুকে। এই নিয়ে জেলা পরিষদের সঙ্গে আলাপ-আলোচনা হয়েছে। নিঃসন্দেহে যারা উপযুক্ত তারা সেটা পাবেন। তবে খাস জমি পাবার কিছু নিয়ম আছে। কারও তিন বিঘার নিচে জমি থাকলে তাকে খাস জমি দেওয়া

যায়। আপনার বর্গাদারদের জন্য এটুকু আমার গদ্যে সংযোজন। সমস্ত কাট মোশনের বিরোধিতা করে শেষ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী কবিতায় তাঁর জবাবী ভাষণ দিলেন। এটা সাইক্লোস্টাইল করে সভার মধ্যে বিলি করা হোক।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** কমলেন্দুবাবু, সভায় দাবি উঠেছে যে, আপনার কবিতার মাধ্যমে দেওয়া জবাবি ভাষণটি সভায় সার্কুলেট করা হোক। কাজেই আমি বলছি, আপনার ঐ ভাষণটি সাইক্লোস্টাইল করে আগামী কাল সভায় বিলি করবার ব্যবস্থা করুন। কারণ বিধানসভার ইতিহাসে এটা একটা নতুন অধ্যায় যে, কবিতার মাধ্যমে মন্ত্রী তাঁর জবাবি ভাষণ দিলেন যা ইতিপূর্বে আর হয়নি। সেজন্য সৌগতবাবুকে আমি ধন্যবাদ জানাচ্ছি এই দাবি রাখবার জন্য।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই কথা ঠিক যে আমি পদ্যে বলতে পারব না, গদ্যে আমাকে বলতে হবে। সুতরাং সেটা একটু নিরস হবে। সেটা মূলত বিরোধী দলের মাননীয় নেতা শ্রীযুক্ত অতীশচন্দ্র সিনহা মহাশয় যেটা বলছেন সেটা লক্ষ্যে রেখেই দু-একটা কথা আমি বলব। আমি মনে করি উনি ভাল কথা বলেছেন। ভাল মানে যা বলেছেন সেটা ভাল ভাবে বলছেন। সেটা ভাল এই জন্যে। কিন্তু বিষয়টা হচ্ছে দৃষ্টিভঙ্গির পার্থক্যের ব্যাপার। শ্রেণী দৃষ্টিভঙ্গির ব্যাপার। আপনি আপনার শ্রেণী দৃষ্টিভঙ্গি দিয়ে খুব সঠিক ভাবেই আপনার বক্তব্য উপস্থাপিত করেছেন। আমার শ্রেণী দৃষ্টিভঙ্গি ভিন্ন। সেইজন্য সেই সব কথার জবাব আমাকে দিতে হবে। আমার মনে পড়ছে যেবার আমি মন্ত্রী হয়েছি, এর আগের বার তখন আমাদের প্রধানমন্ত্রী নরসীমা রাও সারা ভারতবর্ষের মুখ্যমন্ত্রীদের নিয়ে একটা সম্মেলন ডেকেছিলেন। শুধু মুখ্যমন্ত্রী নয় তার সঙ্গে ভূমি সংস্কার মন্ত্রী এবং গ্রাম উন্নয়ন মন্ত্রীদেরও সম্মেলন ডেকেছিলেন। সেই সম্মেলনে মুখ্যমন্ত্রীর হয়ে আমি গিয়েছিলাম। কারণ মুখ্যমন্ত্রী যেতে পারেননি, কারণ তার পরের দিন প্রধানমন্ত্রীব এখানে আসার কথা ছিল। সেখানে আমি মুখ্যমন্ত্রীর হয়ে প্রতিনিধিত্ব করেছিলাম তো বটেই সেই সঙ্গে আমার দপ্তরের হয়েও প্রতিনিধিত্ব করেছিলাম। সেখানে ভূমি সংস্কার নিয়ে আলোচনা হয়েছে। যে কথাটা আপনি বলেছেন সেখানেও এই কথাটা উঠেছিল যে ১৫ কাঠা ১৬ কাঠা দারিদ্র বিতরণ। দারিদ্র বিতরণ কথাটা সেই দিন ৪ জন বলেছিলেন। যে ৪ জন এক ভাষায় বলেছিলেন সেই ৪ জন বি.জে.পি.-র মুখ্যমন্ত্রী। তাঁরা বলেছিলেন 'জমি বাঁটনা তো গরীবী বাঁটনা'। জমি বন্টন করা হচ্ছে গরিবি বন্টন। আমার বলতে আপত্তি নেই, কেন্দ্রীয় মন্ত্রী লোকসভার তৎকালীন সদস্য মাননীয় বলরাম জাকর, আমার মনে আছে, সেটাকে সমর্থন করেছিলেন। সেখানে তাঁরা একটু অসুবিধায় পড়ে গিয়েছিলেন যাঁরা ঐ চেয়ারে বসেছিলেন কনফারেন্স চালানোর জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে। সৌভাগ্যের বিষয় হল শেষ পর্যন্ত প্রণব মুখার্জিকে মাইক ধরতে হল ওই বক্তব্য খন্ডন করার জন্য। তিনি যে কথা বলেছেন তার মধ্যে আমি যাচ্ছি না। আপনি কথাটা বলতে আমার ঐ কথাটা মনে পড়ে গেল। সত্যিকারের বিষয় হল এটা একটা শ্রেণী

দৃষ্টিভঙ্গির ব্যাপার যে ১৫-১৬ কাঠা জমি বিলি করা মানে দারিদ্র বন্টন করা হবে না দারিদ্র দূরীকরণ করা হবে। আপনি একটা মৌলিক প্রশ্ন তুলেছেন। আপনি বলেছেন যে ছোট ছোট জোতে বেশি উৎপাদন হবে এটা কোথা থেকে আমি পেলাম। আমি আপনাকে বলছি অন্যটা কোথা থেকে আপনি পেলেন? আমি কোথা থেকে পেয়েছি তার অনেক তথ্য আমি দিতে পারি। আমি আপনাদের সেটা বলছি। সৌগত বাবু অধ্যাপক মানুষ, নিশ্চয়ই শুনবেন কোথা থেকে পেয়েছি। আগে যত এগ্রিকালচার সেনসাস ডাটা আছে, ভারতবর্ষে আজ পর্যন্ত যত এগ্রিকালচার সেনসাস ডাটা হয়েছে প্রতিটি গণনা তথ্য থেকে আপনি যদি দেখেন তাহলে প্রতিটি জায়গা থেকে ক্রপ ওয়াইজ আপনি এই তথ্য পাবেন। শুধু ভারতবর্ষে নয়, সৌগত বাবুকে অনুরোধ করব, এই ব্যাপারে উনি একটা কথা বলেছেন সেইজন্য আমি তাঁকে এটা ভেবে দেখতে বলব। 'ফাও' ফুড অ্যান্ড এগ্রিকালচার অরগানাইজেশন কি বলেছে আমি সেটা একটু পড়ে দিচ্ছি। বলেছে —

It is important to stress here that yield per hectare is as high as to small farmers or under tradition agriculture even higher.

এটা বলছে 'ফাও'। আই.এল.ও. এটা আমি বলছি পড়ে নেবেন। ইকনমিক পলিটিক্যাল উইকলিতে বেরিয়েছে, এটা অক্টোবর ৫, ১৯৯৬-এ বেরিয়েছে, এই ইস্যুটা একটু দেখে নেবেন। তারপর একটু দেখে নেবেন, ১৯৯৬ সালে অর্থাৎ গত বছরে বেরিয়েছে, এই আর্টিকেলটা আমি বলছি আই.এল.ও.-র, ইন্টারন্যাশানাল লেবার অরগানাইজেশন, এটা একই কথা বলেছে, সেইজন্য আমি পড়ছি না। আই.এল.ও.-র পর আরও সমস্ত আছে, যেমন ওয়ার্ল্ড ব্যাঙ্ক, যার উপর আপনারা বেশি আস্থাশীল হতে পারেন তার থেকে আমি পড়ে দিচ্ছি। প্রথমে আমি পাবলিকেশনটা বলে দিচ্ছি সৌগতবাবুর অবগতির জন্য।

[5-30 – 5-40 p.m.]

সৌগতবাবুর অবগতির জন্য বলছি, পাবলিকেশন —

Assault on world poverty problems of Rural Development, Education and Health.

এটা হচ্ছে রিপোর্টের নাম। তাতে বলা হয়েছে, —

The analysis of differences in the value of output on large and small farmers in Afganisthan, Brazil, Chile, Columbia, Quatemala revealed that small funds were 3 to 14 times per acre than large farmers.

সংখ্যাটা হচ্ছে অক্টোবর ৫, ১৯৯৬। আমি আমেরিকা, ল্যাটিন আমেরিকা, মার্কিন যুক্তরাষ্ট্র, এশিয়া এইসব বলতে পারি। ভারতবর্ষের যে এগ্রিকালচারাল সেন্সাস ডাটা হয়েছে,

এইসব তথ্য থেকে আমি বলছি যে ছোট জোত থেকে আমাদের উৎপাদন কম নয়। এটা আরও প্রতিষ্ঠিত হয়েছে। আপনারা শুনলে খুব খুশি হবেন, কিছুদিন আগে আমাদের লালবাহাদুর অ্যাকাডেমি জাতীয় স্তরে একটা ওয়ার্কশপ করেছিল। যিনি ওয়ার্কশপ ডেকেছিলেন তিনি কেন্দ্রীয় সরকারের ভূমি সংস্কারের আধিকারিক ছিলেন বিগত সরকারের সময়ে, আপনাদের সরকারের সময়ে। উনি একটা পেপার দিয়েছেন। আর ইন্দিরা গান্ধীর সময়ে যাঁরা ভূমি সংস্কারের সঙ্গে যুক্ত ছিলেন তাঁরা এসেছিলেন। সবাই সহমত পোষণ করেছেন। অনেক রেকমেন্ডেশন আছে, আপনি সেগুলো দেখতে পারেন। প্রোডাকটিভিটি কি হতে পারে, খুব ছোট জমিতেও হতে পারে। আমি বলছি, আমার সঙ্গে চলুন, দেখতে পাবেন। ১৫ কাঠা জমির গড় উৎপাদন হচ্ছে—উচ্ছে হচ্ছে, তিনটি, চারটি, পাঁচটি ফসল হচ্ছে, দেখতে পাবেন ক্রপ ইনটেনসিটি কত বেড়ে গেছে। একই জমিতে উচ্ছে হচ্ছে, হলুদ হচ্ছে, নিচে আদা হচ্ছে। আপনি ১৫ কাঠা জমিতে যেটা বলছেন, গড়পড়তায় এইসব হচ্ছে। তারপর সেই জমিতে আবার লাউ হচ্ছে—এই রকম পাঁচটি ক্রপ হচ্ছে। তারপর 'কুঁদলি', এটা এদিকে হয় না, উত্তরবাংলায় হয়। এই ভাবে ৩২ হাজার টাকা পেয়েচে সেগুলো বিক্রি করে। এটা চোখ মেলে একটু দেখতে হবে। আপনি অভিজ্ঞতার কথা বলুন আর মাটির কথা বলুন, যদি তথ্যের কথা বলেন, তাহলে আমি আরও তথ্য দিতে পারি। আমি আরও বলতে পারি, বিশেষ করে উন্নত প্রযুক্তি এসেছে। এই ছোট জোত আপনি যেটা ১৫ কাঠা বলছেন, সেখানেও উৎপাদন বেশি হতে পারে, যদি ভূমি সংস্কারের মাধ্যমে জমিটা চাষীদের কাছে যায়। খালি ভারতবর্ষের ব্যাপারে নয়, পশ্চিমবাংলার অভিজ্ঞতার কথা যদি বলেন, এখানে খাদ্যোৎপাদন বেশি হয়েছে। একজন এখানে কটাক্ষ করে বলেছেন যে, আপনাদের সময়ে কি ছিল। আমি আপনাদের একটু খেয়াল করতে বলছি, পশ্চিমবঙ্গে খাদ্যোৎপাদন বৃদ্ধির হার সর্বোচ্চ। এটা সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার সময়ে প্রথম হয়েছে—৩৪ শতাংশ। দু নম্বরে ছিল হরিয়ানা—২৪ শতাংশ। তারপর তিন নম্বরে ছিল পাঞ্জাব—২৩ শতাংশ। আপনি পুরনো রিপোর্টে এটা দেখতে পাবেন। আপনি পশ্চিমবাংলা সম্পর্কে বললেন যে, আমরা আগে থেকেই ছিলাম না, ছিলাম না। আমরা ৯ নম্বরে ছিলাম। উৎপাদন বৃদ্ধির হার ধরে, গ্রোথ রেটটা আপনি পড়ে দেখবেন। আপনি বাজেটটা একটু পড়ে দেখবেন। উৎপাদন বৃদ্ধির হার যদি ধরেন, মোট উৎপাদনের কথা আমি বলছি না, মোট উৎপাদন তো বটেই। উৎপাদন বৃদ্ধির হার যদি ধরেন—খালি ঐ ধান আর পাট হয় নাকি? ওগুলোতে আমরা আগে ছিলাম। কিন্তু আলুর কথা তো বললেন না? আমরা ৩৩ শতাংশ আলু উৎপাদন করি। আলু বেশি না হলে পচত না। আপনাদের সময়ে আলু ছিল না, তাই তখন পচতও না। এখন আলু বেশি হচ্ছে। কোল্ড স্টোরেজ আছে। তবে সমস্যাটা হচ্ছে আলু হচ্ছে বলেই। খাদ্যোৎপাদন সবকিছু ধরে আপনি যদি দেখেন, আমি তথ্যটা একটু বলে দিই। কেন্দ্রীয় সরকারের আর্থিক সমীক্ষা যদি দেখেন, তাহলে দেখবেন, ভূমি সংস্কার-এর যে সুফল হয়েছে, এটা প্রতিষ্ঠিত হবে। আপনি আরও দু-একটি তথ্য রেভিনিউ কালেকশানের ব্যাপারে জানতে চেয়েছেন, প্রথম দিকে এই ব্যাপারে বলেছেন, এই প্রসঙ্গে বলছি যে, আপনি হিসাবটা ঠিক মেলাতে পারছেন না।

মেলানোর অসুবিধা হচ্ছে এই কারণে যে ওটা অর্থ দপ্তর সংগ্রহ করে। অর্থাৎ রয়ালটি কোল সেস এসব থেকে পাওয়া যায়। কয়লার উপরে, মেজর মিনারেলস আর টি অর্থাৎ চা এর উপরে নির্ভর করে আদায় করা হয়। এর মধ্যেই সেটা ধরে নেওয়া হচ্ছে। আমি এই বাজেটে যেটা বলেছি সেটা কিন্তু তার মধ্যে পড়ে না। সেইজন্য আপনার ফিগারটার মধ্যে গোলমাল হচ্ছে। এই ব্যাপারে আমি বলছি না কারণ অর্থমন্ত্রী এর জবাব দেবেন। আমার যদি সময় থাকে তবে আপনাকে তথ্য দিয়ে পরে বিষয়টা বুঝিয়ে দেব। এছাড়া অন্যান্য যেগুলো আছে যেমন মাইনস মিনারেলস, ল্যান্ড রেভিনিউ, সারচার্জ ইত্যাদি আমরা যা আদায় করি তার বৃদ্ধির পরিমাণ অব্যাহত আছে। তার পরিমাণ বেড়েছে। এই ব্যাপারে আপনি এই বছর দেখুন, আগের বছর দেখুন গত ৫ বছরের হিসাবটা দেখুন। যদি আপনাদের সময়ের তুলনা করেন তাহলে নিশ্চয় দেখবেন সেই তুলনায় আমাদের অনেক হারে বেড়েছে। তারপরে আপনি এখানে 'নিউ হরাইজন' বলে যে রিপোর্ট বেরিয়েছে, বন্দোপাধ্যায় এবং মুখার্জির যে রিপোর্ট বেরিয়েছে তাঁর কথা আপনি বললেন। আপনি কনসোলিডেশনের কথা বলেছেন, আমি কনসোলিডেশনের বিরুদ্ধে নেই। তবে আপনি একটি কথা রিপোর্ট থেকে পড়ে বলেছেন সেটা হচ্ছে, পাঞ্জাবের মডেল কনসোলিডেশন করুন। ছোট ছোট জোত এটা কি করে হবে? তাহলে আধুনিক ভাবে চাষের জন্য এগুলো জুড়ে দিতে হবে? এইভাবে জমি জোতের একত্রিকরণ করতে হবে? এই ব্যাপারে আপনাকে একটু ভেবে দেখতে বলি—১৯৯১ সালের এগ্রিকালচারাল সেন্সাস ডাটাটা দেখুন—সেখানে জমি-জমা একত্রিকরণের ফল কি হয়েছে দেখুন। সেখানে খালি বর্ধিত উৎপাদনের হাল যেটা আছে সেটা আমাদের থেকে পিছিয়ে পড়েছে। সেটাই শুধু নয়, তার সঙ্গে জমি-জমা বন্টন পাঞ্জাবে কি রকম হয়েছে দেখুন। ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকদের হাতে ১২.২ পারসেন্ট জমি রয়েছে, সেখানে পশ্চিমবঙ্গে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের হাতে কত জমি এসেছে জানেন—৬৬.৬ শতাংশ। ৬৬.৬ শতাংশ জমি পশ্চিমবঙ্গে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের হাতে রয়েছে। আর পাঞ্জাবে সেখানে ১২.২ পারসেন্ট। তার মানে বাকিটা পাঞ্জাবে বড়দের হাতে রয়েছে। এর কি আপনি পক্ষে? আপনি যাদের ওকালতি করছেন সেটা আপনি এক শ্রেণীর দৃষ্টিভঙ্গির থেকে করছেন, ঠিকই করছেন।

(ভয়েস ঃ না, এটা আমি সাপোর্ট করি না।)

তাহলে আপনি বলছেন যে এটা ঠিক হবে না, তাহলে আমি এটা মেনে নিচ্ছি এবং আর বেশি এই বিষয়ে এগোচ্ছি না। আপনি তো জানেন যে গ্রোথ টু বি সাসটেনেবেল মাস্ট বি ইকুইটেবিল। এই ইকুইটেবিলিটি যদি না থাকে তাহলে বৈষম্য বাড়বেই, বিকাশ অর্থহীন হয়ে যাবে এবং আমাদের সেটাই হচ্ছে বড় কথা। সেখানে উৎপাদন আমাদের বাড়ছে সেটা নয়, উৎপাদন কিভাবে বন্টিত হয়েছে এটাই খুব গুরুত্বপূর্ণ প্রশ্ন। আপনি জাতীয় নমুনা সমীক্ষাটা দেখুন। সেখানে মাথা পিছু খাদ্য শস্য, দানা শস্য ভোগের পরিমাণটা দেখুন। সেখানে দেখবেন পার-ক্যাপিটা কনজাম্পশন সারা দেশে কমে যাচ্ছে আর পশ্চিমবঙ্গে মাথা পিছু

বাড়ছে। খালি বাড়ছেই তা নয়, পশ্চিমবঙ্গে বৃদ্ধির হার সর্বোচ্চ। আপনি যদি ন্যাশনাল স্যাম্পেল সার্ভে করে দুটো রাউন্ডে তুলনা করেন তাহলে জিনিসটা বুঝতে পারবেন। অধীর বাবু আবার বললেন গান্ধীজী জিন্দাবাদ করতে, জিন্দাবাদ করতে আমার আপত্তি নেই, আবার লাল সেলামও করতে চাইছি না। কিন্তু আমার খালি ভয় উনি আবার কবে বলে না বসেন গান্ধীজী মুর্দাবাদ। যাই হোক সেটায় আমি যাচ্ছি না, উনি কয়েকটা তথ্য দিলেন। লাকরাওয়ালা কমিটির কথা বললেন। কেউ লিখে-টিখে দিয়েছেন বোধ হয়, উনি বিষয়টা ভাল করে পড়লে পারতেন।

(ভয়েস ঃ আপনাকেও তো লিখে দেয়।)

একজন সদস্য আরেক জন সদস্যকে তো সাহায্য করতেই পারেন, আমাকেও তো কেউ না কেউ সাহায্য করছেনই। পরস্পর পরস্পরকে তো সাহায্য করবেনই, এতে তো বিতর্কের কিছু নেই। যাই হোক উনি যে ৩২.৭ শতাংশের কথা বলেছেন আমি সেই ব্যাপারে আসছি।

[5-40 – 5-50 p.m.]

অতীশ বাবু আপনি একটা কথা শুনুন, এটা শুনলে ভাল হত। উনি একটা কথা বলেছেন, দারিদ্রের উপর কি প্রভাব পড়েছে, এটা বোঝাবার জন্য বলছি। আমি লাখরাওয়ালা কমিটি যেটা কিনা এক্সপার্ট গ্রুপ প্ল্যানিং কমিশন করেছিল রুর‍্যাল হেডে কাউন্ট পভার্টি, এটা লেটেস্ট যেটা বেরিয়েছে, সেটা ৩২.৭ উনি বলেছেন। আমি আর একটু ভাল করে বলছি, উনি ৩২.৭ যেটা বলেছেন, এটা কমিয়ে বলেছেন। আমি তো বাড়িয়ে বলছি ৪০.৩ শতাংশ—এটা গ্রামীণ এলাকায়। উনি শুনেছেন কিনা জানি না, এটা হচ্ছে ৪০.৩ শতাংশ গ্রামীণ এলাকায়। আমি গ্রাম শহর বাদ দিয়ে বলছি। অনেক দারিদ্র, এটা তো কম নয়। কিন্তু একটু তুলনা করুন, পিছনে ফিরে যান। লাখরাওয়ালা কমিটির রিপোর্ট ধরেই আপনি যান, ১৯৭৭-৭৮ সালে যখন আপনারা ছাড়লেন, তখন কত ছিল ৬৮.৩ শতাংশ। সেই ৬৮.৩ শতাংশ থেকে ১৯৯৩-৯৪ সালে ৪০.৩ শতাংশ যদি হয়, তার মানে ২৮ শতাংশ কমেছে। আপনি আর বাকি সব রাজ্যগুলির হিসাব নিন এই সময়কালে, ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৯৩-৯৪ সাল পর্যন্ত এক্সপার্ট গ্রুপের লাখরাওয়ালা কমিটি যে হেড কাউন্ট পভার্টি করেছে রুর‍্যাল এরিয়ায়, গ্রামীণ এলাকায় ২৪ শতাংশ হচ্ছে সর্বভারতীয়। আর কোনও রাজ্যে এমন দারিদ্র্য কমেনি। আমি যদি আপনাকে আরও সুনির্দিষ্ট ভাবে বলি, যেটা এখানে অনেক মাননীয় সদস্যরা বলেছেন এই সাম্প্রতিককালে জমি কৃষকের হাত ছাড়া হয়ে যাচ্ছে, অন্য জায়গায় চলে যাচ্ছে। চা-এ যাচ্ছে, এখানে যাচ্ছে, ওখানে যাচ্ছে। আমরা কি কেউ অস্বীকার করতে পারি যে আজকে উদার নীতির নামে যেটা হচ্ছে, বাজার খুলে দেওয়ার নামে যেটা হচ্ছে, কৃষিতে আমাদের যে সমস্ত বিনিয়োগ পুঁজি দরকার, সেখানে ব্যাঙ্ক ইত্যাদিতে অগ্রাধিকারের ক্ষেত্রে বিনিয়োগ যেভাবে কমে যাচ্ছে এবং অন্যান্য ইমপুট ইত্যাদির দাম যেভাবে বেড়ে যাচ্ছে, সেখানে ভর্তুকিতে ছাঁটাই করে দেওয়া হচ্ছে। কৃষককে কিনতে হচ্ছে সব কিছু বেশি দামে।

আর বিক্রি করতে গিয়ে সে দর পাচ্ছে না। আলুর কথাও বললেন, এই যদি হয় তাহলে কৃষক জমি রাখতে পারবে? এই রকম অবস্থার মধ্যে দাঁড়িয়ে যদি আপনি দেখেন ১৯৯০-৯১-তে সেখান থেকে উদার নীতি শুরু হয়েছে তারপর থেকে ১৯৯৩-৯৪ পর্যন্ত যদি দেখেন, দেখবেন বিভিন্ন রাজ্যে দারিদ্র্য সীমা রেখার নিচের মানুষ বেড়ে যাচ্ছে, কিন্তু পশ্চিমবাংলায় এর ব্যতিক্রম। কয়েকটি রাজ্যে বাড়ে নি, কমেছে। পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি কমেছে ৯.২ শতাংশ। লাখরাওয়ালা কমিটির রিপোর্ট দেখে নিন। এটাও আপনি দেখতে পাবেন ইকনমিক—পলিটিক্যাল-উইকলিতে, একদম খুব ভাল করে তুলনা করে বেরিয়েছে, স্পেশ্যাল নাম্বার যেটা এবারে বেরিয়েছে, ১৯৯৬ সালের স্পেশাল নম্বর এগ্রিকালচার নিয়ে, তাতে আপনি একটু দেখে নেবেন অর্থাৎ আমি এটা বলছি, এটা বিচার করবার জন্য। আপনি যেদিক থেকে বিচার করবেন, খালি উৎপাদন বৃদ্ধি নয়, তার বন্টন, দারিদ্র্যের উপর তার প্রভাব এবং ভোগের উপর তার প্রভাব। গ্রামের গরিবদের মাথাপিছু ভোগের উপর প্রভাব। সেইসব দিক থেকে বিচার করতে হবে। তার জন্য আমি বলছিলাম গ্রোথ টু বি সাস্টেনেবল—মাস্ট বি ইকুইটেবিল। যদি এই বৃদ্ধির হার ধরে রাখতে হয় তাহলে সম-বন্টনমূলক হতে হবে। এরপরে আমাকে একটা তথ্যয় আসতে হবে। আপনি যেটা বলেছেন জমি বিলি নিয়ে—আমার আর অসীম বাবুর মধ্যে কোনও পার্থক্য নেই। জমি বিলি একটা প্রক্রিয়া। আজ যে জমি বিলি হয়, কাল তা বেশি বিলি হয়, জানুয়ারি মাসে যা হয় তার চেয়ে ফেব্রুয়ারি মাসে বেশি হয়, আবার ডিসেম্বর মাসে যা হয় জানুয়ারি মাসে তার চেয়ে বেশি হয়, সেইজন্য পার্থক্যটা হয়। এটা থেকে নেই, অনেকে আমাকে থামিয়ে দেবেন বলেছিলেন, জমি বিলি করা যাবে না, খাস করা যাবে না, সব আটকে যাবে, ফেরত দিয়ে দিতে হবে এইসব বলেছিলেন। আমরা বলেছিলাম, এক ইঞ্চি জমি, এক ছটাক জমিও কাউকে ফেরত দিতে হবে না। আর এক দিনের জন্য এখানে খাস করার ব্যাপারে জমি কেউ আটকে রাখতে পারবে না। আমরা দৃঢ়তার সঙ্গে বলেছিলাম এই যে তথ্যটা মেলে না, তার কারণ হচ্ছে, এই যে নূতন ভেস্টিং হচ্ছে, বিলি হচ্ছে, কি করে এই তথ্যটা একটা জায়গায় দাঁড়িয়ে থাকবে? অনেকেই এখানে অনেক তথ্য নিয়ে বলেছেন, আমি অতীশবাবুকে বলি, গতবারের বাজেটেও বলেছিলাম, এবারেও বলছি, আপনাদের সময়ে কত বিলি হয়েছিল, কত ভেস্টিং হয়েছিল, আমাদের সময়ে কত হয়েছে ইত্যাদি এইসব তথ্য আমি দায়িত্ব নিয়ে বলছি। আমার বিরুদ্ধে প্রিভিলেজ মোশন আনতে পারবেন, আপনাদের এতবড় সুযোগ আছে। আপনাদেরকে গতবারেও আমি বলেছিলাম, আমি দায়িত্ব নিয়ে বলছি, দরকার হলে লিখে রাখুন, তাতে আমার কোনও আপত্তি নেই। সবটা মিলিয়ে যদি বলি, একটা এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট, ল্যান্ড রিফর্ম অ্যাক্ট (এল.আর.অ্যাক্ট) ভূমি সংস্কার আইন এবং জমি অধিগ্রহণ আইন নিয়ে মোট হচ্ছে ২৯ লক্ষ ২ হাজার একর ভেস্টিং ল্যান্ড।

তার মধ্যে কৃষি জমি হচ্ছে ১২ লক্ষ ৮৭ হাজার। ঠিক আছে? এটা নিয়ে নিশ্চয়ই আর কোনও বিতর্ক নেই? এখন জিজ্ঞাসা করছেন বাকিগুলো কোথায় গেল, কয়েকজন

জিজ্ঞাসা করেছেন। আমি আশা করি আপনি এটা ভাল বুঝবেন, আর ওঁদের বুঝতে সাহায্য করবেন। তাহলে বাকিটা কোথায় গেল? এর মধ্যে ১১ লাখের কাছাকাছি যেটা হচ্ছে বন—ফরেস্ট, এইগুলো ভেস্টেড হল। প্রাইভেট ফরেস্ট ইত্যাদি ছিল ভেস্টেড হল। আপনি তো এটা ভাল করে বুঝবেন। অকৃষি জমি ভেস্টেড হল না এখন পাঁচ লাখ পনেরোর মতো দাঁড়িয়েছে। আপনি যেটা বললেন ৫ লাখ ৮৫-র মত ছিল নন-এগ্রিকালচারে। 'আপনি বললেন না যে সার্ভে করে কি পেলেন'। আমরা প্রায় ৫০ হাজারের মতো পেয়েছি সার্ভে করে। এটা নন-এগ্রিকালচার। সার্ভে করে আমরা পেয়েছি। আমরা বলছি এখন আবার নন-এগ্রিকালচার কি? সবটাতেই ধরে নিতে হবে এগ্রিকালচার হবে তার মতো আমাদের উপযোগী ব্যবস্থা নিতে হবে। সেইটা আমরা করবার চেষ্টা করছি। এই হিসাবটা যদি আপনারা ঠিক মতো মিলিয়ে নেন। বাকি যেটা থাকল, যেটা আমাকে কয়েকজন জিজ্ঞাসা করেছেন যে তাহলে ইনজাংশনে আবদ্ধ জমির পরিমাণ কত? আমি আপনাকে জানাচ্ছি যে এখন ১ লাখ ৮৮ হাজার এসে দাঁড়িয়েছে। ১ লাখ ৮৮ হাজার একরের ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন, একথা সদস্যরা জিজ্ঞাসা করেছেন। মাননীয় সদস্যরা বলেছেন যে গত বাজেট বক্তৃতায় বলেছিলাম যে এটা নিয়ে ট্রাইব্যুনাল গঠন করতে হবে দ্রুত নিষ্পত্তির জন্য। আমি আপনাদের এটা আনন্দের সঙ্গে বলছি যে আমরা ট্রাইব্যুনালের গঠনের নোটিফিকেশন ১৯৯৬ সালে ১লা নভেম্বর বার করেছি। স্পেশ্যাল ট্রাইব্যুনাল যেটা রাজ্য ভিত্তিক হবে সেটা হবে কলকাতায় এবং তিনটে রিজিওনাল ট্রাইব্যুনাল, তার মধ্যে একটা কলকাতা, প্রেসিডেন্সি ডিভিশন এলাকার জন্য আর বর্ধমান ডিভিশন এলাকার জন্য দুর্গাপুর এবং ওই দিকে উত্তরবঙ্গের জন্য, এই তিনটে ট্রাইব্যুনাল—এই যে স্পেশ্যাল ট্রাইব্যুনাল আর রিজিওনাল ট্রাইব্যুনাল-এর নোটিফিকেশন আমরা নভেম্বর মাসে ১লাতে আমরা বার করেছি। কিন্তু তার পর আপনি বলবেন যে কি হচ্ছে। সেটা আমরা বার করার পর আমাদের যে প্রাথমিক কাজ করতে হয়, জায়গা টায়গা সব আমরা ঠিক করে নিয়েছি। তার পর কমিটি একটা হবে। আপনারা এখানে আইন পাস করেছিলেন। যাঁরা ওইসব সিলেক্ট করবে। কে অ্যাডমিনিস্ট্রেটিভ মেম্বার হবে, কে অন্য মেম্বার হবে, তাদের সিলেক্ট করবে, সেই সিলেক্ট করার জন্য হাইকোর্ট থেকে একজন সিটিং জাজ তাঁর নমিনেট করার কথা। সেটা করেছেন। এই জেলে আর আমাদের চীফ সেক্রেটারি, আমাদের ডিপার্টমেন্টের সেক্রেটারি, সেই কমিটি হয়েছে। আর হাইকোর্ট থেকে বাকি যিনি চেয়ারম্যান হবেন, জুডিশিয়াল, এবং অন্যান্য মেম্বারদের নাম আসবে ওদের নাম ওরা পাঠাবেন। ওরা পাঠালেই আমরা কাজ শুরু করতে পারব। সুতরাং এই কাজে আমরা অনেকটা এগিয়ে গেছি। আপনারা শুনেছেন কিনা জানি না, ইতিমধ্যে ৯ জনের ডিভিশন বেঞ্চ—সুপ্রিম কোর্টের—তারা এটা বলেছেন যে ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে হাইকোর্টের সিঙ্গল বেঞ্চে যাওয়া যাবে না কিন্তু ডিভিশন বেঞ্চে যেতে পারবে। ২২৭ সংবিধানের ধারা এ ডিভিশন বেঞ্চে যাবে। এটা আছে। এইটা আমি বলছি। কিন্তু তাতেও আমাদের অনেক উপকার হবে যদি আমরা কাজটা শুরু করতে পারি। কয়েকজন আমাকে জিজ্ঞাসা করেছেন যে ১৯৮১ সাল আর ১৯৯১ সাল, আর ১৯৭১ আর ১৯৮১ সালের মধ্যে কৃষির শ্রমিক সম্পর্কে। কৃষি

শ্রমিক সম্পর্কে তথ্য জানতে চেয়েছেন। আপনি বিদ্বান মানুষ নিশ্চয়ই বুঝবেন যে জনগণনা—১৯৭১ আর ১৯৮১ এবং ১৯৯১ সালের আগেকার জনগণনা—এগ্রিকালচার ওয়ার্কার তাদের যে ডেফিনিশন, এইগুলো ভিন্ন ভিন্ন হয়েছে এবং সেজন্য তুলনা করা একটু মুশকিল কিন্তু ১৯৭১-এর সঙ্গে ১৯৯১-এর তুলনা করলেন কিন্তু ১৯৮১-এর সঙ্গে ১৯৯১-এর তুলনা করলেন না কেন আমি বুঝতে পারলাম না। আমি আপনাকে বলছি, এটা লিখেছেন আমাদের দলের কেউ নন। ইনি একজন অধ্যাপক, আমস্টার্মডাম ইউনিভার্সিটি, হল্যান্ডে ওঁর লেখা বেরিয়েছে। ১৯৯৬ সালের বই বেরিয়েছে। তাতে অনেক তথ্য দিয়েছেন, অন্য রাজ্যের সঙ্গে তুলনা করে পশ্চিমবঙ্গের উপর, ভারতবর্ষের অন্য রাজ্যের সঙ্গে তুলনা করে।

[5-50 – 6-01 p.m.]

West Bengal is the only State where the percentage of agricultural labour in the work force has declined between 1981 and 1991.

মানে ইন্ডিয়াতে, সারা ভারতবর্ষে বেড়ে গেছে এটা—২.৩৫ পারসেন্ট। West Bengal is the only State. কাজেই লুকিয়ে রাখার কিছু নেই। এইসব বেরিয়েছে। যারা লেখাপড়া করেন, তারাই এই সবের খোঁজ খবর রাখেন। আমি সেটাই আপনার জন্য বলেছিলাম। আপনি বলছিলেন যে, আমরা ভূমি সংস্কার করে কি করেছি? আমরা জমির উপর চাপ কি কমাতে পেরেছি? আমার মনে হয় কমাতে পেরেছি। আপনি যদি দেখেন, ১৯৮১ সালের সঙ্গে ১৯৯১ সালের অফ-ফার্ম সেক্টরে এমপ্লয়মেন্ট যদি দেখেন, কৃষিক্ষেত্র বলুন, এর পাশাপাশি অন্যান্য ক্ষুদ্র শিল্প, অন্যান্য শিল্পে যদি এমপ্লয়মেন্ট দেখেন, আপনি ভারতের সঙ্গে পশ্চিমবঙ্গের তুলনা করুন। ধরুন অল ইন্ডিয়ায় অফ ফার্ম সেক্টরের নন ফার্ম সেক্টরে যে এমপ্লয়মেন্ট, ওয়ার্ক ফোর্স যেটা আছে, সেটা আপনি দেখুন এবং সেটা আপনারা কিছু পরীক্ষা করলেই নিজেরাই দেখতে পারবেন। অল ইন্ডিয়ায় এটা হয়েছিল—১৯৮১ সালে ছিল ১৮.৯, ১৯৯১ সালে হল ১৯.৮১মানে এক শতাংশের একটু কম হয়েছে। পশ্চিমবঙ্গে হচ্ছে—২৫.৮ থেকে ২৯.৯, অর্থাৎ ৪ শতাংশের চেয়ে বেশি অর্থাৎ বৃদ্ধি পেয়েছে। অফ-ফার্ম অর্থাৎ কৃষির উপর নন ফার্ম সেক্টরে এমপ্লয়মেন্ট এবং ওয়ার্ক ফোর্স সেখানে এনগেজমেন্ট হচ্ছে। এগুলি কি কিছুই লক্ষণ নয়? এগুলি কি আমরা সবই উড়িয়ে দিতে পারি? এই ব্যাপারে আমরা বস্তুবাচক দৃষ্টিভঙ্গি দিয়ে দেখবার চেষ্টা করতে পারি। কারণ, যে প্রশ্নটা থেকে আপনি শুরু করেছিলেন বিতর্ক এবং যে প্রশ্নটা দিয়ে একজন মাননীয় সদস্য বিতর্ক শেষ করেছেন সেটা হচ্ছে যে, কেন আমরা ভূমি সংস্কারের কথাটা ঘুরিয়ে ফিরিয়ে বলছি। এটা কি অবসেশন? না এটা একটা দৃষ্টিভঙ্গির ব্যাপার? এটা একটা শ্রেণী দৃষ্টিভঙ্গির ব্যাপার। এটা পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস থেকে শুরু করে, মাটির তলায় জল পর্যন্ত নাকি সব কথায় আমরা ভূমি সংস্কারের কথা বলি। হ্যাঁ, ভূমি সংস্কার হচ্ছে ভারতবর্ষের যত রকম জাতীয় সমস্যা আছে,

আমাদের শিল্পের সমস্যা, শিল্প কাঠামোর সমস্যা, তার অভ্যন্তরীণ সমস্যা, শিক্ষার সমস্যা, স্বাস্থ্য সমস্যা, সংস্কৃতির সমস্যা, আমাদের দেশের বিকাশের সমস্যা স্বনির্ভরতার সমস্যা, গণতন্ত্রের সমস্যা, সমস্ত সমস্যার মূল চাবিকাঠি নির্ভর করছে ভূমি সংস্কারের উপর এবং আমরা বিশ্বাস করি যে, কেবলমাত্র আমূল ভূমি সংস্কারের মধ্য দিয়ে তার সমাধান করতে পারি। আমরা কখনওই দাবি করিনি, আমি আবার আপনাকে বলছি যে, আমরা কখনওই দাবি করিনি যে, আমূল ভূমি সংস্কার আমরা এখানে করেছি। আমরা মনে করি আমূল ভূমি সংস্কার এ রকম একটা ব্যবস্থা, যে ব্যবস্থা এই কাঠামোর মধ্যে, বর্তমান আর্থ-সামাজিক কাঠামোর মধ্যে সম্পন্ন করা অসম্ভব। তার জন্য আমরা আমাদের এই কাঠামোর মধ্যে যতটুকু করা যায়, সেইটুকুই করবার চেষ্টা করছি। আমরা মানুষকে বারবার বলি যে, এই কথা মনে করার কোনও কারণ নেই যে, আমরা আমূল ভূমিসংস্কার এই কাঠামোর মধ্যে করে ফলতে পারি। আর দু একটি ছোটখাট কথা বলেই শেষ করব। তারমধ্যে একটা হচ্ছে জমি অধিগ্রহণ নিয়ে অনেক কথা হয়েছে। আমি তো এখানে যখন বিল পাস করলাম অ্যাক্ট টু, আমাদের ১৯৪৮ সালের অ্যাক্ট টু আমরা রিপিল করে দিয়েছি। তুলে দিয়েছি, এই মার্চ ৩১শে উঠে গেছে। এটা ভাল যে করেছি, সেটা বলেননি। যদি আমরা ভালো করে থাকি, সেটা আপনারা বলুন না। সবই বিরোধিতা করছেন কেন? সেটা আপনি বলুন যে, আমরা ভালো করেছি। এই যে ১৫ বছর ১৮ বছর, বলছেন জমি নিয়ে নিয়ে, তারপর কমপেনসেশন পেত না। সেইজন্য যেটা ভালো করেছি সেটা মেনে নিন। প্রেমিসেস টেনেন্সী অ্যাক্ট আপনি বলছেন, তাড়াতাড়ি করুন। কত তাড়াতাড়ি করবার চেষ্টা করছি। আপনি কি আপনার দলের সদস্যদের জিজ্ঞাসা করেছেন যে, আমরা কি তাকে বিলম্ব করেছি? আমি কত তাড়া দিই। কেউ বলে যে, আমি চলে যাব। আর একঘন্টা পরে মিটিং। আর দু ঘন্টা পরে ছেড়ে দিন। মাস্টারমশায়ের মতো আটকে রাখতে হয়। ছাত্রদের যে রকম আটকে রাখা হয়, যে সেরে দিয়ে যান, সেরে দিয়ে যান, আমাদের দায়িত্ব আছে। সিলেক্ট কমিটিতে। আপনি জিজ্ঞাসা করে বুঝবেন এটা। নাকি আপনি বোঝেন নি এই সব? আপনারা তো দায়িত্ব বিরোধী দলের নেতা হিসাবে এইসব বোঝাবার? আর ক্যালকাটা ঠিকা টেনেন্সী অ্যাক্ট, সেটা আমি বলেছিলাম যে, সুপ্রিম কোর্টের বিচার্য বিষয় আছে এবং আমি এর মধ্যে যাচ্ছি না। আমি আরও অনেক কথাই বলতে পারতাম। অন্য কারোর প্রশ্নের জবাব দেওয়ার দরকার আছে বলে মনে হয় না। আপনার কথা জবাব দেওয়ার দরকার ছিল। তাই এই কথাগুলি বললাম। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে, বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। আমি ঘরে বসে মাননীয় মন্ত্রীর বক্তৃতা শুনছিলাম। উনি সিলেক্ট কমিটির মেম্বারদের যোগ্যতা সম্বন্ধে কটাক্ষ করলেন। কোনও মন্ত্রী হাউসে, কোনও কমিটির মেম্বারদের যোগ্যতা সম্পর্কে প্রশ্ন তুলতে পারেন না। উনি যে মন্তব্য করলেন, আইদার হি হ্যাজ টু উইথ-ড্র হিজ স্পীচ আদারওয়াইজ আমাদের মেম্বাররা রেজিগনেশন দিতে বাধ্য থাকবেন। উনি বলেছেন মাস্টার মশাইয়ের মতো

আটকে রাখতে হয়। সিলেক্ট কমিটির মেম্বারদের যোগ্যতা সম্পর্কে কোন প্রশ্ন থাকলে কংগ্রেসের সদস্যরা সিলেক্ট কমিটি বয়কট করতে বাধ্য থাকবে। বামফ্রন্টের মেম্বারদের আত্মসম্মানবোধ না থাকতে পারে, কিন্তু কংগ্রেসের মেম্বারদের আত্মসম্মানবোধ আছে। মন্ত্রী কি নিজেকে সবজান্তা মনে করেছেন? সিলেক্ট কমিটির রিপোর্ট এখনও হাউসে প্লেস হয়নি। তার আগে সিলেক্ট কমিটির মেম্বারদের সম্বন্ধে হাউসে বলা যায় না। মন্ত্রীকে এই কথাটা উইথড্র করতে হবে, নতুবা কংগ্রেসের মেম্বাররা রেজিগনেশন দিয়ে সিলেক্ট কমিটিকে বয়কট করবেন।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী যে সিলেক্ট কমিটির কথা বললেন সেই কমিটিতে আমিও মেম্বার। মিটিং থাকলে আমরা কেউ ১৫ মিনিট, কেউ আধ-ঘন্টা পরে আসি। এর মধ্যে কোন কনট্রাডিকশন নেই। আলোচনা হয় ঘন্টা দুয়েকের। অনেকে কোনও কাজ থাকলে তাড়াতাড়ি চলে যান। বিষয়টাতে বিতর্ক নেই। সব মেম্বাররাই তাড়াতাড়ি করার চেষ্টা করেন। সুতরাং মাননীয় মন্ত্রী এব্যাপারে এখানে কটাক্ষ করেননি। একটু আগে বন্ধুবর অতীশ সিনহা আমাকে বলেছেন দ্রুত করার জন্য, সেজন্য দ্রুত করার চেষ্টা করেছেন। আপনি যেভাবে বললেন সেভাবে মন্ত্রী বলেননি।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** উনি কেন আত্মসম্মানের কথা বলছেন তা আমি বুঝতে পারছি না। আপনাদের অনেকেই সিলেক্ট কমিটিতে আছেন। আমি মেম্বারদের যোগ্যতা সম্পর্কে প্রশ্ন তুলেছি বলে আমার মনে হয় না। এ পর্যন্ত সিলেক্ট কমিটিতে যত আলোচনা হয়েছে তাতে আমাদের প্রায় সকলেই সহমত হয়ে আলোচনা করেছি। সিলেক্ট কমিটিতে যারা আছেন তাঁরা অনেকে দেরি করে আসেন। আবার কেউ কেউ তাড়াতাড়ি চলে যেতে চাইছেন, তখন তাঁকে বলি আরেকটু বসুন। এই কথার মধ্যে মেম্বারদের যোগ্যতা সম্পর্কে কোনও প্রশ্ন তোলা হয়েছে বলে আমার মনে হয় না। এছাড়া আপনাদের সকলের কাছ থেকেই অনেক সহযোগিতা পেয়েছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মাননীয় মন্ত্রী বলছেন যে, তিনি বলেননি। তা সত্ত্বেও আমি দেখব, এরকম কোনও কথা আছে কি না।

## DEMAND NO. 7

**Mr. Deputy Speaker :** There are five cut motion in Demand No. 7. All the cut motions are in order. I new put all the motions to vote.

The motions of Shri Rabin Mukherjee, Shri Nirmal Ghosh, Shri Ajoy De and Shri Kamal Mukherjee that the amount of the Demand be reduced by Rs. 100 were then put to vote and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,76,17,45,000 be granted for expenditure under **Demand No. 7, Major**

**Heads : "2029—Land Revenue and 5475—Capital Outlay on Other General Economic Services"** during the year 1997-98, was then put and agreed to.

## DEMAND NO. 61

**Mr. Deputy Speaker :** There are eleven cut motions to Demand No. 61. All the cut motions are in order. Now I put to vote all the cut motions are in order. Now I put to vote all the cut motions.

The motions of (1) Shri Tushar Kanti Mandal (2) Shri Nirmal Ghosh, (3) Shri Sultan Ahmed (4) Shri Shashanka Shekhor Biswas (5) Shri Kamal Mukherjee (6) Shri Saugata Roy (7) Shri Deba Prasad Sarkar that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motions of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 20,68,60,000 be granted for expenditure under **Demand No. 61, Major Head : "2506—Land Reforms"** during 1997-98.

(This is inclusive of total sum of Rs. 6,90,00,000 already voted on account) was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6.01 p.m. till 11 a.m. on Friday, the 4th April, 1997 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 4th April, 1997 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 10 Ministers, 6 Ministers of State and 94 Members.

[11-00 - 11-10 a.m.]

### Starred Questions
### (To which Oral Answers were given)

**দুর্গাপুর এক্সপ্রেস রাস্তা চালুকরণ**

*৪০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩) **শ্রী আব্দুল মান্নান :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গাড়ি চলাচলের জন্য দুর্গাপুর এক্সপ্রেস রাস্তাটি কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়; এবং

(খ) ঐ রাস্তার সংযোগকারী কতগুলি রাস্তাকে প্রশস্ত করা হয়েছে?

**শ্রী মনোহর তিরকী :**

(ক) ১৯৯৭-৯৮ সালের মধ্যে শীঘ্রই আংশিকভাবে এবং ১৯৯৮-৯৯ সালের প্রথম দিকে সামগ্রিকভাবে রাস্তাটি যানবাহন চলাচলের জন্য উন্মুক্ত করা যাবে বলে আশা করা যায়।

(খ) এ পর্যন্ত একটি সংযোগকারী রাস্তাকে প্রশস্ত করা হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি, এ পর্যন্ত দিল্লি রোডের সঙ্গে যে রাস্তা সংযুক্ত হয়েছে তা সত্ত্বেও আরো অনেক রাস্তা যেমন সুগন্ধা রোড, নওগা মোড় শিয়াখালা-দিল্লি রোডের সঙ্গে সংযুক্ত করার দরকার আছে। এগুলো কবে করা হবে?

**শ্রী মনোহর তিরকী :** দুর্গাপুর এক্সপ্রেস ওয়ের যে ৬৫ কি. মি. রাস্তা আছে তার মধ্যে ৪৮ কি. মি. রাস্তা হয়ে গেছে। এর সঙ্গে যোগাযোগ করার জন্য বৈদ্যবাটি-তারকেশ্বর রাস্তাটা আট কি.মি. চওড়া করা হয়েছে। এর সঙ্গে আরো অনেক রাস্তা আছে দুর্গাপুর এক্সপ্রেসওয়ের

কানেকটিং রোড হিসাবে। এগুলো হল—উত্তরপাড়া-কালিকাপুর, শ্রীরামপুর-শিয়াখালা, বৈদ্যবাটী-তারকেশ্বর-সিঙ্গুর, চুঁচুড়া-ধনিয়াখালি, মগরা-গুড়াপ, মেমারী-খানপুর, মেমারী-বকদিঘী, রসুলপুর-পাল্লারোড।

**শ্রী আব্দুল মান্নান ঃ** কিন্তু উত্তরপাড়াতে তো আর জায়গা পাওয়া যাবে না। কারণ বাড়ি-ঘর হয়ে গেছে। যাই হোক, দুর্গাপুর এক্সপ্রেস ওয়ে এখনও পর্যন্ত সরকারি ভাবে চালু না হলেও, গাড়ি চলাচল করছে। সুগন্ধার মোড় থেকে পালসিট পর্যন্ত যাওয়া যাচ্ছে। কিন্তু আমি জানতে চাইছি, অ্যাট প্রেজেন্ট সিঙ্গুর পর্যন্ত চলাচলের উপযুক্ত হয়েছে কি? না হলে, কত পর্যন্ত হয়েছে?

**শ্রী মনোহর তিরকী ঃ** বৈদ্যবাটী-তারকেশ্বর রোড পর্যন্ত হয়েছে। একটা ব্রিজ আছে, তার কাজ দু-মাসের মধ্যে শেষ হয়ে গেলে এটা আমরা চালু করে দেব।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আর্থ ফেলিং, ওভার ব্রিজের কাজ শেষ হয়ে গেছে, ব্ল্যাক টপের কাজ বাকি আছে। এই ব্ল্যাক টপের কাজ কতটা বাকি আছে? এটা ফোরলেন জোন। এই কাজে টোট্যাল কত খরচ হয়েছে এবং এস্টিমেট কস্ট কত ধরা হয়েছিল।

**শ্রী মনোহর তিরকী ঃ** এটা ১৯৯৩ সালের শুরু হয়। যে কস্ট ছিল সেটা বেড়ে গিয়েছে ৪৮ কি. মি. রাস্তা সম্পূর্ণ করতে। ১৭ কি. মি. রাস্তা খোলা যাবে পরে। ৭ থেকে ৫ কি. মি.র মোটামুটি কাজ সম্পূর্ণ হয়ে গেছে। বাকি ১৭ কি. মি. রাস্তার কাজ আগামী ৩১শে মার্চ ১৯৯৮ সালের মধ্যে সম্পূর্ণ হয়ে যাবে। এই মাটি ওঠানোর কাজ হয়ে গেলে এবং ব্ল্যাক টপের কাজ হয়ে গেলে রাস্তা খোলা যাবে বলে আশা করছি।

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোনে একটি মাত্র ৮৩ নম্বর রুট। তাই এক নম্বর গেট থেকে ফলতায় বাস চালানোর কোনও পরিকল্পনা আপনার আছে কি?

**শ্রী মনোহর তিরকী ঃ** স্যার, এ প্রসঙ্গই ওঠে না, তবে উনি যদি এ ব্যাপারে নোটিশ দেন, আমি উত্তর দেব।

**শ্রী আকবর আলি খান্দেকার ঃ** স্যার, আমার এই প্রশ্নটি খুবই গুরুত্বপূর্ণ। স্যার, দুর্গাপুর রোড ডানকুনি থেকে শুরু হচ্ছে, এর কানেকটিং রাস্তা হচ্ছে কলকাতা থেকে অহল্যাবাই রোড যেটা ডানকুনি গেটে পড়ছে। দিল্লি রোড, দুর্গাপুর রোড, অহল্যাবাঈ রোড এই তিনটি রাস্তার মূল সমস্যা হচ্ছে ডানকুনি লেভেল ক্রসিংয়ে কোনও ফ্লাইওভার নেই। ফ্লাই ওভার করার কোনও প্রস্তাব আছে কি?

**শ্রী মনোহর তিরকী ঃ** প্রয়োজন হলে ব্যবস্থা নেব।

## রাজ্যে সাক্ষর মানুষের সংখ্যা

***৪০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭) শ্রী আবুআয়েশ মণ্ডল ঃ** শিক্ষা (প্রথা-বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সর্বশেষপ্রাপ্ত রিপোর্ট অনুসারে রাজ্যে মোট কত সংখ্যক নিরক্ষর মানুষ জাতীয় সাক্ষরতা মিশনের মান অনুযায়ী সাক্ষর হয়েছেন (জেলাওয়ারী হিসাব)?

**শ্রীমতী অঞ্জু কর ঃ**

সার্বিক সাক্ষরতা অভিযানের মাধ্যমে এখন পর্যন্ত এ রাজ্যে সাক্ষরতা মিশনের মান অর্জনকারী সাক্ষর ব্যক্তির মোট সংখ্যা ৭৮.০২ লক্ষ।

**জেলাভিত্তিক বিভাজন নিম্নরূপ ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১। | মেদিনীপুর | — | ১৩.৬৭ লক্ষ |
| ২। | বর্ধমান | — | ৯.৮৬ লক্ষ |
| ৩। | বাঁকুড়া | — | লক্ষ |
| ৪। | বীরভূম | — | ৬.০৮ লক্ষ |
| ৫। | কোচবিহার | — | ৩.০৬ লক্ষ |
| | উত্তর ২৪ পরগনা | — | ৮.০৬ ল |
| ৭। | হুগলি | — | ৬.৪৩ লক্ষ |
| ৮। | দক্ষিণ ২৪ পরগনা | — | ৭.৫৪ লক্ষ |
| ৯। | হাওড়া | — | ১.৬৪ লক্ষ |
| ১০। | মুর্শিদাবাদ | — | ৫.৩০ লক্ষ |
| ১১। | নদীয়া | — | ৪.৮৪ লক্ষ |
| ১২। | জলপাইগুড়ি | — | ১.৮১ লক্ষ |
| ১৩। | পুরুলিয়া | — | ৪.৭৩ লক্ষ |
| | **মোট** | — | **৭৮.০২ লক্ষ** |

**শ্রী আবু আয়েস মণ্ডল :** আপনি উত্তরে বললেন আমাদের রাজ্যের ১৩টি জেলাতে সর্বশেষ রিপোর্ট অনুযায়ী ৭৮ লক্ষ ২ হাজার মানুষ সাক্ষর হয়েছিল। সাক্ষর করার নির্দিষ্ট কোন লক্ষ্যমাত্রা ছিল কি? থাকলে সেটা কত? আর বাকি ৫টি জেলাতে সাক্ষরতা মিশনের মান অনুযায়ী কোনও রিপোর্ট দেখা গেল না। এই জেলাগুলিতে কাজ চলছে, তার রিপোর্ট কি?

**শ্রীমতী অঞ্জু কর :** আমাদের রাজ্যে মোট লক্ষ্যমাত্রা ছিল ১৩৮ লক্ষ ৬৩ হাজার। বাকি জেলাগুলির নেই, এগুলিতে এখনও সাক্ষরতা অভিযানের কাজ চলছে এবং এর মধ্যে কয়েকটি জেলাতে মে মাসের মধ্যে বহির্মূল্যায়নের প্রস্তুতি চলছে।

**শ্রী আবুআয়েস মণ্ডল :** জাতীয় সাক্ষরতা মিশনের মান অনুযায়ী সাক্ষরতা হয়েছে ৭৮ লক্ষ ২ হাজার। বর্তমানে এই নব সাক্ষর মানুষদের নিয়ে কোন কোন জেলাতে কি কি কর্মসূচি পালিত হচ্ছে, দয়া করে জানাবেন কি?

[11-10 – 11-20 a.m.]

**শ্রীমতী অঞ্জু কর :** এখন পর্যন্ত ১৩টি জেলার মধ্যে ১২টি জেলায় সাক্ষর পরবর্তী পর্যায়ের সাক্ষরোত্তর কর্মসূচি চলছে। আবার সাক্ষরোত্তর কর্মসূচি পর্যায় যেখানে শেষ হয়ে গেছে—তার মধ্যে বর্ধমান এবং বীরভূম জেলা আছে—সেখানে ধারাবাহিক শিক্ষা প্রকল্প নামে আর একটা প্রকল্প আমরা চালু করব এবং এর জন্য কেন্দ্রীয় সরকারের অনুমোদন পেয়ে গেছি।

**শ্রী আবুআয়েস মণ্ডল :** যেখানে ধারাবাহিক শিক্ষা প্রকল্প চালু হয়েছে সেখানে সেই কাজে যে সমস্ত স্বেচ্ছাসেবকরা নিযুক্ত আছেন তাদের কোন অনোরারিয়াম বা সাম্মানিক দেয়ার পরিকল্পনা আছে কি; যদি থাকে তাহলে তা কবে থেকে এবং কি পরিমাণে দেওয়া হবে?

**শ্রীমতী অঞ্জু কর :** ইতিমধ্যেই এই প্রকল্পের বর্ধমান এবং বীরভূমের জন্য আমরা অনুমোদন পেয়েছি। বর্ধমান জেলার কাজ বেশি এগিয়ে গেছে, ওখানে প্রকল্পের কাজ প্রায় শুরু করে ফেলেছি। আর বীরভূমের শুরু করার জন্য প্রস্তুতি নিয়েছি। এই প্রসঙ্গে যে সমস্ত স্বেচ্ছাসেবীরা প্রকল্পে কাজ করবেন তাদের সাম্মানিকের প্রশ্ন উঠেছে। কেন্দ্রীয় সরকারের ধারাবাহিক শিক্ষা প্রকল্পের নিয়ম অনুযায়ী যাঁরা সাধারণ ভলান্টিয়ার হিসাবে কাজ করবেন তারা ৩০০ টাকা করে এবং যাঁরা ৮/১০টি সেন্টার নিয়ে যে একটা করে ক্লাস্টার করা হবে সেখানে ক্লাস্টারের ভলান্টিয়ার হিসাব কাজ করবেন তাঁদের বলা হচ্ছে নোডাল, তাঁরা ৭০০ টাকা করে পাবেন। আপনারা সকলেই জানেন এতদিন পর্যন্ত কোনও সাম্মানিক দেওয়া হতনা, উইদাউট এনি অনোরারিয়াম স্বেচ্ছাসেবীরা কাজ করতেন। বর্তমানে কেন্দ্রীয় সরকারের প্রকল্পের নিয়ম অনুযায়ী এটা অনুমোদিত হয়েছে। কিন্তু সেটা কবে থেকে চালু করা যাবে তা এখনই বলতে পারছিনা। বিষয়টি নিয়ে আমরা আলোচনা করছি, চিন্তা ভাবনা করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয়া মন্ত্রী মহোদয়া, নিরক্ষর মানুষদের সাক্ষর করে তুলতে সাক্ষরতা মিশনের যে অভিযান চলছে, এই অভিযান চালাতে এখন পর্যন্ত কত টাকা ব্যয় হয়েছে; কেন্দ্রীয় সরকার কত টাকা দিয়েছে এবং রাজ্য সরকার কত টাকা দিয়েছে?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** তিনটি পর্যায়ে সাক্ষরতার কাজ চলছে—প্রথম পর্যায়ে সাক্ষরতা কর্মসূচি, দ্বিতীয় পর্যায়ে সাক্ষরোত্তর কর্মসূচি এবং তৃতীয় পর্যায়ে ধারাবাহিক শিক্ষা প্রকল্প। মাননীয় সদস্য কোন পর্যায়ের হিসাব জানতে চাইছেন? এটা নির্দিষ্ট করে না বললেন, আমার পক্ষে উত্তর দেওয়া সম্ভব নয়। মাননীয় সদস্য নির্দিষ্ট প্রশ্নের নোটিশ দিলে আমি সেই মতো উত্তর দেব।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয়া মন্ত্রী মহাশয়া জানাবেন কি, নিরক্ষরতা দূরীকরণ প্রকল্পে এখন পর্যন্ত কোন জেলাকে কত টাকা দেওয়া হয়েছে এবং কোন জেলার কতজন করে মানুষ সাক্ষরতা কর্মসূচিতে অংশ গ্রহণ করেছে?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** আমি আগের প্রশ্নের উত্তরে বলেছি তিন পর্যায়ে আলাদা আলাদা লক্ষ্যমাত্রা নিয়ে আলাদা আলাদা টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট এবং স্টেট গভর্নমেন্ট থেকে অনুমোদন করা হয়। সুতরাং মাননীয় সদস্য কোন পর্যায়ের কথা বলছেন তা নির্দিষ্ট করে না বললে উত্তর দেওয়া সম্ভব নয়।

**মিঃ স্পিকার ঃ** শ্রীমতী কর, যেকটা পর্যায় আছে সেকটার হিসাব আগামী দিনে আপনি এখানে সার্কুলেট করে দেবেন।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহোদয়াকে জিজ্ঞাসা করছি—আজ থেকে কিছু দিন আগে তৎকালীন উপ-রাষ্ট্রপতি, বর্তমান রাষ্ট্রপতি বর্ধমানে এসে বর্ধমান জেলাকে পূর্ণ সাক্ষর বলে সার্টিফিকেট দিয়ে গেছেন। অবশ্য রাজ্য সরকারের সার্টিফিকেট অনুযায়ীই তিনি তা ঘোষণা করেছিলেন। আমি ঐ অঞ্চলে থাকি এবং মন্ত্রীও ঐ অঞ্চলের মানুষ। আমরা জানি সরকার উপ-রাষ্ট্রপতির মাধ্যমে অন্যায় বা ভুল কথা ঘোষণা করিয়েছে। কারণ যদি বর্ধমান পূর্ণ-সাক্ষর জেলাই হবে তাহলে আমরা কেন দেখছি বিভিন্ন কয়লা খনিতে, বিভিন্ন সরকারি অফিসে, আধা-সরকারি অফিসে এখনো হাজার হাজার মানুষ এল. টি. আই (লেফ্‌ট থাম্ব ইমপ্রেশন) দিয়ে মাইনে তুলছে? তৎকালীন থেকে আজ পর্যন্ত কি রকম অবস্থায় আছে? পূর্ণ সাক্ষর হয়ে যাবার পর আজ পর্যন্ত কত লোক টিপ-সই দিয়ে মাহিনা তুলছেন?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** মাননীয় [illegible] প্রশ্নের উত্তরে জানাচ্ছি, প্রথম উত্তর হচ্ছে, আমাদের স্টেট গভর্নমেন্ট ঘোষণা [illegible]রেনি দ্বিতীয় কথা, পূর্ণ সাক্ষর কথা নয়। সেইজন্য কেন্দ্রীয় সরকারের জাতীয় সাক্ষর[illegible] মিশন একটা নর্ম তৈরি করেছেন। সেই নর্ম অনুযায়ী মোট যে নিরক্ষর সংখ্যা তার [illegible] ৮০ ভাগ পড়তে, লিখতে এবং তাদের যে নির্দ্ধারিত

পরীক্ষা সেই নির্দ্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। জাতীয় সাক্ষরতা মিশনের নর্ম অনুযায়ী এক্সটারনাল এভালুয়েশন টিম তারাই এই সাক্ষর বলে ঘোষণা করে গেছেন। দ্বিতীয় প্রশ্নের উত্তর হচ্ছে, মোট নিরক্ষরতার শতকরা ৮০ ভাগ যদি সাক্ষর হয় তবেই সাক্ষর বলে ঘোষনা করা হবে। তাহলে এই ৮০ ভাগ বাদ দিলে ২০ ভাগ থেকে যাচ্ছে যারা এই কাজে অংশ গ্রহণ করছেন না। তারাই নিরক্ষর থাকছেন। এরাই টিপ সইয়ের দলে আছেন। তারপর হচ্ছে, এই ৮০ ভাগ অংশ গ্রহণ করলেও এই শতকরা ৮০ ভাগ যে সাক্ষর হচ্ছে সেটাও গ্যারান্টি দিয়ে বলা যায় না। যারা সাক্ষর হচ্ছে তারা চর্চার অভাবে, দ্বিধা, ইতস্তত, লজ্জা, ভয়, সংকোচ এইসব কারণে লেখাপড়া জানলেও, সাক্ষর হলেও তারা অনেক সময়ে সই করতে ইতস্তত করছেন। ফলে এইসব কারণে কিছু কিছু ক্ষেত্রে টিপ-সই থাকতে পারে। সেইজন্য আপনাদের সহযোগিতা চাইছি। তাদের মধ্যে আত্মবিশ্বাস সৃষ্টি করা, আত্মমর্যাদাবোধ সৃষ্টি করা, সাহস সৃষ্টি করা, সচেতন করা, চর্চা ধরে রাখা। শুধু সরকারের প্রচেষ্টায় সম্ভব নয়। সেইজন্য সরকারি, বেসরকারি সকলের প্রচেষ্টায় তাদেরকে এই অভ্যাসের মধ্যে দিতে হবে, তবেই সাক্ষরতাকে কাজে লাগাতে পারব।

**শ্রী সৌগত রায় ঃ** জাতীয় সাক্ষরতা মিশন নিয়ে প্রশ্ন। জাতীয় সাক্ষরতা মিশন নিয়ে প্রশ্ন। জাতীয় সাক্ষরতা মিশনে কেন্দ্রীয় সরকার যার ৮০ ভাগ খরচ বহন করেন, সেই মিশন খুব ভাল কাজ করছে, সেইজন্য আপনি প্যারিসে গিয়ে ইউনেস্কো প্রাইজ পেয়েছেন। আমি জানতে চাইছি, ১৯৯১ সালের সেনসাসে দেখানো হয়েছে পশ্চিমবাংলায় সাক্ষরের সংখ্যা ৫৭.৭০ শতাংশ। আমরা সারা ভারতবর্ষে ৭ নম্বর, যেখানে কেরল ৯৬ পারসেন্টে পৌঁছেছে। মাননীয় মন্ত্রী এখানে বলছেন ৭৮ লক্ষ নতুন সাক্ষর হয়েছে। আমি জানতে চাইছি, লেটেস্ট পশ্চিমবাংলায় সাক্ষরতার ফিগার কত? ১৯৯১ সালের সেনসাসের পর কত লোক সাক্ষর হয়েছে? সারা ভারতবর্ষের ক্ষেত্রে আমাদের জায়গা কোথায় দাঁড়িয়েছে গত ৫/৬ বছরের প্রচেষ্টায়?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি, প্রথম উত্তর হচ্ছে, সাক্ষরতার যে হার বললেন সেটা ১৯৯১ সালের সেনসাস অনুযায়ী। তারপর রাজ্যে আর সেনসাস হয়নি, আলাদা করে রাজ্যে সেনসাস হয় না। আমাদের যে হিসাব সাক্ষরতা কতজনের মধ্যে হচ্ছে, ১৩৮ লক্ষ ৬৩ হাজার। তার মধ্যে ৭৮ লক্ষ বা তার চেয়ে বেশি অর্থাৎ ৭৮ লক্ষ ২ হাজারে গেছে। এটা ২ হাজার ১ সালের জন্য অপেক্ষা করতে হবে। সেনসাসে রিফ্লেকশন ঘটাতে হবে, তবেই আমরা প্রকৃতপক্ষে সেনসাস রিপোর্টে শতকরা হারের ক্ষেত্রে পরিবর্তন পাব। আমাদের ক্ষেত্রে যেটা আনুমানিক কর্মসূচির দিক থেকে, এভালুয়েশনের মধ্য দিয়ে দেখলাম তাতে আমাদের যা ছিল শতকরা ৫৭.৭০ শতাংশ, তার থেকে কমপক্ষে ৯ থেকে ১০ শতাংশে উন্নীত করতে পেরেছি এটা আমাদের আনুমানিক।

**শ্রী নীরোদ রায়চৌধুরি ঃ** মাননীয়া মন্ত্রী মহোদয়া জানাবেন কি, কোন কোন জেলা

আমাদের রাজ্যে পূর্ণ সাক্ষরের সম্মান অর্জন করেছে এবং যারা পূর্ণ সাক্ষরের সম্মান অর্জন করেছে তাদের কোনও বিশেষ সুযোগ দেওয়া হবে কি না?

[11-20 – 11-30 a.m.]

**শ্রীমতী অঞ্জু কর ঃ** আমি আবার বলছি যে পূর্ণ সাক্ষর কথাটা আমরা কখনও ব্যবহার করছি না। পূর্ণ সাক্ষর বলে কখনও হয়না। সেইজন্য যারা সাক্ষরতা অর্জন করেছে অর্থাৎ নিরক্ষর থেকে নব-সাক্ষরতায় উন্নীত হয়েছে আমরা সেখানে বলেছি, সাক্ষরতা মানে নাম সই করা নয়। তাদের অর্জিত সাক্ষরতা জীবনে প্রয়োগ করে প্রকৃতপক্ষে যাতে সাক্ষর মানুষ হিসাবে প্রতিষ্ঠিত হতে পারে সমাজে সেই দিকে তাদের নিয়ে যাবার জন্য বিভিন্ন কর্মসূচি নিয়েছি। সেখানে সাক্ষরতার চর্চা করার জন্য পড়াশুনা করার ব্যবস্থা থাকবে পরবর্তী পর্যায়ে। তারা যাতে চেতনা অর্জন করে উন্নয়নের দিক থেকে স্বাস্থ্যের দিক থেকে বিভিন্ন ভাবে সমাজে প্রতিষ্ঠিত মানুষ হিসাবে দাঁড়াতে পারে এবং সব দিক থেকে চেতনা অর্জন করতে পারে তারজন্য ধারাবাহিকভাবে বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে এবং তাতে তাদের যুক্ত করার কাজ আমাদের রাজ্যে বিভিন্ন জেলাতে চলছে।

### স্কুল অব ট্রপিক্যাল মেডিসিনে গবেষণার কাজ

*৪১০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬১) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতার স্কুল অব ট্রপিক্যাল মেডিসিনে বিগত কয়েক বছর যাবৎ গবেষণার কাজ ব্যাহত হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, কি কারণে উক্ত কাজ ব্যাহত হচ্ছে?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) গবেষণার কাজ অব্যাহত আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই স্কুল অব ট্রপিক্যাল মেডিসিনের আধুনিকীকরণের জন্য বিশ্বব্যাঙ্ক থেকে ২৫ কোটি টাকা অনুদান পাবার ব্যাপারে কোনও প্রস্তাব এসেছে কি না এবং তা যদি আসে তাহলে এ ব্যাপারে সরকারের সিদ্ধান্ত কি এবং যদি বিশ্বব্যাঙ্কের সেই প্রকল্প গ্রহণ করতে সরকার প্রস্তুত থাকেন তাহলে বর্তমানে সেটি কোন পর্যায়ে আছে?

**শ্রী পার্থ দে ঃ** বিশ্বব্যাঙ্ক থেকে কোনও প্রস্তাব করেনি। আমরাই একটা প্রস্তাব করেছি।

এটা অনেকদিনের পুরানো প্রতিষ্ঠান। এটা ঠিকই যে এর একটা ইতিবাচক ভূমিকা আছে এবং খুব গুরুত্বপূর্ণ কাজ করেছে বিগত দিনে। আজকের দিনের নানান রকমের সংক্রামক অসুখ, জটিল অসুখ এইসব ব্যাপারে এদের যে দায়িত্ব দেওয়া আছে সেটা যদি বাড়াতে হয়, ক্যাপাসিটি যদি বাড়াতে হয় তাহলে এখানে একটু বাইরের সাহায্য পেলে ভাল হয়। কারণ এককালীন অনেক অর্থের দরকার, কিছু বৈজ্ঞানিক ব্যাপার নতুন করে আনা দরকার। অতীতে এটাই আমরা প্রস্তাব করেছি। ভারতবর্ষের অন্যান্য রাজ্যেরও অনেক প্রতিষ্ঠান চাইছেন যে এটা তাদের ওখানে যাক। আমরা এরজন্য একটা প্রজেক্ট তৈরি করেছি। দু দফা আলোচনাও হয়েছে, তবে এখনও চূড়ান্ত হয়নি, আশা করছি আমরা দৃষ্টি আকর্ষণ করতে পারব।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় যা বললেন তাতে বোঝা গেল প্রকারান্তরে তিনি এটাই বলতে চাইছেন যে এটাকে বাড়ানো দরকার এবং এর আধুনিকীকরণের প্রয়োজন আছে। আমাদের কাছে যা সংবাদ তাতে এর অর্থাভাব এবং পরিকাঠামোর অভাব আছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, এর যে ১৮টি বিভাগ আছে সেখানে অধ্যাপকের প্রয়োজন কত এবং বর্তমানে অধ্যাপকের সংখ্যা কত? ল্যাবোরেটরি যেগুলি আছে, যেখানে প্রয়োজনীয় গবেষণা করতে হয়, সেখানে প্রয়োজনীয় যন্ত্রপাতি সব আছে কি না? যেমন ধরুন আমাদের কাছে খবর, ভাইরোলজি ডিপার্টমেন্টে যেখানে হেপাটাইটিস, এডস, ডেঙ্গু এই সমস্ত রোগের ভাইরাস নিয়ে পরীক্ষা করার জন্য এবং গবেষণা করার জন্য মাইনাস ৭০ ডিগ্রির ফ্রিজারে দরকার সেখানে মাইনাস ২০ ডিগ্রি ফ্রিজার নিয়ে কাজ হচ্ছে যাতে সেগুলি বাঁচিয়ে রাখা যাচ্ছে না। ফলে ভাইরোলজি ডিপার্টমেন্টে গবেষণার কাজ ব্যাহত হচ্ছে, এটা সত্যি কি না? এছাড়া হেমাটোলজি, প্রোটোলজি বিভাগে সমস্ত গবেষণার প্রয়োজনীয় যন্ত্রপাতির জন্য কাজ ব্যহত হচ্ছে কিনা, এই সমস্ত যন্ত্রপাতি বাস্তবিক আছে কি না সেটা জানাবেন?

**শ্রী পার্থ দে :** কোন অবস্থাতেই কেউ বলতে পারে না যা দরকার সব যন্ত্রপাতি আছে। কোনও প্রতিষ্ঠানেই তা থাকেনা। এখন সমস্যা হচ্ছে, বিগত দিনে যা কাজ করা হচ্ছিল তারপরে নূতন ধরনের কতকগুলি অসুবিধা দেখা দিয়েছে। এখন যা ব্যবস্থা আছে তাতে রাজ্য সরকারের ক্ষমতা অনুযায়ী, প্রতিষ্ঠানের ক্ষমতা অনুযায়ী কাজ চলছে। তবে এটাকে যুগোপযোগী করার জন্য যদি কোন সাহায্য পাওয়া যায় ভাল, তা নাহলে আমাদের নিজেদেরই করতে হবে এবং সেটা ধীরে ধীরে করতে হবে। তবে এই কাজগুলি চলছে। হিটোলজির আছে কিনা, এইচ. আই. ভি আছে কিনা, এগুলি স্যাম্পেল নিয়ে পরীক্ষ করে দেখা হয়। আমরা যেটা করতে চাচ্ছি সেটা হচ্ছে পুরো জিনিসটাকে যুগোপযোগী করা। আজকে একটা নূতন পরিস্থিতির উদয় হয়েছে। এবারে নূতন ধরনের বহু সংক্রামক রোগ দেখা দিয়েছে এবং পুরানো কিছু আবার নূতন করে দেখা দিয়েছে। কাজেই এগুলিকে মোকাবিলা করার জন্য গবেষণা করা হচ্ছে। সর্বোপরি আমরা একটা বিকেন্দ্রীকিত ব্যবস্থা করতে চাচ্ছি যাতে তাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা যায়, নিয়মিত গাইড করতে পারা যায়। সেজন্য ক্যাপাসিটি ইমপ্রুভমেন্ট দরকার। কিছু কিছু টেকনিক্যাল ইমপ্রুভমেন্টও দরকার। সেজন্য আলাদা

কিছু প্রচেষ্টাও নেওয়া হয়েছে। সেজন্য বলেছি যে বিশ্বব্যাঙ্কের প্রকল্প চলছে এবং সেটার উপরে নির্ভর করে আরো ছোট ছোট কিছু প্রকল্প আনতে যাচ্ছি। কাজ চলছে, গবেষণা হচ্ছে, পত্র-পত্রিকায় প্রকাশিত হচ্ছে এবং সেগুলি উন্নত মানের হচ্ছে। আমরা চাচ্ছি এগুলকে যুগোপযোগী করা, আরো বেশি আপ গ্রেড কিভাবে করা যায়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্কুল অব ট্রপিক্যাল মেডিসিনের যে ডিজির‍্যাল মান সেই জায়গায় নিয়ে যাবার জন্য চেষ্টা করা হচ্ছে। আপনার কথায় যা বুঝলাম তাতে আপনি একটা পরিকল্পনা করেছেন এবং তার জন্য প্রয়োজনীয় যে অর্থ সেটা শুধু রাজ্যসরকারের ক্ষমতায় পূরণ করা সম্ভব নয়, সেজন্য বাইরের বিভিন্ন সংস্থা থেকে যাতে সাফল্য পাওয়া যায় তার প্রচেষ্টা চলছে। আমার জিজ্ঞাস্য যে, এই ব্যাপারে কোনও নির্দিষ্ট পরিকল্পনা আপনি নিয়েছেন কিনা এবং তারজন্য যে আর্থিক প্রয়োজন সেটা সরকার কতটুকু পূরণ করতে পারবেন এবং বাইরে থেকে কি পরিমাণ অর্থ আনতে হবে, সেটা জানাবেন কি?

**শ্রী পার্থ দে ঃ** ক্যাপাসিটি ইমপ্রুভমেন্টের যে প্রকল্প করা হচ্ছে সেটা এককালীন ২৫ কোটির টাকার প্রকল্প। এছাড়া ছোট-খাটো প্রকল্প আছে। সেটার জন্যও অর্থের প্রয়োজন আছে। বিশ্বব্যাঙ্কের সঙ্গে কথাবার্তা চলছে সেটা ২৫ কোটি টাকার।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, আজকে হাসপাতালে যে অবস্থা দাঁড়িয়েছে, তার উপরে আজকে কাগজে দেখেছি যে, যে মাস থেকে বিভিন্ন পরীক্ষার রেট বাড়িয়ে দিয়েছেন। স্বাভাবিক ভাবে গরীব মানুষের মধ্যে এই নিয়ে একটা রি-অ্যাকশন হচ্ছে যে আপনি বোধ হয় সরকারি হাসপাতালের উপরে গুরুত্ব না দিয়ে নার্সিং হোমগুলির উপরে গুরুত্ব দেবার চেষ্টা করছেন। কাজেই আমি আশা করছি আপনি এই ব্যাপারে কিছু বলবেন?

**শ্রী পার্থ দে ঃ** এই প্রশ্নটা এখানে আসেনা। এটা হচ্ছে স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন-এর উপরে।

[11-30 – 11-40 a.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন, স্কুল অব ট্রপিকাল মেডিসিনে এডস রোগীদের চিকিৎসার কোনও বন্দোবস্ত আছে কি না; থাকলে, গত দুই বছরে সেখানে কোনও রোগী চিকিৎসিত হয়েছেন কি না এবং সুস্থ্য হয়ে বাড়ি ফিরেছেন কি না?

**শ্রী পার্থ দে ঃ** এডস রোগের চিকিৎসার সমস্ত ব্যাপারে একটা প্রটোকল রয়েছে যে, কে কোন কাজটা করবেন। এই ব্যাপারে বিশেষ দায়িত্বে রয়েছে ক্যালকাটা মেডিক্যাল কলেজ। ট্রপিকলের কাজটা আলাদা। তাদের কাজ তারা করছেন। অনেক রোগী বিভিন্ন হাসপাতালে যান, কিন্তু যে মুহূর্তে ডিটেক্ট হয় যে কারো এডস হয়েছে, সঙ্গে সঙ্গে তাকে ট্রিটমেন্টের জন্য পাঠিয়ে দেওয়া হয় ক্যালকাটা মেডিক্যাল কলেজে।

**শ্রী তাপস রায় ঃ** স্কুল অব ট্রপিকাল মেডিসিন আমাদের কাছে গর্বের এবং যেহেতু ওটা আমার কনস্টিটিউয়েন্সীতে অবস্থিত তারজন্য আমি গর্বিত। স্কুল অফ ট্রপিকাল মেডিসিনে এমন কিছু রোগের চিকিৎসা হয় যা বেলভিউ বা উডল্যাণ্ডে করা সম্ভব নয় এবং হয়ও না। কিন্তু এমন একটি হাসপাতালে সমস্যা রয়েছে অনেক। সেখানে কিছুদিনের মধ্যে ডাইরেক্টর নিয়োগ হতে চলেছে। বিগত দিনে এই ডাইরেক্টর নিয়োগের ব্যাপারে যা দেখেছি তারজন্য আমার প্রশ্ন, নিয়োগটা অভিজ্ঞতার ভিত্তিতে হবে, নাকি পলিটিকাল কনসিডারেশনে হবে?

**শ্রী পার্থ দে ঃ** সম্প্রতি ডাইরেক্টর নিয়োগের ব্যাপারে কোর্টের আদেশ হয়েছে। নিয়োগটা সেই নির্দেশ অনুযায়ী করা হবে।

### নূতন গ্রন্থাগার স্থাপন

***৪১১।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৪) **শ্রী সুশীল বিশ্বাস ঃ** শিক্ষা (গ্রন্থাগার পরিষেবা) ও বইমেলা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলাতে নূতন করে কোনও গ্রন্থাগার খোলার পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, চাপড়া থানার মহেশপুর, থাগবেড়িয়া ও হাটখোলাতে কোনও গ্রন্থাগার খোলা হবে কি না?

**শ্রী নিমাই মাল ঃ**

(ক) পরিকল্পনা আছে। নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে (১৯৯৭-২০০২) নদীয়া জেলা সহ সমস্ত রাজ্যে গ্রাম ও শহর গ্রন্থাগার খোলার পরিকল্পনা সরকারের আছে।

(খ) নতুন গ্রন্থাগার স্থাপনের স্থানগুলি জেলার স্থানীয় গ্রন্থাগার কৃত্যক (এল.এল.এ.) এর পরামর্শ এবং রাজ্য গ্রন্থাগার পর্ষদের (এল.এল.সি.) সুপারিশমতো চিহ্নিত করা হয়। সুতরাং উপযুক্ত বিবেচিত হলে চাপড়া থানার উল্লিখিত স্থানগুলিতেও গ্রন্থাগার স্থাপন করা যেতে পারে।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** বামফ্রন্ট রাজ্যে প্রথম ক্ষমতায় আসার পর সরকার ঠিক করেন যে, গ্রামীণ এলাকার মানুষ যাতে পড়াশুনা করতে পারেন তারজন্য প্রতিটি গ্রাম পঞ্চায়েতে গ্রামীণ লাইব্রেরি হবে। আমার জিজ্ঞাস্য, সারা রাজ্যের জন্য এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি না?

**শ্রী নিমাই মাল ঃ** সারা রাজ্যের জন্যই এই পরিকল্পনা। প্রথম উত্তরেই সেটা আমি বলে দিয়েছি।

**শ্রী সুশীল বিশ্বাস :** বর্তমানে রাজ্য লাইব্রেরির সংখ্যা কত এবং নদীয়া জেলার ১৮৭টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে কতগুলিতে লাইব্রেরি রয়েছে?

**শ্রী নিমাই মাল :** নির্দিষ্ট ভাবে বলতে গেলে এরজন্য নির্দিষ্ট ভাবে নোটিশ দেবেন, কারণ সংখ্যাটা এখন দেওয়া যাচ্ছে না।

**শ্রী সুশীল বিশ্বাস :** এক একটি গ্রামীণ লাইব্রেরিতে দুইজন করে কর্মচারি নিয়োগ করা হয়, একজন হচ্ছেন লাইব্রেরিয়ান এবং অপরজন সাইকেল পিওন। আমার প্রশ্ন, এই লাইব্রেরিয়ান নিয়োগটা লাইব্রেরি সায়ান্সে ডিপ্লোমা ছাড়া হতে পারে কি না?

**শ্রী নিমাই মাল :** বর্তমানের নিয়োগ নীতি অনুযায়ী লাইব্রেরিয়ান হতে গেলে মাধ্যমিক পাশ হতে হয় এবং একটা সার্টিফিকেট নিতে হয়। লাইব্রেরিয়ানশীপের সার্টিফিকেট থাকলে এবং এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নাম এলে ইন্টারভিউতে ডাকা হয় এবং তারপর নিয়োগ হয়।

**শ্রী সুশীল বিশ্বাস :** সাইকেল-পিওন পদে নিয়োগের পদ্ধতিটা কি?

**শ্রী নিমাই মাল :** সাইকেল-পিওন পদের জন্য কোনও সার্টিফিকেট দরকার নেই, তবে নিয়োগের পদ্ধতিটা একই রকম।

**শ্রী শেখ দৌলত আলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য যে সব ভলেন্টারি লাইব্রেরিগুলি ছিল, এখন যাদের গ্রান্ট বন্ধ করে দেওয়া হয়েছে সেই ভলেন্টারি লাইব্রেরিগুলিকে গ্রান্ট দেওয়া কি চালু করবেন?

**শ্রী নিমাই মাল :** আপনি যে প্রশ্নটা করেছেন সেই বিষয়টা আমার জানা নেই। আপনাদের আমলে কি এই রকম গ্রান্ট দেওয়া হত?

**শ্রী ননীগোপাল চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা প্রশ্ন করতে চাই। এই যে নব সাক্ষর হচ্ছে, এদের মান উন্নয়নের পর এদের কাছে জুগিয়ে দেওয়ার কোনও বই আপনার লাইব্রেরিতে আছে?

**শ্রী নিমাই মাল :** নব সাক্ষরদের জন্য আমরা বিনা পয়সায় বই পড়ার ব্যবস্থা করেছি। তা ছাড়া বই কেনার জন্য যে গ্রান্ট দেওয়া হয় তার মধ্যে ১০ পারসেন্ট নির্দিষ্ট করা আছে নব সাক্ষরদের পড়ার মতো বই কেনার জন্য।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, শিশুদের জন্য লাইব্রেরিতে পঠন-পাঠনের কি সুযোগ সুবিধা আপনি দিয়েছেন?

**শ্রী নিমাই মাল :** ১৬ বছরের বয়স পর্যন্ত শিশু এবং কিশোর কিশোরীদের আমাদের

লাইব্রেরিতে পড়তে গেলে কোনও ফিস দিতে হয় না। তা ছাড়া আমরা যা গ্রান্ট দিই তার মধ্যে নির্দিষ্ট পরিমাণ ঠিক করা আছে যার থেকে শিশুদের বই কিনতে হবে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি নদের নিমাই না হাওড়ার নিমাই?

**(এ ভয়েস ঃ** হাওড়ার নিমাই।)

ঠিক আছে, মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই সমস্ত লাইব্রেরিতে নিমাই সংক্রান্ত কোনও গ্রন্থ রাখার পরিকল্পনা আছে কি না?

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউড।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা সাপ্লিমেন্টারি করছি। এই লাইব্রেরিগুলিতে সভ্য সংখ্যার কোনও লিমিট আছে কি? অনেক লাইব্রেরিতে দেখতে পাচ্ছি লিমিট ছাড়িয়ে সভ্য সংখ্যা হয়ে যাচ্ছে। তার ফলে ভোটের ক্ষেত্রে অনেক অসুবিধা হয়ে যাচ্ছে।

**শ্রী নিমাই মাল ঃ** এই রকম কোনও লিমিট নেই। বরং যত বেশি পাঠক আসবে তত আমরা খুশি হব।

## ছোটবকুলতলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*৪১২। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৪) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মথুরাপুর ১নং ব্লকের ছোটবকুলতলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি ১৯৮৮ সালে অনুমোদন পাওয়া সত্ত্বেও ১৯৯৬ সালের ডিসেম্বর পর্যন্ত চালু হয় নি; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) মথুরাপুর ১ নং ব্লকে "ছোট বকুলতলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র" নামে কোনও স্বাস্থ্যকেন্দ্র নেই।

(খ) কোনও প্রশ্ন ওঠে না।

এখানে ঘাটবকুলতলা নামে একটা প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্র আছে। কিন্তু সেটা চালু করা যায়নি। কেন হয়নি সেটা আপনি জানেন, রাস্তা তৈরি হয়নি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি যে ভাবে বলছেন তাতে মনে হচ্ছে এটা একটা ঘরোয়া কথা। কিন্তু এটা ঘরোয়া কথা নয়। আমি ছোট বকুলতলা স্বাস্থ্যকেন্দ্রের কথা বলিনি, ঘাটবকুলতলা স্বাস্থ্যকেন্দ্রের কথা বলেছি। এটা একটা টাইপ মিসটেক হয়েছে। যাই হোক এই ঘাট বকুলতলা প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্রটি ১৯৮৯ সালে হয়ে গেছে। এখানে ডাক্তার পোসটেড হয়ে গেছে, নার্স পোসটেড হয়ে গেছে, এখানে সমস্ত স্টাফ পোসটেড হয়ে গেছে। তারা এখন বিভিন্ন জায়গায় ঘুরে বেড়াচ্ছে। এই ব্যাপারে আপনি অবহিত আছেন কিনা জানিনা। এই প্রশ্ন আগেও উঠেছিল, যখন প্রশান্ত শূর মহাশয় স্বাস্থ্যমন্ত্রী ছিলেন তখন এই প্রশ্ন উঠেছিল। আধ মাইল একটা রাস্তা তৈরি করতে পারছেন না? ১৯৮৮ সাল থেকে এই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি হয়ে পড়ে রয়েছে, এই রাস্তাটি তৈরি না হওয়ার জন্য চালু করা যাচ্ছে না।

[11-040 – 11-50 a.m.]

**শ্রী পার্থ দে ঃ** ওখানে স্টাফ আছে, কেবল একটি পদ খালি আছে। ফার্মাসিষ্ট বাদ দিয়ে সব স্টাফ ওখানে আছে। সব স্টাফ অ্যাপয়েন্টেড হয়ে গেছে। ঘরবাড়িও তৈরি হয়ে আছে। এখানে প্রশ্ন করে খুব একটা লাভ হবে না। ঐ জায়গায় একটা কালভার্ট দরকার। আমি কাগজপত্র যা দেখেছি এবং যতদূর শুনেছি, ওখানে একটা কালভার্ট দরকার। তা নাহলে ওঁরা যাবেন কি করে। সেটা আপনাদেরই স্থানীয় ভাবে করতে হবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** ১৯৮৮ সাল থেকে সামান্য একটুখানির জন্য বন্ধ হয়ে আছে। আমার প্রশ্ন হচ্ছে, আপনার স্বাস্থ্য দপ্তর থেকে কি ব্যবস্থা নেওয়া হয়েছে যাতে হাসপাতালটি খোলা যায়?

**শ্রী পার্থ দে ঃ** স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে বারেবারে ওদের চিঠি দেওয়া হয়েছে। তার কয়েকটি কপি এখানে আছে। আমরা আবার ঠিক করেছি—এই প্রশ্ন যখন আসে তখন আমরা ঠিক করেছি—যে, জেলা পরিকল্পনা কমিটি যেটি আছে, তাদের জানাব। সেই চিঠি তাদের কাছে সম্ভবত চলে গেছে বা দু-একদিনের মধ্যেই যাবে। তবে কাজটা তাঁদেরই করতে হবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে বোধহয় ডিপার্টমেন্ট ঠিকমতো তথ্য দেয় নি। ওখানে ডঃ দত্ত যিনি পোস্টেড হয়েছেন, তিনি বর্তমানে মথুরাপুর প্রাইমারি হেলথ সেন্টার থেকে তাঁর মাইনে ড্র করেন। তিনজন নার্স যাঁরা ওখানে পোস্টেড হয়ে আছেন, তাঁরা রায়দিঘি থেকে তাঁদের মাইনে ড্র করেন। এছাড়া একজন ক্লাস ফোর্থ স্টাফ আছে, সে মথুরাপুর থেকে মাইনে নেয়। আমি আপনাকে ডিটেলস বললাম। আপনার ডিপার্টমেন্ট বোধহয় ঠিকমতো তথ্য আপনাকে দেয়নি।

**শ্রী পার্থ দে ঃ** না, ডিপার্টমেন্ট ঠিক তথ্যই দিয়েছে। আপনি বোধহয় আমার উত্তরটা শোনেননি। আমি বলেছি যে, ওখানে একজন ফার্মাসিস্ট বাদ দিয়ে সব স্টাফ আছে এবং

তারা পোস্টেড আছে। কিন্তু তাঁদের যেতে গেলে তো রাস্তা দিয়ে যেতে হবে। সেজন্য ওখানে একটা রাস্তা দরকার, একটা বড় কালভার্ট দরকার। তবে আমি ওখানকার টপোগ্রাফিটা কি রকম তা বলতে পারব না। আমি কাগজপত্রে যা দেখেছি এবং যা শুনেছি, তাতে সেটি না হলে ওঁরা যেতে পারছেন না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনার ডিপার্টমেন্ট শেষ কি ব্যবস্থা নিয়েছে? ১৯৮৮ সাল থেকে একটা পোল হলো না? আপনার ডিপার্টমেন্ট কি স্টেপস নিয়েছে যাতে হাসপাতালটি খোলা যায় এবং লোকে উপকৃত হতে পারে?

**শ্রী পার্থ দে ঃ** রাস্তা বা কালভার্ট যাঁরা করবেন তাঁদের দৃষ্টি আকর্ষণ করা ছাড়া আমরা আর কি করতে পারি?

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** শেষ কবে আপনার ডিপার্টমেন্ট থেকে প্রচেষ্টা নেওয়া হয়েছে? আমি আপনার কাছ থেকে একটা স্পেসিফিক অ্যানসার চাইছি।

**শ্রী পার্থ দে ঃ** এই প্রশ্নের উত্তর দেবার জন্য যখন ডিপার্টমেন্টে আসে, তার আগেই জানানো হয়েছে। আবার জানাতে হবে। সম্ভবত ওঁদের কাছে চিঠি চলে গেছে বা আবার চিঠি দিতে হবে। জেলা পরিকল্পনা কমিটিতে যাঁরা আছেন তাঁদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

## দ্বিতীয় বিবেকানন্দ সেতু নির্মাণের কাজ

***৪১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩১৯) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বালী ব্রিজের কাছে দ্বিতীয় বিবেকানন্দ সেতু নির্মাণের কাজটি কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়;

(খ) উক্ত সেতু নির্মাণে—

(১) বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত; এবং

(২) কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ কত?

**শ্রী মনোহর তিরকী ঃ**

(ক) কেন্দ্রীয় সরকারের ভূতল পরিবহন মন্ত্রক প্রস্তাবিত দ্বিতীয় বিবেকানন্দ সেতু নির্মাণের প্রকল্পটিকে (B.O.T) প্রকল্প হিসাবে চিহ্নিত করিয়াছেন। বর্তমানে এই প্রকল্পটি রাজ্য সরকারের অর্থ দপ্তরের বিবেচনাধীন। সুতরাং এই প্রকল্পের নির্মাণ কাজ কবে নাগাদ শুরু হবে এই মুহূর্তে বলা সম্ভব নয়।

(খ) (১) ও (২) এই প্রকল্পটির চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত বরাদ্দকৃত অর্থের পরিমাণ এবং কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ কত বলা সম্ভব নয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এই পরিকল্পনাটি অর্থ দপ্তরে পাঠান হয়েছিল অনুমোদনের জন্য, ইতিমধ্যে প্ল্যান এস্টিমেটস হয়েছে, আপনার দপ্তর থেকে ফিনান্সিয়াল অ্যাপ্রুভ্যালের জন্য ফিনান্স ডিপার্টমেন্টে পাঠানো হয়েছে। এই ব্যাপারে টেকনিক্যাল কমিটি এবং ইঞ্জিনিয়ারাস কমিটি তাদের স্কীম পাঠিয়ে দিয়েছে এবং এই ব্যাপারে রাজ্য সরকারের বরাদ্দ অর্থের পরিমাণ কত এবং কেন্দ্রীয় সরকারের সাহায্যপ্রাপ্ত অ‍েথর পরিমাণ কত জানাবেন কি?

**শ্রী মনোহর তিরকী ঃ** মাননীয় সদস্য জানেন যে, এই বিবেকানন্দ সেতুটি ভালো না থাকার জন্যে কেন্দ্রীয় সরকার এটি সারানোর পরিকল্পনা দিয়েছিলেন। সেই হিসাবে এই সেতুটি করবার জন্যে আনুমানিক বরাদ্দ ৩৩৩.৪ কোটি টাকা ধরা হয়েছে এবং রাজ্যসরকার অনুমোদন করেছেন ৪৫ কোটি টাকা। কেন্দ্রীয় সংস্থার বি. ও. টি. স্কীমে ৩৩৩.৪ কোটি টাকা দেবেন বলেছেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে, এই কাজটি করবার জন্যে কেন্দ্রীয় সরকার টাকা অনুমোদন করবেন বলেছেন, সেই পরিপ্রেক্ষিতে জিজ্ঞাসা করছি যে, কবে নাগাদ এই কাজটা শুরু হবে বলে মনে হয়?

**শ্রী মনোহর তিরকী ঃ** অর্থ দপ্তরে স্কীমটি পাঠানো হয়েছে, তারা কিছু কোয়ারী করেছে এবং এনকোয়ারী করেছে, সেগুলোর কাজ হয়ে গেলে অর্থ দপ্তর অ্যাপ্রুভ্যাল দিলে পরেই কাজ শুরু হবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আমরা শুনেছি পূর্ত দপ্তর নাবার্ড থেকে জাতীয় সড়ক এবং বড় ব্রিজগুলো নির্মাণের জন্য টাকা পেয়েছেন। কেন্দ্রীয় সরকারের তো টালমাটাল সেখানে এই ব্রিজের গুরুত্ব অনুধাবন করে কেন্দ্রীয় সরকারের টাকা না পাওয়া গেলে নাবার্ড থেকে টাকা নিয়ে কি ব্রিজটি করবেন স্থির করেছেন?

**শ্রী মনোহর তিরকী ঃ** কেন্দ্রীয় সরকার বি. ও. টি স্কীমে টাকা দেবেন। এই ব্যাপারে যুক্তরাষ্ট্রের একটি সংস্থা কার্টার অ্যাণ্ড বার্জেসে কোম্পানির সঙ্গে টেণ্ডার হয়েছে, তারা টাকা পয়সা দিয়ে ব্রিজটি তৈরি করবেন বলেছেন এবং পশ্চিমবঙ্গ সরকারের ইকোয়টি হিসাবে দিচ্ছে ৪৫ কোটি টাকা।

**শ্রী নির্মল ঘোষ ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে, এই ব্রিজটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, এই বিবেকানন্দ সেতুকে সারানোর যে ব্যবস্থা নিয়েছেন তাতে শুধু রাজ্যের নয় রাজ্যের বাইরে থেকে মালবাহী পণ্য আছে সেগুলো আসতে বিঘ্নিত হবে। তার ওপরে এর উপরে দিয়ে দক্ষিণেশ্বর কালীবাড়ি যেতে হয়, সেখানে একমুখী রাস্তা করে দেওয়ার ফলে বিরাট যানজট

হবে। আর ওদিকে বিদ্যাসাগর সেতুটি ওখানে অ্যাপ্রোচ রোড না করার জন্যে সমস্ত যান বি. টি. রোডের উপর দিয়ে যাচ্ছে। তারপরে কল্যাণী এক্সপ্রেস হয়ে এখনো ভি. আই. পির সঙ্গে যুক্ত হয়নি, প্রতিদিন মানুষের দুর্বিষহ অবস্থা, এই অবস্থায় কতদিনে কাজটি শেষ হবে? ইট ইজ অ্যাবাউট অ্যাপ্রক্সিমেটলি ৩৫ কোটি এবং সেন্ট্রালের কত টাকা আসবে সেটা আপনি জানেন এবং সেই ব্রেক-আপও আপনি জানেন, যদি পরিকল্পনা গৃহীত হয়ে থাকে তাহলে কত বছর লাগবে এটা করতে এবং কত দিনে ব্রিজের কাজ শেষ হবে?

[11-50 – 12-00 Noon.]

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউড, এটা হবে না।

**শ্রী সৌগত রায় ঃ** মিঃ স্পিকার স্যার, আমি মাননীয় মন্ত্রীর উত্তর যদি ঠিক বুঝে থাকি তাহলে আমাদের মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস যে প্রশ্নটি করেছেন এবং আপনি যা বলেছেন, পূর্ত দপ্তর প্রস্তাব পাঠিয়েছে এবং অর্থ দপ্তর টাকা দিচ্ছে না। বি. ও. টি.র বেসিসে ওরা করতে চেষ্টা করছিলেন অর্থ দপ্তর থেকে ছাড়পত্র পাননি। এটা তো না হয় ছাড়পত্র পেলেন না, কিন্তু বর্তমানে ওখানে যে বিবেকানন্দ সেতুটি আছে সেখানে ব্রিজের তলার গার্ডারগুলি রিপেয়ার করা হচ্ছিল পি. ডাব্লু. ডি. থেকে। গত তিনমাস ধরে কাজ বন্ধ হয়ে গেছে। যেদিকে রিপেয়ার হচ্ছিল সেইদিকটা একদম বন্ধ আছে। ফলে প্রত্যেকদিন ৫/৬ ঘন্টা যানজট সৃষ্টি হচ্ছে। বর্তমান সেতুটির কবে নাগাদ রিপেয়ারের কাজ আবার শুরু হবে?

**শ্রী মনোহর তিরকী ঃ** মাননীয় সদস্য যে প্রশ্ন করছিলেন তার উত্তরে বলি, পূর্ত দপ্তর মেরামতির কাজ করেনা, ওখানে টাকা আমরা রেলকে দিই, রেলকে ৮ কোটি টাকা দেওয়া হয়েছিল, সেই টাকায় ওরা মেরামতি করছে। রেল দপ্তরের ইঞ্জিনিয়াররা ঐ সেতুটির কাজ করে থাকেন, যখন যে রকম দরকার হয়, সেই রকম টাকা আমরা দিয়ে থাকি। আমরা জোর দিচ্ছি তাড়াতাড়ি কাজটা করার জন্য।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, বালি ব্রিজটি দিয়ে হাওড়া হুগলি এবং সারা পশ্চিমবাংলার যানবাহন চলাচল করে। এই ব্রিজটির কাজ কত দিনের মধ্যে—কেন্দ্র কি দিল বা রাজ্য কি দিল সেটা নয়—শেষ হবে? জনসাধারণ এর স্বার্থে এই ব্রিজের কাজ কবে সম্পূর্ণ হবে আপনি জানাবেন কি?

**শ্রী মনোহর তিরকী ঃ** স্যার, আমি আগেই বলেছি যে প্রকল্পটি দেওয়া আছে। অর্থমন্ত্রক কিছু কোয়ারী চেয়েছেন, স্টেট শেয়ারে কি খরচ লাগবে? সেটা আমরা দিয়েছি। আশা করছি তাড়াতাড়ি পাওয়া যাবে। কারণ যে কোম্পানি কাজ করতে চাচ্ছেন তারা রেডি আছেন। তাই আশা করছি তাড়াতাড়ি পাওয়া যাবে এবং কাজটা করতে পারব।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এর আগেও আপনি আমার একটি প্রশ্নের

উত্তরে দ্বিতীয় বিবেকানন্দ সেতু সম্বন্ধে বলেছিলেন, দুইশত আড়াই শত মিটার দূরে হবে। কিন্তু দুইশত মিটার বা আড়াই শত মিটার দূরে যেটা হবে, তখন স্পষ্ট করে বলতে পারেননি, এটা কোন দিকে হবে? এবং কোন রাস্তা থেকে কোন রাস্তায় আমরা পড়ব? বেলঘরিয়া এক্সপ্রেসওয়ে থেকে এন. এইচ.(২) এবং এন. এইচ.(৬) এর সঙ্গে কোথায় মিশবে এবং ফ্লাই ওভার হবে কি না, মোট কত খরচ হবে?

**শ্রী মনোহর তিরকী ঃ** বর্তমানে যে দ্বিতীয় বিবেকানন্দ সেতু তার ডাউনে সেতু নমাণের প্রোগ্রাম হয়েছে। বোম্বে রোড এবং দুর্গাপুর এক্সপ্রেসওয়ের সঙ্গে মিশবে এবং তার পরে বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের সঙ্গে বি. টি. রোড মেলানো হবে। ফ্লাই ওভারের প্রস্তাব আছে। এটার কাজ করার জন্য হুগলি রিভার ব্রিজ কমিশনকে সি এম ডি. এ. অগ্রাধিকার ভিত্তিতে সাহায্য করছেন। সমস্ত রাস্তার সঙ্গে যোগ করার জন্য পরিকল্পনা আছে। ডিটেল যদি প্রশ্ন থাকে, বলা যাবে। সম্পূর্ণ রাস্তাটাই করা হবে। বেলঘরিয়া এক্সপ্রেসওয়ে, ৩৪ নম্বর জাতীয় সড়ককে মেলানো হবে।

**শ্রী অমর চৌধুরি ঃ** মন্ত্রী মহাশয়, আপনি জানেন, এই ব্রিজটির গুরুত্ব অপরিসীম। বেলঘরিয়া এক্সপ্রেসওয়ে তৈরি হচ্ছে আপনি বলেছেন। এর জন্য জমি সার্ভে করেছেন, কোনো নোটিফিকেশন হয়েছে? জমি অধিগ্রহণের যে ব্যাপার আছে সেই ব্যাপারে আপনি কি পদক্ষেপ নিয়েছেন?

**শ্রী মনোহর তিরকী ঃ** মাননীয় সদস্য'র অবগতির জন্য জানাচ্ছি যে থার্ড বিবেকানন্দ সেতুর যে সংযোগকারী রাস্তা হবে তার মধ্যে বেলঘরিয়া পড়ছে। এবং এখানে কেন্দ্রীয় সরকার এগ্রি করেছেন। টাকা পয়সা দেবেন। তার সঙ্গে সি. এম. ডি. এ ও এগিয়ে এসেছেন বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের কাজ সম্পূর্ণরূপে করার জন্য।

**সমবায় ও গ্রামীণ ব্যাঙ্কের ঋণ প্রদান**

***৪১৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৭২৩) **শ্রী কমল মুখার্জি ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সমবায় এবং গ্রামীণ ব্যাঙ্কের কমচারিরা একই হারে বেতন পান কি না;

(খ) উক্ত ব্যাঙ্কগুলি সরাসরি বেকারদের ঋণ দিতে পারে কি না; এবং

(গ) উক্ত ব্যাঙ্ক ও ভারত সরকারের অধীনস্থ ব্যাঙ্কের সুদের হার সমান কি না?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ**

(ক) না।

(খ) হ্যাঁ।

(গ) না।

**শ্রী কমল মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন, সমবায় ব্যাঙ্ক লাভজনক সংস্থা কিনা এবং যদি লাভজনক তাহলে কর্মচারিরা অন্যান্য ন্যাশনালাইজড ব্যাঙ্কের মত মাহিনা বা সুযোগসুবিধা পায় না কেন?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** সমবায় ব্যাঙ্ক এবং যেটা গ্রামীণ ব্যাঙ্ক বলা হয় এদের কনস্টিটিউশন আলাদা। সেজন্য দুটোর এক রকম বেতন দেওয়া হয় না।

**শ্রী কমল মুখার্জি :** এটা লাভজনক সংস্থা কি না বলুন?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** সমবায় ব্যাঙ্ক তো একটা নয়। ২৪টা আছে। এখন কোনটায় লাভ হচ্ছে, কোনটায় হচ্ছে না এটা বলা যাবে? তাহলে তো সবগুলো একটা একটা করে বলতে হয়।

**শ্রী কমল মুখার্জি :** আপনি টোটালটা এক সঙ্গে বলুন।

**মিঃ স্পিকার :** আপনি নোটিশ দিন, উনি উত্তর দিয়ে দেবেন। এরকমভাবে প্রশ্ন হয় না।

**শ্রী কমল মুখার্জি :** কতজন বেকার সমবায় ব্যাঙ্ক থেকে সরাসরি লোন নিয়ে স্বনির্ভর হয়েছে এ রাজ্য?

**মিঃ স্পিকার :** এটাও নোটিশ দিতে হবে।

[12-00 – 12-10 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়, সমবায় কর্মচারিদের দীর্ঘদিন ধরে বেতন কাঠামো পুনর্বাসনের বিষয়টা ছিল। সমবায় দপ্তরের এই সম্পর্কে বেতন কাঠামো পুনর্বিন্যাস করার ঘোষণাও 'তারা করেছিল। আমার জিজ্ঞাস্য হচ্ছে যে, সমবায় কর্মচারিদের পশ্চিমবাংলায় এই বেতন কাঠামো, পে কমিশনের যে রিপোর্ট সেটাকে কার্যকর করার ক্ষেত্রে সরকার কি পদক্ষেপ নিচ্ছেন, কোন পর্যায়ে আছে?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল :** সমবায় ব্যাঙ্কের একটা পে কমিটি ছিল এবং কমিশনের রিপোর্ট আমরা পড়ে দেখছি এবং সেটা আমরা খতিয়ে দেখছি। কোথায় কতটা দিতে পারব, কতটা দিতে পারব না এতে লেখা আছে। কতগুলি সুবিধাও দেওয়া আছে। কিন্তু বলা আছে প্রত্যেক ইনস্টিটিউশনে তার ক্যাপাসিটি টু পে কতটা সেটা ঠিক করবে। কতটাকা কাকে দেব, সেটা নির্ভর করবে। সুবিধাগুলি সবই দিতে রাজি আছি কিন্তু ক্যাশের ব্যাপারে ক্যাপাসিটি টু পে সেই সংস্থার কতটা আছে, সেই অনুযায়ী হবে।

## Starred Questions
## (To which Written Answers were laid on the Table)

### এনকেফেলাইটিস রোগে মৃত ব্যক্তির সংখ্যা

***৪১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৩) শ্রী তপন হোড় :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬ সালের ১লা জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত বর্ধমান জেলায় এনকেফেলাইটিস রোগে কত জন মারা গিয়েছেন; এবং

(খ) ঐ জেলায় উক্ত রোগ প্রতিরোধের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৩১ জন।

(খ) (১) দ্রুত রোগ চিহ্নিত করণ করে রুগীকে সমস্ত সরকারি হাসপাতাল ও বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রে ভর্তির ব্যবস্থা এবং যথাযথ চিকিৎসার ব্যবস্থা করা হয়।

(২) প্রচলিত পঞ্চায়েত কার্যাবিধি বিভিন্ন গণসংগঠন ও বহুমুখী স্বাস্থ্য প্রকল্প কর্মীর মাধ্যমে জনগণের মধ্যে এই রোগ সম্পর্কে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা করা হয়, এবং প্রাথমিক লক্ষ্যণ সম্পর্কে শিক্ষা দেওয়া হয়।

(৩) এই রোগের প্রধান বাহক কিউলেকস মশক কুলের ধ্বংসের জন্য কীটনাশক ঔষধ ছড়ানো হয়। রোগ প্রতিরোধের জন্য ৫ থেকে ১৫ বৎসর বালক-বালিকাদিগের মধ্যে এর ব্যবস্থা করা হয়েছে। এর অধিকর্তার দ্বারা এ বিষয়ে যথাযথ নজরদারী ও প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করা হয়। এছাড়া এই বৎসর থেকে এর মাধ্যমে নজরদারী ও পরিচালনার ব্যবস্থা করা হয়েছে।

### ম্যালেরিয়ায় আক্রান্তের সংখ্যা

***৪১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৮) শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬ সালের ১লা জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত ম্যালেরিয়ায় আক্রান্তের সংখ্যা কত; এবং

(খ) তন্মধ্যে কত জন মারা গেছেন?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) উক্ত সময়ে ৭৯১৪৫ জন ম্যালেরিয়া রোগে আক্রান্ত ছিলেন।

(খ) তন্মধ্যে ৬৭ জন মারা গেছেন।

**Trading of food-stuff by Food and Supplies Department.**

***418.** (Admitted Question No. *1752) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) Whether it is a fact that by-passing West Bengal Essential Commodities Supply Corporation Ltd., the Food and Supplies Department itself has been earning profit by way of trading of food-stuff since 1992-9?

(b) If so,

Whether a Government Department can earn profit in the manner as aforesaid; and

(c) The steps taken/proposed to be taken to expand the trade of the Corporation forthwith?

**Minister-in-charge of the Food and Supplies Department :**

(a) It is not a fact.

(b) Does not arise.

(c) The Corporation authorities have already taken steps to expand its business. This may be proved from the following facts :

**Turnover of the Corporation**

1993-94 ... Rs. 29.77 Crores.

1994-95 ... Rs. 43.77 "

1995-96 ... Rs. 66.17 "

The turnover during 1996-97 has been projected to be about Rs. 80.00 Crores.

**Profit**

1994-95 — Rs. 58.65 Lakhs

1995-96 — Rs. 2.96 Crores

1996-97 — The projected turnover is Rs. 80 crores and profit is more that Rs. 3.50 crores.

W.B.E.C.S.C. Ltd. taking all possible steps for increasing its turnover by concentrating on its existing business and taking up new ventures/areas of business to improve its profitability.

### জয়কৃষ্ণ সাধারণ গ্রন্থাগারকে স্বীকৃতি প্রদান

*৪১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৭) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** শিক্ষা (গ্রন্থাগার পরিষেবা) ও বইমেলা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরপাড়া জয়কৃষ্ণ সাধারণ গ্রন্থাগারকে "জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান" হিসাবে স্বীকৃতি দেবার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে কোনও সুপারিশ কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শিক্ষা (গ্রন্থাগার পরিষেবা) ও বইমেলা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) পূর্বে কেন্দ্রীয় সরকার প্রস্তাবটি পরিপূর্ণ ভাবে অনুমোদন করেননি। যাবতীয় যৌক্তিকতা উল্লেখ করে পুনরায় প্রস্তাবটি কেন্দ্রীয় সরকারের নিকট পাঠানো হয়েছে।

### হাসপাতাল জঞ্জালমুক্ত করার পরিকল্পনা

*৪২০। (অনুমোদিত প্রশ্ন নং *১০১১) **শ্রী সুকুমার দাস :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে সরকারি হাসপাতালগুলিকে জঞ্জালমুক্ত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

হ্যাঁ, রাজ্য স্বাস্থ্য দপ্তর এই বিষয়ে সচেতন আছে। স্বল্প ব্যয়ে যাতে আবর্জনাগুলি নষ্ট করা যায় সে বিষয়ে স্টেট হেলথ সার্ভিসেস ডেভেলপমেন্ট প্রোজেক্ট-২ এর অন্তর্ভুক্ত ওয়েস্ট ম্যানেজমেন্ট এর পরিকল্পনা আছে যার জন্য হাসপাতালে যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**রাজ্যে রেশন কার্ডের সংখ্যা**

***৪২১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭২৭) **শ্রী সুভাষ নস্কর :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মোট রেশন কার্ডের সংখ্যা কত;

(খ) উক্ত সংখ্যা বর্তমান জনসংখ্যার চেয়ে কত বেশি; এবং

(গ) বাড়তি (ভুয়া) রেশন কার্ড বাতিলের কোনও সুনির্দিষ্ট পরিকল্পনা সরকারের আছে কি না?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ডিসেম্বর ১৯৯৬ পর্যন্ত রাজ্যে মোট রেশন কার্ডের সংখ্যা ছিল — ৭,৩০,০৩,২৬১টি।

(খ) না। উক্ত সংখ্যা রাজ্যে বর্তমান জনসংখ্যার চেয়ে বেশি নয়।

(গ) ভুয়া রেশন কার্ড চিহ্নিতকরণ এবং সেগুলি বাতিলের স্বাভাবিক প্রক্রিয়া চালু আছে।

**Discrimination in payment of Holiday pay and allowances**

***422.** (Admitted Question No. *1762) **Shri Nirmal Ghosh :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) Whether it is a fact that the Factories Act, 1948 is flouted in the edible Oil Refinery & Packing Plant under W.B.E.C.S.C. Ltd. and discriminatory treatment is being meted out to the Security Guards in regard to payment of holiday pay and allowances since 1992;

(b) If so,

(i) Comparative statement of duty hours of the Security Guards and others;

(ii) Basis of payment of the said allowances; and

(iii) The steps taken to remove the said discrimination?

**Minister-in-charge of the Food and Supplies Department :**

(b)

(i) The weekly duty hours of the Security Guards are fixed as per Sec. 51 of the Factories Act, 1948. For others duty hours is 40 hours in a week.

(ii) Allowances are paid to the employees as per the rules of the corporation and to the workers as per the Factories Act.

(iii) As there is no discriminations the question of its removal does not arise.

### প্রশাসনিক ভবন নির্মাণ

*৪২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮২) **শ্রীমতী দেবলীনা হেমব্রম :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার খাংড়া মহকুমার প্রশাসনিক ভবন নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বাঁকুড়া জেলার খাতড়া মহকুমার প্রশাসনিক ভবন নির্মাণের পরিকল্পনা পূর্ত দপ্তর হাতে নিয়েছে।

(খ) একেবারে প্রাথমিক পর্যায়ের কাজগুলি চলছে। তাই, এখনই পরিকল্পনাটি বাস্তবায়িত হবার সঠিক সময় বলা সম্ভব নয়।

### বাঁকুড়া হাসপাতালে আলট্রাসোনোগ্রাফিক মেশিন

*৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০৭৭) **শ্রী মনোরঞ্জন পাত্র :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া মেডিক্যাল কলেজে ও হাসপাতালে আলট্রাসোনোগ্রাফিক মেশিন বসানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত মেশিন বসানো হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ইতিমধ্যেই উক্ত হাসপাতালে আলট্রাসোনোগ্রাফিক মেশিন বসানো হয়েছে এবং তা চালু অবস্থায় রয়েছে।

(খ) প্রশ্ন ওঠে না।

**জেলা পরিষদকে রেশন কার্ড ছাপানোর দায়িত্ব দেওয়ার পরিকল্পনা**

***৪২৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৫৮) **শ্রী ঈদ মহম্মদ :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে জেলাগুলির রেশন কার্ডের চাহিদা পূরণ করার জন্য জেলা পরিষদকে রেশন কার্ড ছাপানোর দায়িত্ব দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

না। রাজ্য সরকারের এ বিষয়ে কোনও পরিকল্পনা নাই।

**হাসপাতালে আয়ুর্বেদ ও হোমিওপ্যাথিক চিকিৎসার ব্যবস্থা**

***৪২৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৮৫) **শ্রী ব্রহ্মময় নন্দ :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের সমস্ত হাসপাতালে আয়ুর্বেদ ও হোমিওপ্যাথিক চিকিৎসার পৃথক বিভাগ স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

বর্তমানে রাজ্যের সমস্ত হাসপাতালে হোমিওপ্যাথিক ও আয়ুর্বেদ বিভাগ স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের নাই।

**Development of the Hospitals in North 24-Parganas**

***427.** (Admitted Question No. *2202) **Dr. Pravin Kumar Shaw :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) Whether there is any programme for development of the Hospitals in North 24-Parganas District; and

(b) If so, whether there is any programme for development of Dr. B.N.Bose S.D.Hospital, Barrackpore?

**Minister-in-charge of the Health and Family Welfare Department :**

(a) Yes.

(b) Yes.

### লেভি আদায়ের মাধ্যমে চাল সংগ্রহ

***৪২৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৫) **শ্রী আব্দুল মান্নান ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ আর্থিক বছর দুটিতে রাজ্যে চাল সংগ্রহের জন্য লেভি আদায়ের লক্ষ্যমাত্রা কত ছিল; এবং

(খ) উক্ত বছর দুটিতে লেভি আদায়ের পরিমাণ কত?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ উভয় খারিফ বর্ষেই (১লা অক্টোবর থেকে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত) লেভি আদায়ের লক্ষ্যমাত্রা ছিল ৩,৫০,০০০ মেট্রিক টন (২,৫০,০০০ মেট্রিক টন বড় চালকলগুলি থেকে এবং ১,০০,০০০ মেট্রিক টন ছোট চালকলগুলি থেকে)।

(খ) ১৯৯৪-৯৫ খারিফ বর্ষে লেভি আদায়ের পরিমাণ ১,৫০,০২৪ মেট্রিক টন (বড় চালকলগুলি থেকে ১,৪৮,২০৯ মেট্রিক টন ও ছোট চালকলগুলি থেকে ১৮১৫ মেট্রিক টন)।

১৯৯৫-৯৬ খারিফ বর্ষে লেভি আদায়ের পরিমাণ ১,৩৫,৫০৮ মেট্রিক টন (বড় চালকলগুলি থেকে ১,৩৩,৪৭৮ এবং ছোট চালকলগুলি থেকে ২০৩০ মেট্রিক টন)।

### কৃষি উন্নয়ন সমবায় সমিতির সংখ্যা

***৪২৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৩) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** সমবায় বিভাগের রপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে প্রাথমিক কৃষি উন্নয়ন সমবায় সমিতির সংখ্যা কত;

(খ) তন্মধ্যে, কত সংখ্যক কৃষক পরিবার উক্ত সমবায় সমিতির সদস্য তালিকাভুক্ত; এবং

(গ) ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক-পরিবারের সংখ্যা কত?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৭,৫০২টি।

(খ) ৩৫ লক্ষ ৫০ হাজার।

(গ) ২৮ লক্ষ ৪০ হাজার।

**হাসপাতালের ইমার্জেন্সিতে বাধ্যতামূলক রোগী ভর্তি ও চিকিৎসা**

***৪৩০।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৬২) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হাসপাতালের ইমার্জেন্সিতে কোনও রোগী এলে তাকে ভর্তি করানো এবং তার চিকিৎসা করা বাধ্যতামূলক বলে সম্প্রতি সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছেন; এবং

(খ) সত্যি হলে, এই নির্দেশ কার্যকর করতে রাজ্য সরকার কি পদক্ষেপ নিয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রকৃত পক্ষে প্রয়োজন আছে এরূপ রোগীদের চিকিৎসা ও ভর্তির বিষয়ে কোর্টের নির্দেশ আছে।

(খ) ঐ মর্মে সমস্ত হসপিট্যাল সুপারদের নিকট নির্দেশিকা জারি করা হয়েছে এবং অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আদেশ দেওয়া হয়েছে।

**চূর্ণী নদীর উপর ব্রিজ নির্মাণ**

***৪৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৭) **শ্রী সুশীল বিশ্বাস ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নদীয়া জেলার কৃষ্ণগঞ্জ থানার চূর্ণী নদীর উপর ব্রিজটির নির্মাণ কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রাস্তা সহ ব্রিজটি নির্মাণের প্রস্তাব বিবেচনাধীন রয়েছে। চূড়ান্ত হলে নির্মাণ কাজ আরম্ভ হবে।

**হাসপাতালে বেডপিছু পথ্য খরচ**

***৪৩২।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৫২) **শ্রী কমল মুখার্জি ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সমস্ত সরকারি হাসপাতালগুলিতে সমহারে বেডপিছু দৈনিক খাওয়া খরচা দেওয়া হয় কি না; এবং

(খ) না হলে, এর কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) সমতল অপেক্ষা পার্বত্য এলাকায় খরচ বেশি বলে পার্বত্য এলাকার খাওয়া খরচা বাবদ কিছু বেশি দেওয়া হয়। সাধারণ রোগীদের চেয়ে টি.বি. রোগী, মানসিক ও কুষ্ঠ রোগীদের কিছু বেশি দেওয়া হয়।

### সদ্য অনুষ্ঠিত পালস পোলিও কর্মসূচি

*৪৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩০) **শ্রী সুকুমার দাশ ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সদ্য পালস পোলিও কর্মসূচিতে অংশগ্রহণকারী অনেক শিশু অসুস্থ হয়ে পড়েছে; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

### Illegal Nursing Homes in Calcutta

***436.** (Admitted Question No. *1396) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) Total number of illegal Nursing Homes in Calcutta; and

(b) The steps taken so far as to stop such illegal business?

**Minister-in-charge of the Health and Family Welfare Department :**

(a) It is reported to be twelve.

(b) F.I.R. has been lodged asking the Officer-in-Charge of the respective Police Stations to take necessary action as per West Bengal Clinical Establishment Act, 1950 & Rules thereof.

### নতুন রেশন কার্ড প্রদানের পদ্ধতি

***৪৩৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮২) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রেশন কার্ডবিহীন বাসিন্দাদের নতুন রেশন কার্ড দেবার পদ্ধতি কিরূপ; এবং

(খ) এ ক্ষেত্রে জনপ্রতিনিধিদের (পৌর কাউন্সিলর, বিধায়ক বা পঞ্চায়েত স্তরের জনপ্রতিনিধি) শংসাপত্র গ্রাহ্য করা হয় কি না?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বিধিবদ্ধ রেশন এলাকার ক্ষেত্রে ফর্ম নং আর.ও.-১ (R.O.-1) এবং সংশোধিত রেশন এলাকার ক্ষেত্রে ফর্ম নং ১ (Form-1) পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র সহ স্থানীয় রেশনিং অফিসার-এর অফিসে জমা দিতে হয়। তদন্তে প্রমাণ সাপেক্ষে নূতন রেশন কার্ড দেওয়া হয়।

(খ) হ্যাঁ, এক্ষেত্রে জনপ্রতিনিধিদের শংসাপত্র গ্রাহ্য করা হয়।

### বইমেলায় ক্ষতিগ্রস্ত প্রকাশকদের কাছ থেকে বই ক্রয়

***৪৩৯।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৯৬) **শ্রী ব্রহ্মময় নন্দ :** শিক্ষা (গ্রন্থাগার পরিষেবা ও বইমেলা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সম্প্রতি কলকাতার বইমেলায় অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত প্রকাশকদের কাছ থেকে রাজ্যের সরকারি গ্রন্থাগারগুলির জন্য বই কেনার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**শিক্ষা (গ্রন্থাগার পরিষেবা ও বইমেলা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

আছে।

### The District and Subdivisional Hospitals without having Superintendents

***441.** (Admitted Question No. *2203) **Dr. Pravin Kumar Shaw :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) If it is a fact that most of the District and Subdivisional Hospitals do not have Superintendents; and

(b) If so, what steps have so far been taken by the Government in this regard?

**Minister-in-charge of the Health and Family Welfare Department :**

(a) No.

(b) Does not arise.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received four notices of Adjournment Motion.

The first one is from Shri Shyamadas Banerjee on the subject of electrification of eighty three Villages in Hirapur Assembly Constituency area, Burdwan. The second one is from Shri Kamal Mukherjee on the subject of spurt in anti-social activities in Bhadreswar P.S. area of Hooghly district. The third one is from Shri Sudhir Bhattacharjee on the subject of construction of pressure Gate on Kantakhali Canal in Falta Assembly Constituency area and the last one is from Shri Biplab Roy Chowdhury on the subject of truck owners strike in the State.

The subject matter of the second Motion was raised in parts in two notices of Adjournment Motion on 14.03.97 and on 18.03.97 on which I withheld my consent. The Motion is thus out of order and I do not accept it.

The subject matter of the other three Motions are not such that may call for adjournment of business of the House. The Members will get ample scope to raise the matters during the discussion and voting on demands for grant of the respective departments.

The Members may also invite the attention of the Government to the matters through Calling Attention, Mention etc.

I, therefore, with hold my consent to these Motions.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি :** হীরাপুর বিধানসভা কেন্দ্রে ৩৫টি মৌজায় ৮৩টি গ্রামে

এখনও বিদ্যুৎ পৌঁছায়নি। এখানকার ছেলে মেয়েরা সন্ধ্যার পর পড়াশুনা করতে পারে না। বেকার যুবকরা বিদ্যুতের অভাবে ছোট ছোট দোকান কিংবা কারখানা করে তাদের বেকারত্ব দূর করতে পারছেন না। অবিলম্বে উক্ত গ্রামগুলিকে বিদ্যুতায়িত করা হোক।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** To-day, I have received six notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| i) | Stalemate condition of Ahmedpur Sugar Mill, Birbhum. | : | Shri Suniti Chattaraj. |
| ii) | Alleged harrasment of the Common people by police at Izzatulla Lane, Tollygunge on 3.4.1997. | : | Shri Pankaj Banerjee. |
| iii) | Reported strike by the Private Nurses at P.G. Hospital and consequential situation arisen. | : | Shri Shiba Prasad Malick and Shri Saugata Roy. |
| iv) | Progress of work of Subarnarekha Barrage Project. | : | Shri Sailaja Kumar Das. |
| v) | Alleged death of a girl from firing by some anti-socials at Khardah village under Purbasthali Police Station, Burdwan. | : | Shri Tapan Hore. |
| vi) | Unexpected marks secured in M.Com. Examination of Calcutta University by a son of a Professor. | : | Shri Subhas Goswami. |

I have selected the notice of Shri Suniti Chattaraj on the subject of Stalemate condition of Ahmedpur Sugar Mill, Birbhum.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** Sir, the statement will be made on the 9th April.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-charge of Health and Family Welfare Department to make a statement on the subject of non-disposal of a large number of dead bodies from the morgue of Diamond Harbour Sub-divisional Hospital causing environmental pollution.

**(Attention called by Shri Sk. Daulat Ali on the 27th March, 1997.)**

**শ্রী পার্থ দে :**

জানা গেছে ময়না তদন্তের পর প্রায় একশ-র মত মৃতদেহ ডায়মন্ডহারবারের মর্গে সৎকারের অপেক্ষায় আছে। এত মৃতদেহ জমে থাকার কারণ অনুসন্ধান করে জানা গেল ঐ মৃতদেহগুলি সাগর, পাথরপ্রতিমা, কাকদ্বীপ, নামখানা এইসব প্রত্যন্ত এলাকার। এইসব মৃতদেহ ফেরৎ নেবার জন্য আত্মীয় স্বজনরা তেমন আগ্রহ প্রকাশ করছেন না। ঐ সমস্ত প্রত্যন্ত অঞ্চলগুলোতে মৃতদেহ নিয়ে যাওয়া ও খুব সহজসাধ্য নয়। অনেক ক্ষেত্রে আবার ঐ অঞ্চলগুলোতে মৃতদেহ বহন করে নিয়ে যাওয়া অত্যন্ত ব্যয়সাপেক্ষ। হয়ত এই কারণে মৃতদেহগুলো সত্ত্বর নিয়ে যাচ্ছে না।

প্রশাসনের কাছে আরও একটা গুরুতর সমস্যা হয়েছে—সমস্যাটা হল এই সমস্ত মৃতদেহ সৎকারের উপযুক্ত জমির অভাব। উপযুক্ত জমির অনুসন্ধানের জন্য একটা নির্বাচক সমিতিও গঠন করা হয়েছে। ডায়মন্ডহারবার পৌরসভার উপ-পৌর প্রধান, মহকুমা স্বাস্থ্য পরামর্শদাতা সমিতির এক সদস্য এবং ডায়মন্ডহারবার থানায় ভারপ্রাপ্ত অফিসারকে নিয়ে এই সমিতি জমি অনুসন্ধান করছে। তাঁদের প্রতিবেদনের জন্য অপেক্ষা করা হচ্ছে।

স্থানীয় প্রশাসন যথাশীঘ্র সমস্যাটির সমাধান কল্পে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার উদ্যোগ নিচ্ছেন।

**মিঃ স্পিকার :** আপনারা প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন, কোনও ক্লারিফিকেশন নয়, নো স্টেটমেন্ট। কোয়েশ্চেন পুট করতে পারেন।

**শ্রী শেখ দৌলত আলি :** আমি মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন করছি যে, এই বাস্তব অবস্থা থেকে কবে নাগাদ এটা ডিসচার্জ হবে?

**শ্রী পার্থ দে :** এখানে মৃতদেহ জমে যাওয়ার বিষয়ে একটা পরিস্থিতি আছে, তার জন্য বাড়তি মৃতদেহ জমে যাচ্ছে। এটা করতে গেলে একটা জায়গা চাই। এই আনক্লেইমেড ডেডবডিগুলোর জন্য একটা বড় জায়গার ব্যবস্থা করতে হবে। ডায়মন্ডহারবার খুবই ঘনবসতিপূর্ণ জায়গা। আমি এক বছর হল মন্ত্রী হিসাবে কাজ করছি। প্রায় এক বছর ধরে জায়গার অনুসন্ধান করা হচ্ছে। এব্যাপারে স্থানীয় বিধায়কের সাহায্য নেওয়ার চেষ্টা হচ্ছে। জায়গা পাওয়ার ব্যাপারে অনেক স্থানীয় লোকের আপত্তি রয়েছে। সকলের সহযোগিতা নিয়ে জায়গা পেতে হবে। এটা অনেক বড় ব্যাপার। একা সরকারের পক্ষে এটা ডিসপোজাল করা খুব কঠিন। সকলের সাহায্য নিয়ে জায়গার জন্য চেষ্টা করা হচ্ছে।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, the Minister-in-charge of Health & Family Welfare Department will please make a statement on the subject of setting up a Hospital in the Budge Budge Assembly constituency Area.

**(Attention called by Shri Ashok Kumar Deb on the 2nd day of April, 1997)**

**শ্রী পার্থ দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়,

বজবজ এলাকায় একটি ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র চারটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে এবং একটি গ্রামীণ হাসপাতাল রয়েছে। এখানে মোট ৭০টি শয্যা আছে।

এছাড়া ঐ এলাকায় পৌর হাসপাতাল ও ৩০০ শয্যা বিশিষ্ট ই.এস.আই. হাসপাতাল রয়েছে।

সুতরাং বজবজে আরও একটি হাসপাতাল করার প্রশ্ন ওঠে না।

বর্তমানে সরকার এর প্রধান উদ্যোগ হবে উপরোক্ত হাসপাতালগুলির পরিচালন ব্যবস্থার উন্নয়ন, পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি ও জনগণের সহিত ঘনিষ্ঠতর সম্পর্ক গড়ে তোলার জন্য।

[12-10 – 1-30 p.m.(Including Adjourned)]

**শ্রী অশোককুমার দেব :** মাননীয় মন্ত্রী মহাশয়, বজবজ বিরাট এলাকা। এখানে ৪টে জুট-মিল, অনেক শিল্প, তাপবিদ্যুৎ কেন্দ্র এবং প্রচুর স্কুল আছে। এই এলাকায় স্বাস্থ্যকেন্দ্রগুলোর

অবস্থা মোটেই ভাল নয়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, সেখানে আরও হাসপাতাল তৈরি করতে। যতদিন না পারছেন, ততদিন যেগুলো আছে, সেইগুলো ভাল করে তোলার ব্যবস্থা করুন।

**শ্রী পার্থ দে :** মাননীয় সদস্য দ্বিতীয় যে প্রসঙ্গটা আনলেন, যথার্থ। অর্থাৎ, ৭০ শয্যার হাসপাতাল কম নয়। সেটাকে যদি পরিকল্পিত ভাবে ব্যবহার করা যায়, তাহলে অনেক উপকার পেতে পারে মানুষ। ওখানে আর একটা ই.এস.আই. হাসপাতাল আছে। আর, কলকাতায় বড় হাসপাতালে সুপার-স্পেশ্যালিটির জন্য আজকেও আসতে হয়, আগামী দিনেও আসতে হবে। ঐ সব প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলোতে শহরের হাসপাতালের মতো চিকিৎসার বন্দোবস্ত করার চেষ্টা করছি সারা রাজ্যব্যাপী এবং আপনার ওখানেও। তারপর যদি দেখা যায় শয্যা সংখ্যা বাড়ানো যায় ঐগুলোতে, তখন বাড়ানো যেতে পারে।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now the Minister-in-Charge of Health and Family Welfare Department to make a statement on the subject of reported hunger strike of the Homoeopathic teachers at Subodh Mullick Square, Calcutta.

**(Attention called by Shri Sailaja Kumar Das on the 1st April, 1997.)**

**Shri Partha Dey :**

The proposal for strengthening Homoeopathic Directorate is under consideration. The Government of India has not created a separate department for Homoeopathy only but for Indian System of Medicine and Homoeopathy. The present organisational set-up of Homoeopathic Directorate. Ayurvedic Directorate and Unani Directorate needs further strengthening.

Regarding part time temporary panchayat Homoeopathy Doctors and Compounders, monthly honorarium paid to them is only Rs. 500/- and 300/- respectively. The proposal for further enhancement of their honorarium is under consideration. Since they are part time temporary Homoeopathy Doctors, there is no proposal for consideration of their matter by the Pay Commission.

The matter regarding elevation in the Pay-Scale of the Demonstrators of Homoeopathic Medical Colleges at par with that of Homoeopathic

Medical Officers is under consideration of the Pay Commission. Besides, the structure of emoluments and other related matters in respect of the employees of 4 Degree Homoeopathic Medical Colleges, Viz.,Calcutta Homoeopathic Medical College, D.N.Dey Homoeopathic Medical College, Mahesh Bhattacharjee Homoeopathic Medical College and Midnapur Homoeopathic Medical College will be examined by the Pay Commission and make proper recommendation. the recruitment to the post of the Demonstrators in Colleges is held up due to certain question of law.

All other matters in their list of demands will be given attention to in due course.

Government is trying to draw up a comprehensive plan of action regarding India System of Medicine and Homoeopathy.

**শ্রী শৈলজা দাস ঃ** গতকাল থেকে তারা আমরণ অনশন ধর্মঘট শুরু করেছে সুবোধ মল্লিক স্কোয়ারে। বিভিন্ন স্তরে তাদের সামান্য রেমুনারেশন দিয়ে কাজ করিয়ে নিচ্ছেন তাদের রেমুনারেশন স্থায়ীকরণ করে এবং ইমিডিয়েট রেমুনারেশন বাড়িয়ে দিয়ে, এই আমরণ অনশন ধর্মঘট প্রত্যাহারের ব্যাপারে কোনও পরিকল্পনা করছেন কি?

**শ্রী পার্থ দে ঃ** স্যার, আমি আগেই বলেছি, উনি সিদ্ধান্ত গ্রহণ করেছেন, চিঠি পাঠিয়েছেন। এমন কিছু উনি করবেন না যাতে নিজেদের অসুবিধা হয়। আত্ম নিপীড়নমূলক কিছু করবেন না। ঐ সমিতির সঙ্গে যাঁরা জড়িত আছেন তাঁদের সঙ্গে এনিয়ে নানা ভাবে আলোচনা করা হয়েছে। কতকগুলো বিষয় পে-কমিশনের উপর নির্ভর করছে, আইনগত প্রশ্নের সঙ্গেও জড়িত বিষয় আছে। এটা নিয়ে দীর্ঘ আলোচনা করেছি। একটা প্রশ্ন, যেটা নিয়ে মাননীয় সদস্য বলছেন, সেটা হল, যাঁরা পার্ট টাইম হোমিওপ্যাথি ডাক্তার আছেন পঞ্চায়েতের সঙ্গে যুক্ত তাঁদের ব্যাপারে বিবেচনা করা হচ্ছে। এখনও চূড়ান্ত সিদ্ধান্ত করতে পারিনি, তবে একটা সিদ্ধান্ত কিছু করা হবে—এটা তাঁদের কাছে বলেছি। আজকে আবার বলছি, আপনারা আপনাদের শুভবুদ্ধি প্রয়োগ করুন, এই রকম আত্ম নিপীণড়মূলক কিছু করা ঠিক নয়। আমরাও চেষ্টা করছি, দেশীয় নানা ধরনের সিস্টেম এবং তার সঙ্গে হোমিওপ্যাথি মিলে একটা সার্বিক নীতি যাতে হয়। আজকে এখানে একটা কলেজ করে দিলাম, কালকে ওখানে একটা করে দিলাম, পরশু দিন একটা বিশেষ অংশের মানুষের জন্য কিছু করে দিলাম—এটা করে কিছু হবে না। আমরা যাকে অ্যাডকিজমস বলে থাকি সেটা করে আরও জটিল করে দিচ্ছে—এটা আমার ধারণা। ওনার পরামর্শও আমরা নিয়েছি। কার্যত, হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজগুলো কি করে চলা উচিত সে জন্য কমিটি আছে, এবং তাতে সমিতির সদস্য আছেন, বিশেষজ্ঞ হিসাবে তাঁদের আমরা নিয়েছি। কাজেই তাঁদের

সঙ্গে আলোচনা করে আমরা সব কিছু করার চেষ্টা করছি। এমন নয় যে, তাঁদের দাবি দাওয়া জোর করে আটকে রাখা হয়েছে। তবে পদ্ধতির মধ্যে দিয়ে যেতে হচ্ছে।

## Laying of Report

The Annual Reports of the Vigilance Commission West Bengal for the years 1989 & 1990 along with State Governments Memoranda there on.

**Shri Probodh Chandra Sinha :** Sir, with your permission I beg to lay the Annual Reports of the vigilance commission, West Bengal for the years 1989 and 1990 along with State Government's Memorandation.

## MOTION FROM THE CHAIR

**Mr. Speaker :** Hon'ble Members there is a Motion. I beg to move it before adjourning the House.

Whereas the new Subject Committee system was first introduced in the West Bengal Legislative Assembly in 1988 with the formation of 3 Subject Committees;

And whereas 7 more Subject Committees were constituted there after from time to time on the recommendations of the Adhoc Committee on the Questions of Subject Committees constituted in 1989;

And whereas all these Subject Committees have been functioning effectively for the last few years;

And whereas the Adhoc Committee on the Questions of Subject Committees was constituted for reviewing the functions of the Subject Committees;

And whereas the Adhoc Committee on the Questions of Subject Committees has since become defunct with the presentation of its final Report;

And whereas it has become necessary and expedient to constitute another Committee on the lines of the Adhoc Committee for reviewing the functions of the entire Committee System;

The House is, therefore, of opinion that— a Committee titled,"COMMITTEE ON REFROMS AND FUNCTIONING OF THE

COMMITTEE SYSTEM" be constituted with the following Members to monitor, co-ordinate, advise and guide all the Committees in their smooth functioning and to submit Report from time to time, as and when required :—

## NAMES OF MEMBERS

1. Dr. Gouripada Dutta
2. Shri Saugata Roy
3. Shri Gyan Singh Sohanpal
4. Shri Pankaj Banerjee
5. Shrimati Kumkum Chakraborty
6. Shri Kripa Sindhu Saha
7. Shri Deba Prasad Sarkar
8. Shri Subhas Goswami
9. Shri Purnendu Sengupta
10. Shri Abu Ayes Mondal
11. Shri Mostafa Bin Quasem
12. Shri Padmanidhi Dhar

I appoint Dr. Gouripada Dutta the Chairman of the Committee.

The motion was then put and agreed to.

**(At this stage the House was adjourned till 1.30 p.m.)**

[1-30 – 1-40 p.m.(After Adjournment)]

## ZERO HOUR

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার অনুমতি প্রার্থনা করেছিলাম এবং আপনাকে ধন্যবাদ, আপনি আমাকে সুযোগ দিয়েছেন। কয়েকদিন ধরে বিধানসভা পর্যালোচনা এবং সংবাদপত্র আমাদের সদস্য বিধায়কদের বিভিন্নভাবে তুলে ধরেছে প্রশ্নপত্র ফাঁস, জাল ইত্যাদি ব্যাপারে এবং এমন পর্যায়ে আক্রমণ হয়েছে মন্ত্রীর

উপর বিশেষ করে আমাদের শিক্ষামন্ত্রী বেরিয়ে গিয়েছিলেন। আমাদের বক্তা বক্তব্য রাখার পরই তিনি নাকি ছুটে পালিয়ে গেছেন। স্যার, ছুটে কারা পালায় সেটা আপনি জানেন, আপনিতো ক্রিমিনাল উকিল ছিলেন। সম্প্রতি যেটা বলব সেটা আরও রোমাঞ্চকর, যদি অগ্রিম ব্যবস্থা না করতে পারেন তাহলে এই প্রশ্নপত্র ফাঁসের ঘটনা পুনরায় ঘটবে। স্যার, মাধ্যমিক পরীক্ষার পর পরই শুরু হতে চলেছে আমাদের উচ্চশিক্ষা বি. এ, বি. এস. সি, বি. কম. পরীক্ষা। এই সব পরীক্ষার বিভিন্ন ধরনের প্রশ্নপত্র ছাপা হয় হাজরা রোড এবং ক্যালকাটা ইউনিভার্সিটির প্রেস থেকে। এর একটা কনফিডেন্সিয়াল সেকশন আছে। ক্যালকাটা ইউনিভার্সিটির স্ট্যাটিউটরী নিয়ম আছে যে তাদের কোন কর্মচারির আত্মীয় যদি পরীক্ষা দেয় তাহলে এই কনফিডেন্সিয়াল সেকশন থেকে তাকে অন্য সেকশনে বদলি করে দেওয়া হয় এবং পরে ফিরে আসতে পারে, এই নিয়ম অনেক আগে থেকেই আছে। সম্প্রতি এই কনফিডেন্সিয়াল সেকশনে দেখছি সন্তোষ কুমার সেন তার ছেলে বি. এস. সি. পার্ট-টু অনার্স পরীক্ষা দেবে, ১৭ এপ্রিল শুরু হবে। তারপর সনৎ দাস তার ছেলে বি. কম. পরীক্ষা দেবে, ২৬শে মার্চ পরীক্ষা আরম্ভ হবে। নারায়ণ দত্ত তার স্ত্রী বি. এ. পার্ট-ওয়ান পরীক্ষা দেবে, ১৭ই মে পরীক্ষা আরম্ভ হবে। এরা সবাই কনফিডেন্সিয়াল সেকশনে কাজ করে যাচ্ছেন। আমি এটা কটাক্ষ্য করার জন্য বলছি তা নয়, এখন উপযুক্ত সময় আছে নিয়মটাকে রক্ষা করার, যাতে এই জালিয়াতি হতে না পারে এবং বদমাইস মানুষরা সুযোগ নিতে না পারে। আমি কাগজে দেব। প্রদেশ কংগ্রেসের এডুকেশন সেলের পক্ষ থেকে গভর্নরকে ৯টা চিঠি দেওয়া হয়েছে। আমি চিঠিগুলি এনেছি, আপনি যদি কোনও ব্যবস্থা করতে পারেন। এর সঙ্গে যুক্ত আছে তথাকথিত শিক্ষাবিদ পর্যন্ত। স্যার, আমার সংবাদ হল কনফিডেন্সিয়াল সেকশনের দুর্নীতিগ্রস্ত এক কর্মচারির সঙ্গে শিক্ষাবিদ, প্রিন্সিপাল পর্যন্ত যুক্ত। আমি একটা উদাহরণ দিচ্ছি। দক্ষিণ কলকাতার দীনবন্ধু গার্লস কলেজের প্রিন্সিপাল আরতি গাঙ্গুলি, এই ভদ্রমহিলার সঙ্গে কনফিডেন্সিয়াল সেকশনের সনৎ পালের বিশেষ যোগাযোগ আছে। এ ছাড়া দীনবন্ধু কলেজের বিভিন্ন আর্থিক অনিয়মের সঙ্গেও তিনি যুক্ত এবং তা প্রমাণিত ও সংবাদপত্রে'ও প্রকাশিত। দু' নং, কলকাতা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্র বিজ্ঞানের অবসরপ্রাপ্ত অধ্যাপক বঙ্গেন্দু গাঙ্গুলি এম. এ. পরীক্ষার প্রশ্ন-পত্র সাজেশন আকারে জেরক্স করে প্রতি কপি ৫০০ টাকা দামে বিক্রি করেন। স্যার, আপনি এটা খবর নেবেন, সি. পি. এম. নেতা বিমান বসু বিশেষভাবে অবগত আছেন। আমি নাম করে বললাম অভিযোগগুলো বিচার করার জন্য। প্রেসিডেন্সি কলেজের ফিজিক্সের অধ্যাপক সলিল সরকার,—সৌগত চেনে—তিনি কলেজে বসে কোচিং করেন এবং প্রশ্ন-পত্র প্রকাশ্যে বলে দেন। পশ্চিমবঙ্গ সংসদের সেক্রেটারি ডঃ প্রতীপ চৌধুরি: এই ভদ্রলোক জলপাইগুড়িতে ছিলেন। সেখানে প্রতীপ-বাবুর টিউটোরিয়াল থেকে প্রশ্নপত্র ফাঁস হত, ইঞ্জিনিয়ারিং-এর পর্যন্ত। এমন কি ডিভিশনাল কমিশনার তদন্ত করে তা স্বীকার করেছিলেন। এখন উনি ওখান থেকে চলে এসেছেন। এই ভাবে চললে কনফিডেন্সিয়াল সেকশনের নিয়ম রক্ষিত হবে না, আগামী দিনে বি. এ., বি. এস. সি এবং বি. কম পরীক্ষার প্রশ্ন-পত্র ফাঁসের যথেষ্ট সম্ভাবনা থেকে যাবে। তাই আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে ব্যবস্থা

গ্রহণ করা হোক। প্রদেশ কংগ্রেস এডুকেশন সেলের পক্ষ থেকে ইতিপূর্বেই আমরা গভর্নরের দৃষ্টি আকর্ষণ করেছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহোদয়, আমি আপনার মাধ্যমে তথ্য ও সংস্কৃতি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এ বছর নেতাজীর জন্ম শত-বর্ষ ছিল। কিন্তু সে উপলক্ষ্যে আকাশবানী এবং দূরদর্শনের অনুষ্ঠান পশ্চিম বাংলা তথা সারা দেশের মানুষের চাহিদা পূরণ করেনি। তারা খুবই সংক্ষিপ্ত অনুষ্ঠান প্রচার করেছে। আমি মনে করি বর্তমান অবক্ষয় এবং মূল্যহীনতার দিনে নেতাজীর জীবন দর্শন এবং স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে স্বাধীনতা সংগ্রামের বিভিন্ন ইতিহাস আকাশবানী এবং দূরদর্শনের মাধ্যমে ব্যাপকভাবে প্রচারিত হওয়া দরকার। আমি আপনার মাধ্যমে তথ্য ও সংস্কৃতি মন্ত্রীকে বলছি, তিনি এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে কথা বলুন। নেতাজী সম্পর্কে এবং স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে আমাদের দেশের স্বাধীনতা আন্দোলনের এখনো যেসব অধ্যায় সাধারণ মানুষের অজ্ঞাত তা যথাযথভাবে আজকের দিনে প্রচার করার বিশেষ তাৎপর্য রয়েছে। সুতরাং আমি বিষয়টির প্রতি তথ্য ও সংস্কৃতি মন্ত্রীর আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করে বলছি, তিনি এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী আকবর আলি খোন্দকার ঃ** মাননীয় স্পিকার, স্যার, এর আগে এই হাউসে আমি ঘটনাটা উল্লেখ করেছিলাম, কিন্তু কোন প্রতিকার না হওয়ায় আবার অত্যন্ত দুঃখের সঙ্গে এবং উদ্বেগের সঙ্গে জানাচ্ছি যে, আমার চণ্ডীতলা বিধানসভা কেন্দ্রের মধ্যে একটা দু' বিঘা জমির প্লট নীলেন্দ্র হালদারের স্ত্রী চম্পা হালদার মাদার টেরিজাকে দান করেন ওখানে একটা হাসপাতাল এবং একটা স্কুল করার জন্য। কিন্তু আমি অত্যন্ত দুঃখ, লজ্জা এবং ঘৃণার সঙ্গে উল্লেখ করতে বাধ্য হচ্ছি যে, জনৈক সি. পি. এম. নেতা সেই জমি জোর করে দখল করে আছে। মাদার টেরিজা দু'বার ডি. এম. হুগলিকে চিঠি দিয়েছেন এবং আমি ইতিপূর্বে এই হাউসে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করেছি। তা সত্ত্বেও বিভাগীয় মন্ত্রী মহাশয় বিষয়টির প্রতি নজর দেননি। তিনি কানে তুলো দিয়ে পিঠে কুলো বেঁধে বসে আছেন। মাদার টেরিজার মতো মানুষ ডি. এম. হুগলীকে দু'বার চিঠি দিয়ে বলেছেন,—ঐ জমি উদ্ধার করে দেওয়া হোক। সি. পি. এম. নেতা ঐ দু'বিঘা জমি জবরদখল করে বসে আছে। আমি সেই চিঠির জেরক্স কপি স্পিকার সাহেবের কাছে দিচ্ছি যাতে অবিলম্বে গুরুত্ব সহকারে বিষয়টা দেখা হয়। তা নাহলে এটা পশ্চিম বাংলার লজ্জা হবে, ভারতবর্ষের লজ্জা হবে—মাদার টেরিজার জমি আজকে সি. পি. এম নেতা জবর দখল করে রেখেছে।

**মিঃ স্পিকার ঃ** মিঃ খোন্দকার, আমি জানিয়েছি যে, আজকে মেনশন হবে না, জিরো আওয়ার হবে। আপনার জিরো আওয়ারের সাবজেক্ট হচ্ছে, 'ডিসলোকেশন অফ রেশনিং সিস্টেম'; আপনি সেটা উল্লেখ না করে মেনশনের সাবজেক্টটা জিরো আওয়ারে ঢোকালেন। এটা চলতে পারেনা, সংসদীয় রীতি-নীতি শিখুন।

[1-40 – 1-50 p.m.]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি ভয়ঙ্কর ঘটনার প্রতি মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বর্ধমান জেলার পুর্বস্থলী থানার খড়দহ গ্রামে কিছু দুষ্কৃতি ঐ এলাকার আর. ওয়াই.-এফ কর্মী ভাসান মোল্লাকে গুলিবিদ্ধ করার চেষ্টা করে এবং তিনি আহত হন এবং তার মেটে আনোয়ারা খাতুন সঙ্কটজনক অবস্থায় এস. এস. কে. এম হাসপাতালে পড়ে রয়েছে। ঘটনাটি হচ্ছে, আলু বণ্ডকে কেন্দ্র করে সেখ আজিদ, সেখ ছাকু এবং সেখ আখতার নানা রকম দুর্নীতি করছিল। এই ব্যাপারে ভাসান মোল্লা আপত্তি জানিয়েছিলেন। সেইজন্য তাকে আক্রান্ত হতে হল। স্যার, এই সেখ আজিদ, সেখ ছাকু এবং সেখ আখতার-এরা হচ্ছে কংগ্রেসের লোক। আলু বণ্ডকে কেন্দ্র করে ওখানে ওরা নানারকমের দুর্নীতি করছে। আপত্তি জানালে ভাসান মোল্লাকে আক্রমণ করে, সে আহত হয় এবং তার ১৩ বছরের মেয়ে এস. এস. কে. এম. হাসপাতালে মরনাপন্ন অবস্থায় রয়েছে। আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর কাছে অনুরোধ করছি, অবিলম্বে ওদের গ্রেপ্তার করা হোক এবং দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হোক যাতে এইসব ঘটনা না ঘটাতে পারে।

**শ্রী সুদীপ বন্দোপাধ্যায় ঃ** স্যার, মুখ্যমন্ত্রী দিল্লিতে আছেন এবং কেন্দ্রে সরকার গঠনের প্রশ্নে উনি সীতারাম কেশরীর সঙ্গে গতকাল বৈঠকে বসবার চেষ্টা করছেন। কিন্তু বিধানসভায় দাঁড়িয়ে উনি ১১০ বছরের কংগ্রেস দলকে গলে গেছে, পচে গেছে, এই দলকে নাকি স্পর্শ করা যায় না বলেছেন। আর দিল্লীতে গিয়ে সেই দলের সভাপতির সঙ্গে কখন কথা বলবেন তারজন্য চাতক পাখির মতন তাকিয়ে বসে আছেন মুখ্যমন্ত্রী, শ্রী জ্যোতি বসু। তাঁর এই চোহারা দেখে আমরা খুবই আনন্দ পাচ্ছি, মজা পাচ্ছি। কংগ্রেস দলের ঐতিহ্য আছে। কংগ্রেস নির্বাচনকে ভয় পায় না, প্রয়োজনে নির্বাচন হবে। কিন্তু দেবগৌড়া, বর্তমান প্রধানমন্ত্রী, কংগ্রেস দলকে ভারতবর্ষের মানুষের সামনে হেয় করতে গিয়ে যে যে পদক্ষেপ গ্রহণ করছেন, যে প্রতিহিংসা পরায়ন হয়ে এক-তরফাভাবে সিদ্ধান্ত নিচ্ছেন তার বিরুদ্ধে কংগ্রেস দল ঐক্যবদ্ধভাবে লড়তে বদ্ধপরিকর। জ্যোতিবাবু চেষ্টা করে দেখতে পারেন, জ্যোতিবাবুর চেষ্টায় কোনও ফল পাবার সুযোগ নেই। কংগ্রেস সর্ম্পকে যতই ঔদ্ধত্যপূর্ণ মন্তব্য এই বিধানসভায় দাঁড়িয়ে করুন, কিন্তু পশ্চিমবাংলায় উনি বিপ্লবী, দিল্লিতে গিয়ে তাঁবেদারী—সেই চেহারা দিল্লিতে উৎঘাটিত করেছে। তাঁর কথায় কংগ্রেস নেতৃত্ব সাড়া দেবেন না।

**শ্রী রবীন দেব ঃ** (অনুপস্থিত)।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে পৌর দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি রাজ্যের প্রতিটি পৌরসভায় একটি সার্কুলার গিয়ে পৌচেছে। সেই সার্কুলারে বলা হয়েছে, পৌরসভা এলাকায় যারা বাড়ি তৈরি করতে যাবে তাদের এক-তৃতীয়াংশ জায়গা ফাঁকা রাখতে হবে। এটা একটা মারাত্মক ব্যাপার। যারা স্বল্প জমির মালিক,

যারা স্বল্প বিত্তের মানুষ যাদের সামান্য জায়গা আছে তারা যদি পৌর এলাকার মধ্যে বাড়ি করতে চায়, তাহলে তাদেরকে এক-তৃতীয়াংশ জায়গা ছাড়তে হবে। ২ কিম্বা আড়াই ডেসিমেল জায়গা নিয়ে করে। তাদের যদি সেই জমি থেকে এক তৃতীয়াংশ জমি ছেড়ে রেখে দিতে হয় তাহলে কতটুকু জমিতেই বা তারা ঘর করতে পারবে? স্যার, এই সার্কুলার পৌর এলাকার মানুষদের কাছে যারা স্বল্পবিত্ত একটি বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করেছে। আমি দাবি করছি, অবিলম্বে এই সার্কুলার প্রত্যাহার করা হোক এবং আগের নিয়ম যা ছিল তা বহাল রাখা হোক।

**শ্রী প্রত্যুষ মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের হাওড়া জেলার মৌড়িগ্রাম রেলস্টেশনের লেভেল ক্রশিং-এর সিগন্যাল পয়েন্টের কাছে দীর্ঘদিন যাবৎ যানজট চলছে। এন. ইচ. ৬-তে দীর্ঘদিন যাবত এই যানজট এবং দুর্ঘটনার জন্য এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে যে সাধারণ যাত্রীদের পক্ষে ঐ অঞ্চল দিয়ে নিরাপদে যাতায়াত করা কষ্টসাধ্য ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। সাধারণ মানুষ যারা অফিস কাছারিতে যান বা ছাত্ররা যারা স্কুল, কলেজে যায়, ওখান দিয়ে যাতায়াত করা তাদের পক্ষে অসুবিধাজনক হয়ে দাঁড়িয়েছে। বিষয়টি খুব জরুরি এই কারণে যে হাওড়া শিল্পাঞ্চলের অসংখ্য শ্রমিক ওখান দিয়ে যাতায়াত করেন এবং প্রতিদিনই তাদের নিদারুণ অসুবিধা ভোগ করতে হয়। এ ক্ষেত্রে দাবি উঠেছিল ফ্লাই ওভার করার জন্য। ১৯৯৩ সালে সেই ফ্লাই ওভারের কাজ কিছুটা শুরুও হয়েছিল কিন্তু তারপর তার আর অগ্রগতি দেখা যাচ্ছে না। এর ফলে সেখানে বিপদের সৃষ্টি হচ্ছে এবং সেখানকার জনসাধারণ বিক্ষুব্ধ হচ্ছেন এবং সরকারও খানিকটা সমালোচিত হচ্ছে। দ্রুত যাতে এই ফ্লাই ওভারের কাজ সম্পন্ন করা হয় তারজন্য আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী, পরিবহন মন্ত্রী এবং সর্বোপরি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দিল্লিতে যে অনিশ্চয়তা দেখা দিয়েছে রাজনৈতিক দিক থেকে তাতে অনেকেই চিন্তিত হয়ে পড়েছেন যে বাজেট পাস হবে কিনা। বিশেষ করে শিল্প মহল বাজেটে যে ছাড় পেয়েছিলেন সেই ছাড়গুলি কার্যকর হবে কিনা এবং মধ্যবিত্তরা ইনকাম ট্যাক্সে যে কিছুটা ছাড় পেয়েছিলেন তা কার্যকর হবে কিনা এই নিয়ে তারা চিন্তিত। স্যার, আমাদের দল কংগ্রেস দেবগৌড়া সরকার থেকে সমর্থন প্রত্যাহার করে নিয়েছে। কিন্তু সঙ্গে সঙ্গে এটাও ঘোষনা করেছে যে দেশের স্বার্থে আমরা বাজেট পাস করাতে সহযোগিতা করতে প্রস্তুত আছি যদিও সরকারের বিরুদ্ধে আমরা থাকবো। স্যার, আমরা দেখছি সি. পি. এম. সহ কয়েকটি ছোট ছোট দল, তারা বলছেন যে কংগ্রেসের দাবি মেনে নেবার নয়, দেবগৌড়ার নেতৃত্বেই আমরা অচল থাকবো। সেটা দাবি করলে দেশে মধ্যবর্তী নির্বাচন হবে। এই প্রসঙ্গে আমরা স্পষ্ট করে ঘোষনা করতে চাই যে আমরা কেন্দ্রের বাজেট পাস করাতে সহযোগিতা করতে প্রস্তুত আছি কিন্তু দেবগৌড়ার নেতৃত্বের ব্যাপারটা নেগোসিয়েবল নয়, তাকে যেতেই হবে। কংগ্রেসকে মধ্যবর্তী নির্বাচনের ভয় দেখিয়ে লাভ নেই। কংগ্রেসই দেশে সবচেয়ে বেশি নির্বাচনের মোকাবিলা করেছে। এর আগে চরণ সিং-এর উপর থেকে

যখন সমর্থন প্রত্যাহার করা হয়েছিল কিম্বা চন্দ্রশেখরের উপর থেকে যখন সমর্থন প্রত্যাহার করা হয়েছিল তখনও নির্বাচনে কংগ্রেস ফল খারাপ করেনি। সুতরাং নির্বাচনকে আমরা ভয় পাচ্ছি না। কিন্তু ঐসব ছোট ছোট দল যাদের ১৫/১৭/৩০টা এম. পি. আছেন তাদের চোখরাঙ্গানী বা ধমকানি আমরা সহ্য করব না। নির্বাচন নিয়ে আমাদের যে ব্ল্যাকমেল করা হচ্ছে তা আমরা সহ্য করবো না। দেশের স্বার্থে আমরা চাই একটা সেকুলার সরকার, বিকল্প সরকার কেন্দ্রে তৈরি হোক অবশ্যই কংগ্রেসের নেতৃত্বে।

[1-50 – 2-00 p.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** স্যার, স্বাস্থ্যমন্ত্রী এখানে আছেন, একটি বিষয় তার নজরে আনছি সুদুর দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবন থেকে শুরু করে কলকাতার টালিগঞ্জ, বালিগঞ্জ, ঢাকুরিয়া অঞ্চলের গরিব মানুষরা যে এম. আর. বাঙ্গুর হাসপাতালে চিকিৎসার জন্য আসেন তাদের বেশীরভাগই চিকিৎসার সুযোগ, ভর্তির সুযোগ না পেয়ে ফিরে যেতে বাধ্য হয়। একথা মনে রাখা দরকার যে অনেকদিন আগে হাসপাতালের সামনের ১২ বিঘাজমি অধিগ্রহণ করা হয়েছে। সেখানে কার্ডিওলজি, ইউরোলজি, নিউরোলজি, ই. এন. টি এবং বার্ণ ওয়ার্ড করে আধুনিক স্বাস্থ্য ব্যবস্থার মাধ্যমে মানুষকে যাতে সুচিকিৎসার ব্যবস্থা পায় সেই ব্যবস্থা করুন। আমরা শুনছি যে সেখানে স্বাস্থ্য দপ্তর থেকে দপ্তরের বাড়ি করা হবে। দপ্তরের বাড়ি সল্ট লেকে করতে পারেন, বাইপাসে করতে পারেন। কলকাতায় একসঙ্গে ১২ বিঘা জমি ব্রিগেড প্যারেড গ্রাউণ্ড ছাড়া আর কোথাও পাওয়া যাবেনা। কাজেই আপনাকে অনুরোধ করব যে, স্বাস্থ্য দপ্তরের অফিসগুলি সল্ট লেকে নিয়ে যান যেমন বিদ্যুৎ ভবন, ময়ূর ভবন, উন্নয়ন ভবন হয়েছে তেমনি স্বাস্থ্য ভবন তৈরি করুন। কিন্তু হাসপাতালের পাশের এই জমিতে হাসপাতালকে সম্প্রসারিত করে কলকাতা সহ দক্ষিণ ২৪ পরগনার মানুষের কাছে স্বাস্থ্য ব্যবস্থা পৌঁছে দেবার ব্যবস্থা করুন। এই দায়িত্ব আপনি পালন করবেন বলে আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্ব পূর্ণ বিষয়ে শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি যে, কোনও রাজ্যে যদি শিল্প সংস্থা থাকে সেটা কেন্দ্রীয় সরকারের হোক বা রাজ্য সরকারের হোক, সেখানে যদি শ্রমিকরা নিয়মিত বেতন না পান তাহলে বিষয়টা সংশ্লিষ্ট রাজ্যের শ্রমমন্ত্রী দেখেন। কিন্তু আমরা লক্ষ্য করছি যে, আসানসোলের হিন্দুস্থান কেবল ফ্যাক্টরিতে শ্রমিকরা ৩/৪ মাস পর্যন্ত তাদের মাইনা পাচ্ছে না। কলকাতায় তাদের কর্পোরেট অফিস আছে সেখানে তারা মাসের প্রথম দিনে বেতন পাচ্ছেন। অথচ যে সমস্ত শ্রমিক তাদের শ্রম দিয়ে, রক্ত দিয়ে, ঘাম ঝরিয়ে উৎপাদন করছে তারা কিন্তু মাসের শেষে তাদের পারিশ্রমিক পাচ্ছে না। আমি শ্রমমন্ত্রীর কাছে অনুরোধ করব যে তারা যাতে মাসের প্রথম দিন বেতন পায় সেটা দেখবেন।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার

মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই বছর মাধ্যমিক পরীক্ষার অঙ্ক এবং ভূগোলের প্রশ্ন ফাঁস হয়েছে। এই বছর উচ্চ-মাধ্যমিক বৃত্তিমূলক শাখায় পরীক্ষায় ১০০ নম্বরের পরিবর্তে ৯০ নম্বর-এর মার্ক্স দেওয়া হয়েছে। কারা এই প্রশ্নপত্র করেন? প্রশ্নপত্রে ১০০ নম্বর যেখানে থাকা উচিত সেখানে ৯০ নম্বরের প্রশ্ন করা হয়েছে। এই রাজ্যের শিক্ষা ব্যবস্থার এই অবস্থা। আমরা দেখছি যে হয় প্রশ্নপত্র ফাঁস হচ্ছে, না হয় ১০০ নম্বরের জায়গায় ৯০ নম্বরের প্রশ্ন করা হচ্ছে এমন লাক কি পাওয়া যায়না যিনি ১০০ নম্বরের প্রশ্ন করতে পারেন? কাদের দিয়ে প্রশ্ন করা হচ্ছে সেটা অবিলম্বে তদন্ত করা উচিত। যে প্রশ্নকর্তা এই প্রশ্ন করেছেন, তার দৃষ্টান্তমূলক শাস্তি হওয়া উচিত। আমি শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন করব যে সমস্ত বিষয়টা তিনি বিধানসভায় আমাদের অবগতির জন্য জানান যে কেন এটা হয়েছে।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভূমি রাজস্ব মন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। কাটোয়া বিধানসভা কেন্দ্রের খাজুকী গ্রাম পঞ্চায়েতে বেশ কিছু জমি সরকার ভেস্ট হয়েছিল। পরবর্তীকালে হাইকোর্টের ইনজাংশনে সরকার সেই জমি অধিগ্রহণ করতে পারেননি। বর্তমানে সি. পি. এম.-এর কিছু সদস্য জবরদখল করে সেই জমি ভোগদখল করছে। এতে এলাকায় ভূমিহীন মানুষদের মধ্যে একটা উত্তেজনা দেখা দিয়েছে এবং সেখানে প্রতিবাদ করার ফলে একজন খুনও হয়েছে। এই ব্যাপারে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। পরিস্থিতি এমন পর্যায়ে পৌঁছেছে যে যে কোনও সময়ে আইন-শৃঙ্খলার অবনতি ঘটতে পারে। কাজেই অবিলম্বে সরকার সিদ্ধান্ত গ্রহণ করে সেই জমি যাতে সরকারে ন্যস্ত হয় সেই ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী দৌলত আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসকে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে জানাতে চাই। আপনি জানেন যে, আমাদের ডায়মণ্ড হারবারে ফকির চাঁদ কলেজ একটা 'এ' গ্রেড কলেজ। ফকির চাঁদ হালদারের পূর্বসূরী জগদীশচন্দ্র হালদার এই সভার সদস্য ছিলেন। তার বাবার নামে এই কলেজটি করা হয়েছিল। ঐ কলেজের জায়গা-জমি দিয়েছিলেন, বিল্ডিং করে দিয়েছিলেন। গত ২০ বছর আগে পর্যন্ত ঐ কলেজ পরিচালনা করবার ক্ষেত্রে ডোনার ক্যাটাগরি বলে যে শর্তটা ছিল সেটা মানা হত। অর্থাৎ যারা জমি দিয়েছেন, বিল্ডিং করে দিয়েছেন সেই ডোনার ক্যাটাগরি থেকে কলেজ পরিচালন কমিটিতে আসতেন। কিন্তু গত ২০ বছর ধরে, বামফ্রন্টের শিক্ষামন্ত্রী কি ধরনের ব্যবস্থা করেছেন জানি না, এক্ষেত্রে ডোনার গ্রুপ বঞ্চিত। আজকে ঐ কলেজটি সি. পি. এম. পার্টির মাধ্যমে পরিচালিত হচ্ছে। এটা গভীর পরিতাপের বিষয়। যে কলেজ ১৯৪৭ সালের ১লা জুলাই স্টার্ট হয়েছে এবং আর কিছুদিন পরে যার ৫০ বছর পূর্তি উৎসব পালিত হবে সেই কলেজের ক্ষেত্রে এটা দুঃখজনক। তারজন্য আমি বলব, ঐ বিরাট শিক্ষা প্রতিষ্ঠানের অঙ্গহানী না করে যেটা যথার্থ সেটা গ্রহণ করা হোক। ওখানে যিনি বিধায়ক হন তিনি ঐ কলেজ কমিটিতে থাকেন। আজকে সেটা পর্যন্ত তুলে দেওয়া হয়েছে।

**শ্রী পরেশ পাল ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মানিকতলা এলাকায় ১০ থেকে ১২ লক্ষ লোকের বাস, কিন্তু সেখানে পানীয় জলের অবস্থা অত্যন্ত খারাপ। তারা কর্পোরেশনের পানীয় জল পাচ্ছেন না। এই জলের দাবিতে ওখানকার এক লক্ষ মানুষ ক্যালকাটা কর্পোরেশনে ডেপুটেশন দিয়েছিলেন। সেই সময় গরম অনেক কম ছিল, সেই সময়েরই জল পাওয়া যাচ্ছিল না। কাজেই আগামী মে-জুন মাসে যখন আরো গরম পড়বে তখন জলের জন্য সেখানকার মানুষের মধ্যে হাহাকার উঠবে এবং তখন কমিশনাররা বুঝাবার পরও কোন কাজ হবে না। ফলে সেখানকার আইন-শৃঙ্খলা বিঘ্নিত হবার সম্ভাবনা দেখা দেবে, মানুষ রাস্তায় নামবেন। এইভাবে যদি আইন-শৃঙ্খলা বিঘ্নিত হয় তাহলে তারজন্য পৌরমন্ত্রী দায়ী থাকবেন, কারণ ঐ অঞ্চলের মানুষ পানীয় জল পাচ্ছেন না। কাজেই অবিলম্বে সেখানে পানীয় জলের ব্যবস্থা করা দরকার।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে মাননীয় সদস্য সুদীপ বাবু এবং সৌগতবাবু জাতীয় রাজনৈতিক পরিস্থিতি নিয়ে কিছু কথা বলছিলেন। দেখলাম, আপনি একটা মন্তব্য করলেন। আমি ঐ মন্তব্য সম্পর্কে প্রথমে আপনাকে একটা প্রশ্ন করব, তারপর বক্তব্য রাখব। প্রশ্নটা হল—মাথা লেজকে নাড়াবে, নাকি লেজ মাথাকে নাড়াবে?

**মিঃ স্পিকার ঃ** বিশেষ আবহাওতাতে এরকম হয়।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এটা বাস্তব সত্য যে, মাথা লেজকে নড়াবে। কিন্তু আপনারা লেজ দিয়ে মাথা নাড়াবার চেষ্টা করছেন। আজকে বাস্তব পরিস্থিতি বিচার করে সর্বভারতীয় কংগ্রেস দল এই সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছেন। কারণ আমাদের কমিটমেন্ট ছিল—আমরা সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই করবো, অথচ আমরা দেখলাম, ইউনাইটেড ফ্রন্ট সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই না করে বিগত ১০ মাস ধরে কংগ্রেসের বিরুদ্ধে লড়াই করছেন। একদিকে আপনারা কংগ্রেসকে অচ্ছুত বলবেন, কোন নীতি নির্ধারণে কংগ্রেসের কোনও ভূমিকা থাকবে না, অথচ কংগ্রেসকে সমর্থন করে যেতে হবে—এই অদ্ভুত যুক্তি দিয়ে আপনারা সরকার চালাতে চাইছেন। আজকে তারই জন্য কেন্দ্রের সরকারের বিরুদ্ধে কংগ্রেস অনাস্থা জানাতে বাধ্য হয়েছেন। ইউনাইটেড ফ্রন্টে যেহেতু আপনারা আছেন, তাই মাননীয় মুখ্যমন্ত্রী দিল্লি গিয়ে বসে আছেন এবং উৎসাহ দিচ্ছেন। কিন্তু আপনারা কংগ্রেসকে যদি অচ্ছুতই মনে করেন তাহলে কেন কংগ্রেসের সমর্থন আপনারা চান? আর যদি মনে করেন যে, কংগ্রেসের সমর্থন দরকার তাহলে কংগ্রেস সরকারকে সমর্থন করছেন না কেন? আপনাদের এই দুমুখো নীতির বিরুদ্ধেই আমরা কেন্দ্রে সমর্থন প্রত্যাহার করে নিয়েছি।

[2-00 – 2-10 p.m.]

**মিঃ স্পিকার ঃ** মান্নানবাবু, কত রকম নিয়ম আছে! নিষিদ্ধ পল্লীর মহিলাদের বাড়িতে আনা যায় না, আবার তাদের দুয়োরের মাটি না হলে দুর্গাপূজা হয় না।

**শ্রী রবীন দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়ে নোটিশ দিয়েছিলাম সেটা বলার একটু আগে মান্নান সাহেব যে কথা বললেন সেই বিষয়ে একটু বলি। কংগ্রেসের এই দুর্দশা ক্লীষ্ট অবস্থায় পড়ে আমাদের মুখ্যমন্ত্রীকে নিয়ে টানাটানি করছেন কেন? আমাদের মুখ্যমন্ত্রীকে দিল্লিতে যাওয়ানোর জন্য কংগ্রেস দলের অনেক তাবড় তাবড় নেতা ফোন করছে, মান্নান সাহেব কি এটা ভুলে গেলেন নাকি? এবার আমি নির্দ্দিষ্ট বিষয়ে বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের সেচমন্ত্রীর কাছে আমার এলাকার একটি গুরুত্বপূর্ণ সমস্যার কথা তুলে ধরছি। আমার এলাকা তপসিয়ায় একটা খাল রয়েছে এটা সংস্কারের জন্য ইতিপূর্বে দাবি করেছি এই খালের উপর যে দুটি ব্রিজ রয়েছে সেখান দিয়ে যাতায়াতের. ক্ষেত্রে প্রচণ্ড অসুবিধা হচ্ছে। এই ব্রিজগুলিকে চওড়া করবার দাবি জানাতে চাই। ইতিপূর্বে এম. পি. ফাণ্ড থেকে ২০ লক্ষ টাকা স্যাংশন করা হয়েছে, লোকাল এরিয়া ডেভেলপমেন্ট স্কীমে। কিন্তু তা সত্ত্বেও কাজ শুরু হচ্ছে না। ইতিপূর্বে খাল সংস্কারের নামে সেখানে একটা ব্রিজ তৈরি হয়েছে। ফলে তপসিয়ায় ময়লা জল এসে পড়ছে। ফলে সেখানকার লোকের আন্ত্রিক শুরু হয়েছে। এই ব্যাপারে মাননীয় সদস্য উল্লেখ করেছেন। তাই আপনার মাধ্যমে আমি সেচমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি তপসিয়ায় দুটি ব্রিজের কাজ ত্বরান্বিত করা হোক এবং খাল কাটার কাজ ত্বরান্বিত করা হোক যাতে মানুষকে দুর্দশার হাত থেকে বাঁচানো যায়।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

### Demand No. 44

**Mr. Speaker :** Now Demand No. 44. There are six cut motions. All the cut motions are in order, and taken as moved.

| | |
|---|---|
| Shri Shashanka Shekhar Biswas | |
| Shri Ajoy Dey | Sir, I beg to move |
| Shri Nirmal Ghosh | that the amount of the |
| Shri Ashok Kumar Deb | Demand be reduced by |
| Shri Kamal Mukherjee | Rs. 100/- |
| Shri Sultan Ahmed | |

**শ্রী গোপালকৃষ্ণ দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী সত্যরঞ্জন মাহাতো মহাশয় ১৯৯৭-৯৮ সালের যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন সেই সম্পর্কে বক্তব্য পেশ করতে গিয়ে মনে প্রশ্ন জাগে যে দপ্তরের দায়িত্ব আর্তের সেবায় আত্মনিয়োগ করা, যে দপ্তর সংকীর্ণ রাজনীতির উর্ধ্বে থেকে প্রাকৃতিক বিপর্যয়ের সময় মানুষের পাশে দাঁড়াবার সামাজিক দায়বদ্ধতা পালনে ব্যর্থ সেই দপ্তরের ব্যয় বরাদ্দ বিরোধিতা করা ছাড়া উপায় নেই এবং

আমাদের দলের আনীত কাট মোশনকে ন্যায়সঙ্গত ভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য আরম্ভ করছি। এই কথা ঠিক যে নদী মাত্রিক এই বাংলায় বন্যা ভূমিক্ষয় খরা প্রকৃতির দুর্যোগ আমাদের প্রতি বছরের সাথী। পৃথিবীর সাথে পাল্লা দিয়ে ভারতবর্ষ আধুনিক প্রযুক্তিতে অনেকখানি অগ্রসর হলেও আমরা এখনও প্রকৃতিকে জয় করতে পারিনি। ফলে কখন শ্বেতশুভ্র হিমালয় থেকে বরফ গলা জল কখনও অতি বৃষ্টিতে উত্তরবঙ্গের মানুষকে বন্যা বিধ্বস্ত করে। কারণ ভুটান থেকে নেমে আসা ডলোমাইট বা পাথর নদীর গতিপথ রোধ করে। গত ২০ বছরে নদীগুলির সংস্কার সাধনে সরকার ব্যর্থ হওয়ায় মানুষ আজ বিপদগ্রস্ত হয়েছে। প্রাণহীন এই সরকার বন্যার সময় যে দ্রুততার সাথে উদ্যোগ নেওয়া দরকার সেটা নিতে পারেনি। সেই পরিকাঠামো ত্রাণ দপ্তরের নেই। শুধু উত্তরবঙ্গ নয় মেদিনীপুর মুর্শিদাবাদ হুগলি হাওড়ার কিয়দাংশ, উত্তর এবং দক্ষিণ ২৪ পরগনার মানুষকে প্রতিবারে বন্যার জলে বিপদের সম্মুখীন হতে হয়। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবি ভাষণে বলবেন ব্লক লেভেলে কতগুলি ফ্লাড কন্ট্রোল সেন্টার তৈরি হয়েছে। বার্ষিখ হিসাবে যদি পরিসংখ্যান দেন তাহলে ভাল হয়। গত বছর মালদা ও মুর্শিদাবাদে ব্যাপক বন্যা কবলিত মানুষের পাশে ত্রাণ দপ্তর কতটা সাহায্য করতে পেরেছেন? অবশ্য এই ব্যাপারে ত্রাণ দপ্তরের দায়িত্ব কম। কারণ স্থানীয় প্রশাসন—পঞ্চায়েত এই দায়িত্ব পালন করেন। কিন্তু দপ্তরের মন্ত্রীর দায়বদ্ধতা থেকেই যায়, সেটা দেখভাল করার ব্যাপারে, যা পালনে মন্ত্রী ব্যর্থ। বন্যা বা প্রাকৃতিক দুর্যোগে বিভিন্ন সময় রাজ্যস্তরে সর্বদলীয় বৈঠক হয়। সেখানে সবার সহযোগিতা চাওয়া হয়। অতীতে আমরা সহযোগিতা করেছি, আগামী দিনেও করব। কিন্তু প্রশ্ন থেকে যায়, ব্লকস্তরে, আঞ্চলিক স্তরে ত্রাণ বন্টনের ক্ষেত্রে কেন সেখানে দলীয় সংকীর্ণতার পরিচয় দেওয়া হয়? কেন রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ভাবে দুর্দশাগ্রস্ত মানুষকে চিহ্নিত করা হয়? ত্রানে ব্যাপক দলবাজির ফলে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, আঞ্চলিক স্তরে, ব্লকস্তরে সর্বদলীয় কমিটি গঠন করে এই দুর্যোগপূর্ণ আবহাওয়ার মধ্যে পড়ে থাকা মানুষের কল্যাণে ব্যবস্থা গ্রহণ করা দরকার। গতবার বন্যার কারণে, ভাঙনের কারণে মালদার মানিকচকের ভুতনিরচরের মানুষ বা মালদার অন্যান্য অংশে ভেঙে পড়া ঘরবাড়ি নির্মাণের জন্য ত্রাণ দপ্তরের টাকা আজও মালদার জেলা শাসক উপকৃতদের হাতে পৌঁছে দেননি। ঐ সময়ে মাননীয় প্রধানমন্ত্রী এসেছিলেন এবং অন্যান্য মন্ত্রীরাও এসেছিলেন। যদিও অত্যন্ত দুঃখজনক ঘটনা—সেচ দপ্তরের এই বন্যা প্রতিরোধের দায়িত্ব, সেই মন্ত্রী রাস্তায় দাঁড়িয়ে অপেক্ষা করেছেন। তাঁকে কেউ আলোচনায় ডেকে নিয়ে যাননি। ত্রান মন্ত্রী কি ভাবে ওখানে পৌঁছেছিলেন সেটাও ভাবতে হবে। ত্রাণের টাকা যে উপকৃতরা আজও পাননি, এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়কে খতিয়ে দেখার জন্য আমি বলব। ১৯৯৩ সালের ঘূর্নিঝড়ে মুর্শিদাবাদের কান্দীতে ঘরবাড়ি ভেঙে গিয়েছিল। ঐ ঘটনায় ৫০ জন মারা গিয়েছিলেন, কয়েকশত ঘরবাড়ি ভেঙে পড়েছিল। অতীতের পাতা থেকে আপনি দেখবেন, কেন্দ্রীয় মন্ত্রী বলরাম জাখর ওখানে ছুটে গিয়েছিলেন। এই রাজ্যের মন্ত্রীরাও গিয়েছিলেন। তখন অনেক প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, ঐ এলাকায় ঘরবাড়ি তৈরি করে দেওয়া হবে। হাডকোর মাধ্যমে, সমবায়ের মাধ্যমে সাহায্য করা হবে বলা হয়েছিল।

বলতে দ্বিধা নেই, মুর্শিদাবাদ কো-অপারেটিভের সি. পি. এম.'র অনীহার কারণে আজও সেই মানুষগুলো ত্রাণের অংশীদার হতে পারেননি। তাঁরা সাহায্য পাননি, ঘরবাড়িও হয়নি। আজকে চার বছর হয়ে গেল, তাঁরা সাহায্য পেলেন না। সামুদ্রিক জলোচ্ছ্বাসের ফলে দক্ষিণ চব্বিশ পরগনায় বহু জায়গায় নোনা জল ঢোকে। ওখানে পাথর প্রতিমার গোবর্দ্ধনপুর এলাকায় গত তিন বছর যাবত জোয়ার ভাঁটায় নোনাজল ঢোকে। তার আজ পর্যন্ত সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করে সংশ্লিষ্ট এলাকার মানুষের বসবাসের ব্যবস্থা করা হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর ভাষণের ৯নং অনুচ্ছেদে বলেছেন যে বন্যার সময়ে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে বিপর্যয় জনিত ত্রাণ তহবিলের টাকা চেয়েছিলাম। হ্যাঁ, টাকা চেয়েছেন। কিন্তু সেই টাকা আপনারা কিভাবে কাজে লাগিয়েছেন? আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে ভারতবর্ষের লোকসভার প্রসিডিংস থেকে বলতে চাই যে, ১৯৯৫ সালে বলরাম জাখর মন্ত্রী থাকাকালীন সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স ফ্রম ন্যাশনাল ফাণ্ড ফর ক্যালামিটি রিলিফ—এন. এফ. সি. আর.—পশ্চিমবঙ্গ সরকার ৪৮.৪৪ টাকা দেওয়া হয়েছিল। তারপরও সেই টাকা কতটা আপনারা খরচ করতে পেরেছেন? মন্ত্রী মহোদয় গত আর্থিক বছরে বলেছিলেন যে, ৫নং অনুচ্ছেদে বাজেট বক্তৃতায় বলেছেন যে, দক্ষিণ দিনাজপুর, উত্তর দিনাজপুর, মালদহ, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া এবং মেদিনীপুর জেলা খরা কবলিত হয়ে পড়েছিল।

[2-10 – 2-20 p.m.]

এরজন্য আমাদের ৬ হাজার ১৬০.২০ লক্ষ টাকার বোরো চাষ নষ্ট হয়েছে। পার্লামেন্টের প্রসিডিংস থেকে দেখবেন যে ১৯৯৫ সালে কেন্দ্রীয় সরকারের কৃষি মন্ত্রকের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী এস. কৃষ্ণকুমার বলেছিলেন যে, পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় সরকারের পর্যবেক্ষক টিম ৩৬টি ব্লক এবং ৪টি জেলাকে খরা এলাকা বলে চিহ্নিত করেছিলেন। আপনারা তো কথায় কথায় কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে স্লোগান তোলেন, কেন্দ্রের বিরুদ্ধে বঞ্চনার কথা বলেন, কিন্তু ভাবতে অবাক লাগে যেখানে কর্ণাটক সরকার তাদের খরা মোকাবিলার জন্য দাবি পেশ করল, সেখানে পশ্চিমবঙ্গ সরকার তাদের কোনও দাবি এই ব্যাপারে পেশ করল না। পার্লামেন্টের প্রসিডিংস দেখলেই এসব জিনিস দেখতে পাবেন। অথচ সাধারণ মানুষের কাছে বলে বেড়াচ্ছেন যে কেন্দ্রের বঞ্চনার জন্য আপনারা কিছু করতে পারছেন না। ১৯৯০ থেকে ১৯৯৫ সাল এই ৫ বছরে সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স ফর ক্যালামিটি রিলিফ ফাণ্ডে অ্যানুয়াল কন্ট্রিবিউশন ওয়েস্ট বেঙ্গলে ৪০.০০০ কোটি টাকা, তাতে সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্সে ৩০.০০০ কোটি টাকা আর স্টেট শেয়ার হচ্ছে ১০.০০০ কোটি টাকা। সেখানে রাজ্য সরকার খরচ করেছেন মাত্র ৯.০১ কোটি টাকা। এর থেকে কেন্দ্রের যে বঞ্চনা নেই এইকথা কি প্রমাণ করেন না? আসলে সরকারের ত্রাণ দপ্তরের এই ব্যাপারে কোনও পরিকাঠামো নেই। সুতরাং এই অবস্থার মধ্যে আপনারা দেশের মানুষের কাছে ত্রাণ সামগ্রি পৌঁছে দিতে পারবেন কি করে? তারপরে ১৯৯৫ সালের ঘূর্ণিঝড়ে দক্ষিণ ২৪ পরগনার ৭টি ব্লকে (সুন্দরবন এলাকা) ২ লক্ষ লোক প্রাকৃতিক বিপর্যয়ে পড়েছিল। এরফলে ২৫০ কি. মি. নদীবাঁধ দারুণ ক্ষতিগ্রস্ত

হয়েছিল। ত্রাণ দপ্তর জেলা পরিষদকে এক কোটি টাকা দিয়েছিল, কিন্তু সেই টাকা খরচ হল না কেন এবং কোথায় ব্যয় হল জানা গেল না। অবশ্য জেলা পরিষদের তো কোনও অডিটই হয় না। ফলে আপনারা ঠিকই করেছেন যে, ত্রাণ সামগ্রীর ব্যাপারে এলোমেলো করে দেখা, লুটেপুটে খাই এই ভাবনাকে সামনে রেখে অর্থ আত্মসাৎ হয়েছে এবং ক্ষতিগ্রস্ত লোকেদের তুলনামূলকভাবে কোনও উপকার হয়নি। মাননীয় মন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন যে, গ্রামে দুঃস্থ মানুষদের ঘরবাড়ি আগুনে পুড়ে গেলে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি নির্মাণের উদ্দেশ্যে কুটীর বিমা প্রকল্পের অধীনে ন্যাশনাল ইনসিওরেন্স কোম্পানির কাছে থেকে এ বাবদ অর্থ সাহায্য পাওয়া যায়। পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ বিভাগের তত্ত্বাবধানে এ অর্থ বন্টন করা হয়। কিন্তু প্রকৃতই কি দুস্থ মানুষদের ঘরবাড়ি পুড়ে গেলে কুটীর বিমা প্রকল্পের টাকা পান? এই ব্যাপারে তো ব্যাপকভাবে প্রচারও নেই। ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা করুন। ওই টাকা অসহায়দের হাতে জমা হয় না। আপনার দপ্তর থেকে টাকা পঞ্চায়েতের হাতে চলে যায় এবং সেখানে দুর্নীতি হয়। কলকাতাতেই কুড়ি বছর ধরে দেখছি যে, বাজার পুড়ে যাচ্ছে, ঘন বস্তী পুড়ে যাচ্ছে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। এর পেছনে কোনও অন্ধকারের ইতিহাস আছে, প্রোমোটরদের একটা চক্র আছে এবং তারজন্য কোনও ব্যবস্থাও নেওয়া হচ্ছে না। কিন্তু প্রয়োজনের তুলনায় এতই কম যে পশ্চিমবাংলার মতো একটি রাজ্যে যেখানে প্রতি নিয়ত আমাদেরকে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগকে মোকাবিলা করতে হয় আর তার জন্য আরও অতিরিক্ত বরাদ্দ দরকার। আরও বেশি টাকা দরকার। আরও মানুষকে সাহায্য দেওয়া দরকার। আমি আপনাকে উদাহরণ দিয়ে বলি মাননীয় মন্ত্রী মহাশয় আপনি দেখবেন ব্লকে ব্লকে যখন ঘরবাড়ি পুড়ে যায়—আজকে রেজ্জাক সাহেব হাউসে নেই—রেজ্জাক সাহেবের কেন্দ্রের একজন প্রতিবন্ধী মানুষের বাড়ি পুড়ে গিয়েছিল,—আমরা দেখি গ্রামে গ্রামে বাড়ি পুড়ে গেলে বি. ডি. ও. অফিস থেকে সস্তা দরে ত্রিপলের নামে যা আপনারা সরবরাহ করেন তার দু-একটি পৌঁছে দেওয়া হয়। কিন্তু বাকিদের ক্ষেত্রে হয়না। এমন কি, দলীয় সঙ্কীর্ণতার কারণে যখন গ্রাম পঞ্চায়েতের প্রধান, পঞ্চায়েত সমিতির সভাপতি দেখেন তাদের দলের বিরুদ্ধবাদী মানুষের ঘরবাড়ি পুড়ে গিয়েছে তখন আমরা দেখি এই বামফ্রন্টের রাজত্বে সেখানে মানবতা ভুলুণ্ঠিত হয়—এটা ইতিহাস। তাই এই দিকটা দেখার জন্য আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব। মন্ত্রী মহোদয়, ১৬ নম্বর অনুচ্ছেদে যেটা বলেছেন, বিরোধী দলের বন্ধুরা এবং সরকারি দলের বন্ধুরাও একমত হবেন, এম. এল. এ.দের দুর্গাপুজা এবং ঈদের সময় ত্রাণ দপ্তর থেকে কিছু পোষাক, কম্বল, কাপড় দেওয়া হয়; এই যে জিনিসগুলি আপনারা সরবরাহ করেন, মাননীয় মন্ত্রী এইগুলি ব্যাপারে খোঁজ নিয়ে দেখবেন এইগুলি কোন মানের জিনিস। এখানে আপনারা নিম্ন মানের জিনিস সরবরাহ করেন। এখানে আমি বিরোধিতার জন্য বলছি না, সরকারি দলের বন্ধুরাও স্বীকার করবেন, বাচ্ছাদের যে জামা কাপড়গুলি দেওয়া হয়, সেইগুলি কি মানুষের ব্যবহারের উপযোগী? যে শাড়িগুলি দেওয়া হয় সেইগুলি কি ভাল কোয়ালিটির দেওয়া যায়না? একজন জনপ্রতিনিধি যখন তার এলাকার দুঃস্থ মানুষকে কিছু বিলি করেন, যেমন বাঙালির সর্বশ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজা কালে কিংবা ঈদের সময়ে মানুষের মুখে হাসি

ফোটাবার জন্য গ্রামবাংলার দরিদ্র সমাজের মানুষের কাছে পৌঁছে দেবার জন্য যে জিনিস আপনারা সরবরাহ করেন তার কোয়ালিটিটা দেখার ব্যবস্থা করুন। এমন জিনিস আপনারা দেন, তাতে একজন বিধায়ক তার প্রত্যেকটি বুথে, প্রত্যেকটি জি. পি. তে কি দিতে পারেন, এটা দেখবেন? একজন বিধায়ককে আপনারা যা দেন তাতে একজনকে শাড়ি দিয়ে, কম্বল দেওয়া যায় না। অথচ আপনি লিখেছেন আমরা বিধায়কদের মাধ্যমে গ্রামের মানুষের কাছে শহরের মানুষের কাছে ত্রাণ সামগ্রী পৌঁছে দিই। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব এই খাতে আপনি যে টাকা ধরেছেন, এর পরিমাণটা বৃদ্ধি করা দরকার। এতে জনপ্রতিনিধিদের সুবিধা হবে। যে ত্রাণ সামগ্রী দেওয়া হয়, সেই ত্রাণ সামগ্রীর ক্ষেত্রে মাস্টার রোল করা হয়। গত ২০ বছরে ত্রাণ সামগ্রী বন্টনের ক্ষেত্রে, রিলিফ দেওয়ার ক্ষেত্রে যে মাস্টার রোলগুলি তৈরি হয়, সেই মাস্টার রোলগুলির অবস্থা কি খতিয়ে দেখেছেন? এমন অনেক জায়গা আছে, সেখানকার অবস্থা সম্পর্কে আপনার দপ্তর সঠিক ভাবে খোঁজ রাখতে পারে না। আপনার দপ্তরের সেই পরিকাঠামো নেই। কত দুর্নীতি মাস্টার রোলে যে হয় তা বলার কথা নয়, ডান হাত, বাঁ হাত, কোনও কোনও জায়গায় পায়ের আঙ্গুলের ছাপ এতেও হয় না বলে অনেকে কনুই এর ছাপ নিয়ে নেন। এই জিনিস আপনার দপ্তরে চলছে, এই দুর্নীতির ব্যাপারে আপনাকে ভাবতে হবে। এই ব্যাপারে আপনি চেষ্টা করুন, এবং বিভিন্ন পরিকল্পনা যাতে নেওয়া হয়, সেই ব্যাপারে চেষ্টা করবেন, এই ব্যাপারে আমাদের কোনও আপত্তি নেই।

[2-20 – 2-30 p.m.]

সেই পরিকল্পনার অন্য সিদ্ধান্ত হোক তাতে আমাদের আপত্তি নেই। ত্রাণের ক্ষেত্রে আরও ব্যবস্থা গ্রহণ করুন তাতেও আমাদের আপত্তি নেই। আমাদের আপত্তি সেইখানে, তদারকির দায় দায়িত্ব আপনার উপর থাকে না। থাকে না বলেই আপনি অনেক ক্ষেত্রে অনেক কাজ করতে পারেন না। আপনাকে অনুরোধ করব বিশেষ করে খরার ক্ষেত্রে—বন্যা আমরা অনেকটা দেখতে পাই মুর্শিদাবাদ এবং মালদাতে বন্যা হয়েছিল। আমার সুযোগ হয়েছিল বিধানসভার একটা সাবজেক্ট কমিটির সদস্য হিসাবে বন্যার সময়ে, বন্যার পরে মালদহ এবং মুর্শিদাবাদ এর আখরিগঞ্জ, ভূতনীর চর, সেকালীপুর, ফরাক্কা, ধূলিয়ানের মানুষ নদী বাঁধ ভাঙ্গনে, জলোচ্ছ্বাসে এর কারণে কিভাবে দুর্দশাগ্রস্থ হচ্ছে, এটা আমার দেখার সুযোগ হয়েছিল। ত্রাণ ব্যবস্থার ক্ষেত্রে আপনাকে পঞ্চায়েতের উপর নির্ভর করতে হয় তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়ার জন্য। চিঁড়ে গুড় ইত্যাদি সামগ্রী সরবরাহ করতে হয় কিন্তু খোঁজ নিয়ে দেখবেন যে, পঞ্চায়েত যে এগুলো বিলি করে, তারা অনেক সময়ে তাদের টাকা ফেরৎ পায় না। তাদের—পঞ্চায়েতের অডিটের সময়ে—যেখানে যেখানে হয়, এ রাজ্যে তো অডিট ব্যবস্থা উঠেই গেছে। সূর্যকান্ত মিশ্র মহাশয় তো নিজে স্বীকার করেছেন যে পঞ্চায়েতের ব্যাপারে অব্যবস্থা চলছে। ত্রাণ দপ্তরের যে টাকা বরাদ্দ করা হচ্ছে সে টাকা ঠিকমতো খরচ হচ্ছে কিনা, সঠিক ভাবে কাজ হচ্ছে কিনা এটা আমাদের ভাবতে হবে। মাননীয় মন্ত্রীর কাছে একটি কথা জানাই, আপনি নিশ্চয়ই জানেন, ত্রাণের ক্ষেত্রে একটা সময় ছিল যখন বিভিন্ন স্বেচ্ছাসেবী

সংস্থা—ভারত সেবাশ্রম সংঘ, রামকৃষ্ণ মিশন, আরও অনেক সংগঠন ত্রাণের কাজ করতে যেতেন। কিন্তু কোনও এক অদৃশ্য কারণে এই স্বেচ্ছাসেবী সংগঠনগুলোকে সঠিক ভাবে কাজ করতে দেওয়া হয় না। সি.পি.এম. কেন্দ্রীয় কমিটির এক সদস্যের অঙ্গুলি হেলনে স্বেচ্ছাসেবী সংস্থাগুলোকে স্বাধীন ভাবে কাজ করতে দেওয়া হয় না। এর ফলে বহু ক্ষেত্রে ত্রাণ ব্যবস্থা বিপর্যস্ত হয়ে যাচ্ছে। গ্রামাঞ্চলে মানুষ হতাশাগ্রস্থ হয়ে পড়েছে। আমি বলছিলাম মালদার ডি.এম. বাড়ি তৈরির ক্ষেত্রে টাকা দেয়নি। স্বাভাবিক ভাবে মেদিনীপুরের ক্ষেত্রে, যেখানে মেদিনীপুরের মানুষকে প্রতি নিয়ত বন্যাকে মোকাবিলা করতে হয় সেখানে স্থায়ী সমাধানের কোনও ব্যবস্থা নেই যদিও এটা এই এই দপ্তরের নয় কিন্তু এটা প্রাসঙ্গিক যে কাউন্সিল অফ মিনিস্টারস এর জয়েন্ট রেসপন্সিবিলিটি—দায়বদ্ধতা। সেই দপ্তরগুলো সঠিক ভাবে কাজ করে না বলে অনেক ক্ষেত্রে ত্রাণ দপ্তরকে অসুবিধার সম্মুখীন হতে হয়। আমি এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে, আমাদের আনা কাট মোশনের সমর্থনে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ ত্রাণ দপ্তরের পক্ষ থেকে ত্রাণ দপ্তরের মন্ত্রী যে ব্যয় বরাদ্দ রেখেছেন তাকে সমর্থন করছি। স্বাভাবিক কারণে পশ্চিমবঙ্গে ত্রাণ ব্যবস্থা আজকে কোনও পর্যায়ে এসেছে, এটা উল্লেখ করতে গেলে পরিপ্রেক্ষিতটা যেটা সামনে আসে তার মূল বিষয়টা হল পশ্চিমবঙ্গের অবস্থান বিশেষ করে দারিদ্র সীমার নিচে যে মানুষরা বসবাস করেন তার চেহারাটা সারা ভারতবর্ষের তুলনায় অনেক ভাল। যেখানে সারা ভারতবর্ষে দারিদ্র সীমার নিচে ৩৯ শতাংশ মানুষ বাস করে সেখানে পশ্চিমবঙ্গে বাস করে মাত্র ২৩ শতাংশ। এই অবস্থায় পশ্চিমবঙ্গের বামফ্রন্টের ২০ বছরের বিভিন্ন জনমুখী কর্মসূচি আজকে পশ্চিমবঙ্গকে এই অবস্থায় এনে দাঁড় করিয়ে দিতে পেরেছে। এই কথা পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ বিশ্বাস করে।

এইকথা পশ্চিমবঙ্গের সাধারণ জনগণ বিশ্বাস করে। আমি বক্তব্য রাখতে ওঠার সঙ্গে সঙ্গে একজন বিরোধী বন্ধু মন্তব্য করলেন যে, বালিতে বান হয়নি কিনা। আসলে আমি দেখি যে, তারা তাদের কেন্দ্রের বাইরে কখনও বেরোতে পারেন না। স্বাভাবিক ভাবেই পশ্চিমবঙ্গের বিধানসভার একজন সদস্য হয়ে সামগ্রিক ভাবে পশ্চিমবঙ্গের যে অবস্থা, কি গ্রাম বাংলায়, কি শহরাঞ্চলে, সর্বত্রই যে চেহারা, তার সম্পূর্ণ মূল্যায়ন করার যোগ্যতা নিয়ে আমরা এই জায়গায় এসেছি বলে মনে করি। রিলিফ নিয়ে যদি আগেকার বিতর্কগুলি দেখি, তাহলে দেখব যে, তখন এই ব্যাপারে বিতর্কের বিষয়টি ছিল গুরুত্বপূর্ণ। আজকে বিধানসভা অধিবেশনের চেহারা বুঝিয়ে দিচ্ছে যে, পশ্চিমবঙ্গে রিলিফের বিষয়টি অনেক গুরুত্ব হারিয়ে ফেলেছে। কারণ মানুষ আর আর্ত এই শব্দটা ব্যবহার করতে চায় না। তারা ত্রাণ চায় না। তারা প্রতিষ্ঠা চায় এবং পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সেই প্রতিষ্ঠা দিতে সামর্থ হয়েছে। আজকে আমরা এই কথা বলতে পারি যে, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের কৃষি নীতি এবং আমূল ভূমি সংস্কারের ফলে যে শ্রম দিবস গ্রামাঞ্চলে বেড়েছে, এক ফসলী জমি যেভাবে দু ফসলী হয়েছে এবং যেভাবে আজকে ক্ষুদ্র কুটীর শিল্প সমস্ত জায়গার গ্রামের মানুষের কাছে কাজ

এনে দিয়েছে, তাদের শক্ত সমর্থ করতে সাহায্য করেছে, তাতে তারা আর ভিক্ষাবৃত্তি চায় না। কংগ্রেস চায় পশ্চিমবঙ্গের মানুষ ভিখারির মতো হাত বাড়াক। আর ওরা ভিক্ষা ওদের হাতে তুলে দিতে পারে। আমরা জানি যে এখানকার মানুষ ভিখারি থাকতে চায় না। আজকে পঞ্চায়েতের মাধ্যমে রিলিফ পৌছে দেওয়া হচ্ছে এবং এই পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে যদি সত্য এই রিলিফ পৌছে দেওয়া যেতে পারে, তাহলে অনেক ভালো হবে। এর অনেক উদাহরণ আমাদের সামনে আছে। যদি ১৯৭৮ সাল থেকে ধরেন, তাহলে দেখবেন—১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার এসেছে। ১৯৭৮ সালে ১০৮ বছরের রেকর্ড ভাঙ্গা সেই বিধ্বংসী বন্যা হয়েছিল। সেই বন্যায় কংগ্রেসিরা আশা করেছিল যে, গ্রাম থেকে মানুষ কলকাতা শহরে ছুটে আসবে। আর পশ্চিমবঙ্গ সরকার নাস্তানাবুদ হয়ে যাবে। তাদের সে গুড়ে বালি পড়েছিল। ১৯৭৮ সালে কোনও মানুষ ভিক্ষা করতে এখানে আসেনি। পাশাপাশিভাবে আগেকার বক্তার বক্তৃতা আমাদের কাছে খুবই হাস্যকর মনে হয়েছে সেই বিষয়ে মাননীয় মন্ত্রী যথাসময়ে উত্তর দেবেন। আমি শুধু গতবছরের একটা উদাহরণ দিচ্ছি ১৯৯৫ সালে যে বিধ্বংসী বন্যা হয়েছিল সেপ্টেম্বর মাসে এবং আপনারা জানেন যে, সেই বন্যা নিম্নচাপ জনিত কারণে, বঙ্গোপসাগরে যে জলোচ্ছ্বাস হয়েছিল এবং প্রচুর যে বৃষ্টিপাত হয়েছিল তার ফলেই হয়েছিল। তাতে ১১৭টি ব্লকে ৭৮ লক্ষ মানুষ, ১১ লক্ষ বাড়ী আংশিক, সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছিল। তাতে ২১৬ জন মানুষ মারা গিয়েছিল। এই বন্যা সম্বন্ধে একটা স্মারকলিপি এই পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে পাঠানো হয় ১৯৯৫ সালের অক্টোবর মাসে। তখন আমাদের কেন্দ্রীয় সরকারের কাছে দাবি ছিল—ক্ষতি হয়েছে ১ লক্ষ ৯৪ হাজার ৩৫২ কোটি টাকার। আমাদের দাবি ছিল—৬৩ হাজার ১৯৯ কোটি টাকা। কিন্তু পর্যবেক্ষক এসেছিল, দেখেও গিয়েছিলেন। কিন্তু একটি কানাকড়িও দেননি পশ্চিমবঙ্গের জন্য। কারণ পশ্চিমবঙ্গের বন্যাক্লিষ্ট সব মানুষকেই ওরা সি. পি. এম ভেবেছিল। তাই কেন্দ্রীয় সরকার একটা টাকা দেবার প্রয়োজন মনে করেন নি। আজকে এরা কেন্দ্রের বঞ্চনার কথা শুনলে একটা অ্যালর্জি জনিত কারণে অসুখ হয়ে পড়ে। আমি স্যার এই কথা অবশ্যই বলতে চাই যে, এই পরিষেবা মানুষের কাছে অবশ্যই পৌছে দেব।

[2-30 -- 2-40 p.m.]

দুর্ভাগ্য হল স্বাধীনতার ৫০ বছর পরেও, আমরা, বন্যাজনিত কারণে যে সমস্ত অবস্থার সৃষ্টি হয়েছে তাকে মোকাবিলা করার জন্য প্রযুক্তিকে সঠিকভাবে ব্যবহার করতে পারিনি। আজকে কংগ্রেসকে বিগত দিনের কথা, ১৯৭২-৭৭ সালের কথা বললে তাঁরা ক্ষিপ্ত হন, তাঁরা চিৎকার করেন। আজ ডি. ভি. সি. ড্যাম শেষ করা হয়নি। এখানে ৮টি ড্যাম করার কথা ছিল, কিন্তু ৪টি ড্যাম হওয়ার পর আর বাকি ৪টি ড্যাম হল না। যেখানে ৮টি ড্যাম থাকলে প্রয়োজনীয় জল ধরে রাখা সম্ভব হত, সেখানে ৪টি ড্যাম না হওয়ায় জল ছেড়ে দিতে হচ্ছে। তাই আজকে ডি. ভি. সি. আমাদের কাছে আশীর্বাদ না হয়ে অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। আজ ডি. ভি. সি. ইন-কমপ্লিট কর্পোরেশনে পরিণত হয়েছে। কিন্তু আজ পশ্চিমবঙ্গ

সরকারের ত্রাণ ব্যবস্থার ক্ষেত্রে কিছু সুনির্দিষ্ট প্রস্তাব আছে। নির্দিষ্ট প্রস্তাব এই কারণে যে বন্যাজনিত কারণে যে দুর্ঘটনা ঘটে, তাতে পরিকল্পনা মধ্যে দিয়ে সমস্ত নদীর জলগুলো কিভাবে আমরা সংরক্ষণ করতে পারি, খরা এলাকায় কিভাবে আমাদের ফসল ফলানোর ক্ষেত্রে কার্যকর ভূমিকা নিতে পারে তার জন্য ব্যাপক পরিকল্পনার প্রয়োজন হয়। আমাদের কাছে কিছু উদাহরণ আছে। চিনের হোয়াংহো নদী চিনের অভিশাপ ছিল। কিন্তু আজকে প্রযুক্তিকে সঠিক ভাবে ব্যবহার করে চিনের হোয়াংহো নদী চিনের ১০০ কোটি মানুষের কাছে আশীর্বাদ হয়ে দাঁড়িয়েছে। এখন হোয়াংহো নদীর জলের সংরক্ষণ এবং উন্নত পরিকল্পিত সেচ ব্যবস্থার জন্য আজকে সেখানে ফসল ফলানোর ক্ষেত্রে দারুণ ভূমিকা পালন করছে। এই ব্যাপারে আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে পরিকল্পনা থাকা দরকার, পাশাপাশি সতর্কীকরণের ব্যবস্থাও থাকা দরকার। মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া প্রভৃতি জেলায় প্রতি বছর শুখার সময়ে খরা মোকাবিলা করার জন্য আমরা গর্বের সাথে ঘোষণা করতে পারি বামফ্রন্ট সরকার গ্রামে গ্রামে পরিকল্পিত ভাবে ডিপ টিউবওয়েল তৈরি করে জল পৌঁছে দেওয়ার ব্যবস্থা নিয়েছে। এই ভাবে সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা তৈরি করে আমাদের এগিয়ে যেতে হবে। এছাড়া মানুষের তৈরি যে দুর্ঘটনাগুলো আছে, যেমন পৌর এলাকা বরানগর এবং বেহালায় বম্প ব্লাস্টিং, রেপসিড তেল খেয়ে অসুস্থতা ইত্যাদি ব্যাপারে জনমত গড়ে তুলতে হবে। এই কথা বলে আমি আমাদের ব্যয়-বরাদ্দকে সমর্থন করছি এবং পাশাপাশি বলছি কংগ্রেস এখনও মূর্খের স্বর্গে বাস করছে। তাই তাদের বলি আপনারা কাট-মোশনকে অ্যাড মোশন করুন।

**শ্রী আকবর আলি খোন্দকর ঃ** আজকে ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী সত্যরঞ্জন মাহাতো মহাশয় যে বাজেট বিবৃতি দিয়েছেন সেই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কংগ্রেস দলের আনীত কাট মোশনকে সমর্থন করে আমি ২-৪টি কথা বলতে চাই। আমাদের দলের তরফ থেকে মাননীয় গোপালকৃষ্ণ বাবু বক্তব্য রেখেছেন এবং সরকার পক্ষ থেকে কণিকা দেবী বক্তব্য রাখলেন। আমি গ্রামবাংলার ছেলে। মাননীয় মন্ত্রী মহাশয়, ২২টা অংশকে ভাগ করেছেন। আমি কোনও পরিসংখ্যান না দিয়ে বাস্তব অবস্থা বোঝাতে চাইছি। আমি হুগলী জেলার খানাকুলের মানুষ সেখানে বছরে ৩বার বন্যা হয়। খানাকুলের মানুষ হিসাবে আমি দেখেছি যে বন্যার সময় এই জায়গার অবস্থা কি হয় এবং সেই অবস্থায় সরকার বাহাদুরের পাইক-বরকন্দাজরা কিভাবে ত্রাণ দেয় তার কিছু নিদর্শন আমি তুলে ধরতে চাই। ৪,৫,৬,৭ নং অনুচ্ছেদে উনি বলেছেন 'মানুষ ক্ষতিগ্রস্থ হয়েছে ২০.৪১ লক্ষ। মানুষ মারা গেছে ৮২ জন, নিখোঁজ হয়েছে দুজন'। নিখোঁজ দুজনকে এখনো পাওয়া যায়নি, ধরে নিলাম মোট ৮৪ জন মারা গেছে এবারের বন্যায়। বামফ্রন্ট সরকারের এই ২০ বছর ধরেই শুনে আসছি ক্ষতিগ্রস্থ হয়েছে, মারা গেছে। এটা বন্ধ করার জন্য কিছু করেছেন? বালির বস্তা দিয়ে নদীর পাড় বাঁধাবার চেষ্টা করছেন, একবারের জায়গায় ছবার টেণ্ডার করা হচ্ছে। সেটা আবার পাবে সি. পি. এম.-এর লোক—ফরোয়ার্ড ব্লক, আর. এস. পি.র লোক মাঝে মাঝে পাবে। খানাকুল, মুণ্ডেশ্বরীর বন্যার কথা আপনাদেরও মনে আছে। মুণ্ডেশ্বরী, দামোদর এই

দুটো নদী মানুষ এখন হেঁটে পার হতে পারে। আবার বর্ষার সময় তার গর্জনে হার্টের রোগীর হার্ট ফেল পর্যন্ত হতে পারে—এত তার গর্জন। আর বালির বস্তা দিয়ে পাড় বাঁধাবার চেষ্টা হচ্ছে, সেসব তো ভেঙ্গেই যাচ্ছে, লাভ কি হচ্ছে তাতে? আজকে বাজেটে টাকার অঙ্ক লেখা থাকে, ত্রাণ দেবেন, নদীর পাড় বাঁধাবেন, কিছু কাপড় ছুড়ে দেবেন—এই তো? মাননীয়া কণিকা দেবী বললেন, 'পশ্চিমবঙ্গের অবস্থা খুব ভালো'। মানুষ ভিক্ষা নিক, দান নিক, এটা কাঙ্খিত নয়। কিন্তু আপনি জানেন কি, যেটা অত্যন্ত দুঃখের বিষয়, লজ্জার বিষয়, যেটা ২০ বছর সরকারে থেকে বন্ধ করতে পারেননি—আজও মানুষ মানুষের মল মাথায় করে নিয়ে যায় রাস্তা দিয়ে। হ্যাঁ, হুগলি জেলার প্রত্যেকটি পৌরসভায় এটা দেখতে পাবেন।

আর এক জায়গায় বলেছেন, কেন্দ্রীয় সরকারের কাছে সাহায্যের জন্য গিয়েছিলেন, তারা কিছুই দেয়নি। তারা তো আপনাদের বন্ধু সরকার, তাদেরই তো সমর্থন করেছিলেন সরকার গঠন করতে। আর যখন কেন্দ্রের কংগ্রেস সরকার ছিল, তারা কিছু না দিলে তো খুব চিৎকার করতেন। এখন নীরব কেন? আজকে দার্জিলিং জেলার কালিম্পঙে ভয়াবহ ধ্বসে ২.৫ কোটি টাকার সম্পত্তি নষ্ট হয় এবং সেখানকার মানুষের খাওয়া-দাওয়ার ব্যবস্থাও করেন। দার্জিলিং ছাড়াও বহু জায়গায় ঘর বাড়ি পুড়ে যাচ্ছে, ক্ষয়-ক্ষতি হচ্ছে। সেখানে কি এটা দেখা যায়? সেখানে দেখা যায়, যদি গ্রামপঞ্চায়েতের প্রধান সি. পি. এম.-এর হয়, সি. পি. এম.-এর লোকের ঘর পোড়ে, তারা সাহায্য পায়। আমার চণ্ডীতলার নবাবপুরে একজনের বাড়ি পুড়ে যায়, তিন মাসধরে বি. ডি. ও., সভাপতির কাছে আবেদন-নিবেদনেও সাহায্য পাওয়া যায়নি, একটা ত্রিপলও দেওয়া হয়নি। কারণ কি? সে কংগ্রেস সদস্য।

[2-40 – 2-50 p.m.]

এই রকম উদাহরণ পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ পাওয়া যাবে। আজকে সাধারণ দাঙ্গা-হাঙ্গামা থেকে শুরু করে সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা পর্যন্ত যেখানে সি. পি. এম. পার্টির স্বার্থ না থাকে সেখানে কি অবস্থা? আপনারা দয়া করে যে ৪ ফুটের ত্রিপল সিট দিচ্ছেন তাতে একটা চারজন-এর পরিবারের কিছু হয়? ঐ রকম একটা ত্রিপলে তাদের ঘর ঢাকা যায় কি না সেটা আপনারা লক্ষ্য করেন না। ত্রাণের নামে আজকে পশ্চিমবাংলার মানুষের সঙ্গে প্রহসন করা হচ্ছে? মানুষ কত সহ্য করবে? আপনারা করণদীঘির কথা বললেন। সেখানে তো আপনারা পার্টির ইন্টারেস্ট দেখেছেন। কিন্তু কোথাও যদি সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা হয়, কংগ্রেসি কর্মীদের ঘর-বাড়ি পুড়ে যায়—মেদিনীপুরে এই রকম বহু উদাহরণ আছে, সেখানে গ্রামের পর গ্রাম পুড়িয়ে দেওয়া হয়েছে কিন্তু আপনারা লক্ষ্য করেননি। আপনারা ভাবছেন, লালঝাণ্ডা যেখানে থাকবে সেখানেই সব কিছু করা হবে—এটা চলতে পারেনা।

বেহালাতে রেপসিড তেল খেয়ে বহু মানুষ অসুস্থ হয়ে পড়ল। কিন্তু আপনারা তাদের ঠিকমতো সাহায্য করতে পারলেন না। স্যার, এখানে বলা হয়েছে, 'প্রাকৃতিক দুর্যোগ ছাড়াও অন্যান্য ক্ষেত্রে, গ্রামে ও শহরে বসবাসকারী কুষ্ঠরোগগ্রস্ত, অন্ধ, খঞ্জ, অনাথ ও উপার্জনাক্ষম

দুঃস্থ মানুষদের দুর্দশা কমাতে খয়রাতি সাহায্য দেওয়া হয়। কিন্তু দেখা যায় মানুষ মরে গেলে পরে এই সাহায্য গিয়ে পৌঁছায়। এটা যাতে ঠিকমতো, ঠিক লোকের কাছে, ঠিক সময়ে গিয়ে পৌঁছায় সেটা দেখা দরকার। স্যার, আমার সময় হয়ে গেছে, আলো জ্বলে উঠেছে, তাই আমি কাট-মোশনের সমর্থন করে আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রী হাফিজআলম শৈরাণা** ঃ মাননীয় ডেপটি স্পিকার স্যার, মাননীয় ত্রাণমন্ত্রী এখানে যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। আমাদের বিরোধী দলের সদস্য এখানে যে বক্তব্য রেখেছেন তার মধ্যে দিয়ে প্রমাণ হয়েছে যে, এব্যাপারে তাঁদের বিশেষ কিছুই অভিযোগ নেই, যেটুকু অভিযোগ আছে সেটা পঞ্চায়েত দপ্তরের বিরুদ্ধে। পঞ্চায়েত দপ্তরের যখন বাজেট আসবে তখন এবিষয়ে আপনারা আপনাদের সমালোচনার কথা বললেন এটা আমি আশা করি। এছাড়া কয়েকটা কথা এখানে তুলে ধরা হয়েছে। আগুনে ঘর-বাড়ি পুড়ে যাওয়ার ব্যাপারে টাকাটা ন্যাশনাল ইন্সিওরেন্স কোম্পানির মাধ্যমে দেওয়া হয় এবং সেটা পঞ্চায়েতের মাধ্যমে বিতরণ হয়। মাননীয় সদস্যরা জানেন না যে, টাকাটা পঞ্চায়েত-এর মাধ্যমে দেওয়া হয়না। ক্ষতিগ্রস্ত ব্যক্তির নামে নির্দিষ্ট করে ন্যাশনাল ইন্সিওরেন্স কোম্পানি চেক দেয় এবং সেই ক্ষতিগ্রস্ত ব্যক্তি সেটা ভাঙ্গিয়ে টাকা তুলে নিতে পারে। মাননীয় খোন্দকর সাহেব নদী ভাঙ্গনে বালির বাঁধের কথা উল্লেখ করেছেন। আমি তাকে বলতে চাই, ত্রাণ দপ্তরের কাজ হচ্ছে, প্রাকৃতিক দুর্যোগ থেকে তৎক্ষণাত মানুষকে কি করে রক্ষা করা যায়—এটা দেখা। ভাঙ্গনকে কি করে রোধ করা যায় এটা তাদের দেখার বিষয় নয়। অতএব, ত্রাণ দপ্তর যে করেছেন সেটা সঠিক ভাবেই করেছেন, এটা তাঁদের বোঝা উচিৎ ছিল। স্যার, আমি যে কথাটা আপনার সামনে তুলে ধরতে চাই সেটা হচ্ছে বামফ্রন্ট সরকারের জন্মলগ্ন থেকে অর্থাৎ ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত যেভাবে পশ্চিমবাংলা বন্যা ও খরার মোকাবিলা করেছে অন্তত পক্ষে সেই কারণে কংগ্রেসি বন্ধুদের বামফ্রন্টের ত্রাণ দপ্তরকে ধন্যবাদ দেওয়া উচিত ছিল এবং কিভাবে বন্যা ও খরার মোকাবিলা করতে হয় সেটাও তাদের শিক্ষা নেওয়া উচিত ছিল। কিন্তু তাঁরা যেহেতু সমালোচনা করতেই হয় তাই এখানে সমালোচনা করে গেছেন। তাঁরা কি চান? আমরা ত্রাণ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ভাবে দুর্বল শ্রেণীর মানুষদের যে সাহায্য করে থাকি, সেই সাহায্য করা কি আমাদের অপরাধ? সেই সাহায্য করা কি আমাদের উচিত নয়? তাঁদের বোঝা উচিত যখন দুর্যোগ নেমে আসে তখন সেখানকার মানুষদেরও এগিয়ে আসতে হয়। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের যে পঞ্চায়েত ব্যবস্থার পরিকাঠামো গড়ে তুলেছে, সেই পরিকাঠামোর মধ্যে দীর্ঘদিন ধরে এই বন্যা ও খরার মোকাবিলা তারা করে আসছে এবং যার ফলে দেখা যাচ্ছে যেখানে প্রাকৃতিক দুর্যোগ নামে আমরা তার মোকাবিলা করতে পেরেছি। মানুষের যে প্রতিবাদী মুখ সেই মুখ থেকে আমরা রেহাই পেয়েছি এবং তারই ফলে আমরা বার বার নির্বাচিত হয়ে আসছি, আর তার ফলেই কংগ্রেসিরা এ দিকে আসার যে স্বপ্ন দেখেছেন সেটা ব্যর্থ হয়েছে। ত্রাণ দপ্তরের ক্ষেত্রে আমরা এটা গুরুত্ব দিই না যে কে কংগ্রেস, কে সি. পি. এম., কে আর. এস. পি, কে ফরোয়ার্ড

ব্লক। যখন মানুষ এই প্রাকৃতিক দুর্যোগের মধ্যে পড়ে তখন এই ত্রাণ দপ্তর তার সীমিত ক্ষমতার মধ্যে যথাসাধ্য সাহায্য করার চেষ্টা করে থাকে। তারই নিদর্শন স্বরূপ ১৯৯৬-৯৭ সালে কি কি ব্যবস্থা নিচ্ছেন তার যথাযথ দিক মাননীয় মন্ত্রী মহাশয় তুলে ধরেছেন। আমি একটি ব্যাপারে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে দুর্গাপূজোর সময় এবং ঈদের সময় কাপড় বিতরণ করার ব্যবস্থা আছে। আমি বলব এই বিতরণের সিস্টেমটার পরিবর্তন করা যায় কি না। এখনও আছে যে মহকুমা শাসকের দপ্তরে কাপড় পাঠানো হয়, সেখান থেকে এম. এল. এ.-দের দিয়ে বিতরণ করা হয় এবং বিতরণ করার পর তাদের মাস্টার রুল জমা দিতে হয়। আমি এই ব্যবস্থার পরিবর্তন চাইছি যে কাপড়গুলি যাতে বি. ডি. ও.-দের কাছে পাঠিয়ে দেওয়া হয় এবং এম. এল. এ.-রা বি. ডি. ও.-র কাছে দুঃস্থদের নামের লিস্ট জমা দেবে এবং সেই লিস্টের ভিত্তিতে কাপড় বিতরণ করার ব্যবস্থা করা হোক। আমি আরেকটি অনুরোধ করব যে এই কাপড়ের মান অত্যন্ত খারাপ, যাতে এর মান বাড়ানো যায়। যদিও আমাদের ক্ষমতা 'সীমিত, সেই সীমিত ক্ষমতার মধ্যে থেকেই এই কাপড়ের মান বাড়ানোর জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের নিকট অনুরোধ করছি। আরেকটি ব্যাপারেও আমি বলতে চাই যে, যে পরিমাণ কাপড় এম. এল. এ.-দের বিতরণ করার জন্য দেওয়া হয় সেই পরিমাণটা একটু বাড়ানোর জন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব।

[2-50 – 3-00 p.m.]

এইচ. বি. গ্রান্টের টাকা নিয়ে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা অনেক অভিযোগ তুলেছেন। আমি এই সিস্টেম চেঞ্জ করার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি। বাড়ি-ঘর পুড়ে গেলে ন্যাশনাল ইন্সুরেন্সের মাধ্যমে যেভাবে টাকা বেনিফিসিয়ারিদের হাতে তুলে দেওয়া হয় সেভাবে এইচ. বি. গ্রান্টের টাকাও সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হলে ১০০০ টাকা এবং আংশিক ক্ষতিগ্রস্ত হলে ৫০০ টাকা পৌঁছে দেবার ব্যবস্থা করা হোক। এর সাথে সাথে আমার আরো প্রস্তাব হচ্ছে বন্যা কবলিত জেলাগুলোর প্রতিটি ব্লকে একটা করে রেসকিউ সেন্টার অবিলম্বে গড়ে তোলা দরকার। যখন বন্যা হবে তখন সেই সব সেন্টারগুলোয় বন্যা পীড়িত মানুষদের তুলে এনে রাখা হবে, অন্য সময় সেই বাড়িগুলোকে প্রাইমারি স্কুল বা হাইস্কুল হিসাবে ব্যবহার করা যেতে পারবে। আমার এই প্রস্তাবটা মন্ত্রী মহাশয়কে বিবেচনা করে দেখতে আমি অনুরোধ করছি। এ ছাড়া আমরা দেখি কোথাও অগ্নি কাণ্ডের ঘটনা ঘটলে বি. ডি. ও. বা এস. ডি. ও.-র কাছে দরবার করলে তিনি বলেন, ত্রাণ সামগ্রী নেই। সেজন্য আমার অনুরোধ অগ্নি-কাণ্ড জনিত ঘটনার প্রয়োজনীয় কিছু ত্রাণ সামগ্রী ব্লক স্তরে এবং মহকুমা স্তরে মজুত রাখার ব্যবস্থা করতে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ইদ মহম্মদ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ত্রাণ দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী সত্যরঞ্জন মাহাতো যে ব্যয়-বরাদ্দের বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং কংগ্রেসের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে আমি তার বিরোধিতা করছি। ভৌগলিক কারণে

পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গা বিভিন্ন ধরনের। ফলে সারা বছর ধরেই কোথাও না কোথাও প্রাকৃতিক দুর্যোগ লেগেই আছে। উত্তরবঙ্গের পাহাড়ী এলাকায় বর্ষার সময় ধ্বস নামে। মাঝের মালদা ও মুর্শিদাবাদে পদ্মার ভাঙন, গঙ্গার ভাঙন এবং বন্যা প্রতি বছরই হচ্ছে। পশ্চিম দিকে বাঁকুড়া পুরুলিয়ায় খরা দেখা দেয়। দক্ষিণবঙ্গের মেদিনীপুরের সমুদ্র উপকূলবর্তী অঞ্চলে ঝড়, ঝঞ্ঝা, জলোচ্ছ্বাস ঘূর্ণী-ঝড় লেগেই আছে। দক্ষিণ ২৪-পরগনার দিকে নদী বাঁধের ভাঙন, সামুদ্রিক জলোচ্ছ্বাস, ঘূণী-ঝড় এবং বন্যা প্রতি বছরই হচ্ছে। অর্থাৎ গোটা পশ্চিমবঙ্গে প্রাকৃতিক দুর্যোগ লেগেই আছে—কখনো বন্যা, কখনো খরা, কখনো ধ্বস, কখনো ভাঙন। এই অবস্থার মধ্যে পশ্চিম বঙ্গের বামফ্রন্ট সরকার ১৯৭৭ সাল থেকে তার সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে পঞ্চায়েত ব্যবস্থার সাহায্যে, গ্রাম পঞ্চায়েতের সদস্যদের সাহায্যে ত্রাণ কার্য যুদ্ধকালীন জরুরি ভিত্তিতে দুর্গত মানুষের কাছে পৌঁছে দিয়ে যাচ্ছে। অথচ আমরা এর আগে কংগ্রেস রাজত্বকালে লক্ষ্য করতাম বন্যা বা কোনও রকম প্রাকৃতিক দুর্যোগ দেখা দিলে মহামারি দেখা দিত। কিন্তু বামফ্রন্ট আমলে কখনো কোথাও মহামারি দেখা দেয়নি। শুধু ত্রাণ সামগ্রী দিয়েই সাহায্য করা হয় তা নয়, যখনই কোনও দুর্যোগ দেখা দেয় তখনই দুর্গত মানুষকে বাঁচাবার জন্য বামফ্রন্টের গ্রাম পঞ্চায়েত সদস্য থেকে শুরু করে প্রতিটি গণতান্ত্রিক চেতনা সম্পন্ন মানুষ ঝাঁপিয়ে পড়েন। সরকারের পক্ষ থেকে উদ্ধার কার্যের জন্য সব রকম ব্যবস্থা করা হয়। যে সমস্ত দুর্গত মানুষদের বাড়ি-ঘর ভেঙে যায় তাদের তা মেরামত করার জন্য টাকা পয়সা দেওয়া হয়, খাদ্য দেওয়া হয়। আমরা দেখছি মানুষ গম পায়, টাকা পায়। গম খেয়ে তারা বাঁচে এবং টাকা দিয়ে নিজেরাই নতুন করে ঘর-বাড়ি তৈরি করে নেয়। আমরা দেখছি পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে বামফ্রন্ট আমলে ত্রাণ সামগ্রী সুষ্ঠুভাবেই বিলি-বন্টন করা হচ্ছে। আমার সময় কম, দীর্ঘ বক্তব্য রাখার সুযোগ নেই। কাজেই আমি কয়েকটি সাজেশন রেখে আমার বক্তব্য শেষ করব। অগ্নিকাণ্ডের ঘটনায় যেসব ঘর বাড়ি পুড়ে যায় তাদের ইন্সিওরেন্স কোম্পানির কাছ থেকে টাকা পয়সা পেতে অনেক দেরি হয়।

আমরা জানি, পঞ্চায়েত প্রধান রেকমেন্ডেশন করে, থানায় ডায়েরি করতে হয়, তারপর ফরম পূরণ করে ব্লকে জমা দিতে হয়। বি.ডি.ও. সেই ফরম পাঠিয়ে দেয়। এই প্রক্রিয়া চলতে চলতে ১ বছর, ২ বছর কেটে যায়। তারপর সেই ব্যক্তি যখন টাকা পেল, সেই টাকা দিয়ে ঘর বাড়ি তৈরির সেই কাজে ব্যবহার করতে পারে না। কাজেই এই যে টাকা পেতে এত বিলম্ব হয় তার জন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে প্রস্তাব রাখছি, যাদের ঘর বাড়ি ভেঙ্গে যায়, তারা সেই ঘর বাড়ি তৈরি করার জন্য দ্রুত যাতে টাকা পায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা আপনি গ্রহণ করুন। আর একটি আবেদন মন্ত্রী মহাশয়ের কাছে রাখব, এই যে ত্রিপল দেন, সেই ত্রিপলের কোয়ালিটি খুবই নিম্নমানের। সুতরাং এই ত্রিপলের কোয়ালিটির মানকে আরও বাড়াতে হবে। অনেক জায়গায় দেখেছি, এই ত্রিপলগুলি টাঙাবার কোনও বাঁশ খুঁটি থাকে না। যাদের ঘর বাড়ি পুড়ে যায়, যাদের বাঁশ খুঁটি পড়ে যায় তাদের ত্রিপল টাঙাবার ব্যবস্থা না থাকার জন্য এক্ষেত্রে টেন্টের প্রয়োজন আছে। এ ছাড়া বন্যায় যখন দেশ ভেসে

যায়, যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে যায় তখন যে ত্রাণের ব্যবস্থা করেন সেই ত্রাণ ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টারে অনেক দেরি করে পৌঁছায়। তাই আমার প্রস্তাব হচ্ছে, প্রতিটি জেলায় মজুত ভান্ডার গড়ে তোলা দরকার যাতে যুদ্ধকালীন তৎপরতায়, জরুরি ভিত্তিতে যেসব মানুষ বন্যায় ক্ষতিগ্রস্থ হয়ে পড়ে তাদের সাহায্য করা যায়। কারণ কলকাতা থেকে ত্রাণ সামগ্রী জেলায় যেতে অনেক সময় লাগে। ফলে মানুষের কাছে পৌঁছতে অনেক দেরি হয়। জেলায় যদি মজুত ভান্ডার হয় তাহলে (হেড কোয়ার্টার) সেটার ডিস্ট্রিবিউশন ডি.এম.-এর মাধ্যমে হতে পারে, কিংবা সভাধিপতির মাধ্যমে হতে পারে। আর একটি প্রস্তাব রাখছি, অনেক সময় আমরা দেখেছি, ফ্লাড সেন্টারগুলিতে এসে লোকগুলি আশ্রয় নেয়। ওখানে গ্রুয়েল কিচেন করা হত, এখন সেই লঙ্গরখানা করা হয় না। এইসব বন্যায় ক্ষতিগ্রস্থ মানুষদের সাময়িক রিলিফ যদি দেওয়া যায় সেই ব্যবস্থা করার জন্য আমি আবেদন রাখছি। বিশেষ করে, খয়রাতি সাহায্য খুবই কম এবং তার সংখ্যাও খুব কম। তাই আমার অনুরোধ, সাহায্য এবং সংখ্যার পরিমাণ বাড়াতে হবে। বিশেষ করে, পুরুলিয়া এবং বাঁকুড়ার দিকে অনেক মানুষ কুষ্ঠব্যাধিতে ভোগে। অক্ষম বলে এরা কাজ কর্ম করতে পারে না এবং পায়ও না। এইরকম অবশ্য আরও বহু জেলা আছে। এইসব লোকেদের জন্য, অক্ষম ব্যক্তিদের জন্য ত্রাণ এবং খয়রাতি সাহায্যের পরিমাণ আরও বাড়াতে হবে। এখানে কাপড়ের গুণগত মানের কথা উঠেছে। আমিও বলছি, কাপড়ের গুণগত মান বাড়াতে হবে এবং প্রাপকের সংখ্যাও বাড়াতে হবে। কারণ, একটা কনস্টিটুয়েনসিতে অনেকগুলি গ্রাম আছে। কাপড়ের পরিমাণ এতই কম থাকে যেসব গ্রামেতে সেই কাপড়গুলি গিয়ে পৌঁছায় না। এখানে কাপড়ের বিলি বন্টন ব্যবস্থার কথা উঠেছে। আমি এই প্রসঙ্গে প্রস্তাব আকারে রাখছি, ডি.এম.-এর নাজীরখানা থেকে কাপড় তুলে আনতে হয়। একটা এম.এল.এ.-র পক্ষে সব কাজ করা সম্ভব নয়। এজেন্সির মাধ্যমে করলে ভাল হয়। এ ছাড়া মাস্টার রোল সব সময়ে দেওয়া যায় না। কারণ পেতে অনেক অসুবিধা হয়। সেইজন্য এম.এল.এ. যদি শুধু ইউটিলাইজেশন সার্টিফিকেট সাবমিট করে যে, ডিসট্রেস পারসন্সকে বিলি বন্টন করা হয়েছে—এইরকম সার্টিফিকেট যদি দেন তাহলে আমার মনে হয় ভাল হবে। কারণ মাস্টার রোল তৈরি করার একটা ঝামেলা আছে। এই ব্যাপারে আপনি ভেবে দেখবেন। বিলি বন্টনের ক্ষেত্রে সরলীকরণ করার পদ্ধতি আপনি ভেবে দেখবেন। সর্বোপরি আমি যে কথাটা বলতে চাই, রিলিফ ব্যবস্থার ক্ষেত্রে আমরা দেখছি, যাদের ঘর বাড়ি ভেঙ্গে গেছে তাদের ঘর বাড়ি তৈরি করার ক্ষেত্রে পঞ্চায়েতের মাধ্যমে টাকা দেওয়া হয়। এক্ষেত্রে অনেক সময় নিরপেক্ষতা বজায় থাকে না, ভুলভ্রান্তি হয়। যাদের ঘর ভেঙ্গেছে সেই পার্টিকুলার লোকরা যাতে পায় সেটা আপনি দেখবেন। দু-একটি ক্ষেত্রে আমি অনিয়মের কথা শুনেছি। এ ব্যাপারে যাতে সরাসরি তদন্ত করা যায়, হস্তক্ষেপ করা যায় সেইদিকে নজর দেবার জন্য অনুরোধ জানিয়ে এই বাজেটকে পুরোপুরি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-00 – 3-10 p.m.]

**শ্রী সেখ দৌলত আলি :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, ত্রাণ দপ্তরের মন্ত্রী মহাশয় আজ এই সভায় তার দপ্তরের যে ১২৩ কোটি ৪৪ লক্ষ টাকার ব্যয় বরাদ্দ মঞ্জুরির দাবি পেশ করেছেন তার বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলছি। স্যার, আমি প্রথমেই বামফ্রন্টের সেইসব বন্ধুদের ধন্যবাদ জানাই যারা সুন্দর ভাবে এই দপ্তরের ব্যর্থতার দিকগুলি তুলে ধরেছেন। তারা সঠিক ভাবে বলেছেন, রিলিফের যে মাল দেওয়া হয় এবং এম.এল.এ. কোটায় পূজা ও ঈদের সময় যে কাপড় দেওয়া হয় তা অত্যন্ত নিম্নমানের। এ ব্যাপারে তারা মন্ত্রীকে সতর্ক করে দিয়েছেন। এটা এক প্রকারের মন্ত্রীর প্রতি অনাস্থাই তারা প্রকাশ করেছেন। আমি সেজন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি। স্যার, সরকারি দলের তরফ থেকে বক্তব্য রাখার সময় বলা হয়েছে যে পঞ্চায়েতের বাজেট যখন আসবে তখন তারা এ নিয়ে বিস্তারিত ভাবে বলবেন। এ ক্ষেত্রে আমার তাই জিজ্ঞাস্য, তাহলে কেনই বা এই বাজেট বক্তৃতা রাখা হয়েছে এবং কেনই বা তার আলোচনা হচ্ছে? মন্ত্রী মহাশয় তার বাজেট বক্তৃতায় ত্রাণ শিবিরের কথা বলেছেন এবং খয়রাতি সাহায্যের কথা বলেছেন। আমি তাকে বলব, যদি আপনার সদস্যরা এ ব্যাপারে ওয়াকিবহাল না থাকেন তাহলে তুলে দিন না আপনার দপ্তর। পঞ্চায়েত সমিতিই যদি ত্রাণের ব্যাপারে সব কিছু বলবে এবং করবে এবং এরা যদি বলেন পঞ্চায়েত বাজেটের সময় তারা তাদের বক্তব্য রাখবেন তাহলে কিসের জন্য এই দপ্তর? স্যার, এরা বলেন, কংগ্রেস নাকি মুর্খের স্বর্গে বাস করছে, আমি আপনার মাধ্যমে ওদের জিজ্ঞাসা করি, ওরা তাহলে কোন জগতে বাস করছেন তা বলবেন কি? একথা ঠিক যে মন্ত্রী মহাশয় তার বাজেট বক্তৃতায় সত্যের অপলাপ করেননি। তিনি বলেছেন, আজকের দিনে বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যার ক্ষেত্রে বিখ্যাত বিখ্যাত পন্ডিতরা থাকা সত্ত্বেও প্রকৃতির ভয়ঙ্কর খামখেয়ালিপনার বিরুদ্ধে আমরা কিছু করতে পারছি না। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি, প্রকৃতির খামখেয়ালিপনা রোখার জন্য তার বাজেটে কোথাও কি তিনি মাস্টার প্ল্যানের কথা বলেছেন? উনি বলেছেন, ১৯৯৬ সালের জুলাই, আগস্ট মাস থেকে উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলাতে বন্যা হয়েছে। বন্যা এবং অতিবৃষ্টির কথা আমরা জানি। অতিবৃষ্টির সময় আমরা দেখেছি ডি.ভি.সি. এবং ময়ূরাক্ষী ইত্যাদি জলাধার থেকে অতিরিক্ত জল ছাড়ার ফলে বন্যা ভয়ঙ্কর আকার নেয়। তা ছাড়া প্রকৃতগত ভাবে বন্যা তো আছেই। আপনি বলেছেন প্রতি বছরই বন্যা হচ্ছে। আমার জিজ্ঞাস্য, এই বন্যা প্রতিরোধের জন্য আপনার কি কোনও মাস্টার প্ল্যান আছে? এই প্রসঙ্গে বলি, আমি ডায়মন্ডহারবারের লোক, আমাদের ওখানে সামুদ্রিক জলোচ্ছ্বাস হয়ে গেল, আপনার বক্তৃতায় সামুদ্রিক জলোচ্ছ্বাসের কথাও আছে কিন্তু তারজন্য সেখানে কি ত্রাণের ব্যবস্থা করলেন? সেখানে কিছু বালি ফেলে জায়গাটা ভরাট করা হল। আজকে সেখানে হাড়হাভাতে অবস্থা। কোন ধরনের ত্রাণ সেখানে সংগঠিত করেছেন তা সেখানে গেলেই দেখতে পাবেন। এক্ষেত্রে যদি মাস্টার প্ল্যান থাকত তাহলে সঙ্গে সঙ্গে ব্যবস্থা হতে পারত বলেই আমি মনে করি। এই প্রসঙ্গে আপনাকে বলি, প্রচন্ড সামুদ্রিক ঝড়ে গরিব

মানুষদের ঘর উড়ে গিয়েছে, বি.ডি.ও.-কে গিয়ে বলা হল, ১০টা ত্রিপল দিন কিন্তু তিনি বলেছেন ত্রিপল নেই। এ ক্ষেত্রেও যদি মাস্টার প্ল্যান থাকত তাহলে সঙ্গে সঙ্গে সেখানে আমরা খয়রাতি সাহায্য দিতে পারতাম। ওদের কেউ কেউ বললেন যে ত্রাণ দপ্তরে নাকি ভাল কাজ হয়েছে। আপনাদের বলি, সত্যিকারের ভাল কাজ হতে পারত যদি আপনারা সঙ্কীর্ণমনায় না ভুগতেন। বন্যার সময় সবাই চিৎকার করেন যে সর্বদলীয় কমিটি হোক কিন্তু আপনারা সেখানে মাথা নাড়লেন, করলেন না।

আপনারা কি করলেন? আপনারা নিজেদের দলের লোকজন নিয়ে আলাপ-আলোচনা করে করলেন। ফলে যা হবার তাই হল। আপনারা সামগ্রিক ভাবে এটা করলেন না। আপনারা বন্যার মোকাবিলা করবেন, খরার মোকাবিলা করবেন, প্রাকৃতিক খেয়ালিপনার বিরুদ্ধে মোকাবিলা করবেন, কিন্তু সেখানে সকল দলের সাহায্য চাইবেন না। আপনারা যদি সকল দলের সাহায্য না চান তাহলে ত্রাণের টাকা বা অন্য সাহায্য সেগুলি ঠিকমতো পৌঁছাতে পারে না। আমি উদাহরণ দিয়ে বলছি। মালদার কথা নিশ্চয়ই আপনাদের মনে আছে। মালদায় যখন বন্যা হল, সেই বন্যার ব্যাপারে ওখানকার যিনি তৎকালীন ডি.এম. ছিলেন, তালিম কুমার, তিনি ওয়াকিবহাল করেছিলেন যে বন্যা হতে পারে। কিন্তু প্রশাসন নীরব, মন্ত্রী নীরব। যখন সব হয়ে গেল তখন তার ডাক পড়ল এবং তার কাছ থেকে সমস্ত রিপোর্টটা নিয়ে আপনাদের যিনি অনুগত ডি.এম. হবেন, সেই রকম একজন লোককে নিয়োগ করলেন, যাকে আমরা নাম দিয়েছি পি.ডি.এম. অর্থাৎ প্রোমোটি ডি.এম.। তাকে পাশে রেখে, তার মাধ্যমে কাজকর্ম করা হল, নানা রকম কারচুপী, দুর্নীতি করা হল। কিন্তু এটা সর্বদলীয় বৈঠক করে করা হল না। আপনারা ডি.এম. তালিম কুমারের কথা কর্ণপাত করলেন না। কুম্ভকর্ণের নিদ্রার মতো নাক ডেকে ঘুমালেন এবং চীফ সেক্রেটারির মাধ্যমে যে এনকোয়ারি করা হল সেটাও কার্যকর করা হল না। আপনারা একজন আই.এ.এস. অফিসার, যিনি সরকারকে আগে থেকে সতর্ক করলেন, তাকে হেনস্থা করলেন। আপনারা নিজেদের প্রিয়ভাজন ডি.এম.-কে পদে রাখবেন, তার মাধ্যমে কাজ করাবেন, আবার অভিযোগ এলে তাকে ওখান থেকে অন্য জায়গায় পোস্টিং দেবেন। আজকে যদি মাস্টার প্ল্যান থাকত তাহলে ভাঙ্গন হত না, বন্যা হত না, মালদাও এই ভাবে ডুবত না। এই বারে বারে বন্যা হচ্ছে আপনারা সেজন্য কি করেছেন? এখানে একজন বন্ধু বললেন, আমরা যদি মাস্টার প্ল্যান করে সব কিছু বন্ধ করে দিই তাহলে ত্রাণ দপ্তর কোথায় যাবে? অর্থাৎ ঐ টাকাগুলি সি.পি.এম. বন্ধুরা খাবে কি করে? আপনারা প্যাকেট করে চিড়ে আর গুড় পাঠিয়ে দিয়েছেন। আজকে এই ব্যবস্থাপনা, যে টাকাগুলি আপনি চেয়েছেন, সেই টাকা দিয়ে কি আপনি ত্রাণের সময়ে চিড়ে আর গুড় খাওয়াবেন? আর একজন বন্ধু বললেন যে, সত্যি তো, বন্যা হলেও মহামারি হয়ে যায়। এখন তো বন্যা নেই, কিন্তু তাহলে আর্সেনিক দূষণ হচ্ছে কেন? এই সব কথা বলার কোনও যুক্তি নেই। প্রতি বছর খানাকূলের খানাগুলি, নালাগুলি ডুবে যায়। আপনারা ২০ বছর ধরে ক্ষমতায় আছেন। এই ২০ বছর ক্ষমতায় থেকেও খানাকূলের বন্যাকে আপনারা

রোধ করতে পারলেন না, হুগলির বন্যাকে রোধ করতে পারলেন না। এই বিষয়টা আপনারা চিন্তা করে দেখবেন। তারপরে কলকাতায় অগ্নিকান্ড হলে আমাদের কলকাতার বন্ধুরা চিৎকার করবেন, সেখানে সঙ্গে সঙ্গে ছুটে যাবেন এবং ত্রাণেরও ব্যবস্থা করা হবে। নিউ মার্কেটে আগুন লাগলে সেখানে সঙ্গে সঙ্গে দমকল চলে যায় আগুন নিভাবার জন্য এবং সঙ্গে সঙ্গে ত্রাণের ব্যবস্থাও করা হয়। কিন্তু ফলতায় একটা পপুলার মার্কেটে আগুন লাগল এবং যখন পুড়ে সব শেষ হয়ে গেল তখন তার মোকাবিলা করার জন্য ব্যবস্থা করা হল। ডায়মন্ডহারবারে একটা মিলে আগুন লেগে পুড়ে গেল। সেই ব্যাপারে কি ব্যবস্থা নেওয়া হল?

[3-10 – 3-20 p.m.]

কোনও সাহায্য নেই। আপনারা বলেছেন যে, সাম্প্রদায়িক দাঙ্গায় যারা মারা গেছেন, যাদের ঘর বাড়ি পুড়েছে, তাদের জন্য ত্রাণের ব্যবস্থা করেছেন। কিন্তু বলেননি তো, কাকদ্বীপে রাজনৈতিক গন্ডগোলে কয়েকশ লোক যারা ঘর ছাড়া হলেন তাদের জন্য ত্রাণের ব্যবস্থা করেছেন? আমরা জানি, ওরা আপনাদের লোক নন, আমাদের লোক এবং তারই জন্য ত্রাণের ব্যবস্থা হল না। কিভাবে তাহলে ত্রাণ করবেন? এক্ষেত্রে আপনারা দলবাজি করছেন এবং তারই জন্য আপনাদের দলের লোকের ঘর পুড়লে আপনাদের মন পোড়ে। নিজেদের দলের লোকের বিপদ হলে ভাববেন যে, আপনাদের বিপদ হয়েছে।

**... (এ ভয়েজ ফ্রম আর.এস.পি. বেঞ্চ।) ...**

আজকে ওরা বলছেন আমি মিথ্যা কথা বলছি। কিন্তু কার জন্য 'উনি' প্রাণ পেয়েছেন? আমরা ভাল কাজ করি বলেই ওরা বিধানসভায় রয়েছেন। আমি বলতে চাই, সামগ্রিক ভাবে গতবার আপনারা বিধানসভায় যে সংখ্যায় ছিলেন, এবারে তার চেয়ে সংখ্যায় কম এসেছেন। অন্য দিকে আমরা ৪২ থেকে ৮২ হয়েছি। আমরা ভাল কাজ করছি বলেই এটা হয়েছে। আরও ভাল কাজ আপনারা করুন, আরও বেশি করে টাকা চান, তাহলে আরও বেশি করে আমরা আসব। প্রাকৃতিক বন্যা এবং খরা আপনাদের একটা অস্ত্র। খরাতে যেভাবে যুদ্ধকালীন ভিত্তিতে কাজ করা দরকার সেটা কখনও করেছেন? না, করেননি, সেক্ষেত্রে কেবলমাত্র দলবাজি করেছেন, চরম ভাবে রাজনীতি টেনে এনেছেন। তারই জন্য আজকে ত্রাণ দপ্তরে এত গলদ। ত্রাণ দপ্তরের যে চাল, গম, সেসব লাল ইঁদুরে খেয়ে গেছে স্যার। তারজন্য আমি ত্রাণ দপ্তরের এই ব্যয় বরাদ্দকে সমর্থন করতে পারছি না, বিরোধিতা করছি এবং আমাদের কাট মোশনকে সমর্থন করছি। ধন্যবাদ স্যার।

**শ্রী রামপদ সামন্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় ত্রাণমন্ত্রী ৪৪ নং দাবি অনুযায়ী যে ১২৩ কোটি ৪৪ লক্ষ টাকার ব্যয় মঞ্জুরির দাবি রেখেছেন আমি তাকে পুরোপুরি সমর্থন করছি এবং কাট মোশনের বিরোধিতা করছি। আমরা সবাই জানি, মানুষ আজকে বিজ্ঞানের সাহায্য নিয়ে এগিয়ে চলেছে। তবে যতই এগিয়ে যাক না কেন,

প্রাকৃতিক বিপর্যয়ের সামনে এখনও মানুষ অসহায়। সেই অসহায়তার মধ্যে আমাদের ত্রাণ দপ্তর অসময়ের বন্ধুর মতো ১৯৭৮ সাল থেকে সাফল্যের সঙ্গে যে কাজ করে চলেছে তা সত্যিই অভিনন্দনযোগ্য। আপনারা সবাই জানেন যে, এ ফ্রেন্ড ইন নীড এ ফ্রেন্ড ইন ডিড। সত্যিই মানুষ যখন প্রাকৃতিক বিপর্যয়—খরা, বন্যা, ধ্বস ইত্যাদিতে বিপর্যস্ত হন তখন আমাদের ত্রাণ দপ্তর নানাভাবে তাদের সাহায্য করেন। প্রাকৃতিক বিপর্যয়কে তারা বন্ধ করতে পারেন না। ঠিকই, বিপর্যস্থ মানুষকে সাহায্য করা, ত্রাণের ব্যবস্থা করা—সেটা ত্রাণ দপ্তর করে চলেছেন।

১৯৭৮ সালের বন্যা থেকে আপনারা লক্ষ্য করেছেন কিভাবে গ্রামের মানুষের পাশে এসে দাঁড়িয়েছে এই ত্রাণ দপ্তর। আগে বন্যার সময় মানুষকে শহরে এসে দ্বারে দ্বারে এসে ঘুরে বেড়াতে হত ভিক্ষার ঝুলিতে নিয়ে যে আমাকে একটু ফ্যান দাও। ১৯৭৮ সালের পর থেকে সেই চিত্র পাল্টে গেছে। গত ২০ বছর ধরে বিভিন্ন প্রাকৃতিক বিপর্যয়ের সময় বামপন্থীদের ভূমিকা লক্ষ্য করেছেন, তারা যাতে অসহায় বোধ না করে তার জন্য তাদের পাশে এসে দাঁড়িয়েছে। একটু আগে এখানে একজন কংগ্রেসি বন্ধু আক্ষেপ করে বলছিলেন যে 'হরি দিন তো গেল সন্ধ্যা হল পার কর আমারে'। সত্যি কথাটাই তিনি বলেছেন, সদস্যের মুখে আজকে আক্ষেপের সুর। হরি মানে জনগণ, আমাদের দিন তো চলে গেল আমরা ক্ষমতায় আর কবে পৌছাব। তাঁর এই আক্ষেপের সুর আমরা শুনতে পাচ্ছি। এই ত্রাণ দপ্তর একের পর এক যে সাফল্যের নজির সৃষ্টি করেছে তাতে মানুষের মন জয় করে নিয়েছে। মানুষের হৃদয় কেড়ে নিয়ে। তাই তাঁরা আক্ষেপ করে বলছেন যে জনগণ আমরা আর ক্ষমতায় পৌছাতে পারব না। ১৯৯৬ সালের উত্তরবঙ্গে তিস্তা তোর্সা রায়ডাক জলঢাকা সংকোশ নদীর ভাঙ্গনের ফলে বন্যায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। আমাদের এই ত্রাণ দপ্তর দুর্গতদের পাশে এসে দাঁড়িয়েছে। জলপাইগুড়ির ডি.এম. ১৯শে জুলাই বলেছিলেন ত্রাণ দপ্তর অতি দ্রুত ব্যবস্থা নিয়ে প্রায় ৬ লক্ষ টাকা অনুমোদন করেছেন এবং তার পাশাপাশি কম্বল গম শাড়ি ত্রিপল এবং ঔষধ নিয়ে দুর্গতদের পাশে এসে দাঁড়িয়েছে। ফলে সেখানকার মানুষের মন জয় করে নিয়েছে। কালিম্পঙ-এ ধ্বস হল। অতি দ্রুততার সাথে ১২০টি ত্রাণ শিবির করে ত্রাণ দপ্তর মানুষকে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। মালদা মুর্শিদাবাদে ব্যাপক বন্যা হল। অল্প সময়ের মধ্যে ১০৫৭টি ত্রাণ শিবির তৈরি করে সেখানকার মানুষের ত্রাণের ব্যবস্থা করেছিল এই ত্রাণ দপ্তর। বেহালায় বহু মানুষের ক্ষয়ক্ষতি হয়েছিল, সেখানেও ত্রাণের ব্যবস্থা করেছিল এই ত্রাণ দপ্তর। এই ভাবে বিভিন্ন কাজের মাধ্যমে আমাদের এই বামপন্থী সরকার বিপদের সময় মানুষের পাশে এসে দাঁড়িয়েছে। তাই আমি এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিরোধী পক্ষের সদস্যদের বক্তব্য খুব মনোযোগ দিয়ে শুনেছি। তাঁরা বিরোধিতা করার জন্য বিরোধিতা করেছেন। যদিও বর্তমান অবস্থায় বিজ্ঞানের জয়জয়কার সেখানেও প্রাকৃতিক বিপর্যয় অপ্রতিরোধ্য। যেমন পুজো

পার্বনগুলি সঠিক সময়ে আসে তেমনি প্রাকৃতিক বিপর্যয় ঠেকানো যায় না। একটু আগে কংগ্রেসের একজন সদস্য বললেন যে একটা সর্বদলীয় কমিটি যদি করা যায় তাহলে এটাকে রোধ করা যেতে পারে। সত্যিই তিনি হয়ত পারেন। কিন্তু আমার বক্তব্য হল সর্বদলীয় কমিটি করেও কোনও ভাবেই একে রোধ করা সম্ভব নয়। কারণ কোনও ভাবেই এই বন্যাকে রোধ করা প্রাকৃতিক বিপর্যয় থেকে মুক্তি পাওয়া সম্ভব নয়। ঘূর্ণী ঝড় যেভাবে মানুষকে চরম বিপর্যয়ের মধ্যে ঠেলে দেয় এবং মানুষ যে অবস্থায় পড়ে যায় তা কোনও কমিটির মাধ্যমে কখনও সমাধান করা যায় না।

[3-20 – 3-30 p.m.]

সত্যিই, ত্রাণ মানুষের দরকার। মানুষ যখন বিপদে পড়ে যায়, প্রাকৃতিক বিপর্যয়ের মুখোমুখি হয়, তখনই মানুষের ত্রাণের প্রয়োজন পড়ে। সেই সময়ে অসহায় মানুষের কাছে দাঁড়ানোটাই সবচেয়ে দরকার। এই বছরের আগে, ১৯৯৬-৯৭ সালে যখন জুলাইয়ের ১১-১৮ তারিখ প্রচন্ড বৃষ্টিপাতের ফলে বন্যা হয়েছিল দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার এবং দক্ষিণ দিনাজপুরে, তখন আমি ছুটে গিয়েছিলাম সেই এলাকার মানুষদের দেখার জন্য। দার্জিলিংয়ে যখন ধ্বস নেমেছিল, যখন যানবাহন বন্ধ হয়ে গিয়েছিল, সেখানে আমি সর্বপ্রথম পৌঁছেছিলাম দুঃস্থ মানুষদের পর্যবেক্ষণ করার জন্য। তাদের কাছে ত্রাণ সামগ্রী পৌঁছে দিতে পারার ভন্য আমি নিজেই খুশি হয়েছিলাম। অনেকে অভিযোগ করেছিলেন যে, ওখানে ত্রাণ সামগ্রী পৌঁছায়নি। আমি প্রত্যক্ষ ভাবে দেখে সন্তুষ্ট হয়েছিলাম। ঐ এলাকায় যানবাহন বন্ধ ছিল, রাস্তাঘাট ধ্বস নেমে বন্ধ হয়ে গিয়েছিল। তবুও ত্রাণ সামগ্রী সেখানে পৌঁছে গিয়েছিল। যাঁরা দূর থেকে তাকিয়েছেন তাঁরা নিশ্চয়ই অনুধাবন করতে পারবেন না। মালদহে যখন বন্যা হয় সেই সময়ে আমি ওখানে গিয়েছিলাম, প্রত্যেকটি জায়গা ঘুরে দেখেছিলাম। খবরের কাগজে বেরিয়েছিল, ত্রাণমন্ত্রীকে নাকি ঘেরাও করা হয়েছিল। আমি কিন্তু ঘেরাও হইনি। আমি জানি ঐ এলাকায় বন্যায় ক্ষয়ক্ষতি হয়েছে। পরবর্তীকালে আগস্ট মাসের প্রথম সপ্তাহে আবার বন্যা দেখা দেয়। আগস্ট মাসের শেষ সপ্তাহে আবার বন্যা হয়। এবং সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে বন্যা হয়। ঐ বছরের বন্যায় পশ্চিমবাংলার মানুষ অনেকে ক্ষতিগ্রস্ত হয়েছে। তারজন্য আমরা এখানে প্রধানমন্ত্রীকে এনেছিলাম। তারপর একটা পরিদর্শক কমিটি এখানে পরিদর্শন করে গেছেন। আমরা তাঁদের কাছে 'ফ্লাড সীন-১৯৯৬' একটি স্মারকলিপি দিয়েছিলাম, তাতে পর্যবেক্ষক দল ২৪শে সেপ্টেম্বর, ১৯৯৬ থেকে ২৬শে সেপ্টেম্বর, ১৯৯৬ পর্যন্ত যা দেখেছিলেন তা স্মারকলিপিতে উল্লেখ করে ৪১৮ কোটি টাকার ক্ষয়ক্ষতি দাবি করেছিলাম এবং ৩১৯ কোটি টাকা অতিরিক্ত সাহায্য চেয়েছিলাম। কিন্তু এখনও পর্যন্ত কোনও সাহায্য আমরা পাইনি। এইভাবে ঐ বছরের বন্যায় আমাদের মোটামুটি ৪.০২০৩ মিলিয়ন লোক ক্ষতিগ্রস্ত হয়েছিলেন এবং ১২,৭৭১ কিমি. অ্যাফেক্টেড হয়েছিল। এখানে ক্রপ ড্যামেজ হয়েছে ৯০৪ কোটি টাকা। হাউস ড্যামেজ হয়েছে ফুললি ১,৪২,৭৪২টি এবং পার্টলি ড্যামেজ হয়েছে ২,১১,৭৭৬টি। মোট মূল্যায়ন ঐ বাড়িগুলোর ক্ষেত্রে ২৮৯ কোটি ৫২ লক্ষ

টাকা। পশু মারা গেছে ১১৮ এবং মানুষ মারা গেছেন ১৩২ জন। ৪০ কোটি টাকার মতো অন্যান্য সামগ্রী নষ্ট হয়েছে, এই নিয়ে সর্ব সমেত ১১,৭৭ কোটি ৫৯ লক্ষ টাকা বন্যায় ক্ষতি হয়েছে। বন্যার উপরে অনেকেই বক্তব্য রেখেছেন, বিরোধী পক্ষরা যে বক্তব্য রেখেছেন সেই প্রসঙ্গে আমি বলতে চাই যে, যে যে জেলায় বন্যা হয় সেখানে সেখানে আমরা ত্রাণ সামগ্রী পাঠিয়ে দিই। সেখানকার ডি.এম.-এর কাছে আমরা আমাদের ত্রাণ সামগ্রী পাঠিয়ে দিই। গত বছরে ১৯৯৬-৯৭ সালে ২ হাজার ৮৪২ মেট্রিক টন গম, যার মূল্য ১ কোটি ২৫ লক্ষ টাকা, সেটা আমরা ডি.এম.-দের কাছে পাঠিয়ে দিয়েছিলাম। তারপরে চাল দিয়েছি ২ হাজার ২২০০ মেট্রিক টন, যার মূল্য ১ কোটি ২৮ লক্ষ ৯ হাজার ৪০০ টাকা। এইচ বি গ্রান্ট অর্থাৎ বন্যায় ঘর বাড়ি ভেঙ্গে গেলে ঘর বাড়ি করার জন্য দেওয়া হয়েছে ৬ কোটি ৬৪ লক্ষ ৯৫ হাজার ৫০০ টাকা আর টার্পোলিন বাবদ দেওয়া হয়েছে ৯১ হাজার ১৫০ টাকা। আর ধুতি দিয়েছি ৪৫ হাজার ৪০০ টাকার, শাড়ি ৪৬ হাজার ৪০০ টাকা, লুঙ্গি দিয়েছে ১৪ হাজার ৪৫০ টাকার, ছেলে মেয়েদের জামা কাপড় দিয়েছি ৪৬ হাজার ৫০০ টাকার, উলেন কম্বল দিয়েছি ১০ হাজার ৩০০ টাকার। বিরোধী দল থেকে বলা হয়েছে আমরা নাকি পঞ্চায়েতের মাধ্যমে দিই বলে দুর্নীতি হচ্ছে। আমরা পঞ্চায়েতকে দিই না, আমরা ডি.এম.-কে জমা দিই। এছাড়া আমাদের গোডাউন আছে, সেখানে ত্রাণ সামগ্রী জমা থাকে। তারপরে কয়েকজন সদস্য ফ্লাড সেন্টার করার কথা বলেছেন। বন্যা হলে পরে অসহায় মানুষদের থাকার খুব অসুবিধা হয়, তাদের একটা আশ্রয়ের, দরকার খুব হয়। আমি যদিও খরা প্রবণ এলাকার মানুষ, তবুও আমার বন্যা কবলিত এলাকা ঘুরে অভিজ্ঞতা হয়েছে ওই বন্যা পীড়িত লোকেদের গৃহহারা হলে কি অবস্থা হয়। সুতরাং ওদের জন্য একটা সেন্টার অবশ্যই করা দরকার। সেই কারণে নতুন করে ঘর তৈরি কার জন্যে ৭৫ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। এছাড়া টি.বি.পেশেন্টদের এই বন্যায় খুব অসুবিধায় পড়তে হয়, তারা যখন সেন্টারে আসে তখন তাদের খাবারের খুব অভাব হয়। সেই কারণে ত্রাণ দপ্তর থেকে টি.বি.পেশেন্টদের জন্য ১৯৯৬-৯৭ সালে ৪ লক্ষ ৩৯ হাজার টাকা দেওয়া হয়েছে, এতে বেনিফিসিয়ারি হয়েছে ৪৩১ জন। এছাড়া গরিব মানুষদের উন্নয়নের জন্য ক্ষুদ্র শিল্প করবার জন্যে তাদেরকে আমরা টাকা দিয়ে থাকি।

[3-30 – 3-40 p.m.]

২৮ লক্ষ ৭৫ হাজার এর মতো টাকা দিয়েছি। ৬৫৮টি সেলাই মেশিন ছোটখাটো ব্যাবসার জন্য ১৫৫৯ জনের মধ্যে বিলি করেছি। এই ভাবে বিভিন্ন খাতে আমরা ত্রাণ দপ্তর থেকে টাকা দিয়ে থাকি। অর্থ সাহায্যর ব্যাপারে যে কথা আপনারা বললেন, আমরা সরাসরি—এই ব্যবস্থা আগে ছিল না—দক্ষিণ দিনাজপুরে যে ঘটনা ঘটেছিল, দাঙ্গা হয়েছিল সেখানে, কালিংপঙে যে অবস্থা হয়েছিল, পুড়ে গিয়েছিল, সেখানে আমরা মোটামুটি ৬ লক্ষ ৮০ হাজার টাকা দিতে পেরেছি। ওখানে কাপড় চোপড় কেনার জন্য ৬৭ হাজার, ত্রিপল ২ শত, ধুতি ২ শত, শাড়ি ৩ শত এবং ছোট ছোট জামা ৫ শত দিয়েছি। এই ভাবে আমরা

ত্রাণ দপ্তর থেকে বিভিন্ন সময়ে, বিভিন্ন খাতে সাহায্য করে থাকি, যখনই আমরা জানতে পারি তখনই দিই। যখন বোম্ব এক্সপ্লোরেশান হয়েছিল বরানগরে তখন ১ লক্ষ টাকা দিয়েছি, ১৯৯৬-৯৭ সালে। কুলদিয়াতে কমিউনাল ডিসটারবেন্স হয়েছিল, সেখানে ২০ হাজার টাকা আমরা দিয়েছি একজন মারা গিয়েছিল, সেখানে মোট ৪ লক্ষ ২০ হাজার টাকা দিয়েছি। উত্তর দিনাজপুরে যেখানে দাঙ্গা হয়েছিল সেখানে আমরা সর্ব সমেত ১ লক্ষ ৮০ হাজার টাকা এক্সগ্রাশিয়া হিসাবে দিতে পেরেছি। ৯ জন মারা গিয়েছিলেন, তাদের প্রত্যেককে ২০ হাজার টাকা দিয়েছি। সর্ব সমেত ৪ লক্ষ ৯ হাজার টাকা দিতে পেরেছি। আমরা এই ভাবে ত্রাণ দপ্তর থেকে বিভিন্ন খাতে নানা সময়ে নানা ভাবে ডি.এম.-দের সাহায্যে বিতরণ করি। যে কথা অনেক সদস্য বলছিলেন যে কাপড় চোপড় এর মান পরিবর্তন করতে হবে. নিশ্চয় এই ব্যাপারে ভেবে দেখব। অপর দিকে যে এম.এল.এ.-দের কোটা, সেই কোটা কিভাবে বিতরণ হয়, এতদিন যে অব্যবস্থা ছিল, সেই অবস্থার পরিবর্তন করার জন্য অনেকে অনুরোধ জানিয়েছেন, যাতে সুষ্ঠু ভাবে সহজ ভাবে বিতরণ করা যায়। এম.এল.এ.-দের চাপ না পড়ে। যদিও দু-একজন প্রস্তাব রেখেছেন, সেই দিকটা বিচার বিবেচনায় রেখে যাতে করে আগামী দিনে এম.এল.এ.-দের অসুবিধা না হয় সেটা দেখব। আমি সর্বশেষে বলব, আমার বক্তব্যকে দীর্ঘায়িত করতে চাই না, আমার ব্যয় বরাদ্দকে সমর্থন করার জন্য এবং বিরোধী পক্ষের আনীত যে কাট মোশনগুলি আছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** The motions of Shri Shasanka Sekher Biswas, Shri Ajoy Dey, Shri Nirmal Das, Shri Ashok Kumar Deb, Shri Kamal Mukherjee and Shri Sultan Ahmed that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

**Demand No. 44**

**Mr. Deputy Speaker :** The motions of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 123,44,00,00 be granted for expenditure under **Demand No. 44, Major Head : "2245—Relief on account of Natural Calamities"** during the current financial year 1997-98.

**(This is inclusive of a total sum of Rs. 49,38,00,000 already voted on account)**

was then put and agreed to.

## Demand No. 40

**Mr. Deputy Speaker :** There are eight cut motions. to demand No. 40. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Nirmal Ghosh | |
| Shri Sultan Ahmed | Sir, I beg to move |
| Shri Rabindra Nath Chatterjee | that the amount of the |
| Shri Shashanka Sekhar Biswas | Demand be reduced by |
| Shri Kamal Mukherjee | Rs. 100/- |
| Shri Tushar Kanti Mandal | |

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় উদ্বাস্তু এবং ত্রাণ মন্ত্রী শ্রী কান্তি বিশ্বাস ৪০ নম্বর দাবির যে ব্যয় বরাদ্দ অনুমোদন এর জন্য পেশ করেছেন, আমি তার তীব্র বিরোধিতা করছি এবং কংগ্রেস দল কর্তৃক আনীত প্রতিটি কাট মোশনকে আমি সমর্থন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন মাননীয় মন্ত্রী শ্রী কান্তি বিশ্বাস রাজ্য সরকারের দুটো গুরুত্বপূর্ণ দপ্তরের দায়িত্ব নিয়ে আছেন। একটা দপ্তর প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা। সেই দপ্তরের বারোটা তিনি বাজিয়ে দিয়েছেন। পশ্চিমবঙ্গের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষার নাভিশ্বাস উঠে গেছে। মাধ্যমিক শিক্ষা আজকে কোন পর্যায়ে দাঁড়িয়ে আছে। গত পরশুদিন আমরা যে ধিক্কার প্রস্তাব এনেছিলাম, সেই সময়ে যে আলোচনা হয়েছিল, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি যদি সেই আলোচনা বিস্তারিত দেখেন তাহলে দেখবেন, আজকে পশ্চিমবাংলার সাড়ে পাঁচ লক্ষ ছাত্র ছাত্রীর ভবিষ্যতকে জলাঞ্জলি দিয়ে, শিক্ষা ব্যবস্থাকে সম্পূর্ণ পর্যুদস্ত করে দিয়ে আজকে একটা প্রহসনে পরিণত করে দিয়েছেন। যার ফলে শিক্ষা ব্যবস্থা পশ্চিমবঙ্গ থেকে হারিয়ে যেতে বসেছে। মাননীয় মন্ত্রী উদ্বাস্তু দপ্তরের ত্রাণ দপ্তরের দায়িত্ব নিয়ে ৪০ নম্বর হেডে ৪১ কোটি ৪২ লক্ষ ৩০ হাজার টাকা অনুমোদনের জন্য পেশ করেছিলেন। আর এই বছর পেশ করেছেন ৩৯ কোটি ৫৯ লক্ষ ৩০ হাজার টাকা। আপনারা যারা এই সরকার পক্ষে বসে আছেন প্রত্যেকটা বাজেটের বই নিয়ে দেখুন প্রতি বছর বাজেট এর টাকা বেশি বরাদ্দ করা হয়েছে। তার কারণ পশ্চিমবাংলার প্রয়োজন মেটাবার জন্য সরকার প্রত্যেকটা খাতে বাড়িয়ে সাধারণ মানুষের পাশে গিয়ে দাঁড়াবার জন্য চেষ্টা করছে।

[3-40 – 3-50 p.m.]

আর পশ্চিমবঙ্গের একটি দপ্তর, উদ্বাস্তু এবং ত্রাণ দপ্তরের ১৯৯৬-৯৭ সালের অনুমোদনের

জন্য চেয়েছিলেন ৪১ কোটি ৪২ লক্ষ ৩০ হাজার। আজকে যেভাবে মন্ত্রী কান্তি বাবু ব্যয় বরাদ্দ দাবি করেছেন ৩৯ হাজার ৫৯ লক্ষ। যার বেতন ১৩ কোটি ২১ লক্ষ টাকা, যেটা ধ্বনি ভোটে পাস করিয়ে নিয়েছিলেন। তাও এর ভিতরে আছে। স্যার, আপনি যদি তাঁর বাজেট ভাষণ পড়েন, তাহলে দেখবেন যে, এই রকম একটা নির্লজ্জ মিথ্যা ভাষণ একজন দায়িত্বশীল মন্ত্রী দিতে পারেন বলে, আমি বিশ্বাস করি না। পশ্চিমবঙ্গের উদ্বাস্তুদের সিনারিও যদি দেখেন, তাহলে দেখবেন যে, ভারতবর্ষে পশ্চিম পাকিস্তান থেকে মানুষের ঢল নেমেছিল। আবার পূর্ব পাকিস্তান থেকেও এখানে মানুষের ঢল নেমেছিল। ওপার বাংলা থেকে এ পার বাংলায় বহু লোক এসেছিল। যারা পশ্চিম পাকিস্তান থেকে এসেছিল—তারা দিল্লি, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, রাজস্থানে ছড়িয়ে পড়েছিল। আজকে যদি ভারতের উত্তরপ্রদেশ, দিল্লি, হরিয়ানায় উদ্বাস্তু নামে কোনও মানুষকে খোঁজবার চেষ্টা করেন, তাহলে দেখবেন যে, সেখানে উদ্বাস্তু মানুষ বলে কাউকে পাবেন না। সবাই তারা জাতীয় জীবনের মূল স্রোতে মিশে গেছেন। আজকে যেই অটলবিহারী বাজপেয়ী ১৩ দিনের জন্য সরকারে ছিলেন প্রধানমন্ত্রী হিসাবে, তিনিও পশ্চিম পাকিস্তান এর মানুষ। আজকে তিনি ভারতবর্ষের প্রধানমন্ত্রী হয়েছিলেন। তার কিন্তু উদ্বাস্তু তকমা নেই। কিন্তু পূর্ব পাকিস্তান থেকে যারা পশ্চিমবঙ্গে এসেছিল, তাদের এখনও উদ্বাস্তু নামের নামাবলি চাপিয়ে রাখা হয়েছে। তখন জওহরলাল নেহেরু তাদের একত্রে সন্নিবেশিত করার জন্য পরিকল্পনা নিয়েছিলেন। কিন্তু জ্যোতি বসু সেদিন বিরোধী নেতা ছিলেন, তিনি কেন্দ্রের প্রতিটি পরিকল্পনা, প্রতিটি পদক্ষেপ দৃঢ়ভাবে বিরোধিতা করেছিলেন। সেই কারণেই পশ্চিমবাংলায় উদ্বাস্তু নামটা নামাবলি হয়ে আমাদের গায়ে জড়িয়ে আছে। আমি স্বাধীন ভারতেই জন্মগ্রহণ করেছি। ১৯৪৭ সালের অক্টোবর মাসে এই পশ্চিমবাংলায় জন্মগ্রহণ করেছি। কিন্তু আজকে জ্যোতি বাবু পাপী, জ্যোতি বাবু পশ্চিমবাংলার মানুষকে সেদিনের ভুল বোঝানোর ফলে উদ্বাস্তু নামে নামাবলি চাপিয়ে রাখা হয়েছে। সেদিনের সেই পরিকল্পনা বানচাল করা হয়েছে। সেদিন পশ্চিম পাকিস্তান থেকে আসা উদ্বাস্তুদের জন্য যেমন পরিকল্পনা নেওয়া হয়েছিল, তেমনি এদিকে ডঃ বিধানচন্দ্র রায়ও প্রথম উদ্বাস্তুদের সমস্যাকে জাতীয় সমস্যা হিসাবে চিহ্নিত করে, একদিকে অন্ধ্রপ্রদেশ, একদিকে উড়িষ্যা এবং আর একদিকে মধ্যপ্রদেশ, তার বিস্তীর্ণ অঞ্চল নিয়ে দন্ডকারণ্য রচনা করেছিলেন। এইভাবে তিনি আর একটা বাংলাদেশ তৈরি করবার চেষ্টা করেছিলেন। কিন্তু সেদিন জ্যোতি বাবু উদ্বাস্তুদের বলেছিলেন যে, তোমরা দন্ডকারণ্যে যাবে না। সেখানে গেলে রামের যেমন সীতাহরণ দন্ডকারণ্যে হয়েছিল, তেমনি তোমাদেরও ঘরে সীতাদের হরণ করা হবে। এই বলে সেদিন তাদের সেখানে যাওয়া বন্ধ করলেন। ডঃ বিধানচন্দ্র রায় আন্দামানে আরও একটা বাংলাদেশ তৈরি করবার চেষ্টা করলেন। ওখানে জ্যোতি বাবু বললেন যে, তোমরা আন্দামানে যাবে না, ওখানে আসামীরা থাকে। তোমাদের পরিবারের লোকেরাও আগামী দিনে আসামীর খাতায় নাম লিখিয়ে দেবে। আমি একটা কথা বলছি যে, ওখানে যিনি সাংসদ, তিনি আজকে ৩০ বছর ধরে প্রৌঢ়ত্বে ভারতের পার্লামেন্টে আছেন এবং প্রতিনিধিত্ব করছেন। তাঁর পিতা মাতা নদীয়ার ূপার্স ক্যাম্পে ছিলেন। তাঁরা সেদিন সেখানে গিয়েছিলেন, তাই তাঁর ছেলে আজকে সাংসদ। তিনি

আসামী নন। আজকে যদি এই ব্যাপারে নজর দেওয়া যেত, তাহলে এই সমস্যা পশ্চিমবাংলা থেকে অনেকটাই কমে যেত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা বারবারই বলেন যে, উদ্বাস্তুদের জন্য কাজ করছেন। এবারও মন্ত্রী তাঁর বিবৃতিতে এই কথা বলেছেন এবং গতবারও বলেছিলেন।

আর বাইরে থেকে কি করেছিলেন? সমস্ত জায়গা থেকে উদ্বাস্তু মানুষদের কিভাবে আপনারা বঞ্চিত করেছিলেন তা সকলেই জানেন। ভোট বাক্সে ভোট পাওয়ার জন্য জ্যোতি বসু ও তাঁর দল উদ্বাস্তুদের কান্না, দুঃখকে পাথেয় করে পশ্চিমবঙ্গে শাসন ক্ষমতায় এসেছেন। বাইরে থেকে তাঁরা এইসব করেছেন। আর ভিতর থেকে কি করলেন? ১৯৭৭ সালে যখন বামফ্রন্ট ক্ষমতায় এল, তখন তদানীন্তন মন্ত্রী রাম চ্যাটার্জি দন্ডকারণ্যের উদ্বাস্তুদের বললেন, 'আমরা তোমাদের বন্ধু, এখন পশ্চিমবঙ্গে তোমাদের বন্ধু সরকার ক্ষমতায় এসেছে, এখন তোমরা কেন পশ্চিমবঙ্গ ছেড়ে অন্য জায়গায় থাকবে? তোমরা পশ্চিমবঙ্গে চলে এস'। সেই নিরীহ আত্মভোলা মানুষরা তাদের কথায় ২০ টাকায় হাল-বলদ বিক্রি করল, ১০ টাকায় মাথার উপর টিনের চাল বিক্রি করল এবং ৫ টাকায় বেড়ার ছাউনি বিক্রি করে তারা কলকাতায় চলে এল। কলকাতায় এসে তারা হিন্দুস্থান পার্কে জ্যোতি বাবুর বাড়িতে যায়নি, তারা ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে এসে জমায়েত হয়। তখন তাদেরকে আপনারা, যেখানে জলে কুমীর, ডাঙ্গায় বাঘ থাকে সেই মরিচঝাঁপিতে পাঠিয়ে দিলেন। জ্যোতি বাবু আপনারা বাইরে থেকে তাদের এই উপকার করেছেন। সেখানে তাদেরকে ১৮ কিলোমিটার দূর থেকে পানীয় জল আনতে হত। সেখানে কুমীর, বাঘের হাত থেকে কোনও রকমে বেঁচে তারা যখন জমির মালিকানা চাইল তখন তাদেরকে সেখান থেকে তুলে দেওয়া হল। সি.পি.এম.-এর ক্যাডাররা পুলিশ নিয়ে গিয়ে তাদের বাড়িগুলোর উপর কেরোসিন তেল ঢেলে দেশলাই কাঠি জ্বেলে দিল। মানুষগুলো বাড়ি থেকে বেরোতে পারেনি। তখন যেসব যুবকরা ছুটে বেরিয়ে বাঁচার চেষ্টা করেছিল, সি.পি.এম.-এর ক্যাডারদের ভয়ে তারা তখন জলে ঝাঁপ দিয়ে কুমীর, হাঙ্গরের খাদ্য হল। সেদিন আপনারা অনেক কথা বলেছিলেন। স্বাধীনতার ৫০ বছর হল, বারে বারে এরা বলেছেন জমির মালিকানা দিতে হবে। কিন্তু আপনারা তাদের জমির মালিকানা দেননি। ১৯৭৭ সালে আপনারা ক্ষমতায় এসেছেন, আবার ১৯৬৭-৬৯ সাল পর্যন্তও আপনারা ক্ষমতায় এসেছিলেন। তখন আপনারা ঐ উদ্বাস্তু মানুষদের জমির পাট্টা দেওয়ার জন্য বলেছিলেন। কিন্তু কি করেছেন? আপনারা ঐ উদ্বাস্তুদের ভয় দেখালেন যে, জমির মালিকানা চাইলে তাদের সেখান থেকে উৎখাত করা হবে। কিন্তু আমরা কংগ্রেস কর্মীরা আমাদের প্রিয় নেতা রাজীব গান্ধীকে বললাম ঐ উদ্বাস্তুদের জমির মালিকানা দিতে হবে। ভারতবর্ষের তৎকালীন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী বিনামূল্যে এই উদ্বাস্তুদের জমির মালিকানা দেওয়ার কথা ঘোষণা করলেন। ১৯৮৪ সালে রাজীব গান্ধী কলকাতায় এসে তাদের সেই জমির মালিকানা পাইয়ে দিলেন। কিন্তু আজ ১৯৯৭ সাল পর্যন্ত আপনারা কটা মানুষকে জমির দলিল দিতে পেরেছেন? ঐ আড়াই পাতার বিবৃতি দিয়েছেন। যারা সি.পি.এম.-এর লোক নন তাদের জমির দলিল দেওয়া হয়নি। যারা আপনাদের বন্ধু, সি.পি.এম.-এর সমর্থক তাদের জমির দলিল দিয়েছেন।

আপনারা ১৯৯৫-৯৬ সালে উদ্বাস্তুদের জমিগুলোকে হস্তান্তর করেছেন, তাদের সরিয়ে নতুন মালিককে সেই জমিতে আপনাদের দপ্তর লিজ দিয়েছে। আপনার দপ্তর উদ্বাস্তুদের স্বার্থ বিরোধী কাজ করেছেন। উদ্বাস্তুদের সংগঠন ইউ.সি.আর.সি. যাদের অফিস ১০ নং ক্যামাক স্ট্রিটে, তারা যখনই উদ্বাস্তুদের স্বার্থ নিয়ে আপনাদের কাছে, আর.আর. ডিপার্টমেন্টের কাছে জানাতে গেছে তখনই আপনারা তাদের সরিয়ে দিয়েছেন। আপনারা উদ্বাস্তুদের জমির দলিল না দিয়ে, সেই জমিগুলোকে মোট টাকার বিনিময়ে বড়লোকদের কাছে বিক্রি করে দিচ্ছেন। আপনারা জানেন দক্ষিণ কলকাতার যোধপুর পার্কের প্রতি কাঠা জমির মূল্য ১০ লাখ টাকা।

[3-50 – 4-00 p.m.]

আজকে যোধপুর পার্ক কলোনির যে জমি গভর্নমেন্ট রিক্যুইজিশন করেছে, কেন্দ্রীয় সরকার মালিকদের ক্ষতিপূরণ দিয়েছে, সেই জমি প্রমোটারদের কাছে বিক্রি করে দিয়েছে এই মন্ত্রী ও তার দপ্তর। শুরু হয়েছিল প্রশান্ত সুর মহাশয়ের আমলে, এই যোধপুর পার্ক কলোনির জমি প্রমোটারদের কাছে বিক্রি করে দিয়েছিল, মাননীয় মন্ত্রী এখনও সেই বিক্রির কারবার চালিয়ে যাচ্ছেন। এই তো উদ্বাস্তুদের ত্রাণের অবস্থা। আজকে দেখছি উদ্বাস্তুদের তাড়িয়ে দেওয়ার জন্য কলকাতা কর্পোরেশন একটা আইন রচনা করেছে। আমিও একটা উদ্বাস্তু পল্লীতে থাকি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেখানে বলছে, ১৯৯০ সালের বিল্ডিং রুলসে, যেগুলো হয়েছে, সেই বাড়িগুলো থাকবে। আর যেগুলো ১৯৯০ সালের আইন অনুযায়ী নির্মিত হয়নি, সেইগুলো বিশেষ বিশেষ ক্ষেত্রে ছেড়ে দেওয়া হতে পারে। আবার, ১৯৯৫ সালের ৪ঠা ডিসেম্বরের পর কলকাতা কর্পোরেশনে যে সমস্ত নির্মাণকার্য হয়েছে, যে কোনও সময় সেগুলো ভেঙ্গে দিতে পারে। বলছে, ১৯৯০ সালের বিল্ডিং রুলস অনুযায়ী বাড়ি না করলে নাকি উদ্বাস্তুদের বাড়িগুলো ভেঙ্গে দেওয়া হবে। একটা সরকারি দলিলের কথা বলছি, নামটা বলে দিচ্ছি, লিখে নিন—সুনীল দাস, পিতা-লেট প্রকাশচন্দ্র দাস, প্লট নং এইচ.বি.। ১০০, পি-১, দুর্গাপুর কলোনি—জমি দেওয়া হয়েছে ১ ছটাক ২৫ স্কোয়ার ফিট —একটা উদ্বাস্তু পরিবারকে। তারপর বলছে, ১৯৯২ সালের আইন মোতাবেক বাড়ি না করলে সেটা ভেঙ্গে দেওয়া হবে।

For residential or education building with a high top of $14 \& \frac{1}{2}$ metres shall have at least staircases, a front open space at ground of minimum 2 metres 20 cms.

অর্থাৎ কিনা, ৭ ফুট জায়গা জমির সামনে ছেড়ে দিতে হবে। এটা হচ্ছে বিল্ডিং রুলস ১৯৯২ অনুযায়ী। সরকারি কর্পোরেশনের রুলে বলছে, পেছনে, তারপর ডানদিকে, বাঁদিকে সম পরিমাণ জায়গা ছেড়ে দিতে হবে—১ সাব সেকশন ২,৩,৪,৫ অফ সি.এম.সি. বিল্ডিং রুল, পেজ ৩৩। মাননীয় মন্ত্রী মহোদয় দেখুন, একটা উদ্বাস্তু পরিবারকে বাড়ি করতে হলে বলছে, সামনে ৫ ফুট, ডান দিকে ৪ ফুট, বাঁদিকে ৪ ফুট, পেছনে ৬ ফুট জায়গা ছাড়তে

হবে। আর জমির দলিল দিচ্ছে ১ ছটাক, ২৫ স্কোয়ার ফিট। আর একজনকে দলিল দিয়েছে ২ ছটাক, ৮ স্কোয়ার ফুট। তৃতীয় দলিল—২ ছটাক, ০০ স্কোয়ার ফুট। দু ছটাক জমি, তার থেকে সামনে ৫ ফুট, ডান দিকে ৪ ফুট, বাঁদিকে ৪ ফুট, পেছনে ৬ ফুট জমি ছাড়লে যেটুকু বাকি রইল, তাতে ঘুঙুর পায়ে দিয়ে নাচতেও পারবে না। তা, এই আইন, এই কালা কানুনের মাধ্যমে কলকাতার উপকণ্ঠের ৭২টি কলোনির জমি উদ্বাস্তুদের থেকে প্রমোটারদের দেওয়ার ব্যবস্থা হচ্ছে। ১ ছটাক ২৫ স্কোয়ার ফিট যে জমি ১৯৪৮ সালে দখল নিয়েছিল কোনও উদ্বাস্তু, তার তো এখন দ্বিতীয়, তৃতীয় জেনারেশন হয়ে গেছে। আমার বাবা যে জমি পেয়েছিল, তারপর আমাদের কয়েক ভাই, তাদের প্রত্যেকের পরিবার হয়েছে, সেই এক ছটাক, দু ছটাকের উপর যদি বাড়ি করতে যাই, তাতে আবার কলকাতা কর্পোরেশন যে আইন লাগু করে দিয়েছে, তাতে কি সম্ভব?

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি বলুন, এক ছটাক, দু ছটাক, এক কাঠা, দুই কাঠা জায়গায় আমরা আমাদের পরিবারের ৫।৭।১০ জন শরিক নিয়ে বসবাস করব? অর্থাৎ বলা হচ্ছে উচ্ছেদ হয়ে যাও? আমরা হকার উচ্ছেদ করেছি, ঠেলা উচ্ছেদ করেছি, রিক্সাওয়ালা উচ্ছেদ করেছি, গরিব মানুষকে তাড়িয়েছি—তোমরা উদ্বাস্তু মানুষ এখনও কেন বসে আছ? কেন তোমরা ১০ তলা, ১৫ তলা বাড়ি তৈরি করতে পারছ না? অর্থাৎ তোমাদের উচ্ছেদের ব্যবস্থা করলাম। ১৯৯০ সালের আইন মোতাবেক বাড়ি না করলে বাড়ি ভেঙ্গে দেওয়া হবে। কে হুমকি দিয়েছে? আজকে কলকাতা কর্পোরেশনের একজন আমলা—অসীম বর্মন। তার বিবৃতি বেরিয়েছে। কবে বেরিয়েছে? যেদিন ভারতবর্ষের মানুষ স্বাধীনতা দিবসে আনন্দে মাতোয়ারা হয়েছে, সেদিন ১৫.৮.১৯৯৬ তারিখে, আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে।

স্যার, বহু উদ্বাস্তু পরিবার, যারা অনেক দিন ধরে কলকাতায় বসবাস করছিল তাদের বলা হল, তোমাদের নাগরিকত্ব স্বীকার করি না। যারা এতদিন ধরে এক ছটাক, দু ছটাক বা পাঁচ ছটাক জায়গায় উদ্বাস্তু নাম নিয়ে কলকাতায় থাকত আজকে সেখানে তাদের থাকতে দেওয়া হবে না। বলা হল—তোমরা ডায়মন্ডহারবার চলে যাও, সাগর চলে যাও, সুন্দরবনে চলে যাও—সেখানে গিয়ে বাঘের সঙ্গে বসবাস কর। কলকাতাকে আমাদের সুন্দর করতে হবে কারণ ব্রিটিশ প্রধানমন্ত্রী কলকাতায় আসবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই লজ্জা, এই পাপ, এই দোষ ওঁরা কি দিয়ে ঢাকবেন? তাই স্যার, মাননীয় উদ্বাস্তু মন্ত্রীর বোঝা উচিত পশ্চিমবঙ্গে উদ্বাস্তুদের সর্বশান্ত করে, নিজেদের স্বার্থের জন্য তাদের যুপকাষ্ঠে বলি দিয়ে, ক্ষমতার মদমত্তে শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে বসে যারা তাদের আজকে আবার নতুন করে অপমানকর পরিস্থিতির মধ্যে ঠেলে দিচ্ছেন, উৎখাত করে দিচ্ছেন, মানুষ তাদের কখনওই ক্ষমা করবেন না। প্রয়াত রাজীব গান্ধী উদ্বাস্তুদের যে ঠিকানা দেবার চেষ্টা করেছিলেন ওঁরা আজকে অস্বীকার করতে চাইছেন। তাই উদ্বাস্তুদের দীর্ঘশ্বাস, ধিক্কার, অভিশাপ থেকে আজকে ওঁরা মুক্তি পেতে পারেন না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলোনি কমিটি বলে একটা ব্যাভিচারি ব্যবস্থা আছে। গত ১০/১৫ বছর ধরে সেই কমিটির কোনও নির্বাচন হয়নি। ভারতের মাননীয় রাষ্ট্রপতিরও পাঁচ বছর অন্তর নির্বাচন হয়। আজকে ঐ কমিটিতে ওঁদের লোকেরা মৌরসী-পাট্টা করে বসে আছে এবং টাকা নিয়ে জমি বিক্রি করে নতুন লোককে মালিকানা পাইয়ে দিচ্ছে। স্যার, যারা ১৯৪৭/৪৮ সাল থেকে জমিদারদের লেঠেল বাহিনীর সঙ্গে লড়াই করে, জল-জঙ্গল পরিষ্কার করে, হিংস্র জন্তু-জানোয়ারের সঙ্গে লড়াই করে, জলজ জায়গায় সরীসৃপের সঙ্গে লড়াই করে নিজেদের বুক দিয়ে ঐ জমি আগলে রেখেছিল আজকে ওঁরা তাদের সঙ্গে প্রহসন করছেন, তাদের জমি নিয়ে রাজনীতি করছেন, ফাটকা খেলছেন।

স্যার, আজকে যদি দুই ভায়ের জমি থাকে এবং এক ভাই কংগ্রেস ও অন্য ভাই সি.পি.এম.-এর সমর্থক হয় তাহলে কি অবস্থা হয় দেখুন। যদি সি.পি.এম.-র সমর্থক হও বা ডি.ওয়াই.এফ.-র সমর্থক হও, মিছিল-মিটিং-এ যাও তাহলে ঠিক আছে। কিন্তু যদি কংগ্রেসি হও তাহলে বলবে—দূর হটো, তুমি জমি পাবে না। স্যার, আজকে ওঁরা এই ভাবে উক্ত কমিটির মাধ্যমে পারিবারিক ক্ষেত্রে, সামাজিক ক্ষেত্রে, সমস্ত ক্ষেত্রে শত্রু তার বীজ ব[illegible] করছে।

মাননীয় মন্ত্রী মহাশয়, আজকে আপনার বাজেট বরাদ্দ কমল কেন? তাহলে কি [illegible] সমস্যার সমাধান হয়ে গেছে? এর জবাব আপনি নিশ্চই দেবেন। আজকে উন্নয়নের জন্য [illegible] টাকা খরচ করবেন? আজকে ১০ নম্বর ক্যামাক স্ট্রিটে যাঁরা বসে আছেন, চর্ব-চোষ্য লেহ্য-পেয় খাচ্ছেন, যাঁরা উদ্বাস্তুদের স্বার্থ বিরোধী তাদের মাইনে দেবার জন্য কত টাকা দিচ্ছেন আর উদ্বাস্তুদের জন্য কত টাকা দিচ্ছেন? এসবের জবাব আজকে মাননীয় মন্ত্রী মহাশয়কে দিতে হবে। এই কমিটির মাধ্যমে যে ঘৃণার জীব, স্বৈরাচারিতার বীজ, পরিবারে [illegible] সমাজের মধ্যে বপন করছেন তার বিরুদ্ধে আপনি কোনও ব্যবস্থা নেবেন কি [illegible]

আজকে যারা সত্যিকারের উদ্বাস্তু তারা সরকারের কাছে সরাসরি গেলে দলিল [illegible] না। মাঝখানে ঐ যারা সি.পি.এম.-র দালাল, পুড়ৎ শ্রেণী তারা এই দলিল দিতে দিচ্ছে না প্রজা এবং সরকারের মাঝখানে ঐ পুড়ৎ শ্রেণীকে বাদ দিতে হবে। তাই আজকে যারা সি.পি.এম.-র দালালরা, ইউ.সি.আর.সি.-র কাপালিক, যারা উদ্বাস্তুদের উৎখাতের ষড়যন্ত্র সৃষ্টি কারি সেই ষড়যন্ত্রীদের মন্ত্রী ষড়যন্ত্রীকারিকে বলি—হুঁশিয়ার। আগামী দিনে উদ্বাস্তুদের জন্য সঠিক পদক্ষেপ, সঠিক বিচার-বিবেচনা আরম্ভ হওয়ার আশু প্রয়োজন। এই বলে ব্যয় বরাদ্দের বিরোধিতা করে এবং কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নীরোদ রায়চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের শরনার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় কান্তি বিশ্বাস মহাশয় যে ব্যয় বরাদ্দ এনেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করি।

[4-00 – 4-10 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঙ্কজ বাবুর কথা শুনলাম, আমি পঙ্কজ বাবুর প্রত্যেকটি কথার উত্তর দিতে পারতাম, কিন্তু আমার সময় কম, তাই আমি পঙ্কজ বাবুর কথার উত্তর দিতে পারছি না। তবে একটা কথা পঙ্কজ বাবুকে বলি, আপনি স্ববিরোধী কথা বললেন, মায়া কান্না কাঁদলেন যে, উদ্বাস্তুরা কেন পশ্চিমবাংলায় এলেন, কেন তারা আন্দামানে গেল না, কেন ভারতবর্ষের বাইরে গেল না, কেন মরিচঝাঁপিতে গেল না! কিন্তু আপনি কি পশ্চিমবাংলায় যে সমস্ত উদ্বাস্তু আছে তাদের কথা একবারও শুনেছেন, তাদের কথা একবারও ভেবেছেন, তাদের দুঃখ কষ্টের কথা ভেবেছেন? আমার মনে হয় আপনি তাদের কথা চিন্তা করেননি, করলে পরে আপনি এই সব কথা বলতে পারতেন না। যাই হোক মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এটা পরিতাপের বিষয়, লজ্জার বিষয় যে স্বাধীনতার ৫০ বছর পরও মাননীয় মন্ত্রীকে এই বিধানসভায় উদ্বাস্তুদের জন্য বাজেট পেশ করতে হচ্ছে, আর এটা নিয়ে আলোচনা করতে হচ্ছে। পঙ্কজ বাবুর মতে, উদ্বাস্তুদের সঙ্গে তামাশা করা হচ্ছে। বললেন, কেন পশ্চিমবাংলায় তাদের পুনর্বাসন দেওয়া হবে? এটা ওঁনারই বলার কথা, উনি যা বলার বলেছেন, কিন্তু আমি বলতে চাই প্রতিশ্রুতি ছিল স্বাধীনতার উত্তরকালে ভারতবর্ষের তৎকালীন কংগ্রেসের নেতা যাঁরা ছিলেন, যাঁরা কংগ্রেসের কর্ণধার ছিলেন, তাঁরা বলেছিলেন পূর্ববঙ্গ থেকে যে উদ্বাস্তুরা এ দেশে আসবে তাদের কোনও অসুবিধা হবে না, তাদের সমস্ত দায়-দায়িত্ব ভারত সরকার নেবে। এ কথা বলেছিলেন তদানীন্তন ভারতবর্ষের প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহেরু। আপনারা ভুলে যাবেন না, ওই লালকেল্লায় যে দিন স্বাধীনতার পতাকা উড্ডীন করেছিলেন সেদিন ভারতবর্ষের উদ্বাস্তুদের কাছে অনেক প্রতিশ্রুতি দিয়েছিলেন, কিন্তু কোনও প্রতিশ্রুতিই তাঁরা আজ পর্যন্ত পালন করেননি। বরং তাঁরা উদ্বাস্তু বিরোধী কাজ করেছেন। পূর্ব বাংলা থেকে যে উদ্বাস্তুরা পশ্চিমবাংলায় এল, আর পশ্চিম পাকিস্থান থেকে যারা এল তারা কি পেল? পশ্চিম পাকিস্থান থেকে যারা এসেছে তারা ঘর, বাড়ি, জমি পেল, ৬০-এর দশকের মধ্যেই তাদের পুনর্বাসনের কাজ শেষ হয়ে গেল। আর পূর্ব বাংলায় থেকে যারা উদ্বাস্তু হয়ে এল তাদের ভাগ্যে কি জুটল? পশ্চিমবাংলার মোট যে জনসংখ্যা তার ৬ জনের মধ্যে ১ জন উদ্বাস্তু। তাই এখন ১ কোটি ১০ লক্ষ উদ্বাস্তু এই পশ্চিমবাংলায় বাস করে। যদিও অনেক আগেই কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার উদ্বাস্তুদের দায়-দায়িত্ব ছেড়ে দিয়েছেন। ভারত সরকার উদ্বাস্তুদের দাবি দাওয়া মেনে নেয়নি, উদ্বাস্তুদের দাবিকে ছুঁড়ে ফেলে দিয়েছেন। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গ সরকার তাদের সেই দাবিকে রক্ষা করেছেন। পশ্চিমবঙ্গের উদ্বাস্তুদের যে দাবি মেনে নেওয়া দরকার, তাদেরকে প্রয়োজনীয় সাহায্য দেওয়া দরকার তাই পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করেছিল, বার বার বলেছিল, আন্দোলন করেছিল সংগ্রাম করেছিল যে পূর্ববঙ্গ থেকে যে উদ্বাস্তুরা এসেছে তাদের দাবি মেনে নেওয়া হোক, তাদের সাহায্য দেওয়া হোক। তারফলে সে সময়ে ভারতবর্ষের প্রধানমন্ত্রী রাজ্য সরকারকে বলেছিলেন, 'তোমরা আমাদের কাছে রিপোর্ট পেশ কর'। তখন রাজ্য সরকার আলোচনা করে

আর.আর. কমিটি গঠন করে। সেই কমিটি কলোনিগুলো ঘুরে ঘুরে পরিদর্শন করে যে সিদ্ধান্ত গ্রহণ করে তা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়। তখন কেন্দ্রীয় সরকার জানতে পারে যে, পশ্চিমবাংলায় যে উদ্বাস্তুরা বসবাস করছে তাদের সব সমস্যার সমাধান হয়নি, এখনও তাদের যেসব সমস্যা রয়েছে তার সমাধান করা দরকার। তাই তো পশ্চিমবাংলার উদ্বাস্তুদের স্বার্থে এখনও রাজ্য সরকারের উদ্বাস্তু ত্রাণ দপ্তর কাজ করে চলেছে। পরিশেষে আমি মাননীয় মন্ত্রীর কাছে আমার এলাকার উদ্বাস্তু ক্যাম্পের উদ্বাস্তুদের যথাযথ সাহায্য করার অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে পশ্চিমবঙ্গ সরকারের শরনার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ১৯৯৭-৯৮ সালের ৪০ নং দাবির অধীন যে ব্যয় বরাদ্দের অনুমোদন চেয়েছেন, আপনার মাধ্যমে আমি তার বিরোধিতা করছি। স্যার, আমি উদ্বাস্তু নই, কিন্তু যখন উদ্বাস্তু শিবিরের কান্না-কাটি আমার কানে যায় তখন বিচলিত হয়ে উঠি। আমরা পশ্চিমবাংলার মানুষরা বিচলিত হয়েই যাঁরা পূর্ব বাংলা থেকে উদ্বাস্তু হয়ে এসেছিলেন তাঁদের জায়গা জমি ছেড়ে দিয়েছি একবালপুর, মোমিনপুর খিদিরপুর, ঢাকুরিয়ায়। তারপর এই সরকারের ২০ বছরের রাজত্বকাল অতিবাহিত হবার পরেও আজকে মাননীয় মন্ত্রী বলছেন, 'উদ্বাস্তু সমস্যা একটা ট্র্যাজেডি'। হ্যাঁ, এটা আমার কাছেও একটা ট্র্যাজেডি—২০ বছর আগের ট্র্যাজেডি, ২০ বছর পরেও কেন ট্র্যাজেডি হয়ে থাকবে? এই জন্যই এটা আমার কাছেও ট্র্যাজেডি। মাননীয় মন্ত্রী বলেছেন, গত বছর ১৮ কোটি টাকা খরচ করে ১১৯টা কলোনির জন্য তাঁরা প্রকল্প তৈরি করেছেন—শৌচাগার, ড্রেন, তেনর ব্যবস্থা করেছেন। এবারে তিনি ৯৯৮টি কলোনিকে স্বীকৃতি দেবার চেষ্টা করবেন। এই পয়েন্টেই আমার একটা বক্তব্য আছে। উদ্বাস্তুরা পূর্ব বাংলা থেকে এসেছিলেন, ডায়মন্ডহারবারে লেনিন নগর হয়েছে, সেখানে উদ্বাস্তুদের পাট্টা দেওয়া হয়নি। ইন্দিরা নগর তৈরি হয়েছে, সেখানেও পাট্টা দেওয়া হয়নি। রবীন্দ্র নগরের মানুষরা এখনও পাট্টা পেল না। তাই আমি মাননীয় মন্ত্রীর সঙ্গে একমত যে, এটা সত্যিই একটা করুণতম ট্র্যাজেডি। এ রাজ্যে পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের সাথে সাথে আর নতুন ধরণের উদ্বাস্তুর সৃষ্টি হয়েছে। দক্ষিণ ২৪-পরগনায় এই সরকার ফলতা অবাধ বাণিজ্য কেন্দ্র গড়তে গিয়ে সেই এলাকার বহু মানুষকে উদ্বাস্তু করেছেন। সেখানকার বহু মানুষ জমি, জায়গা, বাস্তু-ঘর ছাড়তে বাধ্য হয়েছে। কিন্তু তাদের জন্য উদ্বাস্তু পল্লী সঠিক ভাবে গড়ে তোলার আজও পর্যন্ত কোনও প্রকল্প গ্রহণ করা হয়নি। তাদের উন্নয়নের কোনও ব্যবস্থা হল না। আমার ডায়মন্ডহারবার বিধানসভা কেন্দ্রের বহু মানুষের এই অবস্থা হয়েছে। তাদের সমস্যার সমাধানের জন্য সরকারের পক্ষ থেকে কোনও উদ্যোগ গ্রহণ করা হচ্ছে না। ফলতা বাণিজ্য কেন্দ্র গড়ে তুলতে গিয়ে যে মানুষগুলোকে উদ্বাস্তু করা হল তারা কোথায় যাবে? হলদিয়াতেও সেই একই অবস্থা হয়েছে। যারা দেশের উন্নয়নের জন্য ঘর বাড়ি, জমি জায়গা দিয়ে দিয়েছে, সব কিছু ত্যাগ করেছে। আজকে তারা উদ্বাস্তু হয়ে যে জমিতে বসবাস করছে সেই জমির কি তারা পাট্টা পাবে না? যদি না পায়

তাহলে তা খুবই দুঃখের ঘটনা হবে, করুণতম ঘটনা হবে। এই করুণতম দুরাবস্থার অবসানের দাবি জানিয়ে, এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে, আমাদের দলের কাট মোশনের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[4-10 – 4-20 p.m.]

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, মাননীয় উদ্বাস্তু ত্রাণ এবং পুনর্বাসন মন্ত্রী এখানে যে ব্যয় বরাদ্দের প্রস্তাব রেখেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলব। এই কংগ্রেসিরাই উদ্বাস্তু সমস্যা সৃষ্টি করেছিলেন। দ্বি-জাতীয় তত্ত্বের উপর ভিত্তি করে ভারত ভাগের মধ্য দিয়ে ক্ষমতার লালসায় এই উদ্বাস্তু সমস্যা সৃষ্টি করেছিলেন। তারাই আজকে উদ্বাস্তুদের জন্য মায়া কান্না কাঁদছেন। আপনাদের (কংগ্রেসিদের) দেখে করুণা হয়। আপনাদের বোঝা উচিত ছিল, এই সমস্যা আপনারাই সৃষ্টি করেছেন। এই উদ্বাস্তু সমস্যার সমাধানেব দায়িত্ব আপনাদের উপর ছিল। কারণ স্বাধীনতার পরে কেন্দ্রে আপনারাই ক্ষমতায় ছিলেন। পশ্চিম পাকিস্তান থেকে যে সমস্ত উদ্বাস্তু ভাইয়েরা এসেছিলেন তাদের জন্য ৫৫০ কোটি টাকা খরচ করে তাদের পুনর্বাসনের দায়-দায়িত্ব কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছিলেন। কিন্তু ঠিক সেই সময়ে পূর্ব পাকিস্তান থেকে যে সমস্ত উদ্বাস্তু ভাইয়েরা পশ্চিমবঙ্গে এসেছিলেন তাদের জন্য যে ৩৫০ কোটি টাকা খরচ করার কথা ছিল সেই পরিমাণ টাকা আপনারা খরচ করেননি। সেই পরিমাণ টাকা খরচ করে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা উচিত ছিল। কিন্তু তদানীন্তন কেন্দ্রে যে কংগ্রেস সরকার ছিল সেই সরকার করেনি। এই দায়িত্ব আপনাদের। আপনাদেরই দেখা উচিত ছিল। যদি দেখতেন তাহলে তখনই সমস্যা মিটে যেত সেই ৩৫০ কোটি টাকা খরচ করে। পশ্চিমবাংলায় যে উদ্বাস্তুর সমস্যা সৃষ্টি হয়েছিল সেটার যথাযথ রূপায়ণের দাবি আপনারা যদি তুলতেন সেই সময়ে তাহলে আজকে স্বাধীনতার ৫০ বছর পরে পশ্চিমবঙ্গে আর উদ্বাস্তু সমস্যা থাকত না। কিন্তু সেইদিন আপনারা সেই কাজ যথাযথ ভাবে করেননি। এখন এই কাজ যথাযথ করার জন্য বামফ্রন্ট সরকার নিজে উদ্যোগী হয়ে যে চেষ্টা চালাচ্ছেন সেই চেষ্টা যাতে সফল হয় তার জন্য আপনাদের সহযোগিতা প্রার্থনা করছি এবং মাননীয় মন্ত্রী মহাশয়কেও এই ব্যাপারে আরও গুরুত্ব সহকারে দেখার জন্য অনুরোধ করব। সঙ্গে সঙ্গে আমি একথাও বলতে চাই, এই উদ্বাস্তু সমস্যার সমাধান যদি সঠিক ভাবে করতে হয় তাহলে এরজন্য দরকার বিরাট অঙ্কের টাকা। ৩৯ কোটি, কি ৪০ কোটি, কি ৪১ কোটি টাকার পরিকল্পনা দিয়ে এত উদ্বাস্তু সমস্যার সমাধান করা যাবে না। এর জন্য আরও বেশি ব্যয় বরাদ্দ যাতে করা যায় তার জন্য আপনাদের চেষ্টা করতে হবে। এটাই আপনাদের কাছে আমার অনুরোধ। এরপর আমি একটি বিশেষ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, একজন উদ্বাস্তু ভদ্রমহিলা প্রাক্তন উদ্বাস্তু ও পুনর্বাসন মন্ত্রী যিনি ছিলেন তাঁর কাছে একটি ঘরের জন্য ১৯৮৮ সালে দরখাস্ত করেছিলেন। ১৯৮৮ সাল থেকে আজ পর্যন্ত তিনি আপনার দপ্তরে বার বার গিয়েও একটি ঘরও পান নি। তিনি আবার আপনার কাছে নতুন ভাবে এই মাসে দরখাস্ত করেছেন। আপনি এই

ব্যাপারটি একটু দেখবেন। আমি তাঁর নাম এবং ঠিকানা বলে দিচ্ছি, দয়া করে লিখে নিন এবং এই বিষয়টি যদি দেখেন তাহলে খুব ভাল হয়। তাঁর নাম হচ্ছে, শ্রীমতী বিনারাণী রায়, ঠিকানা, ১৬ প্রিন্স আনোয়ার শা লেন, কলকাতা-২০। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল ঘোষ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আমার বলার শুরুতে আমাদের দলের সদস্য শ্রী পঙ্কজ ব্যানার্জির সুর ধরেই বলছি, আজকে ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এনেছেন তা এতই নগণ্য যে এটা লজ্জার ব্যাপার। কারণ ওনারা ভুলে গেছেন, এই ব্যয় বরাদ্দ আনার আগে এই হাউসে ওনাদের দুটি স্লোগান ছিল।

মাননীয় মন্ত্রী মহাশয়ের নিশ্চয় স্মরণে আছে যে সেই সময় আপনাদের দুটি স্লোগান ছিল—'আমরা কারা, বাস্তুহারা'। এবং 'কলেকারখানায় কাজ করতে হবে না'। এই উদ্বাস্তুদের নিয়ে স্বাধীনতার পর আপনারা অনেক কান্ড করেছেন। একজন বন্ধু এখানে বলছিলেন, এখানে যখন স্বাধীনতা নিয়ে বিতর্ক হচ্ছে—ইংরাজরা কেন ভারতে থাকল, কেন ভারত থেকে চলে গেল, কেন আমরা স্বাধীনতা পেলাম, কেন পূর্ব পাকিস্থান তৈরি হল, কেন পূর্ব পাঞ্জাব তৈরি হল এই বিতর্কে যখন আমরা যুক্ত তখন পাঞ্জাব, উত্তরপ্রদেশ, হরিয়ানা, রাজস্থানে উদ্বাস্তুরা যাতে নিজেদের পায়ে দাঁড়াতে পারেন সেই চেষ্টা তারা চালিয়ে গিয়েছেন। আপনারাও তো ১৯৬৭ সালে, ১৯৬৯ সালে এখানে ক্ষমতায় ছিলেন, কই, সেই চেষ্টা তো আপনারা একবারও করেননি। তারপর তো ১৯৭৭ সাল থেকে একনাগাড়ে ২০ বছর ধরে এখানে আপনারা ক্ষমতায় আছেন কিন্তু পশ্চিমবঙ্গের উদ্বাস্তুদের কোনও সমস্যারই তো আপনারা সমাধান করেননি। আজকে যে ব্যয় বরাদ্দ এনেছেন তাতেও তো সুনির্দিষ্ট ভাবে উদ্বাস্তুদের কল্যাণের কোনও সুনির্দিষ্ট পথ আপনি দেখাতে পারেননি। এর আগে ভারত সরকার এবং আপনাদের মধ্যে যুক্ত ভাবে ঠিক হয়েছিল যে ১৯৭১ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে যেসব উদ্বাস্তুরা এসেছেন তাদের পুনর্বাসনের দায়িত্ব কেন্দ্র এবং রাজ্য সমান ভাবে নেবে এবং এরজন্য আপনাদের মাস্টার প্ল্যান দিতে বলা হয়েছিল কিন্তু আপনারা কি করলেন? ১৯৮৫ এবং ১৯৮৬ সালে প্রয়াতঃ রাজীব গান্ধী আপনাদের বলেছিলেন, আপনারা সমস্ত প্ল্যানটা এক সঙ্গে দিন। আপনারা মাত্র ৮৫ কোটি টাকার প্ল্যান দিতে পেরেছিলেন। সেই প্ল্যান সম্পর্কে রাজীব গান্ধী বলেছিলেন, আপনারা ১০০ কোটি টাকা নিন বা আরও বেশি নিন কিন্তু প্ল্যানটা একবারই দিন। কিন্তু তবুও দেখছি, আজকেও বাঙালি উদ্বাস্তু ভাইদের পাকা বাড়ি নেই, তারা বেড়ার ঘরে থাকে। আজকেও বাঙালি উদ্বাস্তু ভাইদের সকলের মাথা গোঁজার ঠাঁই নেই। কত ধরনের কলোনি এখানে আছে তার হিসাব আপনার বক্তৃতায় পেলাম না। রিফিউজি যারা কোয়ার্টার্স কলোনিতে বাস করেন আপনার বাজেট বক্তৃতায় আপনি বলতে পারেননি তাদের জন্য আপনি কি করছেন। রিফিউজি যারা গভর্নমেন্ট কলোনিতে বাস করেন আপনি বলতে পারেননি তাদের অবস্থাটা কি। তারপর রিফিউজি, যারা ৫০-এর দশকে

স্বাধীনতার পর বা ঐ সময় এসেছিলেন তাদের কিছু কিছু লোককে বিভিন্ন জায়গায় ছোট ছোট বাড়ি করে রাখা হয়েছিল। তাদের অবস্থা আজকে কি সেটাও আপনি বলেননি। রিফিউজি, যারা জবর দখল কলোনিগুলিতে বাস করেন তাদের সম্পর্কে কোনও সমীক্ষা আপনি দিতে পারেননি যে কত মানুষ সেখানে. বাড়ি করতে পেরেছেন। সেই সব কলোনি রেকগনাইজও করেননি। তারপর যারা বায়নানামা করেছিলেন, এল.পি. কলোনিগুলিতে যারা বাস করেন এবং যাদের নিয়ে ১৯৬০-এর দশকে ও ১৯৭০-এর দশকে আপনারা অন্দোলনও করেছিলেন তাদের অবস্থা সম্পর্কেও বলেননি। যারা বায়নানামা নিয়েছিলেন, বায়নার সঙ্গে জমি বন্ধক রেখে তারা টাকাও নিয়েছিলেন এবং তাদের আশা ছিল যে আপনারা সরকারে এসে তা মকুব করে দেবেন কিন্তু মকুব তো আপনারা করেননি বরং সুদে আসলে সেই টাকা আপনারা ফেরত নিতে চাইছেন। এর পর আমি নিঃশর্ত দলিলের কথায় আসছি। আপনারা সর্বশেষ যে দলিল দিয়েছেন তাতে দেখেছেন কি সেই দলিলে নিঃশর্ত বলতে কি ব্যবস্থা আছে? আমরা এ ক্ষেত্রে বারবার আপনাদের বলেছিলাম যে ঐ যে ইউ. সি. আর. সি.কে নিয়ে যাচ্ছেন ওরা কিন্তু নৌকা ডুবিয়ে দেবে, ওরা রাজনৈতিক কারণে যাচ্ছে, আপনারা সর্বদলীয় কমিটি করুন কিন্তু আমাদের কথা শোনা হয়নি। আপনারা এমনই নিঃশর্ত দলিল দিয়েছেন যে উদ্বাস্তু ভাইরা যদি নিজের পায়ে দাঁড়াবার জন্য কলোনির বাড়ি বা জমি কোনও ব্যাঙ্কে বা কোথাও জমা রেখে টাকা নিতে চায় তাহলে তা গ্রাহ্য হচ্ছে না। হচ্ছে না তার কারণ এর কোনও দামই নেই। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি তাই বলব, কেন্দ্রীয় সরকারের কাছে আপনার বিবৃতির মাধ্যমে একটা দাবিই খালি তুলে ধরেছেন এবং এখানে একটা ব্যয়বরাদ্দ পেশ করতে হয় বলেই করেছেন কিন্তু উদ্বাস্তুদের জন্য কিছুই করছেন না। আপনি কল্যাণীর কথা বলেছেন, যান, দেখুন, কল এখনও পোঁতা হয়নি। আপনি একটা কলোনির নাম করুন যেখানে আপনার পুনর্বাসন দপ্তর থেকে গত ২০ বছরে কিছু করেছেন? করেননি। হ্যাঁ, অন্য দপ্তর করেছে কিন্তু আপনার দপ্তর করেনি। তাই আমি পরিশেষে বলছি, বিবাদ না করে, ঝগড়া না করে, এখনও সময় আছে, সঠিকভাবে একটা প্রোজেক্ট তৈরি করে এগিয়ে যাবার চেষ্টা করুন। ১৯৭১ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে কত সংখ্যক উদ্বাস্তু এসেছেন সেটা কি নির্ণয় করতে পেরেছেন? না, নির্ণয় করতে পারেননি।

[4-20 – 4-30 p.m.]

আজকে আপনার দপ্তর থেকে নির্ণয় করতে পারেননি যে ১৯৭১ সালে কত ছিন্নমূল উদ্বাস্তু এখানে এসেছে। আজকে তাদের বাড়ি নেই, রাস্তা নেই, জল। অথচ আপনি কিছু করতে পারবেন না। তাই বলছি যে, এখনও সময় আছে, খালি মাস্টার প্লান তৈরি করে দিল্লির মুখের দিকে তাকিয়ে থাকলে হবেনা। আপনাদের বন্ধু সরকার ৪ বার এল। শুধু দিল্লির কথা বলে আপনাদের যে দায়িত্ব ছিল তার থেকে সরে যেতে পারবেন না। এই রাজ্য সরকারেরও একটা দায়িত্ব আছে। আপনাদের দায়িত্ব আপনারা পালন করছেন না। আপনারা শুধু বাজেট বরাদ্দের দাবি পেশ করছেন মাত্র। এতে কিছু হবেনা। ২৯/৩০ কোটি ইজ

নাথিং। তার মধ্যে ১৩ কোটি টাকা অলরেডি ভোট অন অ্যাকাউন্টে দেওয়া হয়েছে। বাকি থাকছে ১৮ কোটি টাকা। এতে কিছু করতে পারবেন না। আপনারা দিল্লির কাছে দাবি করবেন। কিন্তু এই সরকার কিছু করতে পারবেন না। এই যদি অবস্থা হয় তাহলে এই বাজেটের বিরোধিতা করা ছাড়া আর কোনও উপায় নেই। সেজন্য এই বাজেটের বিরোধিতা করে, আমাদের কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অমর চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় ত্রাণ মন্ত্রী মহাশয় রিফিউজি, রিলিফ এবং রিহ্যাবিলিটেশন দপ্তরের যে বাজেট এখানে উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। প্রথম কথা যেটা বলতে চাই সেটা হচ্ছে, আজকে কংগ্রেসের রাজনৈতিক পুনর্বাসনের প্রয়োজন হয়ে পড়েছে। তারা পুনর্বাসনের ব্যবস্থা করার জন্য বামফ্রন্ট সরকারের কাছে রিহ্যাবিলিটেশনের সাহায্য চাচ্ছেন। আমি তাদের বলব যে, আজকে এই যে অবস্থা হয়েছে এর জন্য দায়ী কে? এখানে পঙ্কজবাবু একটা কথা বলেছেন। তিনি আজকে থার্ড জেনারেশনের জন্য কুম্ভীরাশ্রু বর্ষণ করছেন। কিন্তু ফার্স্ট জেনারেশনের পুনর্বাসনের জন্য তারা সেদিন প্রতিবাদ করেছিলেন। জবরদখল কলোনিগুলি সৃষ্টি হয়েছে তৎকালীন কংগ্রেস আমলে। সেই সময়ে তারা কি করেছেন? বামফ্রন্ট এই সব মানুষের পাশে ছিল। আজকে নিশ্চয়ই ফার্স্ট জেনারেশনেও এই সমস্যা আছে। এই সমস্যা নিশ্চয়ই প্রথম থেকে সমাধান করা যায়নি। এই সমস্যা সমাধান করার জন্য আমাদের ভাবতে হবে যে কিভাবে এটা করা যায়। কিন্তু এর জন্য দায়ী হচ্ছে কেন্দ্রীয় সরকারের যে নীতি সেই নীতি। আমরা দেখেছি যে পাঞ্জাবে ভাগ হয়েছে এবং সেখান থেকে উদ্বাস্তু এসেছে, আবার বাংলা ভাগ হয়ে সেখান থেকে উদ্বাস্তু পশ্চিমবঙ্গে এসেছে। পাঞ্জাবের ক্ষেত্রে তাদের সমস্ত ইকনমিক্যালি রিহ্যাবিলিটেশনের দায়িত্ব কেন্দ্রীয় সরকার নিয়েছিল এবং তাদের বাড়ি-ঘর করে দেওয়া, তাদের অর্থনৈতিক পুনর্বাসনের সমস্ত দায়-দায়িত্ব তারা নিয়েছিল। কিন্তু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে তাদের আচরণ অন্য রকম ছিল। পশ্চিম বঙ্গে তাদের অর্থনৈতিক পুনর্বাসন না দেবার ফলে এখানে উদ্বাস্তুদের এই রকম একটা পরিস্থিতি দাঁড়িয়েছে। আজকে বামফ্রন্ট সরকার এসে তাদের পাশে দাঁড়িয়েছে। এটা ঠিক যে এটা একটা জাতীয় সমস্যা এবং এটা শুধু একটা অঙ্গ রাজ্যের পক্ষে সমাধান করা সম্ভব নয়। সেজন্য তারা বারবার কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে। এখানে বাজেট বক্তৃতায় মাননীয় মন্ত্রী মহাশয় যথাযথ ভাবে বলেছেন। তিনি ১ হাজার ৭২৫ কোটি টাকা কেন্দ্রের কাছে চেয়েছেন। ইকনমিক্যাল রিহ্যাবিলিটেশনের জন্য ১ হাজার ১৫০ কোটি এবং অন্যান্য কলোনি উন্নয়নের জন্য ৫৭৪ কোটি টাকা। এই ১ হাজার ৭২৫ কোটি টাকা না দিলে এই সমস্যার সমাধান করা যাবে না। কেন্দ্রীয় কংগ্রেস সরকারের আমল থেকে বারে বারে বলা হয়েছে যে এটাকে সাধারণ জনগোষ্ঠীর সঙ্গে মিশিয়ে দেবার জন্য। আজকে তারা জনগোষ্ঠীর সঙ্গে মিশিয়ে দেবার দাবি করছেন, কিন্তু এক সময়ে যারা এই দায়িত্বে ছিলেন তারা সেটা চাননি। আজকে অনেক সমস্যার মধ্যেও নূতন প্রকল্প করছেন, এটা অত্যন্ত সুখের কথা। তারজন্য অভিনন্দন জানাচ্ছি।

সাথে সাথে একটি কথা বলব যে, বরানগরে বনহুগলী টেনামেন্ট স্কিম ধ্বংসের মুখে দাঁড়িয়েছে। সেই টেনামেন্ট স্কিম নতুন প্রকল্প নিয়ে করতে পারেন কিনা দেখুন। আর একটি কথা, বাগজোলা খাল সংস্কার করতে গিয়ে ঐ খালের উপর যে কয়েকটি কলোনি যেগুলো আর. আর. ডিপার্টমেন্টের স্বীকৃতি পেয়েছিল সেগুলো উচ্ছেদ করা হয়েছে। সেই উচ্ছেদ করা মানুষগুলিকে পুনর্বাসিত করবার দাবি জানাচ্ছি। এই বলে বক্তব্য শেষ করছি।

**শ্রী কান্তি বিশ্বাস :** মিঃ স্পিকার স্যার, আজকে অত্যন্ত ভারাক্রান্ত হৃদয়ে বাজেট পেশ করছি, কারণ স্বাধীনতার অর্ধ-শতাব্দীতে পৌঁছেও আমাকে পূর্ব বাংলা থেকে আগত উদ্বাস্তুদের জন্য এই বিধানসভায় দাবি পেশ করতে হচ্ছে, কারণ এটা অত্যন্ত বেদনার এবং দুর্ভাগ্যের বিষয়। এটা বলতে বাধা নেই এবং প্রত্যেকেই এটা স্বীকার করবেন যে, ৫০ বছর আগে যে সমস্যা সৃষ্টি হয়েছিল সেই সময় পশ্চিম পাকিস্তান থেকে আসা উদ্বাস্তু যেভাবে স্থায়িত্ব বিধান হয়েছিল, পূর্ব বাংলা থেকে আসা উদ্বাস্তুদেরও যদি সেইভাবে স্থায়িত্ব বিধান হত তাহলে আজকে সমস্যাটা থাকত না। কিন্তু পূর্ব বাংলার উদ্বাস্তুদের প্রতি কেন্দ্রীয় সরকারের দায়িত্ব জ্ঞানহীনতা এবং উদাসীনতার কারণে সেই সমস্যা আজও বর্তমান। পশ্চিম পাকিস্তান থেকে আগত উদ্বাস্তু যারা তাদের সম্পত্তি সেখানে ফেলে এসেছিলেন, তাদের জন্য কেন্দ্রীয় সরকার সঙ্গে সঙ্গে ১৯১ কোটি টাকা বরাদ্দ করেছিলেন। কিন্তু পূর্ব বাংলা থেকে আগত উদ্বাস্তুরা কি অপরাধ করেছিলেন? তাদের ফেলে আসা সম্পত্তির জন্য এক পয়সা বরাদ্দ করতেও রাজি হননি তাঁরা। আজকে সেই বেদনা, সেই লজ্জার কথা বলতে বাধা নেই। যাহোক, যে সমস্ত ছাঁটাই প্রস্তাব বিরোধী পক্ষ থেকে এসেছে সেই প্রসঙ্গে দুই-একটি কথা বলে আমি অন্য প্রসঙ্গে আসব।

এখানে রবীন্দ্রনাথ চ্যাটার্জি মহাশয় তাঁর ছাঁটাই প্রস্তাবে বলেছেন যে, কাটোয়ায় উদ্বাস্তুদের জন্য কোনও জমি বিলি হয়নি। আমি বলছি, কাটোয়াতে ৩০০ প্লটের মধ্যে ৫৩টি প্লট বিলি করা হয়েছে। কংগ্রেস আমলে রাজ্য সরকারের পক্ষ থেকে সেখানে লিজদলিল দেবার কথা বলা হয়েছিল। আমরা সেই প্রস্তাব ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছিলাম। আমরা কেন্দ্রকে বলেছিলাম—নিঃশর্ত দলিল তাদের দিতে হবে। তারফলে কেন্দ্রীয় সরকার বাধ্য হন তাদের নিঃশর্ত দলিল দিতে। কাটোয়াতে ঐ ৫৩টি প্লটের মধ্যে কিছু নিঃশর্ত দলিল দেওয়া হয়েছে। শশাঙ্কশেখর বিশ্বাস মহাশয়ের এলাকায় ৮০০ প্লট রয়েছে এবং তারমধ্যে ৭৩৭টিতে দলিল দেওয়া হয়েছে। যে কয়টি দেওয়া যায়নি সেগুলো আইনগত বাধা এবং পারিবারিক বিবাদের ফলে দেওয়া যায়নি। বগুলায় ৩৫৬টি প্লটের মধ্যে ৩১২টির ক্ষেত্রে দলিল দেওয়া হয়েছে। যে কয়টি দেওয়া সম্ভব হয়নি সেগুলো আইন-এর বাধার কারণে দেওয়া যায়নি। কমল মুখার্জি মহাশয়ের চন্দননগরে ১৬৬টি প্লটের মধ্যে ১৩০০ প্লটে দলিল দেওয়া সম্ভব হয়েছে। বাকিগুলি মামলার কারণে এবং দাবি প্রতিষ্ঠিত করতে পারেননি বলে দেওয়া সম্ভব হয়নি। আর পঙ্কজবাবুর এলাকার ১৭৫ গ্রুপের সবাইকে দলিল দেওয়া হয়েছে, ৬০৭ গ্রুপের সবাইকে দলিল দেওয়া হয়েছে। নিশ্চয়ই এটা উনি স্বীকার করবেন। কংগ্রেস দলের পক্ষ থেকে

তুষারকান্তি মণ্ডল মহাশয় যে কাট মোশন দিয়েছেন তাতে তিনি জানতে চেয়েছেন যে, হলদিয়া উন্নয়নের জন্য যারা উদ্বাস্তু হয়েছেন তাদের পুনর্বাসিত করার সম্ভব হবে কিনা। পঙ্কজবাবু, আপনি বলুন তো, এরজন্য কাট মোশন দেওয়া যায় কি না? যেহেতু পূর্ব বাংলা থেকে আগত উদ্বাস্তুদের স্বার্থে এই দপ্তর, কাজেই উন্নয়নের স্বার্থে কেউ উদ্বাস্তু হলে সেটা দেখবার দায়িত্ব এই দপ্তরের নয়। আমরা এখানে কলোনি কমিটির কথা বলেছি।

[4-30 – 4-40 p.m.]

এখানে কলোনি কমিটির কথা উনি বলেছেন। কলোনি কমিটির কথা আমি পরিষ্কার করে বলে দিচ্ছি। উনি একাধিকবার চিঠি দিয়েছেন, সেই চিঠির উত্তর দিয়েছি। কলোনি কমিটির সুপারিশ বাধ্যতামূলক নয় কলোনি কমিটি নির্বাচনের মধ্যে দিয়ে তৈরি হয়, কলোনি কমিটি একটা উপদেষ্টা কমিটি মাত্র। কলোনি কমিটির সুপারিশ না থাকা সত্ত্বেও যদি সেটা ন্যায্য দাবি হয় তাহলে সেটা আমাদের দপ্তর থেকে দলিল দেওয়া হয়।

(গোলমাল)

এখানে সন্তোষবাবু অনেক কথা বলেছেন। আমার মনে হয় পঙ্কজবাবু ওনাকে একটু সাহায্য করতে পারতেন দলের সদস্য হিসাবে। সন্তোষবাবু বলেছেন যে আমার দপ্তর থেকে কিছু করা হয়নি। আপনার নিশ্চয়ই জানার কথা, আপনি উদ্বাস্তু এলাকায় থাকেন, পঙ্কজবাবুর মতো আপনি উদ্বাস্তু আন্দোলন না করলেও আপনি সেই এলাকায় থাকেন, উদ্বাস্তু দপ্তর কখনও কলোনির জন্য সরাসরি টাকা ব্যায় করে না। অনেকগুলি এজেন্সী আছে, কোথাও সি. এম. ডি. এ. কোথাও পি. এইচ. ই. কোথাও আরবান ডেভেলপমেন্ট এই সমস্ত সংস্থার মাধ্যমে উদ্বাস্তু দপ্তরের টাকা ব্যয়ে করা হয় উন্নয়নমূলক কাজ করার জন্য। কলোনিগুলির উন্নয়নমূলক কাজের ক্ষেত্রে আপনি বলছেন আর. আর. ডিপার্টমেন্ট কোনও কাজ করেনি, অন্য দপ্তর কাজ করেছে। আর. আর. ডিপার্টমেন্ট অন্য দপ্তরের মাধ্যমে কাজ করে এইটুকু যদি বুঝে আসতেন তাহলে আপনার পক্ষে বক্তৃতা করা সুবিধা হত এবং আমার বোঝার ক্ষেত্রেও সুবিধা হত। আপনি মাস্টার প্ল্যানের কথা বলেছেন। এই বিধানসভায় বারে বারে আমরা মাস্টার প্ল্যানের কথা উল্লেখ করেছি, ওয়ার্কিং গ্রুপের পক্ষ থেকে মাস্টার প্ল্যান করা হয়েছে, বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে মাস্টার প্ল্যান করে আমাদের মন্ত্রী সভার পক্ষ থেকে পেশ করা হয়েছে, এই বিধানসভা থেকে সর্বদলীয় প্রতিনিধি দল দিল্লি গিয়েছে এবং দাবি করেছে উদ্বাস্তু পুনর্বাসনের জন্য এই টাকা ব্যায় করা উচিত এবং এই টাকা যদি ব্যয় করা হয় তাহলে যে সমস্যা এখনও অবশিষ্ট আছে তার সুষ্ঠু সমাধান হতে পারে বলা হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার আমাদের কোনও দাবির কাছে তাঁদের নতি স্বীকার করেননি। তাঁরা অন্যায় করেছে তাঁরা অবিচার করেছেন। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আমাদের কোনও দাবি মানা হয়নি। পশ্চিমবঙ্গ থেকে সর্বদলীয় প্রতিনিধি দল দিল্লি যাওয়া সত্ত্বেও সেই দাবি আদায় করা সম্ভবপর হয়নি। বর্তমান যে সরকার এসেছে সেই সরকার গতবারে ১৮ কোটি টাকা

দিয়েছে। এই ১৮ কোটি টাকা দেওয়া হয়েছে বিভিন্ন কলোনি উন্নয়নের জন্য। কেন্দ্রীয় সরকারের সুপারিশ নিয়ে বিভিন্ন ইমপ্লিমেনটিং এজেন্সীর মাধ্যমে আমরা এই টাকা বরাদ্দ করেছি। এই বছর আমরা ১৮ কোটি টাকার অনুমোদন পেয়েছি, বিভিন্ন ইমপ্লিমেনটিং এজেন্সীর মাধ্যমে সেই টাকা বিলি বন্টন করেছি। এখানে শঙ্করবাবু আছেন, জানেন নিশ্চয়ই, আপনি নদীয়া থেকে নির্বাচিত, কল্যাণীতে যে উদ্বাস্তু কলোনি আছে, অত্যন্ত দূরবস্থার মধ্যে তারা আছে। প্রায় সাড়ে তিন কোটি টাকা—এটা রাজ্য সরকারের টাকা কেন্দ্রীয় সরকারের টাকা নয়—ব্যয় করে কল্যাণীতে যে উদ্বাস্তু কলোনি আছে তাদের পানীয় জলের এবং অন্যান্য সুযোগ সুবিধা বৃদ্ধি করবার পরিকল্পনা নেওয়া হয়েছে। আপনাদের কাছে আমার জিজ্ঞাস্য উদ্বাস্তু পুনর্বাসনের জন্য কি করেছেন আপনারা? পশ্চিমবঙ্গের উদ্বাস্তুদের প্রতি আপনারা অন্যায় আচরণ করেছে, কোনও দায়িত্ব পালন করেননি। দীর্ঘ দিন ধরে উদ্বাস্তু পুনর্বাসনের জন্য ইউ. সি. আর. সি. উদ্বাস্তু আন্দোলনের মধ্যে দিয়ে তাদের দাবি আদায় করবার জন্য সচেষ্ট ছিল। বামফ্রন্ট সরকারের আন্দোলনের মধ্যে দিয়ে উদ্বাস্তুদের জীবনে যে স্থায়িত্ব সেই স্থায়িত্ব আনবার চেষ্টা করা হয়েছে। কেন্দ্রের কংগ্রেস দল কখনও তাদের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেননি। কংগ্রেস দল উদ্বাস্তুদের জন্য এখন মায়া কান্না কাঁদতে পারে কিন্তু চরম অবিচার করেছে এই উদ্বাস্তুদের প্রতি। বিশেষ করে পাঞ্জাব থেকে আসা উদ্বাস্তু, বেলুচিস্তান থেকে আসা উদ্বাস্তু, সিন্ধু প্রদেশ থেকে আসা উদ্বাস্তুদের জন্য কেন্দ্রীয় সরকার যা করেছে তার তুলনায় পূর্ববঙ্গ থেকে আসা উদ্বাস্তুদের প্রতি চরম অন্যায় করেছে অবিচার করেছে। সেই অন্যায় এবং অবিচারের ধারা এখনও বয়ে চলেছে। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে আবার দাবি করছি—আমাদের বিধানসভার পক্ষ থেকে, আমাদের বামফ্রন্ট মন্ত্রী সভার পক্ষ থেকে যে দাবি একাধিকবার উত্থাপন করা হয়েছে পুনর্বার আমরা সেটা উল্লেখ করছি—যে উদ্বাস্তুদের সমস্যার সমাধান করবার দায়িত্ব রাজ্য সরকারের নয় উদ্বাস্তু সমস্যা সমাধানের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। কোন রাজ্য সরকারের পক্ষ থেকে এই দায়িত্ব পালন করা সম্ভবপর নয়। যখন স্বাধীনতা লাভ করা হয় তখন এই কথা নেহেরু লিয়াকত চুক্তির মধ্যে স্বীকার করা হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার সেই দায়িত্ব পালন করেননি। উদ্বাস্তুদের প্রতি অন্যায় আচরণ করেছেন। বর্তমান যে সরকার আছে এবং আগামী দিনে যে সরকার আসবেন আশা করি তাঁরা দায়িত্বশীলতার পরিচয় দেবেন। আর একটা বিষয় হল এই আইনে আমরা বলেছি উদ্বাস্তু কলোনি যেগুলি আছে সেখানে ঘরবাড়ি করবার জন্য কলকাতা কর্পোরেশন কতকগুলি একজেমশন দিয়েছেন। সেই একজেমশনের উপর ভিত্তি করে বাড়িগুলি করা হবে। ফলে কলকাতার উপর নগর উন্নয়নের যে সারকুলার আছে সেই সারকুলার, উদ্বাস্তু কলোনিতে উদ্বাস্তু পুনর্বাসনের জন্য যে ঘর-বাড়ি করা হবে সেই ঘর-বাড়ি করবার ক্ষেত্রে পুরোপুরি প্রযোজ্য হবে না। এখানে কলকাতা কর্পোরেশন এই বিশেষ ছাড় দিয়েছে এই সম্পর্কে নিশ্চয়ই আপনারা জানেন। আমি পুনর্বার মাননীয় সদস্যদের কাছে আমার এই ব্যয় বরাদ্দের দাবিকে সমর্থন করার জন্য অনুরোধ জানিয়ে এবং কংগ্রেসের পক্ষ থেকে অন্যায় এবং

অযৌক্তিক ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে তা সম্পূর্ণ অগ্রাহ্য করে সম্পূর্ণ বাতিল করে দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motions of Shri Nirmal Ghosh, Shri Sultan Ahmed, Shri Rabindranath Chatterjee, Shri Shashanka Sekher Biswas, Kamal Mukherjee and Shri Tushar Kanti Mondal that the amount of the Demand be reduced by Rs. 100 were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 37,59,30,000 be granted for expenditure under **Demand No. 40, Major Heads : "2235—Social Security and Welfare (Rehabilitation) and 6235—Loans for Social Security and Welfare (Rehabilitation)"** during the year 1997-98 (This is inclusive of a total sum of Rs. 12,54,00,000 already voted an account), was then put and agreed to.

## DEMAND NO. 4

Shri Nirmal Ghosh
Shri Sultan Ahmed
Shri Ashok Deb
Shri Gyan Singh Sohanpal
Shri Ajoy Dey
Shri Rabin Mukherjee
Shri Kamal Mukherjee

Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি সরকারের আনীত বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনের সমর্থনে কিছু বলছি। মাননীয় আইনমন্ত্রী নিশীথ অধিকারী মহাশয় যদি এই বাজেট ভাষণ এবং গতবারের বাজেট ভাষণ একসাথে রাখেন, তাহলে দেখবেন যে ৬০ ভাগ হুবহু এক। তাহলে কি এটা ধরে নিতে হবে, গতবারে ৩০ ভাগ কাজ হয়নি? আমরা কি চেয়েছিলাম? জুডিশিয়াল ডিপার্টমেন্ট একটা বড় ডিপার্টমেন্ট। আজকে এরাজ্যের মানুষ ছাড়াও অন্যান্য রাজ্যের মানুষকে আইনের দ্বারস্থ হতে হয় আইনজীবীদের মাধ্যমে। কিন্তু আইনজীবীদের অবস্থা ভয়াবহ। আপনি কাগজে দেখেছেন আইনজীবীদের নিরাপত্তার অভাব রয়েছে। তাঁরা এখানে খুন হয়ে যাচ্ছেন। কিন্তু দেখা যাচ্ছে সরকার কিছুই বলছে না। কিছুদিন আগে দুর্গাপুরে আইনজীবীরা নির্যাতিত হচ্ছিলেন। আমরা সেখানে গিয়েছিলাম। আমাদের এক থাকা দরকার এবং সেইভাবে কাজ করা দরকার। আমরা অনেকবার বলেছিলাম, যারা খুব গরিব আইনজীবী, তাঁদের পক্ষে বই কেনা সম্ভব হয় না। সেজন্য একটা সেন্ট্রাল লাইব্রেরি যদি খোলা হয় তাহলে এই রাজ্যের গরিব আইনজীবীরা এবং নতুন আইনজীবীরা তাঁরা পড়াশোনার সুযোগ পেতে পারেন। সাথে সাথে একথাও

বলেছিলাম যে, যাঁরা গ্রাম থেকে আসেন, এখানে থাকার অভাব, সেজন্য এখানে যদি একটা গেস্ট হাউস করতে পারতেন, তাহলে ভাল হত। এই বাজেটে সেই কথার উল্লেখ নেই। সাথে সাথে আমরা বলেছিলাম হাসপাতালগুলোর অবস্থা ভয়াবহ। সেজন্য প্রতিটি হাসপাতালে যদি ১০টি করে বেড আইনজীবীদের জন্য দেওয়া যায়, তাহলে তাঁদের সাহায্য হতে পারত। যাঁরা জুনিয়র, সদ্য পাশ করেছেন, তাঁদের মেডিক্যাল এবং ইঞ্জিনিয়ারদের মতো যদি ভাতা দেওয়া হত, তাহলে আগামীদিনে তাঁরা সুষ্ঠুভাবে কাজ করতে পারতেন। বাজেটে মন্ত্রী মহাশয় সেই কথা বলেননি। আমরা কি বলেছিলাম, না যাঁরা বই কিনতে পারবেন না, সেই সমস্ত আইনজীবীদের যদি ব্যাঙ্ক লোন দেওয়া যায়, তাহলে আগামী দিনে তাঁরা বড় আইনজীবী হতে পারতেন এবং কাজ করতে পারতেন। কিন্তু এই সরকার এইসব করতে পারছেন না। গত বছর করেছিলেন ৫১ কোটি টাকা। এবারে রেখেছেন ৫৯ কোটি টাকা, অর্থাৎ ৮ কোটি টাকা বাড়িয়েছেন। এই বাজেটে প্লান বাজেট বাড়িয়েছেন, ৬৬০ কোটি টাকা যেটা ছিল তাকে ১৫০০ কোটি টাকা করেছেন। এছাড়া আইনজীবীদের স্বার্থে সরকার কি করতে পেরেছেন? এটা হওয়া দরকার। ফ্যামিলি কোর্ট, সেটি দুর্নীতির আখড়া হয়ে দাঁড়িয়েছে। ভদ্রঘরের মেয়েরা সেখানে যেতে পারেন না। দালালদের পাল্লায় পড়ে তাঁদের মানসম্মান নষ্ট হয়ে যাচ্ছে। আমরা বলেছিলাম, ফ্যামিলি কোর্টে আইনজীবীদের স্বার্থ দেখা দরকার।

[4-40 – 4-50 p.m.]

আপনারা বলেন আপনারা নাকি পাবলিকের স্বার্থ দেখে কাজ করেন, কিন্তু আমরা তো কোথাও দেখছি না যে পাবলিক স্বার্থ আপনারা রক্ষা করছেন। সেকশন ৩০তে আপনাদের দ্বারা মাস উপকার হতে পারেনি। এটা তো করার খুব দরকার ছিল। আপনারা বলেছেন যে, লোক আদালত চালু করেছেন এবং আদালতের মারফৎ ১২০০ মামলার নিষ্পত্তি করেছেন। অথচ একটি বেসরকারি সংস্থা তারাও ডবল মামলা ফয়সলা করেছে, তাহলে আপনাদের এই লোক আদালত করে লাভ কি হল? আপনারা সরকারে থেকে আইনজীবীদের জন্য কোনও উপকার করতে পারেননি। আগের আইনমন্ত্রী থাকাকালীন এ. পি. পি. পরীক্ষা হয়েছিল, তাতে পরীক্ষার্থীরা পাশ করে এবং রিটিন পরীক্ষায়, ভাইভা ভিসাতে পাশ করলেও যেহেতু সরকার পক্ষের কোনও ক্যাণ্ডিডেট পাশ করতে পারেনি সেই কারণে সেই প্যানেলের লিস্ট বার করা হল না। যেহেতু আপনাদের দলের লোকেদের নাম নেই সেই কারণে লিস্টটাকে আর বার করলেন না, ক্যানসেল করে দিলেন। এই রাজ্যে আইনজীবীদের বসার সেরকম জায়গা নেই। মন্ত্রী মহাশয় বলেছেন কিছু কিছু ক্ষেত্রে এসব কাজ শুরু করেছি, আমি জানিনা কবে নাগাদ এইসব আইনজীবীরা বসার ঠিক জায়গা পাবেন। তারপরে মাননীয় মুখ্যমন্ত্রীই আইনজীবীদের সম্পর্কে বাটতলার উকিল বলে মন্তব্য করেছেন। তাঁর মত লোক যদি এইরকম উক্তি করেন তাহলে অবস্থা কোথায় দাঁড়িয়েছে চিন্তা করুন। আমরা হচ্ছি এডুকেটেড লেবার, আমরা দিন আনি দিন খাই, কিন্তু বর্তমান সরকার যেটা করার চেষ্টা করছেন তাতে আমাদের রুজি রোজগার বন্ধ হবার জোগাড়। বিচারপতির ৪৮টা পদের মধ্যে ২০-২২টি পদ শূণ্য হয়ে

পড়ে আছে। এরফলে মামলা দিনের পর দিন পেন্ডিং হচ্ছে আর বিচারপ্রার্থীরা হয়রান হচ্ছে, তাদেরকে রাস্তায় দাঁড়াতে হচ্ছে। মন্ত্রী মহাশয় নিজেই ঘোষণা করেছেন যে, ৩ লক্ষ মামলার এখনো ফয়সালা হয়নি। এইসব কেসের কোনও মীমাংসা না হওয়ার ফলে বিচারপ্রার্থীদের হয়রানি বাড়ছে। মাননীয় মন্ত্রী মহাশয় নতুন আদালত তৈরি করবার কথা বলেছেন। পুরনো যেসব আদালতগুলো আছে, সেগুলোর ভগ্ন অবস্থা, আগে সেগুলো সারানোর ব্যবস্থা করা হোক। নতুন আদালত তৈরি করার আমরা বিপক্ষে নই, কিন্তু পুরনো আদালত ভবনগুলোর তো আগে সংস্কার করার দরকার। মাননীয় মন্ত্রী গত বছরে তাঁর বাজেট বইয়ের একটি অনুচ্ছেদে বলেছিলেন যে, কোর্টের কাজে বাংলা ভাষা চালু করতে চান এবং এরজন্য ৮টি বই পাবলিশও করতে চলেছেন। পাবলিশ করবার পরে সেগুলো দিল্লিতে যাবে রাষ্ট্রপতির সইয়ের জন্য। গত বছরে যে বয়ান দিয়েছিলেন, এই বছরও সেই একই বয়ান রয়েছে। আমার তো মনে হয় আগামী দিনেও একই বয়ান রাখবেন। হাইকোর্টে এবং অন্যান্য কোর্টে বাংলা ভাষায় যাতে কাজকর্ম সম্পূর্ণভাবে চলে তার ব্যবস্থা নেওয়া দরকার। এখনো সর্বত্র বাংলা ভাষাতে কাজ চালু হয়নি।

(**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, হাউসে কোরাম নেই।)

**(এই সময়ে কোরামের জন্য বেল বেজে ওঠে)**

উত্তরবঙ্গের জন্য হাইকোর্টের সার্কিট বেঞ্চ করার ব্যাপারে দৃঢ় পদক্ষেপ নেওয়া দরকার। প্রতিবারেই শোনা যাচ্ছে, বিষয়টি কেন্দ্রীয় সরকারের কাছে বা সুপ্রীম কোর্টের কাছে পড়ে আছে। মন্ত্রী মহাশয় তিনিও আইনজীবী, আমি তাঁকে অনুরোধ করব উত্তরবঙ্গের স্বার্থে সেটা যাতে অনতিবিলম্বে চালু করা যায়। সুপ্রীম কোর্টের সার্কিট বেঞ্চকে কলকাতায় আনার জন্য কিন্তু অনেকবার দাবি জানানো হয়েছিল, কিন্তু আজ পর্যন্ত সরকার পক্ষ সেই দাবি মানেননি। সাথে সাথে বলি, বার কাউন্সিল দীর্ঘদিন ধরে লড়াই করে অ্যাডভোকেট প্রভিডেন্ট ফাণ্ড চালু করে। এই ব্যাপারে যদিও সরকার সাহায্য করেছেন, কিন্তু আমি অনুরোধ করব চালু করলেই হবেনা, যে টাকা আপনারা দিয়েছেন, তার চেয়ে বেশি টাকা যদি না দিতে পারেন তাহলে রাজ্যের আইনজীবীদের সন্তুষ্ট করা যাবে না, এতে অভাব থেকে যাবে। এই ব্যাপারে উদার মনোভাব দেখিয়ে যদি আপনারা এগিয়ে আসেন তাহলে রাজ্যের আইনজীবীদের কাজে লাগতে পারে, ভাল হতে পারে। যেখানেই আমরা যাই, সেখানে একটা সমস্যা দেখা যাচ্ছে, বিভিন্ন জায়গায়, অনেক জায়গায় দেখা যাচ্ছে বিচারপতি নেই, কোথাও ডিস্ট্রিক্ট জাজ নেই, কোথাও অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজ নেই, কোথাও মুন্সেফ নেই। বিভিন্নভাবে আমাদেরকে সমস্যার মোকাবিলা করতে হয়। মন্ত্রী মহাশয়কে আমরা একটি বিষয়ে অনেকবার জানিয়েছি, কিন্তু সেটি আজ পর্যন্ত কিছু হয়নি। জেনারেটার ছাড়া কাজ করা সম্ভব নয়, লোডশেডিং হলে জেনারেটার নাহলে কাজ করা সম্ভব হয়না, তাতে কেস জমে থাকে, বিচার প্রার্থীদেরও অসুবিধা হয়, আমাদেরও অসুবিধা হয়। অবিলম্বে যেখানে আদালতে জেনারেটার নেই, সেখানে জেনারেটারের

ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি, এটা আমাদের একান্ত দরকার বলে মনে করি। লোডশেডিং-এ জেনারেটার ছাড়া কাজ করা আমাদের পক্ষে কষ্টকর। যারা আদালতে চাকরি করেন এবং আইনজীবী যারা আছেন তাদের কথাও ভাবতে হবে। ম্যারেজ অফিসারের ব্যাপারে মন্ত্রী বলেছেন আমরা নিয়োগ করছি। নিয়োগ যদি করে থাকেন, কাদেরকে নিয়োগ করেছেন, এটা হাউসে পাবলিশ করলে ভাল হত। যাদেরকে নিয়োগ করেছেন, তাঁরা কারা? আমরা চাই, সরকারের কোনও পদই যেন ফাঁকা না থাকে। বিচারপতিদের কথা ভেবে সল্টলেকে তাদের জন্য বাড়ির ব্যবস্থা করেছেন, ঠিক তেমনি ভাবে বিভিন্ন জেলায় যারা আইনজীবী আছেন, বাড়ি করতে পারছেন না, প্রত্যেকটি জেলায় কো-অপারেটিভ সিস্টেমে যদি বাড়ি করতে পারেন তাহলে অনেক আইনজীবী যেমন আমাদেরকে আশীর্বাদ করবেন, তেমনি আপনাকেও তারা আশীবাদ করবেন। তা নাহলে এটা ডিবেট থেকে যাবে, এক পক্ষ পাচ্ছে, আর এক পক্ষ পাচ্ছে না। স্বভাবতই বিষয়টি নিয়ে চিন্তা করার জন্য অনুরোধ জানাচ্ছি। আমরা হচ্ছি এডুকেটেড লেবার, দিন আনি, দিন খাই ডেপুটি স্পিকার সাহেব আপনিও একজন আইনজীবী, এই ব্যাপারগুলি ভেবে দেখতে তাই বলব। কলকাতা হাইকোর্টে যান, সিটি সিভিল কোর্টে যান, ব্যাঙ্কশাল কোর্টে যান, দেখবেন প্রচুর আইনজীবী আছেন যারা কোনও ব্রীফ পাচ্ছেন না, কেস আসেনা, কেস আসবে কি করে, বহু কেসই জেলা পরিষদ এর মাধ্যমে থানার মাধ্যমে ফয়সালা হয়ে যাচ্ছে। কেস আসছে না, আমরা কোন রাজত্বে বাস করছি? আমাদের মধ্যে অনেক আইনজীবী আছেন, আপনাদের মধ্যেও অনেক আইনজীবী আছেন, যারা এটা সমর্থন করবেন, কলকাতা হাইকোর্টে গেলে দেখা যাবে আমাদের অবস্থাটা কি, এটাও দেখা দরকার। এই অবস্থা থেকে রক্ষা করার জন্য মন্ত্রীকে এগিয়ে আসতে হবে, আমরা চাই, সব ব্যাপারে আইনজীবীদের সাহায্য করার জন্য, মন্ত্রী চিন্তা করবেন। মন্ত্রী বলেছেন, আমরা চেষ্টা করছি সুষ্ঠভাবে কাজ করার জন্য।

[4-50 – 5-00 p.m.]

মন্ত্রী বার বার বলছেন, আমাদের বলেছেন, আমরা চাই। আগে কাজ করলে তো হবে না। সবাইকে পেতে হবে, বার কাউন্সিলকে পেতে হবে। বার অ্যাসোসিয়েশনকে পেতে হবে। এলাকার আইনজীবীকে পেতে হবে। নতুবা চালাতে পারবেন না। সাথে সাথে এই কথা বলি আমাদের প্রোটেকশন কে দেবে? কারা দেবে? আজকে দেখা যাচ্ছে প্রোটেকশনের অভাবে আইনজীবী লাঞ্ছিত হচ্ছে। প্রোটেকশনের অভাবে অনেকে বাড়িঘর ছাড়া হচ্ছে। এটা ভাবার দরকার আছে। দলের উর্ধ্বে কাজ করা দরকার। শুধু দল নয়, শুধু কংগ্রেস নয় আপনাদের দলে অনেকে আছেন যাদের আমাদেরকে প্রোটেকশন দিতে হয়। আমাদের বার কাউন্সিলের মাধ্যমে। ওয়েস্ট বেঙ্গল ল ইয়ারসের মাধ্যমে। আমরা তাই করে থাকি। আজকে দেখা যাচ্ছে মন্ত্রীর একটা দল আছে। আজকে সেই দলের কাজ আগে হচ্ছে আমাদের কোনও কাজ হচ্ছে না। মন্ত্রীকে আমি বলেছি তিনি বলেছেন যে আমি দেখব। আমি মন্ত্রীকে বলেছি আইনজীবীদের স্বার্থে কাজ করুন। তাহলে আমরা সেই কাজ করার চেষ্টা করব। আপনারা দেখেছেন দীর্ঘদিনের

লড়াইয়ের পর বার কাউন্সিল লড়াই করার পর আপনারা যে অ্যাডভোকেটস সুপারভিশন চালু করেছেন, আমাদের কিছু কিছু ক্ষেত্রে মতানৈক্য আছে। আমরা আইনজীবীদের স্বার্থ চেয়েছিলাম। আমরা চেয়েছিলাম সারা রাজ্যের আইনজীবীরা এক হোক আইনজীবীদের জন্য সুস্থ পরিবেশ গঠন করা হোক। সুস্থ পরিবেশ গঠন করার জন্য আমি শুধুমাত্র মন্ত্রীকে নয়, আমি মনে করি সকলের আসা দরকার প্রত্যেক এম. এল. এ'র এলাকায় বহু আইনজীবী বাস করে থাকেন। আজকে এই আইনজীবীদের কাজ হয়ে গেলে তাদের চায়ের ভাঁড়ের মত ফেলে দেওয়া হয়। এটা হতে পারেনা। আইনজীবীকে সম্মান দিতে হবে। সেই পরিবেশ আপনাদের গ্রহণ করতে হবে।

**শ্রী নারায়ণ মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় মন্ত্রী মহাশয়, পশ্চিমবঙ্গের বিচার সংক্রান্ত প্রশাসনের ৯৭-৯৮ সালের ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তার সমর্থনে দু একটি কথা বলতে চাই। আপনি জানেন যে এই বিচার বিভাগ কত গুরুত্ব নিয়ে আমাদের কাছে হাজির হয়েছে। চিরকাল বিচার বিভাগের গুরুত্ব ছিল। সাম্প্রতিক কালে আমাদের দেশের জঘন্যতম যে অপরাধ আমাদের দেশের সর্বোচ্চ আদালত তৎপরতার সঙ্গে তাদের খুঁজে বিচার করে সুষ্ঠু ব্যবস্থা করেছেন। আজকে বিচার বিভাগকে সত্য সিদ্ধান্ত এবং নিরপেক্ষভাবে কাজ করবার জন্য সুযোগ দেওয়া দরকার। মাননীয় সদস্য অশোক বাবু তো শুধুই আইনজীবীদের কথাই বলে গেলেন। যাদের জন্য এই আইনজীবীদের প্রয়োজন তাদের কথা প্যাসিভ হয়ে উঠেছে। এই কথা আপনি নিশ্চয় জানেন যে দ্রুত মামলা নিষ্পত্তির জন্য সরকারের বিশেষ কিছু করার নেই। ইচ্ছা করলেই সরকার দ্রুত মামলার নিষ্পত্তি করতে পারেন না। তারজন্য দরকার হাইকোর্টের। সরকার নিশ্চয়ই মামলার নিষ্পত্তি করার জন্য কিছু পরিকাঠামোগত উন্নয়ন ঘটাতে পারেন। যদিও সরকার বর্তমানে সেই কাজ করে যাচ্ছেন যাতে দ্রুত মামলার নিষ্পত্তি হয়। প্রচুর নতুন আদালত হচ্ছে। মহকুমা, জেলা, জেলার সর্বস্তরে কয়েক বছরের মধ্যে প্রচুব নতুন আদালত গঠিত হয়েছে দ্রুত মামলা নিষ্পত্তির জন্য। আরেকটা বিষয়ে এই সরকারকে লক্ষ্য দি' ্হবে। বিচারদান পদ্ধতির যাতে বিকেন্দ্রীকরণ করা হয়। ডি-সেন্ট্রালাইজেশন। পশ্চিমবঙ্গের পক্ষ থেকে ে ' ' ্র জর্জ আদালত করার প্রয়োজন অনুভূত হত না, আজকে সেখানেও দায়রা আদালত স্থাপন করা হচ্ছে বিচারদান পদ্ধতিকে বিকেন্দ্রীক' করা যায়। লোক আদালতের জন্য যে আইন হয়েছিল কে ৯৮৭ সালে, ৯৫' সালে কার্যকর করা হয় লোক আদালত।

'ʳ 00 – 5-10 p.m.]

১৯৮৭ সালে, ১৯৯৫ সালে কার্যকর করা হয় এই লোক আদালত। আমাদের এই পশ্চিমবঙ্গে ১৭টি অনুষ্ঠিত হচ্ছে। সব রাজ্যে হয়নি এবং আমি যে তথ্য দেখলাম, তাতে পশ্চিমবঙ্গে সব থেকে বেশি এই মামলা নিষ্পত্তি হয়েছে লোক আদালতের মাধ্যমে—মোটর দুর্ঘটনা ধরে। একটা জিনিস আমার কাছে বিস্ময় বলে মনে হচ্ছে সেটা হচ্ছে যে, এই যে

স্যাংশনিং স্ট্রেনথ অব জাজেস, বিভিন্ন জায়গায় যে রায়, তাতে কলকাতার সঙ্গে অন্যান্য জায়গার পার্থক্য লক্ষ্য করছি। যেমন এলাহাবাদে ৭১, মুম্বাই এ ৫৯ কিন্তু কলকাতায় স্যাংশনিং স্ট্রেনথ অব জাজেস ৪৮ মাত্র। এই ব্যাপারটা আমি লক্ষ্য করছি। স্যাংশনিং স্ট্রেনথ অফ জাজেস কলকাতায় কম থাকলেও কিন্তু এখানেই মামলার বেশি নিষ্পত্তি হচ্ছে। এলাহাবাদ, বোম্বাই, ম্যাড্রাস, দিল্লি এই শহরের তুলনায় মামলা কিন্তু এখানেই দ্রুত নিষ্পত্তি হচ্ছে, যদিও স্যাংশনিং স্ট্রেনথ অব জাজেস এখানে কম। আর একটা ব্যাপার বর্তমান সরকার, তার এই বিচার বিভাগের মাধ্যমে করবার চেষ্টা করছেন যাতে আইন সম্পর্কে জনসাধারণ সচেতন হতে পারেন। এটাও একটা কাজ। বাংলা ভাষার ব্যবহার আমরাও চাই। বাংলা ভাষার ব্যবহার আদালতের কাজে হওয়া উচিত। বিভিন্ন আইন যেগুলি হয়েছে, এগুলি বাংলা ভাষায় রচিত হওয়া উচিত, বই যেগুলি হয়েছে, এগুলি বাংলা ভাষায় হওয়া উচিত। সেগুলি মানুষের মধ্যে ছড়িয়ে দেওয়া উচিত। কারণ আইন সম্পর্কে মানুষ যদি সচেতন না হয়, তাহলে শুধু কিছু আদালতের সংখ্যা বাড়িয়ে, কিছু বিচারকের সংখ্যা বাড়িয়ে, আপনার বিচার ব্যবস্থার উন্নয়ন ঘটাতে পারবেন না। আমি দেখলাম যে, অশোক বাবু যেটা বললেন—সেটা ঠিক নয়। আড়াই গুণ বেশি টাকা ব্যয় করা হয়েছে। গত ১ বছরে পরিকল্পনা খাতে এই বিভাগে এবং তারজন্য বিভিন্ন মহকুমা আদালত এবং জেলা আদালত যে আছে, তাদের অপেক্ষা গৃহ তৈরি করা হয়েছে। মেয়েদের জন্য আলাদা ওয়েটিং রুম করা হয়েছে এবং ছেলেদের জন্য আলাদা ওয়েটিং রুম তৈরি করা হয়েছে। সেখানে অন্যান্য সুবিধাগুলি দেওয়া হয়েছে। শুধু তাই নয় জীর্ণ যে আদালত কক্ষগুলি আছে, সেখানে নতুন করে আদালত তৈরি করা হয়েছে। পরিকাঠামোগত যে উন্নয়ন, তা করা হচ্ছে এই রকম ১৭টি জায়গায় হয়েছে। আমার এলাকা বসিরহাটে নতুন আদালত কক্ষ হয়েছে, ঘর তৈরি হয়েছে এবং ওয়েটিং রুম তৈরি হয়েছে। আপনি আইনজীবীদের কথা বললেন—সেটা বুঝতে পারছি না। নিশ্চয়ই আইনজীবীদের রক্ষা করার ব্যবস্থা করা উচিত। কিন্তু আমি বুঝতে পারছি না সরকারি কোষাগার থেকে আপনি আইনজীবীদের কি করে ভাতা দেবেন? এটা দিতে পারলে ভালো হয়। কিন্তু যেখানে সরকারি যন্ত্র বে-সরকারিকরণ করা হচ্ছে, আর সেখানে আইনজীবীদের একেবারে গভর্নমেন্ট এমপ্লয়িদের থেকেও বেশি সুযোগ সুবিধা সরকারি কোষাগার থেকে দেবেন বললেন। এটা দেবেন কি করে? নিশ্চয়ই এই বিষয়ে লক্ষ্য রাখতে হবে। যারা আইনজীবী তাদের সুবিধা, অসুবিধাগুলি লক্ষ্য রাখা দরকার। যারা বিচার করে, যারা এই বিভাগের সঙ্গে যুক্ত কর্মচারি, তাদের আবাসন এবং অন্যান্য সুযোগ সুবিধার দিকে নিশ্চয়ই লক্ষ্য রাখা দরকার। এবং আমি দেখলাম যে, রাজ্য সরকার সেগুলি সম্পর্কে অত্যন্ত সচেষ্ট এবং এইজন্য এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্যার, প্রথমেই আমি আপনাকে আইনের ব্যাপারে বলছি। স্যার এই হাউসে কোরাম আছে কি না দেখুন। কোরাম থাকলে আমি বলব। আপনিই বলুন কোরাম আছে? কোরাম নেই, কোরাম হলে আমি বলব।

**(এই সময় মাননীয় বিধায়ক শ্রী তাপস ব্যানার্জি তাঁর বক্তৃতা থামিয়ে নিজের আসনে বসে পড়েন।)**

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** এটা দুর্ভাগ্যজনক যে হাউসে এখন বক্তৃতা করব অথচ কোনও সিনিয়র মেম্বার এখানে নেই। আজকে জুডিশিয়াল সম্বন্ধে বলব, অথচ আইন মন্ত্রী ছাড়া আর কেউ নেই। এতবড় একটা দপ্তরের ব্যাপারে বলা হবে, সকলে বসে শুনবেন। অথচ আশ্চর্যের ব্যাপার হাউসে কোরাম নেই। এঁরা হয়ত মনে করেন এর কোনও গুরুত্ব নেই। আমরা নতুন সদস্য। আমাদের বলা হলে আইনমন্ত্রী বলবেন। এখানে আইনমন্ত্রী গালে হাত দিয়ে বসে আছেন। তাঁর কোনও দায়-দায়িত্ব নেই।

**(এই সময় কোরাম বেল বাজানো হয়।)**

**(এই সময় শ্রী তাপস ব্যানার্জি আবার তাঁর বক্তৃতা থামিয়ে নিজের আসনে বসে পড়েন।)**

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মেনশনের সময় ৬জন মন্ত্রীও থাকেন না। এই হচ্ছে পবিত্র বিধানসভার প্রতি তাঁদের সম্মান প্রদর্শন।

**(এই সময় কোরাম হয় এবং শ্রী তাপস ব্যানার্জি তাঁর বক্তব্য আরম্ভ করেন।)**

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী ৪নং দাবির অন্তর্গত বিচার-বিভাগ সংক্রান্ত প্রশাসন বাজেটের জন্য যে ব্যয়বরাদ্দ করেছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি এবং আমাদের দলের তরফ থেকে আনীত কাট-মোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় মন্ত্রীকে বলছি যে একটা কথা আপনি নিশ্চয়ই মানেন, জাস্টিস ডিলেড, জাস্টিস ডিনাইড। আজকে পশ্চিমবঙ্গে বিচারক পাচ্ছে না। আমি একটা মফস্বল কোর্টে ল-ইয়ার। আমি দীর্ঘ ১২ বছর ধরে প্র্যাকটিস করছি। আপনি ১০ দিন আগে এক জবাবি ভাষণে বলেছেন যে আসানসোল কোর্টে মামলা জমে আছে ৩৭ হাজার ২৩৪টি। একটা মহকুমা আদালতে ৩৭ হাজার ২৩৪টি মামলা জমে আছে। এরপর জেলার অবস্থা চিন্তা করুন। সারা পশ্চিমবঙ্গের আদালতগুলোতে কয়েক লক্ষ মামলা জমে আছে। আপনি ৬ পাতার বাজেট বক্তৃতা তৈরি করেছেন, কিন্তু তাতে এই মামলাগুলো কিভাবে দ্রুত নিষ্পত্তি করবেন সেটা স্পেসিফিক্যালি বলা নেই। মহামান্য হাই-কোর্টের শ্রী সত্যব্রত সিনহা তাঁর ডিভিশন বেঞ্চের রিসেন্টলি এক রায়ে বলেছেন এবং হাইকোর্টও সেই একই ডিরেকশন দিয়েছেন যে, এই মামলাগুলোর দ্রুত নিষ্পত্তির জন্য কোর্টগুলোতে শীঘ্রই বিচারক নিয়োগ করা হোক। কিন্তু আপনি তাতে কান দিচ্ছেন না। আপনি বাজেটে অসত্য বলেছেন। আমি চ্যালেঞ্জ করে বলতে পারি, সৎ সাহস থাকলে আপনি সেটা অ্যাকসেপ্ট করবেন, নতুবা আমি রিজাইন করব—আপনি এই বিধানসভায় বলেছেন যে বিচার ব্যবস্থাকে গ্রামের মানুষের কাছে পৌঁছে দেওয়া হবে। আপনি বলেছেন, কালি, রঘুনাথপুর, আসানসোল ইত্যাদি ৪টে জায়গায় আদালত স্থাপন করেছেন। কিন্তু আপনি ৪ তারিখের এক লিখিত প্রশ্নের জবাবে বলছেন যে এখানে একটা অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজ

আছে, একটা ই. সি. কোর্ট-এর উপর ২টো অ্যাডিশনাল কোর্টের দায়িত্ব দিয়েছেন। সেখানে বলেছে ৩৭ হাজার মামলা নিষ্পত্তি করার জন্য একটি অতিরিক্ত আদালত মঞ্জুর করা হয়েছে। এটা আপনার কন্ট্রাডিকটরি স্টেটমেন্ট। বাজেট বক্তৃতায় বলা হয়েছে চারটি অতিরিক্ত জেলা দায়রা আদালত স্থাপন করা হয়েছে। কিন্তু ৩৭ হাজার মামলা নিষ্পত্তি হচ্ছে না। তাই আমি মনে করি আপনার বাজেট বক্তৃতা অসত্য কথায় ভরা। আপনি ব্যর্থ, আপনার মন্ত্রী সভা ব্যর্থ। উত্তরবঙ্গে হাইকোর্টের সার্কিট বেঞ্চ স্থাপন করার কথা দীর্ঘদিনের, সেটা করতে পারেননি। যেটা আপনাদের অ্যাডমিনিস্ট্রেটিভ সাইট থেকে করা উচিত ছিল, সেটা না করতে পেরে হাইকোর্টের ঘাড়ে চাপিয়ে দিয়েছেন। সেইজন্যই দেরি হচ্ছে। আপনি বাংলা ভাষা ব্যবহারের কথা বলেছেন। কোনও কোনও মফস্বল কোর্টে, মুন্সেফ কোর্টে হয়ত কিছু চালু হয়েছে। সেখানেও দেখা যাবে ম্যাজিস্ট্রেট হয়ত ৫ টি ফাইল বাংলায় করেছে, বাদবাকি সব ইংরেজিতে। আপনি বলেছেন লিটিগ্যান্টদের ভালো ব্যবস্থা করেছেন, তারা বসতে পারবে। লিটিগ্যাট কি, আপনি কোর্টের উকিল, হাকিমদের বসার ব্যবস্থা করতে পেরেছেন? আপনি [illegible] জেলা থেকে এসেছেন, সেখানকার কোর্টে গিয়ে দেখবেন তারা কেমন করে বসে থাকে। দুর্গাপুর কোর্টের আশেপাশে আডমিনিস্ট্রেটিভ অফিস, এল. আর. অফিস, ইত্যাদি কতগুলো অফিস একসাথে আছে হজপজ ভাবে। এই ভাবে সুস্থ্য বিচার হতে পারে না। খুব কম আদালতেই জেরক্স মেশিন আছে। অনেক কোর্টে জেরক্স মেশিন না থাকায় দ্রুত মামলার নিষ্পত্তি হচ্ছে না। পি. পি., জি. পি. নিয়ে এল. আর. ম্যানুয়েলে বলা আছে, ৬০ বছর হয়ে যাবার পর কেউ পি. পি., জি. পি. থাকতে পারবে না, অটোমেটিক্যালি তাদের নেমে আসতে হবে, ছেড়ে দিতে হবে। কিন্তু পশ্চিমবাংলার বিভিন্ন আদালতে দেখতে পাবেন, ৬০ বছর অতিক্রম হয়ে যাবার পরও পার্টির ধ্বজাধারিরা ডি. এল-এর স্ট্যাম্প নিয়ে পি. পি., জি. পি. হয়ে আদালতে ব্যবসা করছে। গভর্নমেন্ট প্লিডার যারা আছে, সাক্ষী নিয়ে এসে মামলা [illegible] তাদের নেই। এখানে ২০ বছর ধরে যত এ. পি. পি. নিযোগ কবা হয়েছে, সব পার্টির ছেলে, সি. পি. এম.-এর ক্যাডার। ফলে, মামলা নিষ্পত্তি করার প্রবণতা তাদের নেই। আপনি বলেছেন ম্যারেজ রেজিস্টার নিয়োগ করবেন। সেটা কতখানি ফলপ্রসূ হয়েছে? এখানে ল'ইয়ারদের প্রচুর সমস্যা। অনেক ছেলে ল' পাশ করে বসে আছে, কাজ পায় না, তাদের ম্যারেজ রেজিস্টার হিসাবে তো নিয়োগ করতে পারেন, সেখানে তো সরকারি পয়সা লাগে না। নোটারি পাবলিক একটা কোর্টে ৫/৭/১০ জন কেন থাকবে না? সেখানে তো তার জন্য সরকারকে অতিরিক্ত খরচ করতে হয় না। একটা এফিডেভিড করাতে গেলে একজন মানুষকে সকাল থেকে সন্ধে পর্যন্ত বসে থাকতে হয়। নোটারি পাবলিক যদি বেশি থাকে, তাহলে এই হয়রানি তাদের হতে হয় না। সভাধিপতির রেকমেণ্ড ছিল প্যানেলভুক্ত আইনজীবী নিয়োগ করার।

[5-10 – 5-20 p.m.]

আপনি কি বলতে পারেন, কতজন প্যানেলভুক্ত আইনজীবী আপনি নিয়োগ করেছেন?

আপনি নিরপেক্ষ ভাবে বলুন, এই এই জায়গায় প্যানেল ভুক্ত আইনজীবীদের নিয়েছেন। প্রত্যেকটা জায়গাতে পার্টির লোকেদের নিয়েছেন। আপনি একটা জায়গায় টয়লেটের কথা বলেছেন। টয়লেট করছেন বলছেন। কোথায় টয়লেট করবেন? কোথাও এতদিন করেছেন? কোনও মহকুমা আদালতে যখন লিটিগেন্ট পাবলিক বিচার চাইতে আসে, মহিলা আছে, তারা না পায় বিশ্রামের জায়গা, না পায় টয়লেট, ইউরিনালের সুযোগ-সুবিধা। পাশের কোনও চা-য়ের দোকান বা ঐ রকম কোনও জায়গায় তারা হয়তো একটু বিশ্রাম করেন। আর এসব ছেড়ে দিলেও মূল যে সমস্যা, আজকে পশ্চিমবাংলার মানুষ বিচার পায় না। আজকে লক্ষ লক্ষ কেস কোর্টে জমে রয়েছে। আপনারা আবার পঞ্চায়েতকে এ ব্যাপারে ক্ষমতা দেওয়ার ব্যবস্থা করছেন। কিন্তু আদালতগুলোর পুরোনো মামলার দ্রুত নিষ্পত্তি করার দিকে কোনও সঠিক পদক্ষেপ আপনারা নেননি। স্যার, আমি যে দু-চারটে কোর্টে কাজ করার সুযোগ পেয়েছি—যেমন, আসানসোল কোর্ট, বর্ধমান কোর্ট, দুর্গাপুর কোর্ট সেই কোর্ট ভ্যাকেট আছে। ফিফথ কোর্টে ম্যাজিস্ট্রেট নেই, থার্ড কোর্টে ১৫ দিন হল ম্যাজিস্ট্রেট নেই, সেকেণ্ড কোর্টে ২/৩ মাস ধরে ম্যাজস্ট্রেট নেই। এই ভাবে দেখা যাচ্ছে ৩-টে কোর্ট ভ্যাকেট থাকছে। এই যদি আদালতগুলোর অবস্থা হয়ে থাকে তাহলে আজকে সেখানে মামলার দ্রুত নিষ্পত্তি হতে পারে না। তাই আমাদের অনুরোধ, মাননীয় জাস্টিস সত্যব্রত সিনহা হাইকোর্ট থেকে যে রায় দিয়েছেন শূন্যপদে বিচারক নিয়োগ করে মামলাগুলোর দ্রুত নিষ্পত্তি করতে—তা করতে পারলে তৃণমূলস্তরের মানুষও বিচার পেতে পারবে। ধন্যবাদ।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভায় বিচার বিভাগের জন্য যে ব্যয় বরাদ্দ-এর দাবি উত্থাপন করা হয়েছে আমি তার সমর্থন করে কয়েকটা কথা বলছি। আজকে আমরা দেখতে পাচ্ছি যতই দিন যাচ্ছে সমাজে সমস্যা বেড়ে যাচ্ছে। জীবন-সম্পত্তি অনিশ্চিত হয়ে পড়েছে, অপরাধ বাড়ছে এবং অপরাধীর সংখ্যাও বাড়ছে। কিন্তু সেই অনুপাতে বিচারালয়ের সংখ্যা বাড়েনি। আগে মূলত থার্ড ক্লাস লোকেরা চুরি-ডাকাতি-ছিনতাই-কোম্পানির করে বিচারালয়ে আসত। এখন সেখানে ফার্স্ট ক্লাস লোকেরাও আসতে বাধ্য হচ্ছে। আমরা দেখছি, যারা কোটি কোটি টাকা ঘুষ দিচ্ছে-নিচ্ছে, যারা খুনী, দেশদ্রোহীর আশ্রয় দিচ্ছে বা ঐ সমস্ত অপরাধের সঙ্গে যারা যুক্ত তাদের আজকে আদালতে আসতে হচ্ছে। তাই আজকে আদালত সেই ভাবে সাজানো দরকার।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি, জেলা আদালতগুলোতে এখনও পর্যন্ত উপযুক্ত পরিকাঠামো নেই। সেখানে অভিযুক্ত আসামীদের বিচারকের কাছ থেকে ডাক পাবার জন্য ঘন্টার পর ঘন্টা অপেক্ষা করতে হচ্ছে। স্যার, আইন অনুযায়ী, আসামী মাত্রই অপরাধী নয়, অভিযুক্তকে নিরাপরাধী ধরে বিচার করতে হবে। তবুও আজকে সকলকে যেন অভিযুক্ত আসামীর মতো দাঁড়িয়ে থাকতে হয়; কোথাও মাথার উপর আচ্ছাদনের বা বিশ্রামের ব্যবস্থা নেই।

তারপর বিশেষ করে বাঁকুড়া, পুরুলিয়ার মতো উষ্ণপ্রবন উদ্ভট গরমের জায়গায় সেখানে বারান্দায় রোদে দাঁড়িয়ে প্রতীক্ষা করতে হয় কখন তাদের ডাক আসবে। বিচারালয়ে এই ন্যূনতম সুযোগ-সুবিধা থাকার দরকার, বিশ্রাম কক্ষে শৌচালয় এগুলি বিশেষ করে দরকার। উষ্ণপ্রবন যে জায়গাগুলি আছে সেখানে জেনারেটরের ব্যবস্থা থাকা দরকার। সম্ভব হলে সেখানে শীততাপ নিয়ন্ত্রিত করা দরকার। এখানে আজ দেখছি পাহাড় প্রমাণ মামলা জমে যাচ্ছে প্রত্যেকটি আদালতে। একদিকে হাইকোর্টে মামলা জমে যাচ্ছে। একটা ইন্টারিম অর্ডার হচ্ছে তার পর আর সেটা উঠছে না, সেখানে কত সংখ্যক মামলা জমে যাচ্ছে দয়া করে সেটা জানাবেন। তেমনি জেলা আদালতগুলিতে একই অবস্থা, বিশেষ করে ক্রিমিনাল কেসে আমরা দেখছি ৫,৬,৭ বছর লেগে যাচ্ছে এক একটা কেসের নিষ্পত্তি হতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন অনেক ক্ষেত্রেই রাজনৈতিক কারণে আমরা দেখেছি যে আসল অপরাধী হয়ত ৫,৬ জন, কিন্তু অভিযুক্ত করা হচ্ছে ৪০,৫০ জনকে। এই ৪০ জন লোকের বেশির ভাগই হয়ত অভিযোগের সাথে যুক্ত নয়। দিনের পর দিন, মাসের পর মাস, বছরের পর বছর তাদের আদালতে যেতে হচ্ছে এবং এর ফলে কেসের নিষ্পত্তি হচ্ছে না। তার পর স্যার, পুলিশের প্রাথমিক কাজ হচ্ছে অনুসন্ধান করা মেইন এফ.আই.আর.-এ যাদের নাম থাকবে তাদেরই আদালতে হাজির থাকতে হবে। এটা দেখা দরকার যে কিভাবে আমরা আদালতে মামলার বোঝা হালকা করতে পারি। একটা কথা আছে জাস্টিস ডিলেড, জাস্টিস ডিনায়েড। অপরাধীর সাজা হোক তা আমরা সবাই চাই, কিন্তু বিচারের নামে নিরপরাধীদের সাজা যেন না হয় মাননীয় অধ্যক্ষ মহাশয় সেটা আপনি দেখবেন। সেই সঙ্গে নিরপরাধীদের যেন উদ্বেগের সাথে দিন না কাটাতে হয়। সেই সঙ্গে পরিকাঠামোর যাতে উন্নতি হয় সেটাও দেখবেন। আমি আশ্বাম্বিত যে গত বারের বাজেট বরাদ্দের তুলনায় প্ল্যান বাজেটের বরাদ্দ বেড়েছে এবং আগামী দিনেও এই কাজ অব্যাহত থাকবে। তাই আমরা কিছুটা উন্নতি দেখতে পাব।

**শ্রী অশোক মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ৪ নম্বর দাবির অন্তর্গত ১৯৯৭-৯৮ সালের রাজ্যের আইন এবং বিচার ব্যবস্থার যে বরাদ্দ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের কাট মোশনের সমর্থনে দু-চারটি কথা বলছি। কয়েক দিন আগে এখানে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু আমাদের জনপ্রিয় সদস্যকে বটতলার আইনজীবী বলে সম্বোধন করেছিলেন। আমরা জানি গণতন্ত্রে সংশোধনী ব্যবস্থায় ৩টে পিলার আছে। একটা জুডিশিয়ারি, এগজিকিউটিভ আর লেজিসলেটিভ। আমি মনে করি, এগজিকিউটিভ ও লেজিসলেটিভ বলে কিছু নেই, একমাত্র জুডিশিয়ারি আছে। সেদিন মুখ্যমন্ত্রী যেভাবে এই উক্তি করেছিলেন, তাতে সেদিন আমি আশা করেছিলাম যে মাননীয় মন্ত্রী দাঁড়িয়ে আইন ব্যবস্থার স্বপক্ষে যে বক্তব্য রেখেছিলেন এবং যে মন্তব্য করেছিলেন তাতে উনি অন্ততপক্ষে তার একটা প্রতিবাদ করবেন। গত বাজেট অধিবেশনে এই আইন মন্ত্রী বলেছিলেন প্রায় ৩ লক্ষ দেওয়ানী মামলা এবং ২২ হাজারের মতো ফৌজদারি মামলা বকেয়া রয়েছে। একটু আগে উত্তর ২৪

পরগনার বসিরহাট কেন্দ্রে বিধানসভার সদস্য নারায়ণ মুখার্জি বললেন জেলা জজের কাছে যে মামলা ছিল তার যে পরিসংখ্যান আছে তাতে ১ লক্ষ দেওয়ানী আর ৭৭ হাজার ফৌজদারি মামলা বকেয়া আছে।

[5-20 – 5-30 p.m.]

১৯৮৯ সালের ৩রা আগস্ট উত্তর ২৪-পরগনা জেলার বারাসতে জুডিশিয়াল কমপ্লেক্স করবেন বলে আপনি প্রতিশ্রুতি দিয়েছিলেন। ১৯৮৭ সালে জেলা বাই-ফারকেশন হল, কিন্তু জুডিশিয়াল কমপ্লেক্স আজ পর্যন্ত হল না। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি রাজ্যের আদালতগুলির জন্য গৃহ নির্মাণ করে সেখানে ওয়েটিং রুম, টয়লেট, শৌচাগার ইত্যাদি করে দেবার অনেক কথা বলেছেন। অথচ একটা জেলার সদর শহরে আজ ৭ বছর ধরে জুডিশিয়াল কমপ্লেক্স তৈরি হল না! ঐ জেলায় কত মানুষ বাস করে, কতগুলো থানা তার মধ্যে আছে—সেসব আপনি একটুও ভেবে দেখলেন না। আপনি কিছু দিন আগে ব্যারাকপুরে ১৭টা থানার মধ্যে মাত্র তিনটে থানাকে নিয়ে সাব-জজকোর্ট উদ্বোধন করে এলেন। এর আগে বনগাঁ, এবং বসিরহাটেও তিনটে করে থানা নিয়ে সাব-জজকোর্ট করেছেন। আলিপুর থেকে বারাসাতে বাই-ফারকেশন হল, কিন্তু সেখানে জুডিশিয়াল কমপ্লেক্স হল না। ১৪টা কোর্ট কোয়ার্টার মাইল রেডিয়াস নিয়ে বিভিন্ন বাড়ি ঘরে চলছে—আর কোথায় এই অবস্থা আছে? কি দুরাবস্থা; লইয়ার্সরা হন্যে হয়ে ঘুরে বেড়াচ্ছে। লিটিগেন্ট পাবলিক এসে দিশেহারা হয়ে পড়ছে। এরপরেও নারায়ণ বাবু কি করে গৃহ নির্মাণের কথা বলছেন! আমি বসিরহাটে গিয়েছিলাম, সেখানে আগে যা ছিল, এখনও তাই আছে। ২ বছরে কোথাও আদালতের জন্য একটাও নতুন গৃহ নির্মাণ করেননি। এখানে অনেকে পি. পি., এ. পি. পি.-দের কথা বললেন। আজকে কাদের পি. পি. বা এ. পি. পি. করা হচ্ছে? নিয়ম অনুযায়ী কারো ৬০ বছরের বেশি বয়স হলে তাকে আর গভর্নমেন্ট প্লিডার করা যায় না। সে রকম মানুষকে নিয়োগ করা যায় না। অথচ আপনাদের রাজ্যসভার সদস্যা শ্রীমতী কনক মুখার্জির দাদা শান্তি দাশগুপ্ত ৮০ বছর বয়সেও গভর্নমেন্ট প্লিডার। তিনি চোখে দেখেননা, কানে শোনেননা, বিকেল ৫-টার পর কোর্টে আসেন। বিল করছেন, মাইনে নিচ্ছেন। এই ভাবে সরকারি অর্থের অপচয় হচ্ছে। পুরোপুরি পার্টিবাজি করে বিচার ব্যবস্থাকেও শেষ করে ফেলছেন। একজিকিউটিভ শেষ; লেজিসলেশনকে শেষ করেছেন; এবারে জুডিসিয়ারীকেও শেষ করছেন। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ফ্যামিলি কোর্টের কথা বলেছেন। আপনি বলেছেন, 'জেলায় জেলার পারিবারিক আদালত ছড়িয়ে দেব'। এ ক্ষেত্রে গত বছর যা বলেছিলেন, এ বছরও তাই বলেছেন। আপনার এই বাজেট বক্তব্যের মধ্যে একটাও নতুন কথা কিছু নেই—প্রায় শতকরা ৯০ ভাগ একই আছে। ফ্যামিলি কোর্টে বিচারপ্রার্থীরা নিজেরাই আবেদন করে। আমার সাজেশন—এখানে আপনি ল'ইয়ার্সদেরও ইনক্লুড করুন। তারপর সুপ্রিম কোর্টের নির্দেশ আছে ধর্ষিতা মহিলাদের জনসমক্ষে বিচার হবেনা। কিন্তু এখানে আপনার লোয়ার কোর্টে কি হচ্ছে? একেই রাজ্যর আইন-শৃঙ্খলা পরিস্থিতি চূড়ান্ত পর্যায়ে গিয়েছে—লোয়ার কোর্টে ধর্ষিতা মহিলারা, তাঁদের মা বোনেরা বসে আছেন,

হাজার হাজার মানুষ ছুটে আসছে তাঁদের দেখবার জন্য—নিচের স্তরের মানুষরা ঐ সম জিনিস উপভোগ করছে—ঐ মহিলাদের দেখে এমন মেন্টালিটি তৈরি হচ্ছে যে, সমাে ধর্ষণের ঘটনা আরো বাড়ছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কলকাতা শহরে ব্যাংশাল কোর্টে বাড়ি ভেঙে নতুন বাড়ির শিলান্যাস করবেন। অথচ জেলার জন্য আপনার এই বক্তব্যে মধ্যে কোথাও কিছু নেই। ১০/১২ বছর ধরে কোথাও কিছু হচ্ছে না। এই হচ্ছে আপনা বিচার ব্যবস্থা। একে আমাদের সমর্থন করতে হবে? তবে বিরোধিতা মানে শুধুই বিরোধিত নয়—বিরোধিতাকে হতে হবে গঠনমূলক এবং নিশ্চয়ই সেই গঠনমূলক বিরোধিতা আমর করব। আমরা লক্ষ্য করছি আপনার বাজেট বিবৃতির মধ্যে কোনও কন্সট্রাকটিভ প্রোপজা নেই। আপনার বাজেট বই-এর ১৯৯৬-৯৭ এবং ১৯৯৭-৯৮-র একই অবস্থা। এর মধে নতুন কিছু নেই। আপনি কাদের এ. পি. পি. নিয়োগ করছেন—সজল বারুই-এর কেসটা দেখুন। আমি সজল বারুই-এর পক্ষে নই, আমি চাই তার শাস্তি হোক। সজল বারুই-এ মামলায় দু'জনের ডেথ সেন্টেস হল, তিন জনের লাইফ ইনপ্রিজনমেন্ট হল। হাই কোর্ মামলা চলে এলো। হাই কোর্ট থেকে আবার মামলা ডিস্ট্রিক্ট কোর্টে রিমাণ্ড হয়ে চলে গেল কি ব্যাপার? আপনি নিশ্চয়ই জানেন, আপনি অভিজ্ঞ আইনজীবী, আমার অভিজ্ঞতা কম—৩১ সি. আর. পি. সি. রেকর্ড করা হয়নি—আবার সেখানে উইটনেস নিতে হচ্ছে সরকারের লক্ষ লক্ষ টাকা খরচ হয়ে যাচ্ছে। মানুষ দিসেহারা হয়ে পড়ছে। এই ভাবে যারা লাইফার, তাদে বিচার হচ্ছেনা। আলিপুর সেন্ট্রাল জেল থেকে কিছু বন্দিকে ছাড়ছেন, আর কিছু বন্দিকে বলছেন,—পুলিশ রেকর্ড দেখি, তারপর ছাড়া হবে। কেন? এটা কি রাজনীতির ফায়দ তোলার চেষ্টা করছেন না? বউবাজারের ঘটনা সর্ম্পকে আমাদের দলের সদস্য শ্রী সুদী বন্দোপাধ্যায় বলেছেন। বউবাজারে পূর্ণ চন্দ্র ঘোষ ১৯৮৭ সালে খুন হয়েছিল। এতে ৬ জন আসামীর লাইফার হয়ে গেছে। এই মামলাটি আবার হাইকোর্টে এসেছে এবং হাইকোর্টে মামলা শুরু হয়েছে। এই মামলার আগে যারা পি. পি. (পাবলিক প্রসিকিউটর) ছিলে তাদের দিয়েই হাইকোর্টে এই মামলা করান। কিন্তু আপনি তাদের দিয়ে না করিয়ে নতুন পি পি. দিয়ে করাতে চান। যুক্তি হিসাবে আপনি বলছেন, নতুন আইন। কেন নতুন আইন হবে? পুরানো যারা পি. পি. ছিলেন তারা স্বপক্ষে অনেক যুক্তি দেখিয়েছেন। তাদের জোরালো যুক্তির ফলে ৬ জন আসামীর লাইফার হয়ে গেছে। তাই আপনি তাদের নিয়ে আসুন, নিয়ে এসে তাদের দিয়ে হাইকোর্টে কেস করুন। এখানে নতুন পি. পি. বন্দোবস্ত করানোর মানেই হচ্ছে আসামীদের মুক্তির ব্যবস্থা করা। এই হচ্ছে আপনার বিচার ব্যবস্থা। সুতরাং আপনি যা করছেন তা কিছুতেই মানা যায় না। আপনি বাংলা ভাষায় বঙ্গানুবাদ সুকৌশলে চেপে গেছেন। আপনি বিচার বিভাগীয় খাতে মাত্র ৭ কোটি টাকা বাড়িয়েছেন। গত বছর ছিল ৫১ কোটি সামথিং আর এবার হয়েছে ৫৮ কোটি টাকা। কিন্তু সম্যকভাবে বিচার ব্যবস্থার উন্নতি পরিলক্ষিত হয়নি। আমাদের আইনজীবীরা যেসব দাবি করেছিলেন, যেকথা আমাদের দলের সদস্য শ্রী অশোক দেব বলেছেন—আপনি আইনজীবীদের জন্য ওয়েলফেয়ার ফাণ্ড করেছেন ঠিক আছে—কিন্তু তাদের যে দাবি আছে, যেমন, শৌচাগার, টয়লেট এগুলি সুরাহা করার

চেষ্টা করুন। কোনও জায়গাতে কিছু হয়নি। আপনি লিখেছেন, অনেক সমস্যার সমাধান করা হয়েছে। আমি বলব, সবই অসত্য, কোনও কিছুই করা হয়নি। আপনি দলীয় স্বার্থে জুডিসিয়ারীকে ব্যবহার করেছেন। দলীয় লোকেদের নিয়োগ করেছেন। জুডিসিয়ারী ব্যবস্থাকে আপনি পার্টিবাজির আখড়ায় পরিণত করেছেন। সেই কারণে আপনার বাজেটের বিরোধিতা করছি এবং আমাদের দলের সদস্যরা যে কাট-মোশন এনেছেন সেই কাট-মোশনগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নিশীথ অধিকারী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যখন আলোচনার জন্য বিধানসভায় আসি তখন উৎসাহিত বোধ করেছিলাম। তার কারণ, কাটমোশনের পক্ষে এখানে যাঁরা বক্তব্য রাখছেন তাঁরা অধিকাংশই আইন পেশার সঙ্গে যুক্ত। কিন্তু তাঁদের বক্তব্য শুনে আমার আর সেই উৎসাহ এখন নেই। আমি দুঃখিত, আমাদের বিরোধীদলের আইনজীবী বন্ধুরা ঠিক হোম-ওয়ার্ক করে আসেননি। তাঁরা যুক্তি বা তথ্য সেই সর্ম্পকে জ্ঞান নিয়ে আসেননি। বিচারব্যবস্থা কি এবং বিচার দপ্তরের কাজ কি—এটা আপনাদের জানা দরকার। আমি আপনাদের কাছে সেই বিষয়ে নিবেদন করবো। আমি আমার বন্ধু অশোক দেবকে এই কথাই বলব, উনি বার কাউনসিলের একজন সদস্য এবং আইনজীবীদের নেতা, আমিও সৌভাগ্যক্রমে বার কাউনসিলের সদস্য এবং দীর্ঘদিন আইনজীবীদের নিয়ে আন্দোলন করেছি—আমি মনে করি, আদালত আইনজীবীদের জন্য নয়, আদালত বিচার প্রার্থীদের জন্য। নিশ্চয়ই আইনজীবীরা আদালতের গুরুত্বপূর্ণ অংশ, কিন্তু বিচার দপ্তর তাদের জন্য হাসপাতাল করবে, তাদের জন্য গেস্ট-হাউস বানাবে, তাদের জন্য ভাতা আনবে এটা কিন্তু বিচার দপ্তরের কাজ নয়। আমি আপনাদের অবগতির জন্য জানাই, বামফ্রন্ট সরকার একটা সুনির্দিষ্ট নীতি নিয়ে এই বিচার দপ্তর চালাচ্ছে। আমরা জানি, দীর্ঘদিন ধরে মহানগর এবং শহরভিত্তিক দীর্ঘসূত্রতা, ব্যয়-বহুল জটিল পদ্ধতি বিশিষ্ট সাধারণ মানুষের দুর্বোধ্য বিচারব্যবস্থা আদালতকে মানুষের কাছ থেকে বহু দূরে সরিয়ে নিয়ে গেছে। আমাদের নীতি হচ্ছে, আদালতকে মানুষের কাছে আনা, তাকে সহজলভ্য, সহজবোধ্য করা।

[5-30 – 5-40 p.m.]

সেইজন্য আমরা যে নীতি গ্রহণ করেছি তা হচ্ছে আইন ও বিচার ব্যবস্থার বিকেন্দ্রীকরণ। আমরা বলেছি, সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ পূর্ব ভারতে আসতে হবে। আমরা বলেছি, কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ উত্তরবঙ্গে এবং প্রয়োজন হলে দক্ষিণবঙ্গে নিয়ে যেতে হবে।

**(এই সময় মাননীয় সদস্য শ্রী তাপস ব্যানার্জি উঠে দাঁড়িয়ে বলতে থাকেন)**

**(গোলমাল)**

আমরা একথা বলেছি, হাইকোর্টের ক্ষমতা কিছু কিছু নিয়ে জেলা শহরকে দিতে হবে।

(গোলমাল)

**(এই সময় মাননীয় সদস্য শ্রী তাপস ব্যানার্জি উঠে দাঁড়িয়ে বলতে থাকেন।)**

স্যার, শব্দ দূষণের ব্যাপারে ইতিমধ্যেই আমি অভ্যস্ত হয়ে গিয়েছি। উনি যতই চেঁচান আমি আমার বক্তব্য বলব।

(গোলমাল)

আমি বলব, কিছু আইনজীবী চান বা না চান বিচার ব্যবস্থার বিকেন্দ্রীকরণ আমরা করব। জেলায় যে বিচারের ক্ষমতা তাকে আমরা সাব-ডিভিশনে নিয়ে যাব এবং নিয়ে গিয়েছি। এই প্রসঙ্গে আমি উল্লেখ করব, কংগ্রেসের মাননীয় সদস্য শ্রী জ্ঞানসিং সোহনপাল মহাশয় আমাকে ধন্যবাদ দিয়ে গেলেন এই বলে যে আপনাদে ধন্যবাদ আপনি সাব-ডিভিশনাল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের কোর্ট মেদিনীপুর জেলা শহর থেকে নিয়ে যাচ্ছেন খড়গপুরে। আমি আরও উল্লেখ করব মাননীয় বিরোধী দলের নেতা শ্রী অতীশচন্দ্র সিনহা মহাশয়ের কথা। তিনি আমাকে বললেন, নিশীথবাবু, একটা বড় কাজ হয়েছে, কান্দিতে অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজের কোর্ট হচ্ছে। আমরা এটা করবো তা আপনাদের ভাল লাগুক বা না লাগুক। এরপর আমি উল্লেখ করব, জীবনে কংগ্রেস যা করেনি আমরা সেটা করছি, বিচার-প্রার্থীদের জন্য আলাদা বিশ্রাম ঘর প্রতিটি জেলায় করার ব্যবস্থা করা হয়েছে।

(গোলমাল)

**(শ্রী তাপস ব্যানার্জি এই সময় উঠে দাঁড়িয়ে বলতে থাকেন।)**

যিনি চিৎকার করছেন তিনি যদি ভাষণটি পড়তেন তাহলে দেখতেন সেখানে বলা ছিল যে কোথায় কোথায় আরম্ভ হয়েছে। পুরুলিয়ার সদস্যরা জানেন, পুরুলিয়াতে গিয়ে দেখে আসুন, আলিপুরদুয়ারে গিয়ে দেখে আসুন যে হয়েছে কিনা। কাজেই আসানসোলটাই শুধু পশ্চিমবঙ্গ নয় এটা মাথায় রাখা দরকার। আপনারা জানেন, আদালতের যে ভাষা সেই ভাষাটা যাতে মানুষের সহজবোধ্য ভাষা হয় তা করার চেষ্টা আমরা করছি। ক্ষমতা আমাদের সীমিত সে কথা মনে রাখতে হবে। আমরা চাইলেই রাতারাতি উত্তরবঙ্গে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ করতে পারি না, করা যাবে না। এটা করবেন কেন্দ্রীয় সরকার। আইনটা পড়ুন, আইনটা জানুন তারপর এই পবিত্র বিধানসভায় চেয়ারে এসে বসবেন। আইনযোগ্য কথা বলুন। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই, কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ বা সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ করার পদ্ধতি হচ্ছে এটা করবেন কেন্দ্রীয় সরকার। সংবিধান অনুযায়ী এটা করবেন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি। আমরা দুটি ব্যাপারেই আমাদের দাবি রেখেছি। উত্তরবঙ্গের সার্কিট বেঞ্চের ব্যাপারটা অনেকটা এগিয়েছে। কিছু কিছু আইনজীবী কায়েমী স্বার্থের কবলে পড়ে এটা বানচাল করার চেষ্টা করছেন। হাইকোর্টে তিনটি মামলা

হয়েছিল এবং এই তিনটি মামলাই শেষ হয়ে গিয়েছে। এখন এটা কলকাতা হাইকোর্ট বিবেচনা করবেন যে হলে কোথায় হবে। তারা মতামত জানালে এটা নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে যাব। আমার বন্ধুরা যখন বলছেন তখন তাদের অবগতির জন্য জানাচ্ছি যে, গত এক বছরে ৪টি অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজ নতুন হয়েছে এবং অ্যাসিস্ট্যান্ট ডিস্ট্রিক্ট জাজ হয়েছে ৯টি। নুতন সাব-ডিভিশনের ৪টি জায়গায় এস. ডি. জে. এম-এর কোর্ট হয়েছে। সাব-ডিভিশনে মুন্সেফ হয়েছে দুটি জায়গায় এবং জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট হয়েছে মোট ৫টি। এটা গত এক বছরে বিকেন্দ্রীকরণের স্বার্থে বিভিন্ন জায়গায় যে কোর্ট আমরা করতে পেরেছি সেটা জানালাম। আপনারা মনে রাখবেন যে, বিচার করার দায়িত্ব কিন্তু বিচার বিভাগের নয়, এটা আদালতের দায়িত্ব। আমরা কোটা সৃষ্টি করতে পারি, স্যাংশন করতে পারি, কিন্তু বিচারক দেবার দায়িত্ব বিচার বিভাগের নয়, এটা হাইকোর্টের। এটা আপনাদের বুঝতে হবে। আমি আবার বলছে যে, বিচার বিভাগ একটা পদ সৃষ্টি করতে পারে এবং সেই সৃষ্টি করার পরে বিচারক দেবার দায়িত্ব বিচার বিভাগের নয়, এই দায়িত্ব হচ্ছে হাই কোর্টের। বিভিন্ন জায়গায় প্রোপোজাল হয়েছে। অবস্থা এমন দাঁড়িয়েছে যে, ফাইনান্স ডিপার্টমেন্ট বলছে যে সবচেয়ে বেশি বিচারকের নুতন পদ সৃষ্টি হয়েছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় পি. এস. সি থেকে এখনও পর্যন্ত কোনও নাম আসছে না। তার ফলে মুন্সেফ পদেও কোনও লোক দিতে পারা যাচ্ছে না। ফলে বিলম্বিত বিচারের জন্য বিচার বিভাগকে দায়ী করা যাবেনা, সরকারকেও দায়ী করা যাবে না, এই ব্যাপারে যদি দায়ী করতে হয় তাহলে হাই কোর্টকে করতে হবে এবং বিভিন্ন কোর্টকে জমে থাকা মামলার জন্য—মামলা যে জমে আছে, সেটা খারাপ না ভাল, সেটা—বিবেচনা করতে হবে। আপনারা জেনে রাখুন যে, বর্তমানে ১৪ লক্ষ মামলা পশ্চিমবঙ্গে পড়ে আছে। গত দুই বছরের মধ্যে এটা ছিল ১২ লক্ষ। আমাদের বিচারকের সংখ্যা হচ্ছে ৭ শত। কিন্তু যে পরিমাণ মামলা প্রতি বছর শেষ করা হচ্ছে, তার চেয়ে মামলা বাড়ছে। ফলে জমে থাকা মামলা আরো বাড়ছে, কারণ মানুষ বেশি বেশি করে আদালতের সামনে হাজির হচ্ছে। তাদের ক্ষোভ নিরসনের জায়গা হিসাবে তারা আদালতে বেছে নিয়েছে। এটা খুবই ভাল লক্ষ্যণ। এটা আপনাদের বুঝতে হবে। আমরা চাই যে মানুষ তাদের ক্ষোভ এবং অভিযোগ নিরসনের জন্য আদালতের কাছে আসুক। কোনো ক্ষোভকে চেপে রাখতে বামফ্রন্ট সরকার চায়না। এতদিন এটা হয়নি। কারণ এতদিন বিচার ব্যবস্থা ছিল ব্যায়বহুল, জটিল, দুর্বোধ্য। মানুষ বিচার ব্যবস্থা থেকে দূরে থাকতে চাইত। এখন সেই অবস্থার পরিবর্তন হয়েছে। বামফ্রন্ট সরকার এটাকে বিকেন্দ্রীকরণ করেছে, আদালতের ভাষাকে সহজবোধ্য করেছে এবং সাধারণ মানুষকে আদালতের কাছে টেনে আনার নীতি নিয়েছে। আপনারা অনেকেই হয়ত জানেন না যে, বর্তমানে ভারতবর্ষের শতকরা ৯৯ জন মানুষ, তাদের যে অভাব, অভিযোগ, সেটা নিরসনের জন্য আদালতে আসেনা। তার কারণ হচ্ছে, তারা মনে করে যে আদালত হচ্ছে বড় লোকের জায়গা, ধনীদের জায়গা, কায়েমী স্বার্থের আয়ত্বাধীন এবং গরিব মানুষকে হয়রানি করার যন্ত্র। এটা আপনারা অনেকেই জানেন।

[5-40 – 5-47 p.m.]

**মিঃ ডেপুটি স্পিকার :** নিশীথবাবু, আপনি একটু বসুন, কারণ আমাদের সময় শেষ হয়ে যাচ্ছে। এখন টাইম বাড়িয়ে নিতে হবে। সেজন্য ১০ মিনিট সময় বাড়িয়ে নেবার প্রস্তাব আমি সভার সামনে রাখছি। আশা করি কারো আপত্তি নেই।

**(এই সময় সভার অনুমতিক্রমে ১০ মিনিট সময় বৃদ্ধি ঘটে)**

**শ্রী নিশীথ অধিকারী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আগেই বলেছি যে, শব্দ-দূষণ এবং যুক্তিহীনতায় মোটামুটি অভ্যস্ত হয়ে পড়েছি। যে কথাটা আবার বলছি, এই বাজেটের প্রধান কথা হল—যেটা আপনারা কেউ বলেননি—প্ল্যান বাজেটে গত বছর থেকে এই বছর প্রায় ২.৫ গুণ অর্থ ছেড়ে দেওয়া হয়েছে এই বাজেটে। আমরা আগামী দিনে প্ল্যান করেছি কোথায় কোথায় আদালত নিয়ে যাব, সম্প্রসারণ করব, কোথায় কোথায় বসাবার ব্যবস্থা করব আদালত বিচারের সুবিধা দেবার স্বার্থে। কিভাবে বিভিন্ন কোর্টকে সুষ্ঠুভাবে এগিয়ে নিয়ে যাওয়া যায় তার চেষ্টা আমরা করছি। ফ্যামিলি কোর্টে নাকি উকিলদের যেতে দেওয়া হয় না। কথাটা যারা বলছিলেন তাদের জিজ্ঞাসা করি, ফ্যামিলি কোর্ট আইনটা কাদের দ্বারা তৈরি হয়েছিল? স্মরণ করিয়ে দিচিছ, এটা কেন্দ্রীয় আইন এবং আইনটা তৈরি হয়েছিল কংগ্রেসি সময়ে। সেখানে বলা হয়েছে, আইনজীবীদের ফ্যামিলি কোর্টে যাওয়া চলবে না। সেজন্য বলছি, একটু হোম ওয়ার্ক করে আসুন, তারপর বলুন আপত্তি নেই, নিশ্চয়ই জবাব দেব। আমার বন্ধু তাপসবাবু বলছিলেন যে, এ. পি. পি. প্যানেল তৈরিতে নাকি দলবাজি হচ্ছে। আবার শুনে রাখুন, আপনাদের জ্ঞাতার্থে জানিয়ে দিচিছ, পি. এস. সি.কে বাদ দিয়ে প্যানেল তৈরির যে ব্যবস্থা সেটা আপনাদের সাত্তার সাহেব করেছিলেন। তিনি ঐ আইনটা দলবাজি করবার জন্যই করেছিলেন। সেটা পাল্টে দিয়ে আমরা পি. এস. সি.-র কথা বলছি। ভাবুন তো কোনটা ঠিক? আমরা বলছি এ. পি. পি. নিয়োগ পি. এস. সি. থেকে হবে এবং এটাই আমাদের নীতি।

**....(নয়েজ অ্যাণ্ড ইন্টারাপশন) ....**

চেঁচিয়ে লাভ নেই; নিয়োগটা আমরা পি. এস. সি. থেকেই করব। কারা ম্যারেজ অফিসার এবং নোটারী সম্পর্কে বলেছেন তাদের জানিয়ে রাখছি, এই ম্যারেজ অফিসার কিন্তু কোনও অবস্থাতেই আইনজীবীদের মুখের দিকে তাকিয়ে করছি না। আমরা এটা সমাজ-সেবার অঙ্গ হিসাবে ধরে নিয়েছি। আমার বন্ধু অশোক দেব বহুদিন বার-কাউন্সিলে আছেন। উনি জানেন, আমরা আইনজীবীদের জন্য কি করেছি। আমরা ল'ইয়ার ওয়েলফেয়ার ট্রাস্টে ৩০ লক্ষ টাকা দিয়েছি এবং সেকথা অ্যাসেম্বলিতেও বলেছি। দিয়েছি, কারণ আইনজীবীদের নিরাপত্তা দেওয়া দরকার, তাঁদের অর্থনৈতিক নিরাপত্তা দরকার। মুশকিল হল, আইন-ব্যবস্থার ক্ষেত্রে বর্তমানে অবস্থাটা পাল্টে গেছে। আগে মোটামুটি আর্থিক সম্পন্ন মানুষদের পরিবারভিত্তিক

ব্যবসা ছিল এটা। কিন্তু এখন আর তা নেই। এখন দরিদ্র এবং মধ্যবিত্ত ঘরের ছেলেমেয়েরাও আসছেন এতে এবং তারই জন্য আইনজীবীদের আর্থিক নিরাপত্তা দেওয়া দরকার। তারই জন্য ল'ইয়ার ওয়েলফেয়ার অ্যাক্ট বামফ্রন্ট সরকার করেছেন। এটা কিন্তু কংগ্রেস গভর্নমেন্টের সময় হয়নি এটা মনে রাখবেন। শূন্য পদে বিচারপতি নিয়োগ—হাই কোর্টে বিচারপতি নিয়োগ, এটা আপনারা জানেন যে এখানে রাজ্য সরকারের কিছু করার নেই, কোনও জায়গায় আপত্তি দেওয়া ছাড়া। কন্সটিটিউশনটা পড়তে হয়, আর্টিকেল ২১৭টা পড়তে হয়, পড়ার পর তারপর বলতে হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর সময় না নিয়ে কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** The motions of Shri Nirmal Ghosh, Shri Sultan Ahmed, Shri Rabindranath Chatterjee, Shri Shansanka Sekhar Biswas, Shri Kamal Mukherjee and Shri Tusher Kanti Mondal that the amount of the Demand be reduced by Rs. 100/-, was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 58,60,70,000 be granted for expenditure under **Demand No. 4, Major Head : "2014—Administration of Justice"** during the year 1997-98.

(This is inclusive of a total sum of Rs. 19,55,00,000 already voted on account). was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 5.47 p.m. till 11 a.m. on Monday, the 7th April, 1997 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 7th April, 1997 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 19 Ministers, 3 Ministers of State and 68 Members.

[11-00 - 11-05 a.m.]

**OBITUARI REFERENCE**

**Mr. Speaker :** Hon'ble Members, before commencing the business of the House I rise to perform a melancholy duty to refer to the sad demise of Ex-Minister of this State and also an Ex-Member of this Legislature who passed away on 2nd April 1997.

The former West Bengal Minister and the C.P.I.(M) Leader, Shri. **Prabir Sengupta** breathed his last at Bangur Institute of Neurology. Calcutta on 2nd April, 1997 after protracted illness. He was 64.

Shri Sengupta was born in March, 1933 at Rangpur (Now in Bangladesh). He was educated at Kailash Ranjan High School, Rangpur and completed his B.A from Hiralal Pal College, Kannagar. Shri Sengupta, influenced by the political environment at home, joined active politics while still a student and soon became a student leader. Having become a member of the then undivided Communist Party of India in 1953. Shri Sengupta strove to organise the bidi Workers and Rickshow pullers in Hooghly. When only 20 years of age, Shri Sengupta became a wholetime worker of the Communist Party of India. After the split in the Party he remained with C.P.I(M). Even during dark days Emergency period he worked fearlessly for the cause of the terrified massses. He was also involved with the peasent movement in Balagarh and was the founder of peasant Associations of polba and Dadra Locality. Shri Sengupta was one of the foremost trade Union, Leaders in the State and was the President of many trade Union Organisations. He was the Vice-President of C.I.T.U. State Committee. He suffered im-

prisonment several times for political reasons and in 1970, he was detained under MISA. Starting from 1977, Shri Sengupta was elected for four consecutive terms to the State Assembly from Bansberia Constituency, Hoogly. In the second Left Front Government in 1982 he was inducted in the Council of Ministers and was Appointed Minister of State. Department of Labour and was given Charge of the N.S.I. & Employment Exchange. In 1987, he became a Minister-in-Charge of Power Department and in 1991 he was appointed Minister-in-Charge of Cottage and Small Scale Industries.

As a person Shri Sengupta was very simple amitable and outspoken.

The State has lost a veteran Trade Unionist. an Eminent Political Leader and an able Administrator at the demise of Shri Sengupta.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(AFTER TWO MINUTES)

Thank you Ladies and Gentlemen.

Joint Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

## Adjournment

The House stands adjourned at 11.05 a.m. till 11 a.m. on Tuesday, the 8th April, 1997 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 8th April, 1997 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 16 Ministers, 9 Ministers of State and 163 Members.

[11-00 - 11-10 a.m.]

## Held Over Starred Questions
## (To which Written Answers were laid on the Table)

### Production of Rice

***185.** (Admitted Question No. *1423) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) Whether it is a fact that Production of Rice has substantially fallen during the current year compared to previous year; and

(b) If so,

(i) quantity of production during the current year;

(ii) the reasons of short production; and

(iii) the steps taken thereof ?

**Minister-in-charge of the Agriculture Department :**

(a) Estimation of area, yield rate and production has not yet been completed by the Bureau of Applied Economics and Statistics.

(b) (i) Yet to be assessed.

(ii) Too early to comment.

(iii) Does not relate at the present juncture of time.

## Starred Questions
## (To which Oral Answers were given)

### রাজ্যে ভি.ডি.ও. হল

*৪৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪) **শ্রী আব্দুল মান্নান ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে লাইসেন্সপ্রাপ্ত ও লাইসেন্সবিহীন ভি.ডি.ও. হলের সংখ্যা কত;

(খ) লাইসেন্সবিহীন ভি.ডি.ও. হলগুলি বন্ধের ব্যাপারে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন; এবং

(গ) ভি.ডি.ও. হলগুলিতে চলচ্চিত্র প্রদর্শনের ক্ষেত্রে কোনও নিয়ন্ত্রণ আছে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) লাইসেন্সপ্রাপ্ত ভি.ডি.ও. হলের সংখ্যা হল ১০৫৭টি এবং এখন পর্যন্ত সনাক্তকৃত লাইসেন্সবিহীন ভি.ডি.ও. হলের সংখ্যা হল ৩৭৬টি।

(খ) লাইসেন্সবিহীন ভি.ডি.ও. হলগুলি বন্ধ করার জন্য সরকার প্রত্যেক জেলা শাসককে নিম্নোক্ত নির্দেশ দিয়েছেন—

১) লাইসেন্সবিহীন ভি.ডি.ও. মালিকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা;

২) মেশিন ও অন্যান্য যন্ত্রপাতি বাজেয়াপ্ত করা;

৩) হল বন্ধ করে দেওয়া;

৪) উল্লিখিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা এবং মামলাগুলিকে সঠিক ভাবে তাগিদ দেওয়া; ইত্যাদি

(গ) হ্যাঁ। লাইসেন্স নিবদ্ধ শর্তাদি হলগুলিকে মেনে চলতে হয়।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন হল যে, লাইসেন্সবিহীন ভি.ডি.ও. হলগুলো বন্ধ করার ব্যাপারে আপনারা চার দফা নির্দেশ দিয়েছেন, সেগুলো কতগুলোর ক্ষেত্রে কার্যকর হয়েছে জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমরা অন্তত ৩৬৭টির ক্ষেত্রে ব্যবস্থা নিতে পেরেছি, বে-আইনি ভাবে চলছে এই কারণে ৩৭৬টির বিরুদ্ধে কোনও না কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমার স্পেসিফিক প্রশ্ন হচ্ছে যে, আপনি কি হাউসে অ্যাসিওর করতে পারেন লাইসেন্স বিহীন কোনও কোনও ভি.ডি.ও. হল আপনারা চালাতে দিচ্ছেন না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমরা ৩৭৬টি ভি.ডি.ও. হলের ক্ষেত্রে অ্যাসিওর করতে পারি যে এগুলো চলছে না, বন্ধ হয়ে গেছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে, লাইসেন্সের শর্তগুলো যে মেনে চলতে বলা হয়েছে এই শর্তগুলো কি কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** শর্তগুলো মূলত ৩টি, একটি হচ্ছে সিনেমা ফোটোগ্রাফি অ্যাক্ট অনুযায়ী লাইসেন্স নিতে হয়। জেলার ক্ষেত্রে এই লাইসেন্স দিয়ে থাকেন ডি.এম. আর কলকাতার ক্ষেত্রে দিয়ে থাকেন পুলিশ কমিশনার। দ্বিতীয়ত এই লাইসেন্স প্রাপ্ত হলগুলোকে অ্যামিউজমেন্ট ট্যাক্স দিতে হবে। এই ব্যাপারে সরকারের সঙ্গে ভি.ডি.ও. হল মালিকদের মামলাও হয়েছিল। তারা ট্যাক্স দিতে রাজি নয়, কিন্তু আমরা বলেছি বাণিজ্যিকভাবে প্রদর্শন করানো হচ্ছে, সেই কারণে কমার্শিয়াল ভিডিয়োর রাইট ভায়োলেট হচ্ছে, এটা তো ঠিক নয়, অতএব অ্যামিউজমেন্ট ট্যাক্স দিতে হবে। তৃতীয়ত সিনেমা হলে যে সিনেমা দেখানো হচ্ছে সেটা অনুমোদন ছাড়া ভি.ডি.ও. হলে দেখানো বে-আইনি, কারণ এগুলো পাবলিকদের দেখাবার জন্য নয়, ফ্যামিলিতে নিয়ে বাড়িতে বসে দেখবার জন্যে। এইরকম শর্ত যারা মানেনি, বে-আইনি কাজ করেছেন, তাদেরকে শাস্তিও দিয়েছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** লাইসেন্সপ্রাপ্ত ভি.ডি.ও. হলগুলো সেন্সার বোর্ডের অনুমোদন ছাড়াই অনেক সময়ে অশ্লীল বই দেখান, এর ফলে সমাজে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। এই ব্যাপারে আপনারা কি কোনও ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমরা যেটা বলেছি সেটা হচ্ছে পাবলিক ফিল্ম দেখাতে হবে, সেখানে আনসেন্সার্ড ফিল্ম তো সম্পূর্ণ বে-আইনি। আমরা সেটা ধরছি। আমাদের রিপোর্ট বলছে সেইগুলি খুবই কম। তারা অন্য সিনেমার সঙ্গে দেখায় এই রকম কয়েকটি পাওয়া গিয়েছে সেটাও মূল সমস্যা নয়। মূল সমস্যা আমরা মনে করছি, যেটা আমরা দেখছি কপি রাইট নেই, ভি.ডি.ও. পাইরাসি বলে তারা করছে। কিন্তু আপনারা যেটা বলছেন, আমি মেনে নিচ্ছি কিছু সিনেমা হল আছে, ভি.ডি.ও. যেখানে আনসেন্সার্ড ফিল্ম দেখানো হচ্ছে. সেখানে আমরা পুলিশকে বলেছি কড়া ব্যবস্থা নিতে, একদম যেন না দেখায়।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, দয়া করে জানাবেন কি, এই যে আন-লাইসেন্সড ভি.ডি.ও. হল, যেখানে একটা প্রবণতা দেখা যাচ্ছে খুব কম বয়সী ছেলেদের যেতে, এবং তারা সেখানে ভিড়ও করছে। এটা গ্রামাঞ্চলে খুব বেশি দেখা যাচ্ছে। আমি জানতে চাইছি, এই ব্যাপারে সোশ্যাল অ্যাওয়ারনেস জাগাবার প্রশ্নে আপনি পঞ্চায়েতকে দায়িত্ব দেবেন কি না বলবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপাতত আমাদের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর আইনে যা আছে তাতে ডি.এম. হচ্ছেন লাইসেন্সড অথরিটি। পঞ্চায়েতগুলিকে কিছু দায়িত্ব দেওয়ার ব্যাপারে প্রশ্নটা নীতিগতভাবে আমি অস্বীকার করছি না। এটা ভেবে দেখতে হবে। যদি করতে হয় তাহলে আমাদেরকে পঞ্চায়েত আইনের পরিবর্তন করতে হবে, তার জন্য এখনই কিছু বলতে পারছি না। কিন্তু সামাজিক নিয়ন্ত্রণ বলতে যা বোঝায় তার জন্য পঞ্চায়েতকে খানিকটা দায়িত্ব দেওয়া যেতে পারে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে ভি.ডি.ও. হলগুলি গ্রামাঞ্চলে ছেয়ে যাচ্ছে, এর মধ্যে লাইসেন্সড আছে এবং আন-লাইসেন্সডও ভাল সংখ্যায় আছে এবং এটা বাড়ছে। স্কুল স্টুডেন্টদের ভিড়ও হচ্ছে। এই সমস্ত ভি.ডি.ও. হলে অশালীন ছবিও দেখান হচ্ছে। আজকে শিক্ষক সমাজের কাছে দুর্ভাবনার ও চিন্তার বিষয়, আমাদের সাবজেক্ট কমিটির পক্ষ থেকে এই ব্যাপারে বিধানসভায় উদ্বেগও প্রকাশ করা হয়েছিল, আপনি বললেন, পুলিশকে বলা হয়েছে, কিন্তু যথাযথ নজরদারি ব্যবস্থা যাতে থাকে এই ব্যাপারে বিশেষ কিছু ভেবেছেন কি না জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্যকে আমি বলতে পারি, গত প্রায় দেড় বছর ধরে আমরা এই বিষয়টা নিয়ে সরকারি ভাবে কোনও কার্যকর সিদ্ধান্ত নিতে পারছিলাম না। কারণ, হাইকোর্টে এই সংক্রান্ত দুটি মামলা ছিল। একটা মামলা ছিল যাতে সোজাসুজি এটা বলার চেষ্টা ছিল এটা ভি.ডি.ও. ফিল্ম, এটা সিনেমা নয়। তাই এটা সিনেমাটোগ্রাফিতে পড়ে না। এই মামলাটি অনেক দিন ধরে চলে। ফলে মামলা চলাকালীন অনেক ভি.ডি.ও. হল ইতিমধ্যে গজিয়ে গিয়েছে। তারপরে আর একটা সমস্যা ছিল, এই সংক্রান্ত আইনের ব্যাপারে, দিল্লি থেকে এই আইনটা তৈরি হয়ে আসতে অনেক সময় লেগে যায়। এখন এই ৪/৫ মাসে আমরা অনেক কাজ করেছি। দক্ষিণ ২৪ পরগনায় ১৪১টি ভি.ডি.ও. সেন্টারকে আমরা বে-আইনি করেছি। এই কাজে এখন সমস্যা নয়, আইন এখন আমাদের হাতে আছে, এখন একজিকিউটিভ পাওয়ার দিয়ে আমাদেরকে শক্ত হাতে এইগুলি বন্ধ করতে হবে।

[11-10 – 11-20 a.m.]

**শ্রী রবীন ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই বে-আইনি ভি.ডি.ও. হলগুলো সারা গ্রামাঞ্চলে ব্যাঙের ছাতার মতো গড়ে উঠছে, সেখানে নানা রকম অশ্লীল ছবি দেখানও হচ্ছে, সেক্ষেত্রে এগুলো যাতে প্রশাসনগত ভাবে বন্ধ করা যায়, তার ব্যবস্থা করবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য, আমি আবার একই কথা বলছি। আমাদের আইনের জটিলতার জন্য, কয়েকটা মামলা থাকায় আমরা এতদিন ব্যবস্থা নিতে পারিনি। এখন আমরা উদ্যোগ নিয়েছি। জেলা ম্যাজিস্ট্রেটরা জানেন কি করতে হবে। আইনটা এখন পরিষ্কার। আন-সেন্সারড ফিল্মের সমস্যা তো আছেই। সেটাতো সোজাসুজি বে-আইনি। তাছাড়াও

আমাদের দেশে তো অনেক ফিল্ম তৈরি হচ্ছে যেগুলোর ভি.ডি.ও. ক্যাসেট চলে আসছে। এগুলো সেন্সারড। কিন্তু এর মধ্যেও ও খুন, রাহাজানি, ডাকাতি রয়েছে। সেন্সারড ফিল্ম এর ক্ষেত্রে এই হচ্ছে সমস্যা।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে এই ভি.ডি.ও. হলগুলোর জন্য সরকারি কিছু বিধি আছে। আমরা আমাদের এলাকায় দেখি অত্যন্ত ক্ষুদ্র পরিসরে, অস্বাস্থ্যকর অবস্থায় অনেক ভি.ডি.ও. হল চলে। এই ব্যাপারে সরকার কোনও রকম সিদ্ধান্ত নিচ্ছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমি তো সেটা বললাম, এটার জন্য রুলস আমরা কেন্দ্রীয় সরকারের নির্দেশে তৈরি হয়েছে। হলগুলো যখন লাইসেন্স রিনিউ করবে, তখন সেই মিনিমাম কন্ডিশনগুলো—দর্শকদের নিরাপত্তা আছে কিনা, পরিবেশ স্বাস্থ্যকর কি না, এই কন্ডিশনগুলো পূরণ করতে পারছে কি না এইগুলো দেখেই আমরা লাইসেন্স দেব।

**শ্রী প্রকাশ মিনজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, দয়া করে জানাবেন কি ভি.ডি.ও. হলগুলোকে লাইসেন্স দেওয়াতে সিনেমা হলগুলো মার খাচ্ছে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমি তো বললাম এই যে হলগুলো চলছে, সিনেমা হলগুলো যে ফিল্মটা দেখাচ্ছে, সেগুলো ক্যাসেট হয়ে ভি.ডি.ও. হলে চলে যাচ্ছে। ফলে সিনেমা হল মার খাচ্ছে। ওরা আমাদের বলেছে প্রতিবাদ করতে। আমরা দেখছি ওই ভি.ডি.ও হলগুলোর পাবলিক ফিল্ম লাইসেন্স আছে কিনা। এই যে এইভাবে চলে যাচ্ছে, এটাকে ভি.ডি.ও. পাইরেসি বলে।

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় মন্ত্রী নিজেই স্বীকার করলেন, ব্যাঙের ছাতার মতো ভি.ডি.ও. হল তৈরি হচ্ছে। নিশ্চয় একদিনে হয়নি। আমরা গ্রামেগঞ্জে দেখছি, থানার আশেপাশে এই হলগুলো চলছে। শুধু তাই নয় সেখানে অশ্লীল ফিল্ম সেখানে দেখানো হচ্ছে। লাইসেন্সড যে হলগুলো আছে তাতে যে ফিল্মগুলো দেখানো হচ্ছে, তার মধ্যেও অনেক অশ্লীল জিনিস রয়েছে এবং এর ফলে হচ্ছে কি অরিজিনাল সিনেমা হলের থেকে ভি.ডি.ও. হলগুলোতে বেশি ভিড় হচ্ছে। এর জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমাকে একই কথা বারবার বলতে হচ্ছে। এই ব্যাপারে আমাদের মামলা থাকার জন্য আমরা ব্যবস্থা নিতে পারিনি। হাইকোর্টের নির্দেশে একাধিক ভি.ডি.ও. হল অনুমতি নেওয়ার ফলে আমরা কার্যত কিছুই করতে পারি নি। আমাদের অনেকগুলি মামলা ছিল, কপিরাইটের মামলা ছিল, অ্যামিউজমেন্ট ট্যাক্সের ব্যাপারে মামলা ছিল। আমরা সেগুলোতে জিতে এসেছি। তারপর ভি.ডি.ও. রুলস তৈরি করার পর আমরা সেটাতে হাত দিয়েছি। ইতিমধ্যে অনেক সমস্যা হয়ে গেছে। আইনসঙ্গতভাবে এটাকে স্ট্রিমলাইন করতে একটু সময় লাগবে। আমি বুঝতে পারছি আমরা অনেক দেরিতে নেমেছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় মন্ত্রী মহাশয়, শুধু ভি.ডি.ও. পাইরেসি বলে দিলেন কথাটা অত সোজা নয়। আজকে হিন্দি ছবি যে রিলিজ হয়, সেটা ন্যাশনাল লেভেলে হয়। সেখানে ভি.ডি.ও. পাইরেসি হলে ওরা সামলাতে পারে কিন্তু বাংলা ছবির যে নতুন প্রিন্ট হচ্ছে, কলকাতা থেকে সেই প্রিন্ট যখন রওনা হচ্ছে মফঃস্বলে, তখন গাড়ি মাঝ রাস্তায় দাঁড় করিয়ে ভি.ডি.ও. পাইরেসি হচ্ছে।

বাংলা ছবি যখন রিলিজ হচ্ছে, তখন সেটা যখন বে-আইনি ভাবে প্রদর্শিত হতে শুরু করছে, তখন অন দি স্পট এই যে ভি.ডি.ও. পাইরেসি হচ্ছে, তাতে প্রডিউসার এবং ডিস্ট্রিবিউটাররা কিন্তু সেই সম্পর্কে ওয়াকিবহাল। এত সহজে এটা মোকাবিলা করা যাচ্ছে না। এটা একটা ভয়ঙ্কর জায়গায় পৌঁছচ্ছে। এই সম্পর্কে আপনার দপ্তরকে ওয়াকিবহাল করে, একটা অলআউট পুলিশ দপ্তর এবং তথ্য মন্ত্রক উভয় পক্ষের একটা কো-অর্ডিনেশন তৈরি করবার কোনও ভাবনা চিন্তা সরকারের আছে কি? যদি থাকে, তাহলে তথ্যমন্ত্রক এবং পুলিশ প্রশাসনের মধ্যে একটা কো-অর্ডিনেশন কমিটি করার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় সদস্যকে বলতে চাই—ব্যাপারটা আমিও সহজভাবে নিইনি। কারণ আমিও সমস্যাটা কি, সেটা জানি এবং এও জানি ভি.ডি.ও. হলগুলি যে চলছে, তার মধ্যে অন্তত শতকরা ৫০ ভাগেরও বেশি হলে এই বে-আইনি ফিল্মগুলি চলছে। এই সমন্বয় শুধু পুলিশ ডিপার্টমেন্ট এবং আমার ডিপার্টমেন্ট নয়, সমন্বয় করতে হয়েছে ই.আই.এম.পি.এ.-র সঙ্গে। ই.আই.এম.পি.এ.-র সঙ্গে মিটিং করে প্রস্তাব করেছি যে, প্রতি বছর কোনও ফিল্মের পাবলিক ভিউয়িং ক্যাসেট দেওয়া হয়েছে এবং কোনও দেওয়া হয়নি, তার একটা তালিকা যেন আমাদের কাছে পেশ করা হয় এবং এটা করলে কোনও পাইরেসি হচ্ছে সেই মুহূর্তে ধরা যাবে এবং পুলিশ ব্যবস্থা নেবে। কিন্তু আমি আবার বলছি যে, কাজটা শুরু হয়েছে এবং ই.আই.এম.পি.এ., যে সমস্ত ডিস্ট্রিবিউটার আছে, তারা আমাদের সঙ্গে কো-অপারেট করছেন এবং তারা আমাদের নির্দিষ্ট সময়ে জানিয়ে দিচ্ছেন যে, কোনটা বে-আইনি দেখানো হচ্ছে এবং কোনটা দেখানোর রাইট আছে। তবে তার ফলাফল পেতে সময় লাগছে। তবে আমরা সিনেমা হলকে নোটিশ দিয়েছি যে, গত এক বছরে কটা ফিল্ম দেখানো হয়েছে, তার একটা লিস্ট আমাদের কাছে যেন সাবমিট করা হয় এবং এটা পেলেই বোঝা যাবে যে, কোন ফিল্ম পাইরেসি হচ্ছে। যদি পাইরেসি হয়ে থাকে, তাহলে লাইসেন্স দেওয়া হবে না।

## সুসংহত শিশু-বিকাশ প্রকল্প

*৪৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩০) **শ্রী আবু আয়েশ মন্ডল :** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি ব্লকে সুসংহত শিশু বিকাশ প্রকল্প চালু আছে;

(খ) সুসংহত শিশু-বিকাশ প্রকল্প চালু করা হয়নি, এরূপ ব্লকের সংখ্যা কত (জেলা ভিত্তিক); এবং

(গ) কবে নাগাদ উক্ত প্রকল্পগুলি চালু করা হবে বলে আশা করা যায়?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ**

(ক) রাজ্যে ১৮০টি ব্লকে সুসংহত শিশু বিকাশ প্রকল্প চালু আছে।

(খ) রাজ্যে ১৬০টি ব্লকে সুসংহত শিশু বিকাশ প্রকল্প চালু করা হয়নি। তাদের জেলা ভিত্তিক হিসাব নিম্নরূপ ঃ—

| | | | |
|---|---|---|---|
| ১। | হাওড়া | — | ৪ |
| ২। | উত্তর ২৪ পরগনা | — | ১৪ |
| ৩। | দক্ষিণ ২৪ পরগনা | — | ১৯ |
| ৪। | নদীয়া | — | ৮ |
| ৫। | মুর্শিদাবাদ | — | ১৩ |
| ৬। | বর্ধমান | — | ১৮ |
| ৭। | হুগলি | — | ৫ |
| ৮। | মেদিনীপুর | — | ৩৪ |
| ৯। | বাঁকুড়া | — | ১১ |
| ১০। | পুরুলিয়া | — | ৬ |
| ১১। | বীরভূম | — | ৬ |
| ১২। | মালদা | — | ৭ |
| ১৩। | উত্তর দিনাজপুর | — | ২ |
| ১৪। | দক্ষিণ দিনাজপুর | — | ২ |
| ১৫। | দার্জিলিং | — | ৭ |
| ১৬। | জলপাইগুড়ি | — | ৩ |
| ১৭। | কোচবিহার | — | ১ |
| | **মোট** | — | ১৬০ |

(গ) আগামী দু বছরের মধ্যে উক্ত প্রকল্পগুলি চালু করা হবে বলে আশা করা যায়।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী আপনি বললেন যে, ১৮০টি সুসংহত শিশু বিকাশ প্রকল্প আমাদের রাজ্যের বিভিন্ন জেলাতে চালু আছে। আমি জানতে চাচ্ছি যে, এই

প্রকল্পগুলিতে নিয়মিত এবং স্বেচ্ছাকর্মীর সংখ্যা কত এবং এই সমস্ত প্রকল্পগুলিতে উপকৃত মা এবং শিশুর সংখ্যা কত?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** এই সম্পর্কে আমাদের নোটিশ দিতে হবে। কারণ যে প্রকল্পগুলি চালু করার কথা বলা হয়েছিল, তার সাথে আরও কিছু প্রকল্প, সেগুলির পূর্ণ চালু বলতে গেলে সমস্ত শেষ হলে তবেই বোঝা যাবে। তখন সেটা পূর্ণ চালু হয়েছে বোঝা যাবে। কাজেই এই সম্পর্কে নোটিশ দিতে হবে।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** আমাদের রাজ্যে ৩৪টি নারী এবং শিশু কল্যাণ প্রোজেক্ট এবং ১২টি বর্ডার এরিয়া প্রজেক্ট আছে। যখন আমাদের রাজ্যের সমস্ত ব্লকে প্রকল্প চালু হয়ে যাবে, তখন যেটা চালু আছে—শিশু নারী কল্যাণ প্রোজেক্ট, এগুলি কি এর সঙ্গে মিশে যাবে, না আলাদা আলাদা ভাবে কাজ করবে?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** এই সম্পর্কে এখনও কোনও স্থির সিদ্ধান্ত হয়নি।

[11-20 – 11-30 a.m.]

**শ্রী আবু আয়েশ মন্ডল :** নারী ও শিশু কল্যাণ প্রোজেক্টের অধীন যেসব অ্যাডেড সেন্টার আছে, বিগত ১৯৯৩ সাল থেকে সেগুলোতে এন.এন.পি. বন্ধ হয়। সেখানে নতুন করে এম.এন.পি. চালু করার পরিকল্পনা মাননীয় মন্ত্রী মহাশয় নিয়েছেন কি না, যদি না নিয়ে থাকেন তবে কবে নাগাদ নেবেন?

**শ্রী বিশ্বানাথ চৌধুরি :** কেন্দ্রীয় সরকার থেকে অর্থ পেলে এই সম্পর্কে কিছু করা সম্ভব হবে।

**শ্রী মহম্মদ সোহরাব :** এই সুসংহত শিশু বিকাশ প্রকল্পে যেসব কর্মীরা কাজ করেন তাদের অনারারিয়াম বাড়ানোর কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** এই অনারারিয়াম বাড়ানোর দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। কেন্দ্রীয় সরকারের কাছে এই সম্পর্কে রাজ্য সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে এবং কয়েকদিন আগে এ ব্যাপারে মিটিং হয়েছে। কিন্তু যেহেতু সরকার থেকে এখনও কোনও চিঠি পাইনি সেজন্য এ ব্যাপারে বলতে পারছি না। তবে এই মিটিং-এ যিনি বিভাগীয় মন্ত্রী উপস্থিত ছিলেন যে, এ ক্ষেত্রে কিছু বাড়ানো হতে পারে। তবে চিঠি না পেলে এখনই কিছু বলতে পারছি না।

**শ্রী তপন হোড় :** মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে আই.সি.ডি.এস. প্রকল্পের মধ্যে রাজ্য সরকারের নিজস্ব প্রকল্প কটা আছে? আমরা শুনছি আই.সি.ডি.এস. প্রকল্পের মধ্যে অঙ্গনওয়াড়ি প্রকল্পের মধ্যে যারা আছে তাদের বেতন বৃদ্ধির কথা বিবেচনা করা হচ্ছে। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কোনও কথাবার্তা হয়েছে কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আই.সি.ডি.এস. পরিকল্পনাটা মূলত কেন্দ্রীয় সরকারের। এই প্রকল্পে রাজ্য সরকার পশ্চিমবঙ্গে ১৬টি প্রোজেক্ট করেছিলেন, যার সমস্ত অর্থই রাজ্য সরকার বহন করতেন। কেন্দ্রীয় সরকার থেকে এই ১৬টি প্রকল্পে অর্থ দেওয়ার কথা। তারা অর্থ দেবেন বলে জানিয়েছেন। তবে এটা কেন্দ্র ও রাজ্য ভিত্তিক দায়িত্বে চলবে। এর আগে যেটা বলেছেন তার উত্তর দিয়েছি। আমাদের কাছে সরকার থেকে কোনও চিঠি আসেনি। চিঠি এলে অঙ্গনওয়াড়ি কর্মীদের বেতন বৃদ্ধি করা হবে।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, আই.সি.ডি.এস. প্রকল্পের আওতায় কোনও ব্লককে আনতে হলে কি ক্রায়েটিরিয়ার ভিত্তিতে সেটা করেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আমাদের এই প্রকল্পে সুসংহত শিশু বিকাশ প্রকল্প চালু হওয়ার পরে রাজ্য সরকারের পক্ষ থেকে আমরা প্রস্তাব দিলাম যে কোন কোন ব্লকে এটা করা হবে। আমরা প্রথমে ২০টা প্রোপোজাল দিলাম, তারপর ৩০টার প্রোপোজাল দিলাম। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ১০-১৫টার ক্ষেত্রে টাকা দেওয়া হয়েছিল। পরে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এটা তুলে দেওয়া হয়। তারপর কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে জানানো হয় পশ্চিমবঙ্গের সমস্ত ব্লকে রাজ্য সরকারের পক্ষ থেকে আই.সি.ডি.এস. প্রকল্প চালু করা হবে। সেই কারণে রাজ্য সরকারের পক্ষ থেকে আর কোনও প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়নি। আমাদের বেশির ভাগ ব্লকে যেগুলোর স্যাংশন এসেছে সেগুলোকে অর্থ দপ্তরের কাছে, মন্ত্রী সভার কাছে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। আমরা অপেক্ষায় আছি। এগুলো সমস্ত ব্লকেই চালু হবে। আর আমি আগেই বলেছি আমরা কোনও নর্মসের ভিত্তিতে এটা ঠিক করি না, এটা কেন্দ্রীয় সরকার ঠিক করেন।

**শ্রী কমলাক্ষী বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে সমস্ত গ্রামে বা মৌজায় এখনও পৌঁছয়নি, সেখানে কোনও নতুন সেন্টার করবেন কি না?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** ১৯৯১ সেন্সাস অনুযায়ী পশ্চিমবঙ্গের যেখানে যেখানে লোক সংখ্যা বৃদ্ধি হয়েছে, সেখানে কেন্দ্রীয় সরকারের কাছে আরও বেশি নতুন সেন্টার করার জন্য বলেছি। তারা যদি করে, তাহলেই নতুন সেন্টার হবে, না হলে সম্ভব নয়।

**শ্রী অসিতকুমার মাল ঃ** বীরভূম জেলার ১৯টি ব্লকের মধ্যে একটি ব্লকে আই.সি.ডি.এস. প্রকল্পের কাজ নলহাটি-১, বে-সরকারি সংস্থার হাতে দেওয়া হয়েছে। সেটা কি কার্যকর হবে? এবং, ঐ সংস্থার নামটি কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** এটা খুব তাড়াতাড়ি চালু করবার জন্য বলেছি। আশা করছি ৩।৪ মাসের মধ্যেই চালু হয়ে যাবে। বীরভূমের এম হার্স্ট ইনিস্টিটিউটকে দেওয়া হয়েছে। চার-পাঁচটি অ্যাপ্লিকেশন এসেছিল, তার থেকেই নেওয়া হয়েছে।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মানিকচক ব্লকে যে আই.সি.ডি.এস.-এর ছেলেমেয়েদের চাকরির জন্য ইন্টারভিউ নেওয়া হয়েছিল, সেখানে যিনি চেয়ারম্যান ছিলেন, তাকে নাম্বার দিতে দেওয়া হয়েছিল ৪.৮ এবং জেনারেল মেম্বার আমরা যারা ছিলাম, আমাদের দেওয়া হয়েছিল ৪.২। এই ক্ষেত্রে চেয়ারম্যানের বেশি নাম্বার দেওয়ার কোনও আইনানুগ অধিকার আছে কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** এই বিষয়টি আমরা এখান থেকে ঠিক করি না, সেখানে কমিটি ঠিক করে। ফলে, কমিটি যেটা ঠিক করেছে, সেটা তাদের ব্যাপার। আমার কাছে যদি কিছু কমপ্লেন আসে, সেটা এনকোয়ারি করে জানাতে পারব।

## অসামাজিক কাজে অভিযুক্ত পুলিশ কর্মী

***৪৪৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৯) **শ্রী কমল মুখার্জি এবং** শ্রী আব্দুল মান্নান ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ আর্থিক বছরে পুলিশের কত জন কর্মী ধর্ষণ ও ডাকাতির অভিযোগে অভিযুক্ত হয়েছে; এবং

(খ) উক্ত কর্মীদের ক্ষেত্রে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) ১৯৯৪-৯৫ সালে একজনও হয়।

১৯৯৫-৯৬ সালে ১ (একজন)।

(খ) অভিযুক্তকে যাবজ্জীবন কারাদন্ড দেওয়া হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** ঐ একজন কে এবং কোন্ থানার?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমি যা দেখেছি, মেদিনীপুর জেলার কন্টাই পি.এস., দেবাশীষ রুদ্র, এ.এস.আই.। তার যাবজ্জীবন কারাদন্ড হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এখানে যা বলেছেন, এছাড়াও অনেক ঘটনা আমরা দেখেছি, হাউসেও মেনশন করেছি, এখানে যে তথ্য পাচ্ছি, তার সঙ্গে মিলছে না। এই বছরের পরেও অনেক সময় দেখেছি—যেমন ফুলবাগান থানায় হয়েছে। এইগুলো প্রিভেন্ট করার জন্য কি কি পদক্ষেপ নিয়েছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনি যে নির্দিষ্ট সময় বলেছেন, তার নির্দিষ্ট উত্তর দিয়েছি। তার আগে পরে ঘটে থাকলে সেখানে কি হয় তার ইঙ্গিত এখান থেকেই পাওয়া যাবে—যাবজ্জীবন কারাদন্ড।

[11-30 – 11-40 a.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, অপরাধীদের শাস্তি হচ্ছে। কিন্তু আমার প্রশ্ন, এই অপরাধ যাতে না ঘটে তার জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন? কেন না, এক্ষেত্রে যদি একজন পুলিশের লোকও যুক্ত থাকে তাহলে সেটা লজ্জার ব্যাপার।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এর জন্য আপ্রাণ চেষ্টা করছি। পুলিশে ট্রেনিং হচ্ছে, আমি মিট করছি, কনফারেন্স করছি। নিচের লেভেল, উপরের লেভেলের লোকেদের সঙ্গে আলোচনা করছি। তাঁদের বলছি, আপনারা আইনের রক্ষক, আপনারা আইন ভাঙ্গবেন না। আমি চেষ্টা করে যাচ্ছি এবং আপনারাও যদি সহযোগিতা করেন তাহলে এটা নিশ্চই সফল হবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, আমাদের সহযোগিতা পেলে তিনি করবেন। এতে অসহযোগিতার কোনও প্রশ্ন ওঠে না। কিন্তু আসল যে সমস্যা দেখা দিয়েছে সেটা হচ্ছে, পুলিশ রাষ্ট্রীয় ব্যবস্থায় আজকে আক্রান্তের পাশে না দাঁড়িয়ে আক্রমণকারীর পাশে দাঁড়াচ্ছে এবং শান্তিপ্রিয় মানুষের উপর হামলা করছে। এই রকম অনেকগুলো ব্যাপার মাননীয় মন্ত্রী মহাশয়ের গোচরেও এনেছি। যে সমস্ত পুলিশ কর্মীর শাস্তি হচ্ছে না—আপনার কাছে যে বিশেষ দাবি করেছিলাম—জনগণের উপর হামলা করার জন্য সেইসব পুলিশ কর্মীদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্যকে শুধু এটুকু বলতে চাই—অপরাধ অনেক দিকে হচ্ছে। পুলিশের মধ্যে যে অপরাধ হচ্ছে সেই অপরাধকে গোপন করার বা এড়িয়ে যাওয়ার কোনও অবস্থা হলে আমাদের আরও বেশি সর্তক হতে হবে। আমি শুধু এটা বলতে পারি—নির্দিষ্ট কোনও পুলিশ কর্মী যদি কোনও অপরাধ করে থাকে, যদি রেকর্ড হয়, তাহলে আইন অনুযায়ী তার ব্যবস্থা নিতে হবে। সব ক্ষেত্রেই হয়ত অপরাধীকে খুঁজে পাওয়া যাচ্ছে না, কিন্তু পুলিশ বিভাগের মধ্যে যদি অপরাধ হয় তাহলে নিশ্চিতভাবেই তাদের ধরা হবে এবং তাদের মামলা গুরুত্ব দিয়ে দেখা হবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** দুটো নির্দিষ্ট অভিযোগ আপনার কাছে জমা দিয়েছিলাম কিন্তু লিখিত আকারে এখনও তার উত্তর পাইনি। ইট ইজ জাস্ট ফর ইয়োর ইনফর্মেশন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনি তো আলোচনার মধ্যে দেননি, হাউসের মধ্যে দেননি। দু-দিন সময় দেবেন, বলে দেব—কোথায়, কতদূর গিয়েছে।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমার মনে হচ্ছে, মাননীয় মন্ত্রী মহাশয় প্রশ্নটা ঠিকমতো বুঝতে পারেননি, নয়তো ভুল উত্তর দিয়েছেন। বলেছেন, ১৯৯৫/৯৬ সালে একজন দেবাশিষ রুদ্র, কন্টাই পি.এস.-র। দেবাশিষ রুদ্রের নামে মামলা হয়েছে ১৯৯১ সালে। সে একজন মহিলাকে ধর্ষণ করেছিল। ১৯৯১ সালে অভিযুক্ত হয়েছিল এবং দোষী সাব্যস্ত হয়েছিল

১৯৯৫/৯৬ সালে। কিন্তু এখানে প্রশ্ন ছিল—কে কে অভিযুক্ত, অ্যাকিউসড হয়েছিল। কিন্তু আপনি উত্তর দিচ্ছেন—কে কনভিক্টেড হয়েছিল। দুটোর মধ্যে ডিফারেন্স রয়েছে। যে প্রশ্নের উত্তরটা দিয়েছেন সেটা হচ্ছে, একজন পুলিশ কর্মীর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। আইদার দি কেস হ্যাজ বিন চার্জশিটেড অর চার্জশিট হ্যাজ বিন ফাইল্ড। এটা ১৯৯১ সালের কেস ১৯৯৫।৯৬-এ ঢুকিয়ে দিলেন। এটা হাউসকে মিস লিড করা হচ্ছে। মাননীয় বিধায়ক শৈলজা বাবু আছেন, উনিও হয়তো জানেন, দেবাশিষ করে অ্যকিউসড হয়েছে। আমরা যেটা জানতে চাচ্ছি সেটা হচ্ছে, কার কার বিরুদ্ধে কেস হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য আপনি ঠিকই বলেছেন, ১৯৯১ সালে অভিযুক্ত হয়েছিল এবং শাস্তি পেয়েছিল ১৯৯৬ সালে। কিন্তু যে প্রশ্নটা আছে তার যথার্থই উত্তর দিয়েছি। যদি প্রশ্ন করতেন ১৯৯৬ সালে কটা পুলিশ কর্মীর বিরুদ্ধে মামলা চলছে এবং অভিযোগ চলছে তাহলে মনে হয় আপনি যে প্রশ্ন করতে চাইছেন তার উত্তর পেতেন।

(গোলমাল)

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, এখানে প্রশ্ন ছিল অভিযুক্তদের ব্যাপারে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** অভিযুক্ত-র সাথে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তাই প্রশ্ন ছিল।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** মিঃ ভট্টাচার্য, কোয়েশ্চেন হ্যাজ গট টু পার্টস। ফার্স্ট পার্ট—

(ক) ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ আর্থিক বছরে পুলিশের কত জন কর্মী ধর্ষণ ও ডাকাতির অভিযোগে অভিযুক্ত হয়েছে; এবং

(খ) উক্ত কর্মীদের ক্ষেত্রে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

প্রথম ভাগে আছে কত জন অভিযুক্ত হয়েছে, এর ডিটেল আপনার কাছে আছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** গোপন করার কোনও ইচ্ছাই আমার নেই, আপনি যদি চান আজকে পুলিশ বাজেট হবে, আমি আনব, এই মুহূর্তে আমি প্রস্তুত নই।

**মিঃ স্পিকার ঃ** বসুন, ওটা পরে দেবেন। মিঃ মান্নান আপনার কি আর কোনও সাপ্লিমেন্টারি আছে? আপনার অন্য কোনও সাপ্লিমেন্টারি থাকলে জিজ্ঞাসা করুন?

**শ্রী আব্দুল মান্নান ঃ** আই অ্যাম সরি, আমাকে এখনই গভর্নমেন্ট চীফ হুইপ একটা লিস্ট করতে বলেছেন, আমি সেটা নিয়ে ব্যস্ত ছিলাম, আমি কোয়েশ্চেনটা দেখিনি। আপনি

যেটা পড়লেন আমার মনে হয় মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আজকে কোয়েশ্চেনের রিপ্লাই নেই। আপনি এটা হেল্ড ওভার করে দিন, উনি পরে ডিটেলস উত্তর দেবেন। আমরা এর পর সাপ্লিমেন্টারি করব। আমার একটা সন্দেহ হচ্ছে আমার মনে হচ্ছে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে তথ্য নেই, কিন্তু আমাদের কাছে অনেকগুলি তথ্য আছে, অনেকগুলি অভিযুক্ত আছে। উনি যে রিপ্লাই দিয়েছেন এই রিপ্লাই যদি আপনি ধরে নেন, তাহলে কিন্তু আমরা প্রিভিলেজ মোশন জানব। কারণ ১৯৯৪-৯৫ সালের অনেকগুলি কেস আমাদের কাছে আছে যে পুলিশ অ্যাকুইজড হয়েছে এবং ১৯৯৫-৯৬ সালেরও এই রকম অনেকগুলি কেস আছে। উনি সেগুলি এড়িয়ে যাচ্ছেন, ওঁনার স্টেটমেন্টের উপর ভিত্তি করে তাহলে কিন্তু আমরা প্রিভিলেজ মোশন আনতে পারি। আমি স্যার, সেই জন্যই আপনাকে রিকোয়েস্ট করছি দরকার হলে আপনি এটাকে হেল্ড ওভার করে দিন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** স্যার, আমারও তাই মনে হচ্ছে, সঠিক ভাবে আপনি যদি মনে করেন—কত জন শাস্তি পেয়েছে আমি সেটা বলেছি—কয় জন পুলিশ কর্মীর বিরুদ্ধে অভিযোগ হয়েছে ১৯৯৪-৯৫ এবং ১৯৯৫-৯৬ সালে, আমি পুলিশ বাজেটের শুরুতেই এই সংখ্যাটা আপনাদের জানিয়ে দেব।

**শ্রী আব্দুল মান্নান ঃ** কিন্তু স্যার, তখন তো আমি ওঁনাকে সাপ্লিমেন্টারি করতে পারব না।

**মিঃ স্পিকার ঃ** প্লিজ টেক ইয়োর সিট, মিঃ ভট্টাচার্য এখানে কোয়েশ্চেনটা দুটো পার্টে আছে, এখানে ভুল বোঝাবুঝির একটা অবকাশ আছে। হতে পারে, সেকেন্ড পার্টে একজনের শাস্তি হয়েছিল ঠিকই বলেছেন, উত্তরটা দ্বিতীয় পার্টে ঠিকই বলেছেন। একজনের কনভিকশন হয়েছিল, যাবজ্জীবন হয়েছিল।

**(এই সময় মাননীয় সদস্য শ্রী সৌগত রায় কিছু বলতে থাকেন।)**

**(হইচই)**

**শ্রী সৌগত রায় ঃ পুলিশ** কি ব্যবস্থা নিয়েছে সেটা আমাদের বলতে হবে, কোর্ট ...

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** কোর্ট ব্যবস্থা নিয়েছে মানেটা কি? আমরা যদি মামলা শুরু না করতাম তাহলে কোর্ট কি ব্যবস্থা নিত? মামলা আমরা শুরু করেছি বলেই কোর্ট ব্যবস্থা নিয়েছে।

**মিঃ স্পিকার ঃ** বসুন, কোর্ট যে ব্যবস্থা নেয় সেটা আফটার পুলিশ ইনভেস্টিগেশন। কোর্ট তো এমনি এমনি ব্যবস্থা নেয় না। পুলিশ একটা এফ.আই.আর. করলে, কেস হলে, ইনভেস্টিগেশন হলে তার পর কোর্টে একটা রায় হয়, দেয়ার ইজ এ প্রসিডিওর, না হলে কোর্ট ব্যবস্থা নিতে পারে না। After the police initiates enquiry, conducts an

inquiry and submits chargesheets. তারপর একটা জাজমেন্ট দেয়, that Police investigation পুলিশ ব্যবস্থা না নিলে কোর্ট জাজমেন্ট দেয়? ঠিক আছে বসুন, বসুন, Now I hold this question over. Next day you answer the question completely. এর পরের কোয়েশ্চন ডেটে আপনি আপনার আনসার পেয়ে যাবেন।

## দুঃস্থ যাত্রা-শিল্পীদের সাহায্য

***৪৪৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৮) **শ্রী তপন হোড় ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দুঃস্থ যাত্রা শিল্পীদের আর্থিক সাহায্য দেবার পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা কিভাবে কার্যকর করা হবে বলে আশা করা যায়?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) নাট্য একাডেমির অনুমোদন সহ প্রস্তাব এলে বিবেচনা করা হয়।

**শ্রী তপন হোড় ঃ** স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে কতজন নাট্যকর্মীকে আপনি সাহায্য করতে পেরেছেন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নাট্যকর্মী বলছেন, না যাত্রাকর্মী বলছেন? গত বছরের হিসাবে আমরা ৬ জনকে এই রকম সাহায্য করেছি।

[11-40 – 11-50 a.m.]

**শ্রী তপন হোড় ঃ** পশ্চিমবাংলায় যাত্রা একটা মহান শিল্প। গোটা পশ্চিমবাংলায় বহু দুঃস্থ যাত্রা শিল্পী আছেন বলে আমরা জানি। কিন্তু এ পর্যন্ত মাত্র ৬ জন যাত্রা শিল্পীকে সরকারের পক্ষ থেকে সাহায্য করা হয়েছে। আমরা জানি রাজ্যের বিভিন্ন জেলার যাত্রা শিল্পীদের কাছে সরকারি অনুদানের সংবাদ গিয়ে পৌঁছয় না, ফলে তাঁরা সরকারি সাহায্য থেকে বঞ্চিত হচ্ছেন। কাজেই সরকারি নিয়ম-কানুন সরলীকৃত করে বেশিরভাগ দুঃস্থ যাত্রা শিল্পীদের চিহ্নিত করে তাঁদের সাহায্য করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি; থাকলে তা কিভাবে করা হবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা আপনি ঠিকই বলেছেন, আমাদের পদ্ধতি হচ্ছে কাগজে বিজ্ঞাপন দেখে আবেদন করতে হয়, সেটা নাট্য অ্যাকাডেমিতে আসে, তারপর তাঁদের সাহায্য দেওয়া হয়। গ্রামাঞ্চলের দুঃস্থ যাত্রা শিল্পীরা অনেকেই এ খবর রাখেননা। কাগজে কি বিজ্ঞাপন

বেরচ্ছে, না বেরচ্ছে এবং সে বিষয়ে কি কি ফর্মালিটিস আছে, না আছে সে খবর তাঁরা রাখেন না। সেজন্য আমরা জেলা স্তরে একটা কাঠামো করার কথা ভাবছি, সেখানেই তাঁরা আবেদন করতে পারবেন।

**শ্রী তপন হোড় :** স্যার, কিছু দিন আগে আমরা একটা টি. ভি. প্রোগ্রামের মাধ্যমে অবগত হলাম যে আগে যেসব পুরুষ শিল্পীরা যাত্রা অনুষ্ঠানে মহিলাদের ভূমিকায় অভিনয় করতেন, তাঁদের এখন বয়স হয়ে গেছে এবং তাঁরা বেশিরভাগই এখন খুবই দুঃস্থ। সেজন্য আমার মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন, তিনি তাঁদের সরকারের পক্ষ থেকে আর্থিক অনুদান দেবার কোনও ব্যবস্থা করবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** যখনই সরকারের কাছে এই ধরনের দুঃস্থ শিল্পীদের সাহায্য করার কোন আবেদন আসে তখন তা গুরুত্ব দিয়ে বিচার করে—আমাদের অনুদান দেবার আর্থিক ক্ষমতা যতটুকু আছে ততটুকুর মধ্যে আমরা সাহায্য দেবার চেষ্টা করি। অনেক ক্ষেত্রেই দেবার চেষ্টা করি।

**শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম :** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি,—দুঃস্থ যাত্রা শিল্পীদের সাহায্য করার জন্য সরকারের যেমন ব্যবস্থা আছে তেমন যাঁরা আমাদের দেশের লোক-শিল্পী, তাঁদেরও সাহায্য করার জন্য কোনও ব্যবস্থা আছে কি? এ ছাড়া বর্তমানে অপসংস্কৃতিতে দেশ ছেয়ে যাচ্ছে, আমাদের গ্রামাঞ্চলের লোক-শিল্প এবং লোক সংস্কৃতির বিগত দিনে যে ঐতিহ্য ছিল—যার মধ্যে মানুষের জীবন আঙ্গিকের ছোঁয়া ছিল, বাঁচার প্রশ্ন ছিল, মরার প্রশ্ন ছিল—সেই লোক সংস্কৃতিকে সংরক্ষণের জন্য, তার শিল্পীদের বাঁচিয়ে রাখার জন্য সরকারের কোনও চিন্তাভাবনা আছে কি; থাকলে তা কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় সদস্য বোধ হয় জানেন যে, আমাদের একটা লোক-শিল্পী পর্ষদ আছে। লোক শিল্প পর্ষদের মাধ্যমে আমরা লোক-শিল্পীদের সঙ্গে যোগাযোগ রাখি। তাঁদের অনুষ্ঠানের সুযোগ করে দেওয়া হয় এবং নানাভাবে উৎসাহ দেওয়া হয়। অনেক লোক শিল্পীকে বার্ষিক অনুদান দেওয়া হয় এবং দুঃস্থ শিল্পীদেরও সাহায্য করার চেষ্টা করি। এ ক্ষেত্রে আমরা যাত্রা শিল্পের চেয়ে একটু বেশিই এগোতে পেরেছি। এটুকু আমি বলতে পারি।

**শ্রী নির্মল ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন যে, আমাদের যাত্রা শিল্প ছিল আমাদের গর্ব। কিন্তু আধুনিকতার সঙ্গে সঙ্গে এটা প্রায় শেষ হয়ে আসছে—যদিও একে কেউ একদম শেষ করতে পারবেনা। তাই আপনি কি ভাবছেন—যাত্রা শিল্পের সঙ্গে যুক্ত মালিক গোষ্ঠী এবং সরকার মিলিতভাবে একটা প্রকল্প রচনা করে, একটা ফাণ্ড তৈরি করে যে সমস্ত দুঃস্থ শিল্পীদের ৫০ বছরের বেশি বয়স তাঁদের সেখান থেকে নিয়মিত সাহায্য দেওয়া হবে? পশ্চিমবাংলার জেলাগুলির বয়স্ক দুঃস্থ যারা শিল্পীদের জন্য এরকম কোনও পরিকল্পনা আপনার আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** যারা শিল্পীদের জন্য অন্য ধরনের কাজ করছি। মাননীয় সদস্যের অবগতির জন্য বলছি, যারা শিল্পীদের যে সংস্থা তাদের সঙ্গে যোগাযোগ আছে। তাঁরা প্রস্তাব করেছিলেন কলকাতায় স্থায়ী মঞ্চের। আমরা বাগবাজারে গিরিশমঞ্চের পাশে স্থায়ী মঞ্চ করেছি। ওঁরা কেন্দ্রীয় অফিস চেয়েছিলেন। এগুলি করছি। দুঃস্থ শিল্পীদের জন্য যুক্ত ফাণ্ড করা যায় কি না যেটা আপনি বললেন—আমার ধারণা সম্ভব নয়। সিনেমার ক্ষেত্রে বলতে গিয়ে দেখেছি, শুধু সরকারই টাকা দেয়, আই. এম. পি. এ (ইম্পা) অর্থাৎ সিনেমা হল ওনার'সরা এক পয়সাও দেয় না। তাই বলছি, যারা শিল্পের মালিক টাকা দেবেন কিনা দুঃস্থ শিল্পীদের পক্ষে এটা সন্দেহ আছে। যাই হোক, আপনি যখন বলেছেন, আমি তখন তাদের ডেকে বলতে পারি।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** আমাদের জেলা মালদায় গম্ভীরা গান বহু পুরাতন এবং ঐতিহ্যপূর্ণ। পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় এই সমস্ত শিল্পীরা এসেছেন এবং বহুবার এই সমস্ত গান-বাজনা করেছেন। আমি জানতে চাইছি, এই যে সমস্ত শিল্পীরা আছে তারা আজকে না খেতে পেয়ে অনাহারে মরছে। তাদের সাহায্য করার কোনও পরিকল্পনা আপনার দপ্তরে আছে কি না এবং যদি থাকে তাহলে কি পদ্ধতিতে তারা সেই টাকা পেতে পারে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমি আগেই বলেছি, আমাদের লোক শিল্প পর্ষদ একটা আছে। তারা আমাদের রাজ্যের বিভিন্ন জেলায় যেমন মালদায় গম্ভীরা আছে তেমনি প্রত্যেক জেলায় টুসু, ভাদু আলতাব আছে, এদের সঙ্গে এমন কি গম্ভীরা শিল্পের সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগ আছে। তাদের ফেস্টিভাল হয়েছে, ওয়ার্কশপ হয়েছে। তবে এটা ঠিকই, সব দুঃস্থ শিল্পীদের কাছে সাহায্য পৌঁছাতে পারেনি, যতটা সম্ভব আমরা পৌঁছে দেবার চেষ্টা করছি।

**শ্রী নির্মল দাস ঃ** আমার সুনির্দিষ্ট জিজ্ঞাস্য, আমরা দেখছি, চাষীদের জন্য যারা খুবই গরিব এবং বৃদ্ধ সেই বৃদ্ধদের পেনশন চালু করা হয়েছে। অতি বৃদ্ধদের জন্য অন্যান্য সেক্টর আছে, তাদের ক্ষেত্রেও আজকে করা হয়েছে। উত্তরবঙ্গে ভাওয়াইয়া শিল্পী যারা যাত্রা করে, যেমন, ''ময়নার চোখে জল' এবং আরো অন্যান্য নানা রকম যাত্রা করে লক্ষ লক্ষ মানুষকে তারা আনন্দ প্রদান করছেন। আজকে তারা অসহায়। এইসব শিল্পীদের জন্য প্রত্যেক জেলায় ধীরে ধীরে কিছু পেনশন দেওয়ার জন্য রাজ্যসরকারের কোনও চিন্তা-ভাবনা আছে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমি তো আগেই বললাম, উত্তরবঙ্গে ভাওয়াইয়া শিল্পীদের জন্য আমাদের যথেষ্ট নজর আছে। অতি সম্প্রতি ফালাকাটা কেন্দ্রে উৎসব হয়ে গেছে, ভাল উৎসব হয়েছে, সমস্ত সরকারি দায়িত্বে হয়েছে। কিন্তু একটা কথা এসেছে ফিরে-ফিরে, যারা দুঃস্থ হয়ে পড়ছেন তাদের কি করে সাহায্য করা যায়। আমরা কিছু মানুষের কাছে সাহায্য পৌঁছাতে পারি, কিন্তু সবার ক্ষেত্রে পৌঁছাতে পারছি না।

**শ্রী গুরুপদ দত্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আদিবাসী সম্প্রদায়ের মধ্যে

আজকে যাত্রা শিল্প জনপ্রিয় হচ্ছে। এই আদিবাসী শিল্পীদের আকর্ষণ করার জন্য তাদের কোনও রকম আর্থিক সহায়তা দানের কোনও পরিকল্পনা আপনার দপ্তরের আছে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** হ্যাঁ আছে। ৩টি আদিবাসী লোকচর্চা কেন্দ্র আছে। শুধু আমাদের বিভাগ নয়, আমাদের বিভাগের সঙ্গে শিডিউল কাস্টস অ্যাণ্ড শিডিউল ট্রাইবস ডিপার্টমেন্ট আমরা যুক্তভাবে এই সংস্কৃতি চর্চা কেন্দ্র চালানোর চেষ্টা করছি এবং যাত্রা ও অন্যান্য শিল্পকে উৎসাহিত করার চেষ্টা করছি।

[11-50 – 12-00 noon.]

**শ্রী নৃপেন গায়েন :** আমরা দেখতে পাচ্ছি সিনেমায় যেমন কিছু কিছু খারাপ দৃশ্য, কিছু কিছু খারাপ ঘটনা যুক্ত হচ্ছে, তেমনি যাত্রার মধ্যও কিছু কিছু খারাপ দৃশ্য বা ঘটনার অনুপ্রবেশ ঘটছে। আমি জানতে চাইছি মন্ত্রী মহাশয়ের কাছে যে, সিনেমায় যেমন একটা সেনসারের ব্যবস্থা আছে, সেই রকম যাত্রা বা নাটকে সেনসারের ব্যবস্থা আছে কি না, না থাকলে মন্ত্রী মহাশয় সেই ব্যবস্থা করবেন কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এটা ঠিক এই প্রশ্নের সঙ্গে যুক্ত নয়। তবুও বলছি যে যাত্রা, নাটকে সেনসার এটা নীতিগত ভাবে আমরা গ্রহণ করতে পারছি না। যদিও সমস্যাটা আছে। কোনও নাটক বা যাত্রার মধ্যে অনেক রকম জিনিস ঢুকে পড়ছে। তবে যাত্রা, নাটকে সেনসারের অস্ত্র একবার ধরলে কি হয়, জরুরি অবস্থার কথা আশা করি আপনাদের সকলেরই মনে আছে।

### Persons Convicted for Murder/Rape

***448.** (Admitted Question No. *1390) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) The number of persons convicted for murder/rape in the State during the year 1996; and

(b) The position in this regard in 1995, 1994, 1993 and 1992 ?

**Shri Buddhadeb Bhattacharjee :**

(a) Number of persons convicted

| Murder | Rape |
|---|---|
| 172 | 16 |

| (b) | 1992 | 1993 | 1994 | 1995 |
|---|---|---|---|---|
| Murder | 199 | 219 | 326 | 224 |
| Rape | 79 | 26 | 61 | 27 |

**Shri Gyan Singh Sohanpal** : The Hon'ble Police Minister, has informed the House that 1140 persons were convicted for murder and 209 for rape during 1992-96. Sir, the other day the Hon'ble Minister has also informed the House about the number of murders and rapes committed during the same period. Sir, the figure given out by the Hon'ble Minister, the other day, that between 1992 to 1996, 8989 murders were committed out of which 1140 had ben convicted and in respect of rapes 3712 rapes were committed during the same period and out of which 209 had been convicted. Sir, naturally, there is a big gap between the number of cases and the number of convictions. Sir, there are reasons for which, I would like to know before I come to a definite conclusion as to the total number of charge-sheets submitted during the same period in respect of murders and rapes.

**Shri Buddhadeb Bhattacharjee** : You have to give notice for that. I can just tell you that the things are not as bad as you are trying to project. So far as the Police Department is concerned, we are trying our best to arrest the culprits, to issue charge-cheets, then investigation, then to start prosecution etc. Finally, in how many cases punishment is given that basically depends on the Court. I would request to take it up to the Court. As a senior member of the Congress Party, you know it very well. You take it up with the Judiciary. Why are you criticising the poor Police Minister.

**Shri Gyan Singh Sohanpal** : Sir, since the Hon'ble Police Minister has expressed his helplessness and I really feel pity for him. I will not ask the other two questions. One was relating to the number of cases still pending for investigation and the number of cases for which persons have not been convicted for want of evidence. But since he wants notice I will ask simply one question in respect of rapes. Will the Hon'ble Minister be pleased to state the number of police men convicted during this period for rape?

**Shri Buddhadeb Bhattacharjee** : One police man was convicted in the year 1996. But what happened in other years you have to give notice for that.

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় খুন এবং ধর্ষণের একটা হিসাব দিলেন। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, থানায় ধর্ষিতা নারীরা গেলে পরে থানা তাদের ডায়রি না নিয়ে সংখ্যাটা কম দেখানোর প্রবণতা গোটা পশ্চিমবঙ্গের পুলিশের ভেতরে এসেছে? এই তো গত পরশুদিনের ঘটনা যেখানে ধর্ষিতা মেয়েটি গিয়ে হেডমাস্টারের বিরুদ্ধে নালিশ করেছে কিন্তু পুলিশ বা থানা তার এজাহার নিতে অস্বীকার করেছে। তারপর গণ চাপে পড়ে সেখানে এফ. আই. আর করেছে। এইভাবে সংখ্যাটা কম করে দেখানোর প্রবণতা দেখা যাচ্ছে। আপনি কি প্রতিটি থানাকে এই মর্মে নির্দেশ দেবেন যে এই রকম ঘটনা হলে পরে তা নথিবদ্ধ করতে হবে এবং উপযুক্ত ব্যবস্থা নিতে হবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য যে সমস্যাটির কথা বলেছেন আমি সেই সমস্যাটি একদম মনে করছি না উড়িয়ে দেওয়া যায়। আমি গত এক বছরের রেকর্ডস ঘাঁটতে ঘাঁটতে এটা বুঝেছি বলেই অতি সম্প্রতি আমরা সিদ্ধান্ত নিয়েছি যে আমাদের সি. আই. ডি. লেভেলের একজন ডি. আই. জি. অফিসারকে দায়িত্ব দিতে হবে সমস্ত কেসগুলি কেন্দ্রীয়ভাবে মনিটারিং করার জন্য। এটা হল এক নং। দু নং হচ্ছে, কলকাতা পুলিশের একটি স্পেশ্যাল সেল করা হয়েছে এবং একজন ডি. ডি. টু—তিনি একজন মহিলা, তাকে দায়িত্ব দেওয়া হয়েছে একটা স্পেশ্যাল সেলের। ৭টা ডিস্ট্রিক্টে সেল করা হয়েছে এই গত কয়েকমাসে। আমি চাইছি আরও ৭টা জেলাতে অন্তত করতে। শুধু উইমেন্স সেল, তাদের কাজ হবে দেখা এই সমস্ত কেসগুলি কোথায় পড়ে আছে, কোথায় ডায়রি নেওয়া হয়নি বলে অভিযোগ করা হয়েছে। তা ছাড়া কোথায় ইনভেস্টিগেশন হচ্ছে না, পড়ে থাকছে—এই সম্পূর্ণটা ডিস্ট্রিক্ট ওয়াইজ একটা পুলিশ উইমেন্স সেল তারা মনিটারিং করবে। সেন্ট্রালে একজন ডি. আই. জি. মনিটারিং করবে। তবে আপনি যেটা বললেন সেটা যদি নির্দিষ্ট কেস সম্বন্ধে বলেন তাহলে তা আমি দেখতে পারি। কিন্তু এই ধরনের অভিযোগ আমার কাছেও আসে। কাগজে বেরিয়েছিল আপনারা জানেন সন্দেশখালিতে কয়েকজন মেয়েকে একজন অপমান করেছিল। সন্দেশখালির সেই কেস আমি হস্তক্ষেপ করে শুরু করিয়েছি। একজন লোকের বিরুদ্ধে সেখানে কয়েকজন স্কুলের ছাত্রী অভিযোগ করেছিল। আপনাদের কাছেও যেমন আসে, আমার কাছেও এসেছিল যে পুলিশ গুরুত্ব দিচ্ছে না, আমি ইন্টারভিউ করে সেই কেস চালু করিয়েছি।

[12-00 – 12-10 p.m.]

**শ্রী নির্মল দাস ঃ** আমরা লক্ষ্য করেছি এমনিতে পুলিশ নানান সময়ে অনিচ্ছায় কেস নিচ্ছে না। তেমনি কেস যা নেওয়া হচ্ছে সেখানে আমাদের এ. পি. পি. বা পি. পি. যারা আছেন সরকারপক্ষের তাদের গাফিলতির জন্য বিচারটা দীর্ঘায়িত হচ্ছে। এমনিতে তো বিচারক নেই এসব আছে তার উপর হাইকোর্টে আসছে—এই অবস্থা চলছে। মানুষ যাতে দ্রুত বিচার পেতে পারে এবং প্রকৃত অপরাধী যারা তারা যাতে শাস্তি পায় এবং বিচারের বাণী যাতে নীরবে নিভৃতে না কাঁদে তার ব্যবস্থা করার জন্য আপনার দপ্তর এবং রাজ্য সরকারের পক্ষ

থেকে কি কি ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং উদ্যোগ নেওয়া হচ্ছে তা জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** একটা জিনিস দেখবেন বিচার করে যে, আমাদের দিক থেকে করণীয় কাজ যেটা সেখানে কি কি ব্যাপারে দেরি হচ্ছে। সেখানে আমাদের দায়িত্ব। অন্তত ডাউরি ডেথ এবং রেপের ক্ষেত্রে পুলিশকে সাধারণভাবে নির্দেশ দেওয়া আছে যে ৯০ দিনের মধ্যে চার্জশিট দিতে হবে। সেখানে কতকগুলি কেসে পারছি না। কতকগুলিতে কেন দেরি হচ্ছে সেটা আমরা রিভিউ করেছি। মাননীয় সদস্য পঙ্কজবাবু সঠিকভাবেই বলেছেন যে অর্ধেক ক্ষেত্রেই অসুবিধা হচ্ছে, ঐ মেডিক্যাল রির্পোটটা না আসার ফলে। আমরা সেখানে কত দ্রুত এটা দেওয়া যায়, ৯০ দিনের মধ্যে দেওয়া যায় কিনা সেটা দেখছি। তারপর কোর্টে যে দেরি হচ্ছে সে ব্যাপারে আমাদের হাত দেবার সুযোগ নেই। সেখানে আমরা টেক-আপ করতে পারি না।

## Starred Questions
## (To which Written Answers were laid on the Table)

### সীমান্ত-এলাকায় সামাজিক উন্নয়ন প্রকল্প

*৪৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১০) **শ্রী ইউনুস সরকার ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বিভিন্ন জেলার 'সীমান্ত-এলাকা সামাজিক উন্নয়ন প্রকল্প' (বি.এ.ডি.পি.) নামে কিছু প্রকল্প চালু আছে;

(খ) সত্যি হলে, মুর্শিদাবাদ জেলায় উক্ত প্রকল্পের সংখ্যা কত;

(গ) সেখানে মোট কত সংখ্যক কর্মী যুক্ত আছেন; এবং

(ঘ) তাঁরা প্রতি মাসে বেতন পেয়ে থাকেন কি না?

**সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১ (এক) টি।

(গ) ২৪ জন।

(ঘ) তাঁরা অনিয়মিতভাবে প্রতি মাসের বেতন পান।

**মফস্বলে চলচ্চিত্র প্রদর্শনে সরকারি উদ্যোগ**

***৪৪৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৮) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতার বাইরে শহরতলী ও মফঃস্বল জেলা সদর, মহকুমা শহর ও পৌর-এলাকাগুলিতে রাজ্য সরকার প্রয়োজিত চলচ্চিত্র প্রদর্শনের জন্য সরকারি স্তরে কোনও উদ্যোগ নেওয়া হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, তার ফলাফল কি?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ। শহরতলী ও মফস্বল জেলা সদর, মহকুমা শহর ও পৌর এলাকাগুলিতে তথ্য ও সংস্কৃতি বিভাগের অডিও-ভিসুয়াল কেন্দ্রের মাধ্যমে ও **W.B.F.D.C.**-এর মাধ্যমে দেখানো হয়।

(খ) রাজ্য সরকার প্রযোজিত সুস্থ চলচ্চিত্র প্রদর্শনের ফলে জনসাধারণের মধ্যে চলচ্চিত্র বোধ এবং রুচিশীল দর্শক গড়ে তোলার প্রচেষ্টা চলছে।

**Revival of the Sick Industries**

***450.** (Admitted Question No. *1417) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Industrial Reconstruction Department be pleased to state—

(a) the steps taken by the Government for the revival of the sick industrial units in the State;

(b) the number of units fallen sick in West Bengal as on 31st December, 1996; and

(c) the details of sick units revived so far?

**Minister-in-charge of the Industrial Reconstruction Department :**

(a) State Govt. provides reliefs/concessions for the revival of sick industries as approved by BIFR.

In other cases, State Govt. tries to find out new promoter for revival of the sick units. Regular discussions are carried on with

the interested promoters as well as workers. unions to explore all possibilities for revival of sick industries.

(b) 179 (One hundred and seventy nine).

(c) Revival package for 55 units has so far been sanctioned by BIFR.

**সীমান্ত-এলাকায় গ্রামরক্ষিবাহিনীগুলিকে আগ্নেয়াস্ত্র প্রদান**

*৪৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৭) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের সীমান্ত-এলাকায় ক্রমবর্ধমান অসামাজিক কাজকর্মের প্রতিরোধে উক্ত এলাকায় গ্রামরক্ষীবাহিনীগুলিকে সহজ শর্তে আগ্নেয়াস্ত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে কি না?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না।

**'পশ্চিমবঙ্গ' ও 'ওয়েস্ট-বেঙ্গল'-এর প্রকাশনা**

*৪৫২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭৯) **শ্রী অশোককুমার দেব ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকার 'পশ্চিমবঙ্গ' এবং 'ওয়েস্ট বেঙ্গল'-এর প্রকাশনা বন্ধ করার কোনও সিদ্ধান্ত গ্রহণ করেছেন কি না; এবং

(খ) করে থাকলে, তার কারণ কি?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এরকম কোনও সিদ্ধান্ত হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**বিদেশে পাচার-হওয়া শিশুর সংখ্যা**

*৪৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৮১২) **শ্রী সুভাষ নস্কর ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গ থেকে বহু শিশু বিদেশে পাচার হয়েছে;

(খ) সত্যি হলে, কত জন এবং কোন কোন দেশে; এবং

(গ) সেই সব শিশুদের উদ্ধারের জন্য সরকারি তরফে কোনও পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি না?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

### ভূগর্ভস্থ জলের স্তর রিফিলিং-এর পরিকল্পনা

*৪৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৪৩) **শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** জল অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ভূগর্ভস্থ জলসেচের কাজে ব্যাপকভাবে ব্যবহার করায় পানীয় জলের স্তর নেমে যাচ্ছে; এবং

(খ) সত্যি হলে, ভূগর্ভস্থ জলের স্তর রিফিলিং-এর কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা ?

**জল অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্যি নয়। তবে শুখা মরসুমে বিভিন্ন জেলায় জলস্তর নেমে যায় আবার বর্ষায় পরবর্তীকালে ঐ জল স্তর প্রায় স্বাভাবিক হয়।

(খ) প্রশ্ন ওঠে না।

### Rehabilitation of lured girls from Murshidabad

***456.** (Admitted Question No. *1687) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether 76 girls from Murshidabad district were recently departed to Mumbai from Saudi Arabia and detained there;

(b) if so, whether the families of the girls have been traced;

(c) the action taken by the Government to rehabilitate the girls; and

(d) the steps taken against the persons who had lured the girls to Saudi Arabia?

**Minister-in-charge of the Home (Police) Department :**

(a) 76 minor girls were deported to Mumbai from Saudi Arabia.

(b) Mumbai Juvenile Court handed over 75 such girls to West Bengal Authorities and all the parents/guardians were traced;

(c) They have been restored to their parents/guardians.

(d) Five specific cases have been started and three persons arrested.

## Police Rationing System

***457.** (Admitted Question No. *2209) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether it is a fact that in the Police Rationing System there had been fictitious numbers of ration-drawers; and

(b) if so, the steps taken so far to stop such malpractices?

**Minister-in-charge of the Home (Police) Department :**

(a) Four complaints in four Rationing stores in Calcutta only have been received.

(b) (i) The functioning of Police Rationing Stores is being supervised closely by senior officers.

(ii) Police personnel are being asked to submit declaration forms issued by the Rationing Department, Government of West Bengal each year.

(iii) Four specific cases have been started, ten persons have been arrested and investigation is proceeding in all the cases.

**সরকারি কাজে বাংলাভাষা ব্যবহার**

***৪৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৪) **শ্রী কমল মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ অ্যাক্ট, ১৯৫২ অনুযায়ী সরকারি কাজে বাংলাভাষা ব্যবহারের জন্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

সরকার সার্বিক প্রচেষ্টা করছেন।

**জেলের জমি জবর-দখল**

***৪৫৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬৬) **শ্রী তপন হোড় ও শ্রী নর্মদা রায় ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন জেলের অব্যবহৃত জমি জবর-দখল হয়ে যাচ্ছে বলে রাজ্য সরকারের কাছে অভিযোগ এসেছে;

(খ) সত্যি হলে, এর বিরুদ্ধে রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন; এবং

(গ) উক্ত অব্যবহৃত জমিগুলি সম্পর্কে রাজ্য সরকারের কোন পরিকল্পনা আছে কি না?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) যাহাতে জবর দখলকারীদের তোলা যায়, সেই মর্মে সংশ্লিষ্ট জেলা প্রশাসন এবং জেল কতৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে।

(গ) হ্যাঁ আছে।

**কলকাতায় ডাকাতি ও ছিনতাই-এর সংখ্যা**

***৪৬০।** (অনুমোদিত প্রশ্ন নং *১০১০) **শ্রী সুকুমার দাশ ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৬ সালের জানুয়ারি মাস থেকে ১৯৯৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কলকাতা শহরে কতগুলি ডাকাতি ও ছিনতাই হয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সন—১৯৯৬

| ডাকাতি | ছিনতাই |
|---|---|
| ৩৫ | ৪৯১ |

**বিভিন্ন জেলা থেকে সংবাদপত্র ও পত্রিকা-প্রকাশনা**

***৪৬১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৯) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের বিভিন্ন জেলা থেকে কয়টি সংবাদপত্র ও পত্রিকা দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক এবং মাসিক প্রকাশিত হয়; এবং

(খ) উক্ত সংবাদপত্র ও পত্রিকাগুলিতে সরকারি বিজ্ঞাপন কোন নীতির ভিত্তিতে দেওয়া হয়?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সরকারি বিজ্ঞাপন দেবার জন্য বিভিন্ন জেলায় জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিকের অফিসের মাধ্যমে তালিকা তৈরি করা হয়। এই সব তালিকা অনুযায়ী রাজ্যের বিভিন্ন জেলায় মাধ্যম তালিকাভুক্ত পত্র-পত্রিকার সংখ্যা নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| ষান্মাসিক | — | ৭ |
| পাক্ষিক | — | ১৬৭ |
| মাসিক | — | ৩৭ |
| ত্রৈমাসিক | — | ৪০ |
| সাপ্তাহিক | — | ১২২ |
| দৈনিক | — | ১৫ |
| অন্যান্য | — | ১২৭ |
| দ্বিমাসিক | — | ২ |
| **মোট** | — | **৫১৭** |

(খ) উক্ত সংবাদপত্র ও পত্রিকাগুলিতে প্রচার সংখ্যা অনুযায়ী সরকারি বিজ্ঞাপন দেওয়া হয়।

**রেজিস্ট্রিকৃত প্রতিবন্ধী**

***৪৬২।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৯০) **শ্রী অশোককুমার দেব :** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে রেজিস্ট্রিকৃত পুরুষ, মহিলা, শিশু এবং কিশোর প্রতিবন্ধীর সংখ্যা কত (আলাদা করে জেলাওয়ারী); এবং

(খ) তন্মধ্যে কত জনকে সরকারি ভাতাসহ অন্যান্য সুবিধা দেওয়া হয়েছে?

**সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) এই ধরনের রেজিস্ট্রিকরণ সমাজ কল্যাণ দপ্তর করে না।

(খ) ১৯৯৫-৯৬ সালে সরকারি ভাতা সহ অন্যান্য সুবিধাপ্রাপ্ত প্রতিবন্ধীর সংখ্যা ১,০১,৩৭৯ জন।

**Police Firing in Islampore**

***463.** (Admitted Question No. *2251) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether one accused was snatched away and one person killed in police firing in Islampore on the 22nd February;

(b) whether a local people was also killed; and

(c) steps taken by the Government in the matter?

**Minister-in-charge of the Home (Police)Department :**

(a) Yes.

(b) Yes.

(c) (i) Islampur P.S. case No. 25 dated 23.2.97 u/s. 147/148/149/341/353/225/325/326/307/302 I.P.C. was started over the incident.

(ii) Six persons including one who was snatched by the mob have been arrested.

## Unstarred Questions
## (To which Written Answers were laid on the Table)

### গভীর নলকূপ ও নদী জলত্তোলন প্রকল্প

**২৪৭।** (অনুমোদিত প্রশ্ন নং ৪০) **শ্রী আবুআয়েশ মণ্ডল ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে ক্ষুদ্রসেচ নিগমের অধীনে মোট কতগুলি গভীর নলকূপ ও নদী জলত্তোলন প্রকল্প আছে; এবং

(খ) তন্মধ্যে চালু প্রকল্পের সংখ্যা কত? (জেলাভিত্তিক)

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ক্ষুদ্রসেচ নিগমের অধীনে বর্তমানে রাজ্যে মোট ৪০৪টি গভীর নলকূপ ও ১২৪টি নদী জলত্তোলন প্রকল্প আছে।

(খ) জেলাভিত্তিক চালু প্রকল্পের সংখ্যা নিম্নরূপ ঃ-

| জেলা | গভীর নলকূপ প্রকল্প | নদী জলত্তোলন প্রকল্প |
|---|---|---|
| মেদিনীপুর | ৬০ | ২৪. |
| বাঁকুড়া | ১৫ | ১১ |
| পুরুলিয়া | — | ৬ |
| হাওড়া | ১৮ | ৫ |
| হুগলি | ৭২ | ৪ |
| বর্ধমান | ৩৭ | ৮ |
| উত্তর ২৪-পরগনা | ৩৬ | ১৪ |
| দক্ষিণ ২৪-পরগনা | ১ | ১ |
| নদীয়া | ৪৮ | ১ |

| জেলা | গভীর নলকূপ প্রকল্প | নদী জলত্তোলন প্রকল্প |
|---|---|---|
| মুর্শিদাবাদ | ২২ | ৬ |
| মালদহ | ২১ | — |
| বীরভূম | ২ | ৮ |
| দক্ষিণ জিনাজপুর | ৯ | ৮ |
| উত্তর দিনাজপুর | ৪ | ১০ |
| জলপাইগুড়ি | ৩ | ৮ |
| কোচবিহার | ২৩ | ৭ |
| | **৩৭১** | **১২১** |

**কোচবিহার কেন্দ্রীয় বাস কর্মশালার জায়গা**

২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার কোচবিহারে কেন্দ্রীয় বাস কর্মশালার মোট জায়গার পরিমাণ কত?

(খ) এই কেন্দ্রীয় কর্মশালায় কি ধরনের কাজ করার সরকারি পরিকল্পনা আছে; এবং

(গ) উক্ত কর্মশালা নির্মাণে মোট কত টাকা ব্যয় হবে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১০.১৫ একর।

(খ) আনুমানিক ১,০০০ গাড়ি সারানো, পুনর্নির্মাণ, সংস্থাপন বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন পুনার সি. আর. টি. সংস্থার কাছ থেকে পাওয়া গেছে। প্রতিবেদনটি পাওয়ার পর কোচবিহারে কিভাবে এই কর্মসূচি বাস্তবায়ন করা যায় তার পরিকল্পনা ও এস্টিমেট তৈরি করার জন্য অন্ধ্রপ্রদেশ রাজ্য পরিবহণ নিগমের মুখ্য কারিগরবিদের (কেন্দ্রীয় গঠন আয়োগ) কাছে পাঠানো হয়েছে।

(গ) মোট ৪২৫ লক্ষ টাকা।

## জওহর রোজগার যোজনা প্রকল্প

**২৪৯।** (অনুমোদিত প্রশ্ন নং ২২৮) **শ্রী আব্দুল মান্নান ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের জওহর রোজগার যোজনা প্রকল্পে ১৯৯৪-৯৫, ১৯৯৫-৯৬, ১৯৯৬-৯৭ সালের ডিসেম্বর মাস অবধি কত টাকা বরাদ্দ হয়েছে;

(খ) বিভিন্ন জেলায় বরাদ্দের পরিমাণ কত (উক্ত বৎসরগুলিতে);

(গ) বিভিন্ন জেলায় ঐ অর্থ উক্ত সময়ে কত খরচ করা সম্ভব হয়েছে; এবং

(ঘ) কত শ্রমদিবস সৃষ্টি হয়েছে (উক্ত সময়ে বিভিন্ন জেলায়)?

**পঞ্চায়েত ও গ্রাম-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উল্লিখিত সময়ে (১৯৯৪-৯৫ আর্থিক বছর থেকে ১৯৯৬-৯৭ সালের ডিসেম্বর মাস পর্যন্ত) ৭৬৬ কোটি ৫৭ লক্ষ ২৪ হাজার টাকা (রাজ্য এবং কেন্দ্রের সম্মিলিত) জেলাগুলিতে অবণ্টিত হয়েছে।

(খ) বৎসর অনুযায়ী জেলাভিত্তিক ব্যয়-সম্পর্কিত তালিকা গ্রন্থাগার টেবিলে রাখা হল।

(গ) বৎসর অনুযায়ী জেলাভিত্তিক ব্যয়-সম্পর্কিত তালিকা গ্রন্থাগার টেবিলে রাখা হল।

(ঘ) বৎসর অনুযায়ী জেলাভিত্তিক শ্রমদিবস-সম্পর্কিত তালিকা গ্রন্থাগার টেবিলে রাখা হল।

## জেলা আদালতে জমে-থাকা মামলা

**২৫০।** (অনুমোদিত প্রশ্ন নং ২৪২) **শ্রী আব্দুল মান্নান ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের জেলা আদালতগুলিতে বহু সংখ্যক খুনের মামলা বিচার না হয়ে পড়ে আছে;

(খ) সত্যি হলে,

(১) আদালতগুলিতে কত সংখ্যক খুনের মামলা ৩১.১২.৯৬ তারিখ পর্যন্ত বিচার না হয়ে পড়ে আছে (জেলাওয়ারী হিসাব); এবং

(২) এই অবস্থার প্রতিকারে সরকার কি কি পদক্ষেপ নিচ্ছেন?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

| | | |
|---|---|---|
| (খ) (১) | উত্তর ২৪-পরগনা | ৪৩৮ |
| (২) | বাঁকুড়া | ২৩৪ |
| (৩) | দক্ষিণ ২৪-পরগনা | ১৫২ |
| (৪) | দক্ষিণ দিনাজপুর | ১০৬ |
| (৫) | বর্ধমান | ৫১৩ |
| (৬) | কলকাতা | ২২ |
| (৭) | মুর্শিদাবাদ | ৩২৮ |
| (৮) | হাওড়া | ৪১ |
| (৯) | পুরুলিয়া | ২২৩ |
| (১০) | মালদা | ১৪৪ |
| (১১) | কোচবিহার | ১৩৬ |
| (১২) | উত্তর দিনাজপুর | ২৩ |
| (১৩) | হুগলি | ১৭৬ |
| (১৪) | বীরভূম | ৩৩১ |
| (১৫) | মেদিনীপুর | ৪০৩ |
| (১৬) | জলপাইগুড়ি | ২০৫ |
| (১৭) | নদীয়া | ৫০২ |
| (১৮) | দার্জিলিং | ৫৭ |
| | **মোট** | ৪০৩৪ |

(খ) (২) বেশকিছু মহকুমাতে অতিরিক্ত জিলা ও দায়রা জজের আদালত স্থাপন করা হয়েছে, যেখানে এই দায়রা সোপর্দ মহকুমা ভিত্তিতেই করা হবে, জেলা আদালতে যেতে হবে না। ভবিষ্যতে আরও কিছু মহকুমাতেও এই পদক্ষেপ নেওয়া হবে। এছাড়াও অনেক মহকুমাগুলিতে সরকারি দায়রা জজের আদালত স্থাপন করা হয়েছে ও ভবিষ্যতেও স্থাপন করা হবে। যার ফলে, সহকারী দায়রা জজেরা তাঁদের এক্তিয়ারভুক্ত দায়রা মোকদ্দমার বিচার করলে অতিরিক্ত দায়রা জজেরা তাদের এক্তিয়ারের মধ্যে বিচারযোগ্য অধিক সংখ্যক খুনের মোকদ্দমার বিচারে সময় দিতে পারেন।

**ব্যালট পেপার**

**২৫১।** (অনুমোদিত প্রশ্ন নং ২৯৩) **শ্রী অজিত খাঁড়া ঃ** স্বরাষ্ট্র (সংবিধান ও নির্বাচন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ১৯৯৬ সালের লোকসভা এবং বিধানসভা ভোটের জন্য ব্যালট পেপার কোন কোন প্রেসে ছাপানো হয়েছিল;

(খ) উত্তর ২৪-পরগনা জেলা, মেদিনীপুর জেলা এবং হুগলি জেলার ব্যালট পেপার কোন্ কোন্ প্রেসে ছাপা হয়েছিল; এবং

(গ) ঐ তিনটি জেলার জন্য মোট কত সংখ্যক ব্যালট পেপার ছাপা হয়েছিল?

**স্বরাষ্ট্র (সংবিধান ও নির্বাচন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৬ সালের লোকসভা এবং বিধানসভার সাধারণ নির্বাচনের ব্যালট পেপার ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট প্রেস, আলিপুর, সরস্বতী প্রেস লিমিটেড এবং শিল্পবার্তা প্রিন্টিং প্রেস-এ ছাপানো হয়েছিল।

(খ) উত্তর ২৪-পরগনা জেলা ও হুগলি জেলার অন্তর্গত লোকসভা ও বিধানসভা নির্বাচনকেন্দ্রের ব্যালট পেপার সরস্বতী প্রেস লিমিটেড এবং মেদিনীপুর জেলার ব্যালট পেপার শিল্পবার্তা প্রিন্টিং প্রেস-এ ছাপা হয়েছিল।

(গ) উত্তর ২৪-পরগনা জেলা, মেদিনীপুর জেলা এবং হুগলি জেলার জন্য মোট ২,৬৩,২৩,৭০০ ব্যালট পেপার ছাপা হয়েছিল।

**শান্তিপুরে বাস স্টপেজের প্রস্তাব**

**২৫২।** (অনুমোদিত প্রশ্ন নং ৩২২) **শ্রী অজয় দে ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গগামী রাত্রের বাসগুলি শান্তিপুরে স্টপেজ দেওয়া হয় কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে, স্টপেজ দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) বর্তমানে কোনও প্রস্তাব নেই।

## বিদ্যুৎ পর্ষদের বিদ্যুৎ ও সরঞ্জাম চুরির ক্ষয়ক্ষতির পরিমাণ

২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৭) **শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯২-৯৩, ১৯৯৪, ১৯৯৫ এবং ১৯৯৬ সালের ডিসেম্বর মাস পর্যন্ত রাজ্য বিদ্যুৎ পর্ষদের বিদ্যুৎ ও সরঞ্জাম চুরির জন্য ক্ষয়ক্ষতির পরিমাণ কত; এবং

(খ) উক্ত ক্ষতিপূরণের জন্য প্রশাসনিক কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কি না?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) সরঞ্জাম চুরির জন্য পর্ষদের ক্ষয়ক্ষতির পরিমাণ নিম্নে দেওয়া হল—

| আর্থিক বছর | ক্ষতির পরিমাণ (লক্ষ টাকায়) |
|---|---|
| ১৯৯১-৯২ | ৩১০.৪৮ |
| ১৯৯২-৯৩ | ৪৯৬.৭৫ |
| ১৯৯৩-৯৪ | ৩৬২.০০ |
| ১৯৯৪-৯৫ | ৩১৭.০৮ |
| ১৯৯৫-৯৬ | ২৮৩.৪৮ |
| ১৯৯৬-৯৭ | ২১৯.৬৪ |

(ডিসেম্বর ১৯৯৬ পর্যন্ত)

(২) বিদ্যুৎ-চুরির জন্য ক্ষতি—

| আর্থিক বছর | ক্ষতির পরিমাণ (লক্ষ টাকায়) |
|---|---|
| ১৯৯১-৯২ | ৫৮.১০ |
| ১৯৯২-৯৩ | ২৩৫.৪০ |
| ১৯৯৩-৯৪ | ৩১০.৪৩ |
| ১৯৯৪-৯৫ | ১৪৩০.৩৭২ |
| ১৯৯৫-৯৬ | ২১১.৯৪ |
| ১৯৯৬-৯৭ | ২৩৩.০০ |

(ডিসেম্বর ১৯৯৬ পর্যন্ত)

(খ) ১৯৯৫ সালের শেষ দিক থেকে নিম্নোক্ত প্রশাসনিক ব্যবস্থাগুলি নেওয়া হয়েছে ঃ

(১) পর্ষদের সম্পত্তি পাহারা দেওয়ার জন্য পুলিশকে অতিরিক্ত গাড়ি দেওয়া হয়েছে।

(২) টাওয়ার মেম্বার ও পরিবাহী তার চুরি রোধ করতে পর্ষদের পয়সায় চুরিপ্রবণ এলাকাগুলিতে গ্রামরক্ষী বাহিনী গঠন করা হয়েছে।

(৩) সাব-স্টেশন বিদ্যুৎ কেন্দ্রগুলিতে এন. ভি. এফ. হোম গার্ড, পুলিশ ছাড়াও ব্যক্তিগত নিরাপত্তা বাহিনী নিয়োগ করে পাহারা জোরদার করা হয়েছে।

(৪) পর্ষদের সম্পত্তি রক্ষার কাজে পুলিশকে আরো উৎসাহিত করার জন্য দুষ্কৃতীদের গ্রেপ্তার ও বোর্ডের চুরি যাওয়া জিনিস উদ্ধারের ক্ষেত্রবিশেষে পুলিশকে পুরষ্কারও দেওয়া হয়েছে।

(৫) চুরি রুখতে রাজ্য পুলিশ থেকে সশস্ত্র সাব-ইন্সপেক্টর ও কনস্টেবল নিয়ে দক্ষিণবঙ্গের ৬টি জেলায় অ্যান্টি-থেপ্ট স্কোয়াড গঠন করে এক-একটি ডিস্ট্রিবিউশন সার্কেলের সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ারের অধীনে দেওয়া হয়েছে, সার্কেলে ২.০৪ কোটি টাকা বকেয়া আদায় করা গেছে।

## রেশন অফিসের সংখ্যা

২৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৩) **শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতায় কয়টি রেশনিং অফিস আছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

কলকাতায় ২৩টি (তেইশটি) রেশনিং অফিস আছে।

## কোচবিহার রাজবাড়ি সংরক্ষণ

২৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬২২) **শ্রী তপন হোড় ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কোচবিহার রাজবাড়ির সংরক্ষণের জন্য কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

জাতীয় গুরুত্বপূর্ণ সৌধ হওয়ার জন্য কোচবিহার রাজবাড়ির সংরক্ষণের দায়িত্ব ভারতীয় প্রত্নতত্ত্ব পর্যবেক্ষণ কর্তৃক সংরক্ষিত বলে ঘোষিত হয়েছে এটির রক্ষণাবেক্ষণের পূর্ণ দায়িত্ব কেন্দ্রীয় সরকারের।

### নন্দীগ্রাম-মালদা পাকা রাস্তা

২৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৭) **শ্রী দেবীশঙ্কর পাণ্ডা ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নন্দীগ্রাম-মালদা পাকা রাস্তার কাজ শুরু হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে কবে নাগাদ উক্ত কাজ শেষ হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাস্তাটির কাজ অনেক দিন আগেই শুরু হয়েছে। এ বছরে ৩ কিঃ মিঃ রাস্তা 'বি' স্তর থেকে 'এ' স্তরে উন্নীত করার ব্যবস্থা নেওয়া হয়েছে।

(খ) এখনই বলা সম্ভব নয়। প্রয়োজনীয় অর্থ সঙ্কুলানের উপর কাজটি শেষ হওয়া নির্ভর করছে।

### রাজ্যে বন্ধ কলকারখানা খোলার ব্যবস্থা

২৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫২) **শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ১৯৯৬ সালের জুন মাস থেকে ১৯৯৭-এর ১লা জানুয়ারি পর্যন্ত কতগুলি কারখানা বন্ধ হয়েছে; এবং

(খ) উক্ত কলকারখানাগুলি খোলার ব্যাপারে সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছে কি না?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত সময়ে মোট ৪৬টি কলকারখানা স্ট্রাইক ও লক-আউটজনিত কারণে সাময়িকভাবে বন্ধ হয়।

(খ) উক্ত ৪৬টি কারখানার মধ্যে ১৪টি কারখানা এই সময়ের মধ্যে খুলেছে। বাকি ৩২টি কারখানা খোলার জন্য শ্রম দপ্তরের পক্ষ থেকে বিরোধ মীমাংসার প্রয়াস চালানো হচ্ছে।

### বন্ধ কারখানার জমিতে বহুতল বাড়ি

২৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৩) **শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বন্ধ কারখানার জমিতে সরকার বহুতল বাড়ি নির্মাণের অনুমতি ছাড়পত্র দিচ্ছে কি না?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

বন্ধ কারখানার জমি ঘোষিত 'আরবান অ্যাগ্লোমারেশন'-এর অন্তর্ভুক্ত হলে এবং 'আরবান ল্যাণ্ড সিলিং'-এর আওতাভুক্ত হলে, সেই জমিতে কোনও গৃহ নির্মাণ 'আরবান ল্যাণ্ড সিলিং অ্যাক্ট' এবং পৌরসভার এবং কলকাতা পৌরনিগমের প্রচলিত বিল্ডিংস রুলস-এর সংশ্লিষ্ট ধারায় অনুমোদন ব্যতীত নিষিদ্ধ।

**মথুরাপুরে রাস্তা মেরামত**

২৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৯) **শ্রী সত্যরঞ্জন বাপুলী :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মথুরাপুর ১নং ব্লকের শ্রীমতী গঙ্গা থেকে মথুরাপুর ২নং ব্লকের রায়পুর ফেরীঘাট পর্যন্ত রাস্তার মেরামতের কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে কত পরিমাণ অর্থ উক্ত রাস্তা মেরামতের জন্য বরাদ্দ করা হয়েছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) রাস্তাটির সংস্কারের কাজ আগামী আর্থিক বছরে গ্রহণ করা হবে এবং প্রয়োজনীয় প্রাক্কলন তৈরি করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(খ) প্রাক্কলন তৈরি হলে অর্থের পরিমাণ বলা যাবে।

**অন্য রাজ্য থেকে রেশনজাত দ্রব্য ক্রয়**

২৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৩) **শ্রী কমল মুখার্জি :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার সরাসরি চাল, গম, ডাল, নুন, তেল (ভোজ্য), চিনি প্রভৃতি জিনিস অন্য রাজ্য থেকে ক্রয় করতে পারেন কি না; এবং

(খ) পারলে, উক্ত দ্রব্যসামগ্রী রেশন দোকানের মাধ্যমে ন্যায্য দরে সরবরাহ করা হবে কি না?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ। এ ব্যাপারে আইনগত কোনও বাধা নেই। রাজ্য সরকার অবশ্য এ বিষয়ে এখনও কোনও সিদ্ধান্ত গ্রহণ করেনি।

(খ) এ প্রশ্ন ওঠে না।

নতুন রেশনকার্ড

২৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৬) **শ্রী কমল মুখার্জি :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রেশনকার্ড করানোর জন্য নির্দিষ্ট ছাপানো কার্ড পাওয়া যাচ্ছে না; এবং

(খ) সত্যি হলে, উক্ত ফর্মের চাহিদা অনুযায়ী সরবরাহ করার জন্য কোনও বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে কি?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বিধিবদ্ধ রেশনিং এলাকায় রেশনকার্ড করানোর জন্য যথেষ্ট পরিমাণ নির্দিষ্ট ছাপানো ফর্ম থাকলেও সংশোধিত রেশনিং এলাকায় আংশিকভাবে সত্য।

(খ) সব সময় নির্দিষ্ট ছাপানো ফর্মে আবেদন করা আবশ্যিক নয়। তাই জেলা খাদ্য নিয়ামকদের নির্দেশ দেওয়া আছে, যদি নির্দিষ্ট ফর্ম সরবরাহ করা না যায় তবে উক্ত ফর্মের অনুলিপি জেলা ও মহকুমার খাদ্য অফিসের নোটিশ বোর্ডে লাগিয়ে দিতে হবে। আবেদনকারিগণ উক্ত ফর্মের অনুকরণে দরখাস্ত করতে পারেন।

হুগলি জেলায় গ্রন্থাগার

২৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৮) **শ্রী কমল মুখার্জি :** শিক্ষা (গ্রন্থাগার পরিষেবা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলায় গত এক বছরে (১.১.৯৬—৩১.১২.৯৬) কয়টি গ্রন্থাগারকে সরকারি অনুমোদন দেওয়া হয়েছে;

(খ) বেসরকারি গ্রন্থাগারগুলি কি পদ্ধতিতে সরকারি অনুদান পায়; এবং

(গ) হুগলি জেলার চন্দননগরে কতগুলি সরকারি ও বে-সরকারি গ্রন্থাগার আছে?

**শিক্ষা (গ্রন্থাগার পরিষেবা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) যেহেতু বর্তমান পোষিত গ্রন্থাগারগুলির একীকরণ ও দৃঢ়ীকরণের কর্মসূচি নেওয়া হয়েছে উল্লিখিত সময়ে হুগলি জেলায় কোনও নতুন গ্রন্থাগারকে সরকারি অনুমোদন দেওয়া হয়নি।

(খ) নির্দিষ্ট প্রোফর্মায় প্রয়োজনীয় তথ্য ও রিপোর্টসহ জেলা গ্রন্থাগার আধিকারিকের দপ্তরে আবেদন করতে হয়। এই বিষয়ে স্থানীয় গ্রন্থাগার কৃত্যক (এল. এল. এ.)-এর সুপারিশেরও প্রয়োজন।

(গ) চন্দননগরে কোনও সরকারি গ্রন্থাগার নেই। চন্দননগর শহরে ৪টি সরকার পোষিত গ্রন্থাগার আছে। এ ছাড়াও চন্দননগর মহকুমায় আরও ৩টি শহর গ্রন্থাগার ও ২৫টি গ্রামীণ গ্রন্থাগার আছে। বেসরকারি গ্রন্থাগারের সংখ্যা আমাদের দপ্তরে থাকে না।

### খরা মরসুমে হুগলি জেলায় ত্রাণ

২৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৭) **শ্রী কমল মুখার্জি ঃ** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ১৯৯৪, ১৯৯৫ ও ১৯৯৬ সালে খরায় হুগলি জেলায় খয়রাতি বাবদ কত চাল, গম ও আর্থিক সাহায্য দেওয়া হয়েছিল;

(খ) উপরোক্ত সামগ্রীগুলি ও অর্থ কিভাবে ও কাদের মাধ্যমে বিলি-বণ্টন করা হয়েছিল; এবং

(গ) বিলি-বণ্টন ও আর্থিক সাহায্যের ব্যাপারে বিধায়কদের কোনও সুপারিশ গ্রহণ করা হয়েছিল কি না?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গত ১৯৯৪, ১৯৯৫ ও ১৯৯৬ সালে হুগলি জেলায় খরা হয়নি, সে কারণে ঐ জেলায় ত্রাণ বিভাগের খরার জন্য খয়রাতি বাবদ কোনও ত্রাণসামগ্রী (চাল ও গম) ও আর্থিক সাহায্য দেওয়া হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

### ছাত্র-ছাত্রীদের টিফিন বাবদ বরাদ্দ অর্থ

২৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৭) **শ্রী কমল মুখার্জি ঃ** বিদ্যালয়-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের টিফিন বাবদ বর্তমান আর্থিক বছরে জেলা বিদ্যালয় পর্ষদকে কত টাকা দেওয়া হয়েছে;

(খ) বরাদ্দকৃত টাকার মধ্যে ৩১.১.৯৭ পর্যন্ত কত টাকা ব্যয় হয়েছে;

(গ) এই জেলার কোন কোন প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা টিফিন পাচ্ছে; এবং

(ঘ) এই প্রকল্পে কেন্দ্রীয় সরকার কোনও আর্থিক সাহায্য দেন কি?

**বিদ্যালয়-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কোনও টাকা দেওয়া হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) শিক্ষা বিভাগের এমন কোনও কর্মসূচি কোনও জেলায় আপাতত নেই।

(ঘ) প্রশ্ন ওঠে না।

## হুগলি জেলায় সংরক্ষিত পুরাকীর্তি

২৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮১৫) **শ্রী কমল মুখার্জি ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলায় সংরক্ষিত পুরাকীর্তির সংখ্যা কত?

(খ) উক্ত জেলায় পুরাকীর্তিগুলি সংরক্ষণের জন্য প্রতি বছর কোনও অনুদান দেওয়া হয় কি; এবং

(গ) উক্ত জেলায় পুরাকীর্তির অনুসন্ধান চালানোর জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি না?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্য সরকার কর্তৃক চৌদ্দটি এবং কেন্দ্রীয় সরকার কর্তৃক দশটি।

(খ) না, তবে বর্তমানে গুড়াপে নন্দদুলাল জিউ মন্দিরের সংরক্ষণের কাজ চলছে।

(গ) সাধারণভাবে অনুসন্ধানের কাজ চলছে।

## চন্দননগর কারাগারে ধূমহীন চুল্লী

২৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮২২) **শ্রী কমল মুখার্জি ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলায় চন্দননগর মহকুমা কারাগারে ধূমহীন চুল্লী স্থাপন করার কোনও পরিকল্পনা সরকার নিচ্ছেন কি না;

(খ) কারাবন্দিরা হঠাৎ অসুস্থ হয়ে পড়লে উক্ত জেলে তাঁদের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়;

(গ) উক্ত জেলে সাব-জেলারের সব সময়ে থাকার ব্যবস্থা আছে কি না; এবং

(ঘ) উক্ত জেলে কারাবন্দীদের দৈনিক খাওয়া খরচা কত?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) চন্দননগর মহকুমা কারাগারসহ রাজ্যের সমস্ত মহকুমা কারাগারে ডিজেল গ্যাস চুল্লী বসানোর প্রস্তাব বর্তমানে অর্থ দপ্তরের বিবেচনাধীন।

(খ) হঠাৎ অসুস্থ হয়ে পড়লে মহকুমা হাসপাতালের কোনও ডাক্তার এসে বন্দীকে পরীক্ষানিরীক্ষা করেন এবং জরুরি ক্ষেত্রে বন্দীকে চিকিৎসার জন্য তাঁকে মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়।

(গ) চন্দননগর মহকুমা কারাগারে সাব-জেলারের সব সময়ে থাকার জন্য কোন কোয়ার্টার নেই। সাব-জেলার নিকটবর্তী কোন বাড়িতে ভাড়া থাকেন।

(ঘ) চন্দননগর মহকুমা কারাগারে সব কারাবন্দিদের খাওয়া ও ওষুধপত্র বাবদ প্রতিদিন গড়ে ১.০৯৬ টাকা খরচ লাগে।

**নদীয়া জেলায় খাস জমি বণ্টন**

**২৬৭।** (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৩) **শ্রী সুশীল বিশ্বাস ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর ১নং পঞ্চায়েত সমিতিতে ডিগ্রি মৌজায় পাকুড়গাড়ি মৌজা, যোগীনিদহ মৌজা ও ভীমপুর মৌজায় এখনও কোনও খাস জমি অবণ্টিত অবস্থায় আছে কি না; এবং

(খ) থাকলে, কত দিনের মধ্যে তা বণ্টন করা সম্ভব হবে বলে আশা করা যায়?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) খুব শীঘ্রই এ সম্বন্ধে ব্যবস্থা নেওয়া হবে।

## এস. ডি. আর. ও.-র বিরুদ্ধে দুর্নীতি

**২৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৩) **শ্রী মোজাম্মেল হক ঃ** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বিগত পাঁচ বছরে কত জন বি. আর. ও. পদ থেকে এস. ডি. আর. ও. পদে উন্নীত হয়েছেন; এবং

(খ) মুর্শিদাবাদ জেলার বহরমপুর সদর মহকুমার এস. ডি. আর. ও.-র বিরুদ্ধে কোনও দুর্নীতির অভিযোগ আছে কি না?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২৯ জন।

(খ) না।

## জওহর রোজগার যোজনা

**২৬৯।** (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৫) **শ্রী সুকুমার দাস ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ১৯৯০ থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৯৫ পর্যন্ত রাজ্যে জওহর রোজগার যোজনায় বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ছিল;

(খ) কোন কোন জেলায় কি পরিমাণ অর্থ বরাদ্দ হয়েছিল; এবং

(গ) বরাদ্দকৃত অর্থ জেলাভিত্তিক ব্যয়ের পরিমাণ কত?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯০-৯১ আর্থিক বছর থেকে ১৯৯৫-৯৬ আর্থিক বছর পর্যন্ত রাজ্য ও কেন্দ্রের সম্মিলিত প্রদেয় অর্থ নিম্নরূপ (লক্ষ টাকায়) ঃ

| | | লক্ষ টাকায় |
|---|---|---|
| ১৯৯০-৯১ | .. | ১৯,৮২১.১৫ |
| ১৯৯১-৯২ | .. | ১২,৬৯০.৩০ |
| ১৯৯২-৯৩ | .. | ২০,৫৪২.১৭ |
| ১৯৯৩-৯৪ | .. | ২৪,৩৪৭.৬৩ |

| | | |
|---|---|---|
| দ্বিতীয় পর্যায় (ধারা) | .. | ৫,৮২০.৬৩ |
| ১৯৯৪-৯৫ | .. | ২৪,৪১৬.৭৮ |
| দ্বিতীয় ধারা | .. | ৪,৭১৭.৫১ |
| তৃতীয় ধারা | .. | ১,৭৫০.০০ |
| ১৯৯৫-৯৬ | .. | ৩০,৪৮৫.১২ |
| দ্বিতীয় ধারা | .. | ৩০,৪৮৫.১২ |
| তৃতীয় ধারা | .. | ৭৫০.০০ |
| সর্বমোট | .. | ১,৪৫,১৬৫.০৪ |

১,৪৫১ কোটি ৬৫ লক্ষ টাকা

*(১৯৯০ ডিসেম্বরের পরিবর্তে ১৯৯০ এপ্রিল থেকে দেওয়া হল)।

(খ) জেলাভিত্তিক অবন্টন তালিকা গ্রন্থাগারের টেবিলে রাখা হল।

(গ) জেলাভিত্তিক বার্ষিক ব্যয়ের তালিকা গ্রন্থাগারের টেবিলে রাখা হল।

**জনশিক্ষা কর্মসূচির কাজ**

২৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১০৯১) **শ্রী তপন হোড় ঃ** প্রথা-বহির্ভূত শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কোন্ কোন্ জেলায় ১৯৯৬-এর ৩১ শে ডিসেম্বর পর্যন্ত জনশিক্ষা কর্মসূচি কাজ শেষ হয়েছে?

(খ) কোন্ কোন্ জেলায় উক্ত কর্মসূচির কাজ চলছে? এবং

(গ) কোন্ কোন্ জেলায় উক্ত কর্মসূচির কাজ এখনও শুরু করা যায়নি?

**প্রথা-বহির্ভূত শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের জনশিক্ষা কর্মসূচিতে ৩টি প্রকল্প রয়েছে যেগুলি পর্যায়ক্রমে রূপায়িত হয়ে থাকে। এই প্রকল্পগুলি হল—সার্বিক সাক্ষরতা প্রকল্প, সাক্ষরোত্তর প্রকল্প এবং ধারাবাহিক শিক্ষার প্রকল্প। ১৯৯৬-এর ৩১শে ডিসেম্বর পর্যন্ত রাজ্যের প্রতিটি জেলাতেই উপরোক্ত কর্মসূচির আওতায় কোনও-না কোনও প্রকল্প চলেছে।

(খ) সার্বিক সাক্ষরতা কর্মসূচি চলছে উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমা এলাকায় এবং কলকাতা (রাজ্য সরকারের প্রকল্প) জেলায়। দার্জিলিং পার্বত্য এলাকায় সার্বিক সাক্ষরতা কর্মসূচির প্রাথমিক কাজ শুরু হয়েছে।

সার্বিক সাক্ষরতা ও সাক্ষরোত্তর কর্মসূচি চলছে মেদিনীপুর, বাঁকুড়া, দক্ষিণ ২৪ পরগনা, কোচবিহার, হাওড়া, ধারাবাহিক শিক্ষার কর্মসূচি চলছে বর্ধমান ও বীরভূম জেলায়।

(গ) প্রশ্ন ওঠে না।

## সেন র‍্যালে কারখানা

২৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১২১১) **শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সেন র‍্যালে কারখানাটি বন্ধ হতে চলেছে; এবং

(খ) সত্যি হলে, সরকার উক্ত বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পুরানো সেন র‍্যালে সংস্থাটি কেন্দ্রীয় সরকার ১৯৮০ সালে জাতীয়করণ করেছে। বর্তমানে ঐ কারখানাটি সাইকেল কর্পোরেশন অফ ইন্ডিয়ার অন্তর্ভুক্ত। এটা রুগ্ন হয়ে পড়ায় বি.আই.এফ.আর.-এর বিবেচনাধীন রয়েছে।

(খ) এটির পুনরুজ্জীবনের জন্য রাজ্য সরকার সব রকম চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

## দেগঙ্গা এলাকায় বিদ্যাধরী নদীর সংস্কার

২৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৩) **শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দেগঙ্গা এলাকায় বিদ্যাধরী নদীর সংস্কার না হওয়ার ফলে কোটরা, নুরনগর ও সোহাই অঞ্চলে বর্ষার সময় কৃষকের কি পরিমাণ ফসল নষ্ট হয়েছে?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বর্ষার সময় কোটরা অঞ্চলে ২৪ হেক্টর জমির আনুমানিক ২৮.৪ মেট্রিক টন আমন ধানের উৎপাদন নষ্ট হয়েছে, যার আর্থিক মূল্য প্রায় ১.৪৪ লক্ষ টাকা।

নূরনগর অঞ্চলে ১৫০ হেক্টর জমির আনুমানিক ১৮০ মেট্রিক টন আমন ধানের উৎপাদন নষ্ট হয়েছে, যার আর্থিক মূল্য প্রায় ৯.০০ লক্ষ টাকা, এবং

সোহাই অঞ্চলে ২০৮ হেক্টর জমির আনুমানিক ২৪৯.৬ মেট্রিক টন আমন ধানের উৎপাদন নষ্ট হয়েছে, যার আর্থিক মূল্য প্রায় ১২.৪৮ লক্ষ টাকা।

**গভীর নলকূপ বসানোর প্রকল্প**

২৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৪) **শ্রী মহম্মদ ইয়াকুব :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দেগাঙ্গা, বারাসাত ও হাবড়া এলাকায় প্রান্তিক ও ক্ষুদ্র চাষীর স্বার্থে স্যালো অথবা গভীর নলকূপ বসানোর (খনন) কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

উত্তর ২৪ পরগনা জেলায় আর.আই.ডি.এফ.-২ প্রকল্পের অধীনে আপাতত ১০টি উচ্চ ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ ও ৩৬টি নিম্ন ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ ও ৪২টি অগভীর নলকূপ স্থাপনের পরিকল্পনা আছে। নলকূপগুলির স্থাপনের স্থান এখনও নির্ধারিত হয়নি।

**বজবজে পলিটেকনিক স্কুল স্থাপনের প্রকল্প**

২৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫৭) **শ্রী অশোক দেব :** কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ এলাকায় একটি পলিটেকনিক অথবা জুনিয়র টেকনিক্যাল স্কুল স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কোথায় এবং কবে নাগাদ উক্ত স্কুলটি স্থাপিত হবে বলে আশা করা যায়?

**কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বজবজ এলাকায় নতুন পলিটেকনিক অথবা জুনিয়র টেকনিক্যাল স্কুল স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**নদীয়া জেলায় তেহট্ট মহকুমা গঠন**

২৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬২) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোন্ কোন্ থানা নিয়ে নদীয়া জেলায় 'তেহট্ট মহকুমা' গঠিত হয়েছে? এবং

(খ) মহকুমার জন্য প্রয়োজনীয় দপ্তরগুলি খোলার ব্যাপারে কি কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে?

**স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) করিমপুর ও তেহট্ট এই দুটি থানা নিয়ে 'তেহট্ট মহকুমা' গঠিত হয়েছে।

(খ) (১) নবগঠিত তেহট্ট মহকুমার মহকুমা শাসক ও মহকুমা পুলিশ আধিকারিকের (এস.ডি.পি.ও.) অফিস স্থাপন করা হয়েছে।

(২) সংশ্লিষ্ট আধিকারিকদের পদ পূরণ হলেই মহকুমা কোষাগারের কাজ শুরু হবে।

(৩) অন্যান্য দপ্তরগুলির কাজকর্ম এখনও জেলা সদর হতে চালানো হচ্ছে। বিভিন্ন দপ্তরের অফিসগুলি তেহট্টে স্থানান্তরের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরগুলির সঙ্গে আলোচনা চলছে।

(৪) একজিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালতের কাজ শুরু হয়েছে।

(৫) 'প্রশাসনিক ভবন' নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া শুরু হয়েছে।

## Modification of Fire Brigade

**276.** (Admitted Question No. 1410) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Municipal Affairs Department be pleased to state—

brief outline of the steps taken/proposed to be taken in regard to modify the present position of Fire Brigade.

**Minister-in-charge of the Municipal Affairs Department :**

With a view to strengthening fire prevention measures and fire fighting arrangements, the West Bengal Fire Services Act, 1950 was amended in 1996. A set of new Rules, styled as the West Bengal Fire Services (Fire Precaution and Fire Safety) Rules, 1996, were also promulgated. The amended Act and new Rules provide for identification of fire-prone installations in all identified fire-prone buildings. Provisions have also been made for imposition of fine up to Rs. 5 lakhs, and imprisonment up to a maximum of 5 years, for contravention of these provisions. Consistent efforts are being made to tone up to efficacy of the West Bengal Fire Services. On one hand new fire station buildings are being constructed and better equipment are being made available to the fire stations, on the other hand emphasis is given on raising the skill of fire fighting personnel through training, drill and various other physical fitness exercises.

## Betterment of Baul Culture

**277.** (Admitted Question No. 1413) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

Contemplation of the Government for the betterment of 'Baul Culture' in the State.

**Minister-in-charge of the Information and Cultural Affairs Department :**

(1) We are organising workshops in different districts.

(2) We are organising programmes for widening the scope of Baul Singers.

(3) We have arranged joint festival with 'Bauls' of Bangladesh specially with Lalan Academy, Kusthia.

Government has released Rs. 2 lakhs as grant to Sri Ritaban Ghatak who is making a film on Sanatan Boul.

## কল্যাণীর জে. এন. এম. হাসপাতাল

২৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬০) **শ্রী শঙ্কর সিংহ ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলার কল্যাণীর জে. এন. এম. হাসপাতালটির কয়েকটি বিভাগ বহুদিন যাবত বন্ধ আছে;

(খ) বিশ্বব্যাঙ্কের টাকায় উক্ত হাসাপাতালটির আরও উন্নয়ন করার জন্য কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(গ) থাকলে, পরিকল্পনাটি কিরূপ?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আংশিক।

(খ) নিউরো-মেডিসিন ও নিউরো-সার্জারি বিভাগ গত কয়েক বছর যাবত বন্ধ আছে।

(গ) হ্যাঁ। বিশ্বব্যাঙ্ক প্রকল্পে হাসপাতালটি মহকুমা/রাজ্য সাধারণ হাসপাতাল শ্রেণীভুক্ত এবং উক্ত হাসপাতালটির জন্য প্রকল্প নথি অনুযায়ী বাস্তুকর্ম ও চিকিৎসা সংক্রান্ত যন্ত্রপাতি ও প্রশিক্ষণ দ্বারা সামগ্রিক উন্নয়নের ব্যবস্থা রয়েছে।

**শ্রীরামপুর—ধর্মতলা ট্রাম কোম্পানির বাস**

২৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৭) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় : পরিবহন** বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শ্রীরামপুর থেকে এসপ্লানেড (ভায়া হাওড়া) রুটে কলকাতা ট্রাম কোম্পানির বাস চালাবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা চালু হবে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**মরণোত্তর দেহ গ্রহণ**

২৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯১) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চিকিৎসা বিজ্ঞানের উন্নতির স্বার্থে দাতার মরণোত্তর দেহ গ্রহণ করার জন্য রাজ্যে কি ধরনের পরিকাঠামো আছে; এবং

(খ) ১৯৯৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কত জনের মরদেহ এ ধরনের মহৎ কাজে পাওয়া গেছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) কলকাতা নীলরতন সরকার মেডিক্যাল কলেজ হাসপাতালের মাধ্যমে সমস্ত মরণোত্তর দেহ গ্রহণ করার ব্যবস্থা আছে।

(খ) মোট ৩৪টি।

**হুগলি জেলায় উদ্বাস্তুদের দলিল বণ্টন**

**২৮১।** (অনুমোদিত প্রশ্ন নং ১৪৯৭) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলায় কোন কোন কলোনিগুলির উদ্বাস্তুদের মধ্যে এখনও দলিল বণ্টন করা যায়নি;

(খ) উক্ত জেলায় সরকারি কলোনিগুলির কতগুলি উদ্বাস্তু পরিবারকে নিঃশর্ত দলিল প্রদান করতে বাকি আছে (কলোনিভিত্তিক তথ্য); এবং

(গ) কবে নাগাদ উক্ত উদ্বাস্তু পরিবারগুলির মধ্যে দলিল বণ্টনের কাজ শেষ হবে বলে আশা করা যায়?

**উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হুগলি জেলার সকল কলোনিতেই দলিল বিলি করা হয়েছে। তবে কিছু কলোনির কিছু দলিল নিম্নলিখিত কারণে দেওয়া বাকি আছে ঃ

(১) আদালতে মামলা,

(২) প্রয়োজনীয় কাগজপত্রের অভাব,

(৩) পারিবারিক বিবাদ।

(খ) নিম্নলিখিত সরকারি কলোনিগুলির উদ্বাস্তু পরিবারদের দলিল প্রদান করতে এখনও বাকি আছে ঃ

(১) শহরাঞ্চলের সরকারি কলোনি—

| বাকি কলোনির সংখ্যা | বাকি দলিলের সংখ্যা |
|---|---|
| ৩৫ | ৯৩৮ |

(২) গ্রামাঞ্চলে সরকারি কলোনি—

| | |
|---|---|
| ১৬ | ৭৭৯ |

(তালিকা সংলগ্ন করা হল)

(গ) দলিল বিতরণে যেসব সমস্যা অনুচ্ছেদ 'ক'এ বলা হয়েছে, সেগুলি না-মেটা পর্যন্ত দলিল দেওয়া যাচ্ছে না।

## হুগলি জেলায় দলিল বিতরণের বকেয়া হিসাব

| শহরাঞ্চলের সরকারি কলোনি কলোনির নাম | | | বকেয়া দলিলের সংখ্যা |
|---|---|---|---|
| ১। | কাপাসডাঙ্গা | ১নং | ৪৮ |
| ২। | ঐ | ২নং | ২৩ |
| ৩। | মিয়েরবার | | ২১ |
| ৪। | নলডাঙ্গা নারায়ণপুর | | ২ |
| ৫। | কেওটা | ১নং | ১০ |
| ৬। | ঐ | ২নং | ২ |
| ৭। | ঐ | ৩নং | ২ |
| ৮। | ঐ | ৪নং | ৪ |
| ৯। | কুলিহাণ্ডা | | ৩ |
| ১০। | চুঁচুড়া | | ৬ |
| ১১। | ব্যাণ্ডেল বলাগড় | | ১ |
| ১২। | রবীন্দ্রনগর | | ২৫১ |
| ১৩। | বাঁশবেড়িয়া | ২নং | ২০ |
| ১৪। | ত্রিবেণী বৈকুণ্ঠপুর এক্স-ক্যাম্প | | ৮ |
| ১৫। | কাপাসডাঙ্গা নব সরকারি কলোনি | | ৩৮ |
| ১৬। | চন্দননগর ঐ | ১নং | ২১ |
| ১৭। | ঐ | ২নং | ৮৫ |
| ১৮। | ঐ | ৩নং | ১১ |
| ১৯। | ঐ | ৪নং | ১২ |
| ২০। | ভদ্রেশ্বর | ১নং | ১৯ |
| ২১। | ঐ | ২নং | ৫ |
| ২২। | মানকুণ্ডু | ১নং | ৯৪ |
| ২৩। | ঐ | ২নং | ১৮ |
| ২৪। | খলিসানী | ১নং | ৩ |

| | | | |
|---|---|---|---|
| ২৫। | খলিসানী | ২নং | ৮ |
| ২৬। | খুড়িগাছি | | ৪ |
| ২৭। | লিচুতলা | | ৯ |
| ২৮। | সারদাপল্লী | | ৮ |
| ২৯। | কোতরং | ১নং | ৪ |
| ৩০। | ঐ | ২নং | ৬২ |
| ৩১। | শেওড়াফুলী | ১নং | ১২ |
| ৩২। | ঐ | ২নং | ৯ |
| ৩৩। | ঐ (সাপ্লিমেন্টারী) | | ১৪ |
| ৩৪। | কানাইপুর | | ৭৪ |
| ৩৫। | বাঁসাই | | ২৭ |
| | | **মোট** | **৯৩৮** |

**হুগলি জেলায় দলিল বিতরণের বকেয়া হিসাব**

| গ্রামাঞ্চলে সরকারি কলোনি কলোনির নাম | | | বকেয়া দলিলের সংখ্যা |
|---|---|---|---|
| ১। | মহানদ | | ৩৬ |
| ২। | মীরডাঙ্গা | | ১১৬ |
| ৩। | শঙ্খনগর | | ২১ |
| ৪। | তালবোনা | | ১১ |
| ৫। | বলাগড় এক্স-ক্যাম্প | | ৩৩ |
| ৬। | আদিসপ্তগ্রাম | | ১৩৮ |
| ৭। | জিরাট | ১নং | ২১৪ |
| ৮। | ঐ | ২নং | ৪১ |
| ৯। | ঐ এক্স-ক্যাম্প | | ৫৮ |
| ১০। | কৃষ্ণপুর চন্দ্রপুর | | ৩ |
| ১১। | সরাই | | ১১ |
| ১২। | বলাগড় (কৃষি) | | ৫ |
| ১৩। | চম্পাহাটি | | ২২ |
| ১৪। | বল্লভীপুর | | ৪০ |
| ১৫। | রামনাথপুর | | ১ |
| ১৬। | তিন্না এক্স ক্যাম্প সাইট | | ২৯ |
| | | **মোট** | **৭৭৯** |

**পুরুলিয়া জেলার জাতীয় সড়ক মেরামত**

২৮২। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১৭) **শ্রী নিশিকান্ত মেহেতা :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার জাতীয় সড়কগুলি মেরামত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, আছে। পুরুলিয়া জেলার জাতীয় সড়কগুলির মেরামতির কাজ সম্প্রতি শুরু হয়েছে।

(খ) উক্ত কাজগুলি এপ্রিল ১৯৯৭-এর মধ্যে শেষ করা যাবে বলে আশা করা যায়।

**উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের বাস**

২৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩৩) **শ্রী আবু সুফিয়ান সরকার :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা হইতে উত্তরবঙ্গ রুটে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমের বরাদ্দকৃত বাসের সংখ্যা কত;

(খ) তন্মধ্যে পরিবহনের কাজে কত সংখ্যক বাস নিয়োজিত আছে; এবং

(গ) কত সংখ্যাক বাস আদৌ চলাচল করে না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১৫০টি।

(খ) ১৩০টি।

(গ) ২০টি।

**সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়ন**

**২৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮৫) শ্রী অজয় দে :** সংখ্যালঘু-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে কেন্দ্রীয় সরকার সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়নের স্বার্থে কিছু পরিকল্পনা গ্রহণ করেছেন;

(খ) সত্যি হলে, ১৯৯১-৯২, ১৯৯২-৯২, ১৯৯৩-৯৪, ১৯৯৪-৯৫, ১৯৯৫-৯৬ এবং ১৯৯৬-৯৭ সাল পর্যন্ত কি কি পরিকল্পনা এই রাজ্যে গ্রহণ করা হয়েছে; এবং

(গ) উক্ত পরিকল্পনায় কত পরিমাণ অর্থ কোন কোন খাতে বরাদ্দ করা হয়েছে এ খরচ হয়েছে (জেলাওয়ারী হিসাব)?

**সংখ্যালঘু-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রশ্নটি কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারভুক্ত। এ বিষয়ে রাজ্য সরকারের পক্ষে বিস্তারিত তথ্য দেওয়া সম্ভব নয়।

(খ) সংখ্যালঘু-অধ্যুষিত দশটি জেলায় সংখ্যালঘুদের জন্য বহুক্ষেত্রবিশিষ্ট পরিকল্পনা প্রস্তুতির জন্য একটি কেন্দ্রীয় ক্ষেত্রাধীন কর্মপ্রকল্প এ বছর এ রাজ্যে গ্রহণ করা হয়েছে।

(গ) উক্ত কেন্দ্রীয় কর্মপ্রকল্পে এ বছর মোট ৯ (নয়) লক্ষ টাকা জেলার মধ্যে নিম্নলিখিতভাবে বরাদ্দ করা হয়েছে ঃ

| | জেলা | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১। | দক্ষিণ ২৪ পরগনা | ১,২০,০০০ |
| ২। | মুর্শিদাবাদ | ১,২০,০০০ |
| ৩। | উত্তর ২৪-পরগনা | ১,১০,০০০ |
| ৪। | মালদহ | ১,০০,০০০ |
| ৫। | বীরভূম | ৯০,০০০ |
| ৬। | নদীয়া | ৯০,০০০ |
| ৭। | হাওড়া | ৯০,০০০ |
| ৮। | কোচবিহার | ৯০,০০০ |
| ৯। | উত্তর দিনাজপুর | ৪৫,০০০ |
| ১০। | দক্ষিণ দিনাজপুর | ৪৫,০০০ |

### কুলটিতে মহিলা কলেজ

২৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২২) **শ্রী মানিকলাল আচার্য ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলার কুলটিতে হিন্দি ভাষা-ভাষীদের জন্য মহিলা কলেজ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, তা কত দিনের মধ্যে কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ রকম কোনও পরিকল্পনা সরকারের এই মুহূর্তে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

### কুলটি কলেজে বিজ্ঞান বিভাগ চালু করার প্রকল্প

২৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২৫) **শ্রী মানিকলাল আচার্য ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলার কুলটি কলেজে বিজ্ঞান বিভাগ চালু করার কোনও পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকলে, তা কত দিনের মধ্যে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ বিষয়ে কোনও প্রস্তাব বিবেচনাধীন নেই;

(খ) প্রশ্ন ওঠে না।

### সস্তা দরে রেশনের মাধ্যমে চাল ও গম সরবরাহ

২৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫০) **শ্রী অজয় দে ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী মানুষদের জন্য সস্তা দরে রেশনের মাধ্যমে চাল ও গম দেওয়ার পরিকল্পনা রয়েছে;

(খ) সত্যি হলে, উক্ত গরিব মানুষদের তালিকা কিভাবে প্রস্তুত করা হয়েছে; এবং

(গ) উক্ত প্রকল্পটি কিভাবে বাস্তবায়িত করা হবে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী মানুষদের জন্য সস্তাদরে রেশনের মাধ্যমে চাল ও গম দেওয়ার কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা বাস্তবায়িত করার জন্য পশ্চিমবঙ্গ সরকার ব্যবস্থা গ্রহণ করেছেন।

(খ) দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী মানুষদের তালিকা প্রস্তুত করার জন্য গ্রামাঞ্চলে পঞ্চায়েত এবং শহরাঞ্চলে পুরসভাকে দায়িত্ব দেওয়া হয়েছে। গ্রামাঞ্চলে পঞ্চায়েত-এর কাছে এবং কিছু পুরসভার কাছে ভূমিহীন কৃষি শ্রমিকদের তালিকা আছে যা দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী মানুষদের তালিকা প্রস্তুত করতে সহায়ক হবে। তাছাড়া এম.এল.এ. এবার এম.পি.-রাও উক্ত তালিকা প্রস্তুত করছেন।

(গ) এই প্রকল্পকে বাস্তবায়িত করার প্রথম ধাপে ভূমিহীন কৃষি শ্রমিকের সম্পূর্ণ তালিকাসহ দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী মানুষদের তালিকা যতটা তৈরি করা হয়েছে তা নিতে হবে, এবং রেশন কার্ডের উপর "প্রভিশনাল বি.পি.এল. ভ্যালিড আপ টু ৩১-৩-১৯৯৭" ছাপ দিতে হবে। ইতিমধ্যে পঞ্চায়েত এবং পুরসভাগুলি তাদের নিজ নিজ এলাকায় যারা দারিদ্র্যসীমার নিচে বসবাস করে তাদের সম্পূর্ণ তালিকা প্রস্তুত করবে বি.পি.এল. ছাপ দিয়ে।

### আই.আর.ডি.পি. প্রকল্প

**২৮৮।** (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫১) **শ্রী অজয় দে :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, রাজ্যের প্রতিটি জেলার ব্লকগুলিতে আই.আর.ডি.পি. প্রকল্প চালু রয়েছে;

১। উক্ত প্রকল্পের আওতায় উপকৃত ব্যক্তিদের কি কি শর্তের ভিত্তিতে অন্তর্ভূক্ত করা হয়;

২। দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী ব্যক্তিদের এই প্রকল্পে অন্তর্ভূক্ত করার জন্য কোনও তালিকা (ব্লক ও জেলাওয়ারী ভাবে) করা হয়েছে কি না; এবং

৩। করা হয়ে থাকলে তা শেষ কোন বছর পর্যন্ত তৈরি হয়েছে?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

হ্যাঁ।

১। শর্ত :

(ক) সংশ্লিষ্ট পরিবারের নাম দারিদ্র্যসীমার নিচে অবস্থিত পরিবারের সার্ভে তালিকায় থাকা চাই।

(খ) সংশ্লিষ্ট ব্যক্তি বা পরিবারের কোনও সদস্য পূর্বে নেওয়া কোনও সরকারি/সমবায়/ব্যাঙ্ক ঋণ পরিশোধের ক্ষেত্রে খেলাপী (ডিফলটার) হবে না।

২। হ্যাঁ।

৩। ১৯৯১-৯২ সালে শেষ সার্ভে করা হয়েছে।

### ভূগর্ভস্থ জলস্তর

**২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫৪) শ্রী অজয় দে ঃ** জলসম্পদ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বিভিন্ন জেলার ব্লকগুলিতে মাটির নিচে জলের স্তর ক্রমশ নেমে যাচ্ছে।

(খ) সত্যি হলে, মাটির নিচে জলের স্তর নিরূপণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন; এবং

(গ) উক্ত বিষয়ে সমগ্র রাজ্যে ব্লকওয়ারী কোনও অনুসন্ধান তালিকা তৈরি করেছেন কি না?

**জলসম্পদ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এটা সত্যি নয়। তবে গ্রীষ্মকালে বিভিন্ন জেলাগুলিতে স্বাভাবিক নিয়মে ভূগর্ভস্থ জলস্তর নেমে যায় আবার বর্ষায় পরবর্তীকালে ঐ জলস্তর প্রায় পূর্বাবস্থায় ফিরে আসে।

(খ) সারা রাজ্যে বিভিন্ন জেলায় প্রায় ১৮০০ হাইড্রোগ্রাফ স্টেশনের মাধ্যমে বছরে অন্তত চার বার পরিমাপ করা হয়ে থাকে। এ ছাড়া গভীর ও অগভীর নলকূপ ও কুয়ো থেকে প্রাপ্য তথ্যের ভিত্তিতেও জলস্তর ওঠানামা পরীক্ষা করা হয়ে থাকে।

(গ) রাজ্যে ব্লকওয়ারী জলস্তর অবস্থানের তালিকা রাখা হয়।

### হলদিয়ার সমাজ-কল্যাণ পর্ষদের মহিলাদের স্থানান্তর

**২৯০। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫৬) শ্রী অজয় দে ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলার হলদিয়া সমাজ-কল্যাণ পর্ষদের সমস্ত মহিলাদের শারীরিক পরীক্ষা এবং তাদের কাটোয়ার আনন্দ নিকেতনে স্থানান্তরিত করার জন্য জেলাশাসককে নির্দেশ দেওয়া হয়েছিল;

(খ) সত্যি হলে, উক্ত নির্দেশ পালন করা হয়েছিল কি না; এবং

(গ) কি ঘটনার জন্য সমাজ-কল্যাণ পর্ষদের হোম থেকে মহিলাদের স্থানান্তরের নির্দেশ দেওয়া হয়েছিল?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) উক্ত নির্দেশ পালন করা হচ্ছে।

(গ) উক্ত সংগঠনের বিরুদ্ধে অভিযোগের ভিত্তিতে আপাতত ঐ স্থানান্তরের নির্দেশ দেওয়া হয়েছিল।

**শান্তিপুরে নতুন ট্রান্সফরমার বসানোর কাজ**

২৯১। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬২) **শ্রী অজয় দে ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শান্তিপুর এলাকার বিদ্যুতের লো-ভোল্টেজ দূর করার জন্য নতুন ট্রান্সফরমার বসানোর কাজ হাতে নেওয়া হয়েছে কি না;

(খ) হয়ে থাকলে, তা কোন কোন স্থানে বসানো হবে; এবং

(গ) উক্ত কাজ কত দিনের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, শান্তিপুর এলাকার বিদ্যুতের লো-ভোল্টেজ দূর করার জন্য ট্রান্সফরমার বসানোর কাজ হাতে নেওয়া হয়েছে।

(খ) শান্তিপুর এলাকার রাজপুতপাড়া, ডাবরেপাড়া ও মনসাতলায় ট্রান্সফরমার বসানো হবে। উপরোক্ত প্রত্যেক এলাকায় ১১০০০ ভোল্টেজের লাইন টেনে একটি করে ৬৩ কে.ভি.এ. ট্রান্সফরমার বসানো হবে।

(গ) উক্ত কাজগুলি ১৯৯৭ সালের মাঝামাঝি সম্পন্ন হবে বলে আশা করা যায়।

**কলকাতা-বাসন্তী রাস্তা প্রসারণ**

২৯২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩১) **শ্রী সুভাষ নস্কর ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা-বাসন্তী রাস্তা প্রসারিত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজটি শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পরিকল্পনা আছে এবং আলাপ আলোচনা চলছে।

(খ) চূড়ান্ত না হলে এখনই কিছু বলা যাচ্ছে না।

**রাজ্যে শ্রমিক বিদ্যাপীঠ**

২৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৬৫) **শ্রী নির্মল ঘোষ ঃ** প্রথা-বহির্ভূত শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১-১২-১৯৯৬ পর্যন্ত রাজ্যে শ্রমিক বিদ্যাপীঠের মোট সংখ্যা কত;

(খ) উক্ত বিদ্যাপীঠে প্রশিক্ষণরত ছাত্র-ছাত্রীর বর্তমান সংখ্যা কত; এবং

(গ) উক্ত বিষয়ে সরকারের নতুন কোনও পরিকল্পনা আছে কি না?

**প্রথা-বহির্ভূত শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মোট সংখ্যা — ২

১। শ্রমিক বিদ্যাপীঠ, কলকাতা
৫৬-এ. বি.টি. রোড, টেগোর হল, মরকত কুঞ্জ, কলকাতা-৫০
(রাজ্য সরকার পরিচালিত)

২। শ্রমিক বিদ্যাপীঠ, নরেন্দ্রপুর, দক্ষিণ ২৪ পরগনা।
(নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন লোকশিক্ষা পরিষদ পরিচালিত)

(খ) ১। শ্রমিক বিদ্যাপীঠ, কলকাতায় প্রশিক্ষণরত বর্তমান ছাত্রছাত্রীর সংখ্যা ৪৮২।
ছাত্র — ১১২ এবং ছাত্রী — ৩৭০।

২। নরেন্দ্রপুর শ্রমিক বিদ্যাপীঠ, প্রশিক্ষণরত বর্তমান ছাত্রছাত্রীর সংখ্যা ৩২৭।

ছাত্র — ১৭১ এবং ছাত্রী — ১৫৬।

(গ) হলদিয়ায় আরও একটি শ্রমিক বিদ্যাপীঠ স্থাপনের প্রস্তাব পশ্চিমবঙ্গ জনশিক্ষা প্রসার দপ্তর থেকে কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য পাঠানো হয়েছে।

**আদিবাসী সাংস্কৃতিক কেন্দ্র**

২৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭৭) **শ্রীমতী দেবলীনা হেমব্রম :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার খাতড়া মহকুমাতে আদিবাসী (সাঁওতাল) সাংস্কৃতিক কেন্দ্র গড়ে তোলার জন্য কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কতদিনে উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) যথা শীঘ্র প্রকল্পটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়।

**রানীবাঁধ থানায় বিদ্যুৎ সাবস্টেশন নির্মাণ**

২৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭৮) **শ্রীমতী দেবলীনা হেমব্রম :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বাঁকুড়া জেলায় রানীবাঁধ থানায় বিদ্যুৎ সাবস্টেশন নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়।

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

বাঁকুড়া জেলার রানীবাঁধ থানায় একটি ৩৩/১১ কে.ভি. সাবস্টেশন স্থাপনের জন্য ঘাঘড়া মৌজায় জমি চিহ্নিত করা হয়। সেই জমি অধিগ্রহণের জন্য জেলা কর্তৃপক্ষকে অর্থও দেওয়া হয় বিগত ১৯৮৯ সালের নভেম্বর মাসে। কিন্তু মহামান্য হাইকোর্টে একটি মামলা থাকায় জমিটি এখনও রাজ্য বিদ্যুৎ পর্ষদের হস্তগত হয়নি। ফলে ঐ সাবস্টেশনের নির্মাণ কাজ শুরু করা যায়নি। এমতাবস্থায় কাজটি কবে শুরু করা যাবে এখনই বলা যাচ্ছে না।

**বাঁকুড়া জেলায় খাতড়ায় হাসপাতাল নির্মাণ**

২৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮৫) **শ্রীমতী দেবলীনা হেমব্রম :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় খাতড়া মহকুমা হাসপাতাল নির্মাণের জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আছে।

(খ) সঠিক বলা সম্ভব নয়।

### নতুন রাস্তায় বাস চালানোর প্রকল্প

২৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৯২) **ডঃ নির্মল সিনহা ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নতুন অনুমোদিত রাস্তায় ৮৩এ/১ বে-সরকারি সরকারি বাস চালানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা চালু করা যাবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আছে।

(খ) খুব শীঘ্রই এটি চালু হবে।

### সাক্ষরতা কর্মসূচি

২৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০৩) **শ্রী অজয় দে ঃ** শিক্ষা (প্রথা-বহির্ভুত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কোন কোন জেলা এখনও সাক্ষরতা কর্মসূচির আওতায় আসেনি; এবং

(খ) ঐ জেলাগুলিকে উক্ত কর্মসূচির আওতায় আনার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শিক্ষা (প্রথা-বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এবং (খ) রাজ্যের সব জেলাই সাক্ষরতা কর্মসূচির আওতায় এসেছে। গতবছর যে এলাকা বাদ ছিল, সেই দার্জিলিং জেলার পার্বত্য এলাকায় এই বছর প্রোজেক্ট রিপোর্ট তৈরি করে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ কাজ শুরু করেছে।

### সরকারি প্যানেলভুক্ত উকিল

**২৯৯।** (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩০) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকারি মামলা পরিচালনায় বিভিন্ন বিভাগীয় কর্তৃপক্ষ ও সরকারি প্যানেলভুক্ত উকিলদের গাফিলতির ফলে জনস্বার্থ-সংশ্লিষ্ট বিষয়সমূহের মামলাগুলির প্রভূত ক্ষতি হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, সরকার এই অবস্থার প্রতিকারে কোনও ব্যবস্থা গ্রহণ করছেন কি না?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) কোনও প্রশ্ন ওঠে না।

### নদীয়া জেলায় নথিভুক্ত বেকার

৩০০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩১) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলাতে ১৯৯৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট নথিভুক্ত বেকারের সংখ্যা কত; এবং

(খ) তন্মধ্যে উক্ত সময়ে কত জন বেকারকে কর্মবিনিয়োগকেন্দ্রের মাধ্যমে চাকুরি দেওয়া সম্ভব হয়েছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩১.১২.১৯৯৬ পর্যন্ত নদীয়া জেলার নথিভুক্ত বেকারের সংখ্যা ২,৭৩,৭২২ জন।

(খ) ১.০১.১৯৯৬ থেকে ৩১.১২.১৯৯৬ তারিখ পর্যন্ত নদীয়া জেলার কর্মবিনিয়োগকেন্দ্রগুলির মাধ্যমে মোট ৩০৪ জনকে চাকুরি দেওয়া সম্ভব হয়েছে।

১৯৮৬ সাল থেকে ১৯৯৬-এর ডিসেম্বর পর্যন্ত মোট ৩,৯৯৯ জন নদীয়া জেলায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকুরি পেয়েছেন।

### বর্ধমান মেডিক্যাল কলেজে প্রিন্সিপাল নিয়োগ

**৩০১।** (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪৫) **শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান মেডিক্যাল কলেজে স্থায়ী প্রিন্সিপাল নেই; এবং

(খ) সত্যি হলে, উক্ত কলেজে প্রিন্সিপাল নিয়োগে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ডাঃ সি. আর. মাইতি অধ্যাপক ও বিভাগীয় প্রধান বায়োকেমিস্ট্রি বিভাগ ও উপাধ্যক্ষ, বর্ধমান মেডিক্যাল কলেজ, বর্তমানে ন্যস্ত দায়িত্ব ছাড়াও অধ্যক্ষ হিসাবে অতিরিক্ত দায়িত্ব পালন করছেন।

(খ) অধ্যক্ষ নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী বিজ্ঞাপিত হয়েছে। স্থায়ী পদে অধ্যক্ষ নিয়োগের বিষয়টি জনকৃত্যক আয়োগে শীঘ্রই পেশ করা হবে।

## ইন্দাস ব্লকে নতুন ডিপ-টিউবওয়েল

৩০২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭৯) **শ্রী নন্দদুলাল মাঝি ঃ** জল-অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার ইন্দাস ব্লকে নতুন কোন ডিপ-টিউবওয়েল বা মিনি ডিপ-টিউবওয়েল করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকলে, উক্ত প্রকল্প কোন কোন মৌজায় হবে; এবং

(গ) বর্তমানে প্রতি ডিপ-টিউবওয়েল, মিনি ডিপ-টিউবওয়েল প্রতি কত টাকা ব্যয় হয়?

**জল-অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বাঁকুড়া জেলায় আর. আই. ডি. এফ-২ প্রকল্পে ১৮টি মধ্যম ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ স্থাপনের পরিকল্পনা আছে।

(খ) নতুন প্রকল্প স্থাপনের স্থান এখনও নির্ধারিত হয়নি।

(গ) উপরোক্ত মধ্যম ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপগুলির প্রতিটির খরচ ৯ লক্ষ ৭২ হাজার টাকার মতো।

## সুন্দরবনে পর্যটক নিবাস

৩০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০১) **শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবন এলাকায় পর্যটকদের স্বার্থে

(১) ভগবৎপুর কুমীর প্রকল্প সংলগ্ন এলাকায়;

(২) লুধিয়ান ফরেস্ট;

(৩) ধনচি বন এলাকায় পর্যটন নিবাস তৈরি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত কাজ কবে শুরু হবে বলে আশা করা যায়?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বর্তমানে সরকারে ভগবৎপুর ও লুধিয়ানে পর্যটন নিবাস তৈরি করার কোন পরিকল্পনা নেই। তবে ধনচি বন এলাকায় পর্যটন নিবাস নির্মাণের প্রস্তাব কেন্দ্রীয় সরকারের নিকট পেশ করা হয়েছে। এ ছাড়া এই এলাকায় উচ্চবিত্ত ও বিদেশি পর্যটকদের সুবিধার্থে বেসরকারি লগ্নির সাহায্যে তারকাখচিত রিসর্ট তৈরির চেষ্টাও করা হচ্ছে।

(খ) যেহেতু রাজ্য পর্যটন দপ্তরের প্রস্তাবটি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন, সেজন্য এখনই বলা যাচ্ছে না যে কবে নাগাদ পর্যটন নিবাসের কাজ শুরু হবে।

### আই. আর. ডি. পি. ইনফ্রাস্ট্রাকচার প্রকল্প

৩০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২২) **শ্রী আনন্দগোপাল দাশ :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৫-৯৬ সালে আই. আর. ডি. পি. ইনফ্রাস্ট্রাকচার প্রকল্পে রাজ্যের কোন কোন জেলা কি পরিমাণ অর্থ পেয়েছে; এবং

(খ) বীরভূম জেলা উক্ত বরাদ্দকৃত অর্থের কত ভাগ খরচ করেছে?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) জেলাওয়ারি হিসাব স্বতন্ত্রভাবে নিম্নে সংযোজিত করা হল।

(খ) উক্ত বরাদ্দ অর্থের সমস্ত টাকাই বীরভূম জেলায় খরচ করেছে।

১৯৯৫-৯৬ আর্থিক বছরে আই. আর. ডি. পি. ইনফ্রাস্ট্রাকচার প্রকল্পে রাজ্যের বিভিন্ন ডি. আর. ডি.-এর প্রাপ্য অর্থের বিবরণ :

| ডি. আর. ডি.-এর নাম | | প্রাপ্য অর্থের বিবরণ |
|---|---|---|
| দক্ষিণ দিনাজপুর | .. | ১০,৯৫,১৪০ টাকা |
| শিলিগুড়ি | .. | ২,৫০,০০০ টাকা |
| হুগলি | .. | ১,৫০,০০০ টাকা |
| পুরুলিয়া | .. | ১,৪৭,০৪১ টাকা |
| মুর্শিদাবাদ | .. | ১০২,২৪,৫০০ টাকা |
| হাওড়া | .. | ১৪,৮৬,০০০ টাকা |
| মেদিনীপুর | .. | ২১,৪৩,৫১২ টাকা |
| বীরভূম | .. | ৮,৫০,৩৭৫ টাকা |
| | মোট | ১,৭৩,৪৬,৫৬৮ টাকা |

## সুন্দরবনে গভীর নলকূপ

*৩০৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৩) **শ্রী গোপালকৃষ্ণ দে :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবন এলাকায় ক্ষুদ্রসেচ প্রকল্পে গভীর নলকূপের মাধ্যমে জলসরবরাহের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, তা কোন কোন ব্লকে বা মৌজায় রূপায়িত হচ্ছে?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) উত্তর ২৪-পরগনা ও দক্ষিণ ২৪-পরগনা জেলা এলাকায় আর. আই. ডি. এফ.-২ প্রকল্পের অধীনে আরও কিছু গভীর নলকূপসহ বিভিন্ন সেচ প্রকল্পের মাধ্যমে জলসরবরাহের পরিকল্পনা আছে।

(খ) নতুন প্রকল্পগুলি স্থাপনের স্থান এখনও নির্ধারিত হয়নি।

## কাঁথি কো-অপারেটিভ ব্যাঙ্কের পরিচালক সমিতি

৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬৯) **শ্রী মৃণালকান্তি রায় :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কাঁথি কো-অপারেটিভ ব্যাঙ্কের পরিচালক সমিতি গঠনের জন্য কোনও নির্বাচন অনুষ্ঠিত হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, কবে উক্ত নির্বাচন অনুষ্ঠিত হয়েছে?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১৬.৩.৯৭।

**ব্যারাকপুর সাব-ডিভিশনাল কোর্টের উন্নতি ও সংস্কার**

৩০৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৯২) **শ্রী নির্মল ঘোষ ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ব্যারাকপুর সাব-ডিভিশনাল কোর্টের উন্নতি এবং সংস্কারের কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) এখনই বলা সম্ভব নয়।

**Number of IAS & WBCS Officers in the State**

**308.** (Admitted Question No. 2102) **Shri Nirmal Ghosh :** Will the Minister-in-Charge of the Home (P&AR) Department be pleased to state—

total number of IAS & WBCS Officers at the end of 31.12.96 in the State.

**Minister-in-Charge of the Home (P&AR) :**

Total numer of IAS & WBCS Officers in this State at the end of 31.12.96 stands as follows :

(i) IAS Officer—297

(ii) WBCS (EX) Officers—1,577

### লোকশিল্পী

৩০৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১০৬) **শ্রী মোজাম্মেল হক :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মোট কতজন লোকশিল্পী আছেন; এবং

(খ) অর্থনৈতিকভাবে দুর্বল শিল্পীদের স্বার্থে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) নির্দিষ্ট পরিসংখ্যান জোগাড় করা সম্ভব নয়।

(খ) অনুষ্ঠানের সুযোগ বৃদ্ধি, প্রশিক্ষণ অনুদান, গ্রুপ ইন্সিওরেন্স এবং কিছু কিছু ক্ষেত্রে অসুস্থ শিল্পীদের চিকিৎসার ব্যয়ভার বহন।

### পাত্রসায়ের ও ইন্দাসে কলেজ

৩১০। (অনুমোদিত প্রশ্ন নং ২১১৩) **শ্রী নন্দদুলাল মাঝি :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার পাত্রসায়ের ও ইন্দাস (ব্লক এলাকায়) পঞ্চায়েত সমিতি এলাকায় কলেজ করার কোনও পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকলে, কবে নাগাদ এর কাজ শুরু করা যাবে?

**উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### ছোট নাট্যদলগুলিকে আর্থিক অনুদান

৩১১। (অনুমোদিত প্রশ্ন নং ২১২৯) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের ছোট নাট্যদল গ্রুপ-থিয়েটারগুলিকে সুস্থ নাট্য-প্রযোজনার স্বার্থে কোনও আর্থিক অনুদান দেওয়ার পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, ১৯৯৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কোন কোন নাট্যদল কি পরিমাণ টাকা পেয়েছেন।

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) কথাকৃতি, গন্ধর্ব, নান্দীমুখ, নান্দীপট, থিয়েটার কমিউন, গান্ধার, দ্বান্দ্বিক প্রমুখ মোট ৪৬টি নাট্যদলের প্রত্যেককে ৫,০০০ টাকা করে মোট ২ লক্ষ ৩০ হাজার টাকা দেওয়া হয়েছে।

**গ্রামাঞ্চলে রবীন্দ্রভবন স্থাপন**

৩১২। (অনুমোদিত প্রশ্ন নং ২১৩১) **শ্রী শক্তিপদ খাঁড়া ও শেখ মাজেদ আলি ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গ্রামাঞ্চলে সুস্থ সংস্কৃতির প্রসার ও বিকাশের স্বার্থে পঞ্চায়েত সমিতিভিত্তিক রবীন্দ্র ভবন স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

আর্থিক কারণেই এই পরিকল্পনা এখনও নেওয়া সম্ভব নয়।

**মহিলা সমৃদ্ধি যোজনায় বরাদ্দ অর্থ**

৩১৩। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮৬) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মহিলা সমৃদ্ধি যোজনায় ১৯৯৬-৯৭ আর্থিক বছরে কত টাকা বরাদ্দ করা হয়েছিল; এবং

(খ) এর ফলে কতজন মহিলা উপকৃত হয়েছেন?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) টাকা ৪,০৫,০০০.০০ মাত্র।

(খ) ৭,২২,৯৯৪ জন।

**কংক্রিটে ঢালাই রাস্তা নির্মাণের প্রকল্প**

৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯২) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কংক্রিটে ঢালাই রাস্তা নির্মাণের কোনও প্রকল্প সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কোনও কোনও জেলায় এবং কতগুলি রাস্তা নির্মাণ হবে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ও (খ) কোনও বিশেষ রাস্তা কংক্রিট ঢালাই দিয়ে নির্মাণের প্রস্তাব থাকলেও জেলাওয়ারি এরূপ কোনও প্রকল্প এই বিভাগে নেই।

**উত্তর দিনাজপুরে ভেস্টেড জমি খরিদ**

৩১৫। (অনুমোদিত প্রশ্ন নং ২২৬৮) **শ্রী হাফিজ আলম সায়রানী :** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ওয়েস্ট বেঙ্গল এস্টেট অ্যাকুইজেশন অ্যাক্ট অনুযায়ী জমি ভেস্ট হয়ে যাওয়ার পর উত্তর দিনাজপুর জেলায় কত জন ব্যক্তি ঐ ভেস্টেড জমি খরিদ করেছেন;

(খ) তাদের ক্রয় করা জমির পরিমাণ কত;

(গ) এইরূপ ক্ষেত্রে তাদের মধ্যে যাঁরা প্রান্তিক চাষী তাঁদের কোনও সুযোগসুবিধা দেওয়া হচ্ছে কি না; এবং

(ঘ) দেওয়া হয়ে থাকলে, কি সুযোগসুবিধা দেওয়া হচ্ছে?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) এরকম কোনও তথ্য সরকারের কাছে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

**হোমগার্ড পরিবারের চাকুরি**

৩১৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৪০) **শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত :** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কর্তব্যরত অবস্থায় কোনও হোমগার্ড মারা গেলে তাদের পরিবারের উপযুক্ত কোনও সদস্যকে চাকুরি দেওয়ার নিয়ম আছে কি না;

(খ) থাকলে, মেদিনীপুর জেলায় কতজন এভাবে চাকুরি পেয়েছে?

স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) পরিবারের একজন সদস্য/সদস্যাকে হোমগার্ড হিসাবে তালিকাভুক্ত করা হয়।

(খ) ২৬ জন তালিকাভুক্ত হয়েছে।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received five notices of Adjournment Motion.

The first one is from Shri Saugata Roy on the subject of deterioration of law and order situation in Calcutta. The second one is from Shri Nirmal Ghosh and Shri Ashok Kumar Deb on the subject of reported murder of Ashim Banerjee, Advocate. The third one is from Shri Dilip Kumar Das on the subject of alleged attack on supporter of Chatra Parishad by the supporter of S.F.I. at North Bengal University. The fourth one is from Shri Shyamadas Banerjee on the subject of deplorable condition of roads in Hirapur Assembly Constituency area of Burdwan and the last one is from Shri Pankaj Banerjee on the subject of fall of water level in the river Ganga due to last Ganga water pact.

On the subject matters of the first two Motions, the Members will have ample scope to raise the matter during discussion and voting on demand for grants of Home Police Department which is due to-day.

I, therefore, do not accept these two Motions.

The subject matter of the last motion of Shri Pankaj Banerjee relates to a subject which is not primarily within the responsibility of the State Government. Moreover, on the matters relating to supply of water through river Hooghly consequent upon Ganga Water Pact was discussed in a Motion in the House on 08.02.1997. The Motion is thus out of order.

The subject matters of the third and fourth Motions are not such that may call for adjournment of the business of the House. Members may call attention of the Government through Calling Attention, Mention etc.

I, therefore, withhold my consent to both the Motions.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

**শ্রী দিলীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরি এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল ঃ—

গত ৫.৪.১৯৯৭ তারিখে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে ছাত্র-সংসদ নির্বাচনে এস.এফ.আই. মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে ছাত্র ফোরামের জয়ী ছাত্রদের উপর আক্রমণ করে, ফলে বহু ছাত্র ছাত্রী গুরুতর আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। কয়েক জনের অবস্থা আশঙ্কাজনক।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** To-day I have received six notices of Calling Attention on the following subject, namely :—

| | Subject | | Name |
|---|---|---|---|
| i) | Reported robbery in a flat at New Alipore, Calcutta on 7.4.1997. | : | Shri Md. Sohrab. |
| ii) | Reported murder of Gram Pradhan of Maharul Gram Panchayat under Nabagram P.S. in Murshidabad, on 31.03.1997. | : | Shri Unus Sarkar and Shri Mozammel Haque. |
| iii) | Non-supply of water from Padmapukur Water Treatment Plant to some wards under Shibpur Assembly Constituency, Howrah. | : | Shri Jatu Lahiri. |
| iv) | Progress of the project to supply pure drinking water at the Arsenic affected areas of Baruipur, South 24-Parganas. | : | Shri Shobhan Deb Chattopadhyay. |
| v) | Reported death of one member of R.G. Party at Tehatta, Nadia from the Police firing on 4.4.1997. | : | Shri Ajoy De. |
| vi) | All India Truck-owners strike and consequential situation arisen. | : | Shri Sultan Ahmed. |

I have selected the notice of Shri Shobhan Deb Chattopadhyay on the subject of progress of the project to supply pure drinking water on the arsenic affected areas of Baruipur, South 24-Parganas.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha** : Sir, the statement will be made on 10.04.1997.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker** : Now, I call upon the Minister-in-charge of Food and Supplies Department to make a statement on the subject of acute crisis of wheat in the State.

**Shri Kalimuddin Shams** : West Bengal is primarily dependent on supply of wheat through PDS as well as in the open market, on supplies from Punjab, Haryana, U.P. as the production of wheat in this State is negligible as compared to the total requirement, the supplier being FCI. Since November 1996 crisis of the supply of wheat has started. Due to insufficient rake resulting in the availability of wheat being much below the required quota when monthly supply of FCI was abnormally low from November 1996 to the March 1997 with slight improvement in the month of January and February 1997. During the month of November and December 1996 against the monthly allocation of 90,000 metric ton for M.R. and S.R. areas the total stock available from FCI was 59,254 metric ton and 63,351 metric ton respectively. In January and February 1997 the supply position was not as poor as in earlier months, the availability of wheat being around 80,000 metric ton per month. The situation again deterioriated in March, 1997 when the supply position came down to 59,000 metric ton. It then worsens further and on 1st April, 1997 reached an all-time low when the total stock position in FCI godowns in this State was reduced to 38,960 metric ton against the contral allocation of 1,10,000 metric ton. Particularly the S.R. areas of Calcutta, Howrah and Hooghly have been seriously affected because of non-availability of wheat in FCI godowns in these areas. Against the scheduled programme of movement of 60 rakes in the entire month of 1997 only 11 rakes of wheat entered the State. The M.R. areas in the whole of West Bengal are suffering from the same crisis as the available stocks in Bankura are not being transported by FCI to other places where there is acute shortage.

The matter was taken up by the Government with local FCI

authorities. In spite of assurance from FCI for movement of rakes from Bankura to other places the situation has not improved at all. The State Government in order to prevent black marketeering and other illegal activities in wheat in the open market promulgated Wheat (storage of wholesellers and retailers) Control Order, 1997 with effect from 15.04.1997 and the enforcement authorities have been directed to ensure effective implementation of the said Control Order. To ease the situation the Government is also considering the procurement of wheat from the local purchasers of West Bengal in the major wheat growing districts by purchasing and selling on commercial basis through W.B.E.C.S.C. for supply of wheat in the PDS to them at a higher price than that of central pool wheat brought in by FCI. It is hoped that this scheme will become effective shortly and lead to improved availability of wheat in both S.R. areas and M.R. areas of the State.

Thank you.

**শ্রী সঞ্জীব দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যে যে গমের সঙ্কট আপনি নিশ্চয়ই অবগত আছেন। রাজ্যের রেশন ব্যবস্থা ভেঙে পড়েছে। আপনার উত্তরে একটা জায়গায় বলেছেন যে এই রাজ্যে প্রয়োজনের তুলনায় গমের উৎপাদন তুলনামূলক ভাবে নগণ্য। এই কথা বলার পর আবার আপনি শেষের দিকে বলেছেন যে এই রাজ্যের গম উৎপাদনকারী জেলাগুলি থেকে গম সংগ্রহ করবেন। এতো কন্ট্রাডিক্টরী কথা। আপনি ঠিকই বলেছেন যে নভেম্বর মাস থেকে আমাদের রাজ্যে গমের ক্রাইসিস দেখা দিয়েছে। মার্চ মাসে অ্যাকিউট আকার ধারণ করেছে। আমাদের এখানে ফুড অ্যাণ্ড সাপ্লাই-এর যে সাবজেক্ট কমিটি রয়েছে তাঁরা একটা রিপোর্ট বার করেছে। তাতে পরিষ্কার ভাবে বলা হয়েছে যে এই সঙ্কটের কারণ হল এফ. সি. আই. গম দেওয়া সত্ত্বেও সেই গম ডাইরেক্টলী ময়দা মিলে চলে গিয়েছে। আমি বলতে চাইছি যে, মার্চ মাসে যে সঙ্কট ছিল, সেই সঙ্কট কি একই কারণে যে এফ. সি. আই. গম দেওয়া সত্ত্বেও সরাসরি তা রেশন দোকানে না গিয়ে ময়দা মিলগুলোতে চলে যাচ্ছে? ,

[12-10 – 12-20 p.m.]

**শ্রী কলিমুদ্দিন সামস :** যে ক্রাইসিসের দিকে মাননীয় সদস্য দৃষ্টি আকর্ষণ করেছেন, আমি ওঁর সঙ্গে একমত। উনি নিশ্চয়ই জানেন যে গভর্নমেন্ট অফ ইণ্ডিয়ার একটা অর্ডার আছে, এফ. সি. আই. কোনও ভাবেই ওপেন মার্কেটে ওপেন সেল করতে পারবে না। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, আজ দশদিন হল আমার কাছে ইনফর্মেশন এসেছে যে, লোকাল এফ. সি. আই. ওপেন মার্কেটে ওপেন সেল করা আরম্ভ করে দিয়েছে। তারা প্লী দিয়েছে যে এটা

হয়েছিল তা ছিল ১৯৯৬ সালের। ১৯৯৬ সালের অর্ডারকে আমি বলব, অন্যায়ভাবে এফ. সি. আই. ১৯৯৭ সালে যেটা করছে, যখন স্টেটে ক্রাইসিস আছে তখন করছে, এটা ইমপ্লিমেন্ট করা ইল্লিগাল। আমি কালকে খাদ্যমন্ত্রীর সঙ্গে ফ্যাক্স মারফত কথা বলেছি। আমি ওঁকে বলেছি যে, পশ্চিমবঙ্গের জনগণ যখন খাদ্য পাচ্ছে না তখন এফ. সি. আই. ওপেন মার্কেটে গম যা বিক্রি করছে, এটা গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল কখনও টলারেট করতে পারে না। আমি আরও জানিয়েছি যে, এ সম্বন্ধে এনকোয়ারি করে ইমিডিয়েটলি ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টকে বলুন। এস. আর. এলাকায় গম দেবার জন্য, ক্যালকাটার জন্য যে রেক দেবার কথা এফ. সি. আই. তা বাঁকুড়া এবং পুরুলিয়ায় পাঠিয়ে দিচ্ছে। যার ফলে ক্যালকাটায় এস. আর. এলাকায় অন্য রেক পাওয়া যাচ্ছে না এবং রেশন দোকানে মাল দেওয়া যাচ্ছে না। সেজন্য আমি অর্ডার দিয়েছিলাম যে বাঁকুড়া এবং পুরুলিয়া থেকে ট্রান্সপোর্টেশনের মাধ্যমে ফিরিয়ে এনে ক্যালকাটায় পাঠিয়ে দিন। ওরা বলেছে যে ট্রাকের স্ট্রাইকের জন্য এটা ওরা করতে পারছেন না। আমি বলেছি যে এফ. সি. আই. যা করছে তা অন্যায় এবং হাইকোর্টের অর্ডার দেখিয়ে যে প্লী দেখাচ্ছে তা ১৯৯৬ সালের অর্ডার। এটা কখনই ১৯৯৭ সালে ইমপ্লিমেন্ট হতে পারে না। স্টেট থেকে গম কেনার জন্য এবং এফ. সি. আই.-এর যে ভাবে গম দেবার কথা, ৬৪টি রেক দেবার কথা। আমি এই কথা টেলিফোনে ফুড মিনিস্টারকে বলেছি। ওরা বলেছেন যে ১১টি রেক প্লেস করেছেন। আমি জানিনা তা এসেছে কি আসে নি। তবে এফ. সি. আই. যা করেছে তা অন্যায়। সেজন্য আমরা সিদ্ধান্ত নিয়েছি যে, আমাদের স্টেটে ৪টি ডিস্ট্রিক্টে যে গম আছে তা কমার্শিয়াল বেসিসে কনজিউমারদের কাছে পৌঁছে দেবার চেষ্টা করব। তবে রাইসের ব্যাপারে চিন্তা করার কোনও কারণ নেই। সরকার অ্যালার্ট আছে, সরকার নিশ্চয়ই ক্রাইসিসের ব্যাপারে দেখবে এবং ক্রাইসিস মেটাবার চেষ্টা করবে।

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** স্যার, একটু আগে আমাদের মাননীয় সদস্য শ্রী দিলীপকুমার দাস উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদের ফোরামের নির্বাচনে ছাত্র পরিষদ বিপুলভাবে জয়যুক্ত হয়েছে। কাগজেও সে সম্বন্ধে বেরিয়েছে। উনি এই বিষয়ে একটি অ্যাডজোর্নমেন্ট মোশন এনেছিলেন। আপনি সেটি নাকচ করে দিয়েছেন। এটি একটি গুরুত্বপূর্ণ বিষয়। বিশ্ববিদ্যালয়ে যদি এই রকম একটা ঘটনা ঘটে তাহলে কলেজে কি রকম ঘটনা ঘটবে তা সহজেই অনুমান করা যায়। ওখানে যে সমস্ত মেয়ে ছাত্রী ছিলেন, তাঁদের হোস্টেল থেকে টেনে হিঁচড়ে বার করে দেওয়া হয়েছে। এরপর পুলিশ এবং সি. আই. তারা সম্পূর্ণ নিষ্ক্রিয় ভূমিকা পালন করেছে। এখনও পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয়নি। এই রকম অনিয়ম যদি চলতে থাকে তাহলে শিক্ষা ব্যবস্থা সম্পূর্ণ ভেঙে পড়বে, ভেঙেও পড়েছে। বিশ্ববিদ্যালয়ে যদি এই রকম একটা ঘটনা ঘটে ছাত্র সংসদের নির্বাচনকে কেন্দ্র করে, তাহলে এর থেকে লজ্জার কিছু নেই। আমি এ সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই, তিনি এ সম্বন্ধে বলুন।

## STATEMENT UNDER RULE 346

**Mr. Speaker :** The Minister-in-charge of Municipal Affairs Department to make a policy statement on the subject of Water Pricing in Urban Local Bodies in West Bengal.

**Shri Ashoke Bhattacherjee :** Mr. Speaker, Sir, I submit a policy statement on the subject of Water Pricing in Urban Local Bodies in West Bengal under rule 346 of Rules of procedure and Conduct of Business of West Bengal Legislative Assembly.

The most important source of water in the city of Calcutta and its adjoining areas is the river Hooghly. In municipal areas in other parts of West Bengal, raw water is obtained from both rivers and deep tubewells. A significant portion of revenue expenditures of urban local bodies relates to O&M costs in town water supply systems. Some of the municipalities are not financially solvent enough to afford required expenditures towards purchase of spares, refurbishment of existing systems and improvement of existing distribution systems. The last two decades have witnessed large increases in urban population. The population densities in central business districts have recorded sharp rises and new areas have been added to existing municipalities. A number of urban local bodies in West Bengal require to add to the present capacities of their water supply system and set up new plants to cater to the needs of additional population. Given the various commitments of Municipalities in development programmes and their weak resource bases they cannot be expected to incur the major capital expenditures without external (or Govt.) grants and loans. Availing of loans would result in additional liabilites for urban local bodies towards repayment of principals and interests. The issue relating to generating adequate income in the water supply sector to meet O&M needs and build up surpluses for new capital expenditures cannot be shelved any longer.

2. It has been recommended by the State Finance Commission (at para 2.47 in the Report) that, "Water rates may be considered for introduction in a graded manner, protecting ordinary user while taxing larger users and commercial and industrial undertakings. Water meters have so far proved unsatisfactory, but a graded tax can easily be introduced based on ferrule sizes. This will enable municipalities to recover at least the O&M cost which is sizable. That apart a local authority

can charge a lump sum amount on house connections as is already being done in some towns. This would enable the local body to participate in capital contributions for a project which is often insisted upon by financial institutions.

3. About 35% to 50% of people residing in urban areas in West Bengal happen to belong to economically or socially backward communities. With a view to protecting their interests the municipalities have so far not addressed the question of recovery of costs seriously. While the State Govt. fully endorse the view that extra financial burdens should not be created for the poor families in the pursuit for making the water supply system commercially viable, it is felt that it is possible to generate additional income for the municipalities and save on avoidable expenditures in the water supply sector without affecting the interests of the poor adversely. The State Govt. would urge upon all the urban local authorities to carefully review their present income and expenditures in town water supply systems and initiate measures to match income with expenditures. Each urban local body should develop its water pricing structure based on the following guidelines;

(a) Water rates may be fixed in a graded manner so that the commercial and industrial houses and households consuming large quantities of water fully pay the cost of collection, treatment and distribution of water. There seems to be no justification in paying subsidies to undertakings and affluent households who have capacities to pay.

(b) The commercial and industrial houses and users of large quantities of water taken together, should pay not only the O&M costs but also some additionalities to build up surpluses so that the municipalities could take up major renovation of existing systems when needed and invest in augmenting total water supply in the towns. A number of municipalities in West Bengal have been collecting lump sum amount from the users of water as water connection charges. This practice should be universalised.

(c) It would be logical to recover water costs on the basis of actual consumptions, recovery of costs on the basis of valuation of properties or water-meters or ferrule sizes have their strengths and weaknesses. The advantages and disadvantages of any par-

ticular manner of collection of water charges should be carefully examined before introducing it.

(d) While evolving water pricing policies, local authorities should see to it that extra financial burdens are not created for the socially and economically disadvantageous groups. Most of the inhabitants in slum areas and other low income neighbourhoods do not have capacities to pay full costs. Many of them make valuable contribution towards keeping the wheel of town life moving. Nothing should be done to restrict their access to potable water. Given the fact that per capita consumptions of water in poor families are significantly lower than average consumptions of water in the towns, it should be possible to meet the costs of water supply to the poor families by cross subsidisation from bulk users and affluent sections of the towns.

(e) All urban local boidies should seriously try to cut down wastages of water. In some areas considerable quantities of water are wasted through leaks in the pipeline/reservoirs and through unattended street taps Distribution loss above the level of 10 to 12% of total quantity of treated water generated, should be detected as "high level" of wastage and proper preventive and surveillance measures should be adopted to bring the level of wastages down. State Govt. is of the view that street taps may be provided only in identified slum areas and low income neighbourhoods but not in areas outside these localities. In slum areas street taps or water hydrants should not be installed indiscriminately. Engineers available in the municipalities should ensure that properly functioning taps are fitted at all the street common water supply points and water is not wasted through open taps unnecessarily, Instances of illegal tapping in water lines should be curbed with strict hands.

(f) Municipalities should review existing establishment and overhead charges in the town water-supply systems. Some of the local authorities engage very large number of supervisory staff and mazdoors in this sector. The work output norms for each category of staff may be carefully spelt out. Instead of keeping disproportionately large numer of supervisory officers, the present cadre of mechanics, who could attend to minor faults in the

distriution line and help identifying leakage in reservoirs and pipes may be strengthened.

(g) State Government feels that the cooperation and voluntary support of common citizens is extremely necessary in reducing wastage of water and bringing down operational costs. Urban local authorities should give stress on generating people's awareness on needs for water conservation and endeavour to educate common people on economy in the use of water and seek their support in strengthening present surveillance system. The Ward Committees should be involved in this work.

(h) The Boards of Councillors in urban local bodies should keep the State Government informed of their water pricing structures fixed in accordance with provisions contained in relevant Acts and Rules.

## STATEMENT UNDER RULE 346

**Mr. Speaker :** I call upon the Minister-in-charge of the Transport Department to make a statement on the subject of non-plying of buses in route Nos. S-25, L-16 and 38 of C.S.T.C. in Tangra Area;

**Shri Susanta Ghosh :**

Hon'ble Speaker Sir,

I rise to make a statement under Rule 346 of the Rules of Procedure & Conduct of Business of the West Bengal Legislative Assembly regarding suspension of some bus routes operated by the Calcutta State Transport Corporation.

Smt. Tapati Saha, an Hon'ble Member of this House, mentioned on 19th March, 1997 that due to non-plying of buses in some routes of Tangra area general public are suffering. Hon'ble Green Bench of Calcutta High Court directed on 21st November, 1996 Calcutta State Transport Corporation to submit a list of vehicles which are causing air pollution in the city. On the basis of the list submitted by the CSTC, the Hon'ble Green Bench directed the CSTC on 14.2.97 to suspend operation of 222 buses. With the approval of Hon'ble High Court, CSTC repaired 122 buses and put those buses on operation from 21.2.97. Out of the balance 100 under suspension from operation CSTC suspended

operation of 24 routes—namely 16, L-31, 57A, 63A, S-27, S-10, S-19, S-29, L-16A, S-5, 4C, 9 Shuttle A, 35C, 9, MD-13, S-25, 3, 3C, 38, S-8, S-26, S-28, S-30, S-20.

Due to mechanical defects of the concerned buses and want of necessary spare parts, CSTC could not repair those 100 buses. In the meantime, after repair of some buses, CSTC started operation of route No. 38 from 27th February, 1997. This route covers Tangra Housing Estate, 16A and S-25 termini and comes upto Sealdah. Besides that, CSTC is trying to start another route S-5 at an early date. This will benefit the passengers of route 3C also.

CSTC has been directed to repair the buses immediately to make those buses pollution free and reintroduce the same in the suspended routes.

## LAYING OF REPORTS

### Annual Report and Accounts of the Shalimar Works (1980) Limited for the year 1993-94

**Shri Nirmal Banerjee :** Sir, I beg to lay the Annual Report & Accounts of the Shalimar Works (1980) Limited for the year 1993-94.

### Annual Accounts and Report of the Eastern Distilleries & Chemicals Limited for the year 1991-92

**Shri Mrinal Banerjee :** Sir, I beg to lay the Annual Accounts and Report of the Eastern Distilleries & Chemicals Limited for the year 1991-92.

### Annual Report and Accounts of the Saraswaty Press Limited for the year 1994-95

**Shri Mrinal Banerjee :** Sir, I beg to lay the Annual Report and Accounts of the Saraswaty Press Limited for the year 1994-95.

### The 36th and the 37th Annual Reports and Accounts of the West Bengal State Warehousing Corporation for the years 1993-94 and 1994-95 respectively

**Shri Mrinal Banerjee :** Sir, I beg to lay the 36th and the 37th

[8th April 1997]

Annual Reports and Accounts of the West Bengal State Warehousing Corporation for the years 1993-94 and 1994-95 respectively

## MENTION CASES

**Mr. Speaker :** Now Mentions. Before taking up the mention cases, I would like to request the members to be very brief and short because we are very hard pressed for time today.

**শ্রীমতী কনিকা গাঙ্গুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বালী বিধানসভা এলাকার মধ্যে অবস্থিত, বালী জুট মিল যা বিড়লার পরিচালনাধীনে দীর্ঘদিন—৪০ বছর ধরে ছিল। লোকসানের অজুহাতে বারবার এই জুট মিলকে বন্ধ করে দিচ্ছে। লক আউট করার বিষয়টা নিয়ে আসছে এবং বারবার লক আউটের মধ্যে ম্যানিং করে শ্রমিক ছাঁটাই-এর একটা পরিকল্পনা চালাতে থাকেন। ১৯৮৪ সালে তারা ১১ মাস লক আউট করে রাখলেন। মাননীয় শ্রমমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপের ফলে এই লক আউট বিড়লা প্রত্যাহার করে নিতে বাধ্য হয়। বারবার শ্রমিকরা কাজ করছে না এই বিষয়টা তারা বলতে থাকেন কিন্তু এটা প্রমাণিত যে ৭৭ সালে ৫ হাজার শ্রমিক ৬০ থেকে ৬৫ টন উৎপাদন করত। আর আজকে ৩ হাজার ৬শো শ্রমিক ৯০ টন জিনিস উৎপাদন করছে। কিন্তু তা সত্ত্বেও গত ফেব্রুয়ারি মাসের ২৪ তারিখে অত্যন্ত গোপনীয়তার মধ্যে দিয়ে শ্রমিক ইউনিয়নগুলোকে অবহিত না করে তারা এই মিলটাকে বিক্রি করে দিয়েছে। আজকে এটা প্রমাণিত শ্রমিক নয় ম্যানেজমেন্টের দুর্নীতি এবং চুরির ফলে এই মিলটায় লোকসান হত। আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি সেখানকার শ্রমিকরা অত্যন্ত ভয়ানক অবস্থার মধ্যে দাঁড়িয়ে। তাদের চাকরির নিরাপত্তা এবং তারা যাতে তাদের গ্র্যাচুইটি পায়, তার জন্য মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

[12-30 – 12-40 p.m.]

**শ্রী সুদীপ বন্দোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগে লক আপে মৃত্যু নিয়ে অনেক কথা আলোচনা হয়েছে এবং ২১ দিন ধরে মমতা ব্যানার্জি ধর্ণা দিয়েছিলেন এবং বিচারাধীন বন্দির লক আপে মৃত্যু হলে তাদের পরিবারকে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ, নাহলে চাকরি দিতে হবে এই রকম একটা সিদ্ধান্ত গৃহীত হয়েছে পার্লামেন্টের স্ট্যাণ্ডিং কমিটির হোম অ্যাফেয়ারসে। তাতে তারা বলছে যে,—

"In case of death in the Police or Judicial custody compensation to the bereaved family in the form of either employment to one of its eligibile members or adequate family pension, say Rupees One Thousand and Five Hundred only per mensum should be given. This provision may be incorporated in the code."

অর্থাৎ পরিবারকে একটা চাকরি অথবা দেড় হাজার টাকা ক্ষতিপূরণ দেওয়ার বিষয়টিকে নিয়ে এক সময় রাজ্য সরকার যথেষ্ট গাফিলতি করেছেন। কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী মহম্মদ মুকবুল হক সাংসদ শ্রীমতী মমতা ব্যানার্জিকে একটা চিঠি দিয়ে জানিয়েছেন যে, তাঁর প্রস্তাব অনুযায়ী 'হোম কনসালটেটিভ কমিটিতে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং ১৯৯৮ সালের মধ্যে এই সিদ্ধান্ত গৃহীত হবে এবং ভারতের প্রত্যেক রাজ্যের ক্ষেত্রে এটা ইকুয়ালি অ্যাপ্লিকেবল হবে। তাই আমরা আজকে সভার পক্ষ থেকে সাংসদ মমতা ব্যানার্জির এই বলিষ্ঠ পদক্ষেপের জন্য অভিনন্দন জানাছি। মানবাধিকার রক্ষার দাবিতে তাঁর যে প্রচেষ্টা সেই প্রচেষ্টাকে রাজ্য সরকার প্রতিনিয়ত শেষ করে দেবার চেষ্টা করেছেন। জ্যোতিবাবু অনেকদিন এই নিয়ে আলোচনা করতে চাননি। সেই সিদ্ধান্ত আজ কেন্দ্রে গৃহীত হতে যাচ্ছে, সেইজন্য আমরা আনন্দিত।

**ডাঃ তপতী সাহা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় দমকল বিভাগের মন্ত্রী এবং পৌরমন্ত্রীর নিকট একটা দাবি করছি। আমাদের তালতলা বিধানসভা এলাকা হচ্ছে একটা বিরাট এলাকা এবং অত্যন্ত ঘনবসতিপূর্ণ এলাকা। এই এলাকা প্রধানত শিল্প প্রধান এবং এই শিল্পগুলি হচ্ছে প্রধানত রবার, প্লাস্টিক, গ্যাস ইত্যাদি। এগুলি সবই দাহ্য। ওই এলাকার রাস্তাঘাট বেশিরভাগই সংকীর্ণ এবং খালি জায়গা প্রায় নেই বললেই চলে। তাই ওই এলাকায় আগুন লেগে যাওয়ার আশঙ্কা থাকছে। সেইজন্য আপনার মাধ্যমে ওখানে যাতে একটা ফায়ার ব্রিগেড স্টেশন করা হয়, তার জন্য দমকল বিভাগের মন্ত্রীর কাছে দাবি রাখছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকে যে পরিস্থিতি দাঁড়িয়েছে, তাতে আমরা সভ্য সমাজে বসবাস করছি কিনা সেটা আমরা ভুলে যাচিছ। স্যার, শিক্ষকরা হচ্ছে সমাজের মানুষ গড়ার কারিগর, এই রকম একটা পূজ্য স্থানে তাঁরা ভূষিত। সেই শিক্ষকের বিভৎস রূপ আপনি বুঝতে পারবেন। স্যার, ভদ্রেশ্বর থানার তেলেনিপাড়া স্কুলের প্রধান শিক্ষক, তাঁর স্কুলের ষষ্ঠ শ্রেণীর ছাত্রীকে ধর্ষণ করল। অথচ এই রকম মারাত্মক অপরাধের অভিযোগ থানায় নিচ্ছিল না। অনেক পরে এফ আই. আর নিলেও তারপরে তিনদিন অতিক্রান্ত হল। কিন্তু এই রকম শিক্ষকের সভ্য সমাজে বাস করার কথা নয়, জঙ্গলে বাস করার কথা, এই রকম একটা নরাধম লোককে এখনও পর্যন্ত ধরা হল না। আমি স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, পশ্চিমবঙ্গের থানাগুলি শাসকদলের ছত্র ছায়ায় থাকলে অপরাধীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণে কিরকম পঙ্গু হয়ে গেছে। শুধু তাই নয় অপরাধীরা শাসক দলভুক্ত হলে তাদের ধরা হচ্ছে না। এই তেলেনীপাড়ার ঘটনার শিক্ষক দুষ্কৃতীকারী হয়েও তাকে ধরা হচ্ছে না। তিনি হচ্ছেন ভদ্রেশ্বর পৌরসভার সি. পি. এম কাউন্সিলার। যেহেতু তিনি সেই এলাকার স্থানীয় প্রভাবশালী সি. পি. এম নেতা, সেইজন্য থানা তার বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছে না।

পশ্চিমবঙ্গের থানাগুলোর এই চেহারা। সি.পি.এম.-এর সমাজবিরোধী এবং পুলিশের দুষ্ট চক্রের জন্য আজ চারদিকে অপরাধ বেড়ে গেছে। আমি মাননীয় পুলিশ মন্ত্রীর কাছে দাবি করছি যারা অপরাধ করল তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হোক। কিন্তু আজ ৩ দিন অতিক্রান্ত হল এখনও অপরাধীদের গ্রেপ্তার করা হয়নি। এবং কেন অপরাধীদের গ্রেপ্তার করা হয়নি সে ব্যাপারে থানার কাছে কৈফিয়ত চাওয়া হয়নি। অবিলম্বে যাতে অপরাধীদের গ্রেপ্তার করে তাদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা হয় তার জন্য আমি মাননীয় পুলিশ মন্ত্রীর কাছে দাবি করছি।

**শ্রী শেখ জাহাঙ্গীর করিম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় আইন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন শ্রেণী বৈষম্য সমাজ ব্যবস্থায় অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া বিভিন্ন পরিবারের মা-বোনেরা সমাজের মধ্যবিত্ত, উচ্চবিত্ত পরিবারে তারা বিয়ের কাজ করে জীবিকা নির্বাহ করেন। আমরা বিভিন্ন সংবাদপত্রের মাধ্যমে জানতে পারি এবং অনেকে আমাদের কাছে সরাসরি এসে জানিয়েছেন যে যাঁরা বিয়ের কাজ করে জীবিকা নির্বাহ করেন তাঁদের উপর শারীরিক এবং মানসিক নির্যাতন হচ্ছে। এমন কি এর ফলে অনেকে মৃত্যুর মুখে যেতে বাধ্য হচ্ছে। আমাদের দেশে বিবিধ নির্যাতনের বিরুদ্ধে আইন আছে। আমি তাই মাননীয় আইন মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি অবিলম্বে বিয়ের উপর নির্যাতনের বিরুদ্ধে আইন প্রণয়ন করা হোক।

**শ্রী দেবীশঙ্কর পান্ডা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেকদিন ধরে রাজ্য সরকারের পক্ষ থেকে ঢাকঢোল পিটিয়ে প্রচার করা হয়েছিল যে সমস্ত সরকারি কাজকর্মের ক্ষেত্রে বাংলা ভাষা ব্যবহার করা হবে। বেশ কিছু দিন অধিবেশন হচ্ছে। কিন্তু দেখছি যে রাজ্য সরকারের দপ্তরগুলোতে বাংলা ভাষা আদৌও চালু হয়নি। সেখানে ইংরাজি ভাষায় কাজকর্ম হচ্ছে। এই কক্ষ, আমাদের রাজ্যের যে সর্বোচ্চ নীতি নির্ধারণ কক্ষ যেখানে রাজ্য সরকার নীতিগত সিদ্ধান্ত নেবেন, সেই কক্ষে, দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে রাজ্য বিধানসভার অধিকাংশ কাজকর্ম ইংরাজিতে হয়। এখানে মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় সংস্কৃতি মন্ত্রী, মাননীয় বিরোধী দলের নেতা, সৌগত রায়ের মত গুরুত্বপূর্ণ বিরোধী নেতা, মাননীয় পঙ্কজ বন্দোপাধ্যায় এঁরা অনেক গুরুত্বপূর্ণ আলোচনা ইংরেজিতে সারেন। আমরা যারা গ্রাম থেকে এসছি, যাদের ইংরেজি ভাষায় দখল নেই তাঁদের এই আলোচনার সময় বোকার মতো বসে থাকা ছাড়া আর কিছু করা সম্ভব নয়। আমি মাননীয় সংস্কৃতিমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি অবিলম্বে সরকারি কাজকর্মে বাংলা ভাষা চালু করা হোক।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা, রায়না-খন্ডঘোষ এলাকায় বিদ্যুতের মাধ্যমে সেচ প্রকল্প হয়। এখানে ১৮-২০ হাজার হেক্টর জমিতে বোরো চাষ হচ্ছে। কিন্তু বর্তমানে এখানে বিদ্যুতের অভাবে সেচ ব্যবস্থা ব্যাহত হচ্ছে। গত ২ বছর ধরে এখানে

মাধব-ডিহিতে ৩৩ কে.ভি.-র বিদ্যুতের একটা সাব-স্টেশন এক শ্রেণীর আমলা ও কর্মচারীর বাধাদানের জন্য এই সাব-স্টেশনটা চালু হচ্ছে না। অবিলম্বে এই ৩৩ কে.ভি-র বিদ্যুতের সাব-স্টেশনটা চালু করার জন্য আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে অনুরোধ করছি।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[12-40 – 12-50 p.m.]

সুন্দরবন এলাকায় রাস্তাঘাটের অবস্থা এমনিতেই খারাপ। সুন্দরবন সড়ক একমাত্র পাথর প্রতিমার সংযোগকারী রাস্তা। মন্ত্রী মহাশয় বলেছিলেন রাস্তাটি তাড়াতাড়ি তৈরি হয়ে যাবে। কিন্তু শুনলাম কন্ট্রাক্টরের সঙ্গে দপ্তরের কোনও গন্ডগোলে রাস্তার কাজ এগোচ্ছে না। আমি গতকালও দেখে এসেছি সেখানকার মানুষের কি দুরাবস্থা। আবার সেখানকার একমাত্র পরিবহন 'ভূতল পরিবহন'ও বন্ধ হয়ে যাবে। এমতাবস্থায় ঐ সড়কের উন্নতি সাধন-এর মধ্যে দিয়ে দুর্গম তেরটি অঞ্চলের মানুষের যাতায়াতের সুবন্দোবস্ত করার অনুরোধ করছি।

**শ্রী নৃপেন গায়েন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই বছর সুন্দরবন এলাকায় প্রায়ই ঝড় বৃষ্টি হচ্ছে এবং এর ফলে ধান এবং সব্জী ব্যাপকভাবে নষ্ট হচ্ছে। আমার হিঙ্গলগঞ্জ এলাকাও এর থেকে বাদ যায়নি। বিশেষ করে মাঠের ফসল নষ্ট হচ্ছে। সেখানকার ক্ষতিগ্রস্থ চাষীদের ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

**শ্রী গুলশন মল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী ক্ষেত্র হাওড়ার পাঁচলায়, মেজোটি ফেরিঘাট থেকে পাঁচল্যা থানা রোড এবং উত্তর পাঁচলা মসজিদতলা পর্যন্ত রাস্তা এবং ব্রিজ যা ৭৩ সালে তৈরি হয়েছিল, তা ৭৮ সালের বন্যার পর থেকে বেহাল অবস্থায় আছে। সেখানে প্রায় প্রতিদিনই কিছু না কিছু দুর্ঘটনা হচ্ছে। হাজার হাজার মানুষের গ্রাম থেকে আসার একটাই পথ। অবিলম্বে ঐ রাস্তাটি এবং ব্রিজের সুব্যবস্থা করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুভাষ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সবাই জানেন এবারে পশ্চিমবাংলায় রেকর্ড পরিমাণ আলু উৎপাদন হয়েছে এবং সরকার সুষ্ঠু নীতি গ্রহণ করে ক্ষুদ্র, প্রান্তিক-মাঝারি চাষীদের জন্য আলু সংরক্ষণের ব্যবস্থা করেছেন। কিন্তু রেকর্ড পরিমাণ আলু উৎপাদন হওয়ায় চাহিদা মতো সংরক্ষণের ব্যবস্থা হয়নি। আমার কেন্দ্র ভাতারেও এই বছর রেকর্ড পরিমাণ—প্রায় ৫০ হাজার কুইন্টালের মত আলু উৎপাদন হয়েছে, কিন্তু চাহিদা মতো সংরক্ষণের ব্যবস্থা নেই। সেইজন্য ঐ এলাকায় একটি হিমঘর স্থাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন, এই আশা করি।

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র, পুলিশ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মন্ত্রী অবহিত আছেন, পি. এস. সি. থেকে ৪৭ জন পুলিশ ইন্সপেক্টরের নাম রাজ্য সরকারের কাছে সুপারিশ করা হয়েছিল তাদের ডি. এস. পি.তে পদোন্নতি করার জন্য। তাদের মধ্যে থেকে ৩৪ জনকে ডি. এস. পি. করা হয়েছে। কিন্তু আজ পর্যন্ত তফসিলি জাতি, আদিবাসী ইন্সপেক্টর ১৩ জন, তাদের পদোন্নতি ঘটেনি। আমি অবিলম্বে এই বৈষম্য এবং বঞ্চনা দুর করতে মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আরো গুরুত্বপূর্ণ ব্যাপার কারণ, সাম্প্রতিককালে সুপ্রিম কোর্টের রায় অনুসারে সেপ্টেম্বর ১৯৯৭-এ এই রকম পদোন্নতির ঘটনার কোনও অধিকার সরকারের হাতে থাকবে না।

**শ্রী চক্রধর মাইকাপ :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বিগত ১৫ দিন ধরে সমুদ্র উপকূল-এর নিম্ন-মধ্য রেখা বরাবর তীব্র শিলাবৃষ্টি এবং ঝড় হচ্ছে। ফলে কাঁথি মহকুমায় ৫ হাজারের বেশি ঘর নষ্ট হয়ে গেছে, রবি ফসল এবং বোরো ধানেরও প্রভুত ক্ষতি হয়েছে। বহু মানুষের ঘরের চাল উড়ে গেছে, মানুষ আশ্রয়হীন হয়ে পড়েছে। এই রকম অবস্থায় ৫ হাজার ত্রিপল এবং সরকারের পক্ষ থেকে চাল-গম অবিলম্বে সেখানে পাঠানোর জন্য ব্যবস্থা গ্রহণ করার আবেদন করছি।

**শ্রী রবীন মুখার্জি :** (নট প্রেজেন্ট)

**শ্রী বাদল জমাদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্র দক্ষিণ ২৪-পরগনার ভাঙ্গড়। যেখানে যেখানে ভূগর্ভস্থ জলে আর্সেনিক পাওয়া গেছে সেখানে আর্সেনিক মুক্ত করে জল সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আমার নির্বাচনী কেন্দ্র দক্ষিণ ২৪-পরগনার ভাঙ্গড়েও যাতে ভূগর্ভস্থ আর্সেনিক যুক্ত জল পরিষ্কার করে আর্সেনিক মুক্ত জল সরবরাহ করা হয় তার জন্য সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী সাধনা মল্লিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র মঙ্গলকোটে ১৯৯৪ সালের ৪-ঠা সেপ্টেম্বর আমাদের পঞ্চায়েত সমিতির দু-জন প্রাক্তন সভাপতি গোপেশ্বর পাল এবং হরপ্রসাদ গোস্বামী নিগন-জবগ্রাম রাস্তায় সমাজবিরোধীদের হাতে খুন হয়। পরবর্তী কালে পুলিশ চার্জশিট দিলেও এখনও পর্যন্ত আসামী ধরা পড়েনি। ১৪.১০.৯৫ তারিখে প্রপার্টি অ্যাটাচমেন্ট অর্ডার হওয়া সত্ত্বেও পুলিশের কোনও তৎপরতা দেখা যাচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর কাছে অবিলম্বে দোষী ব্যক্তিদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করছি।

**শ্রী রামপ্রবেশ মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি মাননীয় পি. ডব্লু. ডি. মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত বছরে মালদা

জেলায় যে ভয়াবহ বন্যা হয় তাতে শোভা নগরের চণ্ডিপুর ব্রিজ ভেঙ্গে চুরমার হয়ে গেলেও আজ পর্যন্ত সেই ব্রিজ নির্মাণের কোনও পরিকল্পনা রাজ্যসরকারের পক্ষ থেকে দেখা যাচ্ছে না। আগামী বর্ষা আসার আগে যদি এই ব্রিজ তৈরি করা না হয় তাহলে হরিশচন্দ্রপুর, চাঁচোল, কালিয়াচক, ইংলিশবাজার প্রভৃতি স্থানের সঙ্গে মালদা জেলা শহরের যোগাযোগ রক্ষা করা সম্ভব হবে না এবং জিনিসপত্রের দাম বেড়ে যাবে। তাই উক্ত সমস্যার সমাধানের জন্য আসু ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

**শ্রী শঙ্করসরণ নস্কর ঃ** (নট প্রেজেন্ট)।

[12-50 – 1-00 p.m.]

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন গত কয়েকদিন যাবত শুধু পশ্চিমবাংলায় নয় সারা ভারতবর্ষে ট্রাক ধর্মঘট হচ্ছে। আজকে কাগজে দেখলাম পশ্চিমবঙ্গের পরিবহনমন্ত্রী কিছুটা সমাধান করার চেষ্টা করেছেন। ভারতবর্ষে যারা করেছেন তারা বলছেন দাসখত লিখে দিতে হবে, লিখিত ভাবে দিতে হবে তবে মিটমাট হবে। আজকে দ্রব্যমূল্যের বৃদ্ধি আকাশছোঁয়া হচ্ছে, এই অসহায় অবস্থার মধ্যে মানুষ দিন যাপন করছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় আমাদের দেশের যারা আলু চাষী তাদের আলু মাঠে পচে যাচ্ছে ট্রাকের অভাবে। চাষীরা মার খাচ্ছে, তারা তাদের ঘটি-বাটি বন্ধক দিতে বাধ্য হচ্ছে। আমি পরিবহনমন্ত্রীকে অনুরোধ করছি এই ট্রাক ধর্মঘট—ভারতবর্ষে কি হচ্ছে জানি না—পশ্চিমবাংলায় এই ধর্মঘটের অবসান করার জন্য। এলাকায় দ্রব্যমূল্য বৃদ্ধি যে হারে চলছে এতে কালোবাজারিরা সুযোগ পাচ্ছে আর গরিব মানুষ নিম্নমধ্যবিত্ত মানুষ, কৃষক, শ্রমিক এরা অসহায় অবস্থায় দিন যাপন করছে তাই আমি পরিবহনমন্ত্রীকে অনুরোধ করছি যাতে এখানে ট্রাক ধর্মঘটের অবসান হয়, একটা মীমাংসা হওয়ার জন্য।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা আলিপুরদুয়ার, সেখানে মথুরাবাগান চা বাগানটি ১৯১৭ সালে প্রতিষ্ঠা হয়। সেখানে দু হাজার কর্মচারী, তাদের পোষ্য দশ হাজার, তাদের ৫ মাস রেশন বন্ধ ছিল। মালিক ৯০ লক্ষ টাকা তাদের প্রভিডেন্ট ফাণ্ড, গ্র্যাচুইটি, তারা যে বিমা করে সেই সব টাকা কেটে নেয়। সেই টাকা মেরে দিচ্ছে। প্রভিডেন্ট ফাণ্ডের টাকা মারার বিরুদ্ধে রাজ্য সরকারের আইন আছে। গত ৩ তারিখে তারা লক-আউট ঘোষণা করেছে, ইতিমধ্যেই ২ জন শ্রমিকের মৃত্যু হয়েছে। শ্রমিকরা চেষ্টা করছে যাতে কোনও অশান্তির অজুহাতে ওই মথুরাবাগান চা বাগান বন্ধ না হয়। ত্রাণমন্ত্রীর সঙ্গে কথা বলেছি ত্রাণের ব্যবস্থার জন্য, যাতে স্টার্ভেশনে কেউ না মরে। শ্রমমন্ত্রী, শ্রম দপ্তর এবং প্রশাসন দপ্তরকে

উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করছি। এখানে মন্ত্রী শ্রী শান্তি ঘটক আছেন, তাঁকে প্রতিক্রিয়া জানানোর জন্য অনুরোধ করছি। কারণ ১০ হাজার মানুষ কঠিন অবস্থার মধ্যে পড়েছে। দয়া করে মন্ত্রী মহাশয় যেন চা বাগান খোলার জন্য উদ্যোগ গ্রহণ করেন।

**শ্রী খাঁড়া সোরেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই মরশুমে চাষীরা পাট চাষে উদ্যোগী হয়েছে। তাদের একর প্রতি ৩০০ টাকা ট্যাক্স ধার্য করা হয়েছে জলসেচের জন্য। যেখানে বোরো চাষের ক্ষেত্রে ১৪ থেকে ১৮টা সেচের জন্য ২৪০ টাকা লাগে, সেখানে এই ৫ থেকে ৬টা সেচের জন্য ৩০০ টাকা লাগছে। ছোট ছোট চাষী, প্রান্তিক চাষী, বর্গা চাষীরা পাট ফসল করার জন্য সেচ নিতে পারছে না, অবিলম্বে এই সেচের ট্যাক্স কমানোর জন্য ক্ষুদ্র সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আমার বিধানসভা এলাকায় মুর্শিদাবাদের ঐতিহাসিক দ্রষ্টব্য স্থান হাজারদুয়ারীর মূল প্রবেশ পথের দক্ষিণ দরজায় একটা ভাঙনের সৃষ্টি হয়েছে। এই ভাঙনের ফলে গঙ্গা সংলগ্ন গোটা এলাকা, বিশেষ করে জেলে-পাড়া, যেখানে সাধারণ গরিব মানুষরা বসবাস করে, যে এলাকাটা 'হঠাৎ কলোনি' নামে পরিচিত সেই এলাকা এবং হাজার দুয়ারীর উত্তর দিকে নসিবপুর এলাকায় ভাঙন ব্যাপক আকার ধারণ করেছে, অবিলম্বে গঙ্গা ভাঙনের কাজ শুরু না করলে আস্তে আস্তে হাজার দুয়ারীও ভাঙনের কবলে পড়বে—যা হাজার দুয়ারী ট্যুরিজম-এর পক্ষে খুবই গুরুত্বপূর্ণ। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর কাছে অনুরোধ করছি, অবিলম্বে তিনি হাজার দুয়ারীর দিকে ভাঙন প্রতিরোধের কাজ শুরু করুন। সাথে সাথে আমি গোটা মুর্শিদাবাদ জেলায় গঙ্গা ভাঙন প্রতিরোধ করার জন্য বাঁধ নির্মাণের কাজ অতি শীঘ্র শুরু করার আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

**শ্রী পুষ্পচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কুচবিহার জেলার জেলা পরিষদ অফিসের ওপর আক্রমণের একটা ঘটনার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২১/৩/৯৭ তারিখ, শুক্রবার বিকালে—৪-টের সময় বিজেপি এবং আর. এস. এস.-এর একদল লোক আজাদ হিন্দ বাহিনী নাম নিয়ে লাঠি-সোঁটা হাতে নিয়ে ফৌজি পোষাক পরে সন্ত্রাসমূলক স্লোগান দিতে দিতে শহরে প্রবেশ করে এবং সন্ত্রাস সৃষ্টি করে। ঐ লোকগুলির মধ্যে থেকে কিছু লোক হঠাৎ জেলা পরিষদ অফিস প্রাঙ্গনে ঢুকে জাতীয় পতাকা নামিয়ে তাদের সংগঠনের পতাকা টাঙিয়ে দেয় এবং ঐ পতাকা যেন না নামানো হয় তার জন্য সভাধিপতি-সহ সমস্ত লোকেদের হুমকি দিয়ে চলে যায়। ঐ ঘটনার তীব্র প্রতিবাদ করছি এবং সরকারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

**মিঃ স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ, আমি অত্যন্ত দুঃখের সঙ্গে আপনাদের আবার স্মরণ করিয়ে দিতে বাধ্য হচ্ছি যে, সভা চলার সময় কেউ নিজের আসন ছেড়ে অন্যত্র (হাউসের

মধ্যে) গিয়ে গল্প করবেন না। এটা প্রায়ই দেখা যায় যে, আসন ছেড়ে অন্য আসনের কাছে গিয়ে ৫/৬জন সদস্য একসাথে গল্প করেন। এটা ঠিক নয়। অনেকে অনেক সময়েই মন্ত্রীদের আসনে গিয়ে মন্ত্রীদের সঙ্গে কথা বলেন। মন্ত্রীদের আলাদা ঘর আছে, প্রয়োজনে সেখানে গিয়ে কথা বলবেন। নিজের আসন ছেড়ে মন্ত্রীর আসনে গিয়ে বসা উচিত নয়। তারপর অনেক মেম্বার বক্তৃতা করেই গ্যালারির কাছে গিয়ে প্রেসের সঙ্গে কথা বলেন। রুলস অনুযায়ী হাউসের ভেতর থেকে গ্যালারির লোকের সঙ্গে কথা বলা যায় না। কোনও আউট সাইডারের সঙ্গে কথা বলা যায়না। প্রেস কি এম. এল. এ. বানায়? প্রেস এম. এল. এ. বানায় না, জনগণ এম. এল. এ. বানায়। রুলস্ অনুযায়ী একমাত্র মন্ত্রীরা গ্যালারীর অফিসারদের সঙ্গে কথা বলতে পারেন, কোনও সদস্য কোনও আউট সাইডারের সঙ্গে হাউসের ভেতর থেকে কথা বলতে পারেন না। অথচ দিনের পর দিন দেখছি মাননীয় সদস্যরা গ্যালারীর সামনে দাঁড়িয়ে প্রেসের সঙ্গে কথা বলছেন, গল্প করছেন। এ বিষয়ে কতবার বলব। এগুলো একটু শিখতে হবে, নিয়ম মেনে চলতে হবে।

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের খাদ্যমন্ত্রীর কাছে উল্লেখ করছি যে, গমের অভাবে গোটা রাজ্যের গ্রাম এবং শহর এলাকার রেশন ব্যবস্থা ভেঙে পড়েছে। ইতিমধ্যে রাজ্যের রেশন দোকানের মালিকরা রাজ্য সরকারকে হুমকি দিয়েছে যে, তারা সমস্ত রেশন দোকান বন্ধ করে দেবে। এই অবস্থায় আজকে সারা পশ্চিম বাংলার গ্রাম এবং শহরে ৮ টাকা থেকে ১০ টাকা কিলো দরে আটা বিক্রি হচ্ছে। এইরকম একটা ব্যবস্থার প্রতিকার হওয়া প্রয়োজন। আমি তাই আপনার মাধ্যমে রাজ্যের খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে এই সভায় যে সমস্ত বামপন্থীদলের সদস্যরা আছেন তাদের জেনে রাখা উচিত, ১৯৬৭ সালে আপনারা খাদ্য আন্দোলন করে ক্ষমতায় এসেছেন। আজকে তাদের রাজত্বেই দেশের গরিব লোক—শহর এলাকার মানুষ এবং গ্রাম এলাকার মানুষ—রেশনে চাল, গম, চিনি কোন কিছু পাচ্ছে না। এর ফলে খোলাবাজারে জিনিসপত্রের দাম বেড়ে গেছে। ১৯৯২ সালে খাদ্য দপ্তর এফ. সি. আই.য়ের কাছ থেকে এই ভার নিয়ে নেয়। সুতরাং খাদ্যদপ্তরের দায়িত্ব ছিল রাজ্যের জনগণকে সস্তা দামে খাদ্য দেওয়া।

## ZERO HOUR

[1-00 – 1-10 p.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** (অনুপস্থিত)

**শ্রীমতী কনিকা গাঙ্গুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৫ এপ্রিল খড়গপুর টাউন থানার অন্তর্গত একজন গৃহবধূ ফাল্গুনী ঘোষকে পুড়িয়ে মারা হয়েছে। পুলিশ তৎপরতার সঙ্গে মৃতার স্বামী, শাশুড়ি এবং ননদকে গ্রেপ্তার করেছে। আমার বিষয়বস্তু হল, এই মৃতার স্বামী মধু ঘোষ, তিনি হলেন

খড়গপুর এলাকায় কংগ্রেস সেবাদলের সভাপতি। তাই কংগ্রেসের নেতারা তাকে ছাড়িয়ে আনবার জন্য চাপ সৃষ্টি করতে চাইছে। আমার অনুরোধ, অপরাধীরা যাতে যোগ্য শাস্তি পায় তার জন্য মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী যেন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পুলিশ বাজেট। গতকাল মধ্যরাত্রে এবং ৩রা এপ্রিল মধ্যরাত্রে ডি.এস.পি. (টাউন) দক্ষিণ ২৪-পরগনার নেতৃত্বে কয়েক শো পুলিশ একটা বস্তির উপর হামলা করে। কে.পি.রায় লেনে গরিব মানুষের একটা বস্তি আছে, দক্ষিণ কলকাতায়। মধ্যরাত্রে সেই বস্তির উপর পুলিশ হামলা করেছে, লুঠ-পাট করেছে এবং বাড়ি ঘর ভেঙ্গে দিয়েছে। মহিলাদের উপর শারীরিকভাবে নিগ্রহ করা হয়েছে। যেভাবে মধ্যরাত্রে বস্তির উপর হামলা করেছে পুলিশ তা বর্গীর হামলার সঙ্গে তুলনা করা যায়। আজকে পুলিশ প্রশাসন কোথায় গিয়ে দাঁড়িয়েছে। সেখানে শুধু বস্তির উপর হামলা করে নিরস্ত্র হয়নি, নিরীহ মানুষদের গ্রেপ্তার করে নিয়ে গিয়ে থানায় পেটানো হয়েছে। তাদের অপরাধ হচ্ছে, পুলিশকে নজরানা দেয়নি। সেই অপরাধে বস্তির উপর হামলা করেছে। আমি এর তীব্র প্রতিবাদ করছি।

**শ্রী নীরোদ রায়চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বেশ কিছুদিন ধরে বনগাঁ শিয়ালদহ সেকশনে কিছু দুর্বৃত্ত জুয়া খেলার নামে কামরার অভ্যন্তরের মধ্যে প্রথমে জুয়া খেলা শুরু করে। যখন দেখে সাধারণ যাত্রীরা জুয়া খেলায় অংশ গ্রহণ করছে না, তখন তাদের উপর জোর-জবরদস্তি করা হয় এবং জোর করে খেলানোর চেষ্টা করা হয়। তাও যখন পারে না, তখন এইসব যাত্রীদের কাছ থেকে ধন-সম্পত্তি লুঠ করা হয় এবং মহিলাদের গা থেকে গহনা খুলে নেয়, টাকা ছিনতাই করে, যথা সর্বস্ব ছিনতাই করে নেমে চলে যায়। আমি বারে বারে এই ব্যাপারে জি.আর.পি. পুলিশকে জানিয়েছি কিন্তু এখন পর্যন্ত কোনও সুরাহা হয়নি। ইতিমধ্যে আরও কতকগুলি ঘটনা ঘটেছে। এইসব কাজগুলি বেশির ভাগ সময় দুপুরবেলা ঘটে। এই কাজ যাতে বন্ধ হয়, নিত্যযাত্রীরা যাতে অবাধে ট্রেনে যাতায়াত করতে পারে এবং তাদের ধন-সম্পত্তি যাতে লুণ্ঠিত না হয় তা দেখার জন্য আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় তুলতে চাই। আমার বিধানসভা কেন্দ্র থেকে প্রত্যেক বছর দু হাজার ছাত্র ছাত্রী মাধ্যমিক পরীক্ষায় পাশ করে। কিন্তু তাদের উচ্চ শিক্ষা লাভের কোনও সুযোগ নেই। সেইজন্য আমার হীরাপুর কেন্দ্রে যাতে বারো ক্লাস পর্যন্ত ছাত্র ছাত্রীরা পড়তে পারে তার ব্যবস্থা করা হোক এবং হীরাপুর কেন্দ্রে একটা কলেজ স্থাপন করার অনুরোধ জানাচ্ছি।

**শ্রী ঈদ মহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্রের ভরতপুর এবং

সালারে দুটো ব্লক হাসপাতাল আছে। কিন্তু ঐ হাসপাতালগুলোতে কোনও কুকুরে কামড়ানোর প্রতিষেধক নেই, ফলে ঐ সব এলাকার জনসাধারণকে খুব হয়রান হতে হচ্ছে, কুকুর কামড়ালে তারা বিভ্রান্ত হয়ে পড়ছে। সেই জন্য আমার অনুরোধ ঐ হাসপাতালগুলোতে যাতে অবিলম্বে কুকুরে কামড়ানোর প্রতিষেধক ইনজেকশন পাঠাবার ব্যবস্থা করা হয়।

**শ্রী অশোক মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয় জানবার জন্য দাবি জানাচ্ছি। দাবিটা হচ্ছে, শুনেছেন বোধ হয় যে ১৯৯২ সালের ২-রা জুন এ.পি.ডি.আর. সংস্থার পক্ষ থেকে কলকাতা হাইকোর্টে একটা মামলা দায়ের করা হয়েছিল যে যে সমস্ত আসামীরা ধর্ষণ, ডাকাতি থেকে আরম্ভ করে বিভিন্ন আসামীরা যারা গ্রেপ্তার হয়েছে, এই গ্রেপ্তার পরিপ্রেক্ষিতে তাদের একটা কাস্টডি মেমো তৈরি করবার জন্য। আমরা লক্ষ্য করেছি পুলিশ মন্ত্রী কিছুদিন আগে একটা বক্তব্য রেখেছিলেন পুলিশদের কাছে, তাতে তিনি বলেছিলেন পুলিশকে আরও নির্মম হতে হবে। এতে দেখা যাচ্ছে সমস্ত থানাগুলোতে আসামীরা অত্যাচারিত হচ্ছে। কোর্টে আসামীদের পাঠানো হচ্ছে না। বিচারপতি দিলীপ বসু যে রায় দিয়েছেন যে কাস্টডি মেমো পাঠাতে হবে, তাও পাঠানো হচ্ছে না।

**Shrimati Shanta Chettri :** Hon'ble Speaker, I would like to draw the attention of the Hon'ble Education Minister concerned. The salary of teachers and non-teaching staffs of Government high schools and D.I. and his staff recently transferred to DGHC should be enroute to DGHC Education Department and should not be directly disbursed to them through Treasury. Otherwise there will be problem regarding controlling authority. To avoid administrative problem, I request the Government to consider the matter immediately.

**শ্রী অজয় দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েক মাসে পশ্চিমবাংলায় তিন জন পুলিশ অফিসার খুন হয়েছে। ভদ্রেশ্বরে ও.সি. খুন হয়েছে, জয়নগরে একজন এ.এস.আই. খুন হয়েছে এবং মুর্শিদাবাদে একজন কনস্টেবল খুন হয়েছে। আজকে পুলিশের ডি.জি. বলেছেন যে পুলিশকে আরও বেশি আক্রমণাত্মক হতে হবে। গত ৪ঠা এপ্রিলের একটা ঘটনার বিষয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডাকাতি রোধ করার জন্য যখন আর.জি. পার্টি করে গ্রামবাসীরা গ্রাম রক্ষার কাজে নিয়োজিত, তখন কৃষ্ণ ঘোষ তার নেতৃত্বে আর.জি. পার্টি পাহারা দিচ্ছিল, তার বুকে ব্যাচ এবং হাতে লাঠি ছিল। কিন্তু তা সত্ত্বেও পুলিশ তার বুকে সরাসরি গুলি করে হত্যা করে। আজকে পুলিশের প্রতি যখন কোনও আস্থা নেই, যখন গ্রামবাসীরা নিজেরা রক্ষী বাহিনী গড়ে পাহারা দেবার ব্যবস্থা করছে, তখন এই এস.ডি.পি.ও. তার বাহিনী নিয়ে তাকে বুকে গুলি করে হত্যা করে। এই এস.ডি.পি.ও.-কে সাসপেন্ড করা হোক এবং কৃষ্ণ ঘোষের ফ্যামিলিকে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করা হোক।

**মিঃ স্পিকার :** মিঃ দে, আপনি জিরো আওয়ারে যে নোটিশ দিয়েছেন তাতে সাবজেক্ট ম্যাটার উল্লেখ ছিল না। এই রকম অনিয়মিত কাজ চলবে না। হঠাৎ পকেট থেকে কাগজ বার করে বলতে আরম্ভ করবেন, এটা চলে না। এটা কোর্ট নয়, এটা পার্লামেন্ট, এখানে সব খোলাখুলি নোটিশ দিতে হবে।

[1-10 – 1-20 p.m.]

**শ্রী গোপালকৃষ্ণ দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি রাজ্য সরকারের সংশ্লিষ্ট মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত কয়েকমাস যাবত পশ্চিমবঙ্গে মাধ্যমিকের প্রশ্নপত্র ফাঁসের ঘটনা নিয়ে যা চলেছে তা অত্যন্ত লজ্জার এবং কলঙ্কজনক অধ্যায়। ঠিক অনুরূপভাবে উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র দেরিতে পৌছানোর ফলে ছাত্র ছাত্রীদের মধ্যে সংশয় দেখা দিয়েছে। তা সত্ত্বেও মানুষের মনে পড়াশুনার প্রতি আগ্রহ আছে, ঝোঁক আছে। আমি চাই, আমার পাথরপ্রতিমায় একটি কলেজ স্থাপনের জন্য বিভাগীয় মন্ত্রী অবিলম্বে উদ্যোগ নিন এবং পশ্চিমবঙ্গে শিক্ষা ব্যবস্থায় যে অরাজকতা চলছে তা দূর করুন।

**শ্রী তপন হোড় :** স্যার, ওদের একটু গোঁসা হয়েছে। বঙ্গভবনে কংগ্রেসের প্রেসিডেন্ট শ্রী সীতারাম কেশরী গিয়ে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বাবুর সঙ্গে দেখা করেছেন এবং তার ফলেই ওদের গোঁসা হয়েছে। স্যার, ১১ তারিখে যে কনফিডেন্স মোশন আনা হচ্ছে পার্লামেন্টে এতে ওদের মনে করার কোনও কারণ নেই যে দিল্লিতে কংগ্রেস সরকার করবে আর আমরা বামপন্থীরা তাকে সাপোর্ট করব। এটা যেন ওরা মনে না করেন—সে কথাটাই স্যার, আপনার মাধ্যমে ওদের আর একবার বলে দিতে চাই। স্যার, এই মোশন আসার ফলে কংগ্রেসিরা বিপদে পড়ে গিয়েছে এবং সীতারাম কেশরি একবার জ্যোতি বাবুর কাছে যাচ্ছেন, একবার ভি.পি.সিং-এর কাছে যাচ্ছেন। স্যার, এতে ওদের নিজেদের মধ্যেও গন্ডগোল লেগে গিয়েছে। ওদের একজন নেত্রী পশ্চিমবঙ্গে আলাদা দল করবেন বলছেন।

(গোলমাল)

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র বাদকুল্লার উপর দিয়ে ঐ বাইপাস ধরে সি.এস.টি.সি., এস.বি.এস.টি.সি., এন.বি.এস.টি.সি.-র অনেক বাস যাতায়াত করে। আমার দাবি, রকেট সার্ভিস ছাড়া অন্যান্য রুটের যে সমস্ত সরকারি বাস বাদকুল্লার উপর দিয়ে যাতায়াত করে সেগুলি যাওয়া এবং আসার পথে বাদকুল্লাতে এক মিনিট করে স্টপেজ দিক। এটা হলে বাদকুল্লা এবং আশেপাশের লক্ষাধিক মানুষ উপকৃত হবেন। অবিলম্বে রকেট সার্ভিস ছাড়া অন্যান্য সরকারি বাসগুলিকে বাদকুল্লাতে স্টপেজ দেওয়ার ব্যবস্থা করার দাবি জানাচ্ছি।

**শ্রী অধীররঞ্জন চৌধুরি :** (নট প্রেজেন্ট)।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ই.এস.আই. হাসপাতালগুলির বর্তমানে যে অবস্থা সে সম্পর্কে আপনি অবগত আছেন। অবশ্য মন্ত্রী মহাশয় এ ব্যাপারে অবগত আছেন কিনা জানি না। স্যার, যে উদ্দেশ্য নিয়ে এই ই.এস.আই. হাসপাতাল তৈরি হয়েছিল তা নষ্ট হয়ে গিয়েছে। আসানসোলে বিশাল টাকা খরচ করে এই ই.এস.আই. হাসপাতাল তৈরি হয়েছিল ছোট ছোট কারখানার শ্রমিকদের কথা মাথায় রেখে। কিন্তু আজকে পশ্চিমবঙ্গে সমস্ত ইন্ডাস্ট্রিগুলি বন্ধ হয়ে পড়ে আছে, আর অপর দিকে ঐ হাসপাতালটি বিরাট দৈত্যের মতন দাঁড়িয়ে আছে। স্যার, ঐ এলাকায় তিন লক্ষ মানুষের বসবাস। তাদের যদি হাসপাতালে আউটডোরে চিকিৎসা করাতে যেতে হয় তাহলে ১০ কি.মি.—দূরের আসানসোল সাব-ডিভিশন হাসপাতালে যেতে হয়। ই.এস.আই. হাসপাতাল লোক পাচ্ছে না অপর দিকে সাধারণ মানুষের এই দুরবস্থা। সাধারণ মানুষরা যাতে ই.এস.আই. হাসপাতালে ট্রিটমেন্ট করাতে পারেন তার ব্যবস্থা করার জন্য আমি মন্ত্রী মহাশয়কে বলছি। এতে সাধারণ মানুষের উপকার হবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া থানার স্বরূপপুর গ্রামে গত শনিবার আমাদের দলের সমর্থকরা নিজেদের জমিতে গম কাটতে গেলে সেখানে কুখ্যাত জোতদার রামগোপাল বিশ্বাসের ঠ্যাঙাড়ে বাহিনী ওদের আক্রমণ করে। সেখানে হাবুল শেখ নামে একটি ১২ বছরের ছেলের হাতের কব্জি কেটে ফেলে তারা এবং ৬জন গুরুতর ভাবে আহত হন। বর্তমানে তারা সবাই বহরমপুর নিউ জেনারেল হাসপাতালে ভর্তি আছেন। ঐ রামগোপাল বিশ্বাসের ঠ্যাঙারে বাহিনী এর আগে গত ১৫ই ফেব্রুয়ারি আমাদের আর একজন সমর্থক ফকরুল শেখের চোখে তীর ছুঁড়ে মারে এবং আরও ১২ জনকে আহত করে। ঐ কুখ্যাত রামগোপাল বিশ্বাস কংগ্রেসের ছত্রছায়ায় রয়েছে। সেখানে পুলিশি জমি পর্যন্ত সে দখল করে রয়েছে। হরিহরপাড়া থানাটা আগে যে জায়গায় ছিল বর্তমানে সেই জায়গায় নেই, কিন্তু এখনও চুয়াবাজারে তার রেকর্ড রয়ে গেছে। সেই জায়গাটা রামগোপাল বিশ্বাস দখল করে রয়েছে। সেখানে জে.সি.আই.-এর ওয়্যারহাউস পর্যন্ত সে দখল করে রয়েছে এমনই ক্ষমতা তার। কিন্তু আজ পর্যন্ত হাবুল শেখসহ যারা সেখানে আহত হয়েছেন তাদের আক্রমণকারীদের কাউকে গ্রেপ্তার করা হয়নি, তাদের জবানবন্দি নেওয়া হয়নি। সেখানে ঐ বাহিনী পুলিশের সঙ্গে যোগসাজোসে আক্রমণ চালিয়ে যাচ্ছে। আমি বিষয়টার প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নির্মল ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পাথুরিয়া ইন্ডাস্ট্রিয়াল হাউসিং এস্টেটে ৭২০টি টেনামেন্ট। স্বাধীনতার ৫০ বছর পূর্তি হল, কিন্তু আজ পর্যন্ত ঐ হাউসিং-এর আবাসিকরা পুরসভা এবং পঞ্চায়েত নির্বাচনে ভোট দিতে পারছেন না। অথচ আমার কাছে যে ভোটার লিস্ট রয়েছে তাতে তাদের নাম আছে। তারা লোকসভা এবং বিধানসভা নির্বাচনে ভোট দিতে পারছেন, কিন্তু বাকি

নির্বাচনে ভোট দিতে পারছেন না। ঐ হাউসিংয়ে রেশন কার্ড নেই, ব্লিচিং পাউডার পৌঁছায় না, জল নিষ্কাশনের কোনও ব্যবস্থা নেই। তারজন্য মন্ত্রীর কাছে অনুরোধ, ঐ হাউসিং-এর ৫,০০০ মানুষ যাতে ভোটাধিকার পান, যাতে তারা লোকাল সেলফ-গভর্নমেন্টের পুরসভা এবং পঞ্চায়েত নির্বাচনে ভোট দিতে পারেন তারজন্য ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী সুদীপ বন্দোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশব্যাপী ট্রাক ধর্মঘটের ফলে বর্তমানে বাজারে ফল, সব্জি, ডিম—সব কিছুর দাম ভীষণ ভাবে বেড়েছে। আলুচাষীরা কোল্ড স্টোরেজে আলু রাখতে পারছেন না অথচ ট্রাক ধর্মঘটের কারণে অন্য কোনও জায়গায়ও সেটা তারা পাঠাতে পারছেন না। এই যে ধর্মঘট, এটা শুধুমাত্র পরিবহন মন্ত্রকের ব্যাপার নয়, যাতে ধর্মঘট মেটে তার জন্য রাজ্য সরকারেরও চেষ্টা করা দরকার, কারণ এই ট্রাক ধর্মঘটের কারণে জিনিসপত্রের দাম মানুষের ক্রয় ক্ষমতার উর্দ্ধে উঠে যাচ্ছে। কাজেই গোটা বিষয়টা বিবেচনা করে রাজ্য সরকার এই ধর্মঘট মেটাবার ব্যাপারে উদ্যোগী হোন।

[1-20 – 2-20 p.m.(Including Adjournment)]

**শ্রী জটু লাহিড়ি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া মর্গ আজকে একটা নরকীয় অবস্থায় পরিণত হয়েছে। এই ব্যাপারে আমি বারে বারে বলেছি, কিন্তু কোনও ফল পাইনি। পুলিশের এবং হাওড়া হাসপাতালের যে সমস্ত বেওয়ারিশ লাস সেইগুলি মর্গে আসছে। এই লাসগুলির রক্ষণাবেক্ষণের কোনও ব্যবস্থা নেই, বাইরে পড়ে থাকে। কাক এই সমস্ত দেহের মাংস নিয়ে ঘন বসতিপূর্ণ এলাকায় ফেলে যাচ্ছে। ওই সমস্ত মানুষের আঙ্গুল নাড়ীভুঁড়ি ফেলে যাচ্ছে। এই সমস্ত লাসের দুর্গন্ধে মানুষ বসবাস করতে পারছে না। যখন পরিবেশ দুষণ নিয়ে ভাবনা-চিন্তা হচ্ছে তখন এই মর্গ থেকে এমন ভাবে পরিবেশ দুষণ হচ্ছে যে মানুষ বাস করতে পারছে না। এই ব্যাপারে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। আমি স্বরাষ্ট্র মন্ত্রীকে বলব এই মর্গ অধুনিকীকরণের ব্যবস্থা করা হোক। এই মর্গ সংস্কার করে যাতে পরিবেশ দুষিত না হয় তার ব্যবস্থা করা হোক।

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কাল আমার বিধানসভা এলাকায় একটা খুব গুরুতর ডাকাতি হয়েছে। একজন ফরোয়ার্ড ব্লকের নেতা, সত্যনারায়ণ বাজাজ, তাঁর বাড়িতে দুপুরবেলায় ডাকাতি হয় এবং তার বাড়ি থেকে ৭ লক্ষ টাকা নিয়ে গিয়েছে। তার তিন দিন আগে গত শনিবার সোনার দোশী নামে একজন ২৬ বছর বয়সের মহিলার বাড়িতে ডাকাতি হয়। সেটা আমার বিধানসভা এলাকার মধ্যে পড়ে। দুপুরবেলায় তার বাড়িতে ঢুকে তার গলা কেটে বাড়ির সমস্ত কিছু লুঠ করে নিয়ে যায়। তার কয়েকদিন আগে বালিগঞ্জ সারকুলার রোডে দুপুরবেলায় ডাকাতরা আসে এবং চন্দ্রপ্রকাশ নাওলাখা বলে একজনকে খুন করেছে। তারপর ভবানীপুরে আমার বিধানসভা এলাকায় মধু বিনানীকে ডাকাতরা এসে দুপুরবেলায় খুন করে। আমরা দেখতে পাচ্ছি কলকাতা শহর আজকে ডাকাতের

হাতে চলে যাচ্ছে। তার মূল কারণ হল ডাকাতরা খুন করছে কিন্তু তারা সাজা পাচ্ছে না। আজকে সকালে জানা গেল যে গত ৫ বছরে ৮৯৮৯ জন খুন হয়েছে, তার মধ্যে কনভিকশান হয়েছে ১১৪০ জনের, অর্থাৎ ১২ পারসেন্ট কনভিকশন হয়েছে। রেপ হয়েছে ৩৭১২ জনের এবং কনভিকশন হয়েছে মাত্র ২০৯ জন, অর্থাৎ ৫.৫ পারসেন্ট লোকের। আজকে পশ্চিমবাংলায় যারা অত্যাচার চালাচ্ছে তারা কোনও শাস্তি পাচ্ছে না। আমার এলাকায় বিশেষ করে একজন মারা গেল সে একজন গুজরাটি কমিউনিটির লোক। আমরা লক্ষ্য করছি, মাড়োয়াড়ি গুজরাটি এই ধরনের লোকের উপর বেশি আক্রমণ হচ্ছে। কলকাতায় বাইরে লোক যাঁরা আছেন তাঁদের উপর যদি আক্রমণ বেড়ে যায়, তাদের বাড়িতে যদি ডাকাতি বেড়ে যায় তাহলে কলকাতা শহরের যে ক্যারেক্টার, যে মেট্রোপলিটান ক্যারেক্টার সেটা নষ্ট হয়ে যাবে। আমাদের কংগ্রেস দলের পক্ষ থেকে ১৭টি সিট পেয়েছি এই কলকাতায় এবং বিশেষ করে তাঁদের উপর নির্ভর করে এই সিট পেয়েছি। অবিলম্বে এই ডাকাতি খুন যদি বন্ধ করতে না পারেন তাহলে কলকাতা শহরের মানুষ নিরাপত্তা হরিয়ে ফেলবে। এই খুন ডাকাতি বেড়ে যাওয়ার জন্য কলকাতার মানুষ বিপদের মধ্যে পড়েছে। আমি স্থানীয় বিধায়ক হিসাবে ক্ষতিগ্রস্ত হচ্ছি। সেই কারণে আমি আপনার মাধ্যমে তাদের নিরাপত্তার দাবি জানাচ্ছি।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কো-অপারেটিভ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যে সমস্ত কো-অপারেটিভগুলি আছে সেইগুলির ৩ বছর পরে নির্বাচন হওয়ার কথা। তিন মাস অতিক্রান্ত হওয়ার পরে রেজিস্টারের অনুমতি নিতে হয়। কিন্তু হাজার হাজার কো-অপারেটিভ আছে তারা অনুমতি পাচ্ছে না। সুতরাং নির্বাচন না হওয়ার ফলে ডিফাং অবস্থায় রয়েছে। এই ক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় একটা নির্দ্দিষ্ট তারিখ ঠিক করে দিন নির্বাচনের জন্য। এই কো-অপারেটিভগুলি নির্বাচিত প্রতিনিধিদের মধ্যে পরিচালিত হলে হাজার হাজার গ্রামের গরিব কৃষক সুযোগ সুবিধা পেতে পারে।

**শ্রী অশোককুমার দেব :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের গ্রামের মানুষ আলো চেয়েছিল। সেই কারণে তারা ঠিক সময় মতো যা টাকাপয়সা দরকার সেটা তারা জমা দিয়েছিল। দেখা যাচ্ছে আজ পর্যন্ত সেখানে প্রাথমিক কাজ পর্যন্ত শুরু হয়নি। সেখানে কোনও পরিদর্শন হয় নি, সি.ই.এস.সি.-র যা যা করণীয় সেটা করেনি। এখন তো রেশনে কেরোসিন তেল পাওয়া যাচ্ছে না, তার উপর যদি লাইট না থাকে তাহলে মানুষ অসহায় হয়ে পড়বে। আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যারা যারা টাকা জমা দিয়েছে তারা যাতে বিদ্যুতের লাইন পেতে পারে তার ব্যবস্থা তিনি যেন করেন। যেখানে লাইন এখনও পৌছায়নি, সেখানে যাতে অবিলম্বে লাইন পৌছে দেওয়া যায়, সেদিকে একটু দৃষ্টি দেবেন। এটা যদি করা যায় তাহলে উক্ত এলাকায় মানুষের অনেক কাজে লাগতে পারে এবং আগামী দিনে অনেক ভাল হতে পারে।

**শ্রী পরেশ পাল : মাননীয় স্পিকার, স্যার, মানিকতলা কেন্দ্রে প্রায় ১৫ লক্ষ লোকের**

বাস, অথচ সেখানে একটি মাত্র কলেজ—গুরুদাস কলেজ—আছে। ঐ গুরুদাস কলেজে ৩০। ২, মুরারী পুকুর রোডে কমার্স বিভাগ খোলার জন্য পরপর দুবার শিলান্যাস হয়েছে। একবার প্রাক্তন ট্রান্সপোর্ট মিনিস্টার এবং আর একবার মাননীয় মুখ্যমন্ত্রী শিলান্যাস করেছেন। আজ পর্যন্ত সেই শিলান্যাসের পাথরই রয়ে গিয়েছে, সেখানে কলেজের কোনও ব্যবস্থা করা হয়নি। আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষা মন্ত্রীকে জানাতে চাই যে, আমাদের ওখানে কমার্স বিভাগটি খোলার ব্যবস্থা করুন, তাহলে ঐ অঞ্চলের ছাত্র ছাত্রীরা পড়ার সুযোগ পাবে।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর কাছে একটি দাবি জানাচ্ছি। আমার কেন্দ্রে মেদিনীপুর জেলার পিংলায় ১৯৬৫ সালে পিংলা কলেজটি প্রতিষ্ঠিত হয়। ঐ কলেজটি ময়না, সবং এবং ডেবরার মধ্যবর্তী স্থানে অবস্থিত। সেখানে আর্টস, কমার্স এবং সায়েন্স বিভাগ আছে এবং ৬টি বিষয়ে অনার্স পড়ার সুযোগ আছে। ওখানে বি.এড. খোলার জন্য কয়েক বছর যাবত ওখানকার পরিচালক মন্ডলী চেষ্টা চালাচ্ছে এবং সরকারের কাছে আবেদন করা সত্ত্বেও আজ পর্যন্ত কিছু হচ্ছে না। ওখানকার জনগণ এবং ছাত্রছাত্রীদের দাবি যে ওখানে একটি বি.এড. কলেজ খোলা হোক। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি যাতে বর্তমান বছরেই ওখানে বি.এড. কলেজ খোলা হয় সেদিকে যেন তিনি দৃষ্টি দেন।

**শ্রী রবীন মুখার্জি ঃ** (অনুপস্থিত ছিলেন)।

**Shri Adhir Ranjan Chowdhury :** Respected Speaker, Sir, through you I am expressing concern for my personal security because my life is in danger. Sir, I came to learn from knowledgeable and reliable sources that ruling party of our district in collusion with police high-ups hatching up a conspiracy with a view to eliminate me physically. To have the scheme implemented they have striken with some contract killers of Bihar. In this anxious situation, I must seek your co-operation because I do strongly feel that you are my custodian. I hope you will take immediate measures.

**মিঃ স্পিকার ঃ** মিঃ প্রবোধ সিনহা, আমি গতবার সিকিউরিটির ব্যবস্থা করার জন্য বলেছিলাম। তার স্ট্যাটাসটা কি?

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** না স্যার, অধীর বাবুর ব্যাপারে আগে কিছু হয়নি। দেবপ্রসাদ বাবুর ব্যাপারে বলা হয়েছিল। তারজন্য চিঠি দেওয়া হয়েছে।

**মিঃ স্পিকার ঃ** যাক, এটা দেখবেন যাতে রাউন্ড দি ক্লক সিকিউরিটির ব্যবস্থা হয়।

এখন বিরতি। আমরা আবার মিলিত হব সোওয়া দুটোয়।

(এই সময়ে ২-১৫ মিঃ পর্যন্ত হাউস মুলতুবি থাকে।)

**(At this stage the House was adjourned till 2-15 p.m.)**

[2-15 – 2-20 p.m.(After Adjournment)]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

### Demand No. 21

**Mr. Speaker :** There are 67 cut motions on Demand No. 21. All the cut motions are in order.

**Shri Abdul Mannan :** Mr. Speaker Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re 1/-.

**Shri Abdul Mannan**
**Shri Nirmal Ghosh**
**Shri Sultan Ahmed**
**Shri Ashok Kumar Deb**
**Shri Shashanka Sekhar Biswas**
**Shri Ajoy De**
**Shri Rabindra Nath Chatterjee**
**Shri Robin Mukherjee**
**Shri Gyan Singh Sohanpal**
**Shri Kamal Mukherjee**
**Shri Tapas Roy**
**Shri Gopal Krishna Dey**
**Shri Pankaj Banerjee**
**Shri Saugata Roy**
**Shri Deba Prasad Sarkar**
**Shri Sobhan Deb Chattopadhyay**
**Shri Sanjoy Bakshi**

Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পিকার স্যার, ২১ নং দাবির অধীনে মুখ্য খাতে ২ হাজার ৫৫তে পুলিশ বাজেট মাননীয় হোম মিনিস্টার প্লেস করেছেন এটা কখনওই সমর্থন করা সম্ভব নয়। কিন্তু একটি সত্য কথা বলব আমার ভাষণ শুরু করার আগে সেটা হচ্ছে এই এবেল অ্যাডমিনিস্ট্রেটর বুদ্ধদেববাবুর আমলেই পশ্চিমবঙ্গ স্বর্গরাজ্যে কনভার্ট হয়ে গেছে। আই সুড সে দিজ—কাদের স্বর্গরাজ্য—অ্যান্টি সোশ্যালদের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। আজকে ট্রেন ডাকাতির স্বর্গরাজ্য, নাবালিকা ধর্ষণের স্বর্গরাজ্য, অসহায় বিধবা মহিলার সম্পত্তি হরণের

ক্ষেত্রে, ধান লুঠের ক্ষেত্রে একটা স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। পুলিশ প্রশাসন সম্পূর্ণ ভাবে ভেঙ্গে পড়েছে। আমি বিগত দিনের কথা বলছি না, আজকের কাগজে পশ্চিমবঙ্গের অবস্থা সম্পর্কে যা বলেছে সেটা পড়ছি। এটা গত এক বছরের নয়, ৫ বছরের নয়, আজকের কাগজের হেড লাইনটা দেখুন—বড় ব্যবসায়ীর ফ্ল্যাটে ডাকাতি, লুঠ ৮ লক্ষ টাকা, রেল ডাকাতি, গিধিনীতে গুলি চালনোয় গার্ডের মৃত্যু, নাবালিকা ধর্ষণ। কলকাতায় ২৪ ঘন্টার মধ্যে একটার পর একটা ডাকাতি যে হয়ে যাচ্ছে পুলিশ কি করছে? আজকে এই অবস্থা হল কেন? আমি মাননীয় বুদ্ধদেব বাবুকে জিজ্ঞাসা করতে চাই যে, Please tell me what is the meaning of police ? Can you tell me ? আজকে পুলিশের কেন এই অবস্থা, ইউ টেল মি, তাহলে আমি বসে পড়ি আপনি উত্তর দিন। Police is a civil force responsible for maintaning public order. বুদ্ধদেব বাবুরা তথা বামফ্রন্ট সরকারের ২০ বছরের জমানায় এই অবস্থা হল কেন? এর জন্য শুধু মাননীয় মন্ত্রীকে রেসপন্সিবিল করলে হবে না, বিগত দিনের আচরণ দেখুন This Civil force has been converted to Criminal force. আমি গত এক মাসের কাগজের কাটিং নিয়ে এসেছি। এই এক মাসের কাগজের কাটিং দেখলে বুঝতে পারবেন এর একমাত্র কারণ হচ্ছে সিভিল ফোর্স আজকে ক্রিমিন্যাল ফোর্সে কনভার্ট হয়ে গেছে। আপনি কি এনসিওর করতে পারবেন যে কতজন কনস্টেবেল কতজন তরুণীকে ধর্ষণ করেছেন? রেল ডাকাতির ইস্যুতে এই এক মাসের মধ্যে কতজন ডাকাত ধরা পড়েছে? কজন পুলিশ সার্জেন তাদের বধুদের নির্যাতন করেছেন তার কোনও হিসাব কি আপনি দিতে পারবেন? এই গত এক মাসের মধ্যে একজন পুলিশ পার্সোনেল খুনের দায়ে অভিযুক্ত হয়ে গিয়েও বড় কর্তার সুনজরে পড়ে গিয়ে বেঁচে গিয়েছেন তার কি কোনও হিসাব আপনি রাখেন? আপনি এসব ব্যাপারে আমাদের এনসিওর করতে পারবেন? আসলে সিভিল ফোর্সটাই পুরো ক্রিমিন্যাল ফোর্সে পরিণত হয়ে গেছে। কিন্তু কেন এটা হল—এর তো একটা ফিজিক্যাল রিজিন আছে। এই ব্যাপারে বারে বারে জ্যোতি বাবুকে বলেছি।

[2-20 – 2-30 p.m.]

আমরা আক্রান্ত। আমাদের বোম্ব মারা হচ্ছে, আমাদের মেয়েদের ধর্ষণ করা হচ্ছে, আমাদের ধান লুঠ করা হচ্ছে, আমরা পশ্চিমবাংলায় নিরাপত্তা পাচ্ছি না। এই ব্যাপারে জ্যোতি বাবুকে বললে, জ্যোতি বাবু বলতেন ঐ রকম দু-একটা বোমটোম মারা হয়, দু-একটা ধর্ষণও হয়, দু-একটা লুঠ-পাট হয়ে যেতে পারে। মুখ্যমন্ত্রী যখন পুলিশ মন্ত্রী ছিলেন তখন এই রকম দু-একটি কথা বলতেন। আজকে পুলিশ প্রশাসন এই রকম উৎশৃঙ্খল কেন হল? এই কথা আমি কেবলমাত্র বলছি না, নিউজপেপারের হেড লাইনও এই কথা বলছে, এখানে আমি পড়ছি, "খুনের দায়ে অভিযুক্ত, দুই পুলিশ অফিসারের পদোন্নতি"। বুদ্ধদেব বাবু কাঁথির ঘটনা, কেস নম্বর, রেফারেন্স সবই আমি দিতে পারি। পুলিশ খুন করল, স্পেসিফিক কেস হল ও.সি. কাঁথি সেশান কোর্ট হল, কিন্তু কি হল, তাঁকে পদোন্নতি দেওয়া হল।

কারণটা কি, এটা প্রমাণ করতে যে সিভিল ফোর্স ক্রিমিনাল ফোর্সে কনভার্টেড করতে? সিভিল ফোর্স এর কাজ হচ্ছে পাবলিক অর্ডার মেইনটেইন করার জন্য। পশ্চিমবাংলায় আমরা কি আশা করেছিলাম, সেখানে পুলিশ ফোর্সের কি অবস্থা হল? খুনে পুলিশ অফিসারদের পদোন্নতি! তৃতীয়ত যারা খুন করছেন, ক্রিমিনাল অ্যাকটিভিটিজ করছেন, সেই সমস্ত ক্রিমিনাল ওরিয়েন্টেড পুলিশ অফিসারদের বেছে বেছে, নন-গেজেটেড পুলিশ অ্যাশোসিয়েশনের যারা ক্রিমিনাল মাইন্ডেড, তাদেরকে শুধুমাত্র প্রমোশন দেওয়া হচ্ছে না, ফ্ল্যাটও দেওয়া হচ্ছে। ফ্ল্যাট দিয়ে রিওয়ার্ড করা হচ্ছে। লাভ কি হচ্ছে? লাভটা বলছি। এখানে বুদ্ধদেব বাবু হয়ত বলবেন, আপনি আপনার কথা বলুন, আমি আমার কথা বলছি। লাভটা কি হল। পশ্চিমবাংলার ২০ বছরের ইতিহাস ঘাঁটবার সময় আমার নেই, আমার সময় কম, তাই আমি ৫ বছরের ইতিহাস দেব। বুদ্ধদেব বাবু বলেছেন, খুনের পরিসংখ্যান দিয়ে, খুনের পরিমাণ আস্তে আস্তে কমছে। কি রকম কমছে সেটা আপনারা দেখুন। ১৯৯২ সালে খুন হল, ১৭৭০ জন; ১৯৯৩ সালে খুন হল, ১৬৮৫ জন; ১৯৯৪ সালে খুন হল, ১৮১৭ জন; ১৯৯৫ সালে খুন হল, ১৭৮৮ জন; ১৯৯৬ সালে খুন হল, ১৯২৯ জন। এখানে ওরা হয়ত উদাহরণ দেবে, বক্তব্য রাখবে, গুজরাটে এই সময়ে ২,০০০ জন খুন হয়েছে, সেখানে আমাদের এখানে এই সময়ে ১৯২৯ জন খুন হয়েছে। আমি এই লজিক গ্রহণ করছি না। গ্র্যাজুয়ালি কিভাবে বাড়ছে সেটা দেখুন। গুজরাটে তো কোনও বেকার নেই, ইন্ডাস্ট্রি বাড়ছে, উদাহরণ যখন দেবেন, তখন তাহলে সেইগুলিও বলবেন। উত্তর প্রদেশ একটা বড় রাজ্য, ওরা কি বলবেন সেটা আমি জানি; সেইজন্য আমি আমার রাজ্যের কথা বলতে চাই। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, আপনি নিজেও বলেছেন, হাউসের মধ্যে, আমি নিজেও সন্তুষ্ট নই। মুখে বললে কি হবে, আজকে আমরা কি দেখছি, এস. পি., সি. আই., ও. সি., এস. ডি. পি. ও., অ্যাডিশনাল এস. পি. এরা কাদের কথায় চলছে? আজকে সাধারণ মানুষ, এফ. আই. আর. করতে গিয়ে জেনারেল ডায়রি পর্যন্ত করতে পারছে না। কেন? আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি, '৬৪ থেকে ১৯৭১ সাল পর্যন্ত আমি ওকালতি করেছি, তারপরে আর সময় পাইনি। আমি বার লাইব্রেরিতে যাই, সেখানে আমার বন্ধুরা কি বলছেন জানেন, তারা বলছেন, আজকে বামফ্রন্টের অপদার্থতার জন্য আই. পি. এস.-ওরা বলছে, আমার কথা নয়—ইণ্ডিয়ান পুলিশ ফোর্স হ্যাজবিন কনভার্টেড টু ইণ্ডিয়ান প্রস্টিটিউটস সার্ভিস। ওরা যাদের শক্তি আছে, যাদের ক্ষমতা আছে, তাদের কাছে ওরা সমস্ত ক্ষমতা ছড়িয়ে দিচ্ছে। আজকে ওরা নিজেদের পায়ে দাঁড়িয়ে নিজেদের যোগ্যতা অনুসারে নিজেদের ইচ্ছা অনুসারে প্রশাসন চালাতে পারছেন না। তার পরিণতিটা আমরা কি দেখছি আজকে পশ্চিমবাংলায়। আজকে প্রতিটা ক্রিমিনাল অফেন্স বেড়ে যাচ্ছে। আজকে ধর্ষণের সংখ্যা কত পশ্চিমবাংলায়? ১৯৯২ সালে ৬১৫, ১৯৯৩ সালে ৭১২, ১৯৯৪ সালে ৭৪৩, ১৯৯৫ সালে ৭৮৭ আর ১৯৯৬ সালে ৮৫৫। গ্র্যাজুয়ালি ইট ইজ ইনক্রীজিং। বিকজ আজকে একই কথা আমি বলছি। পুলিশ ফোর্স আজকে পাবলিক অর্ডার মেনটেন করার জন্য নয়। আজকে পুলিশ ফোর্স আজকে পারটি ওরিয়েন্টেড হয়ে গেছে। একটা থানার ও. সি'র ক্ষমতা নেই একজনকে অ্যারেস্ট করার, একজনের এগেনস্টে

এফ. আই. আর নেওয়ার উইদাউট দি পারমিশন অব এল. সি. মেম্বার। গ্রাম পঞ্চায়েত বা ওদের নির্বাচিত সদস্য যাদের নামে লিখিতভাবে থানায় ডায়েরি করতে পারছে না। ফলে আমরা কি দেখছি? আমরা দেখছি পশ্চিমবাংলার সাধারণ মানুষ কোনও বিচার পাচ্ছে না। সাধারণ মানুষের জন্য কোনও সুবিচারের ব্যবস্থা আমাদের হোম মিনিষ্টার করতে পারেননি। পুলিশ প্রশাসনের এই ব্যবস্থার জন্য পশ্চিমবাংলায় গ্র্যাজুয়ালি অপরাধ বাড়ছে। বুদ্ধদেব বাবু হিসাবটা একটু দেখুন। ১৯৯২-৯৬ হিসাবটা একটু দেখুন। আপনি যদি ৩৬৫ দিয়ে ভাগ করেন তাহলে দেখবেন ডেলী পাঁচটা খুন, দুটো করে রেপ হচ্ছে। ৩৬৫ দিয়ে ভাগ করলে তাই দাঁড়ায়। একটা দিনও পশ্চিমবাংলার মানুষ শান্তিতে নেই। আজকে পুলিশ প্রশাসন যদি পশ্চিমবাংলার মানুষকে কোনও নিরাপত্তা না দিতে পারে, পশ্চিমবাংলার মানুষের জন্য কোনও কাজ করতে না পারে, তাহলে শুধুমাত্র পার্টি ক্যাডারদের জন্য পুলিশ প্রশাসন চলবে? আজকে আপনি জ্যোতিবাবুর কাছ থেকে দায়িত্ব নিয়েছেন। এটা শক্ত হাতে মোকাবিলা করার জন্য। তাই আমি আপনার কাছে একটা সাজেশন দিতে চাই। আপনি বলেছেন, আপনি লেসন দিচ্ছেন, ক্লাস নিচ্ছেন। আজকে টোকেন পানিশমেন্টের ব্যবস্থা করুন। আজকে ফ্ল্যাট দেওয়া নয়, পদোন্নতি নয়, আজকে যে পুলিশ রেপ করবে তাকে ইমিডিয়েটলি চার্জশিট দিন এবং কনভিকশনের ব্যবস্থা করুন। কতদিনের মধ্যে চার্জশিট দেওয়া যায় তার জন্য পাবলিক প্রসিকিউটারকে বলুন নির্দেশ দিতে। আমরা তো জজ সাহেবকে বলতে পারি না। সি. আই. কে, এস. পি. কে নির্দেশ দেওয়া। চার্জশিট যত তাড়াতাড়ি, যদি এইরকম টোকেন পনিশমেন্ট যদি হয় তাহলে ওরা এই ক্রিমিনাল অফেন্সগুলো করার চেষ্টা করবে না। মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি যে কথাটা বলছিলাম, পুলিশমন্ত্রীর কাছে, আজকে পশ্চিমবাংলার পুলিশ টোটালি সি. পি. এম. পার্টির হয়ে কাজ করছে। আমাদের একটু আপত্তি আছে সি. পি. এমের হয়ে কাজ করলে। আজকে তাহলে আবু আয়েশ মণ্ডল—একজন ভদ্র এম. এল. এ. সে ধোলাই খায়। মাননীয় মন্ত্রী ছায়া বেরা প্রহৃত হন ওপেনলি। আমি তাই বলছি দেয়ার ইজ নো ল অ্যাণ্ড অর্ডার। সি. পি. এমের অনেকেই মার খায় কিন্তু সেটা গোপন থাকে। সি. পি. এম পার্টির মধ্যে সবাই সুবিচার পায় না। ও. সি. টু বাংলাদেশের সাধারণ মানুষ। আজকে কারো কোনও নিরাপত্তা নেই। আজকে ও. সি. খুন হচ্ছে, এস. আই খুন হচ্ছে। আপনার নিরাপত্তা নেই। আজকে এম. এল. এ মার খাচ্ছে। কেন এটা হল? কেন এই উচ্ছৃঙ্খলতা। আজকে আপনাদের দলের মধ্যে একটা দল যেমন মশারির মধ্যে একটা মশারি, সেইরকম দলের কুক্ষিগত কিছু মানুষ যারা এই দলটাকে চালাচ্ছে, পুলিশ প্রশাসনকে চালাচ্ছে।

[2-30 – 2-40 p.m.]

এখনও দুষ্কৃতীকারীরা অ্যারেস্ট হয়নি। আমি কংগ্রেসের এম. এল. এদের কথা বলছি না। আমার নিরাপত্তার কথা বলছি না। আমি ঈশ্বরে বিশ্বাস করি। আমার নিরাপত্তার কথা আমি জীবনেও বলতে আসব না আপনাকে। আমি আমাদের এম. এল. এদের কথা বলছি না। আপনাদের নিজেদের দলের কথাই বলছি। লুক আফটার দেম। আপনি পুলিশকে বলুন।

তাঁদের বাঁচান। পুলিশ প্রশাসনের জন্য আজকে ৬৩২ কোটি ৩৫ লক্ষ টাকা কেন দেওয়া হবে? একজন সার্জেন্ট গড়ের মাঠে গিয়ে নাবালিকাকে ধর্ষণ করবে তার জন্য এই টাকা বরাদ্দ করা হবে? একজন কনস্টেবল একজন অসহায় বিধবা মায়ের মেয়েকে তুলে নিয়ে এসে থানায় রেপ করবে তার জন্য এই টাকা? আপনি গোটা বিধানসভার প্রসিডিংস দেখবেন। এটা আমার কথা নয়। ইউ গো থ্রু দা প্রসিডিংস। একটা এম. এল. এ দাঁড়িয়ে পুলিশ বিভাগের প্রশংসা করছেন কিনা দেখবেন। একটা এম. এল. ও পুলিশের পক্ষে বলেননি। এমন কি আপনারা পার্টির এম. এল. এ.-রাও বলছেন না। সো হোয়াট ইজ দ্য পজিশন অফ দিজ ডিপার্টমেন্ট। কেন ৬৩২ কোটি ৩৫ লক্ষ টাকা দেওয়া হবে? আজকে একটা প্রশ্নের উত্তরে বলেছেন যে আমার বিরুদ্ধে যারা বলছেন, তাদের কমপেনসেশন কম দেব। হ্যাঁ, এটা দিতে পারেন। এটা আপনি হাসির ছলে বলেছেন, না সিরিয়াসলি বলেছেন, সেটা আমি জানি না। স্টেটসম্যান, আনন্দবাজার পত্রিকা, প্রতিদিন, সোনার বাংলা, বর্তমান, আজকাল, হিন্দি, উর্দু পেপার, একটা পেপারেরও এডিটোরিয়ালে বা কোনও সাধারণ সাংবাদিক আপনার ডিপার্টমেন্টের পক্ষে লিখেছে? আমি ২০ বছরের ইতিহাস ঘাঁটব না। ৫ বছরের নজির আমার কাছে আছে। আপনি বলবেন যে, সব নিউজ পেপারগুলো আমাদের বিরুদ্ধে কথা বলে এবং আপনারা স্টেটসম্যানকে দেন ৮৭ কোটি টাকা তাও লেখে না, আজকালকে দেন ৭৫-৭৬ কোটি টাকা, তাও লেখেনা। ঠিক আছে, গণশক্তি, না গণমুক্তি কি কাগজ আছে। আপনি সেই কাগজ থেকে গত ৫ বছরে বার করতে পারবেন? এনি ইস্যু ইন দ্যাট গণশক্তি? আপনি দেখুন যে, গত ৫ বছরে এই পুলিশ ডিপার্টমেন্টের পক্ষে একটা লাইন লিখেছে এই গণশক্তি কাগজ? আপনার এম. এল. এরা আপনার পক্ষে লিখছে না, আপনার এম. এল. এ-রা মার খাচ্ছে, মন্ত্রীরা মার খাচ্ছে। এখানকার কাগজ, জনসাধারণ, সবাই পুলিশ ডিপার্টমেন্টের বিরুদ্ধে। তাহলে এই ৬৩২ কোটি ৩৫ লক্ষ টাকা নেওয়ার কি প্রয়োজন আছে? ঠিক আছে। আমি সেই ব্যাপারে পরে আসব। আপনি জানেন যে, এই পুলিশের মধ্যে যে উচ্ছৃঙ্খলতা দেখা যাচ্ছে—তার কারণ জ্যোতিবাবু মুক্ত, আপনি কর্ণধারদের পদোন্নতি দিয়েছেন বা দুষ্কৃতীকারীদেরই রিওয়ার্ড দিয়েছেন, ফ্ল্যাগ দিয়েছেন। এই কারণেই হয়ত তারা আসকারা পেয়ে গেছে। মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে একটা কথা বলি যে, ছোটবেলায় শুনেছি—শ্মশানে শয়নে শান্তি বলে একটা কথা আছে। এই শ্মশান এবং শয়নের মাঝখানে একটা জায়গা আছে—সেটা হচ্ছে মর্গ। আজকে মন্ত্রী মহাশয়কে একটা কথা বলি—আমরা দেশের রাজনীতি করি! কোনও মর্গের কাছে আপনি কোনও দিন গেছেন কিনা আমি জানি না। মর্গে আমাকে ডেডবডি বার করতে যেতে হয়। সেখানে দাঁড়ানো যায় না। নো মেনটেনেন্স। নীলরতন মর্গ, কাঁটাপুকুর মর্গ, মফস্বলের মর্গ, সব জায়গায় একই অবস্থা। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি—আমার সঙ্গে গিয়ে আপনি যদি সেখানে ১০ মিনিট দাঁড়াতে পারেন, তাহলে আমি আপনাকে গোলাপ ফুলের মালা দিয়ে অভ্যর্থনা করব। মর্গে ডেডবডি আনতে গিয়ে দেখেছি যে, জীবন এবং শ্মশানের মাঝখানে যে মর্গ থাকে, সেখানে শান্তি নেই। আপনি দেখবেন যে, আমাদের আমলে যে এয়ারকণ্ডিশন সিস্টেম করে গিয়েছিলাম, ডিউ টু নন

মেনটেনেন্স সেগুলি নষ্ট হয়ে গেছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে, আপনি বাজেট ভাষণে এটা উল্লেখ করেছেন। আজকে ট্রাই টু মেইনটেন দিজ মর্গ। সেগুলোকে এয়ার-কণ্ডিশন করে মেইনটেনান্স করার চেষ্টা করুন। কাঁটাপুকুর মর্গ, নীলরতন মেডিক্যাল সেন্টার, মেডিক্যাল কলেজ, পি. জি.-তে মৃত্যুর পর যেখানে ডেডবডিগুলো থাকে তার মেইনটেনান্স করার চেষ্টা করুন। এটা আমার সাজেশন, দিস ইজ আণ্ডার ইউ। দিস ইজ আণ্ডার ইওর বাজেট প্রভিশন। আজকে পশ্চিমবঙ্গের থানাগুলোতে এস. পি.-দের লিখিত নির্দেশ দিন যে; তোমরা ইমপারশিয়ালি চলার চেষ্টা কর। কিন্তু আপনি সেটা পারবেন না। কারণ আলিমুদ্দিন স্ট্রীট উইল কনট্রোল। তাই আপনি লিখিত নির্দেশ দিতে পারবেন না। ও. সি. টু এস. পি. কে আপনি নিরপেক্ষ হয়ে চলার নির্দেশ দিতে পারবেন না। আপনি পার্টির একজন মন্ত্রী, কিন্তু আপনি কোনও নির্দেশ দিতে পারবেন না। আলিমুদ্দিন স্ট্রিট থেকে পার্টি যা নির্দেশ দেবে সেই নির্দেশ আপনাকে মেনে চলতে হবে। আপনার মেইন উদ্দেশ্য হল ক্ষমতা দখল করা এবং এই ক্ষমতা দখল করবেন উইথ দি হেল্প অফ দিস পুলিশ ফোর্স। আমি বিনয়ের সঙ্গে বলছি আপনি ও. সি., পুলিশ স্টেশন উঠিয়ে দিন এবং এটা গ্রামপঞ্চায়েতের হাতে দিয়ে দিন। গ্রামপঞ্চায়েতের প্রধান এটা চালাবেন। পুলিশ স্টেশন অ্যাবালিশ করে দিন। তাহলে থানা কে চালাবেন? এস. ডি. ও. অফিস, এস. পি. অফিস উঠিয়ে দিন। জেলাপরিষদের সভাধিপতি জেলাপরিষদের অফিস থেকে থানা চালাবেন। তাহলে আপনি পুলিশের খাতে যে ৬৩২ কোটি ৩৫ লক্ষ টাকা রেখেছেন সেটা লাগবে না। আপনার খরচা বেঁচে যাবে। এর ফলে আপনার যে মেইন টার্গেট ক্ষমতা দখল করা, সেটা ইজি হবে। কিন্তু পুলিশের মধ্যে ৫-১০ পারসেন্ট আছেন যাঁরা মানুষকে নিরপেক্ষ বিচার চান। অ্যাজ পার ইণ্ডিয়ান কনস্টিটিউশন ফাণ্ডামেন্টাল রাইট অফ দি পিপল, তারা সেটা সিজ করতে চান না। কিন্তু এই ৫-১০ পারসেন্ট পুলিশই যখন মাথাচাড়া দেয়, যখন কোনও পুলিশ অফিসার নিরপেক্ষ ভাবে কাজ করেন তখনই তাকে ট্রান্সফার করে দেওয়া হয়। যখনই কোনও পুলিশ অফিসার পশ্চিমবঙ্গের মানুষকে শান্তি দিতে চান তখনই উইদিন সিক্স মান্থস অ্যাজ পার রিপোর্ট অফ দি গ্রাম পঞ্চায়েত প্রধান অর এল. সি. এস., তাঁকে ট্রান্সফার করা হয়। আপনি পারবেন এটা রুখতে? এখানে কোনও পুলিশ অফিসার সি. পি. এম.-এর কোনও কমরেডের বিরুদ্ধে যদি চার্জশিট দেয় তাহলে হি উইল বি ট্রান্সফার্ড। আপনি এই ট্রান্সফারের ব্যাপারে কোনও নির্দেশ দিতে পারবেন? কাগজে বিবৃতি দিতে পারবেন? আজ পশ্চিমবঙ্গের মানুষ পুলিশের কাছে নিরপেক্ষ বিচার চেয়ে পাচ্ছে না। তবে আমি মাননীয় পুলিশমন্ত্রীকে একটা ব্যাপারে ধন্যবাদ জানাচ্ছি সেটা হল আমার কনস্টিটিউয়েন্সি সিউড়িতে একটা পাম্পকে মুক্ত করা যাচ্ছিল না। আমি তখন মন্ত্রীকে বললাম 'ল' কি নিজের হাতে নেব? তখন মন্ত্রী সততা দেখিয়ে পাম্প উদ্ধার করেছেন। এরজন্য হাউসের মাধ্যমে তাঁকে ধন্যবাদ দিলাম। প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে পুলিশ মিনিস্টার স্টেটমেন্ট দিয়েছেন। এই যে ম্যাল-প্র্যাকটিস এ ব্যাপারে আমরা তাঁর বক্তব্য জানতে চাই। তিনি বলেছেন হলুদ প্রশ্নপত্রের রহস্য বলব পরীক্ষা চুকলে।

[2-40 - 2-50 p.m.]

এটা ইরেসপনসিবল বক্তব্য হল না? একটা পুলিশ মন্ত্রী কাগজে এই বিবৃতি দিচ্ছেন 'হলুদ প্রশ্নপত্রের রহস্য বলব পরীক্ষা চুকলে'। আজকে কজনকে অ্যারেস্ট করেছেন? হোয়াট স্টেপস হ্যাভ ইউ টেকেন? আজকে বোর্ডের বিরুদ্ধে কি অ্যাকশন নিয়েছেন? সেখানে তো সি. পি. এম.-এর লোক, সি. পি. এম.-এর পিপল, সি. পি. এম. মনোভাবাপন্ন লোক। যদি সেখানে কংগ্রেসের মনোভাবাপন্ন লোক থাকত, সভাপতি, সেক্রেটারি থাকত কংগ্রেসের মানুষ তাহলে আর এই ইরেস্পন্সিবল বক্তব্যটা কাগজে দিতেন না, বলতেন, যত বড় কংগ্রেস নেতাই হোক ইমিডিয়েট গ্রেপ্তার করুন। আপনি তো এম. এল. এ.-দের বিরুদ্ধে বক্তব্য দিতে পারেন, এম. এল. এ.দের সমাজবিরোধী বলতে পারেন, আপনি তো যুক্তি দিয়ে অযৌক্তিক কথা বলতে পারেন। আজকে যদি কংগ্রেসের লোক, সুনীতি চট্টোরাজ কিছু বলে, কাগজে বিবৃতি দেবেন। কিন্তু যেখানে সি. পি. এম. মনোভাবাপন্ন লোক অন্যায় করছে, সেখানে পুলিশকে বলুন প্লিজ আস্ক ইওর পোলিশ ডিপার্টমেন্ট টু টেক প্রপার অ্যাকশন। ইণ্ডিয়ান কনস্টিটিউশনের ফাণ্ডামেন্টাল রাইটস-এর কোথাও বলা নেই সি. পি. এম. হলে আই. পি. সি.-র ৩২৩ ধারা, ৩২৬ ধারার বেশি উঠবে না—খুন করলেও। কিন্তু কংগ্রেসের মানুষ যদি ৩২৩-এর আসামী হয়, সিম্পল অ্যাসাল্টের কেস হয়, তাকে ডাকাতি, খুন, যে কোনও ভাবে আই. পি. সি.-র ধারার মধ্যে ঢুকিয়ে সর্বশান্ত করার চেষ্টা করছেন। আপনি কি বলতে পারবেন, ল' ফর এভরি বডি, ল' ফর জেনারেল, নট ফর ওনলি সি. পি. এম. পিপল? আপনাকে অত্যন্ত বিনয়ের সঙ্গে জিজ্ঞেস করছি, আজকে পশ্চিমবাংলায় যেভাবে পুলিশের প্রশাসন চলছে, তা কি ব্রিটিশ সাম্রাজ্যবাদের কথা মনে করিয়ে দিচ্ছেন না? তাদের পুলিশ তাদের কাছ থেকে উস্কানি পেয়ে সাধারণ মানুষের উপর অত্যাচার করত। লেটেস্ট ঘটনা বলছি একটি 'পুলিশের বুটের লাথিতে মৃত্যু লোধা যুবকের'। ব্রিটিশ সাম্রাজ্যবাদে যা হত, সেটা হল এখনকার পশ্চিমবাংলায়। বলেছেন, '৭ জনকে গ্রেপ্তার করেছি'। কিন্তু আমার প্রশ্ন, এই যে ধরাকে সরা জ্ঞান করার আস্কারা, এটা তারা পেল কোথা থেকে? আজকে কংগ্রেসের কোনও এম. এল. এ., এম. পি. থানায় গেলে ভালো ব্যবহার করা হয় না। কিন্তু সি. পি. এম.-এর কোনও অ্যান্টিসোশ্যাল শ্রীধরের মতো সমাজবিরোধী গেলে পুলিশ চেয়ার ছেড়ে দেয়, স্যার, বলে। আপনার প্রসাশন এখানে পৌছেছে। আপনি সেখানে খরচ করতে চাইছেন, ছয় শত তেইশ কোটি পয়ত্রিশ লক্ষ টাকা। আপনি বলছেন পুলিশের জন্য ফ্ল্যাট করবেন। আমি একটা কথা আপনাকে বলি, যখন আমি বলছিলাম গ্রাম পঞ্চায়েতের হাতে দিন, তখন আপনি হেসেছেন—থানাগুলো থানাতেই থাকবে। কিন্তু সেইগুলো তো ভেঙে যাচ্ছে, বীম ভেঙে পড়ছে, বৃষ্টি হলে জল পড়ে, পুলিশের থাকার ব্যবস্থা নেই, তাদের গাড়ি নেই, গাড়ি থাকলেও পেট্রোল নেই। ঐ যে বললাম, ৫ পারসেন্ট ইন্সপেক্টরও আছে, যারা ইন্টিরিয়র গ্রামে যেতে চায় ডাকাত ধরতে। তাদের বললে বলে, যাব কি করে—জীপ নেই। জীপ থাকলেও দেখা যায় পেট্রোল নেই। সাইকেলে করে তো আর ২১ মাইল দূরে গিয়ে

ডাকাত ধরা সম্ভব নয়। এই ব্যবস্থার পরিবর্তন করার চেষ্টা করুন। আমি কলকাতার সাথে ক্ল্যাশে যাব না। এই যে ৬২৩ কোটি ৩৫ লক্ষ টাকা, এই টাকার অন্তত এক চতুর্থাংশও গ্রামের মানুষ এবং থানার জন্য খরচ করুন। থানাগুলোর ইমপ্রুভ করুন। ২-১টা জীপ বাড়িয়ে দিন, পেট্রোল খরচ বাড়িয়ে দিন। ৫/১০ পারসেন্ট পুলিশ যারা কাজ করতে চায় তাদের এতে সুবিধা হবে এবং কাজ ভালো হবে বলে আমি মনে করি। মাননীয় স্পিকার মহাশয়, এই বলে কংগ্রেসের তরফ থেকে যে কাট-মোশন আনা হয়েছে তার সমর্থন করে এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের ব্যায়বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বরেণ বসু ঃ** মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় পুলিশ মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন তার সমর্থন করে এবং ওঁরা যে কাট-মোশন এনেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি।

স্যার, এই সরকারের গত বারের পুলিশ খাতে খরচ ছিল ৪.৬ পারসেন্ট। এবারে হয়েছে ৩.৬ পারসেন্ট। অর্থাৎ এবারে পুলিশ খাতে খরচ কমেছে। সাধারণ ভাবে বাজেটে অন্যান্য খাতের ব্যয়-বরাদ্দ থেকে পুলিশ খাতে ব্যয় বরাদ্দ কমেছে। পুলিশ খাতে ব্যয়-বরাদ্দ কমার সঙ্গে সঙ্গে একটা সুলক্ষন প্রকাশ পায়। সমাজের পূর্ণ স্থিতাবস্তা না থাকলে সাধারণ ভাবে আইন-শৃঙ্খলার যে পরিবেশ পরিস্থিতি, সেই পরিস্থিতির মধ্যে সামান্য কোথাও অসঙ্গতি থাকলে, তার একটা ধারা আছে, একটা গতি আছে। যে গতি ইতিবাচক গতি।

স্যার, ওয়াং চু কমিশনে-এ সাজাপ্রাপ্ত বন্ধু শ্রী সুনীতি চট্টোরাজ মহাশয়ের বক্তব্য মন দিয়ে শুনলাম। উনি ডিমোটেড হয়েছিলেন, মুশকিল হচ্ছে, উনি বক্তৃতায় বললেন, কংগ্রেসকে বাঁচাতে হবে না, সি. পি. এম. এম. এল. এ.-দের বাঁচান। আমি ১১.০৪.৭৭ তারিখে আপনাদের এম. এল. এ. শ্রীরথীন তালুকদার এখানে যে মেনশন উপস্থিত করেছিলেন সেটাতে দেখতে পাচ্ছি তিনি বলছেন, কংগ্রেস গোষ্ঠী রাজনীতিতে ১৭০০ কংগ্রেস কর্মী খুন হয়েছে। চণ্ডীপদ মিত্র কংগ্রেসিদের হাতে খুন হয়েছে, অখিলেশ বন্দোপাধ্যায় খুন হয়েছে এবং এই খুন কংগ্রেসের হাতে হয়েছে সি. পি. এম.-র হাতে হয়নি। এথেকে বোঝা যায়—চণ্ডীপদ মিত্রের আমল থেকে শুরু করে পরবর্তীকালের খুনগুলোর কথা কংগ্রেস এত তাড়াতাড়ি বিস্মরণ হয়ে যাবে এটা আমাদের চিন্তার মধ্যে ছিল না, ফলে নতুন করে বলতে হল।

স্যার, চণ্ডীপদ মিত্রের জাজমেট দিতে গিয়ে মহামান্য বিচারক একটা উক্তি করেছিলেন। সেটা এই রকম—

"The prosecution has been able to satisfy that Chandipada Mitra was done to death by some persons who belonged to a wing of the same party of which he was the local M.L.A. The murder of Chandipada Mitra took place in a very tragic circumstance. The tragedy is far more deeper because he had to lay down his life in the hands of those who

professed the ideology of his own party." সুতরাং, কংগ্রেসের কথা যতই বলা যায় ততই ভালো বলে আমার মনে হয়।

১৩.০৪.৯৪ তারিখে মাননীয় সদস্য বাপুলি মহাশয় বলছেন, এম. এল. ' . হওয়ার মূল্য কি যদি সিকিউরিটি না থাকে? আবার বলছেন, পুলিশ জোতদারদের সঙ্গে হাত মিলিয়ে ১৯২ জন চাষীকে খুন করেছে আর সিকিউরিটি বাড়াতে হচ্ছে। উনি এগুলো বলেছেন এই হাউসে, মেনশনের সময়।

[2-50 – 3-00 p.m.]

২৭শে মার্চ ১৯৭৫ সালে এখানে সুকুমার ব্যানার্জি মেনশন করেছেন যে বরাবনীতে পুলিশ, চোরাকারবারী এবং গুণ্ডাদের সাথে একসঙ্গে ঘুড়ে বেড়াচ্ছে, তাদের রাজত্ব চলছে। ১৯৭০ সালে কংগ্রেস কর্মীর হাতে অন্ততপক্ষে দু হাজার কর্মী এ রাজ্যে খুন হয়েছিল এক বছরের মধ্যে এবং জেলখানায় খুনের প্রতিবাদ করতে গিয়ে রাস্তায় নেমেছিলেন মৈত্রেয়ীদেবী, সত্যাজিৎ রায়, পান্নালাল দাশগুপ্ত। ৩১.৩.৭৭ তারিখে সুধীর বেরা মেনশন করেছেন অতীতের দিনগুলির কথা, ১৯৭০-৭৭ সালের কথা, এর জবাব আজকে দিন? তবেই আইনের অধিকার চাওয়ার নৈতিক অধিকার আপনাদের হবে। এ অধিকার আপনাদের তখনই জন্মাবে যখন আপনারা আগের সেই ৭টা বছর ধরে ১৯৭০ থেকে ১৯৭৭ সালের হিসাব মানুষের কাছে দেবেন। তুহিন সামন্ত এখানে মেনশন করেছেন বর্ধমান শহরে জোর করে চাঁদা আদায় হচ্ছে। অতীশবাবু এত ইরিটেটেড হচ্ছেন কেন? দয়া করে প্রোভোক করবেন না, কথাগুলি ভালো করে শুনুন, তাতে আমরা ভালো করে মত বিনিময় করতে পারব। এই চেহারা ১৯৭০ সাল থেকে ১৯৭৭ সালের মধ্যে হয়েছে, গুলি করে জেলখানায় মানুষ মারা হয়েছে। ২০ হাজার মানুষকে মিশায় গ্রেপ্তার করেছেন। শত শত কর্মীকে খুন করেছেন। যশোর রোডে তরতাজা ছেলেদের নামিয়ে গুলি করে মেরেছেন। বরানগরে, কাশীপুরে ১৫০ থেকে ২০০ ছেলেকে খুন করেছেন। তাই বলছি এই রাজ্যের পুলিশমন্ত্রীকে প্রশ্ন করার নৈতিক অধিকার কংগ্রেসের আছে বলে আমি মনে করি না। এ রাজ্যের মানুষের বিরুদ্ধে যে অসম যুদ্ধ আপনারা করেছেন, নিরপরাধ মানুষের বিরুদ্ধে যে জঘন্য আক্রমণ আপনারা সংগঠিত করেছেন। তারপরও এখানে দাঁড়িয়ে আজকে আইনশৃঙ্খলা নেই একথা বলার নৈতিক অধিকার আপনাদের আছে বলে মনে করেন? শুধু তাই নয় এখন এখানে বলা হচ্ছে যে মন্ত্রীর নিরাপত্তা নেই। লক্ষীকান্ত বোসের সমর্থক তিনি ক্যালকাটা কর্পোরেশনেও ছিলেন, তাঁকে মারধর করা হল। এই হাউজে একজন আরেকজনকে বলছেন কি করব স্যার, নিরাপত্তা দিন। এই চেহারা আমরা অতীতেও কংগ্রেসের মধ্যে দেখেছি। এখানে কংগ্রেস সদস্য বক্তব্য রাখতে গিয়ে বলেছিলেন সমাজে জটিলতা সৃষ্টি হয়েছে। আমি বলি যে এটা একটা অঙ্গরাজ্য। এই অঙ্গরাজ্যে আমাদের বাড়তি কিছু সমস্যা আছে। আমাদের অর্থনৈতিক সমস্যা আছে, সামাজিক সমস্যা আছে, যে সমস্যা স্বাধীনতার আগে দেশে ছিল। দেশ স্বাধীন হওয়ার পর তার

চারিত্রিক পরিবর্তন ঘটেছে, গুনগত পরিবর্তন ঘটেছে। এই রাজ্যের মানুষের রুটি-রুজির জীবন সংগ্রামে তার যে মহাকাব্য তৈরি হচ্ছে প্রতিদিন, এটা একটা দেশের মধ্যে একটা অংশ হিসাবে তৈরি হচ্ছে, তার একটা স্বাতন্ত্র বৈচিত্র্য আছে। কিন্তু তা সত্ত্বেও এ রাজ্যের মানুষের একটা ঐতিহ্য আছে, এটা অস্বীকার করা যায় না। দেশের প্রধানমন্ত্রী তিনি ফরেন ডিল করতে গিয়ে কিক-ব্যাক নিচ্ছেন। তাহলে ট্রাফিক পুলিশ চার আনা, আট আনা, এক টাকা নিলে তাকে টানাটানি করে কোনও লাভ আছে? যেখানে দেড় ডজন মন্ত্রী আসামীর কাঠগড়ায় অপেক্ষা করছে, জেলখানায় ঢুকবে, কি ঢুকবে না। তবে তার মানে ধরে নেবেন না যে ওই ট্রাফিক পুলিশের চার আনা নেওয়াতে আমার সমর্থন আছে তা নয়। দেশটা কোন্ পথে যাচ্ছে? নিশ্চয়ই তার ব্যতিক্রম পথে আছে পশ্চিমবাংলা। পশ্চিম বাংলা যে একটা ব্যতিক্রম তা আপনারা জানেন তাই এখানে কোন কাগজপত্র উত্থাপন করলেন না। শুধু এখানে বক্তৃতা করে বললেন, 'পশ্চিমবাংলায় দু'দিনে একটা করে মানুষ খুন হচ্ছে'। আমি আপনাদের এই কাগজ থেকে উল্লেখ করে বলতে চাই—২৩.৩.৯৭ তারিখ 'হিন্দুস্থান টাইমস' বলছে—বিহারে প্রতি ঘন্টায় ১৬ জন করে মানুষ খুন হচ্ছে। ন্যাশনাল ক্রাইম চার্টে বলা হচ্ছে, সারা দেশের মধ্যে সবচেয়ে বেশি ক্রাইম সংঘটিত হচ্ছে মধ্যপ্রদেশে। কংগ্রেস শাসিত রাজ্য মধ্যপ্রদেশে মোট ক্রাইমের ২২.২% সংঘটিত হচ্ছে। দ্বিতীয় স্থানে রয়েছে উত্তর-প্রদেশ। পশ্চিম বাংলা অনেক অনেক নিচে। জনসংখ্যার হিসাবের অনুপাতে এসব ক্ষেত্রে দিল্লি শহর আমাদের কলকাতা শহর থেকে অনেক অনেক ওপর দিয়ে যাচ্ছে। দিল্লির নাগাল'ও পাবেনা কলকাতা। দ্বিতীয় কথা হচ্ছে, মেয়েদের সম্পর্কে বলেছেন, 'মেয়েদের ওপর অত্যাচার হচ্ছে, নির্যাতন হচ্ছে ইত্যাদি ইত্যাদি। 'সাথে সাথে এক দুই তিন করে যারা ক্রিমিনাল অফেন্স করেছে তাদের দৃষ্টান্তমূলক সাজা দিতে হবে, ইত্যাদি বললেন। এ দাবি তো আমাদের সকলেরই। কিন্তু ঐসব কথার সাথে সাথে মাননীয় সদস্য পুলিশ বাহিনীকে যেভাবে কলঙ্কিত করলেন তাতে তিনি পশ্চিমবঙ্গ এবং কলকাতা পুলিশের প্রতি মর্যাদা দেখালেন না। এই প্রসঙ্গে আমি সারা দেশে মেয়েদের ওপর যে অফেন্সগুলো ঘটছে সেগুলো একটু তুলে ধরছি। এই মুহূর্তে দিল্লি শহরের চেহারাটা কি? ওমেন আর মোস্ট আনসেফ ইন দিল্লি—বলা হচ্ছে, ক্রাইম পারসেন্টেজের ৪.১% হচ্ছে দিল্লিতে অথচ সারা দেশের মোট জনসংখ্যার ১.১%-এর বাস দিল্লিতে। সুতরাং কার সঙ্গে কলকাতার তথা পশ্চিমবাংলার তুলনা করবেন? বিহারের কথা আমি আগেই বলেছি। আমি আবার বলছি ন্যাশনাল ক্রাইম চার্টে আমাদের রাজ্যের স্থান ১৩ নং বা ১৪ নং-এ। আমাদের ওপরে মধ্যপ্রদেশ, উত্তর-প্রদেশ, বিহার, রাজস্থান ইত্যাদি অনেক রাজ্য আছে। এরপর আমি কাস্টোডিয়ান ডেথ-এর কথায় আসি। ওমেন কাস্টোডিয়ান ডেথ-এর হায়ার রেটটা কোথায়; আপনাদেরই পরিচালতি রাজ্য ওড়িষ্যায়। সেখানে থানার মধ্যে ৮২ জনকে খুন করা হয়েছে। হায়েস্ট নম্বর গ্যাঙ রেপ হচ্ছে দিল্লিতে। এসব জিনিস ভারতবর্ষের অন্য যে কোনও রাজ্যের চেয়ে আমাদের এখানে অনেক কম। কীডন্যাপিং অ্যাট্রাকশন-এর ক্ষেত্রে হায়ার রেট দিল্লিতে—৭%; আর ন্যাশনাল অ্যাভারেজ হচ্ছে ১.১%। আর টোটাল ক্রাইম-এর ক্ষেত্রে দেখুন, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ, রাজস্থান, বিহার প্রভৃতি রাজ্যের অনেক

নিচে পশ্চিমবঙ্গের স্থান। এরপরে আসুন ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশনের কাছে যত অভিযোগ উপস্থাপিত করা হয়েছে তার মধ্যে উত্তর-প্রদেশে হয়েছে ১০৬৫টি, বিহারে ৪৫৩-টি, দিল্লিতে ৩৬৩-টি। আর পশ্চিমবাংলার স্থান এসবের অনেক নিচে।

[3-00 – 3-10 p.m.]

এরপরে আসা যাক কাস্টোডিয়ান ডেথে। ১৯৯৬ সালে ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশনের কাছে যে অভিযোগ উপস্থাপিত করা হয়েছে সেখানে বলছে পশ্চিমবঙ্গ অনেক নিচে আছে। ১২.৩.৯৭ তারিখের হিন্দুস্থান টাইমস দেখলেই আপনারা বুঝতে পারবেন। এরপরের কথা হচ্ছে, আমাদের রাজ্যে পুলিশ বে-হিসাবী হচ্ছে। ঠিকই। আমি আগেই বলেছি, ইকনমিক সোশ্যাল কজ এর সঙ্গে আছে। আমাদের একটা অবক্ষয়ী সংস্কৃতি। তার কারণ—এটা আপনারাই (কংগ্রেসরাই) সৃষ্টি করেছেন। দাঁড়ি কামানো ব্লেডে মেয়েদের ছবি বিজ্ঞাপন হিসাবে না দেখলে আপনাদের চলত না। এই ছিল আপনাদের বিজ্ঞাপনের নীতি। মেয়েদের পণ্য হিসাবে আপনারা দেখিয়েছেন এবং দেখেছেন। সেই মেয়েদের মানইজ্জত নিয়ে চলবার ক্ষেত্রে প্রশ্ন করা আপনাদের উচিত নয়। আপনাদের আত্ম জিজ্ঞাসা করা উচিত। যারা মেয়েদের ভোগের সামগ্রী হিসাবে উপস্থিত করেছেন, চিহ্নিত করেছেন, আজকে নারীদের মর্যাদা রক্ষা করার জন্য কপটাশ্রু ফেলে বান ডাকতে চাইছেন। এটা আপনাদের এক্তিয়ারের মধ্যে পড়ে না এই প্রশ্ন উত্থাপন করার। (নয়েজ) চিৎকার করবেন না, একটু অপেক্ষা করুন। নয়না সাহনীর কথা কেউ ভুলে যায়নি। এরপরের কথা আমি বলতে চাই, পুলিশের কথা শুনছে না, পুলিশের উপর আক্রমণ বাড়ছে। আমার কথা হচ্ছে, ৩ জন পুলিশ অফিসার মারা গেছেন। এই ৩ জন পুলিশ অফিসারের মৃত্যু খুবই দুঃখজনক। তবে পশ্চিমবাংলায় কে কি মনে করবেন আমি জানি না, তবে এই ৩ জন পুলিশ অফিসারের মৃত্যুতে গৌরব বোধ করা উচিত। কারণ ক্রিমিনালদের বিরুদ্ধে অ্যাকশন নিতে গিয়ে তারা বীর শহিদ হয়েছেন, বীরের মতন জীবন দিয়েছেন, তাদের মৃত্যু শহিদের মৃত্যু। কিন্তু আপনারা কি জবাব দেবেন? আজকে আপনারা জেলখানার প্রশ্ন তুলছেন। কিন্তু আপনাদের আমলে ৩০০ জন পুলিশকে খুন করেছেন। আপনারা ক'টার ক্ষেত্রে স্টেপস নিয়েছেন বলুন? ১৯৭০ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যে ৩০০ জন পুলিশ খুন হয়ে গেল ক'টার ক্ষেত্রে কেস ইনিসিয়েট করেছিলেন? ক'টার ক্ষেত্রে তার বিরুদ্ধে তদন্ত করেছেন, গ্রেপ্তার করেছেন? কজনকে আপনারা কমপেনসেশন দিয়েছেন? একজনের ক্ষেত্রেও দেননি। কিন্তু এই ৩ জনের ক্ষেত্রে মৃত্যুর সঙ্গে সঙ্গেই আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় তিনি সেখানে উপস্থিত হয়েছেন, সরকারের পক্ষ থেকে যতটুকু সাহায্য করা যায় তা দেওয়া হয়েছে এবং তাদের পরিবারকে চাকরি দেবার ক্ষেত্রে সাহায্য করা হচ্ছে, যদিও যে প্রাণ চলে গেছে তা আর ফিরে পাওয়া যাবে না। কিন্তু ইনিসিয়েটিভ নেওয়া হয়েছে যা আপনাদের আমলে ছিল না। এর পরে আসি, অ্যান্টিসোশ্যালরা কথা শুনছে না, লোক কথা শুনছে না বলছেন। শুনবে কি করে বলুন? রাস্তায় দাঁড়িয়ে আপনাদের একজন রেসপনসিবল লিডার যদি বলেন আমরা ১০ হাজার লোক আছি, রাইটার্স বিল্ডিংস-এ ১০০ জন পুলিশ আছে, অতএব চলো,

রাইটার্স বিল্ডিংস দখল করি। এর মানে কি? এর মানে হচ্ছে চলো, পুলিশ মারি। এইভাবে কখনো পুলিশের টুপি কেড়েছেন, পুলিশের মুখে কালো কালি মাখিয়ে দিয়েছেন, পুলিশকে চড়-চাপড় দিয়েছেন, কখনো পুলিশের চেয়ার কেড়ে নিয়েছেন, পুলিশের বিরুদ্ধে মানুষকে উত্তেজিত করেছেন, আইন ভঙ্গ করার কথা বলেছেন। আর এখন সেই ফল একটু ফলছে। সুতরাং চিৎকার করে আর লাভ নেই। তার কারণ, আপনারাই পুলিশের বিরুদ্ধে যেভাবে মানুষকে লেলিয়ে দিয়েছেন, মানুষকে আইন ভঙ্গ করার কথা শিখিয়েছেন, যেভাবে অপরাধ সংগঠিত করেছেন তার পরেও দাঁড়িয়ে সাফাই গাওয়ার সুযোগ এই হাউসে আছে বলে আমি ব্যক্তিগতভাবে মনে করি না। এর পরের বিষয় হচ্ছে. আমাদের রাজ্যে বিপদ আছে। আমাদের কেবল ভিতরে আইন-শৃঙ্খলার প্রশ্ন. নয়, বাইরের দেশ থেকেও ডিস্টেবিলাইজেশনের সমস্যা আছে। ধরুন, আমাদের পুরুলিয়া জেলায় এয়ার থেকে আর্মস ড্রপিং হল। সি. আই. ডি. ইনভেসটিগেশন শুরু করলেন। তারা আইডেনটিফাই করলেন, তাদের ওপিনিয়ন ছিল আনন্দমার্গী সম্পর্কে। আপনাদের একজন লিডার, অনারেব্‌ল মেম্বার, পার্লামেন্টের ফ্লোরে বললেন, আনন্দমার্গীদের অযথা হয়রানি করা হচ্ছে। তারপর সি. বি. আই. ইনভেস্টিগেশনের পরে কী জানা গেল? যে আর্মস ড্রপিংটা আনন্দমার্গীদের জন্যই হয়েছিল। এই ভাবে আপনারা ডিস্টেবিলাইজেশন করছেন। পুলিশের বিরুদ্ধে পিপল, জনগণকে প্ররোচিত করছেন, আইন ভাঙার পরামর্শ দিচ্ছেন। তারপর এখানে এসে বলছেন যে দেশে আইনের শাসন নেই। একটা বেসিক জায়গায় ওয়েস্ট বেঙ্গলের পুলিশ যে নীতির উপর গত ২০ বছর ধরে দাঁড়িয়েছিল, এখনও সেই জায়গায় দাঁড়িয়ে আছে। সেই প্রিন্সিপ্‌লটা হচ্ছে কোনও ডেমক্রাটিক মুভমেন্ট, ওয়ার্কিং ক্লাস বা পিজ্যান্টস মুভমেন্টে পুলিশ হস্তক্ষেপ করবে না বরং ডেমক্রাটিক রাইটকে প্রিজার্ভ করে পুলিশ ফোর্স তার ভূমিকা পাল· করছে। সুতরাং অস্বীকার করবেন কী করে? পরের প্রশ্নে আসছি। আপনারা পুলিশকে গালাগালি দেবেন, তার পর মুহূর্তে বলবেন আমাকে একটু দেখবেন, কারণ আমার নিরাপত্তা ইজ অ্যাট ষ্টেক। কমিউনাল হারমনিকে রক্ষা করার জন্য বা কোনও ন্যাচরাল ডিজাস্টার-এ বা কোনও ফেস্টিভ্যালে পুলিশ যে ভূমিকা পালন করে তা আমাদের রাজ্যের গর্ব, তা আমাদের রাজ্যের সম্পদ। পুলিশ ফোর্স তার ঐতিহ্য বহন করে চলেছে। যদিও এই পুলিশ ফোর্স ব্রিটিশ আমলে সেট আপ, ২০ বছরে এটা সম্পূর্ণ পরিবর্তন হয়ে যাবে, কোনও দুর্নীতি থাকবে না, কোনও খারাপ জিনিস থাকবে না এটা হতে পারে না। কিছু ব্যতিক্রম হতে পারে। কিন্তু সাধারণভাবে এটাকে অস্বীকার করবেন কী করে? ধরুন মাঝে মধ্যেই আলোচনার মাধ্যমে শুনি, আপনারা বলছেন—যেমন হিউম্যান রাইটস কমিশন তারা কী বলে, আপনারা ভালভাবে জানেন যে পশ্চিমবঙ্গ হচ্ছে প্রথম রাজ্য যেখানে হিউম্যান রাইটস কমিশন প্রথম গঠিত হয়। তার যে রিপোর্ট তা আপনাদের হাতে আছে, আমাদের হাতেও আছে, সকলের হাতেই আছে। এটাকে প্রেজেন্ট করতে গিয়ে জাস্টিস চিত্ততোষ মুখোপাধ্যায় তাঁর ইনট্রোডাক্টারি স্পিচে গর্ব অনুভব করেছেন, যা লিখিত আকারে এখানে উপস্থিত আছে। তিনি বলেছেন আমরা একটা ফেভারেব্‌ল সিচুয়েশনে কাজ করার চেষ্টা করছি। আমাদের অল্প সময়ের মধ্যে ইনফ্রাস্ট্রাকচার যা দরকার ছিল তা ভাল ভাবে না

থাকা সত্ত্বেও আমরা কাজটা শুরু করেছি এবং তিনি আরও বলেছেন যে আমরা পশ্চিমবঙ্গের প্রশাসনের কাছ থেকে ভাল রেসপন্স পাচ্ছি। সরকারের সহযোগিতা পাচ্ছি। আমরা বলতে পারি যে তিনটি ক্ষেত্রে তাঁর প্রস্তাব ছিল, যেমন একটা শ্রীনিবাশ পাখিরা, ফুলঝুরি, নৌসাদ শেখ, নদীয়া, এই যে তিনটে কাস্টডি ডেথের বিরুদ্ধে রেকমেনডেশন দেওয়া হয়েছিল, সরকার এই ব্যাপারে স্টেপ নিয়েছে। অ্যাকচুয়াল কমপ্লেন যেগুলো ছিল, সেইগুলো অল ইণ্ডিয়া অ্যাভারেজের তুলনায় অনেক কম। এখানকার জনগণ সচেতন। এখানকার মানুষ বাস্তবতা বোধসম্পন্ন। কমপ্লেন ফর্মে কমিশনের কাছে যা গেছে, সেই কেসের সংখ্যা ৫২৪। ডিসপোজ অফ হয়েছে ৪৮৩। অবজারভেশনে রয়েছে ৩৬৭টি আর একজামিনেশনে আছে ১১০টি। আর রেকমেণ্ডেশনের জন্য ছয় প্লাস দুই আটটি। যার ভিত্তি রাজ্য সরকার যা স্টেপ নেবার নেবে। ডাউরি ডেথের ক্ষেত্রে ভারতবর্ষের যে কোনও রাজ্যের থেকে এই রাজ্যে ঘটনা কম। আমাদের রাজ্যে মাত্র পাঁচটা ঘটনা ঘটেছে, হিউম্যান রাইটস কমিশন সেটা উল্লেখ করেছে।

[3-10 – 3-20 p.m.]

সাধারণভাবে হিউম্যান রাইটস কমিশনের যে অবজারভেশন এবং আমাদের যে কাজকর্ম তার মধ্যে দিয়ে যে পরিবেশ এবং পরিস্থিতি আমরা গড়ে তুলতে পেরেছি এখানে তাতে আমরা মনে করি যে একটা সুনির্দিষ্ট লক্ষ্যের পথে আমরা এগিয়ে যেতে পারছি। আমার এর পরের কথা হচ্ছে, এখানে কলকাতা নিয়ে অনেক চিৎকার করা হচ্ছে, বলা হচ্ছে, এখানে সব গেল গেল। এই প্রসঙ্গে একটা কথা বলি। যাত্রা শুরুর আগে আপনারা জানেন যে কনসার্ট হয়। কনসার্ট হবার পর যাত্রা দলের অভিনেতা-অভিনেত্রীরা মঞ্চে আসেন। আজকে এখানে পুলিশ বাজেট তাই এই রাজ্যের সর্বাধিক প্রচারিত কিছু কাগজ তারা বিরোধীদলের মুখে কিছু খোরাক যুগিয়ে দেওয়ার জন্য বেছে বেছে কিছু সংবাদ পরিবেশন করেছেন। অর্থাৎ সেই কন্সার্ট বেজে গিয়েছে। কাগজে যা ছাপানো হয়েছে তার থেকে বিরোধী দল তাদের বক্তব্য রাখতে গিয়ে কিছু কিছু হিসাব এখানে দিলেন কিন্তু আসল কথাটা ওরা বললেন না। কলকাতা, দিল্লি বম্বে, মাদ্রাজ—ভারতবর্ষের এই ৪টি মেট্রোপলিটন শহরের মধ্যে পশ্চিমবঙ্গের ল অ্যান্ড অর্ডার সিচুয়েশন যে সবচেয়ে ভাল সেটা বললেন না। চেন্নাইকে বাদ দিলে, তারা উপরে, অন্যদের থেকে অনেক নিচে। অর্থাৎ ওরা বললেন না যে ক্রাইম রেটে সমস্ত দিক থেকে আমরা হচ্ছি ভারতবর্ষের সমস্ত মেট্রোপলিটন শহরের থেকে ভাল। পপুলেশনের দিক থেকে যদি হিসাব নিয়ে দেখেন তাহলে দেখবেন কলকাতা লোয়েস্ট। এরজন্য নিশ্চয় আমরা গর্ব অনুভব করতে পারি। ইভিন দেন কিছু ঘটনা ঘটছে, ইভিন দেন কিছু আনটুয়ার্ড ইন্সিডেন্টস ঘটছে, কিছু দুঃখজনক ঘটনা ঘটছে। নিশ্চিতভাবে আমরা আশা করতে পারি যে এ ক্ষেত্রে পুলিশ বাহিনী উপযুক্ত ব্যবস্থা নেবেন, স্টেপস নেবেন। নিশ্চিতভাবে আমাদের পুলিশ বাহিনী খুনিদের চিহ্নিত করে তাদের খুঁজে বার করবেন এবং শাস্তির ব্যবস্থা করবেন। আমি আবার বলছি, যদি ক্রাইম রেটের কথা বলেন তাহলে এ ক্ষেত্রে আমাদের স্থান হচ্ছে

১২-তম, উড়িষ্যার ১৩-তম। ইনফরমেশন হিসাবে এখানে একথাটাও বলে রাখি যে উড়িষ্যা ১৩-তম জায়গাতে হলেও জনসংখ্যার দিক থেকে তারা কিন্তু আমাদের অর্ধেকেরও কম। এ ক্ষেত্রে এক নং জায়গায় আছে মধ্যপ্রদেশ। সেখানে ১ লক্ষ ৯৬ হাজার ৭২৩টা ক্রাইম সংগঠিত হয়েছে, আর পশ্চিমবঙ্গে হচ্ছে ৫৬ হাজার ৭২৩ আর উড়িষ্যা, যারা ১৩-তম স্থানে আছে তাদের হল ৫৩ হাজার ১৯৫ যার জনসংখ্যা হচ্ছে ৩।। কোটিও কম আর আমাদের জনসংখ্যা হচ্ছে ৭।। কোটিরও বেশি। অল ইন্ডিয়া অ্যাভারেজ যা এক্ষেত্রে আমাদের রাজ্যের অবস্থা কমপ্যারিটিভলি বেটার। আমাদের রাজ্যের ভিজিলেন্স কমিশনের কথাটাও একটু বলি। আমাদের সরকার এ ক্ষেত্রে সুনির্দিষ্টভাবে কিছু উদ্যোগ নিয়েছে। ভিজিলেন্স কমিশনের যে অবজারভেশন তাতে তারা পরিষ্কার ভাবে বলেছেন যে, যা রেকমেন্ডেশন উপস্থিত করা হচ্ছে, যা অভিযোগ সেখানে উপস্থিত করা হচ্ছে সেগুলি সুনির্দিষ্ট ভাবে বিচার করার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ যদি আরও একটু দায়িত্ব নিয়ে, আরও একটু পরিকল্পনামাফিক উদ্যোগ গ্রহণ করেন তাহলে সাধারণ ভাবে আমরা নিশ্চয় খানিকটা পজিটিভ জায়গায় যেতে পারি। এ ক্ষেত্রে আমাদের জেলগুলির অবস্থা সম্পর্কেও কিছু অবজারভেশন স্পেসিফিক ভাবে আছে। জেলের অ্যাডমিনিস্ট্রেশনের ক্ষেত্রে একটা অ্যাডমিনিস্ট্রেটিভ সেট-আপ করার যে ব্যবস্থা সে সম্পর্কে রাজ্য সরকার ইতিমধ্যেই পদক্ষেপ নিয়েছেন। সেখানে বদলি নীতি চালু করার মধ্যে দিয়ে একটা পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তাদের অবজারভেশনের যেটা ক্রিটিক্যাল পার্ট এবং স্টেট হিউম্যান রাইটস কমিশনও যেটা বলেছেন সেটা হচ্ছে, জেলগুলির মধ্যে জেল রক্ষী বাহিনীর সঙ্গে অ্যান্টি সোশ্যালদের সম্পর্কের ব্যাপারে। সে সম্পর্কে রাজ্য সরকার পদক্ষেপ নিয়েছেন এবং বদলির ব্যাপারে ইতিমধ্যেই কিছু সুনির্দিষ্ট পদক্ষেপ নিয়েছেন। স্যার, মাননীয় স্বরাষ্ট্র (পুলিশ) মন্ত্রী মাননীয় শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় পুলিশ খাতের যে ব্যয়বরাদ্দ আজ এখানে উপস্থিত করেছেন পরিশেষে আমি তা আবার সমর্থন করছি এবং বিরোধীদের আনা সমস্ত কাট মোশনের বিরোধিতা করছি। অডস যাই থাক না কেন, আমি চাইব পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য সকলে সহযোগিতা করবেন। একটা ব্যতিক্রমী দৃষ্টান্ত স্থাপন করে আসুন সকলে মিলে আমরা উদ্যোগ গ্রহণ করি পশ্চিমবাংলার শান্ত, সুস্থির পরিবেশ বজায় রাখতে। এই বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দিলীপ দাস ঃ** মিঃ স্পিকার স্যার, মাননীয় পুলিশ মন্ত্রী ২৯ নং দাবিতে ৬৬২ কোটি ৩৫ লক্ষ টাকার যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি। আর এই বিরোধিতার উপর আমি আমার বিচার বিশ্লেষণ রাখছি। গত বছরের চেয়ে এই বছরের এই বরাদ্দটা ১০৮ কোটি টাকারও বেশি। পুলিশ মন্ত্রী ব্যাখ্যা দিয়েছেন যে, ভাতা বৃদ্ধি, নতুন গাড়ি ক্রয়, গাড়ির সাজ-সরঞ্জাম কেনা এবং নতুন পদ সৃষ্টির জন্য বরাদ্দ বৃদ্ধির কারণ। কিন্তু দুঃখের বিষয়, উনি উল্লেখ করলেন না, গত বিধানসভা নির্বাচনের পর থেকে খুন, ডাকাতি, ধর্ষণ ইত্যাদি সবরকম অপরাধ যে বেড়ে গেছে সেটা। তিনি উল্লেখ করেছেন, 'উত্তরবঙ্গে উগ্রপন্থীরা ঢুকেছে এবং পুলিশ প্রশাসন সেদিকে নজর রেখেছে। এ-ব্যাপারে আমরা উদ্বিগ্ন'।

কিন্তু উনি একথা উল্লেখ করেননি, উল্লেখ করা উচিত ছিল, কিছুদিন আগে উত্তরবঙ্গের কোচবিহার জেলার বক্সীরহাটে আসামের উগ্রপন্থীরা ঢুকে ১১ জনকে নির্বিচারে হত্যা করেছিল, সেই ঘটনার কথা। তাই একটা গল্প মনে পড়ে যাচ্ছে। গল্পটা হচ্ছে—সম্রাট নীরো যেমন নিষ্ঠুর ছিলেন, তেমনি রসিকও ছিলেন। যখন গোটা রোম আগুনে পুড়ছিল তখন উনি বসে বীণা বাজাচ্ছিলেন। আজকে যখন সারা পশ্চিমবঙ্গ আগুনে জ্বলছে সি.পি.এম.-এর সন্ত্রাসে, তখন উনি ভুটানে গিয়ে বুদ্ধের ভজনা করছেন। এটা অবাক লাগছে আমাদের। এখানে আমি কতগুলি উদাহরণ তুলে ধরছি। আমি কেস নম্বর উল্লেখ করছি—আর.এস. কেস নং ১৭৮। ৯৬, জে.আর. কেস নং ৭৯৪।৯৬। এই ভাঙ্গাগড়ার ঘটনা আপনারা সকলেই জানেন, সেটা গত ৩.১০.১৯৯৬ তারিখ সকাল ৭টায় ঘটেছিল। সেখানে সি.পি.এম.-এর দুই; একজন হচ্ছেন সি.পি.এম., নাম হরেরাম মাহাতো এবং আর একজন হলেন পরমেশ্বর মাহাতো, এই দুইজন ভাঙ্গাগড়ার ঘটনায় ৮ জনকে খুন করেছিলেন। ঐ ঘটনার পর আমাদের পুলিশ মন্ত্রী একবার সেখানে যাওয়ার প্রয়োজনীয়তা বোধ করেননি। সেখানে আসামী কাদের করা হল? ভাবতেও অবাক লাগে। ঐ ৩.১০.১৯৯৬ তারিখে রামদেব মাহাতো এবং বরেনদেব মাহাতো বিহারের পুর্নিয়া থেকে ডাক্তার দেখিয়ে বেলা ৯টার সময় সেখানে নেমেছিলেন, কিন্তু ঘটনা ঘটেছিল সকাল ৭টা থেকে ৯টার মধ্যে, অথচ তাদের গ্রেপ্তার করা হল। পাশেই করণদিঘী থানা, অথচ ঘটনা ঘটবার ২ ঘন্টা পর পুলিশ সেখানে গিয়েছিল। পুলিশ সেখানে অপরাধীদের গ্রেপ্তার করল না। পরে তারা গ্রেপ্তার করল ঐ নিরীহ দুইজনকে।

[3-20 – 3-30 p.m.]

গ্রেপ্তার হল নিরীহ মানুষ। আমি কেস নম্বার দিয়েছিলাম, তার ডকুমেন্ট আছে। আর একটা ঘটনা উল্লেখ করছি। আমি এই রকম একটার পর একটা ঘটনা উল্লেখ করতে পারতাম, কিন্তু আমার সময় অল্প, সব বলার সময় পাব না। এবারে আমি রায়গঞ্জের একটা ঘটনার কথা উল্লেখ করছি। রাজগঞ্জে বরেন বৈশ্য, ডি.ওয়াই.এফ.-র বিশাল নেতা। পুলিশ বলে সি.পি.এম. করলে বেঁচে যাবে। কংগ্রেস করলে তার অপরাধ থাক বা না থাক যে কোনও মিথ্যা মামলায় জড়িয়ে দিচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করছি, উনি নিশ্চয়ই জবাব দেবেন। এই বরেন বৈশ্যের বিরুদ্ধে ২১টি মামলা আছে। তার মধ্যে কতকগুলি মামলার আমি উদাহরণ তুলে ধরছি। কেস নাম্বারগুলি আমি এখানে উল্লেখ করছি। জি.আর নম্বার ১৭৫/৯২, জি.আর নাম্বার ১১২২/৮৭, জি.আর নাম্বার ৭৭৭/৮৯, জি.আর নাম্বার ১৭৬/৯২, জি.আর নাম্বার ১৭৯/৯৭, জি.আর নাম্বার ৮৩৮/৮৯, জি.আর নাম্বার ৪১৪/৮৯, জি.আর নাম্বার ১৩৪/৯০, জি.আর নাম্বার ৩৩২/৯০, জি.আর নাম্বার ১১৩৭/৮৯। ২১টি কেসের মধ্যে আমি ১০ কেসের উদাহরণ দিলাম। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি অনুরোধ করছি উনি এর উত্তর দেবেন। রায়গঞ্জ থানার মতীপুর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান অর্জুন উপাধ্যায়-এর ভাই নারায়ণ উপাধ্যায়কে সি.পি.এম.-এর এল.সি.এম. তারিনী উপাধ্যায়ের নেতৃত্বে খুন করা হল। খুন করার পর কেস করা হয় এবং তার নাম্বার জি.আর কেস নাম্বার ৮২/৯৩।

পুলিশ তাকে চার্জশিট দিয়েছে। কিন্তু ডি.এম.-এর সুপারিশে ৯.৯.১৯৯৫ তারিখে সেই কেস তুলে নেওয়া হয়। ডি.এম. কি করে এই কেস তুলে নিতে বলল? এই যদি অবস্থা হয় তাহলে আপনাদের সামনে আমরা বিরোধী শক্তি কি করে টিকে থাকব?

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে।)

আমার পূর্ববর্তী বক্তা অনেক কথা বললেন, দিল্লি জাপান এই সব নিয়ে অনেক কথা বললেন। আর একটা ঘটনা বলি। ইসলামপুরের কারক বস্তি গ্রামে ওয়াশু এবং শাহনাজ বেগমের প্রেম হয়। এই ওয়াশু এবং শাহনাজ বেগমের প্রেমকে কেন্দ্র করে কি হল? খুন করা হল। এখানকার এল.সি.এম.

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

**Shrimati Shanta Chettri :** Hon'ble Speaker Sir, the 72 hour bandh in the hills called recently by three Branch Committees of the Gorkha National Liberation Front passed off peacefully. Nobody created or allowed to create law and order problem. The Administration too refrained from acting provocatively for which I thank the Hon'ble Minister, Home (Police) Department. The Minister's budget speech holds out a promise to make the state free from communal tensions and trouble. This statement can bc taken as an oblique reference in the hill also. In this connection let me make one thing clear. Seeds of communal feeling are sown and nurtured by some people living in the plains. Soil of the hills is not fertile for its growth. Nature has rendered hill people immune from the attack of communal virus. The Budget speech of the Hon'ble Minister highlights the need for a disciplined police force dedicated to the service of the people. This goal can be reached only when genuine grievances, problems and difficulties of police personnel are pinpointed and the Government addresses itself to their redressal.

Sir, In the hills police personnel are facing housing problems. They are herted in into crowded, crampled little space where they can neither breathe nor move freely. For a balance development of an individual physically, mentally and psychologically, freedom to breathe and move is a must. Deny it to him, he will degenerate, will be dehumanised. I, therefore, request the hon'ble minister to take into and remove as far as possible, the following problems confronting the law and order machinery of the hills.

(1) An immediate decision needs to be taken for the construction of residential quarters for all ranks of personnel from constables to

inspectors. There is also dearth of police barracks. This problem is also crying for solution. Existing buildings, than as, outposts etc. should be properly maintained and repaired from time to time.

(2) Sir, the provision for twenty beds in the proposed Bloom-field Police Lines is not adequate. In order to offset this and with a view to providing proper medical facilities and treatment both in the district and sub-divisions, hospitals should be set up exclusively for police personnel.

(3) Sir, with an increase in population and volume of traffic, the district has become accident-prone. If provided with vehicles, mobile traffic police can, to a large extent, bring down number of accidents.

(4) Sir, out of police superintendent fund two outposts have been constructed at Garidhura and Dilaram in Kurseong Constituency. They have started functioning. But, in the absence of government approval, financial constraints will take their toll on the outposts soon.

The Budget speech of the Hon'ble Minister talks about conferring more power on the Darjeeling Gorkha Hill Council. What can be inferred from this statement is that the Government is willing to transfer more departments to the Council. This means a person invested with power and authority be devoid of all means to enforce it. The only anti-dote for the simmering discontent engulfing the hills is upgradation of the Hill Council. I see no other way to tide over the crisis. The speech also dwells on economic, social, educational, cultural advancement of the hill areas of Darjeeling. I take up the words 'cultural progress' only. Sir, sometimes I feel an urge to speak in my own language in this House. But I have to smother my urge because uptill now no arrangement has been made for translator or interpreter. Is this the way to make hill people culturally advanced ? Does Marxism believe in the existence of 'higher and lower' races of mankind ?

With this, I conclude my statement. Thank you.

[3-30 – 3-40 p.m.]

**শ্রী সৌমেন্দ্রচন্দ্র দাস :** মাননীয় স্পিকার, স্যার, মাননীয় পুলিশ মন্ত্রী যে বাজেট উপস্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করে দু—চারটি কথা বলছি। কংগ্রেসি বন্ধুরা এতক্ষণ অনেক কথা বললেন। মাননীয় সদস্য শ্রী দিলীপ দাস মহাশয় যে কথা দিয়ে শেষ করলেন,

আমি সেখান থেকেই শুরু করছি। আইনশৃঙ্খলা রক্ষার নামে যদি পুলিশের কাজকর্মে জনপ্রতিনিধি বাধা সৃষ্টি করেন, তাহলে কি আইনশৃঙ্খলা ঠিকমতো রক্ষিত হয়? এখানে সুনীতি বাবু অনেকক্ষণ ধরে বললেন। গতমাসে পত্রিকায় বেরিয়েছিল যে, মাননীয় সদস্য দিলীপ দাস মহাশয় এক দঙ্গল লোক নিয়ে কিছু পুলিশ কর্মীকে কান ধরে ওঠবোস করিয়েছিলেন। এই অভিযোগ উঠেছিল। একজন জনপ্রতিনিধি যদি একজন সরকারি কর্মীর কাজকর্মে এই ভাবে ব্যাঘাত সৃষ্টি করেন, তাহলে কি দেশের কাজকর্ম চলতে পারে? ঘটনাটির সত্যাসত্য দেখে আপনি (মন্ত্রী মহাশয়) ব্যবস্থা নেবেন। এখানে সুনীতি বাবু যে কথাগুলো বলে গেলেন, তাতে পুলিশের মধ্যে সৎ, নিষ্ঠাবান যেসব পুলিশ কর্মী এখনও আছেন, তাঁদের মধ্যে হতাশা বেড়ে যাবে। আমরা দেখছি, দিনের বেলায় কলকাতা শহরে ডাকাতি, ধর্ষণ, খুন জখমের ঘটনা ঘটছে। আবার পাশাপশি আমরা এটাও দেখেছি যে, তিনজন পুলিশ কর্মী অপরাধ দমন করতে গিয়ে বীরের মতো মৃত্যুবরণ করলেন। আমাদের বিধানসভার পক্ষ থেকে সেই সমস্ত সৎ, নিষ্ঠাবান কর্মীদের অভিনন্দন জানানো উচিত। পুলিশ কর্মীদের অধিকাংশকে এরাই নিয়োগ করেছিল ১৯৭২-৭৭ সালে।

নিয়োগের ক্ষেত্রে একমাত্র যোগ্যতা ছিল যে তারা কংগ্রেস সমর্থক কিনা, নাসা এসমাকে হাতিয়ার করে জনসাধারণকে দমন পীড়নের নিরিখে ওইসব পুলিশকে নিয়োগ করা হয়েছিল। প্রশাসনের মধ্যে থেকে তারা জনজীবনকে আতঙ্কিত করে তুলেছিল। গত সাধারণ নির্বাচনের আগে আমরা লক্ষ্য করেছি যে ওদেরই দলের নেত্রী ঘোষণা করেছিলেন সমাজ বিরোধীরা কংগ্রেস প্রার্থী হয়ে দাঁড়িয়ে যখন মনোনয়ন পত্র পাচ্ছেন তখন তিনি আর ভোটে দাঁড়াবেন না। তাদের বাদ না দিলে তিনি ভোটে দাঁড়াবেন না। আমি পুলিশমন্ত্রীকে প্রশ্ন করতে চাই এসব সমাজ বিরোধিরা নির্বাচনে দাঁড়াচ্ছে আর প্রশাসন কি করছে? কারণ আপনার প্রশাসন যদি সঠিক থাকত তাহলে আজকে সমাজবিরোধীরা দাঁড়াতে পারত না। এই বিধানসভাতে দাঁড়িয়েই কংগ্রেসের বিধায়ক অধীর চৌধুরি আশঙ্কা প্রকাশ করেছেন যে তিনি যে কোনও সময়ে আক্রান্ত হতে পারেন এবং নিরাপত্তার দাবি করেছেন। আবার আমরা কয়েক দিন আগেই কাগজে দেখেছি যে, নবগ্রামের একজন অঞ্চল প্রধান নৃশংসভাবে খুন হয়েছেন। এখানে এই দুটি বিষয়ই কিন্তু নজর রাখার মতো—এক হচ্ছে নবগ্রামের অঞ্চল প্রধান খুন এবং অধীরবাবু আতঙ্কিত এবং নিরাপত্তার দাবি, এই দুটি বিষয় তদন্ত করে জানাবেন। এই ঘটনার তদন্ত করে যথা শীঘ্র আমাদের জানাবেন এই দাবি আমরা করছি। আরেকটি বিষয় গত কালকের কাগজে দেখলাম দিনের বেলা কলকাতার একজন ফরোয়ার্ড ব্লকের নেতা সত্যরঞ্জন বাজাজের বাড়িতে ডাকাতি হয়েছে। ডাকাতির সঙ্গে যুক্ত যারা তারা ধরা পড়েছেন কিনা এবং ধরা পড়ে থাকলে তার কি ব্যবস্থা গ্রহণ করেছেন জানাবেন এই দাবি আমি রাখছি। সেই সাথে আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে যে, আমাদের আইনশৃঙ্খলার সমস্যা একটা বিচ্ছিন্ন ঘটনা নয়। মাননীয় মন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন যে ভারতবর্ষ একটা পুঁজিবাদী রাষ্ট্র ব্যবস্থা এবং সেই পুঁজিবাদী ব্যবস্থা আজকে ক্ষয়িষ্ণু হতে চলেছে, পচে

গলে দুর্গন্ধ ছড়িয়ে পড়েছে, সেই অবস্থার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের আইনশৃঙ্খলায় স্বর্গ রাজ্য বিরাজ করবে এতো আর হতে পারে না। একথা ভাবাও সঠিক হবে না। এবং কোনও দিনও তা ছিল না। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল অবধি যদি দেখি তাহলে দেখা যাবে ওই সময়ে কি অবস্থা ছিল। সকাল বেলা যিনি বেরতেন তিনি বা তার বাড়ির লোক জানতেন না তিনি রাতে নিশ্চিন্তে বাড়ি ফিরবেন কিনা, থানার লকআপে মৃত্যু তো একটা হামেশা ঘটনা হয়ে দাঁড়িয়েছিল। তারপরে কোচবিহারে জেনটেন স্কুলের শিক্ষককে সি.আর.পি.-কে দিয়ে হত্যা করা হয়েছিল। মাথাভাঙ্গার রেবতী ভট্টাচার্যকে দিনের বেলা হত্যা করেছিলেন, আজকে তারা কিনা কংগ্রেস আমলে আইনশৃঙ্খলার কথা বললেন। একটা জঙ্গলের রাজত্বে পরিণত করে দিয়েছিলেন, মানুষের কোনও অধিকার ছিল না। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রীর কাছে আরেকটি বিষয়ে বলব সেটা হচ্ছে যে, আমাদের ন্যায় সঙ্গত গণতান্ত্রিক আন্দোলনের ক্ষেত্রে কংগ্রেস আমলের মতো সকাল বিকালে গুলি চলে না। আজকে বামফ্রন্ট সরকার সিদ্ধান্তই ঘোষণা করেছেন যে ন্যায়সঙ্গত গণতান্ত্রিক মিছিল, আন্দোলনের উপরে পুলিশি হস্তক্ষেপ হবে না। কিন্তু আমরা মাঝে মাঝে লক্ষ্য করেছি পুলিশের এক শ্রেণীর অফিসার বা আমলারা গণতান্ত্রিক আন্দোলনের উপরে লাঠি পেটা করেছেন, বাধা দিয়েছেন এবং থানার লক আপে ধরে নিয়ে গিয়ে তাদেরকে মেরেছেন। কয়েক দিন আগেই কাগজে দেখলাম যে, কোচবিহারে কয়েকজন এস.ইউ.সি.আই. পথ অবরোধ করে বিশৃঙ্খলা সৃষ্টি করার চেষ্টা করেছিলেন। তারা পুলিশকেও প্ররোচিত করেছিল এবং ঢিল মারবারও চেষ্টা করেছিলেন। ওই এস.ইউ.সি.আই. সমর্থকদের পুলিশ থানায় নিয়ে লক আপে পুরে এক একজন করে বার করে রাতের অন্ধকারে তাদের মেরেছিল। এই অভিযোগ আমরা পত্রিকাতে দেখেছি। আমি মাননীয় মন্ত্রীর কাছে এর তদন্তের দাবি জানাচ্ছি এবং প্রকৃত ঘটনা উদ্ঘাটনের দাবি জানাচ্ছি। আমাদের রাজ্যের গোয়েন্দা দপ্তর একটি বড় দপ্তর এবং প্রশংসার কাজ করে থাকেন। কোচবিহার বিমান বন্দরের যে রেডার চুরি হয়ে গেছিল তা গোয়েন্দা দপ্তরই খুঁজে বের করে দিয়েছিলেন, এরজন্য অভিনন্দন জানাচ্ছি।

গত কয়েকদিন আগে ঐ সুদুর আন্দামান থেকে প্রায় ৫ হাজার মানুষ কোচবিহারে এসেছে। তারা আজাদ হিন্দ বাহিনীর পতাকা নিয়ে কোচবিহারে থেকে মিছিল বের করে, কোচবিহারের জেলা পরিষদের ভবন থেকে জাতীয় পতাকা নামিয়ে দিল, অথচ পুলিশ প্রশাসন তার কোনও খবরই রাখল না। এতবড় গোয়েন্দা প্রশাসন তাহলে কি করছে, সেটা আমরা জানতে চাই? গত কয়েক বছর আগে কোচবিহার থেকে তাদের আরাদ্ধ দেবতা মদন মোহনের যে বিগ্রহ চুরি হয়ে গেল, সেই বিগ্রহ আজও পুলিশ প্রশাসন উদ্ধার করতে পারল না। মদন মোহনের মূর্তি খুঁজে বের করতে পুলিশ প্রশাসন সক্ষম হয়নি। আমি আশা করব এই ব্যাপারে মাননীয় মন্ত্রী, কোচবিহারের মানুষের আশা প্রত্যাশার ব্যাপারে নিশ্চিত করবেন। আর একটি বিষয়ে উল্লেখ করি, আইনশৃঙ্খলা কোনও রাজ্যে বিঘ্নিত হলে, তার পাশের রাজ্যে কিছুটা প্রভাবিত হয়। আমাদের উত্তরবঙ্গে বক্সিরহাট বলে একটি জায়গা আছে,—আপনারা

জানেন আসামে আলফা-উলফা নামে একটি দল, তারা সেখানে বিভিন্ন রকম ষড়যন্ত্রকার কাজ করছে,—সেখানে তারা প্রতিবেশী জেলাকেও বিভিন্ন ভাবে বিঘ্নিত করছে। ওখানকার লোকেরা এখানে পালিয়ে আসছে, কোচবিহারে অস্ত্রশস্ত্রও চলে আসছে বাংলাদেশ বর্ডার হয়ে ফলে হাসিমারায় খুনখারাপি বাড়ছে। এই বিষয়ে অবিলম্বে নজর দেওয়া দরকার। আমরা দেখছি, কোকরাঝাড়ে যে দাঙ্গা হয়ে গেল, সেখানে সাঁওতাল মানুষ ছিন্নমূল হয়ে গেল তারা এখন তুফানগঞ্জে এসে আশ্রয় গ্রহণ করছে, ফলে সেখানকার আইন শৃঙ্খলা প্রশাসনিক ব্যবস্থায় বিঘ্নিত হচ্ছে। আজকে প্যারোকিয়াল মুভমেন্ট, আইনশৃঙ্খলা নিয়ে সমস্যা দেখা যাচ্ছে, এই ব্যাপারে সতর্ক হওয়া দরকার। দার্জিলিং জেলা পৃথক রাজ্য হবে কি না, পৃথক দেশ হবে কি না, এই নিয়ে ষড়যন্ত্র চলছে। এই বিষয়টিকে মোকাবিলা করার জন্য মাননীয় মন্ত্রীকে সজাগ থাকার জন্য অনুরোধ করছি। পুরুলিয়া জেলায় আমরা দেখেছি, সেখানে অস্ত্র ফেলে দেওয়া হল, নরসিমা রাওরা এই ব্যাপারে যুক্ত কিনা দেখা দরকার, সেখানে অস্ত্র ফেলে দিয়ে মানুষের কাছে প্রমাণ করতে চাইল, পশ্চিমবাংলার আইন শৃঙ্খলার অবস্থা অতি খারাপ, এটা দেখানোর জন্যই এই অস্ত্র ফেলার চেষ্টা হয়েছে। পুরুলিয়া, বাঁকুড়ায় ঝাড়খন্ডিদের ব্যাপারে যারা তাদের আন্দোলনকে ইন্ধন জোগাচ্ছে, তাদের ব্যাপারে সর্তক হওয়া দরকার, কংগ্রেস দল এই ইন্ধনের মধ্যে আছে কিনা সেটা খোঁজ নেওয়া দরকার। এই সম্পর্কে আমি একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই, বীরভূম জেলায় কয়েক বছর আগে রামপুরহাটে ডাক্তার বদলিকে কেন্দ্র করে নিরস্ত্র মানুষের মিছিলের উপর পুলিশ গুলি চালিয়ে দিল, এতে একজন ছাত্র মারা গেল, কিন্তু দোষী পুলিশ অফিসারের সাজা হল না, অথচ সাধারণ মানুষকে আজও আদালতের কাঠগড়ায় সকালে বিকালে হাজিরা দিতে হচ্ছে। যে পুলিশ প্রশাসন এর অংশ সঠিক ভাবে কাজ করছে তাদেরকে উৎসাহ দেওয়া দরকার, পুরস্কৃত করা দরকার, যে অংশ সমাজবিরোধীদের কার্যকলাপের সঙ্গে লিপ্ত হয়ে আছে, যে অংশ ঘুষ খাওয়ার সঙ্গে লিপ্ত, যে অংশ সরকারকে সাধারণ মানুষের কাছে বিপর্যস্ত করছে, তাদের ব্যাপারে তদন্ত হওয়া দরকার। ভিজিলেন্স কমিশনকে আরও অ্যাকটিভ হওয়া দরকার। মানবাধিকার কমিশন আমাদের রাজ্যে সুষ্ঠুভাবে কাজ করছে, সেটা জাতীয় মানবাধিকার কমিশন স্বীকার করছে। পশ্চিমবাংলা একমাত্র রাজ্যে যেখানে প্রথম এই মানবাধিকার কমিশন তৈরি করা হয়েছে। জেলখানার হাজতে মৃত্যু এইগুলি ঠেকানোর ক্ষেত্রে কিছু কাজ এই মানবাধিকার কমিশন করেছে। তবে একটি কথা এখানে বলা দরকার, প্রতিদিন সকালের খবরের কাগজে দেখা যায়, নারী নির্যাতন, খুন এর ঘটনা। এক্ষেত্রে আমাদের এখানে এটা কত কম, অন্য রাজ্যে কত বেশি বিহার উত্তর প্রদেশে কত বেশি, এটা আমাদের বিচার্য বিষয় নয়। বিহারে তো আর বিবেকানন্দ জন্মায়নি, উত্তরপ্রদেশে রামকৃষ্ণ, অন্ধ্র প্রদেশে নেতাজী জন্মায়নি, তাই আমরা চাই, এই খুনী অপরাধী যারা নারী নির্য্যাতনের সঙ্গে যুক্ত, তাদের ব্যাপারে পুলিশ প্রশাসন অত্যন্ত বলিষ্ঠ ভূমিকা গ্রহণ করবে, এটা আমরা দাবি করি। কারণ প্রতিদিন খবরের কাগজের পাতায় পাতায় টেবিল চাপড়ে কিছু হবে না, নয়না সাহানীর কথা আজও পশ্চিমবাংলার মানুষ ভুলে যায়নি।

[3-40 – 3-50 p.m.]

স্বাধীনতার পর পঞ্চাশ বছর হয়ে গেল লজ্জায় মাথা নত হয়ে যায়, দুর্নীতি, ভ্রষ্টাচার দেশের প্রধানমন্ত্রী সহ সমস্ত মন্ত্রীরা অভিযুক্ত। আরেকটা কথা মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই যে, আমরা আশঙ্কিত, ভীত, কংগ্রেস দল ভেঙে যাওয়ার মুখে এসেছে। ওরা এক গোষ্ঠী অপর গোষ্ঠীর দিকে ছুরি তুলবে। প্রশাসনকে সজাগ থাকা দরকার। কারণ আইনশৃঙ্খলা বিঘ্নিত হবে। পরিষ্কারভাবে আরেকটা কথা বলতে চাই, কোচবিহারে ৫ হাজার মানুষ বাইরে থেকে ঢুকে গেল, অথচ প্রশাসন কোনও খোঁজ রাখল না। তাতে মাঝে মাঝে মনে হয় প্রশাসনের কাজে কি গতি আছে? উত্তরবঙ্গে প্যারোকিয়াল মুভমেন্ট সৃষ্টি করবার জন্য, একশ্রেণীর সুযোগসন্ধানী নেতা ব্যক্তিস্বার্থ চরিতার্থ করবার জন্য, মানুষে মানুষে বিভেদ, দাঙ্গা সৃষ্টি করার চেষ্টা করছে। যেটা এই রাজ্যে গত ২০ বছর ধরে ছিল না। আইনশৃঙ্খলার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ১২ নম্বরে আছে। কেন এই ১২ নম্বর। আমরা ১২ নম্বরে খুশি নই। আরেকটা কথা বলি। প্রকৃত ঘটনার তদন্ত করতে হবে। এই যে অফিসারকে কান ধরাচ্ছে চড় মারছে, চেয়ারে বসে পড়ছে। এইসব তদন্ত করতে হবে। কেউই আইনের উর্ধ্বে নয়। প্রধানমন্ত্রী, এম. এল. এ, মন্ত্রী কেউই আইনের উর্ধ্বে নয়। আইনকে সঠিকভাবে প্রয়োগ করতে হবে। মাননীয় মন্ত্রী উপযুক্ত ব্যবস্থা নিয়ে হাউসকে জানাবেন। পশ্চিমবাংলার আইনশৃঙ্খলা রক্ষার ক্ষেত্রে যে সমস্ত সৎ, ন্যায়নিষ্ঠ পুলিশ অফিসার আছেন, তাঁদের ধন্যবাদ দিয়ে, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পরেশ পাল :** মাননীয় পুলিশমন্ত্রী ৬৬২ কোটি ৩৫ লক্ষ টাকার বাজেট পেশ করেছেন। কোন পুলিশের জন্য এই বাজেট পেশ করেছেন আজকে আমি সেকথা বলব। এই বাজেট-এর বিরোধিতা করে, কংগ্রেসের আনা কাট মোশন সমর্থন করে আমার বক্তব্য রাখছি এখানে বক্তব্য রাখতে গিয়ে একটা কথা বারবার মনে পড়ছে। এক বৃদ্ধ ভদ্রলোকের কথা। বড়বাজার থেকে বেলেঘাটা, বরানগর থেকে বেহালা, স্যার, ডাকাতি, চুরি, রাহাজানি—সমস্ত মানুষ আতঙ্কিত। গত ৩০শে মার্চ কাঁকুড়গাছিতে এক ডাক্তারের বাড়িতে প্রকাশ্য দিবালোকে—দুটোর সময়ে ডাকাতি হয়। সেই ডাকাতদের একজনকে পাড়ার লোকেরা জান কবুল করে ধরে ফেলে। আর পাঁচজন অটো করে পালিয়ে যায়। পুলিশের জীপ তাদের পিছনে তাড়া করে। সেই বৃদ্ধ ভদ্রলোক তখন বলতে থাকেন তোমরা এখানে কি করছ। তোমরা পুলিশমন্ত্রী আর মুখ্যমন্ত্রীকে ধর। মুখ্যমন্ত্রীই তো পুলিশমন্ত্রী। আমি বললাম না এখন পুলিশমন্ত্রী বুদ্ধদেব বাবু। তিনি এখন পুলিশমন্ত্রী এবং তথ্য সংস্কৃতি মন্ত্রী। সেই লোকটি অত্যন্ত ক্ষোভের সঙ্গে বললেন, উনি না ক্যাবিনেটকে চোর বলে ক্যাবিনেট ছেড়ে চলে গিয়েছিলেন। দেহে নেই বল, কাঁধে দুটো বন্দুক। একটা চালাতে পারেন না, আবার দুটো চালান। তখন আমি তাঁকে বললাম ওঁকে বলে লাভ নেই। গোড়ার গলদ। কারণ বামফ্রন্টের যা পলিসি তাতে বুদ্ধদেব বাবু কেন, যে কেউ আসুন না কেন, কিছুই হবে না। দেশের অবস্থা খারাপ হবে। আমি তাঁকে বললাম ওরা যখন প্রথম আসে নিজেদের দল সর্বস্ব রাজনীতি করতে গিয়ে ওরাই

প্রথম পুলিশের মধ্যে ইউনিয়ন করে, যা আর ভারতবর্ষের কোথাও নেই। মহেন্দ্র মণ্ডল—যিনি পুলিশ ইউনিয়নের সাধারণ সম্পাদক, তিনি হচ্ছেন ওখানকার অসীম ক্ষমতার অধিকারী। তার ক্ষমতা অসীম। কোথায় ট্রাসফার হবে, কোথায় পোস্টিং হবে, সবই তিনি ব্যবস্থা করেন এবং পুলিশের নিয়ম অনুয়ায়ী ৫ বছর একটা জায়গায় পোস্টিং থাকতে পারে, তার বেশি থাকতে পারে না। কিন্তু এই ইউনিয়নের দয়ায়, এই সম্পাদকের দয়ায় ৫ বছর কেন, ১৫-২০ বছর পর্যন্তও থাকছেন। অনেকদিন এখানকার যিনি সি. পি. কিন্তু ইউনিয়নের জোরে দেড় দু মাস হয়ে গেছে, কিন্তু বসে আছে আপনি জানেন পুলিশ মন্ত্রী? না জানেন না। রশিদ কেলেঙ্কারীর ঘটনায় জড়িত রশিদ কেলেঙ্কারীর ঘটনায় জড়িত রশিদ এখন জেলে বসে আছে। মাইকেল, যিনি রশিদের অন্যতম সাক্ষী, তার বোন জুলি বোম্ব ব্লাস্টে মারা গেছে। তারপরেও রশিদ এখন জেলের মধ্যেই বসে সেলুলার ফোন ব্যবহার করছে, এবং সেই সেলুলার ফোন ব্যবহার করে বৌবাজার থানার পুলিশকে ইনফ্লুয়েন্স করছে যে, তার যেন কেউ সাক্ষী না থাকে। সাক্ষীদের ধরপাকড় করছে। এই তো হচ্ছে পুলিশের অবস্থা। স্যার, আপনি পুলিশ মন্ত্রীকে ডাকুন। ভদ্রেশ্বর থানার ওসিকে খুন করা হল। কে খুন করল? খুন করল চাঁপদানীর দীপুয়া। দীপুয়া এই ওসি খুন হওয়ার ২ মাস আগে বড়বাজারে ডাকাতি করতে এসে বড়বাজারের একটা ব্যবসায়ী বাবুয়া নাম, তাকে খুন করা হল। খুন করার পর দীপুয়াকে এই ডিপার্টমেন্ট থেকে খুঁজতে যাওয়া হয়েছিল। কিন্তু তারপর আর তাকে খোঁজা হল না। (গোলমাল) তারপর ভদ্রেশ্বর থানার ওসিকে এই দীপুয়াই খুন করেছিল। পুলিশমন্ত্রী বলেছিলেন যে, ৩ দিনের মধ্যে ধরা হবে। কিন্তু দেড় মাস হয়ে গেল, আজ পর্যন্ত দীপুয়াকে ধরা গেল না। অথচ মুখ্যমন্ত্রীর কনভয় যাওয়ার সময় একটা গরু কনভয় আটকেছিল। তারজন্য মহাকরণ থেকে ধরপাকড় চলল লালবাজার পর্যন্ত। তোলপাড় করে ৪৬টা গরুকে আটকে দিয়েছে। এই পুলিশই কিন্তু আজ পর্যন্ত দীপুয়াকে গ্রেপ্তার করতে পারল না। কি দুর্ভাগ্যজনক অবস্থা আমাদের স্টেটে চলছে। এই পুলিশমন্ত্রীর বাজেটে কিভাবে অপচয় হয় সেটা দেখুন। পুলিশমন্ত্রী গৌতম চক্রবর্তীকে বহু টাকা পয়সা খরচ করে আমেরিকায় পাঠিয়েছিলেন—কোন ক্রাইমকে কিভাবে ইনভেস্টিগেশন করা হবে, সেটা শেখার জন্য। তারপর অনেক টাকাপয়সা খরচ করে, যখন সেখান থেকে ট্রেনিং নিয়ে তিনি ফিরে এলেন, তাঁকে পোস্টিং দেওয়া হয়েছে চাল, গম, তেল এই সমস্ত জিনিসের কোয়ালিটি ঠিকমতো দেখার জন্য। রাজ কানোরিয়াকে লণ্ডনে পাঠিয়েছেন পুলিশ কিভাবে আইনশৃঙ্খলা রক্ষা করবে, সেটা শেখার জন্য ট্রেনিং দিতে। আমরা পরে দেখব যে, তিনি ট্রাফিক ডিপার্টমেন্টে আছেন। এই হচ্ছে পুলিশ বাজেটের অবস্থা। এইভাবে টাকা পয়সার অপচয় হয়। স্যার, কংগ্রেস রাজত্বে ৫৫ হাজার পুলিশ ছিল। সি. পি. এমের রাজত্বে ৭২ হাজার পুলিশ। কংগ্রেস আমলে রাজ্যে একজন আই. জি., দুইজন ডি. জি. ১৩ জন এ. ডি. জি. ছিলেন। এখানে ৪ জন ডি. জি., ৯ জন আই. জি., এবং ৩৬ জন এ. ডি. জি. আছেন।

(এখানে মাইক অফ হয়ে যায়।)

[3-50 – 4-00 p.m.]

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় পুলিশ মন্ত্রী ১৯৯৭-৯৮ সালের যে ব্যয়বরাদ্দের প্রস্তাবে ৬৬২ কোটি ৩৫ লক্ষ টাকা রেখেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের আনীত কাট মোশনকে সমর্থন করছি। আমি এখানে বলতে চাই যে, গত ১৯.২.৯৭ তারিখে ভদ্রেশ্বর থানার ও. সি. ভোলানাথ ভাদুড়ি খুন হন। তিনি খুন হওয়ার পর ২০ তারিখে রাজ্যের পুলিশ মন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য চুঁচুড়া পুলিশ লাইনে গিয়ে নিহত পুলিশ অফিসারের মৃতদেহে মাল্যদান করে সেখানে কতকগুলো প্রতিশ্রুতি দিয়েছিলেন। সেই ব্যাপারে তিনি বিধানসভায় বিবৃতি রেখেছেন। আমি বিরোধী দলের প্রতিনিধি হিসাবে ওনার সঙ্গে দেখা করে বলেছিলাম যে, যারা এই খুন করেছে সেই দিপুয়া ও কালুয়া মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির লোক। তারা বিগত পৌরসভা নির্বাচনে চাঁপদানী পৌরসভার চেয়ারম্যানকে বোমা মেরেছিল। তখন থানায় এই ব্যাপার জানিয়েছিলাম এস. পি.-কেও এই ব্যাপারটা জানিয়েছিলাম। কিন্তু দিপুয়া ও কালুয়াকে পুলিশ গ্রেপ্তার করেনি। এই দিপুয়া ও কালুয়া বিগত পৌরসভা নির্বাচনে এবং বিধানসভা নির্বাচনে চাঁপদানী কেন্দ্রের কংগ্রেস প্রার্থীকে হয়রানি করেছিল এবং তখন আমাদের পক্ষ থেকে এব্যাপারে চাঁপদানী থানায় অভিযোগ করা হয়েছিল। এদেরকে হুগলিতে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির নেতারা মদত দিচ্ছেন এবং প্রশ্রয় দিয়েছেন। আর তারই ফলস্বরূপ ভদ্রেশ্বর থানার এই নিষ্পাপ পুলিশ অফিসার খুন হন। এই খুনের ব্যাপারে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির জেলা নেতৃত্ব দায়ী। তারা এই সমাজবিরোধীদের মদত দিয়েছেন। আপনারা শুধু ১৯৭২-৭৭ এর কথা বলেন। এখন আপনাদের সময় কি হচ্ছে? বাঁশবেড়িয়া, কাঁচরাপাড়া, নৈহাটির বিস্তীর্ণ এলাকায় মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির অন্তর্দ্বন্দ্বের ফলে সাধারণ মানুষের জীবন বিপন্ন হয়ে পড়েছে। এখানে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির অন্তর্দ্বন্দ্ব থামানোর জন্য সরকারকে ই. এফ. আর. নামাতে হয়েছিল। ব্যারাকপুরেও মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির অন্তর্দ্বন্দ্বের ফলে একই অবস্থার সৃষ্টি হয়েছে। আপনি বাজেট বক্তৃতায় অনেক কিছু বলেছেন। অথচ পুলিশ প্রশাসন দুর্নীতিতে ভরে গেছে। এখানে ভিজিলেন্স কমিশনকে নিষ্ক্রিয় করে রাখা হয়েছে। অন্যরাজ্যে ভিজিলেন্স কমিশনকে যে ক্ষমতা দেওয়া হয়েছে আমাদের রাজ্যের ভিজিলেন্স কমিশনকে সেই ক্ষমতা দেওয়া হয়নি। অন্য রাজ্যে ভিজিলেন্স কমিশনের হাতে সরাসরি কেস করার ক্ষমতা দেওয়া আছে। সেটা এই রাজ্যের ভিজিলেন্স কমিশনের হাতে সেই ক্ষমতা দেওয়া হয়নি। পুলিশের গুরুত্বপূর্ণ পোস্ট যেমন ও. সি., সি. আই. ডি. ই. বি.(এনফোর্সমেন্ট) ইত্যাদি পোস্টের জন্য ভিজিলেন্স কমিশনের ক্লিয়ারেন্স না পেলে এই সব ক্ষেত্রে পোস্টিং দেওয়া হয় না। কিন্তু এখন মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির একজন করে পুলিশ মন্ত্রী আছেন। তিনি এস. পি. কে একটা করে তালিকা দেন, সেই তালিকা অনুসারে থানায় থানায় অফিসার ইন-চার্জের পোস্টিং হয়। আলিমুদ্দিন স্ট্রীটের একজন পুলিশ মন্ত্রী আছেন তিনি ঠিক করে দেন যে, কোন ডিস্ট্রিক্টে কে ইন্সপেক্টর হবে, কে ডি. ই. বি. হবে। রাজ্যের একজন ডি. জি. আছেন, তার কোনও ক্ষমতা নেই। তিনি যদি হাউসে

থাকেন, তবে শুনে রাখুন, আলিমুদ্দিন স্ট্রিট থেকে যে লিস্ট দেওয়া হয়, সেই অনুসারেই এস. পি., অ্যাডিশনাল এস. পি., ডি. এস. পি. হেড কোয়ার্টার, সি. আই. নিয়োগ করতে হয়। এই ধরনের একটা পুলিশ প্রশাসন আজকে পশ্চিমবাংলায় চলছে। আপনি বলেছেন সৎ প্রশাসকের কথা, প্রশাসন সততার পরিচয় দেবে এবং সেখানে সৎ-নিষ্ঠা ফিরিয়ে আনবেন। কিন্তু আজকে সল্টলেকে গিয়ে পুলিশের ডি. আই. জি. পুলিশের এস. পি., পুলিশের ডি. জি. পুলিশের আই. পি. এস. অফিসারদের বাড়িগুলো দেখে আসুন একবার, ২৫ লাখ, ৩০ লাখ ৫০ লাখ, ১ কোটি টাকা ব্যয় করে তাদের বাড়িগুলো হয়েছে। মানুষের রক্ত শোষণ করেই হয়েছে এসব ইমারত। আজকে পশ্চিমবাংলায় পুলিশের শোষণ, অত্যাচার, নির্যাতন, ব্যাভিচার চলছে, সততার কোনও নমুনা নেই। আজকে এখানে সর্বক্ষেত্রেই দুর্নীতি ঢুকে গেছে পুলিশে। আজকে বিভিন্ন থানায় থানায় একজন কনস্টেবলকে ডাকবাবু করা হয়। থানা ডাক হয় ৫ লাখ, ১০ লাখ, ১৫ লাখ, ২০ লাখ টাকায়। ডাকবাবুরা চোরাকারবারীদের কাছ থেকে, সাট্টা, জুয়াড়ী, হেরোইন কারবারীদের কাছ থেকে টাকা তোলে এবং সেই টাকা ও. সি. থেকে শুরু করে কনস্টেবল, প্রত্যেকের মধ্যে ভাগ হয়। পুলিশমন্ত্রী জানেন না, তাই সততার কথা বলছেন। বামপন্থী বন্ধুরা জেনে রাখুন, থানায় থানায় ডাকবাবু আছে, তাদের অত্যাচারে সাধারণ মানুষের জীবন বিপন্ন।

পুলিশমন্ত্রী বলেছেন ভুগোল প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত অপরাধিদের ধরবেন। প্রকাশ্যে বিবৃতি দিয়ে বলুন, তাদের কয়জনকে ধরেছেন। অঙ্কের প্রশ্নপত্রের ব্যাপারে স্ট্রং রুম থেকে হিসাবের পর যে সংখ্যা গোনা হয়েছিল, সেই সংখ্যার উপর কোন পরিষ্কার বক্তব্য রাখতে পারেননি। পিয়ারলেসের কে, হালদার আছে, সে কোন্ পার্টির লোক? কোন ডি. আই. জি.-র লোক? মানবেন্দ্র হালদার এই প্রশ্নপত্রের সঙ্গে জড়িত, তাকে কেন আড়াল করার চেষ্টা করা হচ্ছে, পুলিশমন্ত্রী বলুন।

আজকে কনস্টেবল, সাব ইন্সপেক্টর নিয়োগের ক্ষেত্রে মাইনরিটি কমিউনিটির লোকেদের নিয়োগ করা হচ্ছে না। কোনও জেলায় হচ্ছে না। আমাদের সরকারের আমলে, সিদ্ধার্থশঙ্কর রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন, তখন আমরা মাইনরিটি কমিউনিটির লোকেদের নিয়োগ করার ব্যবস্থা করেছিলাম। প্রত্যেকটি থানায় তিনি একজন করে মাইনরিটি কমিউনিটির লোককে অফিসার করে পাঠিয়েছিলেন। আজকে দেখছি কোনও কনস্টেবল নিয়োগের ক্ষেত্রে সেই নিয়ম-নীতি সেই ভাবে মানা হচ্ছে না। যদি আপনাদের নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি থাকত, তাহলে এটা মানা হত।

থানা বাড়াবার কথা আপনার বাজেট বক্তৃতায় উল্লেখ করেননি। পশ্চিম বাংলার প্রত্যন্ত গ্রামে চুরি, ডাকাতি, ছিনতাই, ধর্ষণের ঘটনা সম্বন্ধে পরিষ্কার কিছু বলেননি। রেল ডাকাতির ব্যাপারে পরিষ্কার করে হাউসে বলা দরকার। দার্জিলিং, পুরুলিয়া, আসানসোল, প্রভৃতি দূরবর্তী অঞ্চল থেকে সব এম. এল. এ.রা আসেন। রেলে তো রাজ্যেরই জি. আর. পি. থাকে। সেই

রেল ডাকাতির ফলে সাধারণ নাগরিকদের জীবন আজ বিপন্ন। এই কথা বলে, আমাদের কাট মোশনের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

[4-00 – 4-10 p.m.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বুদ্ধদেববাবু পুলিশ খাতে যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করেছেন আমি তার সমর্থন করছি। যদিও ১৯৯৭-৯৮ সালে প্রায় ১০০ কোটি মতো ব্যয়-বরাদ্দ বৃদ্ধি হয়েছে তা সত্ত্বেও আমি মনে করি, এই আর্থ-সামাজিক পরিকাঠামোর মধ্যে, ভারতবর্ষের যে রাষ্ট্র চরিত্র তার মধ্যে লুকিয়ে আছে—খুন-ডাকাতি-নারী ধর্ষণ ইত্যাদি এই ব্যবস্থার মধ্যে আছে এবং সেগুলো ক্রমবর্ধমান কারণ ভারতবর্ষ একটা ক্ষয়িষ্ণু পুজিবাদী রাষ্ট্র এবং সেটা এখন প্রকাশিত হতে দেখা যাচ্ছে। সেই জন্য ১০০ কোটি টাকার ব্যয়-বরাদ্দের দাবি যেটা বৃদ্ধি পেয়েছে তার প্রয়োজনীয়তা আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সুস্পষ্টভাবে বলতে চাই, যদিও সাধারণ ভাবে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা ভালো মহিলা-শিশু সকলেই রাত্রী বেলা চলাচল করতে পারে তা সত্ত্বেও বিক্ষিপ্ত ভাবে যে সমস্ত ঘটনা ঘটছে সে সম্পর্কে মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যদিও ইতিপুর্বে বহু বক্তব্য, বিবৃতির মধ্যে দিয়ে মাননীয় পুলিশ মন্ত্রী সেগুলো স্বীকার করেছেন—অপরাধ বাড়ছে, সমাজবিরোধী প্রবণতা বাড়ছে।

স্যার, সীমান্তবর্তী কতগুলো সমস্যার কথা এখানে তুলে ধরছি। এই করিমপুর, হরিহরপাড়া, জলঙ্গী, ডোমকল প্রভৃতি জায়গাগুলোতে যেন চম্বল-এর রাজত্ব চলছে। সেখানে পশ্চিমবাংলার কোনও শাসন নেই, পুলিশের শাসন নেই। এগুলো যেন পশ্চিমবাংলার অংশ নয়। সেখানে আইন-শৃঙ্খলা বলে কিছু নেই। সেখানকার মানুষের চাহিদা তাদের ক্রন্দন আমি আজকে এই বিধানসভাতে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়-এর কাছে জানাচ্ছি। এবিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা তালিকা খুব সংক্ষেপে তুলে ধরতে চাই, সবটা বলা যাবে না সময় খুবই সীমিত।

করিমপুরে গত ১ বছরে হতাহত হয়েছে ৩৪ জন সমাজবিরোধী বা ডাকাত। ১৩৯ জন জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত আহত হয়েছে। ৭ জন নারী ধর্ষণ-এর ঘটনা ঘটেছে, ডাকাতি ১৫-টা, ছিনতাই ১২-টা। এটা হচ্ছে ১ বছরে করিমপুরের হিসাব। স্যার, ঘটনাচক্রে আমার কাছে করিমপুর বিধানসভার প্রবীণ সদস্যের জেলা শাসকের কাছে লেখা একটা কপি পেয়েছি তার থেকে পড়ছি। তিনি বলছেন—আই বেগ টু ড্র দি কাইণ্ড অ্যাটেনশন টু দি টেরিফিক ল অ্যাণ্ড অর্ডার প্রিভেলিং অল ওভার করিমপুর। মাননীয় মন্ত্রী মহাশয় এটা জানেন।

স্যার, আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, ঐ এলাকার যেসব সাপ্তাহিক এবং পাক্ষিক পাত্রিকা আছে তার কিছু কিছু হেডিং আমি পড়ছি, সবগুলো পড়ার হয়তো সময় হবেনা।

'নাসিরের পাড়ায় পর পর তিন বাড়িতে ডাকাতি'

'সীমান্তে প্রহরা সত্ত্বেও ডাকাতি রোজকার ঘটনা করিমপুরে'

'হানাদারদের হাতে সতীত্ব খোয়ানোর ভয়ে আতঙ্কিত সীমান্তে বাংলার বধূঁরা'

'করিমপুরে অবাধে চোরাকারবারে সাধারণ মানুষ জেরবার'

'সমাজবিরোধীদের হুমকিতে পঞ্চায়েত প্রধানের বাড়িতে রাত্রে বি. এস. এফ. প্রহরা'

স্যার, আমি গতকাল করিমপুরে ছিলাম। সেখানে শুনলাম মস্তানরা বাড়ি বাড়ি থেকে তোলা আদায় করছে। যেটা শহরে হতে দেখা যেত সেটা এখন গ্রামে গ্রামে হতে দেখা যাচ্ছে। করিমপুরের হোগোলবেড়িয়া গ্রাম থেকে সমাজবিরোধীরা জোর করে তোলা, চাঁদা আদায় করছে। এই দুটো কপি আমার কাছে আছে। এগুলো সি. পি. এম.-র লোক্যাল কমিটি এবং আর. এস. পি.-র পক্ষ থেকে আমাকে দেওয়া হয়েছে। এগুলো আমি আপনাকে দেব। কি ভাবে চুরি-ডাকাতি-খুন-রাহাজানি হচ্ছে,—মানুষ সেখানে স্তব্ধ হয়ে গেছে, নির্বাক হয়ে গেছে। কারণ প্রতিবাদ করার মানেই বিপর্যয় এবং আমি বলছি ওখানে করিমপুর থেকে গোপালপুর ঘাট মুর্শিদাবাদ থেকে যেতে দুটোর পরে রাস্তায় কেউ সাইকেল নিয়ে যেতে পারে না, সাইকেল কেড়ে নেয় অবাধে, এই রকম ঘটনা ডোমকলেও হয়েছে। নবগ্রামে সি. পি. এমের প্রধানকে প্রকাশ্য দিবালোকে খুন করা হল গুলি করে, এখনও ব্যবস্থা গ্রহণ করা হল না। বলতে দ্বিধা নেই ওখানে সি. পি. এম. কর্মীরা বেশি করে আক্রান্ত হয়েছে সমাজবিরোধীদের উপদ্রবে। ইসলামপুরে নতুন থানা হল। সর্বত্রই ল'লেসনেস, আইনশৃঙ্খলা কোথায়ও নেই। ডোমকল সেখানেও একই অবস্থা চলছে। ডোমকল সন্ত্রস্ত, কোথাও পশ্চিম বাংলার গভর্নমেন্টের চিহ্ন নেই। আমি যে সব এলাকা ঘুরেছি তাই আমি বলছি। হরিহরপাড়ার এম. এল. এ-কে হুমকি দেয়, মোজাম্মেল হক মার্ক্সবাসী কমিউনিস্ট পার্টির এম. এল. এ.। এঁরা বলতে পারে না, কেন যে স্যার আপনাকে বলতে পারে না আমি জানি না, লুকিয়ে রেখে লাভ কি। সে বলছে তাঁকে সমাজবিরোধীরা হুমকি দিয়েছে এবং বলেছে তুমি যদি কিছু পুলিশকে বলেছ, তো তোমাকে দেখে নেব। এগুলি হচ্ছে, আমি শুধু এ কথা বলছি যে এগুলি বিক্ষিপ্ত ঘটনা, গোটা পশ্চিমবাংলার সামগ্রিক চেহারা এটা নয়। গোটা পশ্চিমবাংলার পরিস্থিতি এই রকম চলছে তা আমি মনে করি না। পাশের এলাকা নওদা আমার এলাকা সেখানে এ সব ঘটনা নেই। হরিহরপাড়ার পাশে করিমপুরের পাশের এলাকা যেখান থেকে আমি নির্বাচিত, সেখানে এ সব নেই। এ দিয়ে পশ্চিমবাংলার আইন পরিস্থিতি বিবেচনা করা যাবে না। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় বারবার মুর্শিদাবাদ জেলায় গেছেন, তিনি এই পরিস্থিতি সম্বন্ধে ওয়াকিবহাল আছেন। বারবার ঘোষণা করেছেন, বিবৃতি দিয়েছেন মার্সিলেসলী ট্রিট করতে হবে। আমিও বলছি মার্সিলেসলী ট্রিট করতে হবে। সেখানে উনি বলেছেন কোন দলের কে দেখার দরকার নেই। আমি সঙ্গে সঙ্গে একথাও বলছি এই ঘটনাগুলি অবিলম্বে বন্ধ করতে হবে, তা নাহলে

আমাদের উপর সাধারণ মানুষের আস্থা, গরিব মানুষ, ক্ষেত-মজুর মানুষদের আস্থা নষ্ট হবে, তারা সন্ত্রস্ত হচ্ছে।

**(ভয়েস ঃ তুমি কি ভয় পাও না?)**

তুমি তো পুলিশ পাহারায় যাও, এখনও আমি খালিহাতে চলাফেরা করি। তুমি নামলে পুলিশ পাহারা আছে করিমপুরে চলে যাবে। আমি ওঁকে জিজ্ঞাসা করেছিলাম—ট্রেনে যাচ্ছিলাম আমি ওঁকে বললাম যে হাটপাড়া পার হয়ে কি করে কান্দিতে যাবে। ও বললো আমার কিছু হবে না। কান্দিতে যেতে গেলে হাটপাড়া বলে একটা জায়গা আছে সেটা পার হয়ে যেতে হয়। সেখানে প্রচুর ভোট পায়, সব সমাজবিরোধী, একেবারে ৯০ পারসেন্ট।

স্যার, অশোক মিত্র কমিশন বর্ধমান শহরকে দ্বিখণ্ডিত করার কথা বলেছে। আমি বলব মুর্শিদাবাদ জেলাকে সাধারণ প্রশাসনের এবং পুলিশ প্রশাসনের স্বার্থে দুটো ভাগ করা যায় কি না সেটা চিন্তা করে দেখবেন। মুর্শিদাবাদ ও নদীয়াতে থানা বাড়াতে হবে, ফাঁড়ি বাড়াতে হবে এবং জনসাধারণের সঙ্গে সঙ্গে পুলিশও বাড়াতে হবে। এর কোনও বিকল্প নেই। আপনি বলেছেন থানাগুলিতে উর্ধ্বতন বডিগুলিতে জন সংযোগ ঘটানোর জন্য কমিটি গঠন করবেন। আমার মনে হয় পুলিশকে তার নিজের ইচ্ছামতো চলতে না দিয়ে এই কমিটি গঠন করা অত্যত জরুরী। জরুরী ভিত্তিতে এই কমিটি গঠন করতে হবে। থানা স্তরে এবং সাব ডিভিশন স্তরে এবং জিলা পরিষদ স্তরে কমিটি গঠন করুন। আমার মনে হয় এর সঙ্গে যদি জন উদ্যোগ যুক্ত হয় তাহলে পুলিশকে সঠিকভাবে পরিচালনা করা যাবে। এ কথা আমি মনে করি না যে বিগত ২০ বছরে পুলিশের এক অংশে অনেক তরুণ সাধারণ যুবকরা ঢুকেছে, তার মধ্যে নিশ্চয় আজকের মনোভাব, বামফ্রন্ট সরকারের মনোভাব তারা অনুধাবন করতে পারছে। কিন্তু এর একটা বৃহৎ অংশ এখনও ঔপনিবেশিক চিন্তা-ভাবনা, পুলিশ তার নিজস্ব চিন্তা-ভাবনা নিয়ে অতীতে চলেছিল তার থেকে তারা মুক্ত হতে পারেনি। আরেকটা কথা বলছি; আগে পুলিশের ইন্টেলিজেন্সের নামডাক ছিল, বিদেশের সঙ্গে তুলনা করা হত। সর্বত্রই ইন্টেলিজেন্স ফেল করে। এখন যে সব ওয়াচার নিয়োগ হয় এরা এত মোটা বুদ্ধির লোক। এরা ওয়াচার থাকার জন্য খবর কিভাবে দেয়? একটা বড় আকারের ঘটনা ঘটে যায়, তার পূর্বাভাষ থাকে না পুলিশের কাছে, প্রশাসন বুঝতেই পারে যে একটা বড় বিস্ফোরণ ঘটবে। এই রকম ইন্টেলিজেন্স সর্বত্রই ফেল করছে। আপনি কমিশন গঠন করার কথা ঘোষণা করেছেন। দ্বিতীয় পুলিশ কমিশন গঠন করা হবে। এই কমিশন কিভাবে সুপারিশ করবেন তার ভিত্তিতে গোটা খোলনলচে বদলানোর জন্য পুলিশি ব্যবস্থা যে কাঠামোর উপর দাঁড়িয়ে আছে। এতে কমিশনের রিপোর্ট এবং আপনাদের ভাবনা-চিন্তা, পুলিশের উর্ধ্বতন কর্তৃপক্ষের ভাবনা-চিন্তা মিশিয়ে খোলনলচে বদলানোর জন্য যে প্রচেষ্টা তা আমাদের করতে হবে। এই অবস্থায় আপনার সদিচ্ছা, তৎপরতা, আন্তরিকতা সত্ত্বেও আপনার উদ্যোগ সবটা কার্যকর হতে পারছে না।

[4-10 – 4-20 p.m.]

আপনি আপনার বাজেট বিবৃতির মধ্যে বেশ কিছু যুক্তি-সম্মত কথা বলেছেন। আপনি বলেছেন, পুলিশের সরঞ্জাম বাড়াতে হবে। আমরা দেখছি পুলিশের জীপগুলো ঝরঝরে হয়ে গেছে। সেইসব জীপ নিয়ে পুলিশ চোর ধরবে কি করে? তার বিকট আওয়াজে আগেই চোর ডাকাতরা পালিয়ে যায়। সুতরাং পুলিশের সমস্ত কিছুই রি-ইনফোর্স করতে হবে। থানাগুলো ১০/১২ জন কনস্টেবল আর হোম গার্ডের ওপর নির্ভরশীল। আর একটা গুরুত্বপূর্ণ কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। হোম গার্ডরা পঞ্চায়েত নির্বাচনে যেন দাঁড়াতে না পারে তার জন্য আপনি ব্যবস্থা গ্রহণ করুন। যে কোন দলের হয়েই দাঁড়াক বা হারুক, জিতুক, সেটা বড় কথা নয়—তারা পরবর্তীকালে খুবই পার্টিজেন ভূমিকা নিচ্ছে। সুতরাং হোম গার্ডদের পঞ্চায়েত নির্বাচনে দাঁড়ানো বন্ধ করতে হবে। ভলান্টারি বা স্বেচ্ছাসেবী বলে তারা নির্বাচনে অংশগ্রহণ করতে পারছে। পরবর্তী কালে পঞ্চায়েতে নির্বাচিত হয়ে তারা রাজনৈতিক ভূমিকা পালন করছে। আমি বলছি, এটা বন্ধ করার কথা কার্যকর করতে হবে। আমি মনে করি আমাদের মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য পশ্চিম বাংলার মানুষদের আস্থাভাজন। পশ্চিম বাংলার মানুষরা তাঁর কাছে প্রত্যাশা করে। সেজন্য তারা আশা করছে আজকে সমাজ জীবনে যে সমস্ত অপরাধ ঘটছে তা তিনি দৃঢ় হাতে দমন করবেন। এই কথা বলে তাঁর বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মোজাম্মেল হক (মুর্শিদাবাদ) ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পুলিশ মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। প্রতিটি এলাকার মানুষ শান্তি চায়। সবাই শান্তিপূর্ণভাবে বসবাস করতে চাই। সে জন্য খুবই স্বাভাবিকভাবে মাননীয় পুলিশ মন্ত্রী পুলিশ বিভাগের যে ত্রুটি এবং দুর্বলতাগুলি আছে সেগুলি চিহ্নিত করেছেন। খুবই সুচিন্তিত ভাবেই তিনি তা করেছেন, তার জন্য আমি প্রথমেই তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমি মনে করি না যে, আমাদের রাজ্যে পুলিশ কোনও কাজ করেনা। কেননা আপনি জানেন মহারাষ্ট্রে যখন সাম্প্রদায়িক দাঙ্গা হয় তখন সেখানে পুলিশ দাঁড়িয়ে নির্বাক দর্শকের ভূমিকা পালন করে। পশ্চিমবাংলায় পুলিশ তা করে না। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা হচ্ছে কাটরা'র ঘটনার সময় পুলিশ অনবদ্য ভূমিকা পালন করেছে জনগণকে সঙ্গে নিয়ে। যার ফলে সেখানে কোনও সাম্প্রদায়িক দাঙ্গা সংঘটিত হতে পারেনি। তবুও আমরা জানি পুলিশ দপ্তরের বিভিন্ন ত্রুটি, দুর্বলতা আছে। সেজন্য মাননীয় পুলিশ মন্ত্রী খুবই সুচিন্তিত ভাবে বলেছেন দ্বিতীয় পুলিশ কমিশন গঠনের কথা এবং পরিকাঠামো উন্নয়নের কথা বলেছেন। আমার মনে হয় সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের সদস্যরা সকলেই এক মত হবেন যে, পুলিশ বিভাগের পরিকাঠামো উন্নয়ন দরকার। আমরা দেখছি অনেক অফিসার অক্লান্ত পরিশ্রম করেন, কিন্তু পরিকাঠামোর অভাবে তাঁদের পক্ষেও সঠিকভাবে কাজ করা সম্ভব হয় না। সুতরাং পরিকাঠামো উন্নয়নের কাজ এবং অন্যান্য ক্ষেত্রে উন্নয়নের কাজগুলি দেখা দরকার। থানা থেকে অনেক ক্ষেত্রে চার্জশিট না দেওয়ার জন্য অনেক কেস বানচাল হয়ে যায়। এর একমাত্র কারণ হচ্ছে,

সাফিসিয়েন্ট নম্বর পুলিশ অফিসার এবং কর্মী না থাকা। এর ফলে পুলিশ প্রশাসনের যে যোগ্যতা নিয়ে কাজ করা উচিত ছিল সেই যোগ্যতা নিয়ে তারা কাজ করতে পারছে না। আমি সরকার পক্ষের সদস্য হলেও আমি মনে করি না যে, সরকার পক্ষের মাননীয় সদস্য মুর্শিদাবাদ জেলা নিয়ে যে কথা বলে গেলেন তা সঠিক। জয়ন্তবাবু বললেন, 'মুর্শিদাবাদ জেলায় একদম অরাজক অবস্থা চলেছে'। গোটা মুর্শিদাবাদ জেলার মোটেই ঐ অবস্থা নয়। হ্যাঁ, জেলার কিছু কিছু থানায় নিশ্চয়ই কিছু কিছু ঘটনা ঘটছে। মুর্শিদাবাদ জেলা সীমান্তবর্তী এলাকায়। সেখানে ঘটনা প্রথম থেকেই ঘটে আসছে। এই নয় যে প্রথম ঘটনা ঘটতে শুরু করেছে। এটা আমি মনে করি না। যে ওখানে এমন অবস্থার সৃষ্টি হয়েছে যার ফলে মানুষ নিরাপত্তার অভাব বোধ করছেন বা যে সমস্ত ঘটনা ঘটেছে সেগুলি পুলিশ একদম দেখছে না। সেইসব ঘটনা যাতে না ঘটে তার জন্য পুলিশ শক্ত হাতে তার মোকাবিলা করার চেষ্টা করছে। তবে একটি বিষয়ে পুলিশ মন্ত্রীকে ধন্যবাদ দেব, তিনি সঠিকভাবেই বাজেটের ৬ পাতার তৃতীয় প্যারাতে লিপিবদ্ধ করেছেন রাজনৈতিক চাপের কথা। এই রাজনৈতিক চাপ দেশে একটা সঙ্কট সৃষ্টি করছে। সাধারণ মানুষের যে প্রত্যাশা তা রাজনৈতিক চাপের ফলে অনেক ক্ষেত্রে পুলিশ অসহায় বোধ করছে। আমার এলাকায় একটি ঘটনা কিছু দিন আগে ঘটেছিল। রাজনৈতিক কর্মীর নিজের বাড়ি থেকে বোম বার্স্ট হল, ২ জন হসপিটালাইসড হয়েছিল। তাদের বিবৃতি নিয়ে মুর্শিদাবাদ থানার ও. সি. যখন চেস করতে গেল আসামীকে ধরতে। তখন রাজনৈতিক নেতা ও. সিকে বললেন কেন রাত্রি দুটোর সময় বাড়িতে বাড়িতে চেস করতে যাবেন। সেই পুলিশ অফিসার অত্যন্ত সজ্জন ব্যক্তি। তিনি তখন হাত জোড় করে ক্ষমা প্রার্থনা করলেন। এই যদি পুলিশের আচরণ হয় তাহলে কোনও মতেই সম্ভব নয় সিচুয়েশন ট্যাকল করা। রাজনৈতিক চাপের কাছে নতি স্বীকার করা ঠিক নয়। এতে করে অপরাধ বাড়তে পারে এবং এরফলে কোনও মতেই জনগনের প্রত্যাশা পূরণ হওয়া সম্ভব নয়। মানুষ শান্তিতে বসবাস করতে চায়। এম. এল. এ. যদি কোনও কিছু খারাপ ঘটনা ঘটায় এবং সেক্ষেত্রে পুলিশ যদি কিছু না বলতে পারে তাহলে এইরকম ঘটনা বারবার ঘটাবে। আর একটি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করতে চাই, মাননীয় পুলিশ মন্ত্রী মহাশয় তাঁর বাজেটে লিপিবদ্ধ করেছেন যে, জনগণের অনাস্থা আসছে প্রশাসনের উপর। কেন আসছে সেটা দেখা দরকার। একটা ঘটনা ঘটছে, ঘটনা ঘটার পর দেখা যাচ্ছে যারা ক্রাইম করছে অর্থাৎ যারা অভিযুক্ত তারা রাজনৈতিক দলের প্রভাবে বা যে কোনও কারণেই হোক তারা যখন জামিন পেয়ে বেরিয়ে আসছে তখন তারা ভাবছে কিছু তো হবে না, কারণ দীর্ঘমেয়াদী কেস হচ্ছে। অবশ্য এটা জুডিসিয়াল ডিপার্টমেন্টের ব্যাপার, আইন সভায় এটা নিয়ে ভাবনা-চিন্তা করা দরকার। কেসের ক্ষেত্রে যদি দীর্ঘসূত্রিতা হয় তাহলে মানুষের আস্থা ফিরে আসবে না। সর্বশেষ আমার আবেদন, সরকার পক্ষের বা বিরোধীপক্ষের সদস্যারা আমরা যে অভিনয় করি, মারামারির অভিনয় করি, এটা কিন্তু জনগণ সিরিয়াসলি নেয়, বাইরে তারা সত্যিকারের মারামারি করে। সুতরাং আচরণটা যাতে সংযত করা যায় সেই বিষয়টি দেখতে সবাইকে অনুরোধ করব। এই কথা বলে পুলিশ বাজেটকে পুনরায় সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পুলিশমন্ত্রী যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করে প্রথমেই বলতে চাই যে, পুলিশ বাজেট বাড়ছে, কিন্তু অপরাধমূলক ঘটনা কমছে না। বাজেট বৃদ্ধির সঙ্গে পাল্লা দিয়ে অপরাধের ঘটনা বাড়ছে। এবারে মাননীয় মন্ত্রী মহাশয় ১৬ পারসেন্টের উপর পুলিশ বাজেট বাড়িয়েছেন অর্থাৎ ১০৮ কোটি টাকা। কিন্তু তার সঙ্গে খুন, ধর্ষণ, রাহাজানি, ডাকাতি, শিশু, নারী পাচার এই সমস্ত অপরাধমূলক ঘটনা আরও পাল্লা দিয়ে দ্রুত বৃদ্ধি পাচ্ছে। আমি জানি না কেন তিনি এই কথা বললেন যে, জেলাগুলিতে আদালতগ্রাহ্য অপরাধ গতবারের তুলনায় কম। কিন্তু কয়েক দিন আগে এই বিধানসভায় তাঁরই প্রদত্ত বিবৃতি থেকে পেলাম যে, খুন, ধর্ষণ ১৯৯২ সাল থেকে পর পর কিভাবে এই রাজ্যে বেড়ে আসছে। ১৯৯২ সালে খুন হয়েছিল ১৭৭০। ১৯৯৩ সালে একটু কমেছিল, ১৬৮৫, তারপর ১৮১৭। ১৯৯৫ সালে ১৭৮৮ আর ১৯৯৬ সালে ১৯২৯।

[4-20 – 4-30 p.m.]

খুনের ঘটনা বেড়েছে আপনার প্রদত্ত হিসাবে। ধর্ষণ ১৯৯২ সালে ৬১৫, তারপর ১৯৯৩ সালে ৭১২, ১৯৯৪ সালে ৭৪৩, ১৯৯৫ সালে ৭৮৭, ১৯৯৬ সালে ৮৫৫। এই সব ঘটনা কমছে কোথায়, এটা আমি ঠিক বুঝতে পারলাম না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আইনশৃঙ্খলার পরিস্থিতির যে অবস্থা এসে দাঁড়িয়েছে এবং তার যে একটা অবনতি ঘটেছে, এই কথা মন্ত্রী মহাশয়ের ভাষণ থেকে পাওয়া যাচ্ছে এবং তিনি পৃষ্ঠা ছয়, প্যারা দুইতে বলেছেন যে আমরা পুলিশ প্রশাসনের প্রতি জনসাধারণের আস্থা ফিরিয়ে আনবার চেষ্টা চালিয়ে যাচ্ছি এবং গণ প্রহারের ঘটনা যে ভাবে বৃদ্ধি পাচ্ছে, সেই সম্পর্কে তিনি উদ্বেগ প্রকাশ করতে গিয়ে তিনি এই কথা বলেছেন। এই গণ প্রহারের ঘটনা বৃদ্ধি এটাই প্রমাণ করে পুলিশের প্রতি জনসাধারণের অনাস্থা। সেই অনাস্থা ফিরিয়ে আনার জন্য মন্ত্রী মহাশয় চেষ্টা করছেন। পরোক্ষ ভাবে তার এই অ্যাডমিশন আছে যে আইন শৃঙ্খলার অবনতি ঘটছে এবং পুলিশ প্রশাসনের প্রতি জনসাধারণ আস্থা হারিয়ে ফেলেছে। এটার স্বীকৃতি তাঁর ভাষণের মধ্যে রয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়, তিনি পৃষ্ঠা ছয়, প্যারা তিনে বলেছেন যে অপরাধীদের সামাজিক অবস্থান ও রাজনৈতিক আনুগত্য নির্বিশেষে তাদের গ্রেপ্তার করার এবং তাদের শাস্তি বিধানের স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে। মন্ত্রী মহাশয়ের এই যে সদিচ্ছা বা তাঁর আন্তরিকতা, আমি সেটা স্বীকার করি। কিন্তু তাঁর সদিচ্ছা এবং আন্তরিকতা থাকলেও বাস্তব ক্ষেত্রে তাঁর নির্দেশ পালিত হচ্ছে না। সেখানে বিভিন্ন ক্ষেত্রে আপনি জানেন রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে আমাদের দলের কর্মীদের উপর আক্রমণ করা হচ্ছে। ঐ সি.পি.এম. খুনীরা শুধুমাত্র দক্ষিণ ২৪ পরগনায় বিগত ২০ বছরে আমাদের ৯৭ জন কর্মীকে খুন করেছে। একের পর এক আমাদের কর্মী খুন হয়েছে। কিন্তু অপরাধীদের সাজা হচ্ছে না। ১১ই জানুয়ারি আমাদের নেতা প্রবীন নেতা তেভাগা আন্দোলনের নেতা আমির আলি হালদার, তাকে সি.পি.এম. খুনীরা খুন করল। আমির আলি হালদারের রক্ত শুকিয়ে যাবার আগেই

আবার গত ২৫শে মার্চ আমাদের কুলতলীতে পাঁচ পাঁচ জন কর্মীকে নৃশংসভাবে খুন করল সি.পি.এম.-এর খুনীরা। নৃশংসতা এবং বর্বরতাকে হার মানিয়ে এই খুনের রাজত্ব চলছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি আজকেই বলছিলাম উল্লেখ পর্বে, থানাগুলোর আজকে এমন অবস্থা হয়েছে, শাসক দলের ছত্রছায়ায় থাকলে অপরাধীদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ নিতে চায় না থানাগুলো। তার এক নগ্ন নমুনা আমি দিয়েছিলাম। হুগলির ভদ্রেশ্বর থানার অন্তর্গত তেলেনিপাড়ায় গত শনিবার একজন প্রধান শিক্ষক, যে শিক্ষকরা মানুষ গড়ার কারিগর, সেই শিক্ষক আজকে তার কি বিভৎস রূপপ্রধান শিক্ষক তার স্কুলের ক্লাস সিক্সের একজন ছাত্রীকে ধর্ষণ করল, এটা সমাজের কলঙ্ক।

এতে কি দৃষ্টান্ত সমাজের সামনে স্থাপিত হচ্ছে সেটা ভেবে দেখা দরকার। সেই অপরাধীর অভিযোগ নিয়ে যখন থানাতে যাওয়া হল, ধর্ষিতা কন্যাটির বাবা তাকে নিয়ে থানায় গেলেন তখন দেখা গেল যে থানা প্রথমে সেই অভিযোগ গ্রহণ করলেন না। চাপ দিতে তারা এফ.আই.আর. নিলেন। কিন্তু তারপর তিনদিন অতিক্রান্ত হয়ে গেলেও আজ পর্যন্ত সেই অপরাধী ধরা পড়ল না। সেই ঘাতক, ধর্ষণকারী সে হচ্ছে ভদ্রেশ্বর পৌরসভার সি.পি.এম.-এর একজন কাউন্সিলার। যেহেতু সে সি.পি.এম.-এর একজন প্রভাবশালী নেতা সেইহেতু দেখা গেল যে এতবড় অপরাধ করা সত্ত্বেও থানা তার বিরুদ্ধে অভিযোগ নিতে ভয় পাচ্ছে। সি.পি.এম.-এর লোকাল কমিটিগুলি যদি এইভাবে থানাগুলিকে বিকলাঙ্গ করে দেয়, পঙ্গু করে দেয় এবং শাসক দলের লোকেরা অপরাধ করলেও তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে যদি ভয় পায় তাহলে মন্ত্রী মহাশয়, আপনি নিজেই বলুন, আইন শৃঙ্খলা থাকবে কি করে? ফলে আপনি যেটা চাইছেন রাজনৈতিক আনুগত্য এবং সামাজিক অবস্থান নির্বিশেষে দোষীদের বিরুদ্ধে পুলিশ নিরপেক্ষ এবং কঠোর ব্যবস্থা নেবে সেটা কিন্তু আজ পারকুলেট করছে না, কার্যকর হচ্ছে না। মন্ত্রী মহাশয়, আপনি সামাজিক অবস্থানের কথা বলেছেন। এই প্রসঙ্গে আপনার দৃষ্টিতে কয়েকটি ঘটনা আনছি। মুর্শিদাবাদ থানার হরিহরপাড়া থানার স্বরূপনগর গ্রামের অত্যন্ত প্রভাবশালী, বিত্তশালী, কুখ্যাত জোতদার—রামগোপাল বিশ্বাস, পুলিশের উপর তার এতোই প্রভাব তার অর্থ এবং সম্পত্তির জন্য যে হরিহরপাড়া থানা যেটা হরিহরপাড়া মৌজাতে ছিল পুলিশের সেই জায়গাটি সে দখল করে ওয়ারহাউস করে জে.সি.আই.-কে সে ভাড়া দিয়েছে। এখন তো হরিহরপাড়া থানা চুয়াবাজারে কিন্তু আগে ওখানেই থানা ছিল। এই প্রভাবশালী, কুখ্যাত জোতদারের লেঠেল বাহিনী গত শনিবার যখন স্বরূপনগরে আমাদের কর্মী চাষীরা তাদের মাঠের গম কাটতে গিয়েছিল তখন তাদের উপর হামলা চালায় এবং সেখানে হাবুল শেখ নামে একজনের কব্জি থেকে হাত কেটে নেয় ও মেরে ৬ জনকে আহত করে। আহতরা এখন বহরমপুরের নিউ জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন। ঘটনা যেখানে ঘটে সেখান থেকে পুলিশ ক্যাম্প মাত্র ১০ মিনিটের পথ হলেও সেখানে কোনও ব্যবস্থা হয়নি। তারপর গত ১৫ ফেব্রুয়ারি এই কুখ্যাত জোতদারের গুন্ডাবাহিনী ফকরুল শেখ নামে একজনের চোখ লক্ষ্য করে তীর মারে এবং সে অন্ধ হয়ে যায়। এই ঘটনায় ১২ জন আহত

হয়। স্যার, এই রামগোপাল বিশ্বাস কংগ্রেসের লোক। সে পয়সাওয়ালা লোক এবং সে বলে পুলিশ তার পকেটে আছে। এতবড় প্রভাবশালী লোক যে সে এখনও গ্রেপ্তার হয়নি এবং সেখানে আহতদের জবানবন্দি পর্যন্ত নেওয়া হয়নি। প্রভাবশালী জোতদার এবং তার সামাজিক অবস্থান এমনই যে সেখানে পুলিশের সঙ্গে তার যোগাযোগ থাকার ফলে সেখানে আক্রান্তরা বিচার পাচ্ছে না। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে আজ এখানে সমাজ বিরোধিদের দৌরাত্ম এমন একটা জায়গায় এসে দাঁড়িয়েছে যেটা খুবই উদ্বেগজনক। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় স্বীকার করবেন যে আজকে ডাকাতি, রাহাজানি, খুন, ধর্ষণ, ট্রেন ডাকাতি যেভাবে ঘটছে তাতে নাগরিক জীবন বিপন্ন হয়ে পড়ছে। এর সঙ্গে সঙ্গে যে সিমটমটা দেখা যাচ্ছে সেটা হল সমাজ বিরোধিরা আজকাল খুব বেশি ডেসপারেট হয়ে উঠছে, তারা কারুকে পরোয়া করছে না। এমন কি তারা পুলিশকে পর্যন্ত চ্যালেঞ্জ করছে। এই ঘটনার প্রমাণ হচ্ছে ভদ্রেশ্বর থানার ও.সি.-কে হত্যা, জয়নগরের এ.এস.আই. ডাকাতদের দ্বারা খুন, মুর্শিদাবাদে হেড কনস্টেবলকে খুন ইত্যাদি। এমন কি মন্ত্রীরা পর্যন্ত সমাজ বিরোধিদের আক্রমণের শিকার হচ্ছেন। মন্ত্রিসভাতে যারা দায়িত্বশীল পদে আছেন, তাদের বলব, সমাজ বিরোধিরা এইভাবে গোটা আইনশৃঙ্খলা পরিস্থিতিকে বিপন্ন করে তুলছে। আজকে সরকারের যে ক্রেডিবিলিটি, জনগণের যে আস্থা সরকারের প্রতি সেই আস্থা বিপন্ন হতে চলেছে।

[4-30 – 4-40 p.m.]

তারা আজকে এটা উপলব্ধি করেছেন। আজকে শাসক দলের পক্ষ থেকে একটা ব্যবস্থা নেবার প্রচেষ্টা হচ্ছে। কিন্তু তারা পুলিশ প্রশাসনকে এর দায়িত্ব দিয়েছেন। আমি মন্ত্রী মহাশয়কে বলতে চাই, এখানে একটা সেলফ কন্ট্রাডিকশন হচ্ছে। একদিকে ক্রেডিবিলিটি অফ দি গভর্নমেন্ট সরকারের আস্থা ফিরিয়ে আনবার জন্য রাজ্য সরকার চেষ্টা করছেন সমাজ বিরোধিদের দমন করবার জন্য। কিন্তু আপনাদের এই অনেস্ট অ্যাটেম্পটস সফল হতে পারে না যতদিন পর্যন্ত সমাজবিরোধী দৌরাত্মের যে মূল কারণ সেখানে আঘাত করা না হচ্ছে। আজকে ভারতবর্ষে সমাজবিরোধী মাফিয়াদের দলীয় স্বার্থে ব্যবহার করা হচ্ছে হাতিয়ার হিসাবে। আজকে পশ্চিমবঙ্গে যারা সরকার পরিচালনা করছেন তাঁরাও আজকে সেই পদ্ধতির শিকার। রাজনৈতিক প্রভাব বৃদ্ধি করবার জন্য সমাজবিরোধীদের ব্যবহার করব—এই রাজনীতি যদি বর্জন করা না হয় তাহলে ক্রেডিবিলিটি অফ দি গভর্নমেন্ট বা সমাজবিরোধীদের দমন করবার জন্য সরকারের যে প্রচেষ্টা সেটা সার্থক হতে পারে না। একদিকে রাজনৈতিক প্রভাব বাড়াতে সমাজবিরোধীদের মাথায় তোলা, অপর দিকে সরকারের ক্রেডিবিলিটি বাড়াবার জন্য এই প্রচেষ্টা— এই দুই এর মধ্যে থেকে যাচ্ছে কন্ট্রাডিকশন। এর ফলে আজকে গোটা সমাজের শুভবুদ্ধিসম্পন্ন মানুষকে বিপন্ন করে তুলেছে। ইট ইজ অ্যান অবজেকটিভ রিয়ালিটি। ইট ইজ হেডেক টু অল। ইট ইজ এ কনসার্ন ফর অল। আমি এখানে স্মরণ করিয়ে দিতে চাই, রাজ্যের আইনশৃঙ্খলার ভয়াবহ পরিস্থিতির কথা চিন্তা করে, রাজ্যের জনগণের কথা চিন্তা করে, আমাদের পার্টির রাজ্য কমিটির নেতা কমরেড প্রভাস ঘোষ রাজ্যের মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি

বসুর কাছে চিঠি দিয়েছিলেন আইন শৃঙ্খলার পরিস্থিতির সুরাহা করবার জন্য। তাতে তিনি রাজ্যের বর্তমান সঙ্কটজনক আইনশৃঙ্খলার পরিস্থিতির কারণে বলেছিলেন যে, এরজন্য একটা সর্বদলীয় বৈঠক ডাকা হোক রাজ্যের জনগণের স্বার্থে। সেইমত আবারও আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করব, আমাদের মধ্যে মতপার্থক্য থাকা সত্ত্বেও সমাজ বিরোধী দৌরাত্মে রাজ্যের জনগণের জীবন যেভাবে বিপন্ন হয়ে উঠেছে তার থেকে তাদের রক্ষা করবার জন্য অবিলম্বে একটি সর্বদলীয় বৈঠক ডাকা হোক, আইনশৃঙ্খলা রক্ষায় একটা সার্বিক উদ্যোগ নেওয়া হোক। এই কটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় সভায় যে বাজেট বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি এবং বিরোধী পক্ষের আনীত কাট মোশনের আমি বিরোধিতা করছি। আমি জানি না, ওরা কোনও কল্পরাজ্য থেকে এখানে এসে বসেছেন। এখন আকাশে হেলবব ধূমকেতু দেখা দিয়েছে। বোধ হয় তাতে চড়েই ওরা এসেছেন। এক সময় আমি ভানু ব্যানার্জি অভিনীত 'জমালয়ে জীবন্ত মানুষ' সিনেমাটি দেখেছিলাম। আমরা যে আইনশৃঙ্খলার কথা ব্যবহার করছি সেই আইনশৃঙ্খলা ভারতবর্ষের যে আর্থ-সামাজিক অবস্থা তারই পরিচায়ক। আর আমরা সেই মর্তেই বাস করছি এবং সেখানে যে পুলিশকে নিয়ে কাজ করতে হচ্ছে সেই পুলিশ রুলস-এর অধিকাংশই ব্রিটিশ আমলে তৈরি। এই বিধানসভায় এই পুলিশই একবার অভিযান চালিয়েছিল 'জ্যোতি বাবুর মুন্ড চাই' বলে। সেদিন জ্যোতি বাবু সাহস করে যদি ঘুরে না দাঁড়াতেন তাহলে লঙ্কাকান্ড ঘটে যেতে পারত। আপনাদের আমলের ১৯৬৫ থেকে ১৯৭৭ পর্যন্ত সমস্ত পরিসংখ্যান আমি উল্টে-পাল্টে দেখেছি। সেখানে ১৯৬৫ সালে যে দাবি করেছেন, ১৯৭৪ সালেও সেই একই দাবি করেছেন। তখন আইন-শৃঙ্খলার প্রশ্নে প্রদীপ ভট্টাচার্য কি বলেছিলেন? ১৯৭৩-৭৪ সালের প্রসিডিংসের ৯৭৫ পৃষ্ঠা উল্টে দেখবেন আইন শৃঙ্খলার প্রশ্নে তিনি কি বলেছিলেন। সমাজবিরোধীদের হাতে তখন গোটা রাজ্য চলে গিয়েছিল। তখন আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছিল ২৬শে আগস্ট ট্রেনে ডাকাতি হয়েছে। আবার ২৯ তারিখে বেরিয়েছিল যে ট্রেনে একজন শিক্ষক খুন হয়েছে। তার জন্য কি আমরা বলব এই জিনিস চলতে থাকবে? না। আমাদের দৃষ্টিভঙ্গি পরিষ্কার। আমাদের পুলিশ মন্ত্রী পরিষ্কার ভাবে বলেছেন যে সামাজিক অবস্থা তাঁরা যাই হোক না কেন, রাজনৈতিক অবস্থার তাঁরা যাই হোক না কেন আমাদের কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। পুলিশের অধীনে যে সমস্ত আইন শৃঙ্খলার অবনতি হচ্ছে খুন-জখম-রাহাজানি হচ্ছে সেটা যাতে তারা কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারে তার জন্য সরকারের তরফ থেকে বাজেট বক্তৃতায় রাখা হয়েছে। কোনও সময় এই ধরনের লিখিত বক্তব্য পাওয়া যায়নি। রাজনৈতিক চাপ সৃষ্টি করার সুযোগ পাবে না রাজনৈতিক আনুগত্য দেখানোর সুযোগ পাবে না। পুলিশ মন্ত্রী লিখিত ভাবে এই কথা বলেছেন। চিনে একটা প্রবাদ আছে—১০০ বার একটা কথা মুখে আপনি বলুন সেটা যত না বিশ্বাসযোগ্য হবে মানুষের কাছে, তার চেয়ে একবার যদি লিখিত ভাবে জানানো হয় তাহলে সেটা অনেক বেশি মানুষের কাছে বিশ্বাসযোগ্য হবে। এটা হল বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গি, এটা অন্য কোনও রাজ্যে

নেই। আমাদের অবস্থার পরিবর্তন করতে হবে। আমি কয়েকটি বিচ্ছিন্ন ঘটনার কথা বলছি। গড়বেতা থানায় গরিব চাষী কৃষকদের উপর গুলি চালালো, কিন্তু যে গুলি চালালো তার বন্দুক সিজ করা হল না। এই বছরের জানুয়ারি মাস থেকে ৩-৪ বার এই ধরনের ঘটনা ঘটেছে। সেখানে পুলিশ তাদের ধরতে দ্বিধাগ্রস্ত, কোনও কার্যকর ব্যবস্থা গ্রহণ করছে না। কাঁথিতে বেনীমাধব সাঁতরা, চায়ের দোকানের মালিক, তার উপর বোমা ছুঁড়ল। কিন্তু আততায়ী গ্রেপ্তার হল না। বেলদার সাবড়াতে ঠিক একই ধরনের ঘটনা ঘটেছে কিন্তু পুলিশ কিছু করে নি। আবার ঝাড়গ্রামে এই ধরনের ঘটনার একজন কমিশনারকে ৯০ দিন জেল হাজতে থাকতে হয়েছে। এই সমস্ত বিক্ষিপ্ত ঘটনা আপনাকে আমি নিশ্চয়ই বলব। বামফ্রন্ট সরকারের আমলে যাতে এই ধরনের কোনও পক্ষপাতমূলক ঘটনা যাতে না ঘটে সেটা আপনি দেখবেন। বামফ্রন্ট সরকার স্বীকৃতি দিয়েছে যে কোনও গণতান্ত্রিক আন্দোলনে পুলিশ হস্তক্ষেপ করবে না। আমি এখানে এসে শুনলাম রানী রাসমনি রোডে হোমগার্ড কনফেডারেসানের একটা মিছিলের উপর পুলিশ লাঠিচার্জ করেছে। এই জিনিস কেন হল এটা আমাদের খতিয়ে দেখতে হবে। পুলিশের মধ্যে অনেক দক্ষ অফিসার রয়েছে। এই শ্রেণী বিভক্ত সমাজে বিভিন্ন রাজনৈতিক মতাদর্শের পুলিশ রয়েছে। আমাদের বিরোধী রাজনৈতিক মতাদর্শের পুলিশ সেখানে রয়েছে। এই শ্রেণী বিভক্ত সমাজে একটা বলিষ্ঠ নীতির উপর দাঁড়িয়ে আমাদের কাজ কারবার করতে হবে। অনেক দক্ষ অফিসার রয়েছেন। সমস্ত পুলিশ ডিপার্টমেন্টের জন্য বরাদ্দ বাড়ানো হচ্ছে, তাঁদের আবাসন থেকে শুরু করে বেতন সমস্ত কিছুর অনেক পরিবর্তন হয়েছে। এবারে আবার একটা বেতন কমিশন গঠন করা হয়েছে। সেই দিক থেকে আমি বলব পশ্চিমবাংলার যে কৃষ্টি পশ্চিমবাংলার যে সংস্কৃতি পশ্চিমবাংলার যে ঐতিহ্য সেই ঐতিহ্য অনুসারে কাজ করতে হবে। পুলিশ ডিপার্টমেন্টের মধ্যে সেই দৃষ্টান্ত স্থাপন করতে হবে। যদিও আমরা জানি ২৪ ঘন্টা ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে হিন্দিতে যে ছবিগুলি দেখানো হচ্ছে, তাতে যেভাবে মারামারি চুরি ডাকাতি দেখানো হচ্ছে তাতে আমাদের শিশুদের মনে একটা অস্থিরতা তৈরি হচ্ছে। যারই ফলশ্রুতি হিসাবে আজকে এই গণ প্রহার, খুন, জখম হচ্ছে। এই ব্যাপারে খবরের কাগজগুলি কোনটি পজিটিভ নিউজ কোনটা নেগেটিভ নিউজ কোন খবরটাকে তারা অগ্রাধিকার দেবে সেটা ভাবার সময় এসেছে। সাদাকে সাদা বলব কালোকে কালো বলব এটাই হওয়া উচিত। আপনাদের আমলে পুলিশকে ব্যবহার করা হয় কিভাবে বামপন্থীদের সায়েস্তা করতে হয়। আমি বলতে চাই এই বাজেটের মধ্যে দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয়েছে। আপনাদের শ্রেণী দৃষ্টিভঙ্গির সঙ্গে আমাদের শ্রেণী দৃষ্টিভঙ্গির মৌলিক একটা পার্থক্য রয়েছে। মানব অধিকারের প্রশ্নে বলতে চাই যদি কেউ পুলিশ হাজতে বা জেল হাজতে মারা যায় তাহলে প্রশাসনকে ২৪ ঘন্টার মধ্যে জানাতে হবে। এই ব্যাপারে ৩৯টি কেস দেওয়া হয়েছিল তার মধ্যে ৩০টি কেসের মীমাংসা হয়েছে। আমি আশা করব পশ্চিমবাংলার ঐতিহ্য অনুযায়ী বাম ডান সকল রাজনৈতিক দলের লোক এক হয়েছে আমরা পশ্চিমবাংলার আইন শৃঙ্খলা রক্ষা করব। রাজনৈতিক আনুগত্যের প্রশ্ন সেখানে যেন বড় হয়ে দেখা না যায়।

**(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)**

[4-40 – 4-50 p.m.]

**শ্রী সুলতান আহমেদ :** অনারেবল্ ডেপুটি স্পিকার, স্যার, আজকে পুলিশ বাজেট যা এখানে পেশ হয়েছে, আমি তার বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনগুলোকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। স্যার, আমার আগে আমাদের পার্টির সদস্য সুনীতি বাবু, তারপরে আর.এস.পি. পার্টির সদস্য জয়ন্ত বাবু বাংলার পুলিশের চেহারা এই হাউসের সামনে যা রেখেছেন, তাতে আমার বলার অনেকটাই বলে দিয়েছেন। আমি বেশিক্ষণ বলব না। কিন্তু স্যার, আজকে পুলিশ বাজেটের আগে গত একমাস ধরে বাংলায় এবং কলকাতা শহরের চেহারাটা কি তা কাগজ খুললেই দেখা যায়—ডাকাতির খবর, পুলিশ খুনের খবর, উকিলের খুনের খবর, মহিলা খুনের খবর। এই খুন কারা করছে? আজকে কলকাতা শহরে কিছু হলে কলকাতা পুলিশ থেকে জানানো হয় যে, ডিস্ট্রিক্ট থেকে ক্রিমিন্যালরা এসে কলকাতায় এইসব কাজগুলো করছে। ইভেন ক্যালকাটা পুলিশের কর্তৃপক্ষ বিবৃতি দিয়ে জানিয়ে দেন ক্রিমিন্যালরা কোন স্টেশনে নেমেছে, কোন স্টেশন থেকে নেমে বালিগঞ্জ সার্কুলার রোড, হরিশ মুখার্জি রোডের কোন বাড়িতে, কোন সময়ে গেল, কারা সাহায্য করেছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে, একমাসে নয় লক্ষ টাকার কেস, বালিগঞ্জ সার্কুলার রোডে ডাকাতি হয়েছে, খুন হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত কোনও আসামী ধরা পড়েনি। পুলিশ কাদের খুঁজছে? যারা সাট্টার লোক কলকাতা শহরে, তাদের পুলিশ বলছে যে, তোমরা সাট্টার লোক। তোমাদের বলতে হবে, বালিগঞ্জ সার্কুলার রোডে সোনালী যোশীকে কে খুন করেছে! মহিলা খুন হলেন, পুলিশ থেকে স্টেটমেন্ট দিয়ে বলেছে যে, সোনালী যোশীর খুন দেখে মনে হচ্ছে, ওঁর সঙ্গে কারও সম্পর্ক আছে। সেজন্যই এই খুন হয়েছে। আগে আমরা দেখেছি, কোনও খুন হলে পলিটিক্যাল মার্ডার বলে জিনিসটাকে হাল্কা করে দেওয়া হত। কোনও ক্রিমিন্যাল খুন হলে ক্রিমিন্যাল কেসকে এই ভাবে হাল্কা করে দেওয়া হত। এখন কলকাতা শহরে যে খুন হচ্ছে, তাতে বলা হচ্ছে যে, ডিস্ট্রিক্ট থেকে এসে এইসব খুন করে যাচ্ছে। অনেক সময়ে বলা হয় যে, বাড়িতে যারা সার্ভেন্ট তারা এই কাজ করেছে। ক্যালকাটা পুলিশ কমিশনার একটা বিবৃতিও দিয়েছেন, জনগণকে একটা নির্দেশও দিয়েছেন, আমি পড়েছি—অনেক লোক বাড়ি থেকে বার হবার আগে টাকা নিয়ে ব্যাঙ্কে জমা দিতে যান, তাঁদের জন্য বলেছেন, ব্যাঙ্কে যাবার আগে পুলিশকে খবর দিন। এটা কাগজে ওঁর একটা বিবৃতি আকারে বেরিয়েছে। উনি একটা স্টেটমেন্ট করেছেন। আমি মাননীয় পুলিশ মন্ত্রীকে বলব, পুলিশকে খুব অনেস্ট এবং ইনটিগ্রিটি সার্টিফিকেট দিয়েছেন। এর আগে যিনি পুলিশ কমিশনার ছিলেন, তাঁকে আমরা ভাবতাম তিনি অনেস্ট এবং ইনটিগ্রেটেড লোক। তিনি প্রেসিডেন্সি কলেজে মাননীয় পুলিশ মন্ত্রীর সঙ্গে পড়েছেন। তিনি তিন বছর পুলিশ কমিশনার ছিলেন। তিন বছরে তিনি ২৩২ বার কলকাতার বাইরে ছিলেন। দিল্লি, বোম্বে, সিঙ্গাপুর, ব্যাংকক, অস্ট্রেলিয়া, লন্ডন এবং ইউনাইটেড স্টেটসে ছিলেন। আজকে আমি জানতে চাই, আপনারা যাঁদের পারমিশন দিয়েছেন, পুলিশ কমিশনার করেছেন, তাঁকে ২৩২ দিন বাইরে থাকার পারমিশন কে দিলেন? একটা

স্টেটের আই.পি.এস., আই.এ.এস. যদি ফরেন টুরে যান, তাহলে তো তাঁকে স্টেট গভর্নমেন্ট এবং দিল্লি থেকে পারমিশন নিতে হয়। তাঁর টি.এ., ডি.এ. দেন রাজ্য সরকার। বুদ্ধদেব বাবু, আপনি একটু এনকোয়ারি করে দেখবেন যে কারা ওঁকে টিকিট কেটে দিয়েছিলেন, কার বাড়িতে উনি ছিলেন, কাদের গাড়ি উনি ইউজ করেছিলেন? কলকাতা শহরের প্রোমোটার যারা চিটিং কেসে ধরা পড়েছে, ও.সি.-কে ইনস্ট্রাকশন দিচ্ছেন, ওঁর হার্টের অসুখ আছে, ওঁকে একটা ভাল নার্সিংহোমে পাঠিয়ে দিন, থানায় রাখবেন না। এই হাউসে ১৯৯৩ সালে জ্যোতিবাবু বলেছেন। পুলিশ কমিশনারকে আপনারা মাথায় বসিয়ে রাখছেন।

আপনারা বলেছিলেন যে আমরা যখন ক্ষমতা পাব তখন পুলিশের হাত বেঁধে দেব, পুলিশকে লাঠি ধরতে দেব না। কিন্তু আজ থেকে ৩ বছর আগে কি দেখলাম—যুব কংগ্রেস একটা এসপ্ল্যানেড ইস্টে সভা করেছিল চাকুরির দাবিতে, তারা রাইটার্স বিল্ডিংস চাকুরির ভিযানে এসেছিল, তাদের উপরে পুলিশ চড়াও হয়ে গুলি করে মেরেছিল। তখন ওই পুলিশ কমিশনারকে জ্যোতিবাবু ভাল কাজ করার জন্য বাহবা দিয়েছিলেন। সুতরাং আপনাদের পুলিশের এই তো চোহারা। ডিস্ট্রিক্ট-এর ক্রিমিন্যালরা এসে ক্রাইম করছেন আর ক্যালকাটা ইজ সেফার ফর ক্রিমিন্যাল হয়ে যাচ্ছে। তাদের কাছে ক্যালকাটা হচ্ছে একটা সেফার রিজিওন। তারাই এখানে এসে ক্রাইম করছে। চুরি হয়ে যাবার পরে পুলিশের ডি.জি. বলছেন বাইরের থেকে এসে ডাকাতি করে যাচ্ছে। সুতরাং আজকে পুলিশের মরালিটি ভেঙ্গে গেছে। আজকে বুদ্ধদেব বাবু তথা পুলিশমন্ত্রী কমিশনার অফ পুলিশ এবং ডি.জি. অ্যাপয়েন্ট করছেন কিন্তু তাদের হাতে ক্ষমতা কতটুকু? পুলিশি ব্যবস্থাটাকে পুলিশ অ্যাশোসিয়েশনগুলো ঘিরে রেখেছে। ডি.জি. তার অফিসে বসে পুলিশ অ্যাশোসিয়েশনের সঙ্গে পরামর্শ করে ঠিক করছেন কোন থানায় কোন ও.সি.-কে পাঠানো হবে। আমি নিজে জানি এই ব্যাপারে ডি.জি. বা কমিশনারের কোনও হাত নেই। কোন থানায় কোন ও.সি. যাবে তার রিপ্রেজেনটেশন ডি.জি.-কে দিচ্ছে পুলিশ অ্যাশোসিয়েশন। তারা ওখানে বসে ঠিক করছেন অমুক পুলিশ কনস্টেবেলকে অমুক থানায় পাঠানো হোক কারণ তার মেয়ের বিয়ে। আবার কারুর ছেলে হায়ার সেকেন্ডারি পড়ছে, তার পড়ার খরচ অনেক বেশি, সেইজন্য পুলিশ অ্যাশোসিয়েশনের লিডার বলে দিচ্ছেন যে অমুক কনস্টেবেলকে অমুক থানায় পাঠানো হোক, তাহলে তার পড়ানোর খরচ উঠবে। আমি এইকথা শুনে জিজ্ঞাসা করেছিলাম ডি.জি.-কে, এই ব্যাপারে আপনারা কিছু বলেন না কেন, তার উত্তরে তিনি বলেছিলেন যে, তাদের কথা না শুনলে আমাদের নামে বাজে বাজে কথা লিখবে এবং ইনসাল্ট করবে। আজকে সাব ইন্সপেক্টরের পোস্টিংয়ের ক্ষেত্রে কোনও রেকর্ড মানা হয় না। ডি.ডি. ডিপার্টমেন্ট ভবানীভবনে বসছেন, ডি.জি. বসছেন রাইটার্স বিল্ডিংসে এবং কমিশনার অফ পুলিশ বসছেন লালবাজারে, এইভাবে কি ক্যালকাটা সিটির খুন ডাকাতি রোধ করা যাবে? এর ফলে বাইরের থেকে এসে ক্রাইম করে চলে যাচ্ছেন। আর আপনাদের একজন রাইটার্স বিল্ডিংসে বসে আছেন আর আর একজন লালবাজারে বসে আছেন যোগাযোগের কোনও ব্যাপার নেই। আপনাদের আর

ইন্টালিজেন্স বলে কিছু নেই। আজকে পুলিশি ব্যবস্থা একটা অপাদার্থ দপ্তরে পরিণত হয়েছে। আজকে আপনাদেরই তত্ত্বাবধানে কমিশনার অফ পুলিশ ফোর্সের অর্ডার অমান্য করে হোমগার্ডরা লাঠি নিয়ে চলে এসেছিল, তাদেরকে শেষ পর্যন্ত পুলিশ বাহিনীকে তাড়া করতে হয়েছে। তারা এ.জি. বেঙ্গল পর্যন্ত চলে এসেছিল, তাদের উদ্দেশ্য ছিল অ্যাসেম্বলিতে ঢুকে পড়া। হোমগার্ডরা লাঠি নিয়ে এবং ফ্ল্যাগ লাগিয়ে চলে এসেছিল অথচ পুলিশের ইন্টালিজেন্স ফেল করেছে বলেই তারা অ্যাসেম্বলিতে ঢোকবার জন্য এগুতে পেরেছিল। শেষ পর্যন্ত বুদ্ধদেব বাবু পুলিশ কমিশনারকে গাইড করতে হল, লাঠিচার্জের অর্ডার দিতে হল। সুতরাং আজকে অ্যাডমিনিস্ট্রেশন কোথায় দাঁড়িয়েছে? আগে স্পেশ্যাল ব্রাঞ্চ এসব খবর দিয়ে দিতেন, এখন কোথায় অবস্থা দাঁড়িয়েছে যে তারা কোনও খবর পায় না। আজকে এস.বি.-র কাজ কোথায়? তারা তো শুধু বসেই থাকে। তারপরে বরেন বাবু, রবীন বাবু কমিউনালিজিমের কথা বলে ক্রেডিট নিতে চাইলেন। আপনারা আজকে কথায় কথায় র‍্যাফ নামিয়ে দিচ্ছেন। কথায় কথায় র‍্যাফের ব্যাটেলিয়ান নামানো হচ্ছে। আমরা জানি কোনও অ্যাবনর্মাল সিচুয়েশন কিছু হলে পরে তবেই র‍্যাফ নামাতে হয়, কিন্তু এখন দেখছি কিছু গন্ডগোল ঘটলেই র‍্যাফ নামিয়ে দেওয়া হচ্ছে। কিছুদিন আগে যে বুক ফেয়ারে আগুন লাগল তাতে ক্যালকাটা পুলিশ কমিশনার বুদ্ধদেববাবুকে গার্ড দেবার জন্যে র‍্যাফ নামিয়ে তার চারপাশ ঘিরে দিলেন। ওদিকে যে কত বই চুরি হতে লাগল সেদিকে তাদের নজর নেই। আমরা জানি কোনও অ্যাবনর্মাল সিচুয়েশন বা কমিউন্যাল ব্যাপার কিছু হলে র‍্যাফ নামাতে হয়। [illegible] কোনও গন্ডগোল হলেই র‍্যাফই তার রিপ্রেজেনটেশন করে, ক্যালকাটা বা সিটি পুলিশের আর [illegible] দায়িত্ব থাকে না।

[4-50 – 5-00 p.m.]

অল কমিউনিটি সুড হ্যাভ রিপ্রেজেনটেটিভ ইন র‍্যাফ। আমি জানতে চাই, গত ২০ বছরে যে কনস্টেবলে নিয়োগ হয়েছে, সেখানে মাইনরিটি থেকেও নেওয়ার কথা বলা হয়েছে, কত মুসলিম আছে, তাদেরকে আপনারা সাব-ইন্সপেক্টার করবেন না। ও.সি. করবেন না। কিন্তু মুসলিম কমিউনিটি থেকে গত ২০ বছরে কটা কনস্টেবল রিক্রুটমেন্ট হয়েছে? মেটিয়াবুরুজ থেকে ডায়মন্ডহারবার পর্যন্ত বহু সংখ্যক মুসলিম আছে, মুসলিম কনস্টেবল কয়টা নিয়োগ হয়েছে, আপনারা তো অফিসারে নিয়োগ করবেন না। আজকে পুলিশ অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসোসিয়েশনের হাতে যদি চলে যায় সেখানে কিছু বলার থাকতে পারে না। পুলিশের নন-গেজেটেড ইউনিয়ন এর হাতে আমরা দেখছি বডি গার্ড লাইন যখন চলে যায় তখন বুদ্ধদেব বাবু বলেছিলেন, ১২ জনকে আমরা সাসপেন্ড করেছি। আমি জানতে চাই, এই সাসপেনশনের খবর কি হল? তার রেজাল্ট কি? আমাদের কাছে খবর আছে ক্যালকাটা পুলিশ অ্যাসোসিয়েশনের প্রেসারে সমস্ত সাসপেনশন উইথড্র করে নিয়েছেন। আজকে পুলিশের কি অবস্থা, পুলিশ অ্যাসোসিয়েশনের প্রেসারে সাসপেনশন উইথড্র করে নিচ্ছেন, এই তো পুলিশের অবস্থা। আজকে পুলিশের বাজেটে [illegible] কথা বলা হয়েছে [illegible] বাবু বললেন

মডার্নাইজেশন কি করবেন। আমার কাছে খবর আছে, আপনি এনকোয়ারি করে ভিজিলেন্স লাগিয়ে দেখুন, নতুন গাড়ি কেনার জন্য, লরি, মোটর সাইকেল কেনার জন্য, আই.পি.এস. অফিসাররা উঠে পড়ে লাগে। যে সমস্ত মোটর কোম্পানির থেকে টেন্ডার হয়ে গাড়িগুলি কেনেন সেখানে মোটর সাইকেল থেকে আরম্ভ করে গাড়ি কেনা পর্যন্ত এমন কি টায়ার কেনার জন্য তারা কমিশন দেয়। আপনি এই ব্যাপারে যদি জানতে চান, রিপন স্ট্রীটের ওয়ারলেস হেড কোয়াটার যেখানে আছে সেখানে গেলে সব সময় দেখবেন, একশো থেকে দেড়শো ওয়ারলেস গাড়ি দাঁড়িয়ে আছে, যেগুলির ওয়ারলেস খারাপ। বুদ্ধদেববাবু, আপনি নিজে ঘোরেন, কয়টা গাড়িতে ওয়ারলেস সিস্টেম ভাল অবস্থা চলছে। এক একটা থানাতে ৪টে গাড়ি দেওয়া হয়েছে আগে সেখানে একটা গাড়ি থাকত। আমাকে থানার একজন ও.সি. বলছিলেন,—তিনি বলছিলেন, আপনি পুলিশে বাজেটে যদি বলেন—আমাদের ৪টে গাড়িতেও হচ্ছে না, আরও যদি দু-একটা গাড়ি দেওয়া হয় তাহলে এগুলি মিটতে পারত। এখন ও.সি.-র গাড়ি আছে, অ্যাডিশনাল ও.সি.-র গাড়ি আছে, থানার গাড়ি আছে, সার্জেন্টেদের মোটর সাইকেল আছে, ডি.সি.-র কাছে দুটি গাড়ি আছে। স্যার, আজকে গাড়িগুলির যে অবস্থা, নূতন গাড়ি আপনারা বের করছেন, আবার কয়েক বছর পরে সেই গাড়ি আর ব্যবহার হচ্ছে না। গাড়িগুলি রেকেজ অবস্থায় লালবাজারে, হেড কোয়াটারে পড়ে থাকছে। স্যার, কলকাতা শহরের মতো জায়গায় এক বছর আগে ১৬ই অক্টোবর, ১৯৯৬ তারিখে, ক্লাস নাইনের একটি ছেলে যে বাড়ি থেকে বেরিয়ে সাউথ ক্লাবে যাচ্ছিল টেনিস খেলতে, তাকে কিডন্যাপ করা হয়, কারা কিডন্যাপ করে, তার মা-বাবা জানে না। তার পরেন দিন একটা ফোন আসে দিল্লি থেকে, তোমার ছেলেকে কিডন্যাপ করা হয়েছে বলে। সেই ভদ্রলোক তখন কলকাতা পুলিশের অ্যাডিশনাল সি.পি.-র সঙ্গে দেখা করতে যান, বুদ্ধদেব বাবু ইন্ডাস্ট্রিয়ালিস্ট, ব্যবসায়ীদের সঙ্গে দেখা করতে চান না, তাই বুদ্ধদেববাবুর সঙ্গে দেখা হয়নি। সেই লোকটি কমিশনার অফ পুলিশ, অ্যাডিশনাল সি.পি.-র সঙ্গে দেখা করলেন, এই টেপ রেকর্ড করা কথোপকথন সব শুনিয়েছিলেন, কিন্তু কিছু হল না। পরবর্তীকালে সেই বিজনেস ম্যান গোপনে কিডন্যাপারদের পেমেন্ট করে এবং তারা তার ছেলেকে যারা কিডন্যাপ করেছিল পাটনা থেকে টিকিট কেটে হাওয়াই জাহাজে করে দিল্লি পাঠিয়ে দিয়েছিল। এই হচ্ছে ক্রাইম এর অবস্থা। অ্যাডিশনাল সি.পি. পাটনা দিল্লি ঘুরে এলেন কিন্তু কোনও খবর সংগ্রহ করতে পারেননি, সমস্ত ইনটেলিজেন্স ফেল করেছে, কলকাতা পুলিশ কিছু করতে পারল না। আজকে যদি এই অবস্থা হয় আপনার ইনটেলিজেন্সের তাহলে সেক্ষেত্রে আমাদের বিরোধিতা করতেই হবে। গভর্নমেন্ট এক্সচেকার থেকে যে টাকা যাচ্ছে, সেই টাকায় সঠিক ভাবে কাজ হচ্ছে না, জনসাধারণের কোনও উপকার হচ্ছে না, তাই এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শঙ্কর সিংহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রী ১৯৯৭-৯৮ সালে ২১ ডিমান্ড নাম্বারে পুলিশের জন্য ৬৬২ কোটি ৩৫ লক্ষ টাকা চেয়েছেন।

ওঁর বাজেটে দেওয়া যে বিবৃতি এই বিবৃতির আমি তীব্র বিরোধিতা করছি। আমাদের দলের পক্ষ থেকে আনীত কাট মোশনের সমর্থন করে কিছু বলতে চাইছি। মাননীয় পুলিশমন্ত্রী আপনার দেওয়া বিবৃতি, সেই বিবৃতিতে আপনি বলেছেন যে ১৯৯৬-৯৭ সালের আর্থিক বছরে পুলিশ খাতে খরচ হয়েছিল ৫৫৪ কোটি ৩ লক্ষ ২০ হাজার টাকা। নিশ্চয়ই আপনি সেই বিবৃতির পৃষ্ঠাটা দেখছেন। কিন্তু পারতপক্ষে আপনার দেওয়া যে বিবৃতি, তার সঙ্গে খরচের একটা বিরাট পার্থক্য রয়েছে। আপনি বলছেন যে সাপ্লিমেন্টারি গ্র্যান্ট সেটা দেওয়া আছে ঠিকই। অর্থাৎ আপনার দেওয়া বিবৃতি—১৯৯৬-৯৭ সালে ৫৫৪ কোটি ৩ লক্ষ ২০ হাজার টাকা আপনি খরচ করেছিলেন বলছেন সেটা ঠিক নয়। আপনি খরচ করেছিলেন কত বিগত বছরে? ৬শো ২ কোটি ১৪ লক্ষ টাকা আপনি খরচ করেছিলেন। তাহলে বাড়তি টাকা আপনার বিবৃতি অনুযায়ী, মাননীয় পুলিশমন্ত্রী, আপনি এখানে যে বিবৃতি দিয়েছেন তার সঙ্গে গত বছরের খরচের পার্থক্য হল কেন? যেটা আপনি খরচ করেছেন সাপ্লিমেন্টারি গ্র্যান্ট সহ তাতে ৪৮ কোটি ১০ লক্ষ ৮০ হাজার টাকা বাড়তি খরচ করেছেন, সেটা আপনার বিবৃতিতে রাখা উচিত ছিল বলে আমি মনে করছি। অর্থাৎ আপনার ব্যয়বরাদ্দ ৫৫৪ কোটি ৩ লক্ষ ২০ হাজার টাকা। পশ্চিমবাংলার মানুষের সামগ্রিক উন্নয়ন খাতের থেকে টাকাগুলো নিয়ে সাপ্লিমেন্টারি গ্রান্টের মধ্যে দিয়ে আরও ৪৮ কোটি ১০ লক্ষ ৮০ হাজার টাকা আপনি খরচ করলেন পুলিশকে সাজাতে বিভিন্ন হেডে। দুর্ভাগ্যের বিষয়, মাননীয় পুলিশ মন্ত্রী আমি আপনার বিরুদ্ধে কোনও অভিযোগ করতে চাই না। আপনি চোর দুর্নীতিগ্রস্থ নন। কারণ আপনি সজ্জন মানুষ। নিশ্চয়ই আপনার মনে আছে, আপনি এক সময়ে এই সমস্ত চোরেদের সঙ্গে থাকতে পারেননি বলে, চলে গিয়েছিলেন। এটা আমার কথা নয়। রাজনৈতিক ইতিহাস একথা বলে। নিঃসন্দেহে সজ্জন মানুষের সততা আপনার আছে, নিষ্ঠা আপনার আছে। কিন্তু কার জন্য, কাদের জন্য কি স্বার্থে এত টাকা বরাদ্দ করে আপনি খরচ করতে যাচ্ছেন? ১৯৯৭-৯৮ সালের জন্য ৬৬২ কোটি ৬৫ লক্ষ টাকা আপনি আজকের বিধানসভায় পেশ করেছেন, নিশ্চয়ই টেবিল চাপড়িয়ে সরকারি পক্ষের সমর্থনে এটা পাস হয়ে যাবে।

[5-00 – 5-10 p.m.]

কিন্তু প্রশ্নটা হচ্ছে যে, আজকে মাননীয় পুলিশ মন্ত্রী আপনি জানেন যে, আজকে পুলিশ এমন একটা বিভাগ, যেটা যুগ যুগ ধরে স্বাধীনতার আগে এবং স্বাধীনতার পরে ছিল। অনেক বিধায়কই বলেছেন যে, ব্রিটিশ সাম্রাজ্যবাদ যখন ছিল, তার ধারাবাহিকতা নাকি এখনও এখানে রয়ে গেছে। তার খোল নলচে পালটানো সম্ভব হয়নি। আপনারা বাংলার বুকে ২০ বছর ধরে রয়েছেন, এটা খুব একটা কম সময় নয়। আপনারা আমরা সকলেই নির্দ্বিধায় বলি যে, ডাঃ বিধানচন্দ্র রায় হচ্ছেন বাংলার রূপকার। সেই ১৯৫৬ এবং ১৯৫৫ সালের প্রসিডিংস দয়া করে দেখুন, আমরা তখন জন্মাইনি। সেখান থেকেই আমি বলছি যে, তখন ৬ কোটি ১০ লক্ষ ৩৬ হাজার টাকা বরাদ্দ হয়েছিল। সেদিন ইতিহাসের অমোঘ নিয়মে আমরা যে জায়গায় বসে আছি, এখানে সেদিন বাংলার মাটিতে বিরোধী দলের দায়িত্ব

নিয়ে এই জায়গায় বসে, আজকে উনি উপস্থিত নেই, তিনি সম্মানীয় ব্যক্তি, সজ্জন ব্যক্তি, তিনি বলেছিলেন যে, এই পুলিশ বাজেট দেখে আমার মনে হচ্ছে যে, এটা পুলিশেরই রাজত্ব চলছে। তিনি সেই সময় এই টাকার জন্য চিৎকার করে বলেছিলেন। আর আজকেই অত্যন্ত দৃঢ়তার সঙ্গে চিৎকার করে, তারস্বরে ওই বেঞ্চের ক্ষমতাসীন দলের বিধায়করা এত বড়বড় সার্টিফিকেট দিচ্ছেন পুলিশকে। মাননীয় পুলিশ মন্ত্রীকে বলব যে, বিভিন্ন সাব হেডে এতগুলো টাকা কিসের জন্য খরচ করলেন? ১৯৯৫-৯৬ সালে পুলিশকে শিক্ষিত করতে ট্রেনিং দিতে ২ কোটি ৫৫ লক্ষ টাকা দিয়েছেন। ১৯৯৬-৯৭ সালে পুলিশকে শিক্ষিত করতে, ট্রেনিং দিতে ৪ কোটি ২৪ লক্ষ ১০ হাজার টাকা খরচ করেছেন। ১৯৯৭-৯৮ সালে আপনি পুলিশকে শিক্ষিত করতে, বরাদ্দ চেয়েছেন ৪ কোটি ৫১ লক্ষ টাকার। খুব ভালো কথা যে, পুলিশকে শিক্ষিত করতে হবে। পুলিশের শিক্ষার দরকার আছে। আপনি কি বলেন যে, শিক্ষায় শিক্ষিত করে পুলিশকে আপনি কোন জায়গায় নিয়ে আসলেন? আপনি জানেন যে, বাংলার বুকে ১৯৯০-৯৭ সালের মার্চ পর্যন্ত পুলিশ কর্তৃক ধর্ষণের সংখ্যা ৫৭। কি শিক্ষা পেল পুলিশ? কি ট্রেনিং দিলেন পুলিশকে? এটা আমার পরিসংখ্যান নয়। আপনাদেরই রেকর্ড থেকে বলছি যে, ৫৭ জন পুলিশ কর্তৃক ধর্ষিত হয়েছে। ১৯৯৫-৯৬ সালে এক বছরের মধ্যে পুলিশ লক আপে ধর্ষণের সংখ্যা ৬। পুলিশ কাস্টডিতেও এটা হয়েছে। ১৯৯২-৯৬ সালে পুলিশমন্ত্রী একটু দয়া করে শুনবেন যে, এই রাজ্যে মোট ধর্ষণের সংখ্যা ৩ হাজার ৭৩২ জন। এই সংখ্যাটা একটু হয়ত বেড়েছে, কিন্তু কমেনি। তাহলে অবস্থাটা কোথায় দাঁড়ালো? পুলিশকে ট্রেনিং দিতে পুলিশ হেডে এত কোটি কোটি টাকা খরচ করছেন। কি অদ্ভুত জায়গা। আজকে আপনার ক্রিমিনাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট যে আছে, সেখানে ১৯৯৫-৯৬ সালে দিয়েছেন ৯ কোটি ৮১ লক্ষ ২৬ হাজার টাকা। ক্রিমিনাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্টের সাব-হেডে ১৯৯৬-৯৭ সালের জন্য আপনি ১২ কোটি ৭১ লক্ষ ৮৭ হাজার টাকা দিয়েছিলেন। আর ১৯৯৭-৯৮ সালের জন্য, ক্রিমিনাল ইনভেস্টিগেশন ডিপার্টমেটের জন্য চেয়েছেন ১৪ কোটি ২৮ লক্ষ ৪৭ হাজার টাকা। কেন চেয়েছেন? কারণ ক্রিমিনাল ইনভেস্টিগেশন অ্যাণ্ড ইনটেলিজেন্স ডিপার্টমেন্টকে শক্তিশালী করতে হবে। আপনি নিশ্চয় জানেন যে আজকে পুলিশ কোন জায়গায় এসে দাঁড়িয়েছে। আজকে এমন একটা জায়গায় এসে দাঁড়িয়েছে, যে কিছুক্ষণ আগে মাননীয় ২-১ জন বিধায়ক ও.সি. ভোলানাথ ভাদুড়ির খুন হওয়ার কথা বলছিলেন। শুনতে ভাল লাগছিল যে ৩ জন বীর পুলিশ কর্মচারি ও.সি. সহ আত্মাহুতি দিয়েছেন ক্রিমিনালদের প্রতিরোধ করতে গিয়ে। এব্যাপারে কোনও সন্দেহ নেই। এই বীররা আত্মাহুতি দিলেন কেন? কি কারণে? মাননীয় পুলিশ মন্ত্রী ও.সি. ভোলানাথ ভাদুড়ি খুন হওয়ার পর এই সভায় একটা বিবৃতি দিয়েছিলেন। আপনি সেখানে লিখিত বিবৃতি দিলেন। আমি নবীন সদস্য, আমার এত কিছু জানা সম্ভব নয়। কিন্তু এটুকু বুঝি বাংলার সাড়ে সাত কোটি মানুষের পুলিশ মন্ত্রী, আজকে সেই জায়গায় দাড়িয়ে বিবৃতি দেবেন, সেখানে আপনার পাশে বসে আছেন হোম সেক্রেটারি, পুলিশ কমিশনার, ডেপুটি জেনারেল অফ পুলিশ, ডাইরেক্টর

পুলিশ বিয়িং এ মিনিস্টার, আপনার বিবৃতির সঙ্গে ভোলানাথ ভাদুড়ির এফ. আই. আরের যে কপি আছে তার কোনও মিল পাওয়া যাচ্ছে না। আপনার বিবৃতিতে আপনি বলেছেন, যে ভোলানাথ ভাদুড়ি বাঁশবাগান এলাকায় রাত ৮ টা ৫৫ মিনিট নাগাদ এসেছিলেন। কিন্তু সেই জায়গায় এফ. আই. আরের যে কপি আছে তাতে ভোলানাথ ভাদুড়ি যে থানার ও. সি. ছিলেন সেই থানার সাব-ইন্সপেক্টর পাহাড়ী বলছেন যে তিনি রাত ৯টা ১০ মিনিট নাগাদ একটা টেলিফোন মেসেজ পান। এখানে ১৫ মিনিটের পার্থক্য দেখা যাচ্ছে। আপনার বিবৃতির সঙ্গে একটা ঘটনার ১৫ মিনিটের পার্থক্য ঘটছে। দ্বিতীয়ত এটা খুব ইমপরটেন্ট ব্যাপার যে ৩ জন আত্মাহুতি দিয়েছেন। সেখানে আপনি আপনার বিবৃতিতে বলেছেন সাম রাজকুমার গুপ্তা, তিনি চাঁপদানী ফাঁড়িতে গেলেন সেখানে গিয়ে বললেন যে টিপুয়া, ও ভাকালু তাঁর বাড়ি আক্রমণ করেছে এবং সেখানে বসে আছেন। সার্কেল ইন্সপেক্টর দীপক মিত্র তখন কি করলেন? আপনার বিবৃতিতে আছে রাজকুমার গুপ্তাকে সঙ্গে করে নিয়ে গেলেন। তখন ভোলানাথ ভাদুড়ি থানায় পুলিশ কাস্টডিতে আসছিলেন। আর্মস জমা রাখতে। ও. সি. তখন খবর পেয়ে গিয়ে দেখেন যে রাজকুমার গুপ্তা রাস্তায় ঘুরে বেড়াচ্ছেন। ও. সি. কে রাজকুমার গুপ্তা বলছেন,—

[5-10 – 5-20 p.m.]

এফ. আই. আর.-এ বলছে, ভাকালু আর দীপুয়া একটা সাদা অ্যাম্বাসাডর করে—তার নাম্বারও দিয়ে দিয়েছে, যাচ্ছে, সি. আই. রাজকুমার গুপ্তাকে সঙ্গে করে বার হলেন। অথচ সেখানে দেখা গেল রাজকুমার গুপ্তা রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। সি. আই. এর কোন জায়গায় অবস্থান নেই। স্বীকার করি তারা বীর, আত্মাহুতি দিয়েছেন, পুলিশ কর্মচারীর দায়িত্ব পালন করেছেন। কিন্তু, এটা নিছক ক্রিমিনাল ষড়যন্ত্র নয়। আমি মনে করি পুলিশের সর্বোচ্চ জায়গা থেকে কয়েকজনের সম্মিলিত প্রচেষ্টায় খুন করানো হয়েছে। মাননীয় পুলিশ মন্ত্রী নিষ্ঠাবান, সজ্জন মানুষ, সুকান্তের বংশের রক্ত তাঁর ধমনীতে বইছে, তাঁকে ব্যক্তিগতভাবে বলার আমার কিছু নেই, কিন্তু যদি সত্যকে উদ্ঘাটিত করতে হয় তাহলে ভালো ভাবে বিষয়টি দেখুন। কেন সি. আই. সেই জায়গায় গেলেন না? কেন থাকলেন না? এটাই বলতে চাইছি, কোন ইন্টেলিজেন্স, কোন ভিজিলেন্স আজ পশ্চিমবাংলায় চলছে। একটা ও. সি.কে খুন করানোর জন্য বারবার খবর দিল, তার বার্তায় খবর পাঠাল, তা পরিষ্কার নয়, একবার বাঁশ বাগান, একবার বি. এম. রোড, আবার কোন জায়গায় নাম বলেছে। একটা মানুষকে ঘুরিয়ে ঘুরিয়ে কনফিউজড করে নিয়ে গিয়ে খুন করিয়েছে তাই আমি আপনাকে বলছি, এটা খুন নয়, খুন করানো হয়েছে, সি. বি. আই.কে দিয়ে তদন্ত করান।

আমরা নদীয়া জেলার বিধায়করা আগেও ব্যক্তিগত ভাবে ঐ জেলার সমস্যা সম্পর্কে কয়েকবারই বলেছি। এখানে বিধায়ক জয়ন্তবাবুও বললেন। করিমপুরের চিত্ত বিশ্বাস, অনিল বিশ্বাসের বড়দা এখানে আছেন। করিমপুরের বৃহত্তর অঞ্চলের মানুষকে রাত্রে বাড়িতে ঘুমিয়ে

থাকতে দেখতে পাবেন না, তারা দিনের বেলা ঘুমোন—কেননা, ডাকাতের তাণ্ডব। সেখানে কোনও প্রশাসনিক ব্যবস্থা নেই, স্মাগলারদের দৌরাত্মে সাধারণ মানুষের জীবন বিপর্যস্ত হয়ে গেছে। অত্যন্ত দুঃখের বিষয় একটি বলছি। কয়েকদিন আগে তেহট্ট থানার এস. ডি. পি. ও. রাত্রে দেখলেন কিছু মানুষ দাঁড়িয়ে আছে, কারো হাতে বল্লম, কাগজে দিয়েছে, কারো হাতে দাঁ তারা আর. জি. পার্টির লোক, ডাকাত দমন করে, যা পুলিশ পারে না। সেই থানার অনুমোদিত সরকারের অনুমোদিত আর. জি. পার্টির লোককে গুলি করে হত্যা করা হল। তাহলে কি ভয়ঙ্কর জায়গায় আজ পশ্চিমবাংলার মানুষ বাস করছে। গ্রামের মানুষ যখন গ্রামরক্ষী বাহিনী গঠন করে প্রতিরোধ করছে ডাকাতের আক্রমণ, তখন একজন দায়িত্বশীল পুলিশ অফিসার, নিরাপত্তা রক্ষী তাদের গুলি করে মারছে। পরের দিন আবার ডাকাত ঢুকে আর একজনকে খুন করেছে। এই তো অবস্থা চলছে। আগেকার দিনে পুলিশ সুপারিনটেণ্ডেটরা আই. জি.-র কাছ থেকে পরামর্শ নিতেন, এখন আলিমুদ্দিন স্ট্রিট থেকে নেন। এখন তারা বুদ্ধদেব বাবুর, না অনিল বাবুর, কার পাওয়ার বেশি, সেটা খুঁজে বেড়ান। এটা যদি হয়, তাহলে পশ্চিমবাংলায় নিরাপত্তা থাকে না। এখন দেখছি পশ্চিমবাংলায় প্রশাসনিক কালচার শুধুমাত্র দলবাজিতে পৌঁছেছে। তাই এই বাজেটের বিরোধিতা করে, আমাদের দলের কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে ২১ নম্বর ডিমাণ্ডে যে ব্যায়০বরাদ্দ উত্থাপন করা হয়েছে তাকে আমি সম্পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাট-মোশনের বিরোধিতা করছি। কারণ, বিরোধীদের কাট-মোশনের কোনও যুক্তি নেই। আজকে ২১ নম্বর ডিমাণ্ড মানে হচ্ছে, স্বরাষ্ট্র আরক্ষা বিভাগ আমাদের রাজ্যের মানুষের স্বার্থকে রক্ষা করার জন্য, শান্তি-শৃঙ্খলা রক্ষা করার জন্য এই ব্যয়-বরাদ্দ চেয়েছেন। আর, এই আরক্ষা বিভাগের দায়িত্ব হচ্ছে, অপরাধ দমন করা, অপরাধীদের শায়েস্তা করা। আর অপরাধীরা যদি এই ডিমাণ্ডের বিরুদ্ধে কাট-মোশন আনেন তাহলে কোন মানুষ এর সমর্থন করতে পারে? এত অপরাধী যারা এতক্ষণ ধরে এখানে সওয়াল করলেন তাঁরা জানেন না গোটা দেশের মাটিতে আজকে কি চলছে? আপনাদের জানা নেই? জেনে নিন প্রথমে। আজকে দিল্লি হাইকোর্ট জানান দিয়েছেন, শৈলেন্দ্র মাহাতোকে রাজসাক্ষী হিসাবে গণ্য করা হবে উৎকোচ গ্রহণ মামলায়। এটা আপনাদের জানা আছে তো? আজকে আসামী হচ্ছেন, প্রাক্তন সাংসদ থেকে শুরু করে তাবড় তাবড় নেতারা এবং তার সাথে নতুন করে যুক্ত হচ্ছেন বর্তমান কংগ্রেস সভাপতি। গত কয়েকদিন আগে তাঁর জ্যোতিবাবুর কাছে কি কান্না, কি কাঁদুনি।

আজকে লাখুভাই পাঠক প্রতারণা মামলা চলছে। লাখু ভায়ের মৃত্যু হলেও কেউ এই মামলা থেকে পার পাবেন না। চলছে সেন্ট কিটস মামলা, টেলিকম মামলা, টাডা, ইউরিয়া মামলা, মিজোরাম মামলা, পেট্রোলিয়াম মামলা, হাউজিং মামলা এতগুলো কেলেঙ্কারি। আজকে একটু আগে ওঁরা ৬৬২ কোটি টাকার বাজেটের বিরোধিতা করলেন। আজকে ঐ ৬/৭টা কেলেঙ্কারিতে ১০ হাজার ১০০ কোটি টাকা লেনদেন করা হয়েছে। আজকে যারা ঐ ১০

হাজার ২০০ কোটি টাকা তছনছ করেছেন তাঁরাই আবার এই বাজেটের বিরোধিতা করছেন। আজকে এই পুলিশ বাজেটের বিরোধিতা করার কোনও নৈতিক অধিকার কি কংগ্রেসের আছে? কোটি কোটি টাকা তছনছের অপরাধী। আজকে বোমা বিস্ফোরণ হচ্ছে, ছিনতাই হচ্ছে। গতকাল উত্তরপ্রদেশে সমাজবাদী পার্টির চারজন কর্মীকে খুন করা হয়েছে। বিহার, আসাম, নাগাল্যাণ্ড সহ সমগ্র উত্তর-পূর্বাঞ্চল, মহারাষ্ট্র, মধ্যপ্রদেশেও আমাদের কর্মীরা নিহত হচ্ছেন। কিছুদিন আগে উড়িষ্যাতে ২০০ জন লোকের প্রাণ চলে গেল। এই রকম একটা অবস্থার মধ্যে আজকে পশ্চিমবঙ্গে ৬৬২ কোটি টাকার বরাদ্দের আপনারা সমর্থন দিতে চাইছেন না।

[5-20 – 5-30 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটার পর একটা বিষয়ে এখানে তুলে ধরব। প্রথমেই, এরাজ্যে আইন-শৃঙ্খলার ব্যাপারে কয়েকটা উদাহরণ দেব। গত ৯ই ফেব্রুয়ারি উত্তর দিনাজপুরের রায়গঞ্জ থানার জগদীশপুর অঞ্চলে দুজন সি. পি. আই. এম. কর্মী কাবা মহম্মদ ও মফিজুদ্দিন মহম্মদের উপর শারীরিক নিগ্রহ করে এক দল কংগ্রেস সমর্থক। নিগ্রহে নেতৃত্ব দেন ওই অঞ্চলের কংগ্রেস বিধায়ক দিলীপ দাস। আগের দিন কিছু কংগ্রেস সমর্থক পাট্টা পাওয়া চাষীদের জমি দখল করতে এলে কাবা মহম্মদ ও মফিজুদ্দিন তাতে বাধা দিয়েছিলেন। গত ৭ই জুলাই নদীয়ার উত্তর রাঘবপুরে একজন এম. এল. এ. ৫ রাউণ্ড গুলি ছুড়েছিলেন, তারপর সরকারি বাসে আগুন ধরিয়েছিলেন, এই বিধায়ক একটু আগে সওয়াল করছিলেন, এখানে এই রাজ্যে আইন শৃঙ্খলা কিভাবে রক্ষা করতে হবে তার জন্য মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে পরামর্শ দিচ্ছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই স্বরাষ্ট্র দপ্তরের বাজেট নিয়ে আলোচনা হচ্ছে, আজকে কংগ্রেসের একটা গ্রুপ অ্যাবসেন্ট, কেন তাবড় তাবড় রাজনীতিবিদরা নেই। একটু জানুন যে কি রকম স্যাম্পেল নিয়ে আপনারা আছেন। আপনারা উপদলীয় কোন্দলে ব্যস্ত। তার উদাহরণ কি? তার উদাহরণ হল গত ২৯শে মার্চ অল ইণ্ডিয়া ইউথ কংগ্রেসের প্রেসিডেন্ট দমদম এয়ারপোর্টে এসেছিলেন। আপনারা দেখুন যে কি করে পুলিশকে আপনাদের পিছনে ব্যস্ত থাকতে হয়। বিমানবন্দরে হাতাহাতি, ক্ষুব্ধ গাইকোয়াড়ের ধমক। যুবকংগ্রেসের হাতে সভাপতি নিগৃহীত। এই সভাপতি গত কয়েক মাস আগেও ছিলেন। আপনারা এতক্ষণ পুলিশ নিয়ে জ্ঞান দিচ্ছিলেন, দেখুন এই পুলিশকে আপনাদের প্রতি কত দায়িত্ববান ভূমিকা পালন করতে হয়। অল ইণ্ডিয়া ইউথ কংগ্রেসের সভাপতি গাইকোয়াড় এসেছিলেন ডালখোলায় যাবেন বলে। পরিকল্পনা ছিল সড়ক পথে যাবেন ডালখোলায়। কিন্তু কোন এক রহস্যজনক কারণে নৈহাটি পর্যন্ত গাড়ি করে গিয়ে, তারপরে ট্রেনে চড়েছিলেন কারণ নৈহাটির পরে ওখানে যেতে পড়ে রানাঘাট, নবগ্রাম। ওখানে যুবকংগ্রেসের রাজ্য নেতৃত্ব তাদের কে গত নির্বাচনের আগে প্রার্থীপদ দেওয়ার জন্য কি উক্তি করেছিলেন। এ মনে রেখে ওই গাইকোয়াড় আর সড়ক পথে যাননি, গেছেন ট্রেনে। কি রকম অবস্থার মধ্যে থেকে এই রাজ্যের পুলিশকে দায়িত্ব পালন করতে হচ্ছে। ট্রেনে ডাকাতি নিয়ে

একটু আগে একজন সদস্য বলছিলেন, আপনারা দেখবেন এর রহস্য উদ্‌ঘাটিত হচ্ছে ইসলামপুর থানার রুহিয়া গ্রামে আমাদের এক জন সদস্য, সমাজবিরোধীদের বিরুদ্ধে যখন রুখে দাঁড়িয়েছেন, তাকে প্রাণ দিতে হল গত ফেব্রুয়ারি মাসে, পুলিশ সেখানে গিয়েছিল। একটু আগে সুনীতি চট্টরাজ খবরের কাগজের কথা বলছিলেন যে ধর্ষণ হচ্ছে, খুন হচ্ছে, আজকের কাগজের খবর কি আপনার চোখ এড়িয়েছে। আজকের খবরের কাগজে আছে, এই যে রেল ডাকাতি সেটা কারা করে বেড়িয়েছিল। দুটি জেলা থেকে তাদের ১৩ জনকে পুলিশ টাস্কফোর্স গঠন করে ধরেছে। ইতিমধ্যেই রেলওয়ে আর. পি. এফ., জি. আর. পি. এবং ডব্লু. বি. পুলিশ তারা টাস্কফোর্স গঠন করে ১৩ জনকে ধরেছে। গতকালকে, এটা আজকের খবরের কাগজে আছে। তারপর তানোয়ার হত্যা মামলায় আপনাদের সভাপতির ভূমিকা কি? ইতিমধ্যে রাজেন পিল্লাই হত্যা হল। তাঁর স্ত্রী নীনা পিল্লাই মামলা করেছেন। এগুলি শুনতে খারাপ লাগছে তাই তো? ওটা হচ্ছে দিল্লি, রাজধানী। এই রাজেন পিল্লাই হত্যার মামলায় আজকে কারা আসামী? কারা একটার পর একটা অপরাধ করে বেড়াচ্ছেন। আমাদের রাজ্যে পুলিশকে কত দায়িত্ব পালন করতে হচ্ছে। তিনজন পুলিশ অফিসারের প্রাণ গেছে, আর এর আগে মেহতার প্রাণ গেছে সে কথা আমরা জানি। এই সমাজবিরোধীরা কারা? কারা এদের উস্কানি দিচ্ছেন? কারা এই সমাজবিরোধীদের আশ্রয়-দাতা, প্রশ্রয়-দাতা, উস্কানি-দাতা, মদত-দাতা? ঐ দাউদ ইব্রাহিমের আশ্রয়দাতা আজকে জেল খাটছে, কল্পনাথ রাই। এখানে সমাজ বিরোধীদের কারা উস্কানি দিচ্ছে এটা আপনাদের নজরে পড়েনা? সুলতান আহমেদ সাহেব, গত ১৬ই মার্চ তিলজলা থানায় কি ঘটনা ঘটল? মধ্য-রাতে দুদল সমাজবিরোধী মদ্যপ অবস্থায় মাংস খাওয়া নিয়ে মারামারি শুরু করে দিল। সেই দুদল সমাজ বিরোধীর মধ্যে এক-দল হিন্দু, আর এক-দল মুসলমান। সেই গণ্ডগোল থেকে দাঙ্গা হবার উপক্রম হয়েছিল, কিন্তু আমরা দেখেছি পুলিশ অতি তৎপরতার সঙ্গে সেই অবস্থার মোকাবিলা করেছিল। তিলজলা থানা সহ দক্ষিণ ২৪পরগনার সমস্ত পুলিশ, সাধারণ মানুষ এবং বামপন্থী কর্মীরা যুক্তভাবে নেমে পড়েছিল অবস্থার নিয়ন্ত্রণ করতে। কয়েক ঘন্টার মধ্যে অবস্থা নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে, দাঙ্গা ঠেকানো সম্ভব হয়েছে। সুলতান আমেদ সাহেব একটু আগে অনেক কথা বললেন, তা এটাও একটু খবর নিয়ে দেখুন। ওখানে যে সমস্ত অপরাধীরা দাঙ্গা বাঁধাবার কাজে সক্রিয় ছিল, যে সমস্ত দাঙ্গাবাজদের গ্রেপ্তার করা হয়েছিল তাদের ছাড়াতে কারা থানায় গিয়েছিলেন তা একটু খবর নিয়ে দেখুন। তারপর গত ১৩ই জুলাই ত্রিনাথ দে লেক থানা এলাকার পঞ্চাননতলায় খুন হল। খুনী কংগ্রেসের লোক—বিধায়ক গৌতম চক্রবর্তী যে এলাকায় থাকেন, খুনীও সেই এলাকায় থাকে—সেই খুনীকে জেল থেকে ছাড়াবার জন্য কারা থানায় গিয়েছিল? স্বরাষ্ট্র বিভাগের তৎপরতায় খুনীকে গ্রেপ্তার করা হয়েছিল। কংগ্রেস কর্মীকে আর এক কংগ্রেস কর্মী খুন করেছিল। একদল কংগ্রেস কর্মী সেই খুনীর পক্ষ যদি অবলম্বন করে তাহলে কি খুনীরা উৎসাহিত হয় না?

(প্রচণ্ড গোলমাল)

মাননীয় সদস্য তাপস ব্যানার্জি, আপনি খুব চিৎকার করছেন, রানীগঞ্জের কাউন্সিলর সুরয উপাধ্যায়কে আপনি নিশ্চয়ই চেনেন। এই সুরয উপাধ্যায় গত কয়েক দিন আগে ছাত্র পরিষদের নেতাদের নিয়ে সশস্ত্র অবস্থায় দুর্গাপুরের হোটেল সম্রাটে ছিলেন। নিজেদের মধ্যে তর্ক-বিতর্ক চলাকালীন তিনি গুলি চালিয়েছিলেন। এলাকার মানুষরা একত্রিত হয়ে পুলিসের ওপর চাপ সৃষ্টি করলে তিনি গ্রেপ্তার হন। কে তাকে ছাড়াতে গিয়েছিল? এরপরে মেদিনীপুরে আসুন। গৃহবধু হত্যা নিয়ে আপনারা অনেক চিৎকার করলেন। খড়গপুর টাউন থানা এলাকার বামনপাড়ায় ফাল্গুনী ঘোষকে আগুনে পুড়িয়ে খুন করল কংগ্রেস সেবাদলের মধু ঘোষ। ডি. ওয়াই. এফ., মহিলা সমিতি, সবাই খুনীর শাস্তির দাবিতে জমায়েত হল। সেখানে কংগ্রেস খুনী, বধূ হত্যাকারী মধু ঘোষকে ছাড়াবার জন্য চেষ্টা চালালো। এই হচ্ছে ওদের দৃষ্টিভঙ্গি। ওরা হচ্ছে অপরাধীদের সর্বক্ষেত্রে মদত-দাতা, উস্কানী-দাতা। আপনারা এই সব করছেন, পুলিশকে উত্তক্ত করার চেষ্টা করছেন। কিন্তু আমরা জানি পুলিশকে তার দায়িত্ব পালন করতে হবে। তাই মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমার আবেদন, আপনি তথা আপনার দপ্তর সব সময় চোখ খোলা রেখে চলুন।

**(প্রচণ্ড গোলমাল)**

(**শ্রী তাপস ব্যানার্জি ঃ** দাঁড়িয়ে উঠে কিছু বলবার চেষ্টা করেন।)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিঃ ব্যানার্জি, প্লিজ টেক ইয়োর সীট। মিঃ ব্যানার্জি, ইউ আর অ্যান অ্যাডভোকেট। প্লিজ টেক ইয়োর সীট। শুনুন, ওদের কথা আপনার পছন্দ হবেনা, আপনার কথা ওদের পছন্দ হবেনা। তবুও উভয়ের কথা উভয়কে বলতে দিতে হবে। আপনি বসুন।

[5-30 – 5-40 p.m.]

বসুন, বসুন। আপনি তো উকিল, লোকের কথা শোনার অভ্যাস আছে। শুনুন কথাগুলি, এগুলি শুনতে হয়। জজের কথা শুনতে হয়। কাজেই অন্য লোক যখন বলে তখন ডিসটার্ব করবেন না। আপনারা যখন বলেন তখন ওঁরা শোনেন, আবার ওঁরা যখন বলেন, আপনারা শুনবেন। তারপর মন্ত্রী জবাব দেবেন, শুনবেন। এটাই সংসদীয় গণতন্ত্র।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এদের এইসব বুঝিয়ে লাভ আছে? চোর না শোনে ধর্মের কাহিনী। এদের মজ্জায় মজ্জায় দুর্নীতি ঢুকে গেছে। একটু আগে বিরোধীদলের একজন সদস্য—যিনি টাওয়েল পরতে অভ্যস্ত তিনি আই.পি.এস.-দের সম্পর্কে বিকৃত উক্তি করলেন। তাঁকে আমি মনে করিয়ে দিই, গত ৩রা এপ্রিল বেনেপুকুর থানা এলাকায় যখন ডাকাতরা ডাকাতি করতে গেল, সেই সময়ে বেনেপুকুর থানার ও.সি.-র নেতৃত্বে বিরাট পুলিশ বাহিনী ডাকাতদের পাকড়াও করলেন। এরজন্য তো পুলিশদের ধন্যবাদ দেওয়া উচিত। এইসব কাজের জন্য পুলিশকে ধন্যবাদ দিতে কংগ্রেস কর্মীদের গায়ে এত জ্বালা ধরে কেন? এইসব

ঘটনার কথা আপনারা মনে রাখেন না? আর মনে রাখবেনই বা কি করে? আপনাদের তো আর তাপ-উত্তাপ নেই। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে পুলিশ প্রশাসন তাদের দায়িত্ব পালন করে চলেছেন। আপনি এখানে দাঁড়িয়ে পুলিশের বিরুদ্ধে বিদ্রুপ করে এইসব শব্দ ব্যবহার করলেন। উমেশচন্দ্র বন্দোপাধ্যায়ের যে কংগ্রেস দল, সুরেন্দ্রনাথ বন্দোপাধ্যায়ের যে কংগ্রেস দল সেই ১১১ বছরের কংগ্রেস পার্টির নাম এখন পাল্টে গেছে। আগে ছিল, আই. এন. সি. আর এখন হয়েছে আই. এস. সি অর্থাৎ ইণ্ডিয়ান সিক কংগ্রেস, আপনারা দেশকে দুর্বল করেছেন, দেশকে রুগ্ন করেছেন, দেশের অবস্থা আজকে কোথায় নিয়ে গিয়ে দাঁড় করিয়েছেন। আজকে অপরাধ জগতের ব্যক্তিদের আপনারাই সমাজের সামনে তুলে দিচ্ছেন। তারাই সমাজের সামনে এসে গোটা দেশকে ছারখার করে দিচ্ছেন। দেশের এই আর্থ-সামাজিক অবস্থায় আপনাদের এই দায়িত্ববোধ কোথায়? এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে দেশের আইন-শৃঙ্খলা রক্ষা করার জন্য বামফ্রন্ট সরকার গত ২০ বছর ধরে নিরলস সংগ্রাম চালিয়ে যাচ্ছে। আজকে আপনদের দলের নেতারা ধর্ণা দিচ্ছেন জ্যোতিবাবুকে দায়িত্ব নিতে হবে। কেন? প্রণব বাবু থেকে আরম্ভ করে আপনাদের দলের সবাই বলছেন জ্যোতিবাবু আপনি চলে আসুন, দায়িত্ব নিন। আজকে যার এখানে থাকার কথা ছিল, তিনি থাকতে পারছেন না, তাঁদের দিল্লি চলে যেতে হচ্ছে। এই হচ্ছে আপনাদের অবস্থা। আপনাদের অপশাসনে বামপন্থী আন্দোলনের কত কর্মীকে প্রাণ দিতে হয়েছে দার্জিলিং-এর মাটিতে, মেদিনীপুরে, পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি পারসেনটেজ অফ ভোট হয়। এটা আমাদের রাজ্যের গর্ব। শশাঙ্কবাবু শুনুন, অত চিৎকার করবেন না। গত শনিবার দিন গুজরাটে নির্বাচন হয়েছে। সেখানে কংগ্রেস প্রার্থী দেয়নি। সেখানে শঙ্কর সিং বাঘেলা জিতেছে। বিহারে যে ৩টি কেন্দ্রে ভোট হয়েছে সেখানেও কংগ্রেস পায়নি, ৩টি কেন্দ্রেই শূন্য। ওখানে গত কয়েক মাস আগে নির্বাচন হয়েছে। এই রাজ্যে যে নির্বাচন হয় তাতে ৮৩ শতাংশ মানুষ ভোট দেয়। সুতরাং শান্তিশৃঙ্খলার কথা বলুন, জনগণের অংশ গ্রহণ বলুন—এইসবই এই রাজ্যে আছে। আমাদের রাজ্যে এই যে ৮৩ শতাংশ মানুষ ভোট দেয়—এটা আমাদের গর্ব। আপনারা সেই গর্বের অংশীদার হতে পারেন না? আমাদের এখানে সবচেয়ে বেশি ভোট পড়েছে ঝাড়গ্রামে। ঝাড়গ্রামের লোকসভা প্রার্থী সবচেয়ে বেশি ভোটে জিতেছে আর বিধানসভায় জিতেছে বুদ্ধদেব ভকত। আর এই ঝাড়গ্রামে ঝাড়খণ্ডীদের সঙ্গে মিলিত হয়ে আপনারা গণ্ডগোল করার চেষ্টা করেছিলেন জামবনীতে। আপনারা মুর্শিদাবাদে একটার পর একটা ঘটনা ঘটিয়েছেন, নদীয়াতে একটার পর একটা ঘটনা ঘটিয়েছেন। নদীয়া জেলায় ১১ই জুন, ১৯৯৬ সালে প্রহ্লাদ সরকারকে হত্যা করা হল, ১৩ই জুন, স্বপন পালকে হত্যা করা হল, ১৭ই জুন, সঞ্জয় দাস, গোবিন্দ চক্রবর্তীকে হত্যা করা হল। বিশ্বাস পরিবারের ৩ জনকে হত্যা করা হয়। এইভাবে নদীয়া জেলায় একটার পর একটা ঘটনা ঘটছে। মুর্শিদাবাদ জেলার নবগ্রামে এবং এইসব অঞ্চলে ৩৩ জন খুন হয়েছে। এই অবস্থায় আজকে আইন শৃঙ্খলা রক্ষা করার জন্য পুলিশ যে নিরলস প্রয়াস চালাচ্ছে, আপনি সেই পুলিশের পাশে না দাঁড়িয়ে তাদের বিরুদ্ধে কুৎসিত মন্তব্য প্রয়োগ করলেন। আপনাদের রাজত্বে আমাদের ১৭৫৬ জন কর্মীকে প্রাণ দিতে হয়েছে। অনেকে এই সব বলছেন। সেই দার্জিলিং থেকে

আরম্ভ করে মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, প্রত্যেকটি জায়গায় যেসব ঘটনা ঘটছে, আমরা প্রতিটি ক্ষেত্রে দেখেছি, প্রতিটি ক্ষেত্রে আপনারা জড়িত আছেন। যেমন ফরাক্কার কথা তো বললেন না, আমাদের তিনজন মাননীয় মন্ত্রীর উপর আক্রমণ করল, কারা করল, আপনাদের হাতের সঙ্গী বি. জে. পি.। আমাদের মন্ত্রীদের উপর আক্রমণেও আপনারা জড়িত। আপনারা ভাবলেন বামপন্থী মন্ত্রীর উপর আক্রমণ হচ্ছে। একবার দেশের দিকে তাকিয়ে দেখুন, এই বি. জে. পি. কংগ্রেস মিলে ধুলিয়ান মিউনিসিপ্যালিটি গঠন করেছে, ইংলিশ বাজারে বি. জে. পি. কংগ্রেস মিউনিসিপ্যালিটি চালাচ্ছে। কংগ্রেস একটার পর একটা ঘটনায় আইনকে হাতে নিয়ে নিচ্ছে। আপনাদের নেতা নেত্রীরা আইন হাতে নিয়ে নিচ্ছেন হকারদের বসাবার জন্য আপনারা কী করলেন ২৭শে নভেম্বর এখানে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ভারতের খেলা, তখন আপনারা বন্‌ধ ডেকে দিলেন। কী, ব্যাপার, কেউ জানে না। তারপর আবার হকার সেজে গেলেন। তারপর সাতই জানুয়ারি ১৯৯৭ ভুখা মিছিল ডেকে দিলেন। তারপর একটা পত্রিকার প্রতিনিধিদের ডেকে ছবি তোলালেন। সেই পত্রিকাকে দিয়ে লেখালেন। আমাদের রাজ্যে প্রতিটি ক্ষেত্রে যদি তাকিয়ে দেখি তাহলে দেখা যাবে কংগ্রেস আইনশৃঙ্খলা বিপর্যস্ত করার জন্য সব ক্ষেত্রেই প্ররোচনা দিচ্ছে। যার জন্য আমাদের এই পুলিশ প্রশাসন সমস্ত শক্তি নিয়ে এই প্ররোচনাকে ব্যর্থ করে দিয়েছে। তাই এই বাজেটের সমর্থনে বক্তব্য রেখে এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পুলিশ মন্ত্রী ২১ নং দাবির অধীন মুখ্যখাত ২০৫৫, পুলিশ খাতে ৬৬২ কোটি ৩৫ লক্ষ টাকা যে ব্যয় বরাদ্দ দাবি এখানে পেশ করেছেন তার বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। কী পরিস্থিতিতে এই বাজেটের বিরোধিতা করতে হচ্ছে, কারণ মাননীয় পুলিশমন্ত্রী নিজেই বিব্রত, প্রতিদিন সকালবেলা কাগজে দেখেছি সাদা চুল, সাদা ধপধপে পাঞ্জাবী পরে হাতে সাদা ফুলের মালা নিয়ে গান স্যালিউটের সামনে গম্ভীর মুখে দাঁড়িয়ে আছেন—এক একটা করে পুলিশ কর্মী, অফিসার এবং কনস্টেবলের মৃত্যু ঘটছে, উনি তাদের মৃতদেহে মালা দিচ্ছেন। আজকে বাংলার বুকে নাওলখা পরিবারে হত্যা, অসীম ব্যানার্জি হত্যা, ডোমকলে হত্যা, তারপর জয়নগরে ১১ বছরের ছেলের কব্জী কুচিয়ে কুচিয়ে কেটে নেওয়া, বাংলার হাড়োয়ার মা বোনেদের হাহাকার, দেগঙ্গার ঘটনার জন্য ৬৬২ কোটি ৩৫ লক্ষ টাকার অনুমোদন দেওয়া যায় না। কারণ আমাদের মাননীয় পুলিশমন্ত্রীর বক্তব্যের সঙ্গে তাঁর কথা বা কাজের কোনও মিল নেই। এই অনুমোদন দিলে বাংলার মানুষ আমাদের কাউকে এবং পুলিশ মন্ত্রীকে ক্ষমা করবে না।

[5-40 – 5-50 p.m.]

প্রশ্নটা আজকে এখানে এসে দাঁড়িয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় সজ্জন, নিষ্ঠাবান, শিক্ষিত,

কবি, সাহিত্যপ্রেমী মানুষ, তাকে শোভা পায় তথ্য ও সংস্কৃতি দপ্তরে কিন্তু হঠাৎ করে তাকে পুলিশমন্ত্রী করে দেওয়া হল। কেন তাকে এইভাবে পুলিশ দপ্তরের দায়িত্ব দেওয়া হল আমরা বুঝতে পারলাম না। পুলিশমন্ত্রী দায়িত্ব নেবার পর আমরা দেখলাম এক বছর হতে চলল পুলিশমন্ত্রী পুলিশ ফোর্স বাড়াবার কথা বলছেন কিন্তু পুলিশ কি রকম কাজ করছে? আজকে নন-একজিকিউটেড ওয়ারেন্টের সংখ্যা হচ্ছে ৭২ হাজার ৬শো। পুলিশ পিছু একটা ওয়ারেন্ট—তারও বেশি পুলিশ রয়েছে কিন্তু ওয়ারেন্টগুলি একজিকিউটেড হয়না। রবিনবাবু হাইকোর্ট, সুপ্রিম কোর্ট, সি. বি. আই-এর কথা বললেন। এই সি. বি. আই. যাকে এখন ফেয়ার ও জুডিসিয়াস এজেন্সী হিসাবে ধরা হয় তারা তো বাংলার একটা কেস তদন্ত করেছিল, মেনে নিয়েছেন কি আপনারা? সেই কেস ঝুলিয়ে রেখে দিয়েছেন। আজও আপনারা সেই ভিখারি পাসোয়ানের মামলাটাকে ঝুলিয়ে রেখে দিয়েছেন—লজ্জা লাগে না আপনাদের? এর পর পুলিশ খাতের জন্য আপনারা এই সভায় ৬৬২ কোটি ৭৫ লক্ষ টাকার ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য রাখেন কিভাবে আমি বুঝতে পারি না। হাইকোর্টের কথা রবিনবাবু বলেছেন। হাইকোর্ট ৬৫ ডেসিবেলের উপর শব্দের ব্যাপারে তাদের মতামত জানিয়েছেন। কালিপূজাতে মাইক বন্ধ করে দেওয়া হয়, দুর্গাপুজাতে মাইক বন্ধ করে দেওয়া হয়, মসজিদে নোটিশ পাঠানো হয় কিন্তু সেই সঙ্গে আমরা যদি দেখতাম গ্রামের ঐ হাজার হাজার কৃষক যাদের ৪/৫ কাঠা জমি মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি জহ্লাদরা লুঠ করে নিয়েছে এবং তা ফিরিয়ে দেবার জন্য হাইকোর্ট অর্ডার দিয়েছেন এবং পুলিশ হাইকোর্টের অর্ডার মান্য করে তাদের জমি ফিরিয়ে দিয়েছে তাহলে আমরা খুশি হতাম। কোন এস. পি. কোন ডি. আই. জি. কোন আই. জি. কি দরিদ্র কৃষকদের সেই লুঠ হয়ে যাওয়া জমি তাদের ফিরিয়ে দেবার জন্য ব্যবস্থা নিয়েছেন? তা কিন্তু আমরা দেখছি না। আজকে আপনার ২৪টা আই. জি.। এই ২৪ টা আই. জি.'র কাজ কি? ৩৬টা ডি. আই. জি. ৯টা অ্যাডিশনাল ডি. জি., ৪ জন ডি. জি.—একটা মাথাভারী প্রশাসন এখানে চলছে। কোথায় যাবেন আপনি? মাননীয় মন্ত্রী মহাশয়, আমি আপনার বাজেট সমর্থন করে বক্তৃতা করতাম এবং আমার দলকেও বলতাম এই বাজেটকে সমর্থন করা উচিত, কাট মোশন আনা উচিত নয় যদি দেখতাম এই দপ্তর নিরপেক্ষভাবে কাজ করছে, সঠিকভাবে কাজ করছে। কিন্তু তা তো করছে না এবং তাই আমরা আপনার বাজেটের উপর কাট মোশন এনেছি এবং এই বাজেট সমর্থন করতে পারছি না। স্যার, সুনীল গঙ্গোপাধ্যায়ের একটা কবিতার কথা আমার মনে পড়ে যাচ্ছে। সুনীল গঙ্গোপাধ্যায় তার কবিতায় লিখেছিলেন, "ওরে ওরে পুলিশ, রাস্তায় যদি কবি দেখিস টুপি-টা একটু খুলিস।" আমি তো ভেবেছিলাম, মাননীয় পুলিশমন্ত্রী যিনি একজন কবি, তিনি গ্রামগঞ্জে পুলিসের কাছে এই রকম একটি কবিতার মাধ্যমে সার্কুলার পাঠাবেন যে, "ওরে ওরে পুলিশ সাধারণ মানুষ থানায় গেলে তাদের কথা শুনিস।" কিন্তু ১১ মাস কেটে গেলেও বাংলার কবি, বিদ্বান, সজ্জন পুলিশমন্ত্রী এরকম নির্দেশ দিয়ে পুলিশকে তা মানতে বাধ্য করতে পারেননি। আজকে আপনারা আর্থ-সামাজিক পরিস্থিতির কথা বলেন, আপনারা তো ২০ বছর ধরে এখানে ক্ষমতায় আছেন, এ ক্ষেত্রে কি দায়দায়িত্ব আপনাদের কিছু নেই?

পুলিশ বাহিনীর মধ্যে রাজনীতিকরণ কারা করছে? তার দায়দায়িত্ব কি আপনাদের নয়? আপনারা কি পলিটিকালাইজড সেখানে করেননি? আমি বুঝি, মন্ত্রী মহাশয় আপনি কিছু একটা করতে চাইছেন, আপনার যন্ত্রনা আছে, কিন্তু একটা বাধা, একটা রাশ আপনাকে টেনে ধরেছে, আপনি পারছেন না। আজকে এখানে ক্রাইম ক্রমবর্ধমান। এই ক্রাইম কনট্রোল করার জন্য আপনি একজনকে আই. জি. (ক্রাইম) করেছেন। কিন্তু যাকে করেছেন পশ্চিমবাংলায় তার অভিজ্ঞতা মাত্র তিন মাস। অ্যাডিশনাল এস. পি. তিন মাস, এস. ডি. পি. ও., তিন মাস, বাংলাকে তিনি ভালোভাবে চেনেন না, জানেন না, ব্যক্তিগতভাবে আমি তার বিরুদ্ধে কিছু বলছি না, কিন্তু বাংলায় ৬ মাসের অভিজ্ঞতা নিয়ে তিনি এখানকার ক্রমবর্ধমান ক্রাইমকে দমন করতে পারবেন কিনা সেটা আপনি বলবেন। মাননীয় মন্ত্রী মহাশয়, আমি আপনার দলের ঝগড়ার কথা তুলে আমার সময় নষ্ট করতে চাই না, আমি গৌতম খুনের কথা বা গুরং খুনের কথাও বলছি না কিন্তু আপনাদের দলের কোষাগার যিনি সামলাতেন, আপনাদের গণশক্তির কোষাগার যিনি সামলাতেন সেই সুশীল চৌধুরির খুনের কিনারার কি হল বলবেন কি? ১১ মাস আগে সি. আই. ডি. সুশীল চৌধুরির খুনের কিনারার দায়িত্ব নিয়েছে কিন্তু আজও পর্যন্ত কেন, কারা তাকে খুন করল জানা গেল না। এ ব্যাপারে সুশীল চৌধুরির আত্মার বা তার বাড়ির লোকের কি কোনও আবেদন থাকতে পারে না তারই দলের পুলিশমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের কাছে? সুশীল চৌধুরির মৃত্যুর কিনারা আজও হল না কেন তার উত্তর আজকে দিতে হবে। আমি ভদ্রেশ্বর থানার ও. সির কথা বলছি—আমি বিস্তারিতে যেতে চাই না—তবে এই সম্পর্কে হাউসে যা বলেছেন সেটা সম্পূর্ণ নয়, সেক্ষেত্রে কিছুটা মিসলিড করেছেন। সি. আই. ডি. যে কয়জনকে ধরেছে তারা কি বলেছে? টেপ রেকর্ডারে ধরা আছে সেসব কথা। তারা বলে ক্রিমিনাল পুলিশ নেকসাসের কথা? হাওড়ার কতগুলো পেট্রোলপাম্পে ডাকাতি হয়েছে সেটা তারা বলেছে। ঐ টাকা কাদের দিয়েছে তারা সেটাও তারা বলেছে টেপরেকর্ডারের বয়ানে। টেপরেকর্ডারে তারা ঐসব কথা বলেছে তাদের উপর সি. আই. ডি. থার্ড ডিগ্রি অ্যাপ্লাই করবার পর। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন? ভদ্রেশ্বর থানার ও. সি. খুন হবার পর কার হাতে ৬০,০০০ টাকা তারা দিয়েছে সেটা তারা বলেনি? টেপরেকর্ডারে সেটাও আছে। কাজেই সব কথা আজকে আপনাকে বলতে হবে। আমি ভেবেছিলাম—৮২/৮৩ বছর বয়সের একজন মানুষ আর পারছেন না, তাই পুলিশ প্রশাসনের দায়িত্বটা পড়েছে আপনার হাতে। বাংলার যুবরাজ আপনি, পুলিশ প্রশাসন আপনি দেখেছেন। তাই আশা করেছিলাম বাংলার বুকে একটা পরিচ্ছন্ন সৎ পুলিশ প্রশাসন আপনি উপহার দেবেন। কিন্তু ব্যারাকপুর ভিজিলেন্সের আপনি কি অবস্থা করেছেন? ঐ ভিজিলেন্স যাদের বিরুদ্ধে চলছে—সি. আই. এস. আই., এস. বি. থেকে আপটু অ্যাডিশনাল ভি. জি. পর্যন্ত তাদের বিরুদ্ধে ব্যবস্থা তো নেননি। যাদের বিরুদ্ধে চার্জশীট হয়েছে বা হবে উল্টে তাদের ভাল ভাল জায়গায় বসিয়েছেন, অথবা অনভিজ্ঞদের বসিয়েছেন। এই ভিজিলেন্স কেস যাদের বিরুদ্ধে চলছে তাদের লম্বা লিষ্ট আমি এখানে দিতে চাই না। যদি আপনি সেটা চান তাহলে এর সম্পূর্ণ লিস্ট আমি দিয়ে দেব, হাউসে একথা আমি ঘোষণা করলাম। আজকে প্রশ্ন হচ্ছে,

বর্তমানে কলকাতার বুকে যা চলছে তাতে থানা বাড়াবার কথা, ফোর্স বাড়াবার কথা, বাংলার বুকে ফোর্স বাড়াবার কথা। কিন্তু সেক্ষেত্রে বলছেন—সেটাও ২০ বছর পরে—ফরেনসিক ল্যাবরেটরীর কথা। কিন্তু মেথডিকাল সিস্টেমটা তো সম্পূর্ণ শেষ হয়ে গেছে। আজকে মেথডিকাল সিস্টেম এবং মডার্ন সিস্টেমের কথা বারবার বলা হচ্ছে। কিন্তু মেডিকো লিগ্যাল সিস্টেমের কথা বলা উচিত ছিল। কিন্তু সেসব তথ্য যুক্তির মধ্যে যাননি। আজকে প্রশ্ন হল, কলকাতার একটি বড় থানা, যে থানায় বহু ডাকাতি হয়েছে, সেই থানা যার বিরুদ্ধে একটা চার্জশিট দেওয়া হয়েছে, ধরেছেন তাকে? না ধরে তাকে—এখানে শান্তিবাবু বসে রয়েছেন—তাঁর থানা বেঙ্গলের দমদমে পাঠিয়েছেন। কিন্তু এখন ভিজিলেন্স গভর্নমেন্টের কাছে কি বলছে? তারা বলছেন—আমাদের চার্জশিট দেবার পার্মিশন দেওয়া হোক। কিন্তু এখনও পর্যন্ত সেই চার্জশিট চেপে রেখেছেন কেন? সেটা শুধু চেপে রাখেননি, উল্টে তাকে প্রাইজ পোস্টিং দিয়েছেন শান্তিবাবুর এলাকায়। তাই এক্ষেত্রে প্রশ্ন থেকে যাচ্ছে।

এরপর আপনাকে বলছি, আমার এলাকায় একটি পুলিশ মর্গ রয়েছে যার পাশ দিয়ে কোনও গাড়ি পাশ করতে পারে না। আমি আপনার সঙ্গে থাকব। যদি আপনি ঐ মর্গের পাশ দিয়ে গাড়ি নিয়ে পাশ করতে পারেন আমার বলবার কিছু থাকবে না। ঐ পুলিশ মর্গ সম্বন্ধে এখানে আমি তিন তিনবার বলেছি। আমার আগের আগের বারে যিনি আমার এলাকার এম.এল.এ. ছিলেন তিনিও ঐ পুলিশ মর্গ সম্বন্ধে বারবার বলেছেন—কাঁটাপুকুর মর্গ। ঐ মর্গে যখন আত্মীয় স্বজন কারও দেহ আনতে যান তখন তারা দেখেন কারও চোখ নেই, পেট খুবলে খেয়েছে, মাথা খুবলে দিয়েছে চিল ঈগলে। ১২টা এয়ারকন্ডিশন মেশিন সেখানে থেকে চুরি করে নিয়ে গেছে। বলছেন, আপনি টাকা দিয়েছেন। টাকা আপনি দিয়েছেন ঠিকই, কিন্তু সেই টাকা ২০৫৫ হেড থেকে দেন নি, টাকা অন্য খাত থেকে দেওয়া হয়েছে সেখানে। আপনি জানতে চাইলে কোথা থেকে সেখানে টাকা দেওয়া হয়েছে সেটা বলব।

[5-50 – 6-00 p.m.]

প্রশ্ন তাই থেকে যাচ্ছে যে বাজেটে টাকা বাড়ছে, ক্রাইম বাড়ছে, মাবোনেদের ইজ্জত নষ্ট হচ্ছে, খুন, জখম, ডাকাতি আজকে কোথায় এসে দাঁড়িয়েছে! আজকে কি অবস্থা, ঢুকছে, গুলি করছে, চলে যাচ্ছে। কেন হবে না? যাদের আজকে থাকার কথা জেলে তারা আছে আপনাদের দলে। কি করে পুলিশ তাদের গ্রেপ্তার করবে? কি করে তাদের জেলে এনে বিচার হবে? আপনারা বলুন গত ১ বছরে কটা কেস ট্রায়াল হয়েছে? ট্রায়ালটা হবে কি করে? কোনও এক্সপ্লোসিভ এক্সপার্ট নেই। বোমা কোথায় পড়ল, কোথা থেকে পড়ল আপনি কিছু প্রমাণ করতে পারবেন না। আপনি প্রমাণ করতে পারবেন না আদালতে যে সেই বোমায় কি এক্সপ্লোসিভ সাবস্টেন্স আছে। সুতরাং সাজা হবে না। বিগত ১২ বছর ধরে নেই। ফরেনসিক নেই, তাদের লোড নেওয়ার ক্ষমতা নেই। রিজিওনাল ফরেনসিক নিয়ে অনেক কথা বলার ছিল, সময়ের অভাবে বলতে পারছি না। কলকাতার একটা জায়গায় রয়েছে। কটা ভিসেরা

জমা রয়েছে, কটা ভিসেরা টেস্ট হয়েছে কটা পি.এম. টেস্ট হয়েছে এইগুলি বলবেন না এইগুলি কেন করা হবে না? এই ৬২৬ কোটি ৩৫ লক্ষ টাকা আপনাদের মুখের দিকে তাকিয়ে বুদ্ধদেববাবুর সুন্দর মুখের দিকে তাকিয়ে এই ব্যয়বরাদ্দ অনুমোদন করতে হবে? এটা সম্ভব? আপনারা জন মেজরকে নিয়ে অনেক লাফালাফি, অনেক নাচানাচি করেছেন। সেই জন মেজর যখন লিডার অফ দি অপোজিশান ছিলেন তিনি বলতেন Police is nursing more criminals in its force than are found outside. আজকে পশ্চিমবাংলার বর্তমান পরিস্থিতির প্রেক্ষাপটে দাঁড়িয়ে পুলিশ মন্ত্রীকে এই কথা বলতে পারব না Police is protecting more criminals in West Bengal then they are arresting or punishing. আজকে সেই দিকে দাঁড় করিয়েছেন ওদের। আজকে প্রশ্ন থেকে যায় বুদ্ধদেব বাবু, আজকে আপনি বলেছেন যে পুলিশ কমিশন হবে। কেন ভাঁওতা দিচ্ছেন? কেন ধাপ্পা দিচ্ছেন? আপনার ন্যাশানাল পুলিশ কমিশন ১২ ভলিউমের, একটা মামলা ধরেছেন। ধরমবীরা কমিশনের থানায় একটা ইউনিটও করেননি, মামলা বাদ দিলাম। আপনাদের করা এস.কে. সিনহা, রিটায়ার্ড আই.পি.এস. ৬ বছর আগের পি.আর.বি.অ্যান্ড পি.আর.সি.-র কি হল? বলুন আজকে, আপনাকে জবাব দিতে হবে। পি.আর.বি. এবং পি.আর.সি.-র আপনি কি করেছেন? ৩ বছর আগে যে রিপোর্ট জমা দিয়েছে তার মোতাবেক কাজ করেছেন [illegible]? এস.কে.সরকারের নেতৃত্বে করেছেন, আগামী ৩ বছর পরে রিপোর্ট জমা দেবেন, তারপর ৩ বছর লাগবে সেটা গ্রহণ করতে, তারপর কাজ হবে কি হবে না আমি জানি না। ততদিন আপনি পুলিশমন্ত্রী থাকবেন? পালটে যাবে কিনা জানি না। এই [illegible] অবস্থায় এসে দাঁড়িয়েছে। আমরা জীবন্ত দেহ নিয়ে থাকব কিনা সেটাও ভাবতে হবে। এই যে হচ্ছে এটা ওয়েস্ট অফ মানি, এই সমস্ত কিছু বোগাস, এইগুলি সমস্ত কিছু আইওয়াস বলে আমি মনে করি। আজকে র‍্যাফের ব্যাপারে বলেছেন। র‍্যাফ যোগ্যতার সঙ্গে কাজ করছে বলেছেন, বাংলার পুলিশের সঙ্গে ক্যালকাটা পুলিশের সঙ্গে র‍্যাফ ভাল কাজ করছে বলেছেন। আজকে র‍্যাফকে কি ভাবে ব্যবহার করা হচ্ছে! পুলিশ মন্ত্রী হয়ে আপনি দুটি কথা র‍্যাফের সম্পর্কে বলেছেন, একটা হচ্ছে তাদের অ্যালাউন্স বাড়ানো হবে এবং দুই হচ্ছে তাদের স্পেশ্যাল ইনসিয়োরেন্স করা হবে। করেছেন আজ পর্যন্ত? আপনি বলেছিলেন মন্ত্রী হওয়ার পর যে প্রতিটি থানায় থানায় সমন্বয় কমিটি করা হবে। আজ পর্যন্ত করতে পেরেছেন? এমন একজন পুলিশ মন্ত্রীকে ৬৬২ কোটি ৩৫ লক্ষ টাকার ব্যয় বরাদ্দ অনুমোদন করা হবে কি না তা নিয়ে প্রশ্ন থেকে যায়। আজকে র‍্যাফ ডিসম্যানটেল হয়ে যাচ্ছে, তারা আর থাকতে চাইছে না, কাজ করতে চাইছে না।

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে।)

আমি আমার বক্তব্য দীর্ঘায়িত করব না। যখন বাংলার মানুষ আপনাকে স্মরণ করছে, যখন বাংলার আর্তক্লিষ্ট ছাত্র যুব শিক্ষক আপনাকে স্মরণ করছে বুদ্ধং সরণং গচ্ছামি, তখন আপনি বুদ্ধদেব ভট্টাচার্য কি করতে পেরেছেন তাদের জন্য? আপনি কি করেছেন? আপনি

ভুটানে গিয়ে, লোকচক্ষুর অন্তরালে গিয়ে বুদ্ধ মন্দিরে জপ করছেন। আপনি একজন সৎ বাহ্মণ হিসাবে এই কাজ করেছেন এতে আমার ভালই লাগল। আমি মনে করি এটা আপনার আর কিছুই নয়, আপনার চিত্তবৈকল্য ঘটেছে। আপনি রবীন্দ্র সঙ্গীত ভালবাসেন। আপনি যদি ভাবতে পারতেন যে আপনার দ্বারা সম্ভব নয় তাহলে ভাল হত। কে আসল পুলিশমন্ত্রী—আপনি, না আলিমুদ্দিন স্ট্রীট? কারণ পুলিশকে আটকাবার জন্য ওখান থেকে সব সময়ে বক্তৃতা হয়। তাই আপনি যে রবীন্দ্র সঙ্গীত ভালবাসেন, আমি সেই রবীন্দ্রনাথের একটি লাইন উদ্ধৃতি দিচ্ছি—'তুমি যত ভার দিয়েছ সে ভার করিয়া দিয়েছ সোজা, আমি যত ভার জমিয়ে তুলেছি সকলি হয়েছে বোঝা, এ বোঝা আমার নামাও বন্ধু নামাও—ভারের বেগেতে চলেছি কোথায়, এ যাত্রা তুমি থামাও'। আমি শুধু এর সাথে একটু বলি, বুদ্ধদেব বাবু, দয়া করে বাজেট বরাদ্দ কমাও। এই কথা বলে আমি শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমাদের হাতে যে সময় আছে তাতে এটা শেষ করা যাবে না। সেজন্য আমি ৪৫ মিনিট সময় বাড়িয়ে নিলাম। আশা করি, এতে আপনাদের আপত্তি নেই। অতএব ৪৫ মিনিট সময় বাড়ানো হল।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমার বাজেট বরাদ্দের উপরে যে বিতর্ক হয়েছে সেই বিতর্কে বিশেষ করে বিরোধী দলের বক্তব্যগুলো আমি সমস্তই মনোযোগ দিয়ে শুনেছি। আমি প্রথমে যে বিষয়টি বলতে চাই, এই রাজ্যের আইনশৃঙ্খলা নিয়ে, অপরাধ নিয়ে, অপরাধের ঘটনা নিয়ে বিরোধীরা যে কথাগুলো বলেছেন, সেই কথাগুলো বা তার তথ্যগুলো, সংখ্যাগুলো আমরা অস্বীকার করছি না। কিন্তু তার থেকে যে সিদ্ধান্ত করেছেন, তার থেকে পশ্চিমবাংলাকে যেভাবে চিত্রিত করতে চেয়েছেন, সে সম্পর্কেই আপনাদের সঙ্গে আমাদের পার্থক্য হচ্ছে। পার্থক্যটা কি হচ্ছে? আমরা যখন বলছি যে এই রাজ্যের অপরাধকে, পশ্চিমবাংলার অপরাধের ঘটনাগুলোকে সারা দেশের থেকে বিচ্ছিন্ন করে দেখা যায় না তখন আপনাদের থেকে, এমন কি বিরোধী দলের নেতাদের থেকে কথা উঠেছে, আপনি এখানে বিহার দেখাচ্ছেন কেন? সুনীতিবাবু বলেছেন, আপনি পাকিস্তান দেখাচ্ছেন কেন? চীন দেখাচ্ছেন না কেন? আমি খুব সাধারণ ভাবে বলছি, এটা আপনাদের যুক্তিতে কেন আসছে না, সারা দেশের আর্থ সামাজিক কাঠামো যা তাতে যদি আরও বেশি দারিদ্র বাড়ে, বেকারী বাড়ে, আমাদের দেশে পিছিয়ে পড়া অবস্থা বাড়ে, মানুষের মধ্যে বেপরোয়া ভাবে অপরাধ বাড়ে অপরাধ জগতের সঙ্গে রাজনীতির সম্পর্কটা বাড়ে। এটা একটা সর্বভারতীয় চরিত্র। এটা আপনারা মানেন কিনা? এটা যদি সর্বভারতীয় চিত্র হয়, তাহলে সঠিক ভাবেই সুনীতিবাবু বলেছেন, এটা সারা দেশেই ইনক্রিজিং। সারাদেশে এটা ইনক্রিজিং, এই কথাটা আপনাদের প্রথমে মনে রাখা দরকার। এটা এমন নয় যে, ইনক্রিজিং এই কথাটা আপনাদের প্রথমে মনে রাখা দরকার। এটা এমন নয় যে, আমাদের রাজ্যেই শুধু অপরাধ ঘটছে আর সারা দেশে ফুলের গন্ধ বেরোচ্ছে। এটা ঘটনা নয়, আমরা এটা বলছি। তাই পার্থক্যটা আপনারা একটু বুঝুন। প্রথমত, আপনাদের সময়ে যা ঘটেছে, ১৯৭২-৭৭ সালে, আর এখন

যে অপরাধ হচ্ছে, সেখানে আপনাদের আমরা এখনও হারাতে পারিনি। এটাই হচ্ছে পার্থক্য। আমি একটু স্মরণ করিয়ে দিই। ১৯৭২-৭৬ সাল ভাল কি খারাপ, এর মাপকাঠিটা কি, কার থেকে খারাপ, অপেক্ষাকৃত খারাপ? একটা মাপকাঠি তো থাকবে। মাপকাঠি তো চাঁদের সঙ্গে হবে না। এই রাজ্যের মধ্যে দাঁড়িয়ে মাপকাঠিটা কি তা দেখতে হবে। ১৯৭২-৭৬ সাল, আপনাদের পছন্দমতো একটা সালের কথা বলুন? আমি বলে দেব কত অপরাধ হয়েছে। (ভয়েস ঃ আপনি ১৯৭৫ সালের কথা বলুন।) আপনি যে সময়ে মন্ত্রী ছিলেন, সেই সময়ে, ১৯৭৫ সালে এই রাজ্যে সামগ্রিকভাবে ৯৮,৩৪৩টি ঘটনা ঘটেছিল। তখন জনসংখ্যা ছিল সাড়ে চার কোটি। এখন জনসংখ্যা হচ্ছে সাড়ে সাত কোটি। তবুও আপনাদের আমরা হারাতে পারিনি, ১৯৯৬ সালে ঘটনা ঘটেছিল ৮৫,৫৫৩টি। আর ১৯৭৫ সালে ঘটেছিল ৯৮,৩৪৩টি।

[6-00 – 6-10 p.m.]

ওঁদের সময়ে সাড়ে ৪ কোটি মানুষের রাজত্বে অপরাধ ছিল ৯৮ হাজার, এরপরেও কি তুলনা করবেন? বিচার করবেন না মাপকাঠি কি আছে? যেকোনও অবস্থাতেই এর বিচার করতে হবে। আপনাদের সময়ে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত প্রতি বছর সাড়ে ৪ কোটি মানুষের রাজত্বে যে পরিমাণ অপরাধ হয়েছিল সেই তুলনায় এখন অনেক কম। অথচ এখন লোকসংখ্যা বেড়েছে, সাড়ে ৬ কোটিতে এখন যে অপরাধ হচ্ছে না একথা আমি বলছি না, কিন্তু তুলনামূলকভাবে আপনাদের সময়ের থেকে কম। আপনাদের হাতে কত অপরাধ হয়েছিল সেই অপরাধ গোপন করে মাপকাঠির বিচার করলে তো হবে না। তারপরে দ্বিতীয় প্রশ্ন হচ্ছে আজকে আপনাদের বোঝার চেষ্টা করতে হবে যে সারা ভারতবর্ষের তুলনায় আমাদের রাজ্যের অবস্থা অনেক ভালো। আপনারা বিহার, মধ্যপ্রদেশের সঙ্গে তুলনা করেছেন। আপনাদের বলি কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ভোরা কমিটি করা হয়েছিল, তারা একটা রিপোর্ট দিয়েছিলেন। কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র সচিব ছিলেন ভোরা, তিনি একটা রিপোর্ট পার্লামেন্টে পেশ করেছিলেন। পার্লামেন্ট অবশ্য ওই রিপোর্ট নিয়ে ঘুমিয়ে পড়েছিল, পরে সুপ্রিম কোর্ট ওই ভোরা কমিটির রিপোর্ট কার্যকর করার জন্য সুপারিশ করেন। আপনাদের ইচ্ছা থাকলে আপনারা অন্য বিধায়কদের কাছ থেকে ওই রিপোর্টের প্রয়োজনীয়তাটা পড়ে নেবেন। ওই রিপোর্টে দেখা যাবে সারা ভারতবর্ষের যে অপরাধ প্রবণতা, তাতে কেউ বলতে পারবেন না যে পশ্চিমবঙ্গ শীর্ষে। যে কোন রাজ্যের থেকে এই হত্যার প্রবণতা বলুন বা অপরাধ প্রবণতা বলুন অনেক কম। কয়েকদিন আগে মান্নান সাহেব একটি উক্তি করেছিলেন আমি তখন হাউসে ছিলাম না। আমার মনে হয় তিনি অনভিজ্ঞতার বশে বলে ফেলেছিলেন যে, আমাদের এখানকার অবস্থা নাকি বিহারের থেকেও খারাপ। উনি যখন বলেছেন তখন আমি উত্তর দেবই। এই প্রসঙ্গে আমি দাবি করছি যে শুধু বিহার কেন ভারতবর্ষের অন্য যেকোনও রাজ্যের থেকে পশ্চিমবঙ্গের অবস্থা ভাল। বিহারের অবস্থা তো আপনারা জানতে চেয়েছেন, জানাচ্ছি—১৯৯৬ সালে বিহারে অপরাধ হয়েছিল ১,৩১,৬৪৭, পশ্চিমবঙ্গে সেখানে ৬৯,১০৮টি। বিহারে মার্ডার হয়েছে ৫ হাজার ১৯৩, পশ্চিমবঙ্গে ১ হাজার ৯২৯ জন।

আমার তো মনে হয় কোনও কাণ্ডজ্ঞান থাকলে উনি বিহারের সঙ্গে তুলনা করতেন না বা কোনও রাজ্যের সঙ্গেই তুলনা করতেন না। আসলে ওঁনারা পশ্চিমবঙ্গের উন্নতি হোক চান না। আপনারা যে কোনও রাজ্য যথা মহারাষ্ট্র, মধ্যপ্রদেশের সঙ্গে তুলনা করতে চান, আমি হিসাব দেব। এই প্রসঙ্গে আমি বলছি, সারা ভারতবর্ষে একই রকম অর্থনীতি চলছে, একই রকম পলিটিক্যাল কালচার চলছে, একেবারে চূড়াত দূর্নীতি সর্ব্বোচ্চ স্তরে, রাজনৈতিক দুর্বৃত্তায়ন চলছে, দিল্লি এবং বম্বের দিকটা দেখতে হবে, সেখানে পশ্চিমবঙ্গ সব দিক থেকে ভাল হবে

হয় কি করে এবং এটা ভাবাটাও তো অসম্ভব। সেখানে যদি প্রশ্ন করেন পশ্চিমবঙ্গ কেন ভালো নয় তার উত্তর তো সম্ভব নয়, সারা দেশের চরিত্রটা তো দেখতে হবে, এটা তো বোঝার চেষ্টা করতে হবে। তবে এটুকু বলতে পারি যে, সারা ভারতবর্ষের যে কোন রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের অবস্থা অপেক্ষাকৃত ভালো। আমরা যে কোনও রাজ্যের তুলনায় ভালো এবং কলকাতা যে কোনও মহানগরীর তুলনায় ভালো, এতে কোনও সন্দেহ নেই। সুতরাং এখানে অহেতুক কতগুলো অযৌক্তিক তথ্য দিয়ে গুলিয়ে দেবার চেষ্টা করবেন না। এইক্ষেত্রে একটা কথা বলা দরকার, পশ্চিমবঙ্গ একটা রাজ্য, এবং আলাদা কোনও রাজ্য নয়, সারা ভারতবর্ষের সামাজিক অবস্থায় বাইরেও নয়। সুতরাং এই অবস্থায় একটা বিরাট কিছু পরিবর্তন এখানে হতে পারবে না। তৃতীয়ত, এই ঘটনাগুলো যে এখানে ঘটছে তাতে কিন্তু আমরা কোনও অবস্থাতেই বলছি না ভালো হচ্ছে, কিন্তু তা সত্ত্বেও বলছি আপনারা ন্যাশনাল ফেনোমেননে ইনক্রিজিং ক্রাইমটা যদি দেখেন, তাহলে দেখবেন যে এই রাজ্যের ক্রাইমের সংখ্যা কমেছে। কিন্তু তা সত্ত্বেও আমরা এতে খুশি নই। আমার বাজেট রিপোর্টের মধ্যে দেখবেন লিখেছি কয়েকটি যে অপরাধ সংগঠিত হচ্ছে এবং যেভাবে বাড়ছে তাতে আমরা সত্যিই চিন্তিত। সেখানে আমরা পরিষ্কার বলে দিয়েছি সেগুলো লুকোবার কোনও ব্যাপার নেই। আজকে যে পরিমাণে ডাকাতি, রেল ডাকাতি, মেয়েদের বিরুদ্ধে অপরাধ এবং পুলিশি হেফাজতে মৃত্যুর সংখ্যা বাড়ছে সেটা গোপন করার কোন ব্যাপার নেই। গোপন করলে আমরা এই রোগ সারাতে পারব না। আজকে যে পরিমাণে ডাকাতি, রেল ডাকাতি এবং অন্যান্য অপরাধ বাড়ছে তাতে গুরুত্ব দিতে হবে। মেয়েদের বিরুদ্ধে অপরাধ যেগুলো হচ্ছে সেগুলোর উপরে গুরুত্ব দিতে হবে। তবে তার সঙ্গে এইকথাও বলছি আপনাদের সময়ে পুলিশ হেফাজতে মৃত্যুর তুলনা করলে কিন্তু আমাকে আবার পুরনো কথায় ফিরে যেতে হবে। এইসব কথা বলার আগে একটু ভেবে দেখবেন, আপনাদের আমলে কি হয়েছে। জেলখানায় নিঃশব্দে ফায়ারিং হয়েছে, কত জন মারা গিয়েছে তার হিসাব পাওয়া যাবে না। আমাদের সময়ে এইসব হবে না। এমার্জেন্সির সময়, জেলখানায় ফায়ারিং হয়েছে, কতজন মারা গিয়েছে তার তালিকা পাওয়া যাবে না। আপনারা আবার বলছেন জেলখানার মৃত্যুর কথা। আমরা প্রতিটি ক্ষেত্রে ব্যবস্থা নিচ্ছি। মানবাধিকার কমিশন যে কয়েকটি ব্যাপারে বলেছেন প্রয়োজনীয় ব্যবস্থা নিতে, আমরা প্রত্যেকটি ক্ষেত্রে সেই ব্যবস্থা নিচ্ছি এবং এক্ষেত্রে আমাদের চেষ্টাও হচ্ছে এখন। উত্তরবঙ্গের ব্যাপরে আমরা উদ্বিগ্ন—এ সম্বন্ধে দু-একজন সদস্য বলেছেন। আমরা চিন্তিত। কোচবিহার জেলা এবং জলপাইগুড়ি জেলা নিয়ে সদস্যরা সঠিকভাবে বলেছেন,

সেখানে উগ্রপন্থী রাজ্যের বাইরে থেকে আসছেন। এই ব্যাপরে আমাদেরকে যথেষ্ট উদ্যোগ নিতে হবে। সেখানে যাতে সন্ত্রাস না বাড়ে তার জন্য আমরা চেষ্টা করছি—যে কথা এখানে বলা হল। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, পুলিশ সংগঠনে তিনটি বিষয়ে গুরুত্ব দিতে চেষ্টা করেছি—নিরপেক্ষতা, ধর্মনিরপেক্ষতা এবং শৃঙ্খলা। এখানে যেভাবে বললেন পুলিশের অ্যাপয়েন্টমেন্ট হয় আলিমুদ্দিন ষ্ট্রিট থেকে—আমি বলতে চাই, এইসব কথা দায়িত্বপূর্ণ নেতারা বলবেন না, এই যে ঘটনাগুলি বললেন পুলিশের অ্যাপয়েন্টমেন্ট হয়, ট্রান্সফার হয়ে যায় সবই নাকি আলিমুদ্দিন ষ্ট্রিট থেকে ঠিক হয় আমি পুলিশের একাধিক কনফারেন্সে যোগ দিয়েছিলাম, সেইখানে আমি পুলিশদের বলেছি আপনারা জনপ্রতিনিধির সঙ্গে কথা বলবেন, টেলিফোন করলে কথা বলবেন। কিন্তু কোন পার্টির নির্দেশ নেবেন না। যা কিছু নির্দেশ রাইটার্স থেকে নেবেন। আইন অনুযায়ী চলবেন, আইনের শর্ত মেনে চলবেন। ধর্ম নিরপেক্ষতার প্রশ্নে কিছু কথা উঠেছে। সুলতান সাহেব মাইনরিটি রাইটস—এর বিষয়ে বললেন। এই ব্যাপারে যে সমস্ত অধিকারগুলি আছে, সেই ব্যাপারে আমরা চিন্তিত নই, কারণ আইনের ভিত্তিতে পুলিশ ফোর্সে সংখ্যালঘুদের অধিকার সুরক্ষিত। এটাকে চিত্রিত করে কোনও লাভ নেই। আর মাইনরিটিদের নিয়ে বাজেট বক্তৃতায় নেই যেটা বলছেন, এটা আমার বিষয় নয়। আমাদের এখানে একমাত্র স্টেট যেখানে পুলিশ সংগঠনের মধ্যে কোনও সাম্প্রদায়িকতা নেই, তলা থেকে উপর পর্যন্ত। এখনও সাম্প্রদায়িকতার প্রভাব পড়েনি। তাই এইসব কথা বলবার চেষ্টা করবেন না। এছাড়া আর একজন মাননীয় সদস্য বলেছেন, পুরস্কার এবং শাস্তির ব্যাপার নিয়ে—দুটি ক্ষেত্র নিয়ে আমরা ইতিমধ্যে ঠিক করেছি, পুরস্কার হিসাবে যে টাকা ধরা আছে, সেটা আমরা অনেক বাড়াব। অতীতে যে টাকা ছিল, ব্রিটিশ আমল থেকে সেটাই রয়ে গেছে। একজন এস. আই. পুরস্কার হিসাবে পায় দুইশত টাকা। এটা এমন কিছু নয়। আমরা এটা বাড়িয়ে দিচ্ছি, ইতিমধ্যে সিদ্ধান্ত হয়ে গেছে। শাস্তির ব্যাপারে পুলিশ আইন মেনে করতে হবে। আইনজ্ঞদের পরামর্শ মেনে এটা আমরা করার চেষ্টা করছি। বাস্তব সমস্যা যা রয়েছে, যেটা বলেছেন, পুলিশ সংগঠনের মধ্যে, পুলিশ কাঠামোর মধ্যে দুর্বলতা অনেকখানি রয়ে গেছে। অনেকে বলছিলেন, পুলিশ বাজেট-এর অঙ্ক অনেক বেড়েছে—বিধান রায়ের আমলে এত টাকা ছিল। এটা অঙ্ক কষলে দেখা যাবে কত বেড়েছে না বেড়েছে। আমাদের পুলিশ বাজেট গোটা বাজেটের শতকরা ৩ ভাগ। আমাদের সব থেকে বেশি হচ্ছে বিদ্যুতে, তারপরে শিক্ষায়, তারপরে স্বাস্থ্যয়, তারপর কৃষি, আমরা অনেক তলায় আছি। গোটা বাজেটের ৩ শতাংশ হচ্ছে পুলিশ বাজেট।

[6-10 – 6-20 p.m.]

আমাদের থ্রী পারসেন্ট। আমি মনে করি না বিরাট টাকা বাড়িয়েই আমি কিছু করতে পারব। আমার মূল সমস্যা হচ্ছে ২০ হাজার ফোর্স আছে কলকাতায়, ৬০ হাজার ফোর্স আছে রাজ্যে, এই ৮০ হাজার ফোর্সকে যদি আমরা ঠিকমতো ট্রেনিং এবং মোটিভেট করতে পারি তাহলে আমরা এই জায়গায় যেতে পারব। কিন্তু আমাদের সমস্যাটা হচ্ছে যে, আমাদের

পুলিশ কোয়াটার্সের সমস্যা আছে, থানাবাড়ির সমস্যা আছে, থানায় হাজতের সমস্যা আছে গাড়ির সমস্যা আছে, পেট্রোলের সমস্যা আছে। এইগুলো আমি অস্বীকার করছি না। আর আমাদের এবারের যেটা পরিকল্পনা আছে, যতটা পারা যায়, মডার্নাইজেশন বলুন আর যাই বলুন, তার মূলত খবচটা আমরা করব পুলিশ স্টেশন লেভেলে। আমরা উপর লেভেলে আর বেশি খরচ করব না। তলার লেভেলে পুলিশ স্টেশনকে খানিকটা সেগমেন্ট করার জন্যই আমরা এটা করব। আর যে সমালোচনা উঠেছে ফরেনসিক ল্যাব এবং মর্গের ব্যাপারে, এ ব্যাপারে আমি কিছু বলতে পারব না। এই সমালোচনা আমাকে মাথা পেতে নিতে হবে। আমাকে চেষ্টা করতে হবে কত তাড়াতাড়ি এটা দূর করা যায়। এখন আমি কয়েকটি ছোটখাটো কথা পরপর বলে যাই। এখন তাপসবাবু, উনি বক্তৃতা করতে উঠে শুরুই করলেন, আমার নাকি রোজ কাজ হয়েছে— দুর্ভাগ্য, খারাপ লাগে, ছুটে যেতে হয়। পুলিশ কর্মী মারা গেলে ছুটে যেতে হয় কিন্তু আপনি তো তখন ছোট ছিলেন। ১৯৯২-৯৭ এই রাজ্যে পুলিশ কর্মী মারা গেছেন ১০ জন আর ১৯৭০-৭৭ কত জানেন? ১৫৮ জন। ছুটে গিয়ে শেষ করতে পারতেন না। এখন অতটা খারাপ অবস্থা নয়। যা মনে করেছেন। কিন্তু এইসঙ্গে অনেক কথাই বলে গেলেন। আমি একটা মূল বিষয় বলে যাই। ভদ্রেশ্বর থানা নিয়ে। কয়েকজন সদস্য বললেন একজন তো আবার সি. বি. আই তদন্ত দাবি করে বসলেন। সি. বি. আই.-কে দিয়ে এত কাজ করানো যাবে না। ওরা নরসীমা রাওদের নিয়ে খুব ব্যস্ত। ওরা এসব করতে পারবে না। আমি শুধু বলছি আমি পারব, আমি পারব। ভদ্রেশ্বর থানার ব্যাপারে আপনি মীসলেড হয়েছেন। মীসলেড হয়েছেন একটা কাগজের গল্প পড়ে। আমি শুধু বলছি এটা ঘটনা নয়। এটা ঘটনা নয় যে এখানে একটা লোকাল কনসপিরেসীতে, লোকাল কয়েকটা থানার ব্যাপার, তাও নয়। এটার অপরাধীরা ৪/৫টা জেলায় জড়িত। একজন নদীয়া, একজন কলকাতা, একজন হাওড়া। ৪/৫টা জেলার ক্রিমিনালরা ছিল এবং ঘটনাটা আকস্মিক। এই অর্থে যে যখন লোকাল একটা সমস্যা তিনি সমাধান করছিলেন, তিনি খবর পেয়েছিলেন যে একটা পেট্রোল পাম্পে ডাকাতি হয়েছে—বৈদ্যবাটিতে। সেই ডাকাতির খবর পাওয়ার পর তিনি গাড়িটাকে চেঞ্জ করতে যান। তিনি বোঝেননি যে গাড়িটার মধ্যে তিন, চারটা জেলার ওই জাতীয় ক্রিমিনালস আছে। নাম জানতে চান, একগাদা আছে। আমি শুধু আপনাদের বলছি, আপনাদের লোক কি আমাদের লোক সেটা কোর্টে বুঝা যাবে। আমি শুধু বলছি যে দলেরই হোক আপনাদেরই হোক আর আমাদের দলেরই হোক, কোনও অবস্থাতেই ছাড়া পাবে না। আরেকটা কথা। মাননীয় সদস্য এস. ইউ. সি.—দেবপ্রসাদ বাবু, তিনি বললেন আইনশৃঙ্খলার সমস্যায় তিনি তাঁর অঞ্চলেই চলে গেলেন। চলে গিয়ে একটা কথা বললেন, ''আপনারা সেলফ কনট্রাডিকশনে ভুগছেন। কিছু একটা করতে হবে কিন্তু রাজনৈতিক চাপ'। আমি শুধু আপনাকে অনুরোধ করব, আপনিও মনে রাখবেন, ব্যাপারটা ঠিক তা নয়। নিরপেক্ষতা। নিরপেক্ষ না হলে কুলতলির ঘটনায়, মার্ডারের পর ২২ জন গ্রেপ্তার হত না। এফ. আই. আরে নাম ছিল ৯৭। ২২ জনকে আমরা গ্রেপ্তার করেছি। আমার পুলিশ রিপোর্ট বলছে, তার মধ্যে পাঁচ ছয়জন খুনের আসামী। এই গ্রেপ্তার হোত, নিরপেক্ষ নাহলে? আপনি

আপনার নেতার মৃত্যুর যে কথা বললেন মূল আসামী গ্রেপ্তার হয়নি। আমি দায়িত্ব নিয়ে বলছি, আপনার মূল নেতা আমির আলি সাহেব মারা গিয়েছিলেন, সেই ব্যাপারটায় আপনার পার্টির দায়িত্ব আছে। সেটাই আপনাকে আমি বলতে চাইছি। সেলফ-কনট্রাডিকশন আপনাদের। আপনাদের পার্টি আরও সমাজবিরোধী, ডাকাতদের নিয়ে পার্টি করে বলে এই ঘটনা হয়েছিল। এটা আপনি ভাল করেই জানতেন কিন্তু সেই কথাটা আপনি গোপন করলেন। নাহলে আপনাদের নেতা মারা যেতেন না। কিন্তু আমি সেখানেও দেখব না কোন্ ডাকাত কার পক্ষে। খুন যখন হয়েছে ডাকাতকে তুলে আনা হবে। দুজনকে আমরা ওই খুনের আসামীকে, আমরা গ্রেপ্তার করেছি। আপনি বললেন আরও কয়েকজন বাকি। তাদেরও টেনে আনব। কারা বাকি। কিন্তু তারা গ্রেপ্তার হচ্ছে নিরপেক্ষতা একেই বলে। এটা বোঝাবার চেষ্টা করা উচিত। সুলতান আহমেদ অনেক কথাই বলে গেছেন। আমি অনুরোধ করব উনি একটা মন্তব্য করলেন যে, 'আপনি ইণ্ডাস্ট্রিয়ালিস্ট, বিজনেসম্যানদের সঙ্গে মেশেন না।" আমি আপনাকে বলছি যে, আমি এক নম্বরের সঙ্গে মিশি, দুই নম্বরের সঙ্গে মিশি না। তারপর আবার বলছেন যে, "একজন খুন হয়ে গেছে। একজন ব্যবসায়ী খুন হয়ে গেছে। সেই খুনের কিনারা করতে গিয়ে পুলিশ সাট্টার লোকদের ধরেছে। তাদের বলেছে—তোমরা জান, কে খুন করেছে। "তোমাদেরই বার করতে হবে—কে খুন করছে।" আমি আপনাকে অনুরোধ করব—পুলিশকে ধরতে দিন। পুলিশ যা করে, সেটাই করতে দিন। পুলিশকে ধরতে দিন। তারপর আপনি বইমেলা নিয়ে বললেন। এগুলি না বললেই পারতেন। বইমেলা সম্বন্ধে যে কাগজ লিখেছে, আমি সেই কাগজকে ৩ বার বলেছি। আমি টেলিগ্রাফকে ৩ বার বলেছি। পুলিশ বই চুরি করেছে, এই কথাটা বলে অন্যায় করেছেন। আপনারা সেটার কনট্রাডিকশন না করেই এই কথা বলছেন। আমি পুলিশের দিক থেকে সেই কাগজের বিরুদ্ধে মামলা করব, যদি এই কথাটা তুলে না নেয়—এটা বারবার বলেছি। আমি দায়িত্ব নিয়ে বলছি যে, বইমেলার একটাও বই পুলিশ কর্মচারিরা চুরি করেননি। আপনি বললেন—আমাকে বাঁচাবার জন্য নাকি বইমেলায় র‍্যাফ নামানো হয়েছিল। গোটা বইমেলায় কত বই, কে আটকাবে? সেখানে একটা ক্যাওস চলছে, বিশৃঙ্খলা চলছে। তাই গোটা এলাকার নিরাপত্তার জন্য র‍্যাফ নামানো হয়েছিল। তারপর আবার বললেন যে, কেউ সাসপেণ্ড হলে অ্যাসোসিয়েশন বলে দেয় যে, তাদের উপর সাসপেনশন যেন তুলে নেওয়া হয়। কিন্তু অ্যাসোসিয়েশন বলে দিলেই হয়ে গেল? ইকবালপুরে মহরমের সময় কয়েকজন পুলিশ কোয়ার্টার থেকে বেরিয়ে এসে রাস্তায় হামলা করেছিল। আমরা তাদের বিরুদ্ধে অ্যাকশন নিয়েছি। আপনি বলেছেন যে, তাদের বিরুদ্ধে অ্যাকশন তুলে নেওয়া হয়েছিল। তারা এখনও সাসপেণ্ড হয়েই আছে। কে এসব কথা আপনাদের বলেছে? অদ্ভুত কথা—ঘটনাটা না জেনেই আপনারা এইসব কথা বললেন। এটা অন্যায় করলেন, ভুল করলেন। আপনি বললেন যে, একটা ব্যবসায়ীর ছেলে অল্প বয়সী সে কিডন্যাপ হয়ে গেছে। এটা তার পিতা ওমুক তমুক বলেছে। তারপর শেষে পুলিশ জানাল লোকটাই বদমায়েশ। মিথ্যা খবর দিয়ে তার পরিবারের লোকজন আত্মীয়স্বজন এর কাছ থেকে টাকা জোগাড় করেছে পাটনায় তার ছেলেকে গোপন করে রেখেছিল। এক্ষেত্রে কেন পুলিশকে মিসলিড

করেছে? লোকটাকে গ্রেপ্তার করা উচিত ছিল। তবে আপনারা রাজি থাকলে আমি করব। এখানে আমি একটা কথা বলে শেষ করব। তাপসবাবু যেটা বলেছেন, এটা আমি মেনে নিচ্ছি। এটা ঠিকই যে, আমাদের পার্টি অফিসের একজন গুরুত্বপূর্ণ প্রবীণ কর্মী সুশীল চৌধুরির খুনের কিনারা আজ পর্যন্ত হয়নি। এর জন্য আমি ব্যক্তিগতভাবে দুঃখিত। তাঁর সঙ্গে আমার সম্পর্ক দীর্ঘদিনের। তাঁকে আমি জ্যাঠামশাই বলে ডাকতাম। এই ব্যাপারে আমরা আপ্রাণ চেষ্টা করছি এবং করব। সুনীতিবাবু বক্তৃতা শুরু করেছিলেন—আজকের কাগজ বলে। আমি শুধু বলছি, শুধু কাগজের মতামত পড়ে আপনারা মতামত তৈরি করবেন না। নিজেরা চিন্তাভাবনা করে মতামত তৈরি করবেন। আপনি বাজাজের ঘটনাটার কথা বললেন। মূল ঘটনাটা কি? সেই ব্যাপারে আমি পুলিশ কমিশনারকে জিজ্ঞাসা করলাম। উনি বললেন যে, এটা ভয়ঙ্কর ব্যাপার। কিন্তু মনে হচ্ছে ডাকাতরা সহজে ঢুকে যেখানে টাকা ছিল, সেখান থেকে টাকা বের করেছে। তার মানে ঘরের লোক না থাকলে এই জিনিস হয় না। আপনি এক দিনে এই ঘটনার কথা উল্লেখ করেছেন। কিন্তু ঠিক আজকেই তিনটি ঘটনা ঘটেছে। শ্যামনগর স্টেশনে পুলিশ খুব ঝুঁকি নিয়ে একটা পুরো ডাকাতদল ধরেছে। এটা কাগজের সামনে নেই। পার্ক স্ট্রিটে কালকে রাত্রে খুব ঝুঁকি নিয়ে ডাকাত ধরেছে। এই খবর সামনে থাকে না। জোড়াবাগানের অসীম ব্যানার্জির ইয়ার, মারা গেছেন। তাঁর খুনিকে রিভলবার সমেত পুলিশ ধরেছে। আজকে আপনি একই বাজাজের ঘটনার কথা বললেন। কিন্তু আপনি এর সঙ্গে এই তিনটি ঘটনার কথাও বলতে পারতেন। অর্থাৎ এই চারটি ঘটনা মিলিয়ে বলুন। আমি বলতে চাইছি যে, কাগজগুলি শুধু বায়াসড নিউজ পরিবেশন করছে। এরা বায়াস করছে। শুধু আপনাদের কাছে বলতে চাইছি যে, পুলিশ যে ভালো কাজগুলি করছে, যে ডাকাতদলগুলি ধরছে, সেগুলি একটু দেখুন।

[6-20 – 6-29 p.m.]

সেগুলো না দেখলে আপনার দৃষ্টিভঙ্গি একপেশে হয়ে যাবে। আপনি একজন মাননীয় সদস্য, আপনি জেনে নেবেন, কালকে শুধু একটা ঘটনা ঘটেছে বাজাজ, সেটা জেনে নেওয়া উচিত। আমার বক্তব্যকে আমি আর দীর্ঘ করব না। সবশেষে একথা বলব যে, যে কথা আমি আগেই বলেছি, বিরোধীরা যে কথা প্রথমে মনে করিয়েছেন, সারা দেশে এই অবস্থা হলেও এই রাজ্যে ঠিক যা হচ্ছে, গত এক বছরে যা চলছে, গত ২-৩ মাসে যা চলছে তাতে আপনি কি খুব সুখি, খুব খুশি? না একদম না। আমি এই অবস্থা সম্পর্কে খুবই চিন্তিত এবং যে কোনও ধরনের পরামর্শ, সুপরামর্শ সমালোচনা আপনাদের কাছ থেকে আসুক, কাগজ থেকে আসুক, সেগুলো আমি গ্রহণ করতে রাজি আছি এবং খোলা মনে গ্রহণ করছি। আমি বুঝতে পারছি এটা খুব কঠিন দায়িত্ব এটা সোজা নয়, কঠিন দায়িত্ব। মূল কাজ যেটা, সেটা হচ্ছে মানুষের সঙ্গে পুলিশের স্বাভাবিক সম্পর্ক ফিরিয়ে আনতে হবে এবং অনেকটা ঘা খেয়েছে সাধারণ মানুষের সঙ্গে পুলিশের সম্পর্ক। পুলিশের সঙ্গে মানুষের সম্পর্ক ফিরিয়ে আনতে হবে। আর সেজন্যই পুলিশ কমিশন। তাপসবাবু এটা জানেন না।

ন্যাশনাল কমিশন—তাদের মূল ফাইণ্ডিংসগুলোর উপর দাঁড়িয়ে আমাদের স্টেট কমিশন। তাদের আমরা বলেছি যত দ্রুত সম্ভব আপনারা রায় দিন, পুলিশের অ্যাডমিনিস্ট্রেশন কি করে চেঞ্জ করা যায়, তাদের মানসিকতা কি করে পরিবর্তন করা যায়, কাঠামোর মধ্যে কি গলদ আছে এবং কি করে মানুষের সাহায্যে তাদের এগোনো যায়। তাদের জন্য আমরা সম্প্রতি সিদ্ধান্ত করেছি—গত সপ্তাহে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে প্রত্যেক থানা লেভেলে একটা কমিটি করব। ১০ জন সদস্য নিয়ে একটা কমিটি হবে। তাতে রিপ্রেজেনটেটিভ হিসাবে এম. এল. এ., কাউন্সিলার এঁরা থাকবেন, সাধারণ মানুষ থাকবেন, সেই এলাকার লিডিং পারসোনালিটিস যাঁরা, তাঁরা থাকবেন, এই নিয়ে থানা কমিটি হবে। যাতে মানুষের সঙ্গে সম্পর্ক রাখা যায়। সেই অর্থে আপনাদের কংগ্রেসের কাউকে নেওয়া হবে না, ব্লক কংগ্রেসের সভাপতিকেও নেওয়া হবে না। আমরা চেষ্টা করছি এই পরিবর্তন আনার। শুধু আমি, বিরোধীদের যেটা আন্তরিক উদ্বেগ, সেই আন্তরিক উদ্বেগকে মেনে নিচ্ছি। কিন্তু রাজনৈতিক কারণে যে কথাগুলো আপনারা যুক্তিহীন, তত্ত্বহীনভাবে অকারণে ছুঁড়ে দিচ্ছেন, আমি সেগুলোর বিরোধিতা করছি এবং কাট মোশনের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বাজেট প্রস্তাবের পক্ষে আমার বক্তব্য শেষ করছি।

... (Noise) ...

## PRESENTATION OF B. A. COMMITTEE REPORT

### The Ninteenth Report Of The Business Advisory Committee.

**Mr. Speaker :** I beg to present the 19th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber on 8th April, 1997 and recommended the following programme of business for the 9th April and the 10th April, 1997.

| | | | |
|---|---|---|---|
| 09.04.97, Wednesday | i) Demand No. 73- | Cottage & Small Scale Industries Department. | 2 hours |
| | ii) Demand No. 51- | Fisheries Department. | $1\frac{1}{2}$ hours. |
| 10.04.97, Thursday | i) Demand No. 35- | Public Health Engineering Department | 2 hours |
| | ii) Demand No. 36- | Housing Department. | 1 hour. |
| | iii) The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1997. | | |

(Introduction, Consideration & Passing)

iv) The West Bengal Salaries & Allowances (Amendment) Bill, 1997. 1 hour
(Introduction, Consideration & Passing)

v) The West Bengal Legislature (Members' Pension) (Amendment) Bill, 1997
(Introduction, Consideration & Passing)

Now the Minister-in-charge of Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chardra Sinha :** Sir, I beg to move the 19th Report of the Business Advisory Committee for acceptance of the House.

The motion was then put and agreed to.

## Discussion And Voting On Demand For Grant.

There are 67 cut motions to Demand No. 21. All the cut motions are in order and taken as move.

The motion (No.1) that the amount of the Demand be reduced to Re. 1/- was then put and lost.

The motions (Nos. 3,4,6 to 11, 13 to 18, 20 to 26, 28 to 36, 38 to 45, 47 to 49, 52 to 56, 58 to 63, 65, 67) that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion (No.2) that the amount of the demand be reduced to Re. 1/- and the motions (Nos. 5, 12, 19, 27, 37, 46, 50, 51, 57, 64, 66) that the amount of the Demand be reduced by Rs. 100/-, were put and a divison taken with the following result :

**NOES :-**

Abu Ayes Mondal, Shri

Adhikary, Shri Nisith

Anisur Rahaman, Shri

Bagdi, Shri Bijay

Bagdi, Shri Lakhan

Bag, Shri Kartic Chandra

Banerjee, Shri Mrinal

Barman, Shri Jogesh Chandra

Bera, Shri Dipak

Bhaduri, Shri Timir Baran

Bhattacharjee, Shri Buddhadeb

Biswas, Shri Benay Krishna

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Kaliprasad

Biswas, Shri Kamalakshi

Biswas, Shrimati Susmita

Bose, Shri Shyamaprasad

Bouri, Shri Angad

Bouri, Shri Haradhan

Chattopadhyay, Shri Jyoti Krishna

Chaudhuri, Shri Amar

Chowdhury, Shri Jayanta

Chowdhury, Shri Nani Gopal

Das, Shrimati Nandarani

Das, Shri Ananda Gopal

Das, Shri Bidyut Kumar

Das, Shri Paresh Nath

Das, Shri Pushpa Chandra

Das Thakur, Shri Chittaranjan

Dey, (Bose), Shrimati Ibha

Doloi, Shri Siba Prasad

Duley, Shri Krishna Prasad

Dutta, Dr. Gouripada

Dutta, Shri Gurupada

Dutta, Shri Himangsu

Ganguly, Shrimati Kanika

Gayen, Shri Nripen

Ghatak, Shri Santiranjan

Ghosh, Shri Biren

Ghosh, Shrimati Minati

Ghosh, Shri Sunil Kumar

Ghosh, Shri Susanta

Giri, Shri Ashoke

Goala, Shri Rajdeo

Goswami, Shri Subhas

Hembram, Shri Jadu

Hembram, Shri Rabindranath

Id. Mohammed, Shri

Kar, Shrimati Anju

Khanra, Shri Saktipada

Kisku, Shri Lakshri Ram

Kisku, Shri Upendra

Kundu, Shri Ranjit

Mahata, Shri Kamala Kanta

Maikap, Shri Chakradhar

Maitra, Shri Banshi Badan

Majhi, Shri Bhandu

Majhi, Shri Nanda Dulal

Majhi, Shri Tamal

Mallik, Shrimati Sadhana

Mandal, Shri Prabhanjan

Md. Ansaruddin, Shri

Md. Mahamuddin, Shri

Minj, Shri Prakash

Mirquasim Mondal, Shri

Misra, Dr. Surya Kanta

Mistry, Shri Bimal

Mitra, Shri Biswanath

Mondal, Shri Ganesh Chandra

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Rabindranath

Mostafa Bin Quasem, Shri

Mukherjee, Shri Anil

Mukherjee, Shrimati Mamata

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Pratyush

Mukhopadhyay, Shri Chittaranjan

Munda, Shri Chaitan

Murmu, Shri Debnath

Mursalin Molla, Shri

Naskar, Shri Sankar Sharan

Naskar, Shri Subhas

Nath, Shri Madanmohan

Nazmul Haque, Shri

Oraon, Shri Jagannath

Paik, Shrimati Sakuntala

Patra, Shri Manoranjan

Rana, Shrimati Shakti

Routh, Shri Dibakanta

Roy, Shri Manmatha

Roy, Shri Mrinal Kanti

Roy, Shri Narmada Chandra

Roy Chowdhuri, Shri Nirode

Saha, Shri Kripa Sindhu

Saha, Dr. Tapati

Sahis, Shrimati Bilasibala

Sanyal, Shri Kamalendu

Sarash, Shri Ankura

Sen, Shri Dhiren

Sen Gupta (Bose), Shrimati Kamal

Sk, Khabiruddin Ahmed, Shri

Shaw, Shri Prabin Kumar

Singh, Shri Lagan Deo

Sinha, Dr. Nirmal

Sinha, Shri Prabodh Chandra

Sinha, Shri Suresh Chandra

Sk. Majed Ali, Shri

Toppo, Shri Salib

Unus Sarkar, Shri

Zamadar, Shri Badal

**AYES :-**

Abdul Mannan, Shri

Abdus Salam Munshi, Shri

Abu Hena, Shri

Banerjee, Shri Pankaj

Banerjee, Shri Shyamadas

Banerjee, Shri Tapas

Bapuli, Shri Satya Ranjan

Biswas, Shri Shashanka Shekhar

Chatterjee, Shri Rabindra Nath

Chowdhury, Shri Adhir Ranjan

Das, Shri Dilip Kumar

Das, Shri Sanjib Kumar

Dey, Shri Ajoy

Dey, Shri Gopal Krishna

Gulsan Mullick, Shri

Gyan Singh Sohanpal, Shri

Mahbubul Haque, Shri

Mal, Shri Asit Kumar

Md. Sohrab, Shri

Mukherjee, Shri Kamal

Mukherjee, Shri Rabin

Panda, Shri Debisankar

Pande, Shri Sadhan

Paul, Shrimati Mayarani

Paul, Shri Paresh

Ray Chowdhury, Shri Biplab

Roy, Shri Phani Bhusan

Roy, Shri Tapas

Sardar, Shri Sital Kumar

Singha, Shri Sankar

Sinha, Shri Atish Chandra

Sultan, Ahmed, Shri

**ABSTS :-**

Sarker, Shri Deba Prasad

Purkait, Shri Prabodh

The Ayes being 31, and the Noes 111; the motions were lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs 6,62,35,00,00 be granted for expenditure under **Demand No. 21, Major Head : "2055—Police"** during the year 1997-98.

(This is inclusive of a total sum of Rs. 2,20,80,00,000 already voted on account), was then put and agreed to

## Adjournment

The House was then adjourned at 6.29 p.m. till 11 a.m. on Wednesday, the 9th April, 1997 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 9th April, 1997 at 11.00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 13 Ministers, 6 Ministers of State and 155 Members.

[11-00 – 11-10 a.m.]

## Held Over Starred Questions
## (To which Oral Answers were given)

### খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের প্রস্তাব

*২৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২) **শ্রী আব্দুল মান্নান ঃ** খাদ্য-প্রক্রিয়াকরণ শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে খাদ্য-প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপনের জন্য কতগুলি সরকারি/বেসরকারি প্রস্তাব পাওয়া গিয়েছে;

(খ) উক্ত কেন্দ্রগুলিতে কি কি খাদ্যসামগ্রী প্রক্রিয়াকরণ করা হবে;

(গ) এ জন্য কত টাকা বিনিয়োগ করা হবে; এবং

(ঘ) উক্ত কেন্দ্রগুলিতে কত জনের কর্মসংস্থানের ব্যবস্থা হবে বলে আশা করা যায়?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ**

(ক) খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন দপ্তরে প্রাপ্ত প্রস্তাবের সংখ্যা ৫২ (বাহান্ন)টি। উপরিউক্ত প্রস্তাবসমূহ ব্যতিরেকে অতিরিক্ত প্রস্তাবের সংখ্যা ঃ ১) পশ্চিমবঙ্গ শিল্প নিগমের নিকট ১৯টি এবং ২) ভারত সরকারের নিকট ৬১ জন শিল্প উদ্যোগী মোট ৮০টি স্মারক প্রস্তাব পেশ করেছেন।

(খ) ফল, সব্জী, মাছ, মাংস, দুধ, দুগ্ধজাত দ্রব্য, ভোজ্যতেল, দানাশস্য প্রক্রিয়াকরণ ইত্যাদি।

(গ) খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের প্রাপ্ত প্রস্তাব অনুযায়ী বিনিয়োগের

পরিমাণ আনুমানিক ৪৯১ (চার শত একানব্বই) কোটি টাকা। অন্যান্য সূত্রে প্রাপ্ত প্রস্তাবে বিনিয়োগের সঠিক হিসাব পাওয়া যায় নাই।

(ঘ) খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগে প্রাপ্ত প্রস্তাব অনুযায়ী আনুমানিক ৫৬০০ (পাঁচ হাজার ছয় শত) জনের কর্ম সংস্থান হবে বলে আশা করা যায়। অন্যান্য সূত্রে প্রাপ্ত প্রস্তাবের কর্ম সংস্থানের সঠিক হিসাব পাওয়া যায় নাই।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, ৫১-টা সরাসরি এসেছে এবং ১৯-টা ডব্লু.বি.আই.ডি.সি.-র কাছে এসেছে। এর মধ্যে কতগুলো কার্যকরী হয়েছে, অনাবাসী ভারতীয় কতজন আছেন?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** কার্যকরী করার দু ভাগে ভাগ আছে। আমাদের কাছে প্রস্তাব দিয়েছেন-এর মধ্যে যাঁরা ডি.পি.আর. অর্থাৎ ডিটেলস প্রোজেক্ট রিপোর্ট দিয়েছেন তার ভিত্তিতে টেকনিক্যাল ভেটিং দিয়েছি। ৩৭-টার কাজ শুরু হয়েছে—কনস্ট্রাকশন থেকে প্রোডাকশন পর্যন্ত আছে, ৭-টা। নামগুলো করে দিচ্ছি—মুরারকা, এরা আলু থেকে করছে উলুবেড়িয়াতে। মডুলা ফুডপার্কের কাজ শুরু করেছে। এছাড়া, পেপসি, কারসন, ব্ল্যাক ডায়মন্ড বিভারেজ এবং ইন্ডাস।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে ৬-টার নাম করলেন তার মধ্যে 'মডুলা' একটা। এটা শ্রীরামপুর না ডানকুনির ওখানে হচ্ছে। আসছে ১-লা বৈশাখে, আপনি এবং মাননীয় মুখ্যমন্ত্রী ওখানে যে ফাউন্ডেশন স্টোন লে করে এসেছেন তার ২-বছর পূর্ণ হবে এবং সেটা সেই রকম অবস্থায় পড়ে রয়েছে। মডুলা ফুড়পার্কের জন্য কত জমি দেওয়ার কথা ছিল এবং কত জমি অধিগ্রহণ হয়েছে এবং কাজ শুরু হয়েছে বলতে আপনি কি ফাউন্ডেশন স্টোন লে করার কথা বলতে চাইছেন?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** মডুলার ফুডপার্ক একেবারে প্রাইভেট উদ্যোগ, ব্যক্তিগত উদ্যোগে ওঁরা কাজ করছেন। জমি সংগ্রহ করার কথা ওদেরই, রাজ্য সরকারের দায়িত্ব হচ্ছে টোকেন ইকুইটি পার্টিসিপেশন, একটা স্কট সার্ভিস দেওয়া এবং ওরা ১৩০ একর জমি সংগ্রহ করতে পেরেছে আউট অফ ফাইভ হান্ড্রেড। ডি.এম.-কে নিয়ে একটা কমিটি করা হয়েছে, তাতে যে রেট ঠিক হয়েছে সেই রেটে চাষীরা জমি সংগ্রহ করতে পারে। বাকিগুলি প্লট স্ট্যান্ডার্ড করে আনতে পারছে না। কেন্দ্রীয় সরকার এতে লোনের টাকা দিয়েছিল, তার মধ্যে ৭৫ লক্ষ টাকা আমরা রিলিজ করেছি। রাস্তার উপর একটা ক্যাম্প অফিস করেছি, জমি নেওয়ার ব্যবস্থা রয়েছে, তাতে ১৩০ একর জমি সংগ্রহ হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** ৫০০ একর জমি স্ট্যান্ডার্ড ওয়েতে করা দরকার, কিন্তু ১৩০ একর জমি সংগৃহীত হয়েছে। দিল্লি রোডের ধারে দুর্গাপুর এক্সপ্রেস পর্যন্ত ৫০০ একর জমি নেওয়ার কথা। জমি অধিগ্রহণের ব্যাপারে একটা কমিটি তৈরি হয়েছে, এটা চাষীদের বিক্ষোভের ফলেই

তৈরি করা হয়েছে। অনাবাসী বা ভারতীয় যারা কারখানা করতে আসবেন, রাজ্য সরকারের পক্ষ থেকে তাদের জমি দেওয়ার ব্যাপারে একটা মিনিমাম স্বার্থ থাকবে। কিন্তু এই যে মডিউলার ফুড ওয়ার্ক আপনি ১লা বৈশাখে উদ্বোধন করেছিলেন, মাঝখানে কেউ যদি জমি কিনে নেয়, তাহলে আপনারা তাদের দিতে পারবেন? আমি স্পেসিফিক্যালি আমার কনস্টিটিউয়েন্সির কথা বলছি। এই জমিগুলি পেতে যে অসুবিধা হচ্ছে সেক্ষেত্রে রাজ্য সরকারের কাছে যারা প্রস্তাব নিয়ে আসছেন তাদের জমি দেওয়ার ক্ষেত্রে কোনও বিশেষ ব্যবস্থা নেবেন কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** জমি অধিগ্রহণের দায়িত্ব প্রাইভেট উদ্যোগীদেরই নিতে হবে। শেষ পর্যন্ত ওরা যদি জমি অধিগ্রহণ করতে না পারে, তাহলে আমাদের পরবর্তী বিশেষ ব্যবস্থা নিতে হবে। আমরা প্রস্তাব এনেছিলাম ওরা নিজেরাই জমি অধিগ্রহণ করবেন, ডেভেলপ করবেন এবং এটা তারা ব্যক্তিগত ভাবেই করবেন।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** আপনি যে স্কীম প্রোজেক্টের কথা বললেন, তার আনুমানিক এস্টিমেটস দাঁড়িয়েছে ৪১৯ কোটি টাকা। এই টাকা আপনি কোথা থেকে সংগ্রহ করবেন, ফান্ড ফ্লো কোথা থেকে হবে?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** টাকা সংগ্রহ করার ব্যাপার নেই, যারা ইনভেস্টমেন্ট করবেন এটা তাদেরই টাকা, আমরা প্রোমোট করছি, আর ইন্ডাস্ট্রিয়ালিস্টরা ইন্ডাস্ট্রি করবেন। লাইসেন্স দেওয়া, টেকনিক্যাল ভেটিং দেওয়া এই সব কাজ আমরা করছি।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** উলুবেড়িয়াতে আলুর ব্যাপারে যেটা করেছেন তাতে কত জনের কর্ম সংস্থান হয়েছে এবং তাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে হয়েছে কি?

[11-10 – 11-20 a.m.]

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** উলুবেড়িয়ায় পটেটো-চিপস উৎপাদন শুরু হয়েছে। ওদের মেন যেটা, সেটা হচ্ছে পটেটো-পাউডার। তার মেশিন ইন্সটল করেছে। এই স্টেজে ট্রায়াল রান দিয়ে বাজারে কিছু পটেটো-চিপস ছেড়েছে। লোক নেওয়ার ব্যাপারে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নিয়েছে কি না জানি না, আমরা বলেছিলাম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নিতে।

**শ্রী সৌমেন্দ্রচন্দ্র দাস ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, কন্সট্রাকশন টু প্রোডাকশন ৭-টা কোম্পানির কথা বললেন; তার মধ্যে উত্তরবঙ্গে কটা রয়েছে এবং তার মধ্যে দিয়ে উত্তরবঙ্গের কত মানুষের কর্ম সংস্থান হতে পারে?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** আমার কাছে আলাদা করে উত্তরবঙ্গের হিসাব নেই। টোটাল ৫২-টার হিসাব আছে। আর যে ৭-টা কোম্পানির নাম বললাম তার মধ্যে একটাও উত্তরবঙ্গে নয়।

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি হুগলি জেলায় যে ব্যাপক আলু চাষ হচ্ছে সেই আলু থেকে নতুন কোনও শিল্প করার কোনও পরিকল্পনা আছে কি না? দ্বিতীয় কথা হচ্ছে, আলু-চিপস তৈরি করার নতুন পরিকল্পনা করলে এ বছর যে প্রচুর আলু হয়েছে, যা মাঠে পচে নষ্ট হচ্ছে তা সঠিক ভাবে মার্কেটে পাঠাবার জন্য কোনও উদ্যোগ নিচ্ছেন কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** আলু আমি করব না, যার আলু সে করবে, যাদের করার বিষয় তারা করবে। মাননীয় সদস্য যদি উদ্যোগী খুঁজে দিতে পারেন—সে আলু করবে, আলু চটকাবে, তাহলে আমি তাকে সাহায্য করব।

**শ্রী সুনীলকুমার ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করছি, নদীয়া জেলায় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের কোনও পরিকল্পনা আছে কি না; থাকলে কি কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** না, নেই।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের দায়িত্বে আছেন এবং তিনি বারংবার একটা শব্দ ব্যবহার করছেন—'চটকানো'। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বেসরকারি মানুষদের ওপর একেবারে নির্ভরশীল হয়ে আছেন, ওরা দয়া করে শিল্প করলে আপনার দপ্তরের সাফল্য আসবে। আমার প্রশ্ন হচ্ছে আপনার দপ্তরের কোনও কিছু চটকাবার পরিকল্পনা আছে কি না?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** সরকারি ভাবে কোনও শিল্প করা হবে না। এটা ঘোষিত নীতি। শিল্পপতিরা শিল্প করবে, আমরা সাহায্য করব। এটায় আপনি যা বোঝার বুঝে নিন।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ৫২-টা শিল্পের কথা বললেন এবং আপনি আরও বললেন যে, এখন পর্যন্ত উত্তরবঙ্গে একটাও হয়নি। আপনি এটাও জানেন উত্তরবঙ্গে কোনও বেসিক ইন্ডাস্ট্রি নেই। অথচ উত্তরবঙ্গের কোচবিহার, জলপাইগুড়ি জেলায় টমাটো, আদা, লঙ্কা, আপেল উৎপন্ন হয়। আমাদের বন বিভাগের অধীনে বনাঞ্চলে মায়াবতী লঙ্কা উৎপন্ন হচ্ছে। এ ছাড়াও বিশেষ করে জলপাইগুড়ি জেলায় ব্যাপক ভাবে আনারস উৎপন্ন হয়। সুতরাং যেসব বেসরকারি প্রতিষ্ঠান আপনার কাছে শিল্প গড়ার প্রস্তাব নিয়ে আসছে তাদের সবাইকে এদিকে না রেখে উত্তরবঙ্গের দিকে একটু পাঠাবার ব্যবস্থা করবেন কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** মার্কেটিং-এর দায়িত্ব কোনও মতেই নেওয়া হবে না। আর যারা আসছেন তাদেরকে আমরা উত্তরবঙ্গে বেশি করে করার জন্য বারেবারে বলছি। দু-একজন ঘোরাফেরা করছে—আমি নাম করতে পারছি না—বিধাননগরে জায়গা চায়, অমুক জায়গায় চায়। ঘোরাফেরা কয়েকজন করছে, তবে এইরকম কংক্রিট প্রোপোজাল পাইনি।

যারাই আসছেন তাদেরকে আমরা বলছি, উত্তরবঙ্গে যান, সাহায্য দেব, ইনসেনটিভ দেব, এইসব আমরা বলে যাচ্ছি। আর আপনি যদি লোক এনে দিতে পারেন, আমি নিশ্চিত ভাবে সাহায্য করব।

**বাগিচা-ফসলের গবেষণা**

*২৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪) **শ্রী আবুআয়েশ মণ্ডল ঃ** খাদ্য-প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বাগিচা-ফসলের মান উন্নয়নে বাগিচা-ফসল গবেষণা ও উন্নয়ন সংক্রান্ত কোনও প্রকল্প চালু আছে কি না;

(খ) থাকলে, মোট কয়টি প্রকল্প চালু আছে; এবং

(গ) সেগুলি কি কি এবং কোথায় কোথায়?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ**

(ক) হ্যাঁ।

(খ) মোট দশটি প্রকল্প কেন্দ্র চালু আছে।

(গ) ১। রাষ্ট্রীয় উদ্যান গবেষণা কেন্দ্র, কৃষ্ণনগর নদীয়া।

২। কলা গবেষণা কেন্দ্র, চুঁচুড়া।

৩। আম্র গবেষণা কেন্দ্র, মালদহ।

৪। আনারস গবেষণা কেন্দ্র, মোহিতনগর, জলপাইগুড়ি

৫। উদ্যান গবেষণা কেন্দ্র, তালডাংরা, বাঁকুড়া।

৬। আম্র উন্নয়ন প্রকল্প, মালদহ।

৭। কলা উন্নয়ন প্রকল্প, চুঁচুড়া।

৮। আনারস উন্নয়ন প্রকল্প, মোহিতনগর, জলপাইগুড়ি।

৯। ফলচাষ উন্নয়ন প্রকল্প, সব জেলায়।

১০। উদ্যান উন্নয়ন প্রকল্প, দার্জিলিং।

[11-20 – 11-30 a.m.]

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** গবেষণা শাখা কৃষির একটা গুরুত্বপূর্ণ অঙ্গ, গ্রামীণ অর্থনীতির

ক্ষেত্রে, গ্রামের মানুষের অতিরিক্ত কর্ম সংস্থানের ক্ষেত্রে আপনার এই দপ্তর সবেমাত্র কাজ শুরু করেছেন, এটা উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে বলে আশা করি। এই যে ১০টি গবেষণা কেন্দ্র ও উন্নয়ন সংক্রান্ত প্রকল্পের কথা বললেন, এ ছাড়াও নতুন গবেষণা কেন্দ্র খোলার কোনও পরিকল্পনা আছে কি না, থাকলে এগুলি কোথায় কোথায় হবে এবং এর সাথে সাথে বাগিচা ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য বর্তমানে কোনও উল্লেখযোগ্য ভূমিকা আছে কি না, থাকলে তা জানাবেন?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা :** নতুন গবেষণা কেন্দ্র খোলার পরিকল্পনা আমাদের আছে। কিন্তু তার আগে এই ১০টি গুটিয়ে নেওয়া দরকার। এগুলির উপর বেশি জোর দিচ্ছি। এগুলি আগে না করে নতুন খুলে ফেললাম তাতে লাভ হবে না। আর বাগিচা চাষের যে কথা বললেন তাতে আমাদের সম্ভাবনা আছে ঠিকই এবং সমস্যাও আছে। আমাদের ল্যান্ড ম্যান রেশিও সেটা কম আর খাদ্যশস্যের গ্যারান্টির কথা মাথায় রাখতে হবে। সেইজন্য যতটুকু বাগান চাষের জমি আছে তার উৎপাদনশীলতা, তার প্রডাকটিভিটি বাড়ানোই মূল লক্ষ্য। সেইজন্য পূর্ণ বাগান আছে তাকে রেজুভিনেশন করে যাতে ভাল করে উৎপাদন করে সেটা দেখতে হবে আর নতুন যেগুলি হবে তাকে ভ্যারাইটি দেওয়া, তারজন্য টেকনোলজি, তারজন্য সার, বীজ, পরামর্শ ইত্যাদি সমস্ত কিছু করার জন্য পরিকল্পনা তৈরি করছি। আগামী বছর থেকে কাজ শুরু করলে আপনারা জানতে পারবেন।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** উদ্যান পালনের ক্ষেত্রে বর্ধমান জেলার গ্রামীণ মানুষের, ক্ষুদ্র প্রান্তিক চাষীদের আগ্রহ বাড়ছে। নতুন নতুন গাছ যারা ল্যগাচ্ছে তারজন্য মাটি পরীক্ষা, জমির সংরক্ষণ, রোগ পোকা দমনের ক্ষেত্রে ঠিকমতো সাহায্য, সহযোগিতা পাচ্ছে না। এক্ষেত্রে আমার মনে হয় গ্রামভিত্তিক প্ল্যান্ট ক্লিনিক তৈরি করার যদি উদ্যোগ নেন তাহলে চাষীরা উপকৃত হয়। এক্ষেত্রে কোনও ব্যবস্থা নিয়েছেন কি না?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা :** পরিকল্পনা আছে প্ল্যান্ট ক্লিনিক করার। সেখানে গাছের ডাক্তারকে বসানোর ইচ্ছা আছে। তাদেরকে আমরা কিছু টাকা-পয়সা দেব আর বাকিটা তারা ফিস নিয়ে করতে পারে। এইরকম পরিকল্পনা তৈরি করেছি, ইউনিভারসিটির সঙ্গে কথা বলেছি। আপনি যা বলছেন তাতে তারা খুবই উপকৃত হবে।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল :** হর্টিকালচারের ব্যাপারে আমি জানতে চাই যে ব্লক লেভেল পর্যন্ত নিয়ে যাবার কোনও সিস্টেম আছে কি না, তা নাহলে রাইটার্স বিল্ডিংসের অফিসারদের সঙ্গে যোগাযোগ করে গ্রামে যাবার জন্য বলতে হয়। যদি কোন ব্লকে এক্সপার্ট না থাকে তাহলে উপর লেভেলে থাকলে কিছু হবে না। ব্লক লেভেল পর্যন্ত আপনি নামিয়েছেন কি না?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা :** হর্টিকালচারের বিষয়টা নিয়ে আমরা সব ব্লকে যাব না। আমরা মোটামুটি চারটে অঞ্চলকে বেছেছি। পাহাড়ী অঞ্চল ইনক্লুডিং তরাই, ল্যাটারাইট এবং

কোস্টাল জোন। কারণ ঐ সব এলাকায় জমি পাবার সম্ভাবনা বেশি। সেই জন্য আমরা ৭০-৮০টা ব্লকে বেশি জোর দেব। সেখানে নিবিড় ভাবে চেষ্টা করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে বাগিচা ফসল গবেষণা উন্নয়নের যে কেন্দ্রগুলো আছে, তার মধ্যে একটাকে অনুল্লেখ রাখলেন। সেটা হচ্ছে দিঘাতে ১০০ একর জমি নিয়ে স্টেট কেশু ফার্ম রয়েছে। আমার প্রশ্ন হচ্ছে ঐ স্টেট কেশু ফার্মের উৎপাদন এবং সম্প্রসারণের কাজ শুরু হয়েছে কি না, যদি না হয়ে থাকে তাহলে বর্ত্তমানে কোন অবস্থায় আছে?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** দিঘাতে যেটা আছে সেটা ১০০ একর নয়, ১০০ একরের দখল পাইনি, দখল পেয়েছি ৬ একরের। তার উপর গাছ লাগানো আছে। সেখানে সিডলিং তৈরি হচ্ছে। এবারে আরও ১৫ একর পাবার ব্যবস্থা হয়েছে, সেটা যদি পাই তাহলে গাছের চারা তৈরি করা, ভ্যারাইটি সিডলিং তৈরি করার পরিকল্পনা নিয়েছি।

**শ্রী খাঁড়া সোরেন ঃ** উত্তর বাংলার গ্রামগুলিতে প্রচুর তালগাছ দেখা যায় এবং সেখানে তালের রস থেকে তাল মিছরি তৈরি হয়। এছাড়াও তাল থেকে নানা রকম খাদ্য তৈরি হয়। এর প্রক্রিয়াকরণের কোনও পরিকল্পনা গ্রহণ করবেন কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** আমি আম, জাম ধরতে পারছিনা, তাল ধরব কি করে?

**শ্রী অসিত মিত্র ঃ** মন্ত্রী মহাশয় কিছুক্ষণ আগে বললেন যে এই রাজ্যে বাগিচা ফসল গবেষণা এবং উন্নয়নের দশটি কেন্দ্র আছে এবং আপনি উল্লেখ করেছেন মোহিত নগরে একটা কেন্দ্র আছে। আমরা কিছুদিন আগে মোহিত নগরের গবেষণা কেন্দ্রে গিয়েছিলাম সাবজেক্ট কমিটির পক্ষ থেকে এবং আমরা বিভিন্ন তথ্য সংগ্রহ করার চেষ্টা করেছিলাম। তাতে আমাদের যা ধারনা হয়েছে এই গবেষণা কেন্দ্র দেখে তাতে আমাদের মনে হয়েছে, সমস্ত অর্থ জলে যাচ্ছে, কোনও রকম কাজই হচ্ছে না। মন্ত্রী মহাশয় জবাব দেবেন কি, এই কেন্দ্র সহ অন্যান্য কেন্দ্রগুলিতে বাৎসরিক আর্থিক খরচের পরিমাণ কত?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** এটা আমার হাতে ৮ মাস হল এসেছে, এই ৮ মাসে কি খরচ হয়েছে না হয়েছে সে হিসাব আমি সঙ্গে করে আনিনি। আপনি যেটা বললেন সে রকমই আমার মত যে কাজটা ভাল হচ্ছে না, তবে কাজটা ভাল করতে হবে।

## বিদ্যুৎবিহীন ব্লক

*৩০৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩৫) **শ্রী সুভাষ নস্কর ঃ** সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবনের কোন কোন ব্লকে আদৌ বিদ্যুৎ পৌছায়নি; এবং

(খ) এই সকল ব্লকের জন্য বিশেষ কোনও ব্যবস্থা/উদ্যোগ গ্রহণ করা হয়েছে কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ**

(ক) পশ্চিমবঙ্গ সরকারের ফলিত অর্থনীতি ও পরিসংখ্যান সংস্থা কর্তৃক প্রকাশিত জেলা পরিসংখ্যান সংক্রান্ত তথ্য পুস্তিকা (১৯৯৪) থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দেখা যায় যে সুন্দরবনের ১৯টি ব্লকের মধ্যে গোসাবা ও সন্দেশখালী-২ ছাড়া প্রত্যেক ব্লকেই বিদ্যুৎ পৌঁছেছে।

(খ) এই দপ্তরে এ বিষয়ে কোন তথ্য নেই। এই তথ্য বিদ্যুৎ দপ্তরের কাছ থেকে পাওয়া যেতে পারে।

[11-30 – 11-40 a.m.]

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, ১৭টি ব্লকে কোনও না কোনও ভাবে বিদ্যুৎ পৌঁছে গিয়েছে।

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** আমি নিজে কিছু বলিনি, পরিসংখ্যান থেকে বলেছি।

**শ্রী সুভাষ নস্কর ঃ** পরিসংখ্যান এবং বাস্তবের মধ্যে অনেক তফাৎ আছে। আপনি সুন্দরবন উন্নয়ন বিষয়ক দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী। আপনি লিখিত উত্তরে বললেন ১৯টি ব্লকের মধ্যে ১৭টি ব্লকে বিদ্যুৎ সংযোগ হয়েছে। এই ১৭টি ব্লকের মধ্যে বাসন্তি ব্লকে বিদ্যুৎ পৌঁছে গিয়েছে কি না সেটা পরিষ্কার করে বলেননি। না কি, ঐ সোলার ষ্ট্রিট লাইট এবং সোলার লণ্ঠন পৌঁছে গেলেই সেই ব্লকটা বিদ্যুতায়ন হয়ে গিয়েছে বলে বলতে চাইছেন?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** আপনি বিদ্যুৎ দপ্তরের প্রশ্নের উত্তর আমার কাছে জানতে চাইছেন। তবুও তো আমি ঘাঁটাঘাঁটি করে পরিসংখ্যান যোগাড় করে কিছু তথ্য দিয়েছি।

**শ্রী সুভাষ নস্কর ঃ** সুন্দরবনের উন্নয়নের জন্য বিদ্যুৎ ছাড়া অন্যান্য অনেক ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হচ্ছে। রাস্তাঘাট, খাল ইত্যাদির ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হচ্ছে। কিন্তু বিদ্যুৎকে বাদ দিয়ে উন্নয়ন হয়না। এই বিদ্যুৎ যাতে সেখানে পৌঁছায় তারজন্য বিশেষ কোনও ভাবনা আপনার দপ্তরের আছে কি না মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** আমরা ১০-ম অর্থ কমিশনের কাছ থেকে যে টাকাটা পেয়েছি তার থেকে বিদ্যুৎ দপ্তরের সঙ্গে যৌথভাবে সুন্দরবনের ক্যানিং, হাড়োয়া, মিনাখা, হিঙ্গলগঞ্জে ৪টি সাব স্টেশন তৈরি করার জন্য ৫ কোটি ৬১ লক্ষ ৮০ হাজার টাকা দেব বলে ঠিক করেছি এবং ২ কোটি টাকা দিয়েছি। ঐ সব এলাকায় লাইন নিয়ে যাবার জন্য পর্ষদ নিজেরা খরচ করবেন ৩ কোটি ৫৭ লক্ষ টাকা। আপনার ঐ বাসন্তিতে গোসাবায় বিদ্যুৎ

নেই। গোসাবা ব্লকে ৫০০ কিলোওয়াট শক্তি সম্পন্ন একটি বায়োমাস বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য কাজ এগিয়ে চলেছে। ভারত সরকার, পশ্চিমবঙ্গ সরকারের বিজ্ঞান, প্রযুক্তি ও অপ্রচলিত শক্তি দপ্তর, সুন্দরবন উন্নয়ন বিষয়ক দপ্তর এবং দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদের আর্থিক সহযোগিতায় এই প্রকল্প স্থাপিত হতে চলেছে। সাগরদ্বীপে বিদ্যুতায়নের জন্য ১০০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন সৌর বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের প্রস্তাব রাজ্য বিদ্যুৎ পর্যদ ও রাজ্য বিজ্ঞান প্রযুক্তি ও অপ্রচলিত শক্তি দপ্তর থেকে করা হয়েছিল। এরমধ্যে ৬০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হয়েছে, আরও ২৫ কিলোওয়াট বিদ্যুৎকেন্দ্র স্থাপনের কাজ বিবেচনাধীন আছে। সৌর বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য সুন্দরবন উন্নয়ন পর্ষদ ১০ লক্ষ টাকা অর্থ সাহায্য বরাদ্দ করেছে।

**শ্রী সুভাষ নস্কর :** মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ, তিনি বিস্তারিতভাবে বললেন। এই যে ৪টি বিদ্যুৎ কেন্দ্র স্থাপন হবে তারপর বিদ্যুৎ সংযোগ করে দেওয়া হবে।

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা :** প্রথমে বিদ্যুৎ জমা করতে হবে এবং তারপর টানতে হবে। জমা করার জন্য এই টাকাটা দিচ্ছি। আর তার টানার জন্য তো বললাম ওরা ৩ কোটি ৭৫ লক্ষ টাকা খরচ করবেন। এবারে যদি করে আপনার জায়গায় পৌঁছে যাবে, আর যদি না করে তাহলে পৌঁছাবেনা।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় প্রশ্নের উত্তরে যে কথা বললেন, আমি তার কাছে জানতে চাই, এটাতো সরকারি সংখ্যা তথ্যের হিসাব। এই হিসাব সম্পর্কে কি আপনার ভরসা কম আছে?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা :** প্রচুর ভরসা আছে। তবে নিজে না করে বলতে পারিনা।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** আমার প্রশ্ন হচ্ছে, এই সংখ্যা তথ্য তো সরকারি দপ্তর করে। সেই সংখ্যা তথ্যের উপরে কি আপনার ভরসা কম?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা :** প্রচুর ভরসা আছে।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে সোলার লাইট, এর মধ্যে দিয়ে এক শত কিলো ওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে। আপনি জানেন যে, ইতিমধ্যে একটা সোলার স্টেশন বসেছে। সেখানে প্রায় ১ কোটি টাকার মতো খরচ হয়েছে। কিন্তু এতে আইস কিউব হবেনা, আমাদের শ'মিলও চলবেনা। অথচ এটার উপরে জোর দেওয়া হয়েছে। এলাকার মানুষ বলছে যে, উই ডোন্ট ওয়ান্ট সোলার লাইট, উই ওয়ান্ট ইলেকট্রিসিটি ফ্রম মেইন গ্রিড। সেটার জন্য বাসন্তীতে সুবিধা নেই, ছোট নদী, কিন্তু সাগরের ক্ষেত্রে সুবিধা হবে। সে ক্ষেত্রে যেহেতু সুন্দরবন উন্নয়ণ পর্ষদ আছে, সেখানে এই সব ব্লকগুলিকে ট্যাগ করে, পাথর প্রতিমাকে ট্যাগ করে কোনও নির্দিষ্ট পরিকল্পনা আছে কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** বিদ্যুৎ দপ্তরের দায়িত্ব আমার ঘাড়ে এসে পড়ছে। আমি বারে বারে বলেছি যে, বিদ্যুৎ দপ্তর আমাদের কাছে বলেছে যে আমাদের টাকার অভাব। আমরা ৪টি কেন্দ্র স্থাপন করে দিতে পারলে অনেকটা বিদ্যুৎ টেনে দিতে পারব। সেখানে তিনটি ফেজে ৫ কোটি ৬১ লক্ষ ৮০ হাজারের মতো টাকা লাগবে। আমরা ২ কোটি টাকা দিয়েছি। সোলার ভাল কি মন্দ আমি বলতে পারব না।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ভাল বা মন্দ না বুঝেই টাকা খরচ করছেন?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** ঐ দপ্তর আমাদের কাছে চাইছে। ওরাই কম্পিটেন্ট দপ্তর, আমরা ঠিক করে দিচ্ছি না।

**শ্রী নৃপেন গায়েন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে হিঙ্গলগঞ্জে সাব-স্টেশন করার জন্য টাকা বরাদ্দ করা হয়েছে। কিন্তু আমরা দেখছি যে সেখানে কাজ এখনও শুরু হয়নি। আমি জানতে চাইছি যে, হিঙ্গলগঞ্জ ব্লকে এই সাব-স্টেশন করার জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে? এছাড়া আমাদের সুন্দরবন ব্লকগুলিতে কিছু সৌর লণ্ঠন দেওয়া হয়েছে। সেগুলি কোন কোন ব্লকে, স্কুলে, হোস্টেলে দেওয়া হয়েছে তার একটা হিসাব দিতে পারবেন?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** প্রথম কথা হচ্ছে ৪টির জন্য আমরা ২ কোটি টাকা দিয়েছি। ওরা কোথায় কোথায় আগে করবে, কোথায় পরে করবে সেটা ওরা ঠিক করবে। আর সৌর লণ্ঠনের জন্য সুন্দর বন দপ্তর থেকে কিছু সাবসিডি দেওয়া হয়েছে। সেটার হিসাব যদি আলাদা ভাবে চান তাহলে আমি দিতে পারব। কিন্তু ওরা কি দিয়েছে, না দিয়েছে সেটা আমি বলতে পারব না।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় প্রশ্নের উত্তরে বললেন যে সুন্দরবন এলাকায় বিদ্যুৎ সংক্রান্ত বিষয়ে কিছু কিছু কাজ হয়েছে। কিন্তু আমি জানতে চাইছি যে, সোলার লণ্ঠনের ব্যাপারে। এই সোলার লণ্ঠনগুলি কারা কেনেন এবং কাদের কাছ থেকে কেনা হয় এবং নিম্নমানের সৌর লণ্ঠন পৌঁছালে সেগুলি সংরক্ষণের ক্ষেত্রে আপনার দপ্তরের কোনও ভূমিকা আছে কি না জানাবেন কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** সোলার লণ্ঠনগুলি সুন্দরবনের স্কুল এবং হোস্টেলগুলি সাধারণত কেনে এবং সেগুলো কেনার ব্যাপারে এম. এল. এ.-দের সুপারিশ থাকে। এছাড়া বিজ্ঞান এবং অপ্রচলিত শক্তি দপ্তরও এটা কেনে। আর এগুলো যারা কিনবেন মেনটেনেন্সের দায়িত্ব তাদেরই।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** ওগুলো মেনটেনেন্সে করবার ক্ষেত্রে পঞ্চায়েতকে যুক্ত করবার কথা ভাবছেন কি না?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** এখানে আমি আপনি ঝগড়া করে লাভ নেই। আপনিও তো বোর্ডের মেম্বার, সেখানে বসেই এটা ঠিক করবেন।

## Held Over Starred Questions
## (To which Written Answers were laid on the Table)

### তফসিলি জাতি ও উপজাতি কর্মচারি নিয়োগে ১০০ পয়েন্ট রোস্টার

*১৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৯০) **শ্রী সুশীল বিশ্বাস ঃ** তফসিলি জাতি ও উপজাতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলায় তফসিলি জাতি ও উপজাতি কর্মচারি নিয়োগের ক্ষেত্রে ১০০ পয়েন্ট রোস্টার চালু হয়েছে কি না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে কবে থেকে চালু হবে?

**তফসিলি জাতি ও উপজাতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) প্রশ্ন ওঠে না।

## Starred Questions
## (To which Oral Answers were given)

### ছাত্রাভাবে জুনিয়র হাইস্কুল বন্ধ

*৪৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৪) **শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** স্কুল-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের অধিকাংশ জুনিয়র হাইস্কুল ছাত্রাভাবে বন্ধ হয়ে যাচ্ছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত স্কুলগুলিকে চালু করার কোনও পরিকল্পনা আছে কি?

[11-40 – 11-50 a.m.]

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

(ক) সত্য নয়।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** 'ক' প্রশ্নের উত্তরে বললেন 'সত্যি নয়'। আপনার মনে আছে, দক্ষিণ কলকাতায় চারটি জুনিয়র-হাই স্কুল উঠে গেছে ছাত্রছাত্রীর অভাবে, এটা প্রথমে মৌখিক এবং পরে লিখিতভাবে আপনাকে জানিয়েছিলাম। তা সত্ত্বেও আপনি কি বলবেন কোন জুনিয়র হাইস্কুল উঠে যায়নি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আপনার প্রশ্ন ছিল—অধিকাংশ জুনিয়র হাইস্কুল ছাত্রাভাবে উঠে যাচ্ছে কি না, তবে কোন কোন স্কুলে এই অসুবিধাটা রয়েছে। কলকাতার উপর ছয়টি জুনিয়র হাইস্কুলের শিক্ষকদের ছাত্রছাত্রীর অভাবে পার্শ্ববর্তী স্কুলের সঙ্গে যুক্ত করা হয়েছে। আরও দুই-একটি জায়গায় এটা ঘটতে পারে। কিন্তু এটা সাধারণ চিত্র নয়, কারণ অন্যান্য জুনিয়র হাই এবং হাইস্কুলগুলিতে ছাত্র উপচে পড়ছে। কাজেই ছাত্রছাত্রীর অভাবে জুনিয়র হাইস্কুলগুলি উঠে যাচ্ছে এটা সব জায়গায় ঘটছে না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** ঐ ছয়টি স্কুলের শিক্ষকদের অন্য স্কুলের সঙ্গে যুক্ত করে দিয়েছেন এটা ভাল কথা, কারণ তারা বসে বসে মাইনে পাচ্ছেন না, পড়িয়ে মাইনে পাচ্ছেন, কিন্তু ঐ স্কুলগুলির যে ইনফ্রাস্ট্রাকচার সেটা আইডল হয়ে গেছে, কারণ তার জমি জায়গাগুলি পড়ে রয়েছে। কাজেই ঐ জায়গায় হাইস্কুল তৈরি করে ইনফ্রাস্ট্রাকচারকে কাজে লাগাবার কোন পরিকল্পনা আপনার আছে কি না?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** যে স্কুলগুলি তুলে দেওয়া হয়েছে সেগুলো সব ভাড়া বাড়ি ছিল। সেজন্য সেখানে নতুন করে কিছু করবার পরিকল্পনা করিনি। যে স্কুলগুলি চলছিল না, ছাত্রাভাবে বন্ধ হয়ে গেছে, সেখানে যদি নতুন করে উদ্যোগ নিই তাহলে স্কুল চলবে কি না সন্দেহ আছে। যে কারণে স্কুলগুলিতে ছাত্র সংখ্যায় ঘাটতি দেখা দিয়েছিল সেই কারণটা দূর না করতে পারলে এক্ষেত্রে অসুবিধা দেখা দিতে পারে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** যেহেতু জুনিয়র হাইস্কুলগুলিতে ক্লাশ এইট পর্যন্ত পড়বার পর অন্য স্কুলে নাইন টেনে ভর্তি করাতে পারছেন না তারই জন্য অভিভাবকরা ছাত্রছাত্রীদের সেখান থেকে সরিয়ে নিয়ে যাচ্ছেন। বর্তমানে এখানে একটি শিশুকে কেজিতে ভর্তি করাতে গেলে ৫০,০০০ টাকা ক্যাপিটেশন ফি দিয়ে ভর্তি করাতে হচ্ছে তিন দিন লাইন দিয়ে, কাজেই মাঝখানে ভর্তি হওয়া একটা দুরুহ ব্যাপার। এবং তারই জন্য অধিকাংশ ছাত্রছাত্রীদের অভিভাবকরা অন্যত্র সরিয়ে নিয়ে যাচ্ছেন। কাজেই যেখানে ইনফ্রাস্ট্রাকচার রয়েছে সেখানে জুনিয়ার হাইস্কুলগুলিকে ক্লাশ টেন এবং টুয়েলভ পর্যন্ত উন্নীত করবেন কি না?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এই সম্পর্কে আমি অত্যন্ত সচেতন যে, অষ্টম শ্রেণীযুক্ত জুনিয়র হাইস্কুলে অনেক অভিভাবক ছেলেমেয়েদের পাঠাতে চাইছেন না যেহেতু অষ্টম শ্রেণীর পর অন্যত্র হাইস্কুলে নবম শ্রেণীতে ভর্তি করতে তাদের অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। অসুবিধা যে হচ্ছে সে বিষয়ে সন্দেহ নেই। এই কারণে গত বছর ২৫০টি জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে

উন্নীত করা হয়েছে। আর এটাই আমাদের নীতি যে, জুনিয়র হাইস্কুলগুলিকে হাইস্কুলে, হাইস্কুলগুলিকে উচ্চ-মাধ্যমিক স্কুলে উন্নীত করবো। তারই জন্য আমরা ২৫০টি জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে উন্নীত করেছি। কিন্তু যেগুলো উঠিয়ে দিয়েছে সেগুলো জুনিয়র হাই থেকে হাইস্কুলে উন্নীত করলেও সেখানে ছাত্রাভাব থেকেই যেত, তারই জন্য ওগুলো আমরা উঠিয়ে দিয়েছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** এই সমস্ত স্কুলের যে ঘর-বাড়ি জায়গা জমি রয়েছে তার ভবিষ্যত কি হবে? এইগুলি কি লুটেপুটে খাওয়া হবে নাকি আপনার দপ্তর এইগুলিকে ব্যবহার করবে?

**শ্রী কান্তি বিশ্বাস :** সবগুলিই তো ভাড়া বাড়ি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** স্কুলের জন্য সরকারের নিজস্ব জায়গা পড়ে আছে। আপনাকে আমি বলেছিলাম পল্লী ভারতী জুনিয়ার হাই-স্কুলের দুই বিঘা জমি ঘর-বাড়ি এবং স্কুলের সমস্ত রকম সাজ-সরঞ্জাম পড়ে আছে এবং এটা আইডিল হয়ে পড়ে আছে।

**শ্রী কান্তি বিশ্বাস :** যে সমস্ত জায়গায় সরকারি জমি পড়ে আছে, নিশ্চিত ভাবে শিক্ষা দপ্তরের অনেক প্রয়োজন আছে সেই জায়গাগুলিকে অন্য উদেশ্যে কাজে লাগাবার জন্য সচেষ্ট থাকবে।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ২৫০টি স্কুলকে উন্নতকরণের জন্য অনুমোদন দিয়েছেন। কোন জেলায় কতগুলি স্কুলকে অনুমোদন দিয়েছেন বলতে পারবেন?

**শ্রী কান্তি বিশ্বাস :** এটা একটা বিরাট তালিকা হবে। আপনি যদি নির্দিষ্ট ভাবে চান তাহলে আমি এখানে পেশ করে দেব।

**শ্রী সঞ্জীবকুমার দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে জুনিয়ার হাই স্কুলগুলিকে হাই স্কুলে রূপান্তরিত করছেন, এই নীতির সঙ্গে আমি একমত। তারপর জুনিয়ার হাই-স্কুলের ছাত্র সংখ্যা যদি কমে যায় তাহলে আপনি পাশে একটা স্কুলের সঙ্গে সেই স্কুলকে ট্যাগ করে দিচ্ছেন, নীতিগত ভাবে এই ব্যাপারে আপনার সঙ্গে আমি একমত। এটা আপনি কিসের ভিত্তিতে করছেন, এর নর্মসটা কি? কত ছাত্র সংখ্যা হলে তাকে আপনি পাশের স্কুলের সঙ্গে ট্যাগ করে দেবেন? এই ব্যাপারে আপনার সঠিক কোনও পরিকল্পনা না থাকলে তো কিছু বোঝা যাবে না। আমার বিধানসভা কেন্দ্রে একটা জুনিয়ার হাই স্কুলে মাত্র ৭ জন ছাত্র-ছাত্রী, এখানে টিচার এবং নন-টিচার স্টাফ রয়েছে। এই ব্যাপারে আমি মেনশনও করেছি। এই ব্যাপারে আপনার নর্মস কি, আপনার ভিত্তিটা কি, কত ছাত্র সংখ্যা হলে, কত শিক্ষক থাকলে আপনি পাশের স্কুলে ট্যাগ করে দেবেন।

**শ্রী কান্তি বিশ্বাস :** আমরা একটা নিয়ম মেনে চলি সেটা হল কম পক্ষে ৪০ জন শিক্ষার্থী ওই স্কুলে থাকতে হবে। শেষ পর্যন্ত ২০ জন শিক্ষার্থী হলে সেই স্কুলকে তোলবার

কথা ভাবি না। আপনি যেটা বললেন যে ৭ জন ছাত্র একটা স্কুলের আছে এই রকম যদি খবর থাকে তাহলে নিশ্চয়ই আমরা সেই স্কুল সম্পর্কে সমীক্ষা চালাব এবং সেই স্কুলকে পার্শ্ববর্তী স্কুলের সঙ্গে যুক্ত করার কথা ভাবব। তবে অভ্যন্তরীণ যদি কোনও সংকট থাকে সেই সংকটকে দূর করে বিদ্যালয়কে উন্নত করার চেষ্টা করব। আপনি যদি সঠিক তথ্য দিতে পারেন তাহলে আমরা এই ব্যাপারে সচেষ্ট থাকব।

**শ্রী মোজাম্মেল হক (মুর্শিদাবাদ) :** মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই। আপনি জানেন যে এক-একটা এলাকায় একাধিক স্কুল আছে আবার অনেক এলাকায় একটাও স্কুল নেই। কোন কোন গ্রাম পঞ্চায়েতের অধীনে ৩-৪টি প্রাথমিক স্কুল, জুনিয়ার হাই স্কুল এবং হাই স্কুল মিলে আছে। আবার একটা গ্রাম পঞ্চায়েতে একটাও স্কুল নেই। এই ব্যাপারে সরকারের কোনও পরিকল্পনা আছে কি প্রতিটি গ্রাম পঞ্চায়েতে অন্তত পক্ষে একটি করে জুনিয়ার হাই-স্কুল স্থাপন করা হবে?

**শ্রী কান্তি বিশ্বাস :** আমার কাছে কেন্দ্রীয় সরকারের পরিচালিত ষষ্ঠ শিক্ষা সমীক্ষা প্রতিবেদন আছে। আমরা শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদ এদের সহায়তায় গোটা পশ্চিমবাংলায় বিদ্যালয়ের একটা ম্যাপ তৈরি করছি। কোন এলাকায় কোন ধরনের মানুষ বাস করে, তাদের আর্থ-সামাজিক কাঠামো কি ধরনের সেখানে কোন ধরনের বিদ্যালয় আছে সেই সমস্ত দেখে তার উপর ভিত্তি করে, উন্নয়ন করবার ক্ষেত্রে আগামী দিনে যে সুযোগ আছে সেই দিকে লক্ষ্য রেখে সেখানে বিদ্যালয় স্থাপন করবার এবং উন্নত করবার চেষ্টা করব।

**শ্রীমতী নন্দরানী দল :** আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা সাপ্লিমেনটারী করতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে জুনিয়ার হাই স্কুলকে উন্নীত করে হাই-স্কুল করা হচ্ছে। আমি জানতে চাই যেখানে হাই-স্কুল নেই সেখানে অগ্রাধিকার দিয়ে হাই-স্কুল করা হবে কি?

**শ্রী কান্তি বিশ্বাস :** নিশ্চয়ই সেই দিকে আমরা অগ্রসর হব। একটা বিদ্যালয়ের ম্যাপ তৈরি করছি। পশ্চাদ ভূমিতে কোথায় কত প্রাথমিক বিদ্যালয় আছে, কত নিম্ন প্রাথমিক বিদ্যালয় আছে হাই স্কুল আছে এবং সেখানে ছাত্র সংখ্যা কত সেই সমস্ত দেখে এই সিদ্ধান্ত নেওয়া হবে যাতে ছাত্রদের যে সমস্যা আছে সেটা যাতে প্রশমিত হয়।

**শ্রী অজয় দে :** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে ছাত্র ভর্তির একটা ভীষণ সমস্যা মে মাস থেকে শুরু হয়ে যাবে। জুনিয়র হাইস্কুল বা হাইস্কুল হচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন যে ব্লকে একটি করে স্কুল করবেন। আমরা এটা তিন বছর ধরে শুনছি। আমার প্রশ্ন হচ্ছে, পৌর এলাকায় তাদের পক্ষ থেকে যদি কোনও জায়গায় জুনিয়র স্কুল স্টার্ট করে—আমার এলাকায় এই রকম দুটি স্কুল গত তিন বছর ধরে চলছে—তাহলে আর্থিক দায় দায়িত্ব ছাড়া আপনি তাদের অ্যাপ্রুভাল দেবেন কি না আপনার দপ্তর থেকে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এখানে একটু অসুবিধা আছে, যদিও এখনও শিক্ষা ব্যবস্থাকে পরিচালিত করবার মূল দায়িত্ব বিদ্যালয় স্তরে শিক্ষা বিভাগের। যদি কোনও পৌরসভা তাদের তহবিল থেকে বিদ্যালয় পরিচালিত করতে চায়, সেক্ষেত্রে আমাদের পক্ষ থেকে সম্মতি দেবার ক্ষেত্রে একটু অসুবিধা আছে। আপনি জানেন যে, নিম্ন মাধ্যমিক একটি বিদ্যালয় যদি চালাতে হয় তাহলে বছরে ৮-১০ লক্ষ টাকা ব্যয় হয়। সেই স্কুলের শিক্ষকদের বেতন, ভাতা, পেনসন, প্রভিডেন্ট ফাণ্ড, গ্র্যাচুইটি এই সমস্তর দায়িত্ব কে নেবে? আমি এইজন্য নগরোন্নয়ন বিভাগের কাছে লিখেছিলাম। ওঁরা বলেছেন, আমাদের যে আর্থিক ব্যয় বরাদ্দ আছে তা থেকে শিক্ষকদের বেতন, ভাতা এবং অবসরকালীন সুযোগ সুবিধা, পেনসন দেবার ক্ষেত্রে অসুবিধা আছে। সেজন্য আপনার এই প্রস্তাবে আমি সায় দিতে পারছি না। তারফলে এই প্রস্তাব নিয়ে আমি আর অগ্রসর হতে পারছি না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি যে, ইন্সপেকটিং টীম জেলায় জেলায় যেগুলো আছে, সেগুলোকে আরও গণতন্ত্রীকরণ করা হবে কি না? আমি এই কথা এইজন্য বলছি, আমার অভিজ্ঞতা হচ্ছে, আমার নির্বাচন কেন্দ্রে একটি গ্রাম পঞ্চায়েতে গত ১০ বছর ধরে তিনটি জুনিয়র হাইস্কুল হয়েছে। ছোট একটি গ্রাম পঞ্চায়েতে এটি হয়েছে অথচ অন্য গ্রাম পঞ্চায়েত ফাঁকা যাচ্ছে। সেখানে কোনও স্কুল নেই। এইরকম অবস্থা চলছে। ইন্সপেকটিং টীমকে সেখানে আপনি আরও গণতন্ত্রীকরণ করবেন কি না? এটা যদি করা হয় তাহলে এইভাবে সংকীর্ণ দৃষ্টিভঙ্গির মধ্যে দিয়ে এই রকম ভাবে স্কুলগুলো গড়ে উঠবে এবং ছাত্র ভর্তির সমস্যা কোনও কালেই দূর হবে না। সেজন্য শিক্ষক সংগঠন এবং তাঁদের প্রতিনিধিদের নিয়ে আপনি এটা বিবেচনা করবেন কি না?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মূল প্রশ্নর সঙ্গে আপনার এই অতিরিক্ত প্রশ্ন হয়না। আর আপনি যে বিবৃতি দিয়েছেন, তার সাথে আমি একমত নই। সেজন্য আপনি যদি আলাদা ভাবে জিজ্ঞাসা করেন তাহলে আমি তার উত্তর দেব।

**শ্রী অশোককুমার দেব ঃ** আমরা দেখতে পাচ্ছি, অনেক পঞ্চায়েত এলাকা আছে যেখানে ১৮-২০ হাজার মানুষ বাস করে। কিন্তু সেখানে ক্লাস এইট পর্যন্ত স্কুল রয়েছে বলে অনেকে ভাবছেন যে নাইন-টেন পড়বে কোথায়। এইভাবে আমরা দেখতে পাচ্ছি, বিভিন্ন স্কুলে অনেক ছাত্র যেতে চান না। ব্লক অনুযায়ী বা পাড়াতে যেখানে ক্লাস এইট পর্যন্ত পড়াশোনার ব্যবস্থা আছে এবং যেখানে নাইন-টেন পর্যন্ত পড়ার সুযোগ নেই, সেখানে ঐ স্কুলগুলোকে নাইন-টেন করে যদি অ্যাপ্রুভ করা যায়, তাহলে জুনিয়র এবং সিনিয়ররা সুযোগ পাবে এবং আরও অনেক ছাত্র সেখানে আসতে পারবে।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** স্কুল করার প্রয়োজন নিশ্চয়ই আছে। কিন্তু আমাদের আর্থিক সীমাবদ্ধতার মধ্যে দাঁড়িয়ে সিদ্ধান্ত নিতে হয়। এইজন্য সমস্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক করার সুযোগ নেই। সেজন্য অগ্রাধিকারের ভিত্তিতে আমরা বাছাই করি। সেজন্য

আমাদের আর্থিক যে সমীক্ষা হয়েছে, তার যে প্রতিবেদন এবং বিদ্যালয়ের যে মানচিত্র তার সাথে এখন যে জেলা পরিকল্পনা কমিটি হয়েছে, তাদের পক্ষ থেকে যদি একটি জেলার ভিত্তিতে আমাদের কাছে সুপারিশ আসে, তাহলে আমরা তা নিশ্চয়ই বিবেচনা করতে পারব, তবে অবশ্যই তা আমাদের আর্থিক ব্যয় বরাদ্দের মধ্যে থেকে।

**দারিদ্র্যসীমার নিচের পরিবারগুলির জন্য প্রকল্প**

***৪৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২২) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** তফসিলি জাতি ও আদিবাসী-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ তফসিলি জাতি এবং তফসিলি উপজাতি উন্নয়ন ও অর্থনিগম দারিদ্র্যসীমার নিচে থাকা পরিবারগুলির জন্য কোনও আর্থিক কর্মপ্রকল্প সরকার গ্রহণ করেছে কি না;

(খ) করে থাকলে, কোন আর্থিক বছর থেকে উক্ত কর্মপ্রকল্প রূপায়ণের কাজ শুরু করা হয়েছে; এবং

(গ) ১৯৯৫-৯৬ আর্থিক বছর পর্যন্ত উক্ত প্রকল্পে উপকৃত পরিবারের সংখ্যা কত?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :**

(ক) হ্যাঁ, এই কর্মপ্রকল্প অনুযায়ী পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় এস. সি. পি এবং টি. এস. পি আওতায় আর্থিক প্রকল্প সরকার গ্রহণ করেছেন। এই কর্মপ্রকল্প পরিবার ভিত্তিক।

(খ) কর্মপ্রকল্প রূপায়নের কাজ ১৯৭৯-৮০ থেকে শুরু হয়। ব্যাপকভাবে কাজ ১৯৮০-৮১ থেকে করা হচ্ছে।

(গ) ১৯৯৫-৯৬ আর্থিক বছর পর্যন্ত উক্ত প্রকল্পে উপকৃত পরিবারের সংখ্যা নিম্নরূপ।

(১) এস. সি. পি.—১০,০৯,৯০৭

(২) টি. এস. পি.—৩,১৩,৯০০

[11-50 – 12-00 noon.]

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** মাননীয় মন্ত্রী বললেন পরিবার ভিত্তিক প্রকল্প ১৯৭৯-৮০ সালের আর্থিক বছরে শুরু হয়েছে এবং ব্যাপকভাবে শুরু হয়েছে ১৯৮০-৮১ সালে। ১৯৯৫-৯৬ সালের আর্থিক বছরে ১০,০৯,৯০৭টি তফসিলি জাতি পরিবার এবং উপজাতি পরিবার ৩,১৩,১৯০টি, আমি জানতে চাইছি যে, এই রাজ্যের দারিদ্রসীমার নিচে বসবাসকারি এই

উভয় সম্প্রদায়ের মানুষের যে সংখ্যা তাতে শতকরা কত অংশের মানুষ উপকৃত হয়েছেন তার তথ্য বা পরিসংখ্যান জানা থাকলে জানাবেন।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** আমি সেদিন বাজেট বক্তৃতায় বলেছি যে, তফসিলি জাতি, দারিদ্র সীমার মধ্যে যে পরিবার তার অর্দ্ধেক আমরা কভার করেছি, তফসিলি উপজাতি, যারা দারিদ্র সীমার মধ্যে পড়ে তাদের অর্দ্ধেককেও আমরা কভার করেছি।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** ১৯৯৬-৯৭ সালের আর্থিক বছরে লক্ষ্য মাত্রা ছিল কি না এবং যদি থেকে থাকে তাহলে সেই লক্ষ্যমাত্রা পূরণের ক্ষেত্রে কোনও অসুবিধা আছে কি না বা থাকলে জানাবেন কি?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** ১৯৯৬-৯৭ সালের যে লক্ষ্যমাত্রা তাতে তফসিলি জাতির পরিবারের ক্ষেত্রে ৯০ হাজার আর ২৬ হাজার তফসিলি উপজাতি পরিবারের ক্ষেত্রে। তবে এখনো বছরের শেষের হিসাব নিকাশ হয়নি, এখনি কতটা বলতে পারব না।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** আমি যেটা জিজ্ঞাসা করেছি সেটা পরিষ্কার হয়নি, আরো ভালোভাবে বলছি। ১৯৯০ সালের অক্টোবর মাসের আগে ৯৫ কোটি ৩ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল। উভয় সম্প্রদায়ের মানুষের একটা অংশ ঋণ হিসাবে ব্যাঙ্ক থেকে পায় এবং আরেকটি অংশ তফসিলি এবং উপজাতি উন্নয়ন তথা অর্থ নিগমের থেকে পেয়ে থাকে। তারমধ্যে এ আর ডি আর আইন অনুসারে ব্যাঙ্কের ঋণ পরিশোধ করা হয়েছে। এককালীন করে টাকা পরিশোধ করা হয়েছে। কিন্তু প্রান্তিক ঋণ অর্থ নিগম দিলেও সেই টাকা বারবার বলা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার দিচ্ছে না। সেই কারণে অনেক পরিবার, যারা দারিদ্র সীমার নিচে বাস করে তারা আবার নতুন করে ঋণ পাওয়ার ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হচ্ছে, এই সম্পর্কে আপনার কাছে কোনও রিপোর্ট থাকলে জানাবেন কি?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** না, সেই অবস্থার কোনও পরিবর্তন হয়নি, বাজেট স্পিচের মধ্যে তা উল্লেখও করেছি। আপনি ঠিকই বলেছেন যে, যে সমস্ত ঋণ মঞ্জুর হয়েছে তাতে ব্যাঙ্কের ঋণ মুক্ত হয়েছে কিন্তু কর্পোরেশন থেকে যে ঋণ দেওয়া হয়েছিল সেটা মুক্ত হয় নি। যার ফলে বড় সংখ্যক পরিবার কর্পোরেশনের থেকে ঋণ পাওয়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। ঋণ মুক্ত না হলে নতুন ঋণ পাওয়ার অযোগ্য বলে বিবেচিত হবে। এই নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে আমরা এবং অন্য রাজ্যগুলোও যোগাযোগ করেছি, কিন্তু কেন্দ্রীয় সরকার সেই ঋণ মকুব করতে পারেননি। কারণ কর্পোরেশন যে টাকা নিয়েছে সেই টাকা রিইমবার্স করতে হয়। কর্পোরেশনের টাকা কেন্দ্রীয় সরকার রিইমবার্স করতে পারেননি। তবে আমরা ওদের পুনরায় ঋণ দেবার ব্যাপারে চেষ্টা করছি যাতে করে ডিফলটার থাকা সত্ত্বেও তারা ব্যাঙ্ক ঋণ ইত্যাদি পায়। এই ২০ শতাংশ ঋণটা এখনও লোকের মাথায় রয়েছে, তবুও তাদের নূতন করে ঋণ দেওয়া যায় কি না সেই ব্যাপারে সক্রিয়ভাবে আমরা চিন্তা-ভাবনা করছি।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল :** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি সাপ্লিমেন্টারি করতে চাই। শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবস ওয়েলফেয়ারের জন্য বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনার কথা বললেন, এটা কিছুটা সেল্ফ এমপ্লয়মেন্ট এর চিত্র। এখন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে যেটা করছে, ওয়ান ফ্লোর ইজ গিভেন, তাকে কোনও সরকারি বা অন্য জায়গা থেকে কলে ডাকা হবে না, এই সম্পর্কে আপনাদের সিদ্ধান্ত কি? অথচ সেল্ফ এমপ্লয়মেন্টে যারা পুরো ঋণ পেল না, একটু আগে আপনি বললেন, প্রথমটা পেয়েছে, তাদের ব্যাপারে আপনারা কি ভাবছেন?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** সেল্ফ এমপ্লয়মেন্ট এর জন্য আমাদের কাছ থেকে তারা টাকা নেয়, ব্যাঙ্ক থেকে টাকা নেয়, টাকা নিয়ে তারা কর্ম পরিকল্পনা করে। আমাদের দিক থেকে যে টাকা পয়সা দেওয়া হয়, ব্যাঙ্ক থেকে টাকা দেওয়া হয়, এই ঋণ নেওয়ার পরে, তাদের অন্য কোনও জায়গায় ইন্টারভিউ হওয়া বা না হওয়া সেটা আমার দপ্তর করেনা। তারা ইটারভিউ পেতে বা চাকরি পেতে ডিসকোয়ালিফাইড কি না সেটা অন্য জায়গায় ঠিক হয়। আমার দপ্তর সেটা করে না।

**শ্রী নির্মল দাস :** আমার অতিরিক্ত প্রশ্ন, প্রকৃতপক্ষে আমরা দেখছি, বিশেষ করে আদিবাসী এলাকার ব্যাঙ্কগুলি খুবই নন ফাংশানিং, তারা যে সমস্ত প্রোগ্রামগুলি গ্রহণ করে আদিবাসী ছেলেরা, তাতে তারা অর্থলগ্নি করতে চায় না। যে সমস্ত প্রকল্পে আমাদের অর্থ নিগম বা উপজাতি উন্নয়ন নিগম তারা অর্থ দিতে চান, কর্ম পরিকল্পনা রূপায়ণ করতে চান তাতে প্রচণ্ড প্রতিবন্ধকতা, যার ফলে যে সমস্ত সরকারি অনুদান বা সাবসিডি যেটা ওনারা পান বা পাওয়ার কথা সেটা আনস্পেণ্ড থেকে যায়। এই অবস্থায় ব্যাঙ্কগুলি যাতে করে তফসিলি জাতি ও উপজাতি ছেলেদের যে উদ্যোগ সেটাকে রূপায়ণের ক্ষেত্রে আমাদের বামফ্রন্ট সরকার আসার পরে কতটা উন্নয়ন করেছে, এবং অর্থ লগ্নিকারী সংস্থার সঙ্গে সমন্বয় করার ব্যাপারে কোনও ব্যবস্থা নিচ্ছেন কি না সেটা যদি অবহিত করেন তাহলে ভাল হয়।

[12-00 – 12-10 p.m.]

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** প্রথম কথা হচ্ছে, এই আদিবাসী ছেলে মেয়েরা যে সমস্ত প্রকল্প করতে চান বা তাদের যেটা উপযোগী হয়, সেটা গ্রহণ করার ক্ষেত্রে আমাদের কোনও বাধা নেই। কিছু প্রকল্প দেওয়া আছে বইতে, বইয়ের প্রকল্প ছাড়াও তারা যদি কোনও প্রকল্প করতে চায়, সেটা স্থানীয় ভাবে বিবেচনা করে, জেলা কমিটি যদি বিবেচনা করে তাহলে সেই প্রকল্প করার ক্ষেত্রে আমরা বলেছি কোনও অসুবিধা কিছু নেই। কিন্তু আদিবাসীদের ক্ষেত্রে তাদের যে প্রকল্প, বাছাই করা প্রকল্প সুটেবল না হওয়াতে যে সাবসিডির টাকা ব্যয়িত হয়নি, এটা চিত্রিত নয়। যে সমস্ত প্রকল্প চালু আছে, সেই প্রকল্পতে আদিবাসীরা তারা নিয়েছে এবং সাবসিডির টাকাও খরচ হয়ে গেছে। প্রশ্ন যেটা করলেন এর উপযুক্ত প্রকল্প বা নিজেদের যদি

কিছু উদ্ভাবন করার থাকে বা আমাদের জেলা কমিটি তাদের সাহায্য করে সে রকম কোনও প্রকল্প করতে চাইছে, আমাদের কর্পোরেশন বা ডিপার্টমেন্ট এর দিক থেকে আপত্তির কিছু নেই।

## Starred Questions
## (To which Written Answers were laid on the Table)

### মাথাপিছু বার্ষিক আয়

*৪৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৭) **শ্রী দেবপ্রসাদ সরকার :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মাথাপিছু বার্ষিক আয় মাথাপিছু জাতীয় গড় আয় থেকে কম; এবং

(খ) সত্যি হলে, সর্বশেষ রিপোর্ট অনুযায়ী (১) পশ্চিমবঙ্গে মাথাপিছু বার্ষিক আয়; এবং (২) সর্বভারতীয় ক্ষেত্রে মাথাপিছু জাতীয় গড় আয় কত?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) অধুনা প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ১৯৮০-৮১ মূল্যসূচক অনুযায়ী রাজ্যে মাথাপিছু বার্ষিক আয় ১৯৯৫-৯৬ সালে মাথাপিছু সর্বভারতীয় আয় অপেক্ষা তুলনামূলক ভাবে বেশি।

(খ) ১৯৯৫-৯৬ সালের হিসাব অনুযায়ী (১) ১৯৮০-৮১ মূল্য সূচক অনুযায়ী পশ্চিমবঙ্গে মাথাপিছু বার্ষিক আয় টাঃ ২৬৬৫.২০।

(২) সর্বভারতীয় ক্ষেত্রে মাথাপিছু জাতীয় গড় আয় ১৯৮০-৮১ মূল্যসূচক অনুযায়ী টাঃ ২৫৭৩.০০।

### নতুন সাব-রেজিস্ট্রি অফিস খোলার পরিকল্পনা

*৪৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪) **শ্রী ইউনুস সরকার :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে নতুন করে সাব-রেজিষ্ট্রী অফিস খোলা হবে;

(খ) সত্যি হলে, তার সংখ্যা কত; এবং

(গ) তন্মধ্যে, মুর্শিদাবাদ জেলায় কয়টি এবং কোথায় কোথায়?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**বগুলা শ্রীকৃষ্ণ কলেজে বিজ্ঞান বিভাগ ও কমপিউটার ক্লাসের জন্য অর্থ বরাদ্দ**

***৪৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩৩) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বগুলা শ্রীকৃষ্ণ কলেজে বিজ্ঞান বিভাগ ও কমপিউটার ক্লাস চালাতে সরকার এ পর্যন্ত কোনও অর্থ বরাদ্দ করেছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে উক্ত খাতে কত অর্থ বরাদ্দ করা হয়েছে?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এবং (খ) একত্রে বগুলা শ্রীকৃষ্ণ কলেজের দ্বিতল বিজ্ঞান ভবনে অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণের জন্য ৪,৭৬,০০০.০০ টাকা অনুমোদিত হয়েছে এবং তন্মধ্যে ১,৬৫,০০০.০০ টাকা মঞ্জুর করা হয়েছে। কমপিউটার ক্লাস চালাবার জন্য কোনও অর্থ বরাদ্দ করা হয়নি।

**ডানকুনি খাল সংস্কার**

***৪৬৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯৪) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বালীখাল বন্দেরবিল ডানকুনি খালটির জল রঘুনাথপুর ও ডানকুনি গ্রাম পঞ্চায়েত-এলাকার পরিবেশ দূষিত করছে;

(খ) সত্যি হলে, দূষণমুক্ত করে খালটিকে ব্যবহারের উপযোগী করতে কি পদক্ষেপ নেওয়া হয়েছে; এবং

(গ) এই খালটির জল দূষিত ও ব্যবহারের অনুপযোগী হওয়ার জন্য দায়ী সংস্থার বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) রাজ্য পরিবেশ দপ্তরের পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ এ ব্যাপারে কিছু উদ্যোগ নিয়েছেন।

(গ) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, দূষণ নিয়ন্ত্রণ আইন অনুযায়ী আইনানুগ ব্যবস্থা নিয়েছেন এবং নিচ্ছেন।

**বজবজ-এলাকায় মাদ্রাসা উন্নীতকরণ**

*৪৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৫) **শ্রী অশোক দেব** : মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বজবজ থানা-এলাকায় জুনিয়র মাদ্রাসাকে হাই মাদ্রাসা এবং হাই মাদ্রাসা স্কুলকে হায়ার সেকেণ্ডারি মাদ্রাসায় উন্নীত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** :

(ক) আপাতত নাই।

**বিশেষ কর্মনিযুক্তি প্রকল্প**

*৪৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৪) **শ্রী তপন হোড়** : উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) স্ব-নিযুক্তি প্রকল্পের ধাঁচে একটি বিশেষ কর্মনিযুক্তি প্রকল্প চালু করতে কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, প্রকল্পটির রূপরেখা কিরূপ?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** :

(ক) হ্যাঁ, সরকার এরূপ একটি প্রকল্প রূপায়ণ করছেন।

(খ) গত রাজ্য বাজেটে সরকার 'রাজ্যের শহর ও আধাশহর এলাকার জন্য বিশেষ কর্মসংস্থান প্রকল্প' ঘোষণা করেছিলেন। এই প্রকল্প সম্প্রতি চালু হয়েছে। পশ্চিমবঙ্গ অর্থ নিগম, রাজ্য সমবায় ব্যাঙ্ক ও অন্যান্য সমবায় ব্যাঙ্ক এবং রাজ্যের বিভিন্ন বাণিজ্যিক ব্যাঙ্কের সহযোগিতায় এই প্রকল্প রূপায়িত হচ্ছে।

এই প্রকল্পে কলকাতা পুর এলাকা সহ রাজ্যের সব শহর ও আধা-শহর এলাকায় বসবাসকারী যোগ্য উদ্যোগীগণ ক্ষুদ্র ও কুটীর শিল্প, ও কৃষির সহায়ক উৎপাদনমুখী শিল্প স্থাপন করতে পারবেন। মোট ব্যয় দশ লক্ষ টাকা পর্যন্ত হতে পারে। প্রকল্প

মূল্যের ১৫ শতাংশ উদ্যোগীকেই বহন করতে হবে। রাজ্য সরকার প্রকল্প মূল্যের ১০ শতাংশ প্রান্তিক অর্থ (মার্জিন মানি) হিসাবে অনুদানস্বরূপ মঞ্জুর করবেন এবং বাকি ৭৫ শতাংশ ব্যাঙ্ক বা আর্থিক সংস্থা থেকে ঋণ হিসাবে পাওয়া যাবে। উদ্যোগীর পারিবারিক আয় মাসে সাধারণ ভাবে পাঁচ হাজার বা বছরে ষাট হাজার টাকার বেশি হবে না।

প্রধান প্রধান সংবাদপত্রে বিজ্ঞাপনের মাধ্যমে গত ১.১২.৯৬ থেকে ৩১.১২.৯৬ পর্যন্ত এই প্রকল্পের জন্য আবেদন পত্র গ্রহণ করা হয়েছে।

**সাব-রেজিস্ট্রার অফিসের সংখ্যা**

*৪৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৯) **শ্রী আব্দুস সালাম মুন্সী :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর ১৯৯৬ পর্যন্ত রাজ্যে মোট সাব-রেজিস্ট্রার অফিসের সংখ্যা কত;

(খ) প্রতি ব্লকে উক্ত অফিস স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(গ) থাকলে, আগামী আর্থিক বছরে কতগুলি হবে বলে আশা করা যায়; এবং

(ঘ) কালীগঞ্জ এলাকার দেবগ্রামে উক্ত অফিস স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৩১শে ডিসেম্বর পর্যন্ত রাজ্যে মোট সাব রেজিস্ট্রার অফিসের সংখ্যা ১০৬ টি।

(খ) এ ধরনের কোনও পরিকল্পনা সরকারের আপাতত নেই।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) বর্তমানে এ ধরনের কোনও পরিকল্পনা সরকারের নেই।

**দৌলতাবাদ উচ্চ বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীতকরণ**

*৪৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৩) **শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) :** স্কুল-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার দৌলতাবাদ উচ্চ বিদ্যালয়টিকে উচ্চ মাধ্যমিক বিদ্যালয় হিসাবে অনুমোদন দেওয়ার জন্য সরকার প্রস্তাব গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ অনুমোদন দেওয়া হবে বলে আশা করা যায়?

**স্কুল-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্য নয়।

(খ) প্রশ্নই ওঠে না।

**বিভিন্ন সংস্থার কাছে সরকারের ঋণ**

***৪৭৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৫) **শ্রী তাপস ব্যানার্জি ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬ সালের মার্চ পর্যন্ত রাজ্য সরকার কেন্দ্র এবং অন্যান্য সরকারি ও বেসরকারি সংস্থার কাছে কত পরিমাণ ঋণে দায়বদ্ধ ছিলেন; এবং

(খ) উক্ত ঋণের জন্য রাজ্য সরকারকে কত পরিমাণ টাকা সুদ ও আসলসহ ১৯৯৬ সালের ডিসেম্বর পর্যন্ত শোধ দিতে হয়েছে?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৫-৯৬ এর সংশোধিত বরাদ্দের হিসাবে ৩১শে মার্চ ১৯৯৬ পর্যন্ত রাজ্য সরকারের বিভিন্ন সূত্র থেকে মোট ঋণের দায়বদ্ধতার পরিমাণ ১৪,৫০৯.৬৪ কোটি টাকা।

(খ) উক্ত ঋণের জন্য ১৯৯৬ সালের ডিসেম্বর পর্যন্ত বর্তমান আর্থিক বছরে রাজ্য সরকারকে মোট ১,৪১০.৯২ কোটি টাকা শোধ দিতে হয়েছে।

**দেশী ও বিদেশী মদের দোকানের সংখ্যা**

***৪৭৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৫) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ১৯৯৬ সালের ডিসেম্বর পর্যন্ত মোট কতগুলি অনুমোদিত দেশী ও বিদেশী মদের দোকান রয়েছে; এবং

(খ) ১৯৯৬ সালের এপ্রিল থেকে ডিসেম্বর পর্যন্ত আবগারি দপ্তরে মোট কত রাজস্ব সংগৃহীত হয়েছে?

**আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৬ সালের ডিসেম্বর পর্যন্ত রাজ্যে অনুমোদিত মোট ৮৬৯টি দেশি মদের দোকান রয়েছে; এবং ঐ সময় পর্যন্ত বিদেশি মদের 'অফ' এবং 'অন' দোকান, হোটেল, রেস্টুরেন্ট, সিনেমা হলের সঙ্গে লাগোয়া বার, শুধু মাত্র বিয়ার বিক্রয়ের দোকান,

৫০ ডিগ্রি রাম ও বিয়ার বিক্রয়ের দোকান ইত্যাদি সমস্ত মিলে মোট ৭২৫টি জায়গায় বিদেশী মদ বিক্রয়ের অনুমোদিত দোকান রয়েছে।

(খ) ১৯৯৬ সালের এপ্রিল থেকে ডিসেম্বর পর্যন্ত আবগারি দপ্তরে আনুমানিক মোট ২৩৩,৬৬,৮৬,৭২৩.০০ টাকা রাজস্ব সংগৃহীত হয়েছে।

**Financial Aid to the writers belongs to S.C./S.T.**

***476.** (Admitted Question No. *1429) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-Charge of the Scheduled Castes and Tribal Welfare Department be pleased to state—

(a) whether Government has extended any financial aid/grant to the writers etc. belongs to S.C/S.T. during 1996; and

(b) if so,

(i) total numer of writers; and

(ii) amount of financial aid/grant?

**Minister-in-Charge of the Scheduled Castes and Tribal Welfare Department :**

(a) Yes.

This Deptt. conducts a scheme—"Gunijan Sambardhana" every year to felicitate persons belonging to ST communities only excelling in different fields such as literature. Music, drama, dance, expedition etc. A lump financial assistance of Rs. 5000/- is awarded to each candidate every year, Besides, Dhoti, a Shawl and a coppier plaque in recongnition of one's contribution in One's concerned field are also awarded to each of them.

No such programme for SC's is being conducted by this Deptt. The Ceremony for the year 1996 will be held on 21.3.1997 at Md. Bazar, Birbhum.

Five ST candidates in five different aspects, including two writers, have already been selected for 1996.

A total amount of Rs. 25,000/- (Twenty five thousand) will be awarded this year i.e. 1996.

**তফসিলি জাতি ও উপজাতিদের জন্য কেন্দ্রীয় হোস্টেল**

*৪৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৬) **শ্রী সুশীল বিশ্বাস :** তফসিলি জাতি ও আদিবাসী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার তফসিলি জাতি ও উপজাতিদের জন্য বিভিন্ন জেলায় কেন্দ্রীয় হোস্টেল তৈরি করছে;

(খ) সত্যি হলে, নদীয়া জেলায় কটি কেন্দ্রীয় হোস্টেল অনুমোদিত হয়েছে; এবং

(গ) মাজদিয়া তার মধ্যে আছে কি না, এবং থাকলে তার জন্য বরাদ্দ টাকার পরিমাণ কত?

**তফসিলি জাতি ও আদিবাসী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, রাজ্য সরকার তফসিলি জাতি ও উপজাতিদের জন্য বিভিন্ন জেলায় কেন্দ্রীয় হোস্টেল তৈরি করছে,

(খ) নদীয়া জেলায় দুটি হোস্টেল অনুমোদিত হয়েছে।

(গ) হ্যাঁ, মাজদিয়া তার মধ্যে আছে এবং তার জন্য ৩৯,১৩,৪১৪ টাকা। (উনচল্লিশ লক্ষ, তেরো হাজার চারশো চোদ্দ টাকা) বরাদ্দ করা হচ্ছে।

**গঙ্গা ও পদ্মার ভাঙ্গন রোধে বন্যার মোকাবিলা**

*৪৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৪২) **শ্রী আবু সুফিয়ান সরকার :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গঙ্গা ও পদ্মার ভাঙ্গন প্রতিরোধ এবং বন্যা সমস্যা মোকাবিলায় কেন্দ্রীয় সরকারের বিশেষজ্ঞ দল সম্প্রতি ফরাক্কা থেকে জলঙ্গী পর্যন্ত পরিদর্শন করেছেন; এবং

(খ) সত্যি হলে, বিষয়টি কোন পর্যায়ে আছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ। যোজনা পর্ষদ কর্তৃক গঠিত বিশেষজ্ঞ কমিটির চেয়ারম্যান এবং অন্য সদস্যরা দু'তিনটি দলে বিভক্ত হয়ে ১৯৯৬ সালের অক্টোবর মাসে ভূতলে (স্থলপথে ও জলপথে) এবং আকাশপথে (হেলিকপ্টার থেকে) মালদা জেলার মথুরাপুর থেকে মুর্শিদাবাদ জেলার জলঙ্গী পর্যন্ত গঙ্গা। পদ্মা নদীর সম্পূর্ণ অংশটি পরিদর্শন করেন।

(খ) বিশেষজ্ঞ কমিটির রিপোর্টটি যোজনা পর্ষদ সম্প্রতি কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রকে পাঠিয়েছেন। বিষয়টি বর্তমানে জলসম্পদ মন্ত্রকের বিবেচনাধীন আছে।

**তফসিলি জাতি ও উপজাতিদের ছাত্রদের হোস্টেল গ্রান্ট**

*৪৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০১) **শ্রী সুভাষচন্দ্র সরেন :** তফসিলি জাতি ও উপজাতি-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তফসিলি জাতি ও উপজাতি ছেলে-মেয়েদের জন্য হোস্টেল গ্রান্ট কত মাস অন্তর দেওয়া হয়;

(খ) এই খাতে সরকারের বছরে ব্যয়ের পরিমাণ কত; এবং

(গ) এই গ্রান্ট নিয়মিত দেওয়ার ক্ষেত্রে সরকার কোনও নির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করেছে কি?

**তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) তফসিলি জাতি ও উপজাতি ছেলেমেয়েদের জন্য হোস্টেল গ্র্যান্ট দেওয়া হয় নিম্নরূপে :—

(১) আশ্রম হোস্টেলের ছাত্রছাত্রীদের জন্য বৎসরে চারবার দেওয়া হয়।

(২) স্কুল সংলগ্ন হোস্টেলের ছাত্রছাত্রীদের জন্য বৎসরে দুইবার করে দেওয়া হয়।

(৩) মাধ্যমিকোত্তর ছাত্রছাত্রীদের ক্ষেত্রে বৎসরে একবার দেওয়া হয়।

(খ) এই খাতে সরকারের বাৎসরিক ব্যয়ের পরিমাণ হইল।

(১) আশ্রম হোস্টেলের ছাত্র-ছাত্রীদের জন্য বাৎসরিক ব্যয়ের পরিমাণ ২.৪৬.কোটি টাকা।

(২) স্কুল সংলগ্ন ছাত্রাবাসের ছাত্র ছাত্রীদের জন্য বাৎসরিক ব্যয়ের পরিমাণ প্রায় ১৮ কোটি টাকা।

(৩) মাধ্যমিকোত্তর ছাত্রাবাসের ছাত্র ছাত্রীদের জন্য বাৎসরিক ব্যয়ের পরিমাণ ১.৭৫ কোটি টাকা।

(গ) অনুদান ব্যবহারের শংসাপত্র বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ব্যাঙ্কগুলির কাছ থেকে সময় মতো জানিয়ে অনুদান নিয়মিত ভাবে প্রদানের ব্যবস্থা করা হচ্ছে।

**মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের ট্রান্সফার**

*৪৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫৩) **শ্রী শ্যামাপ্রসাদ পাল :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মাধ্যমিক শিক্ষকদের ডেভেলপমেন্ট ব্লক-এর মধ্যেই ট্রান্সফারের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

না।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received four notices of Adjournment Motion.

The first one is from Shri Shyamadas Banerjee on the suject of non-payment of salaries to the teaching and non-teaching staff of BHRI Primary School in Hirapur Assembly Constituency area. The Second one is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of spurt in dacoities in the south 24-Parganas District during the last one year. The third one is from Shri Sougata Roy on the subject of truck owners strikes in the state and the last one is from Shri Pankaj Banerjee on the subject of supply of cereals to Ration Shops in the State.

The subject matter of the second Motion was raised in the House on several occassions as also during the discussion and voting on demand for grants of the Home police Department on 08.04.97. I, therefore, do not accept this notice.

On the subject matter of the third Motion, I withheld my consent on an adjournment Motion on 04.04.97. The notice is thus out of order and I do not accept it.

The subject matters of the first and the last Motions are not such that may call for adjournment of the business of the house. Members may draw the attention of the Government through Calling attention, Mention etc.

I, therefore, withhold my consent to both the Motions.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

**Shri Pankaj Banerjee :** This Assembly do now adjourned the business to discuss a definite matter of urgent public importance and of recent occurrences, namely, the rationing system has failed, the fair price shops are going without cereals, the price of rice and wheat in the open market is going high. Immediate proper and adequate supply to the ration shops should be initiated by the Government.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received three notices of Calling Attention on the following subject. namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| i) | Reported death of five persons from the firing by B.S.F. on 16.3.97 at Village Kumore-gram under Jalangi P.S. in Murshidabad. | : | Shri Unus Sarkar and Shri Mozammel Haque |
| ii) | Scarcity of Fish in the State | : | Shri Sailaja Kumar Das |
| (iii) | Insufficiency of teachers in the Primary Schools at Santipur, Nadia. | : | Shri Ajoy De |

I have selected the notice of Shri Sailaja Kumar Das on the subject of Scarcity of fish in the State.

The Minister-in-Charge may please make a statement to-day. If possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made today before Budget discussion.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-Charge of the Commerce & Industries Department to make a statement on the subject of stalemate condition of Ahmedpur Sugar Mill in the district of Birbhum.

**(Attention called by Shri Suniti Chattaraj on the 4th April, 1997)**

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ**

**(আমেদপুর সুগার মিলের বর্তমান অবস্থা সম্পর্কে বিধায়ক শ্রী সুনীতি চট্টরাজ কর্তৃক উত্থাপিত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের পরিপ্রেক্ষিতে শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বিদ্যুৎ গাঙ্গুলির বিধানসভায় প্রদত্ত বিবৃতি ঃ ৯ই এপ্রিল ১৯৯৭।)**

১) ন্যাশনাল সুগার মিল নামক একটি বেসরকারি প্রতিষ্ঠান প্রায় নয় বৎসর বন্ধ থাকার পর রাজ্য সরকার অধিগ্রহণ করে। অধিগ্রহণের পর এই সংস্থার নামকরণ হয়—আহমেদপুর সুগার মিল।

২) দীর্ঘদিন বন্ধ থাকায় মিলটির যন্ত্রপাতির অবস্থার অবনতি ঘটে। ফলে প্রতি বৎসর রাজ্য সরকারের আর্থিক সাহায্যে সংস্কার করা সত্ত্বেও এই মিলটির কর্মক্ষমতা কখনও প্রতিদিন ৬০০ টন পর্যন্ত উন্নীত করা সম্ভব হয়নি। এ ছাড়া ভৌগলিক অবস্থান ও ভূমি—প্রকৃতি অনুসারে বীরভূমে আশানুরূপ আখ উৎপাদন না হওয়ায় মিলের জন্য প্রয়োজনীয় আখও পাওয়া যায় না। প্রতিকূল পরিস্থিতির মধ্যেও মিলটির উৎপাদন চালু রাখা গেছে। বিগত তিন বছরের আখ পেষণ ও চিনি উৎপাদনের চিত্র নিচে দেওয়া হল।

| বৎসর | আখ পেষণের পরিমাণ (টন) বাৎসরিক | চিনি উৎপাদন (টন) বাৎসরিক | মোলাসেস উৎপাদন (টন) বাৎসরিক |
|---|---|---|---|
| ১৯৯৩-৯৪ | ৬,৮৬৪ | ৫৯৯.৬ | ৩৬৭.৮ |
| ১৯৯৪-৯৫ | ৩১,৭৫৫ | ২৩২৯.০ | ১৮৯১.৩ |
| ১৯৯৫-৯৬ | ৪০,০৮৭ | ২২৬৩.০ | ২৯৯৭.৫ |

বর্তমান বছরে (১৯৯৬-৯৭) ৩৬৬২ টন আখ পেষণ সম্ভব হয়েছে।

৩) উৎপাদন ব্যবস্থা চালু থাকলেও বাস্তব পরিস্থিতি এই যে, মিলটিতে ক্রমাগত লোকসান হয়ে চলেছে। ঐ লোকসানের কয়েকটি কারণ নিম্নরূপ ঃ-

ক) মিল সংলগ্ন এলাকায় প্রয়োজনের তুলনায় আখের অভাব,

খ) দূরবর্তী এলাকা থেকে আখ আনার অতিরিক্ত খরচ,

গ) বহুদিনের পুরানো ও জীর্ণ যন্ত্রপাতির জন্য প্রায়শঃই উৎপাদন বন্ধ হওয়ার ফলে উৎপাদনের পরিমাণ অপেক্ষাকৃত কম হওয়া,

ঘ) মিলের বর্তমান আখ পেষণ ক্ষমতা অনেক কম, (বর্তমানে কোনও চিনি কলে কমপক্ষে প্রতিদিন ২৫০০ টন আখ পেষণের ক্ষমতা থাকা বাঞ্ছনীয়। অথচ আমেদপুর সুগার মিলের আখ পেষণ ক্ষমতা প্রতিদিন ৬০০ টন মাত্র)।

ঙ) কর্মীদের বেতন, প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং কাঁচামালের ক্রমাগত উর্ধ্বগতি,

চ) ব্যাঙ্কের নিকট থেকে প্রাপ্ত ঋণের উপর প্রদেয় সুদের উত্তরোত্তর বৃদ্ধি,

ছ) শুধুমাত্র চিনি উৎপাদনের উপর নির্ভরশীলতা, ইত্যাদি।

৪) লোকসান হওয়া সত্ত্বেও, পশ্চিমবঙ্গ সরকার সীমিত আর্থিক সঙ্গতি থেকে শিল্পে পিছিয়ে পড়া একটি জেলায় আমেদপুর সুগার মিলটিকে চালু রাখার জন্য যথাসাধ্য আর্থিক সাহায্য করে আসছেন এবং এটিকে চালু রাখতে সক্ষম হয়েছেন। ফলে প্রায় সাতশত কর্মী ও তাদের পরিবার এবং অসংখ্য আখ উৎপাদনকারী কৃষকের উপার্জন সুরক্ষিত রয়েছে। বিগত তিন বছর রাজ্য সরকার যে আর্থিক সাহায্য করেছেন তার পরিমাণ নিম্নরূপ ঃ—

| বৎসর | অর্থের পরিমাণ (লক্ষ টাকা) |
|---|---|
| ১৯৯৩-৯৪ | ২৮৮.৫২ |
| ১৯৯৪-৯৫ | ৩১০.০০ |
| ১৯৯৫-৯৬ | ২৩৫.০০ |

বর্তমান বছরে (১৯৯৬-৯৭) রাজ্য সরকার কর্তৃক আর্থিক সাহায্যের পরিমাণ ২৭৫.০০ লক্ষ টাকা।

নানা প্রকার বিরূপ অবস্থাতে ও আমেদপুর সুগার মিলে উৎপাদন চালু রাখা হয়েছে, এবং শিল্পে অনগ্রসর একটি জেলায় এই সংস্থা চালু রাখার জন্য বিপুল পরিমাণ অর্থ রাজ্য সরকারকে প্রতি বছর বরাদ্দ করতে হচ্ছে। বিপুল পরিমাণ অর্থ বিনিয়োগ, নতুন প্রযুক্তি, উৎপাদিত সামগ্রীর বৈচিত্রকরণ ব্যাতিরেকে এই সংস্থার অগ্রগতি সম্ভব নয়। এ সম্পর্কে বিশেষজ্ঞের মতামত নেওয়া হবে।

**Mr. Speaker :** I allow Mr. Suniti Chattaraj to ask only one question to the Minister.

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে একটা কথা মাননীয় শিল্প মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই। আপনি বললেন যে মেন প্রবলেম যেটা, সেটা হচ্ছে আখ চাষের সুবিধা না থাকার জন্য এবং ওই সুগার কেনের প্রবলেম থাকার জন্য প্রডাকশন হ্যাম্পার করছে।

৬০৯ টনের বেশি উঠতে পারছে না। আমার স্পেসিফিক কোয়েশ্চেন হচ্ছে ১৯৭৩-৭৪ সালে কংগ্রেসের সময়ে ওই আহমেদপুর সুগার মিল সংলগ্ন অজয় বেল্টে সুগার মিলের জমি কিনে সেখানে আখ চাষের একটা ব্লু প্রিন্ট তৈরি করা হয়েছিল। সেটাকে কার্যকর করার কোনও পরিকল্পনা বামফ্রন্ট সরকারের আছে কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** বীরভূম থেকে আখ নেওয়া হয়। মুর্শিদাবাদ থেকেও আখ নেওয়া হয়। দূর থেকে আখ নিয়ে যে সময়ের মধ্যে করতে হয়, সেই সময় পেরিয়ে গেলে, কনটেন্ট কম থাকে।

**শ্রী সুনীতি চট্টরাজ :** আপনি বুঝতে পারলেন না। সুগার মিলের নিজের জমি কিনে সেই জমিতে আখ চাষ করার পরিকল্পনা কংগ্রেস সরকার নিয়েছিলেন। সেটাকে এখন বাস্তবায়িত করার পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** আখ চাষের এলাকা বাড়ানোর জন্য বিশেষ প্রচেষ্টা করা হচ্ছে। কিন্তু সেটাও চেষ্টা হচ্ছে। তাছাড়া আখ বেশি বাড়ালেই হবে না। ৬০০ টন প্রতিদিন উৎপাদন করতে পারে। এটা আড়াই হাজার টন প্রতিদিন না করলে ভারতে যেসব প্রসিদ্ধ গবেষণা প্রতিষ্ঠান আছে, তারা জানিয়েছে এখানে কমপক্ষে আড়াই হাজার টন প্রতিদিন চিনি উৎপাদন না করতে পারলে, মেলাসেস না করতে পারলে এখানে কোনও চিনিকলগুলি লাভজনক হতে পারে না।

## MENTION CASES

[12-10 – 12-20 p.m.]

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এটা খুবই উদ্বেগের বিষয় যে বিগত ৬ বছর আগে মেমারি, মন্তেশ্বরে বাঘা নদীর উপর ভেঙ্গে পড়া সেতুটির কাজ শুরু করা যায়নি মন্তেশ্বরের হাজার হাজার মানুষ এই সেতুটির মাধ্যমে বাইরে যাতায়াত করতেন কিন্তু এই সেতুটি তৈরি করার জন্য জেলা স্তর থেকে রাজ্যস্তরের আধিকারিকদের সঙ্গে বারে বারে যোগাযোগ করা হয়েছে। বিধানসভায় একাধিকবার এ ব্যাপারে উল্লেখ করা সত্ত্বেও এই সেতুটির কাজ এখনও পর্যন্ত শুরু হয়নি। এখানে এখন অস্থায়ী ভাবে যে সেতুটিব মাধ্যমে মানুষ যাতায়াত করছে সেটা যে কোনও মূহুর্তে ভেঙ্গে পড়তে পারে। এর ফলে ভয়াবহ দুর্ঘটনা ঘটবে। অবিলম্বে এই সেতুটির পুনর্নির্মাণের জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি।

**শ্রী মানিক উপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আল্লাডির সালামপুর পঞ্চায়েত ব্লকের প্রাক্তন গ্রাম প্রধান শ্রী সুনীল মন্ডল রামচন্দ্রপুর নিবাসী শ্রী নিতাই বাউরির নামে ২৮.৬.১৯৯৩ তারিখে জি.আর.ওয়াই.

খাতে ২৩ কুইন্ট্যাল ১৩ কেজি ২৫০ গ্রাম গম পুকুর কাটার নামে বরাদ্দ হয়। কিন্তু তদন্ত করে জানা গেছে যে উক্ত গম নিতাই বাউরির নামে ইস্যু হলেও নিতাই বাউরি সেটার প্রাপ্তি স্বীকার করেননি। ২৫.৬.১৯৯৩ তারিখে জি.পি.র ক্যাশবুকে দেখা গেল ১৫ হাজার ৬০০ টাকার বাঁশ, টালি ক্রয় করা হয়েছে। কিন্তু কাদের নামে এই বাঁশ, টালি দেওয়া হয়েছে সেটা মাস্টার রোলে লেখা নেই। এখানেও তছরূপ করা হয়েছে। প্রধান ভীমপালের অভিযোগ ক্রমে সালামপুর ব্লক অধিকারি ৯.১১.১৯৯৩ তারিখে তদন্তে পাঠান ই.ও.(পি) এবং পি.এ.এ. কে। তদন্তে আসার পর ঐদিন ক্যাশবুক এবং রেজলিউশন বুক দুটি সিজ করেন। কিন্তু আজ পর্যন্ত কিছু হয়নি। এ ব্যাপারে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে উপযুক্ত পানিশমেন্টের দাবি করছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। মানুষের মৃত্যুর পর মৃতদেহ সৎকার করা হয় কবর দিয়ে বা দাহ ইত্যাদি করে। কিন্তু মৃত্যুর পর যদি মৃতদেহ দান করার ব্যবস্থা থাকে তাহলে মৃতদেহ থেকে চোখ, লিভার, কিডনি, হার্ট ইত্যাদি নিয়ে যেসব মানুষের দরকার তাদের দেহে প্রতিস্থাপন করা যায়। ফলে তারা সুস্থ ভাবে বাঁচতে পারে। এই মরনোত্তর দেহদানের জন্য সারা পৃথিবীতে আন্দোলন গড়ে উঠেছে। প্রথম মৃতদেহ দান করেন ১৮৩২ সালে লন্ডনে জেরিম বেন্হাম। ভারতে প্রথম মরনোত্তর দেহদান করেন ১৯৫৬ সালে মহারাষ্ট্রের পুনেতে পান্ডুরঙ্গ শ্রীধর আপটে। কলকাতায় ১৯90 সালের ১৮ই জানুয়ারি প্রথম মরনোত্তর দেহদান করে সুকুমার হোমচৌধুরি। কিন্তু সব হাসপাতালে এই ধরনের মৃতদেহ গ্রহণ করার ব্যবস্থা নেই। কলকাতার মেডিক্যাল কলেজ এবং নীলরতন সরকার মেডিক্যাল কলেজে এই ধরনের মৃতদেহ গ্রহণ করার ব্যবস্থা আছে। আমাদের রাজ্যে মরনোত্তর দেহদান করার জন্য সামাজিক সচেতনতা বৃদ্ধির জন্য আন্দোলন শুরু হয়েছে। আমি দাবি করছি সমস্ত মেডিক্যাল কলেজগুলোতে এই ধরনের মৃতদেহ গ্রহণ করার ব্যবস্থা করা হোক।

নীলরতন এবং মেডিক্যাল কলেজে এই ব্যবস্থা আছে। অন্য মেডিক্যাল কলেজগুলোতে এটা চালু করার জন্য দৃষ্টি দেবেন। চিনের মহান নেতা দেঙ জিয়াও পিঙ চিকিৎসা বিজ্ঞানের উন্নতির জন্য তাঁর দেহ দান করে গেছেন। প্রয়াত অর্থনীতিবিদ ও মার্কসবাদী কমিউনিস্ট নেতা ডঃ সত্যব্রত সেনও এই ভাবে চিকিৎসা বিজ্ঞানের উন্নতির স্বার্থে দেহ দান করে গেছেন। এই বিষয়ে জনমানসে চেতনা জাগ্রত করার জন্য আবেদন করছি।

**শ্রী শেখ দৌলত আলি :** (অনুপস্থিত)

**শ্রী পরেশ পাল :** (অনুপস্থিত)

**শ্রী মহববুল হক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর মালদা থেকে মালদা সদরে আসতে হলে দেড়শ থেকে পৌনে

দুশো কিলোমিটার আসতে হয়। উত্তর মালদায় মহকুমা করার দাবি দীর্ঘদিনের। জেলা পরিকল্পনা পর্ষদ এবং জেলা পরিষদ উত্তর মালদায় চাঁচলে মহকুমা করার সুপারিশ করেন। মাননীয় মুখ্যমন্ত্রী সেই ফাইলে সইও করেন। ঠিক হয়ে গেল আগামী ২৩শে এপ্রিল মাননীয় রাজ্যপাল যাবেন সেটি উদ্বোধন করতে। ৮ই এপ্রিল আনন্দবাজার পত্রিকায় দেখলাম, চাঁচলে মহকুমা বন্ধ হয়ে যাচ্ছে। মুখ্যমন্ত্রী সই করলেন, রাজ্যপাল যাবেন ঠিক হল, এতে সাধারণ মানুষ অত্যন্ত খুশি হয়েছিল। কি কারণে, সি.পি.এম.-এর আপত্তিতে, জীবন মৈত্রের আপত্তিতে সেটা বন্ধ হয়ে গেল? যাতে অবিলম্বে চাঁচলে মহকুমা করা হয়, তার জন্য আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র :** স্যার, সিংহকে বলা হয় কেশরী। আর এক ধরনের বন্য প্রাণী অছে, যাদের মুখমন্ডল স্বল্প শুভ্র কেশরাচ্ছাদিত—যাদের স্বাভাবিক প্রবৃত্তি লম্ফ-ঝম্ফ করে বেড়ান। আর এক দল এই শ্রেণীর প্রাণী অছে, যারা তাদের রক্তিম মুখমন্ডল নিয়ে অবিশ্রান্ত অকারণ লম্ফ-ঝম্ফ করে বেড়ায় যার ফল মনুষ্যকুলের পক্ষে কখনওই সুখদায়ী নয়, ক্ষতির কারণই হয়ে থাকে। সম্প্রতি আমরা দেখলাম একজন কেশরী নন্দনের চপল আচরণের জন্য দেশময় লোকের অস্বস্তিকর পরিস্থিতির সম্মুখীন হতে।

সম্প্রতি গ্রামাঞ্চলে হাজার হাজার শাখা কেশরী বা মুখপোড়া বাঁদরের বাঁদরামিতে ক্ষেতের ফসল, শাক-সব্জী সব নষ্ট হতে চলেছে, তাদের লম্ফ-ঝম্ফের দৌরাত্মে ঘরের টালির, খড়ের চাল ভগ্নদশা প্রাপ্ত হচ্ছে। ব্যাপক ক্ষয়-ক্ষতির কারণ হচ্ছে সেইসব শাখা মৃগরা। তাদের হাত থেকে গ্রামঞ্চলের মানুষকে বাঁচাতে হবে। আমি আপনাকেই এই অনুরোধ করছি, মাননীয় মন্ত্রীকে নয়। কারণ, মন্ত্রীর অভিজ্ঞতা নেই, আপনার যথেষ্ট অভিজ্ঞতা আছে এই বিধানসভার কোনও কোনও সদস্যদের শাখা-মৃগ সুলভ আচরণের ক্ষেত্রে ন্যায়দন্ডে দন্ডিত করে বার করার, এবং আপনি তা করেছেনও তাই আপনাকে অনুরোধ করছি বিষয়টি দেখার জন্য।

**শ্রী সঞ্জীবকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শুনছি এই রাজ্যে প্রচুর বিদ্যুৎ উৎপাদন হচ্ছে, কিন্তু গ্রামাঞ্চলে বিদ্যুৎ নেই। রিসেন্টলি দক্ষিণবঙ্গে ১৭৮টি ট্রান্সফরমার নষ্ট হয়ে গেছে। মন্ত্রী মহাশয়ের কাছে বললে বলেন জেলা পরিষদ এই কাজ করবে। জেলা পরিষদ কি করছে, সেটা কে দেখছে? আজকে সমগ্র পশ্চিমবাংলায়, বিশেষ করে হাওড়া জেলাতে এমন একটি দিন নেই, যেদিন লোডশেডিং হয় না।

[12-20 – 12-30 p.m.]

বিদ্যুৎ উৎপাদন হচ্ছে কিন্তু বিদ্যুৎ ব্যবহার করা যাচ্ছে না। এটা একটা সিরিয়াস ব্যাপার। ছাত্র-ছাত্রীদের পরীক্ষা চলছে। আজকে আকাশে মেঘ দেখলে বিদ্যুৎ বন্ধ, ঝড় উঠলে বিদ্যুৎ বন্ধ হয়ে যাচ্ছে। আমরা জানি না, বিদ্যুৎ দপ্তর করেটা কি? মন্ত্রীর কাছে গিয়ে বললে

মন্ত্রী বলেন, জেলা পরিষদে দিয়ে দিয়েছি। কিন্তু জেলা পরিষদ কি করছেন তার কৈফিয়ত কে নেবে? তাই আপনার মাধ্যমে বিদ্যুতের ভয়াবহ সমস্যার জন্য ছাত্র-ছাত্রীদের পড়াশোনার অসুবিধা হচ্ছে, শিল্পে সমস্যা দেখা দিচ্ছে। তাই এ ব্যাপারে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে হস্তক্ষেপ করার জন্য নিবেদন করছি।

**শ্রী সুভাষচন্দ্র সরেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয়ের কাছে একটা গুরুত্বপূর্ণ রাস্তার ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে গোপীবল্লভপুর থেকে ধুমসাই রাস্তাটা দীর্ঘকাল ধরে মেরামতের অভাবে যান চলাচলের অযোগ্য হয়ে পড়ে রয়েছে। ঐ রাস্তার উপরে অবস্থিত গৌড়িয়া সেতুটা ভগ্নপ্রায় অবস্থা, যে কোনও মুহুর্তে বড় ধরনের দুর্ঘটনা হতে পারে। এই রাস্তাটা ঝাড়গ্রাম, মেদিনীপুরের সঙ্গে যোগাযোগ রক্ষাকারী একমাত্র রাস্তা এবং এই রাস্তা দিয়ে ১ লক্ষ লোক যাতায়াত করে।

**শ্রী দিলীপকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রী এবং মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ৪-ঠা এপ্রিল ইসলামপুর হাইস্কুলে প্রদীপ দাস নামে একজন নবম শ্রেণীর ছাত্র পরীক্ষা দিতে দিতে বাথরুমে গিয়েছিল প্রস্রাব করার জন্য। সে যখন বাথরুম থেকে ফিরে আসে তখন একজন শিক্ষক কান্তিরঞ্জন বিশ্বাস নয়, কান্তিরঞ্জন ঘোষ তাকে বলেন, বাথরুমে কেন গিয়েছিলে, হেড-মাস্টারের ঘরে চল। স্যার, আমি বিনয়ের সঙ্গে বলছি, তাকে হেড-মাস্টারের ঘরে নিয়ে গিয়ে মেরে উলঙ্গ করে দেওয়া হল। সে তখন হাতজোড় করে বলল, আমাকে যত খুশি মারুন কিন্তু এক্সপেল করবেন না। কিন্তু ইসলামপুর হাইস্কুলের ১৩।১৪ বছরের নবম শ্রেণীর ঐ ছাত্রটিকে সেই স্কুলের প্রধান শিক্ষক শ্রী সুকুমার সাহা এক্সপেল করে দিলেন। স্যার, সেই ছাত্রটি আর বাড়ি ফিরল না। সেই ছাত্রটির লাস যখন তার বাড়ির লোকেরা পেল তার হাতে সুইসাইডাল নোট-এ লেখা ছিল—'আমার মৃত্যুর জন্য হেড-মাস্টার মহাশয় দায়ী'। স্যার, এখনও পর্যন্ত সুকুমার সাহা এবং কান্তিরঞ্জন ঘোষকে গ্রেপ্তার করা হল না। আমি এদের গ্রেপ্তারের দাবি জানাচ্ছি।

**শ্রী শক্তিপদ খাঁড়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমবায় দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে সমবায়ে কমন ক্যাডার প্রকল্প ১৯৮১ সালে চালু হওয়ার কথা ঘোষণা হয় এবং ১৯৮৭ সালের আইনে এই প্রকল্প অন্তর্ভুক্ত হয়। কিন্তু আজও পর্যন্ত কমন ক্যাডার প্রকল্প কার্যকর হয়নি। অন্য কোথাও সমবায় ঋণদান সমিতির কর্মচারিদের জন্য গঠিত পে-কমিটির সুপরিশ অনুযায়ী ওই কর্মচারিদের জন্য মাসিক ১০০ টাকা এবং পরবর্তী সময়ে ৩৫০ টাকা অনুদান মঞ্জুরির সরকারি আদেশনামা আজও কার্যকর হল না এবং ৩১.৩.১৯৯৬ তারিখ পর্যন্ত এই কর্মচারিদের ১০০ টাকা হিসাবে ২০ মাসের এবং ৩৫০ টাকা হিসাবে ২৪ মাসের আজও যে বকেয়া পি.এফ. এবং গ্র্যাচুইটি সম্পর্কে ইতিবাচক পদক্ষেপ আজও নেওয়া হয়নি। সমবায়ের সঙ্গে যুক্ত শ্রমিক

কর্মচারি বন্ধুগণ আমাদেরই সমাজের একটা অংশ। এই কারণে পে-কমিটির সুপারিশ অবিলম্বে কার্যকর হয় তার জন্য সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**श्री रामजनम मांझी** : आदरणीय स्पीकर साहव, मै आपके माध्यम से परिवहन मंत्री का ध्यान आकर्षित कराना चाहता हूँ। आप जानते है हमारे निर्वाचन क्षेत्र मे प्रतिवंदियो को प्रशिक्षण देने की व्यवस्था है। सर सी० टी० सी० की वस चलती है लेकिन उस स्थान पर बस रुकने की व्यवस्था नही है। सर, प्रतिवंदियो को प्रशिक्षण देने का स्थल जगत काली तला है। सर, वहाँ काफी प्रतिवन्दी यात्री आते है। वहाँ ट्रिटमेन्ट होता है लेकिन वहाँ कोई बस स्टोपेज नही है। कालीतल्ला मे काफी मात्रा मे यात्री आते है, उनको वहाँ से वापस जाने की व्यवस्था किसी प्रकार की नही है। इसलिए मै परिवहन मंत्री से अनुरोध करता हूँ वहाँ पर सी० टी० सी० का स्टोपेज हो। एक बार फिर जगत कालीतल्ला मे जल्द-से-जल्द परिवहन मंत्री व्यवस्था करेगे स्टोपेज का यह आशा रखते हुए अपनी बात खत्म करता हूँ।

**শ্রী গুরুপদ দত্ত** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ এখানে করছি। আমাদের রাজ্যে হাজার হাজার বিড়ি শ্রমিক যারা ১০০০ বিড়ি বেঁধে মাত্র ১৫, ১৬ টাকা মজুরি পায়। আমার এলাকায় এই ধরনের কয়েকশো বিড়ি শ্রমিকরা মালিকের বিরুদ্ধে যেতে বাধ্য হচ্ছে। মিনিমাম ওয়েজ দপ্তরের অফিসাররা আছেন তারা ব্লকে যান এবং দেখাশোনা করে একটা ওয়েজ নির্ধারণ করা হোক। এর সাথে ছাপাখানায় কম্পোজিটার কর্মীদের বেতনক্রমও আমাদের রাজ্যে অনেক কম। অনুরূপ ভাবে এই কম্পোজিটারদেরও একটা ওয়েজ স্কেল নির্ধারণ করার ব্যবস্থা করা হোক।

**শ্রী কমল মুখার্জি** ঃ (হাউসে অনুপস্থিত)।

**শ্রী অশোক দেব** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অমার বিধানসভা কেন্দ্রে রাস্তার অবস্থা অত্যন্ত বেহাল। বর্ষা আসছে স্বাভাবিক ভাবেই জনগণ রাস্তা দিয়ে চলাফেরা করতে পারবে না। এলাকার ছেলে মেয়েদের শিক্ষা ক্ষেত্রে পড়াশোনা করতে যেতে অসুবিধা হয়। আমি বারবার মন্ত্রীকে বলেছি, জেলা পরিষদকে বলেছি, পঞ্চায়েতকে বলেছি, কিন্তু দেখা যাচ্ছে কোনও কাজই হয়নি। কাজেই এই রাস্তা যদি বর্ষার আগে না করা হয় তাহলে এলাকার জনগণের প্রচন্ড কষ্ট হবে। আমি আশা করব অন্তত পক্ষে বিভাগীয় মন্ত্রী দায়িত্ব নিয়ে এবং জেলা পরিষদের প্রধান যাঁরা আছেন তাঁরা এই কাজ করার জন্য এগিয়ে আসবেন। অনেক সময় দেখা যায় এই রাস্তা দিয়ে বর্ষাকালে রোগীদের নিয়ে হাসপাতালে যেতে অসুবিধা হয়। তাই এই ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ করছি।

[12-30 – 12-40 p.m.]

**Shri Rajesh Khaitan :** Mr. Speaker, Sir, through your good office I want to draw the attention of the Hon'ble Home Minister who is not present in the House to a very serious and grave matter. A number of dacoities and murders are taking place all over West Bengal and particularly in Calcutta. From where the funds coming ? A complaint was made on 4th December, 1996 to the Hon'ble Chief Minister by the Chamber of Textile, Trade and Industry, Calcutta saying that they have been duped and swindled to the tune of Rs 70 crores from Bengal and Rs. 170 crores throughout India by M/s S.R.&Co. It has been published in one Hindi newspaper that the funds are being used to finance the terrorist activities and no action has been taken so far by the government, no action has been taken by the police. I am submitting a memorandum to the Hon'ble Home Minister with a request that action is taken on this serious and grave matter which concerns the people of Calcutta.

**শ্রী শিবপ্রসাদ দলুই :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান থেকে আরামবাগ পর্যন্ত যে রাস্তাটি আছে, সেটির মেরামতির কাজ আগামী বর্ষার আগেই শুরু করতে হবে। ঐ রাস্তার ওপর ব্রিটিশ আমল থেকে যে কালভার্ট এবং ব্রিজগুলি আছে সেগুলি ভেঙ্গে পড়ছে। সম্প্রতি সগড়াই মোড়ে একটা চলন্ত লরি নিচে পড়ে গেছে। প্রায়ই এই রাস্তায় দুর্ঘটনা ঘটছে। তাই আমি আপনার মাধ্যমে এই রাস্তাটি-সহ সমস্ত দক্ষিণ দামোদর এলাকায় যতগুলি রাস্তা আছে সবগুলি মেরামত করার জন্য পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অঙ্গদ বাউড়ি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি জনস্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলা খরা-প্রবণ এলাকা। ইতিমধ্যেই ওখানে জলের সঙ্কট দেখা দিয়েছে। ওখানে ইতিপূর্বে জেলা পরিষদ থেকে কিছু টিউবওয়েল করার পরিকল্পনা নেওয়া হয়েছিল। কিন্তু বর্তমানে মাটির নিচে জল কমে যাওয়ায় সেই টিউবওয়েলগুলিতে জল পাওয়া যাচ্ছে না। তাই দামোদর এবং কংসাবতী নদী থেকে যাতে পাইপ লাইনের মাধ্যমে বাঁকুড়া জেলায় জল সরবরাহ করা হয় তার জন্য আমি জনস্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জয়ন্ত চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি যুব-কল্যাণ, পরিবেশ ও পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে, বিষ্ণুপুরের মল্ল রাজাদের পুরাকীর্তি দেখতে সারা বছর ধরে দেশ বিদেশের বহু পর্যটক বিষ্ণুপুরে যান। পুরাকীর্তির ওপর যাঁরা গবেষণা করেন—গবেষকরা এবং ছাত্র-ছাত্রীরাও যান। কিন্তু ওখানে থাকা খাওয়ার যে ব্যবস্থা থাকা দরকার সেই ব্যবস্থা

না থাকার ফলে পর্যটকদের নানা-রকম অসুবিধা ভোগ করতে হচ্ছে। এই যে সমস্ত অসুবিধার সৃষ্টি হচ্ছে তা দূর করার জন্য বিষ্ণুপুরের বুকে যাতে একটা ইউথ হস্টেল বা যুব-আবাস তৈরি হয় তার জন্য আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর নিকট অনুরোধ জানাচ্ছি।

**শ্রীমতী ইভা দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার জাঙ্গীপাড়া কেন্দ্রের একটা সমস্যার প্রতি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের জাঙ্গীপাড়া অঞ্চলে স্বাভাবিক লোডশেডিং ছাড়াও জাঙ্গীপাড়ায় মাঝে মাঝে বিদ্যুৎ বিপর্যয় দেখা দিচ্ছে। গত ২৯.৩.১৯৯৬ তারিখ থেকে ২ এপ্রিল পর্যন্ত সেখানে বিদ্যুৎ ছিল না। এর উপর আবার বিগত ৩ দিন ধরে এখনও পর্যন্ত সেখানে বিদ্যুৎ নেই। এই সময়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষা হচ্ছে। এর ফলে মানুষ জনের খুবই অসুবিধা হচ্ছে। ওখানে যে বিদ্যুতের অফিস আছে, সেই অফিসে গেলে সেখানে ভারপ্রাপ্ত যে সমস্ত কর্মীরা রয়েছেন তাদের কাছে বিদ্যুৎ নেই কেন জিজ্ঞাসা করলে তারা কোনও সদুত্তর দিতে পারছে না। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই সমস্যার স্থায়ী ভাবে সমাধান হয়। ধন্যবাদ।

**শ্রী কার্ত্তিকচন্দ্র বাগ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শিডিউল কাস্টস অ্যান্ড শিডিউল ট্রাইবসদের ৬ সপ্তাহের মধ্যে সার্টিফিকেট পাওয়ার ক্ষেত্রে অসুবিধা হয় না। যারা ও.বি.সি. যাদের ৫০ বছরের দলিল আছে তারা কিন্তু সার্টিফিকেট ৬ সপ্তাহের মধ্যে পাচ্ছে। কিন্তু ৫০ বছরের পুরানো দলিলে জাতি লেখা না থাকলে তাদের হয়রানি করছে। তাই আমার অনুরোধ, এস.সি. অ্যান্ড এস.টি.-দের ক্ষেত্রে যেভাবে সার্টিফিকেট দেওয়া হচ্ছে, ঠিক একই ভাবে ও.বি.সি.-দের ক্ষেত্রে সরলীকরণ করা হোক। ও.বি.সি. যারা গরিব মানুষ যাদের বাস্তু জমি এবং পাট্টা ছাড়া নিজস্ব জমি-জায়গা নেই তারা দলিলে এটা না দেখাতে পারার জন্য সার্টিফিকেট পাচ্ছে না। আর ও.বি.সি তালিকাভুক্ত যাদের আর্থিক অবস্থা ভাল, তাদের সার্টিফিকেট পাওয়ার ক্ষেত্রে অসুবিধা নেই। কিন্তু সত্যিকারের যারা ও.বি.সি. যাদের আর্থিক অবস্থা খুবই খারাপ, তাদের সার্টিফিকেট পাওয়ার ক্ষেত্রে অনেক হয়রানি হচ্ছে। তাই আমি অনুরোধ করছি, সার্টিফিকেট পাওয়ার ক্ষেত্রে সরলীকরণ করা হোক যাতে ও.বি.সি.-রা সহজে সার্টিফিকেট পায়।

**শ্রীমতী সাবিত্রী মিত্র :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মালদা জেলার যিনি জেলা সমাহর্তা, শ্রী অশোক সাঁতরা তিনি একটার পর একটা বে-আইনি কাজকর্ম করে চলেছেন। তার সম্বন্ধে বিভিন্ন সংবাদপত্রে যেমন, আনন্দবাজার, উত্তরবঙ্গ, আজকাল প্রভৃতি বিভিন্ন সংবাদপত্রে টি.ভি. সিরিয়ালের মতন বেরিয়েছে। আমি এই ডি.এম. সম্বন্ধে চীফ সেক্রেটারিকে বলেছি, তারপর মাননীয় মন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্যকেও বলেছিলাম। কিন্তু কোনও প্রতিকার হয়নি। এই জেলার জেলা-সমাহর্তা চালের যে লাইসেন্স দিচ্ছেন সেগুলি বিভিন্ন টাকার বিনিময়ে দিচ্ছেন। হরিশ্চন্দ্রপুরে দুটো

ভি.ডি.ও. হলের মালিক যার ৪ লক্ষ টাকা বকেয়া কর ছিল, জেলার ডি.এম. সেই বকেয়া কর মকুব করে টাকার বিনিময়ে তাকে লাইসেন্স দিয়ে দিলেন। এই জেলা সমাহর্তার সম্পর্কে বেশ কিছুদিন ধরে আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছিল। আমি চীফ সেক্রেটারিকে সেই পেপার কাটিং করে পাঠিয়েছিলাম। রায়গঞ্জের কাছে ট্রাক বোঝাই চাল ধরা পড়ল। জেলার ডি.এম. এস.পি. (রায়গঞ্জ)কে বলছে, ট্রাক বোঝাই চাল ছেড়ে দিন। তখন এস.পি. বললেন, এই ট্রাকে স্মাগলিং-এর জিনিসপত্র আছে, সুতরাং ছাড়তে পারব না। কিন্তু জেলা সমাহর্তা কি স্বার্থে, কার স্বার্থে এইরকম ভাবে স্মাগলিং-এর জিনিসপত্র বোঝাই ট্রাক ছেড়ে দেবার চেষ্টা করেন? তাই আমি আপনার মাধ্যমে প্রস্তাব আকারে রাখছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, জেলার জেলা সমাহর্তাই হচ্ছে জেলার সুপ্রিম অথরিটি। তিনি যদি স্মাগলারের সঙ্গে যুক্ত থাকেন, টাকা-পয়সার সঙ্গে যুক্ত থাকেন তাহলে গোটা জেলার মানুষ কি বিচার পাবে জেলা প্রশাসনের কাছে? আমি আপনার মাধ্যমে চীফ মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই ব্যাপারে অতি সত্বর উচ্চ পর্যায়ে তদন্ত করেন, ঐ ডি.এম.-এর ব্যাপারে তদন্তের দাবি করছি।

**শ্রী হিমাংশু দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচিত বিধানসভা হল পূর্বস্থলী। এই এলাকা ১৫টি গ্রাম পঞ্চায়েত নিয়ে গঠিত।

[12-40 – 12-50 p.m.]

এই ১৫টা গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৮টা গ্রাম পঞ্চায়েত ভাগীরথীর ভাঙ্গনে বিপন্ন। ভাঙ্গতে ভাঙ্গতে আজকে এমন অবস্থা হয়েছে যে ঘর বাড়ি, স্কুল, বাজার, এইগুলো সব নদী গর্ভে বিলীন হয়ে গেছে। এই ভাঙ্গন রোধ করার জন্য বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবেশ এবং স্বাস্থ্য বিষয়ক মন্ত্রীর একটি গুরুতর বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। গ্রাম এবং শহরে যেভাবে মশার উপদ্রপ বেড়েছে তাতে মানুষের চোখের ঘুম চলে গেছে। এমন কি হস্টেলেও এই অবস্থা চলছে। এই ভাবে চলতে থাকলে কয়েক দিনের মধ্যে মহামারী দেখা দেবে। মশা কোনও কনভেনশনও মানে না, ভাষণও মানে না। সুতরাং এই বিষয়ে ব্যবস্থা নেবার জন্য বিভাগীয় মন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অজিত খাঁড়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে সারা পশ্চিমবাংলায় অস্থায়ী লেকচারারের পদে দেড় হাজার শিক্ষক কাজ করছেন। মেদিনীপুর জেলায় ৩৫০ জন এই রকম পার্ট টাইম লেকচারারের পদে কাজ করছেন। এরা মাত্র ৪০০ টাকা বেতন পান। এরা কোয়েশ্চেন পেপার সেট করেন,

ইনভিজিলেটারের কাজ করেন, ইভ্যালুয়েশন করেন, স্ক্রুটিনির কাজ করেন, অথচ তাদের প্রতি বছর এই চাকরি বাঁচাবার জন্য পরীক্ষা দিতে হয়। উচ্চ শিক্ষা মন্ত্রী হিজলিতে গিয়েছিলেন একটা কলেজ উদ্বোধন করতে। সেখানকার প্রিন্সিপ্যাল ইনচার্জ সহ ১১ জন অস্থায়ী ভাবে অধ্যাপনা করছেন। প্রতি বছর তাদের চাকরি রিনিউ করতে হচ্ছে। মেদিনীপুরের গোপ মহিলা কলেজে এই রকম পাঁচ জন অস্থায়ী লেকচারারকে নোটিশ হয়েছে। যারা মাত্র ৪০০ টাকা বেতনে সব কাজ করছে। তাদের শিক্ষাগত যোগ্যতা কিন্তু অনেক স্থায়ী অধ্যাপকের চেয়ে বেশি। এই প্রসঙ্গে বলি, মেদিনীপুর কলেজের যে মর্নিং সেকশন আছে, সেখানে অস্থায়ী লেকচারাররা পড়ান, সেখানে ছাত্র ছাত্রীদের পাশের হার ৯০ পারসেন্ট, আর যারা ফুল টাইমার অধ্যাপক আছেন তাদের ছাত্রদের পাশের পারসেন্টেজ হচ্ছে ৫০ পারসেন্ট। এখানে উচ্চ শিক্ষা মন্ত্রী উপস্থিত আছেন, আমি তার কাছে অনুরোধ করছি এই সব অস্থায়ী পদে যারা আছেন, তাদের স্থায়ী করণের ব্যবস্থা তিনি করুন। যাদের নোটিশ দেওয়া হয়েছে, তাদের যাতে ছাঁটাই না করা হয়, সেই বিষয়ে বিবেচনা করবেন।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের পরিবহন মন্ত্রী এবং নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রী মহাশয়ের প্রতি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে, মেট্রো রেল দীর্ঘ দিন ধরে দমদম থেকে টালিগঞ্জ পর্যন্ত চলাচল করছে। টালিগঞ্জ থেকে গড়িয়া পর্যন্ত সম্প্রসারণের ব্যাপারে আমরা দাবি জানিয়ে আসছি এবং এর ফলে সমীক্ষার কাজ হয়েছে, দমদম থেকে ব্যারাকপুর পর্যন্ত সমীক্ষার কাজে হাত নেওয়া হবে। এই দাবি জানিয়ে ১৯৯৬ সালে আগস্ট মাসে মুখ্যমন্ত্রী দিল্লিতে একটা চিঠি পাঠিয়েছিলেন কিন্তু রেল বোর্ড তাদের অ্যানুয়াল প্ল্যানে এই সম্পর্কে কোনও বরাদ্দ করেনি। ফলে টালিগঞ্জ থেকে গড়িয়া পর্যন্ত যে কাজ, তা বন্ধ হয়ে যাচ্ছে। এই ব্যাপারে দ্রুত যাতে কাজ শুরু হয় এবং যতদিন না কাজ সম্পন্ন হয় ততদিন পর্যন্ত যেন কন্সট্রাকশনের কাজটা ওয়াইন্ড আপ না করা হয়। এর ফলে অনেকে বেকার হয়ে পড়বে। এই ব্যাপারে যোগাযোগ করার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী মহম্মদ হান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার রামপুরহাট বিধানসভা কেন্দ্রের মধ্যে রামপুরহাট এক নং ব্লকের অন্তর্গত নারায়নপুর গ্রাম পঞ্চায়েতের অধীন বলিয়া গ্রামের জলে আর্সেনিক দেখা দিয়েছে। এর ফলে ঐ এলাকার মানুষরা পানীয় জল সম্বন্ধে আতঙ্কিত হয়ে পড়েছেন। স্থানীয় বি.ডি.ও., এস.ডি.ও.-কে আমি বিষয়টি জানিয়েছি। বিষয়টি অত্যন্ত জরুরি হওয়ায় স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি, অবিলম্বে তিনি এখান থেকে আর্সেনিক বিশেষজ্ঞদের টিম ঐ গ্রামে পাঠিয়ে ঐ গ্রামের জল এবং আশেপাশের গ্রামের জল পরীক্ষা করানোর ব্যবস্থা করুন এবং আর্সেনিকমুক্ত বিশুদ্ধ পানীয় জল যাতে ঐ এলাকার মানুষরা পেতে পারেন তার ব্যবস্থা করুন।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার

মাধ্যমে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গতকাল এই সভা থেকে পুলিশ বাজেট পাস হয়েছে। পুলিশ বাজেট নিয়ে আলোচনার সময় অনেক মাননীয় সদস্যই বলছিলেন যে আইন শৃঙ্খলা রক্ষার সুবিধার্থে বড় বড় জেলা এবং বড় বড় থানাগুলিকে ভাগ করা উচিত। আমি আপনার মাধ্যমে স্যার, সেই রকমের একটি প্রস্তাবই মাননীয় পুলিশ মন্ত্রীর কাছে রাখছি। মুর্শিদাবাদ জেলার সুতী থানা বিরাট একটি থানা। এখানে ১৬টি গ্রাম পঞ্চায়েত রয়েছে। এর পূর্ব দিকে পদ্মার ওপারে বাংলাদেশ এবং পশ্চিম দিকে বিহার। এখানকার ৪টি গ্রাম পঞ্চায়েত সব সময় ফরাক্কার ফিডার ক্যানেলের জলে ডুবে থাকে। ঐ এলাকার মানুষজন সুতী থানার সঙ্গে যোগাযোগ ঠিক মতন করতে পারেন না। ইয়ার বিফোর লাস্ট সেখানে আই.জি. ডি.আই.জি. গিয়ে সরেজমিনে সব দেখে এসেছেন এবং ভাগ করার কথা হয়েছিল এই থানাটি। জঙ্গীপুরে ফরাক্কা ব্যারেজের অনেক জমি আছে, সেখানে সহজেই থানা করা যায়। আমার প্রস্তাব, সুতী থানাকে দু ভাগে ভাগ করা হোক। সুতী এক নং ব্লকের ৬টি গ্রাম পঞ্চায়েতকে নিয়ে একটি থানা করা হোক এবং বাকি আর একটি থানায় থাক। এতে এলাকার আইন শৃঙ্খলা রক্ষার সুবিধা হবে। এ বিষয়ে দৃষ্টি দেওয়ার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

## ZERO HOUR

**Mr. Speaker :** I have got 35 names. I shall close Zero Hour exactly at 1-30 p.m.

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ ৯ই এপ্রিল, ১৯৯৭, বিশ্বমানবতার মহান গায়ক পল রবসনের শততম জন্মদিন। স্যার, আপনি জানেন, পল রবসন সারা জীবন গণতন্ত্রের পক্ষে, সামাজিক ন্যায় বিচারের পক্ষে এবং সমাজতন্ত্রের পক্ষে ও বর্ণবৈষম্যবাদের বিরুদ্ধে সংগ্রাম করে গিয়েছেন। তার গান আজও শ্রমজীবী মানুষের কাছে তাদের সংগ্রামের প্রেরণা হিসাবে বেঁচে রয়েছে। এই মহান গায়কের জন্ম শতবর্ষ আজকে শুরু হল। এই শুভ মুহূর্তে আমাদের এই বিধানসভা থেকে তার প্রতি আমরা শ্রদ্ধা জানাচ্ছি এবং রাজ্য সরকারের কাছে অনুরোধ করছি, মর্যাদার সঙ্গে পল রবসনের জন্ম শতবার্ষিকী পালনের ব্যবস্থা করুন।

[12-50 – 1-00 p.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কলকাতার পানীয় জলের সমস্যার কথা এখানে একটু উল্লেখ করতে চাই। এই সমস্যা ক্রমশঃ বাড়তে বাড়তে গোটা কলকাতায় পানীয় জলের অভাব দেখা দিয়েছে। মাননীয় পৌর মন্ত্রী এই বিষয়ে নজর না দিয়ে পৌর এলাকায় প্রতিটি পরিবারের উপরে জলের জন্য কর বসিয়ে দিলেন। ২৫ থেকে ৩০ টাকা করে প্রতিটি পরিবারকে এই কর দিতে হবে জলের জন্য। যেখানে লোকে জল পাচ্ছে না, জলের জন্য কোনও ব্যবস্থা করতে পারছেন না এবং যে ব্যবস্থা ছিল সেটাও পর্যুদস্ত হয়ে

পড়েছে। বারে বারে বলা হচ্ছে যে গার্ডেনরীচের জল পাওয়া গেলে কলকাতায় পানীয় জলের অভাব থাকবেনা, সল্ট লেকে জলের সমস্যা থাকবেনা। প্রতিটি অঞ্চলের মানুষ আজকে জল পাচ্ছে না। আজকে তাদের জল সরবরাহ করার জন্য ব্যবস্থা করুন। পানীয় জলের অপ্রতুলতার জন্য প্রতি বছর মে, জুন, জুলাই মাসে আন্ত্রিক রোগে মানুষ মারা যায়। এই লোকগুলির বেশির ভাগ গরিব মানুষ যারা বস্তিতে বাস করে, যারা অনাহারে ভুগছে, ম্যান-নিউট্রোনে ভুগছে, যাদের রেসিসটেন্স পাওয়ার কম। কারণ তারা সেখানে জল পাচ্ছে না। আজকে কলকাতার তিলজলায় আন্ত্রিক দেখা দিয়েছে। সেখানে আগে পানীয় জল সরবরাহ করা দরকার কিন্তু তা না করে, ২৫/৩০ টাকা করে জলের উপরে কর বসিয়ে দিচ্ছেন। কাজেই আমি আপনার মাধ্যমে অবিলম্বে পৌর এলাকায় জল সরবরাহের দাবি জানাচ্ছি।

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্র মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে পশ্চিমবাংলায় এন. ভি. এফ প্রায় ১৪ হাজারের মতো কাজ করে। তারা মাইনে পাচ্ছে মাত্র ৫৫ টাকা করে এবং নো ওয়ার্ক নো পে বেসিসে। হাইকোর্ট থেকে রায় দিয়েছে যে এদের স্থায়ী করতে হবে। আজকে ইরিগেশন বিভাগ বা অন্যান্য জায়গায় অস্থায়ী কর্মচারিদের স্থায়ী করা হচ্ছে। কিন্তু এরা অনেকে ১৫/২০ বছর কাজ করছে, এদের কোন রেমুনারেশন নেই, ভবিষ্যত নেই। আজকে পশ্চিমবাংলায় পুলিশের জন্য অ্যাক্ট হয়েছে—কি কলকাতায়, কি জেলায়। আজকে এই ১৪ হাজার এন. ভি. এফকে স্থায়ী করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে এখন একটা নৈরাজ্য চলছে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদের নির্বাচন হয়েছে গত শনিবার। সেই নির্বাচনে এস. এফ. আই. জিততে পারেনি। সেখানে স্টুডেন্ট ফোরাম, তারা জয়ী হয়েছে। এই নির্বাচনের ফলাফল শনিবার প্রকাশিত হবার পরে রবিবার নব নির্বাচিত ছাত্র সংসদের সাধারণ সম্পাদক, কালচারাল সেক্রেটারি, তাদের উপরে আক্রমণ করা হয়। তারা কোনও রকমে আক্রান্ত হয়ে হোস্টেলে ফিরে আসে। কিন্তু এস. এফ. আই. বহিরাগত সমাজবিরোধীদের নিয়ে ইউনিভার্সিটির ক্যাম্পাসের মধ্যে ঢুকে হঠাৎ ছাত্রদের উপরে আক্রমণ চালায় এবং এমন কি সেখানে ছাত্রীদেরও উপরে আক্রমণ চালানো হয়। সেই আক্রমণে প্রায় ৬০ জন গুরুতর ভাবে আহত হয়। ইউনিভার্সিটি ক্যাম্পাসে ১৪৪ ধারা জারি করা হয়েছে। ৭ই এপ্রিল থেকে সেখানে ধর্মঘট হচ্ছে এবং সমস্ত ক্লাস বন্ধ রয়েছে। অথচ সেখানে উপাচার্য কোনও ব্যবস্থা নিচ্ছেন না। সাধারণ ছাত্র সংসদ, যারা গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত হয়েছে তাদের কাজকর্ম করতে দেবেনা। এর ফলে আজকে শিক্ষার পরিবেশ কলুষিত হচ্ছে, আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটছে। এখানে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী আছেন, কাজেই তার কাছে অনুরোধ জানাচ্ছি যাতে নর্ম্যাল অ্যাকাডেমিক অবস্থা ফিরে আসে। আজকে

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের পড়াশুনা বন্ধ হতে চলেছে। ওখানকার ছাত্র ইউনিয়ন জিততে পারেনি বলে তারা পড়াশোনা বন্ধ করে দেবার হুমকি দিচ্ছে। ছাত্র-ছাত্রীদের হোস্টেল ছেড়ে চলে যেতে হবে এরকম একটা অচলাবস্থা চলছে সেখানে। এখানে উচ্চ শিক্ষামন্ত্রী আছেন। ঐ অচলাবস্থা দূর করতে উপাচার্য কি ব্যবস্থা নিয়েছেন সেটা আমাদের জানাননি, কারণ উপাচার্য নির্বাচনের আগে প্রশাসনকে ব্যবহার করেছেন।

**(..... নয়েজ অ্যাণ্ড ইন্টারাপশন .....)**

**(মাইক বন্ধ হয়ে যাওয়া সত্ত্বেও এই সময় দেবপ্রসাদ সরকার মহাশয় উচ্চ শিক্ষামন্ত্রীর কাছ থেকে বিবৃতি দাবি করতে থাকেন।)**

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**(..... নয়েজ অ্যাণ্ড ইন্টারাপশন .....)**

**(এই সময় সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের অনেক সদস্যগণকে ওয়েলে নেমে এসে বাক-বিতণ্ডা করতে দেখা যায়।)**

নদীয়া জেলার জেলা-শহর কৃষ্ণনগর, কিন্তু ঐ শহরের রাস্তাঘাটের অবস্থা অত্যন্ত খারাপ। সেখানে বাস চলাচল করতে পারছে না, ফলে সাধারণ মানুষ বিপর্যয়ের মুখে পড়েছেন। সেখানকার নির্বাচিত যে বোর্ড সেটা অকর্মণ্য, কোনও কাজ তারা করছেন না। কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটি কোনও কাজ করছে না। ওখানে নতুন মহকুমা হয়েছে তেহট্ট। দুটি থানা নিয়ে ঐ মহকুমা হয়েছে। কিন্তু তার চারদিকের রাস্তাঘাটের অত্যন্ত খারাপ অবস্থা, ফলে সেখানেও বাস চলাচল বন্ধ হয়ে গেছে। এ পর্যন্ত কৃষ্ণনগর-তেহট্ট রাস্তার মধ্যে অনেক বাস দুর্ঘটনায় পড়েছে, ফলে অনেক বাসযাত্রী আহত হয়েছেন। তারজন্য পূর্তমন্ত্রীর কাছে দাবি, অবিলম্বে কৃষ্ণনগর শহরে রাস্তা, কৃষ্ণনগর থেকে তেহট্ট পর্যন্ত রাস্তা এবং তেহট্টের চারদিকের রাস্তাগুলি মেরামত করা হোক। কৃষ্ণনগরে যারা মিউনিসিপাল বোর্ড গঠন করেছেন তারা বিপুল ভোটে জয়ী হয়ে বোর্ড গঠন করেছেন, কিন্তু কোনও কাজ তারা করছেন না। ফলে শহরের রাস্তায় চলাচল করা যাচ্ছে না। বর্তমানে শহরটি অচল হয়ে গেছে।

[1-00 – 1-10 p.m.]

রিক্সা পর্যন্ত চলতে পারে না। স্যার, রিক্সা পর্যন্ত চলতে পারে না। কৃষ্ণনগরের নাগরিক এবং সাধারণ মানুষের পায়ে হেঁটে চলা ছাড়া উপায় নেই। কৃষ্ণনগর শহরে আর কোনও রাস্তা নেই। এখানে পায়ে হেঁটে চলা ছাড়া অন্য কোনও উপায় নেই। এই কংগ্রেস পরিচালিত মিউনিসিপ্যাল বোর্ড একেবারে অপদার্থ, অকর্মণ্য, তারা কোনও কাজ করে না। তাদের কীর্তি এবং অকর্মণ্যতার ফলে রাস্তার এই দুরাবস্থা হয়েছে। গণতান্ত্রিক ভাবে নির্বাচিত বোর্ডকে আমি বাতিল করতে বলব না।

**(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)**

**(গোলমাল)**

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় স্পিকার স্যার, একটু আগে কিছু মাননীয় সদস্য ওয়েলে নেমে পড়েছিলেন, এটা খুবই দুঃখজনক। স্যার, আমি জানি মাননীয় সদস্য বরেনবাবু নূতন এসেছেন, এখনও উনি এই হাউসের কায়দা কানুন জানেন না। বাইরে উনি যে কায়দায় অভ্যস্ত সেই কায়দায় ...

**(গোলমাল)**

আমাকে বলতে দিন, এটা করলে উল্টোটাও হবে। স্যার, আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, যে ঘটনা একটু আগে ঘটেছে সেটা অত্যন্ত দুঃখজনক। এমন কিছু বিষয় ছিল না, এমন কিছু গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হচ্ছিল না। মেনশন হচ্ছে, সেই সম্পর্কে আমাদের লিডার অফ দি অপোজিশন মেনশন করেছেন, আমাদের মাননীয় সদস্য দিলীপ দাস উনিও এই সম্পর্কে বলেছেন। মাননীয় সদস্য নূতন এনেছেন, এই হাউসের কায়দা শিখতে ওনার অনেক দেরি আছে।

**(গোলমাল)**

জয়ন্তবাবু আপনি এর আগেও এই হাউসে এসেছেন, সব ব্যাপারে বলতে আসবেন না, আমাকে বলতে দিন। আমি যেটা বলতে চাই একজন মাননীয় সদস্য কিভাবে প্রোভোক করলেন স্যার, দেখুন। এখানে বললেন যে লাটি পেটা করা হবে, ঠ্যাঙানি হবে। স্যার, আপনি এটাকে রেষ্ট্রেন করুন। লাঠি পেটা করতে আসলে সেই লাঠি কেড়ে নিয়ে উল্টে দেবার ক্ষমতা কংগ্রেসেরও আছে। এই ভাবে প্রোভোক করবেন না। দয়া করে এই ভাবে মেম্বারদের প্রেভোক করবেন না। স্যার, লাঠি পেটা করবেন, ঠ্যাঙাবেন এটা অত্যন্ত অসম্মান জনক কথা। বাইরে আপনি গুণ্ডামি করবেন ঠিখ আছে কিন্তু বাইরে করেন বলে হাউসে করবেন? আপনি তো ঠ্যাঙাড়ে বাহিনী নিয়ে পার্টি করেন, এখানেও কি সেটা করবেন? এই হাউস চালাবার দায়িত্ব কি শুধু বিরোধী পক্ষের? সরকার পক্ষেরও একটা দায়িত্ব আছে। স্যার, বিরোধী দলের সদস্যদের যদি বলা হয় যে লাঠি পেটা করব ঠ্যাঙাব তাহলে বিরোধী পক্ষের সদস্যরা চুপচাপ বসে থাকবে না। এই ব্যাপারে আপনার ইনটারপ্রিটেশন চাইছি। মাননীয় সদস্য ভবিষ্যতে যাতে এই রকম না করেন সেটা আপনি বলে দিন।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য মান্নান সাহেব একটু আগে যে কথা বললেন, ঘটনার সময় উনি হাউসে ছিলেন না। এখানে মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয় যখন বলছিলেন তখন আমাদের সদস্য বরেন বসু মহাশয় বললেন, 'গায়ে কালি দিল কেন বলুন'। আপনি কোথা থেকে ঠাঙানো হবে পেটানো হবে শুনলেন? একবারও

উনি বলেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে মান্নান সাহেব আচরণ শেখাচ্ছেন। একজন সদস্য এই হাউসে এসেছেন। যাঁর যাঁর বক্তব্য সে বলবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি রয়েছেন, যদি কারো প্রতিবাদ করার থাকে সেটা বলুন। কিন্তু উনি তেড়ে আসবেন আর মান্নান সাহেব তাঁকে আশ্রয় দেবেন, প্রশ্রয় দেবেন, আমাদের হুমকি দেবেন, এইভাবে হাউস চলবে? আপনার বলার থাকলে তা যুক্তি দিয়ে বলুন। নিন্দা করার জন্য বলতে হলে বলুন, কিন্তু এইভাবে আপনি থ্রেট করবেন না। হাউসের পরিবেশকে এইভাবে নষ্ট করবেন না।

**মিঃ স্পিকার :** এখন কথা হচ্ছে, যখন কেউ বক্তৃতা করতে থাকেন, তখন কারও কখনও তাঁকে কমেন্ট করা উচিত নয়। আমি এটা সবার ক্ষেত্রেই বলছি। এখানে অনেক মেম্বার আছেন—আমি বিশেষ কোন ব্যক্তি বা গ্রুপকে বলছি না—তাঁদের বদ অভ্যাস আছে একজন বলার সময়ে তাঁকে কটাক্ষ করা বা ইনটারাপশন করা। এখানে ডিবেটটা উইদাউট ইনটারাপশন হওয়া উচিত। একজন মেম্বার একলাখ মানুষের রিপ্রেজেন্ট করেন। সেই কারণে প্রত্যেক মেম্বারকেই এটা বুঝতে হবে যে প্রত্যেকেরই এখানে বলার অধিকার আছে। এটা বুঝতে হবে তিনি কত লোকের অধিকার নিয়ে এসেছেন। তাঁর কথা বলার সময় তাঁকে ডিস্টার্ব করার মানেটা কি? এটা আন-ডেমোক্রেটিক। এটা গণতান্ত্রিক কায়দা নয়। এখানে কেউ যদি কটাক্ষ করেন বা কমেন্ট করেন, এটা মাঝোসাজে হলে চলতে পারে। কিন্তু এই জিনিস ডেলি হচ্ছে। এটা ব্যাড টেস্ট। এটা হওয়া উচিত নয়। আমরা যে কথা বলছি, আমরা এইজন্যই তো ক্লাস নিচ্ছি, মেম্বারদের শেখাচ্ছি, ট্রেণিং দিচ্ছি। তা সত্ত্বেও কোনও মেম্বার যদি বলেন, আমি শিখব না, আমি বুঝব না, তাহলে আমার কিছু করার নেই। প্রতিটি দল, তা সে রুলিং পার্টি হোক, ছোট পার্টি হোক, বড় পার্টি হোক, আমাদের সবারই দায়িত্ব আছে ডিবেট করার। আমাদের রাজ্যে আমরা ডিবেট চাই। অন্যান্য রাজ্যে কি হয় তা জানিনা, তবে আমরা এখানে ডিবেট করি। এটাকে সবারই প্রোমোট করা উচিত। আর ডিগ্রি অফ টলারেন্স যদি না থাকে, আপনার যদি ধৈর্য না থাকে শোনার, তাহলে আপনার বলারও অধিকার থাকে না। সুতরাং আগে শোনার ধৈর্য সৃষ্টি করতে হবে, তবেই আপনার বলবার অধিকার থাকবে। এটাই হচ্ছে গণতান্ত্রিক নিয়ম। সেই ধৈর্যটা সৃষ্টি করুন। আর ধৈর্য সৃষ্টি হলে আপনার বলাটাও ভাল হবে। কারণ ভাল করে শুনলে আপনি পাল্টা জবাব দিতে পারবেন। আপনি ধৈর্য ধরে না শুনলে ভাল বুঝতে পারবেন না, আর বুঝতে না পারলে আপনার ডিবেট খারাপ হবে, আপনার কোয়ালিটি অফ ডিবেট খারাপ হয়ে যাবে। আপনি ভাল বলতে পারবেন না। যাক, এইসব করবেন না।

**ডঃ মাখনলাল বাঙ্গাল :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সবং সজনীকান্ত মহাবিদ্যালয়ে একটা বিশাল পরিকাঠামো রয়েছে। এই মহাবিদ্যালয়ের পরিকাঠামোকে ব্যবহার করে একটি বি. এড. কলেজ করা একান্ত প্রয়োজন। মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে উচ্চ শিক্ষক ও প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক

নিয়োগের ক্ষেত্রে আমাদের মেদিনীপুর জেলায় বি. এড. কলেজ স্থাপন করা অত্যন্ত জরুরি। সেইক্ষেত্রে আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীকে বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ করছি।

**শ্রী অসিতকুমার মাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা বীরভূম জেলায় রেশন ব্যবস্থা একদম ভেঙে পড়েছে। তারমধ্যে সবচেয়ে বঞ্চিত হচ্ছে রামপুরহাটের মানুষ। কারণ রামপুরহাট মহকুমায় চাল, গম এবং চিনির যে অ্যালটমেন্ট আছে তার তিন ভাগের এক ভাগ সাপ্লাই হয়না। যারফলে ওখানকার মানুষ প্রতি মাসে এক সপ্তাহ চাল, গম এবং চিনি পান না। আমি আপনার মাধ্যমে পরিষ্কার করে বলছি, গমের যেখানে অ্যালটমেন্ট ২০ হাজার কুইন্টাল, সেখানে সাপ্লাই হয় ৫ হাজার কুইন্টাল। চালের অ্যালটমেন্ট (রিকোয়ারমেন্ট) যেখানে ১৬ হাজার কুইন্টাল, সেখানে সাপ্লাই হয় মাত্র ৪ হাজার কুইন্টাল। আর চিনির অ্যালটমেন্ট যেখানে ৪,৬০০ কুইন্টাল, সেখানে সাপ্লাই হয় মাত্র ৪ হাজার ২০০ কুইন্টাল। প্রতি মাসে এক সপ্তাহ রামপুরহাট এলাকার মানুষ চাল, গম এবং চিনি কিছু পাচ্ছেন না। রামপুরহাটের রেশনে কোনও চাল নেই, গম নেই, সেইকারণে আমি আপনার মাধ্যমে খাদ্য মন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি যাতে করে যে পরিমাণ রিকোয়ারমেন্ট বা অ্যালটমেন্ট করা আছে সেটা যাতে সাপ্লাই করা হয় এবং তার ব্যবস্থা যাতে তিনি করেন।

[1-10 – 1-20 p.m.]

**শ্রী সৌমেন্দ্রচন্দ্র দাস ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকার উত্তর বঙ্গ উন্নয়নের অন্য অনেক কর্মসূচি গ্রহণ করেছেন সেটা আমরা জানি। কিন্তু আমরা দেখছি উত্তরবঙ্গের চারপাশে পাহাড় পড়ে আছে, ওই পাহাড়কে কেন্দ্র করে জঙ্গলে পরিণত হয়েছে। শিলান্যাসের নামে ওই পাহাড়গুলো জড়ো করা হয়েছে। কোচবিহারে হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ স্থাপন করবার জন্যে প্রয়াত স্বাস্থ্যমন্ত্রী ননী ভট্টাচার্য শিলান্যাস করেছিলেন। আলিপুরদুয়ারে ভেষজ শিল্প স্থাপনের জন্য প্রয়াত স্বাস্থ্য মন্ত্রী ননী ভট্টাচার্য শিলান্যাস স্থাপন করেছিলেন। তারপরে আলিপুর দুয়ারে আই টি· আই কলেজ স্থাপনের জন্য কাজও শুরু হয়েছিল কিন্তু শেষ আর হয়নি। কোচবিহারের জলপাইগুড়িতে শিল্প বিকাশের জন্য, ইণ্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স করার জন্যে শত শত বিঘা জমি কেড়ে নেওয়া হয়েছে। কিন্তু সেখানে কোন শিল্পকেন্দ্র গড়ে ওঠেনি। শুধু শুধু জমিগুলো অকোপাই করে রেখে কৃষি কাজের ব্যাহত হচ্ছে, সুতরাং অবিলম্বে এর ব্যবস্থা নেওয়া দরকার। এরফলে উত্তরবঙ্গে যে প্যারোকিওয়াল ফোর্স আছে, যারা মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। সেইকারণে আমার আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা মন্ত্রী সভার কাছে আবেদন উত্তরবঙ্গে ওইসব শিলান্যাসের কাজ শুরু করা হোক এবং পাশাপাশি নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের যে সেন্ট্রাল বাস টার্মিনাস করার শিলান্যাস হয়েছে তারও কাজ অবিলম্বে শুরু করা হোক।

**শ্রী দিলীপ দাস :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় পেশ করতে চাই। আজকে সকালে ১০টার সময়ে ইসলামপুর মহকুমায় মুসলমান অধ্যুষিত এলাকায় তিস্তা প্রকল্পের কাজ যেখানে আটকে আছে সেই গুঞ্জরীয়াতে একটি কবর স্থান আছে, কবর স্থানটি নিয়ে একটা দ্বন্দ্ব চলছে। আমার জেলা চোপড়া ধরে ইসলামপুর হয়ে তিস্তা ক্যানেলের কাজ গুঞ্জরীয়াতে গিয়ে আটকে গেছে। সেখানে আজকে দশটার সময়ে কবর স্থান রক্ষার জন্য হাজার হাজার মুসলমান জমায়েত হয়েছিল, পুলিশ তাদের উপরে লাঠি চার্জ করেছে। ওই কবর স্থানটি নিয়ে আমি নিজে এস. পি, ডি. এমের সঙ্গে কথা বলেছি। আমরা বলেছিলাম তিস্তা প্রকল্প উন্নয়নের জন্য হয় আপনারা সর্বদলীয় সভা করে ওই অঞ্চলের মুসলমানদের বোঝানোর চেষ্টা করুন যাতে করে ওর উপর দিয়ে ক্যানেলটা করা যায়, তা না হলে ওই এলাকার পাশ দিয়ে একটা রাস্তা করে নিয়ে যাবার চেষ্টা করুন। আজকে দীর্ঘ ২ বছর হয়ে গেল এই কাজ বন্ধ হয়ে আছে। আজকে যেভাবে ওখানে মুসলমানদের উপরে লাঠিচার্জ করা হল এতে দাঙ্গা যে কোনও মুহূর্তে হওয়ার সম্ভাবনা। ওখানে এস. পি এবং ডি. এমের নির্দেশেই এই কাজ করা হয়েছে। ওখানে ডি. এম প্রভন আগরওয়াল, একজন বি. জে. পি. সমর্থক, তিনি বি. জে. পি জিতলে আনন্দিত হন। ওঁনার নির্দেশেই পুলিশ ওখানে মুসলমানদের ওপরে লাঠি চার্জ করেছে এবং ৫০ জনকে গ্রেপ্তারও করেছে। আরো অনেকে আঘাতপ্রাপ্ত হয়ে হাসপাতালে আছে। এটি একটি গুরুত্বপূর্ণ এলাকা, যেকোনও মুহূর্তে দাঙ্গা হয়ে যাবে এবং সাম্প্রদায়িক দাঙ্গার রূপ নেবে, সেইকারণে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সুন্দরবন এলাকায় পানীয় জলের সঙ্কটের ব্যাপারে আপনার মাধ্যমে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, সুন্দরবন এলাকা একটি বিচ্ছিন্ন এলাকা, এখানে পানীয় জলের ভীষণ সঙ্কট। এখানে নোনাজলে পরিপূর্ণ, পানীয় জলের ব্যবস্থা নেই। গ্রীষ্মকালে জলের পরিমাণ এমন নিচে নেমে যায় যে জল সংগ্রহ করা খুব কষ্টকর হয়ে পড়ে। পানীয় জল সংগ্রহ করতে গিয়ে নদীর এপার থেকে ওপারে যেতে হচ্ছে। স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই, ২৩ বছর হয়ে গেল বামফ্রন্ট সরকার আছে, কিন্তু আজ পর্যন্ত সুন্দরবন এলাকায় পানীয় জল সরবরাহ করার জন্য কোনও মাস্টার প্লান তৈরি হয়নি। আর্সেনিকের সমস্যা দূর করার জন্য মাস্টার প্ল্যান তৈরি হচ্ছে বিশ্বব্যাঙ্কের সাহায্যে কোটি কোটি টাকা খরচ করে। কিন্তু সুন্দরবনের অবহেলিত এলাকায় ১ লক্ষ, ২ লক্ষ নয়, কয়েক লক্ষ লোক বাস করে, তাদের জন্য যে পানীয় জল সরবরাহ করতে হবে সেই ব্যাপারে আমাদের বামফ্রন্ট সরকারের কোনও পরিকল্পনা নেই। স্যার, আপনার অবগতির জন্য জানাই, গ্রামের মানুষকে ২/৩ মাইল দূর থেকে জল আনতে গিয়ে লোক লাগাতে হচ্ছে, তাই সংশ্লিষ্ট বিভাগকে এই ব্যাপারটি দেখার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী মৃণালকান্তি রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামবাংলার হাজার হাজার মানুষ সাপের কামড়ে মারা যেত এবং বিপদে পড়ত, তার মধ্যে অনেকে প্রতিষেধক ঔষধের

অভাবে ভুগত। আজকে গর্বের বিষয়, আচার্য পি. সি. রায় কর্তৃক স্থাপিত বেঙ্গল কেমিক্যাল অ্যাণ্ড ফার্মাসিউটিক্যালস লিঃ তারা সেখানে লাভের অঙ্ক দেখছে। এক সময় বি. আই. এফ. আর.-এ পাঠানো হয়েছিল লসে রান করার জন্য। সেখানে আজকে তারা ৪০ কোটি টাকা লাভ করছে। তারা বিভিন্ন ঔষধও রপ্তানি করবে। প্রতি মাসে ৬০ হাজার থেকে ১ লক্ষ অ্যাম্পুল সেখানে তৈরি হবে। তাদের ৪টি কারখানায় ১১৮০ জন কর্মচারি অক্লান্ত কাজ করে এই প্রতিষ্ঠানকে দাঁড় করিয়েছে। তাই তাদেরকে এখান থেকে অভিনন্দন পাঠানোর জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় স্পিকার স্যার, গতকাল পুলিশের বাজেট চলছিল এই বিধানসভায়। বাইরে দেখা গেল পুলিশ এবং হোম গার্ড এর লড়াই হল, লাঠিচার্জ হল, অনেকে ধরাও পড়লেন। কালকে খোদ মন্ত্রী মহাশয় হাউসে ছিলেন, বুদ্ধদেব বাবু থাকাতেও যদি এই ঘটনা ঘটে প্রশাসনে তাহলে জনসাধারণের এই প্রশাসনের প্রতি কিভাবে আস্থা থাকবে? এটা আমাদের জানা দরকার। হোমগার্ডরা বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে এসেছিল, তাদের সেই দাবি না মেনে সেখানে মারপিট করা হল। যারা মারলো তারা পুলিশের লোক, এটা যদি বন্ধ করা না যায় তাহলে প্রশাসনের ক্ষতি হবে। এতেই প্রমাণিত হয়, কেন গ্রামে গঞ্জে থানায় পুলিশ এত ঔদ্ধত্য, পুলিশ কথা শোনেনা। এমনিতে যারা মিছিল করে বিধানসভায় আসেন বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে, আমরাও যখন মিছিল করে আসি তখনও এই ভাবে হেয় করা হয়, এটা বন্ধ করা দরকার প্রশাসনের স্বার্থে, জনসাধারণের স্বার্থে, আশা করি এই উদ্যোগ আপনারা নেবেন।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই হাউসে একটি ঘটনার কথা রাখছি, গত সোমবার সকাল ৯টা ৫ মিনিটে ক্যানিং এবং তালদি স্টেশনের মাঝখানে ক্যানিং লাইনে, ৭ বছরের একটি ছেলে তৃতীয় শ্রেণীর ছাত্র গৌরাঙ্গ সর্দার সে দুঃসাহসিকতার কাজ করেছে, সে অসংখ্য ট্রেন যাত্রীকে রক্ষা করেছে। ট্রেন লাইনে চিড় ধরেছিল দেখতে পেয়ে ছেলেটি তার নিজের লাল রঙের প্যান্টটি খুলে সেটা দেখিয়ে ট্রেন থামিয়েছিল। এই যে সাহসিকতা এবং বুদ্ধিদীপ্তর স্বাক্ষর ছেলেটি রেখেছে তার জন্য তাকে আমরা অভিনন্দন জানাচ্ছি। ইতিমধ্যে ঐখানকার স্বাভিন্ন সংস্থা তাকে পুরস্কৃত করেছে, ড্রাইভারও তাকে পুরস্কার দিয়েছে, রেল দপ্তর নিশ্চয় তাকে পুরস্কার দেবে। আমি রাজ্য সরকারের যুব কল্যাণ দপ্তরের কাছে দাবি রাখছি, এই সাহসিকতার জন্য ছেলেটিকে যেন পুরস্কৃত করা হয়।

[1-20 – 1-30 p.m.]

**শ্রী মৈনুল হক ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত তিন তারিখে মোমরাজপুর গ্রামে, ফরাক্কা থানা এলাকায় আলম শেখ তাকে সকাল সাতটার আগে কিছু সমাজবিরোধী বোমা মেরে নৃশংসভাবে খুন করে, শুধু তাই নয় খুন করে প্রকাশ্য দিবালোকে হাজার হাজার মানুষের সামনে আবার খুন করব,

এলাকায় আরও তাণ্ডব করব বলে শাসিয়ে যায়। পুলিশকে এই ঘটনার কথা জানানো সত্ত্বেও খুনীদের বিরুদ্ধে পুলিশ কোনও ব্যবস্থা নেয়নি। পাশাপাশি গত এই মার্চ মাসে নতুন মোমরাজপুর গ্রামে হেসামত শেখ, ৪ মাস আগে আমাদের অঞ্চলের কংগ্রেস সভাপতি কৃষ্ণ মণ্ডল তাকে খুন করেছে। প্রতিটা খুনের সঙ্গে ওই এলাকার সমাজবিরোধীরা জড়িত। সেই সঙ্গে সি. পি. এম নেতারা তাদের মদত দিচ্ছে। এর সঙ্গে যুক্ত হয়েছে থানার ভারপ্রাপ্ত অফিসার ওই এলাকার সমাজবিরোধী, খুনীদের মদত দিয়ে চলেছেন। হেন কোনও কাজ নেই যেখানে ওই এলাকার ওই ভারপ্রাপ্ত অফিসার জড়িত নন। যেখানে ওই নিষিদ্ধ পল্লীর মেয়েরা, যারা ওই দেহ ব্যবসার সঙ্গে জড়িত সেখানেও—প্রতিটা ক্ষেত্রে ওই থানার ভারপ্রাপ্ত অফিসার জড়িত। স্পিকারের কাছে অনুরোধ করব ওই ও. সি.'র শাস্তির ব্যবস্থা হোক এবং ওই খুনী সমাজবিরোধীদের অবিলম্বে গ্রেপ্তারের ব্যবস্থা করা হোক।

**শ্রীমতী নন্দরাণী দল** ঃ আমি আপনার মাধ্যমে, মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন দীর্ঘদিন ধরে এক টাকা, দুটাকা, পাঁচটাকার ভীষণ সংকট দেখা দিয়েছে। খুচরো পাওয়া যাচ্ছে না। বাজারে সবজি ক্রয় কন্নতে গেলে, বাসে বাস ভাড়া দিতে গেলে, রিকশা থেকে নামলে ভাড়া দেওয়ার ক্ষেত্রে ভীষণ অসুবিধার সৃষ্টি হচ্ছে। যাতায়াতের ক্ষেত্রে ভীষণ অসুবিধার সৃষ্টি হচ্ছে। এই অবস্থায় আমি চাইছি রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে এই বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেন যাতে একটাকা, দুটাকা, পাঁচটাকা ছাপানো যায়।

**শ্রী সৌগত রায়** ঃ স্যার, আপনার মাধ্যমে রাজ্য সমবায় ব্যাঙ্ক এর ব্যাপক দুর্নীতি এবং অপশাসনের এই হাউসের সামনে আনতে চাইছি। ডি. ওয়াই. এফ. আই এর প্রাক্তন প্রেসিডেন্ট ওই ব্যাঙ্কের চেয়ারম্যান এবং ওই ব্যাঙ্কে আমরা দেখছি যে এমন ভাবে ঋণ দেওয়া হয়েছে যে সেই একশো কোটি টাকা, নাবার্ড এর হিসাব অনুযায়ী আদায় হবে না। নন পারফরমিং অ্যাসেট হয়ে যায়। রাজ্যসরকারের বিভিন্ন দপ্তরে এই ব্যাঙ্ক টাকা দিচ্ছে কিন্তু রাজ্যসরকার কোনও বড় অ্যাকাউন্ট এই ব্যাঙ্কে রাখছে না। তার পর রাজ্যসরকার একটা নতুন ব্যাঙ্ক খুলতে যাচ্ছে। তার নাম হচ্ছে ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল কর্পোরেশন ব্যাঙ্ক। তার ফলে এই ব্যাঙ্কের ভবিষ্যত অনিশ্চিত। সবচেয়ে বড় কথা, এই ব্যাঙ্কের যিনি ম্যানেজিং ডাইরেক্টর তিনি সমস্ত বে-আইনি কাজ করছেন। আমার কাছে তার নাম আছে আমি বলতে চাই না। আমার কাছে ডকুমেন্ট আছে। একটা রেজিস্টার অফ কো-অপারেটিভ সোসাইটি। মিঃ মিনা, তিনি একজন I.A.S. Officer তার বাড়ির ২৫ হাজার টাকা টেলিফোন বিল ব্যাঙ্কের ম্যানেজিং ডাইরেক্টর পেমেন্ট করার চেষ্টা করছে। এই ব্যাঙ্কের ম্যানেজিং ডিরেক্টর পেমেন্ট করার ব্যবস্থা করছে। সমস্ত নিয়মের বিরুদ্ধে এই কাজ করছে। একজন আই এ এস অফিসার এর বাড়ির টেলিফোন বিল, সরকার দেয় অন্য কথা, ব্যাঙ্ক থেকে দিচ্ছে এবং আজকে আমরা চাচ্ছি যে সমবায় আইন ১৯৯২-৯৩ এর ধারা অনুযায়ী তদন্ত হোক। the affairs of the State Co-operative bank. এবং সি বি আই পুরোটা দেখুক যে,

কিভাবে প্রাইমারি এগ্রিকালচারাল কো অপারেটিভ সোসাইটি কে লোন দেন, সেই ব্যাঙ্ক কিভাবে এত খারাপ লোন দিল এবং মাঝে এরা সোয়াবিন চাষ প্রকল্পে যে টাকা দিয়েছে, সেটা ফেল করেছে। ১০ লক্ষ টাকা সেখানে ডুবে গিয়েছে। অফিসারস এবং এমপ্লয়িজরা একটা জয়েন্ট অ্যাকশন কমিটি তৈরি করেছে। আমি এই দুর্নীতির বিরুদ্ধে এবং যার সঙ্গে সি পি এম নেতা জড়িত, এর বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা নেবার জন্য অবেদন জানাচ্ছি।

**শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র :** স্যার, গত ৭ তারিখে রাত দুটো থেকে শুরু করে কয়েক ঘন্টার মধ্যে পটাশপুর থানার শতাধিক গ্রামের উপর দিয়ে এক ভয়াবহ ঝড় বয়ে গেছে। মুষলধারে বৃষ্টি এবং প্রায় এক ঘন্টার বেশি অবিরাম শিলাবৃষ্টর ফলে পটাশপুর থানার শতাধিক গ্রামের বোরো চাষ নষ্ট হয়ে গেছে। কেলেঘাই সংলগ্ন এলাকার বোরো ধান সম্পূর্ণ জলমগ্ন হয়ে গেছে। কয়েকশত চাল, টালির বাড়ি উড়ে গেছে। গাছ ভেঙ্গে গেছে। গাছে একটা ফসলও নেই। কয়েকটা গ্রাম পঞ্চায়েত মিলে এই রকম একটা অবস্থার সৃষ্টি হয়েছে। এটা শুধু কৃষি দপ্তর যে মোকাবিলা করতে পারবেন, তা নয়, সামগ্রিক ভাবে সরকারকে এই সমস্যার মোকাবিলা করতে হবে। সেখানে খাদ্যের সমস্যা, পানীয় জলের সমস্যা, বাসস্থানের সমস্যা আছে। ওই এলাকার কিছুটা জল পাম্প করে তুলে নিয়ে কিছুটা ফসল বাঁচানো যায় কিনা, সেটাও যেমন দেখতে হবে, তেমনি মৌজাভিত্তিক শস্যবিমা প্রকল্প চালু করার কথাও ভাবতে হবে।

**শ্রী সুধীর ভট্টাচার্য :** স্যার, আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং বলছি যে, আমার ফলতা বিধানসভা কেন্দ্রে ফলতা ব্যারাকপুর বাস আছে। সেখান থেকে শিবগঞ্জ এবং বড়াগাছি, হুগলি নদীর তীরে ৮৩ নাম্বার বাস স্ট্যাণ্ড রয়েছে। সেখানকার মানুষরা কলকাতায় যাবার জন্য এই ৮৩ নাম্বার বাস স্ট্যাণ্ড এ আসেন এবং যে অবস্থায় আসে, তাতে যেকোনও সময়ে বিপজ্জনক ঘটনা ঘটে যেতে পারে। সেইজন্য আপনার কাছে আবেদন করছি যাতে এই জেটি ঘাটটি অবিলম্বে সারানো হয়।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার একটা অমানবিক ঘটনা ঘটেছে। গত ৬ তারিখে পুলিশ শ্যামল নস্কর বলে একটা ব্যবসায়ীকে ধরতে যায়। ওই এলাকার প্রায় ১০০ জন ব্যবসায়ীরা ওখানে বাধার সৃষ্টি করে। এস. ডি. পি. ও, সি. আই, ও. সি এই তিন জন মিলে গিয়েছিলেন। কিন্তু ওখানে অত লোক জড়ো হওয়ার ফলে পুলিশ কিছু করতে না পেরে ব্যবসায়ী পরিষদের সভাপতি শ্রী শঙ্করপ্রসাদ বসুকে থানায় ধরে নিয়ে গেছে এবং সি আই নিজে তার তলপেটে এমন লাথি মেরেছে যে, তার মুখ দিয়ে রক্ত বেরোচ্ছে এবং এখন তাকে নার্সিং হোমে রাখতে হয়েছে। এই ব্যাপারে তদন্ত করা হোক এবং এমন অমানবিক ঘটনা যে ঘটেছে, তার বিচার চাইছি।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অবহেলিত সুন্দরবনের নদীবাঁধগুলির অবিলম্বে সংস্কার সাধন না হলে এখানে বিপদ হতে পারে। সেখানে মানুষ ২ বছর ধরে নোনাজল পান করছে। অবিলম্বে নদী বাঁধগুলি সারানোর জন্য বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-30 – 2-10 p.m.(Including Adjournment)]

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** স্যার, আপনার মাধ্যমে স্কুল এবং শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে পশ্চিমবঙ্গে প্রাইমারি শিক্ষক যাঁরা ৬০-এর উপর কাজ করছেন তাঁরা বিগত কয়েক মাস ধরে বেতন পাচ্ছেন না। আমরা এ ব্যাপারে গত জুলাই মাসে মাননীয় শ্রী অতীশচন্দ্র সিনহা মহাশয়ের নেতৃত্বে মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম। তিনি বলেছিলেন এই ব্যাপারটা হাইকোর্টে পেণ্ডিং আছে। হাইকোর্টের রায় বেরোলে তাতে যা বলা থাকবে সেটা আমরা মেনে নেব। গত ১৩ই মার্চ হাইকোর্টের রায় বেরিয়েছে। সেই রায়ে বলা আছে ৩০ এপ্রিলের মধ্যে অপশন দিতে হবে, বেতন দিতে হবে। কিন্তু হাইকোর্টের রায় মানা হচ্ছে না। এই ব্যাপারে অবিলম্বে যাতে হাইকোর্টের রায় মানা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এলাকায় পুলিশের অত্যাচারে সাধারণ মানুষের জীবন অতিষ্ঠ হয়ে উঠেছে। প্রত্যহ উত্তরবঙ্গ থেকে ব্যাপক পরিমাণে তামা, পিতল চোরাই হয়ে আসে। সেই চোরাই মাল ধরার জন্য পুলিশকে অনুরোধ করা সত্ত্বেও পুলিশ কোনও ব্যবস্থা নেয়নি। সাধারণ মানুষ চোরাই মাল ধরে পুলিশের হাতে তুলে দিলে পুলিশ সাধারণ মানুষকে হয়রানি করছে। ৭৫ বছরের বৃদ্ধ থেকে শুরু করে শিশুরাও পর্যন্ত এই পুলিশের অত্যাচারের হাত থেকে রেহাই পাচ্ছে না। কাটোয়া থানা এলাকায় পুলিশের অত্যাচার বন্ধ করার জন্য আমি মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী সবিত্রী মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের মহারাজপুর জি. পি.র সুলতানগঞ্জ হাসপাতাল ৬ বছর ধরে বন্ধ আছে। এই হাসপাতালের ডাক্তারকে তুলে নিয়ে হরিশচন্দ্রপুরের হাসপাতালে দেওয়া হয়েছে। এই অঞ্চলে ২ লক্ষ লোক বাস করেন। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি অবিলম্বে সুলতানগঞ্জ হাসপাতালে ডাক্তার পাঠানোর ব্যবস্থা করা হোক।

**(At this stage the House was adjourned till 2-00 p.m.)**

[2-00 – 2-10 p.m.(After Adjournment)]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

## DEMAND NO 73

**Mr. Deputy Speaker :** There are 10 cut motions to Demand No. 73. All the cut motions are in order and taken as moved.

**Shri Sultan Ahmed :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-

**Shri Ashoke Kumar Deb** (2)
**Shri Kamal Mukherjee** (3-5)
**Shri Ajoy De** (6-7)
**Shri Nirmal Ghosh** (8)
**Shri Saugata Roy** (9)
**Shri Gopal Krishna Dey** (10)

Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**শ্রী অজয় দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ক্ষুদ্র-কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় প্রলয় তালুকদার মহাশয় আজকে যে ব্যয় বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের সদস্যদের আনীত কাট মোশনগুলো সমর্থন করে আমার বক্তব্য রাখছি।

স্যার, আমাদের পশ্চিমবাংলার সবচেয়ে জ্বলন্ত সমস্যা হচ্ছে বেকার সমস্যা—যা এখন প্রায় ৬০ লক্ষে এসে দাঁড়িয়েছে। পশ্চিমবাংলায় বিভিন্ন জেলায় যেসব ছোট ছোট শিল্প রয়েছে, সেইগুলোকে সঠিক ভাবে কাজে লাগাতে পারলে এই সমস্যার অনেকটাই সমাধান করা যেত। আজকে এইগুলো বন্ধের মুখে এসে দাঁড়িয়েছে। সঠিক ভাবে সরকারি তত্ত্বাবধানে এবং সহায়তায় যদি পরিচালিত হত তাহলে এইগুলো বন্ধের মুখে আসত না। এবং বেকার সমস্যার সমাধানেও কিছুটা সুগম হত। কিন্তু সেই সুযোগ বাংলার মানুষ পাচ্ছে না। এখানে অনেক বড় বড় শিল্পপতিদের আনলেন, অনেক মৌ সই করালেন—আশা হল এখানে বড় শিল্প হবে। কিন্তু হল কি? বড় শিল্প নতুন করে কিছুই হল না, বরং এখান থেকে কিছু কিছু চলে গেল। ঐ গুরুত্বটা যদি ছোট শিল্পের ক্ষেত্রে দেখান হত, তাহলে এই ৬০ কোটি বেকারের কিছুটা কর্ম সংস্থানের ব্যবস্থা হতে পারত। আজকে এই জ্বলন্ত সমস্যার জন্য চেয়েছেন ১০৫ কোটি ৬০ লক্ষ ২৫ হাজার টাকা। জানি না এই টাকা দিয়ে কতটা কি করতে পারবেন। আজকে বাংলায় ক্ষুদ্র শিল্পগুলোর, ছোট ছোট শিল্পগুলোর রেজিস্ট্রেশনের ব্যাপারটা দেখবেন কিভাবে কমে যাচ্ছে। বর্তমানে যে সমস্ত নথিভুক্ত ক্ষুদ্র শিল্পের পরিসংখ্যান আছে পশ্চিমবাংলায়, তার থেকে কয়েকটি জেলার অবস্থা তুলে দিচ্ছি। ১৯৯৪-৯৫ সালে বাঁকুড়া জেলায় যেখানে ছিল ৮১৮টি, সেখানে ১৯৯৫-৯৬ সালে কমে হল ৬২৪টি। বীরভূম

জেলায় ১৯৯৪-৯৫ সালে ছিল ৪০৮টি, সেটা ১৯৯৫-৯৬ সালে কমে হল ৩২৭টি। বর্ধমান জেলায় ১৯৯৪-৯৫ সালে যেখানে ছিল ১,২৬৯টি, সেখানে ১৯৯৫-৯৬ সালে কমে হল ৭৮৮টি। হাওড়া জেলার ক্ষেত্রে ১৯৯৪-৯৫ সালে ১,৬৯৪, সেখানে ১৯৯৫-৯৬ সালে কমে হল ১,৬৬৯টি।

এর থেকে ধরে নেওয়া যায় ক্ষুদ্র শিল্পের প্রতি মানুষের যে প্রবণতা, এই শিল্পকে কাজে লাগিয়ে কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করার যে প্রবণতা সেটা আস্তে আস্তে আমাদের পশ্চিমবাংলায় নষ্ট হচ্ছে। এবং তার কারণ আমি মনে করি, ছোট ছোট শিল্পগুলোকে যেভাবে সরকারের সহায়তা বা সহযোগিতা করার পদক্ষেপ নেওয়ার দরকার ছিল, প্রভাকশন বাজারজাত করার জন্য যে পদক্ষেপ নেওয়া দরকার ছিল সেটা আজকে খুবই হতাশাব্যাঞ্জক। আজকে ছোট ছোট শিল্পগুলো ব্যাঙ্ক থেকে যে লোন নেয় তার রেট অফ ইন্টারেস্ট অনেক বেশি। আবার যদি ঋণ পরিশোধের গ্যারান্টার না থাকে তাহলে কোনও এস.এস.আই.-কে সাহায্য করা হচ্ছে না। ফলে শিল্পগুলো বন্ধ হয়ে যাচ্ছে। আজকে পশ্চিমবাংলায় এই রকম অনেক শিল্প আছে—কাঁসা-পিতল শিল্প, সিরামিক শিল্প, শাঁখা শিল্প, ছোট ছোট মৃৎ শিল্প, বেতের শিল্প, মেদিনীপুরের মাদুর শিল্প প্রভৃতি। কিন্তু রাজ্য সরকার শুধু মাত্র প্রত্যেকটা জেলাতে একটা করে ডি.আই.সি. খোলা ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে সহযোগিতার কাজ শেষ করতে চেয়েছেন। এ বিষয়ে আমরা আমলাদের কি দৃষ্টিভঙ্গি দেখছি? কিন্তু ব্যবসায়িকরা প্রফেশনে কোনও রেজাল্ট ওরিয়েন্টেড কিছু করতে পারছেন না। সাহায্য সহযোগিতা করার সাজেশন যথেষ্ট দেওয়া হয়েছে কিন্তু দেখা যাচ্ছে যখন ডি.আই.সি. স্কীমগুলো ইন্টারভিউয়ের পর ব্যাঙ্কে যাচ্ছে ব্যাঙ্ক রিফিউজ করে দিচ্ছে। সুতরাং আজকে ব্যাঙ্কগুলোর সাথে দপ্তরগুলোর কোনও সমন্বয় আছে কি না সেটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন। আজকে ছোট ছোট যেসব শিল্প বন্ধ হয়ে গেছে তার সব হয়ত খোলা যাবে না কিন্তু যেগুলোর সম্ভাবনা আছে সে বিষয়ে আপনি কি ব্যবস্থা নিয়েছেন জানাবেন দরকার হলে স্টাডি করতে হবে, কমিটি করতে হবে। দেখতে হবে কোনটা সিক হয়ে গেছে, কোনটা ভায়াবেল করা যাবে। দরকার হলে এজন্য একটা টিম করতে হবে। কিন্তু আজকে এজন্য মাননীয় মন্ত্রী মহাশয় কোনও পদক্ষেপ নিচ্ছেন না। তাই আজকে ক্ষুদ্র শিল্পের মধ্যে দিয়ে বেকার সমস্যার সমাধানের কোনও পথ পাওয়া যাচ্ছে না, সমস্ত ব্যাপারটা, সব স্কীমগুলো কাগজে-কলমে থেকে যাচ্ছে মানুষের কোনও কাজে লাগছে না। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের ব্যয় বরাদ্দের বিরোধিতা করছি। আজকে বিভিন্ন জিনিস—প্যারাফিন, মোম, প্রভৃতি জিনিসে পারমিটের ব্যবস্থা আছে। কিন্তু তা কোনও কাজে লাগছে না। সাইনবোর্ডে শুধু 'ক্যান্ডেল ওয়ার্ক' বলে ঝুলিয়ে দেওয়া হয়েছে। আজকে পারমিটগুলো চড়া দামে বিক্রি হয়ে যাচ্ছে। সেখানে কি নজরদারীর ব্যবস্থা রেখেছেন? যে সহযোগিতার কথা বলছেন, সাহায্যের ব্যবস্থা করেছেন তার দ্বারা এই শিল্পগুলোর কোনও উপরকার আদৌ হচ্ছে কি না এটা ভাবতে হবে। আজকে প্রাইম মিনিস্টার রোজগার যোজনা বলে একটা প্রকল্প আছে। এর মাধ্যমে শিক্ষিত বেকারদের লোন এবং সাব-সিডি দেওয়ার ব্যবস্থা আছে। কিন্তু আমরা কি

দেখছি? রিসেন্টলি আমরা দেখতে পাচ্ছি, ১৯৯৫-৯৬ সালে টোটাল ৭৫ হাজার ২৩৮টা রেকমেন্ড করা হলেও লোন পেল ৮ হাজার ৯৭১ জন।

[2-10 – 2-20 p.m.]

তার লক্ষ্যমাত্রার ১৭ পারসেন্টের বেশি এটা ফুলফিল করতে পারছিলেন না এটা আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে দেখতে বলব। আজকে প্রাইম মিনিস্টার রোজগার যোজনার স্কীমগুলি কেন মার খাচ্ছে, কোথায় ত্রুটি হচ্ছে? আমলারা ঠিকমতো পরিচালিত করছেন কি না? এই সব বেকারদের নিয়ে ঠিকমতো গাইডেন্স দিচ্ছে কি না? সাজেশন ঠিকমতো দিচ্ছে কি না? আজকে প্রাইম মিনিস্টার যোজনার স্কীমগুলি আদৌ কার্যকর হচ্ছে না, তার থেকে সুফল পাওয়া যাচ্ছে না। বিভিন্ন জায়গায় আমাদের যে সুনাম ছিল, যেমন সেরিকালচারের বিষয় নিয়ে আমাদের দলের নেতা শ্রী অতীশ সিনহা আগের বাজেটে বার বার বলেছেন। বিভিন্ন সময় আমরা দেখেছি সেরিকালচারের ব্যাপারে মালদায় একটা ফিলেচার ইউনিট আছে সেখানে কোকুন তৈরি হত, সেটা বন্ধ আছে। সেখানে রেশম চাষের একটা ভাল জায়গা, সেখানে গুটি পোকা চাষ হচ্ছে, সেখানে গভর্নমেন্ট কোনও ব্যবস্থা নিতে পারছে না, আজকে ফিলেচার ইউনিটগুলি বন্ধ হয়ে রয়েছে। আজকে ছোট ছোট শিল্প সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ। ইন্দিরা গান্ধী কৃষিতে ২০ পয়েন্ট প্রোগ্রামে তাঁতের উপর জোর দিয়েছিলেন, সেটা আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে? আজকে তাঁত শিল্পের সমবায়গুলিতে তন্তুজীবীদের কি অবস্থা, সমবায় সমিতিগুলির চেহারা কি? ১৯৭২-৭৪ সালে যেখানে ১২৫০টি সমবায় সমিতি ছিল, সেখানে আজকে ৭১১ টাতে গিয়ে দাঁড়িয়েছে। ১৯৮৬-৮৭ সালের পর থেকেই এটা বেশি করে হয়েছে। তার মানে টোটাল কন্ট্রোলটা করছে মনিটরিং কমিটি, ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেশন মনিটরিং কমিটি এটাকে কন্ট্রোল করছে। সেখানে আপনাদের দলভুক্ত সিটুর মেম্বাররা আছে, গভর্নমেন্টের প্রতিনিধিরা আছে, জেলাপরিষদের প্রতিনিধিরা আছেন, তার বাইরের কোনও মানুষ নেই। আজকে সুপারিশের ক্ষেত্রেও দেখা যাচ্ছে যেখানে ৩০টা, ৪০টা লুম রয়েছে সেখানে সুপারিশ করা হচ্ছে এবং তার ভিত্তিতে কাজ হচ্ছে। সেখানে টাইম টু টাইম সুপারভাইজ করা হচ্ছে না, ভিজিট করা হচ্ছে না, সেখানে এই মনিটরিং কমিটিই শেষ কথা বলছে। এর ফলে প্রকৃত যারা তাঁতী তারা সুযোগ পাচ্ছে না। কতগুলি কাগজের তালিকা তৈরি হচ্ছে এবং এর ফলে কো-অপারেটিভগুলি রেজিস্ট্রেশন পাচ্ছে। তমলুকে ৫২টা লুম আছে, মনিটরিং কমিটি সেখানে সুপারিশ করছে। মনিটরিং কমিটির নামে যে দলবাজি হচ্ছে আজকে সেটার পরিবর্তন হওয়া দরকার। ১৯৮৬-৮৭ সালের আগে যে ব্যবস্থা ছিল, সেখানে অফিসাররা এনকোয়ারী করতেন, ভিজিট করতেন, সেখানে মনিটরিং করতেন তার পর দেখে তারা সুপারিশ করতেন। কিন্তু এ ক্ষেত্রে দলীয় ভিত্তিতে সুপারিশগুলি মানা হচ্ছে। এই জায়গায় আমি মনে করি এগুলির ব্যাপারে তদন্ত হওয়া দরকার। এই কমিটিগুলি ভেঙে দেওয়া দরকার। এ সব ক্ষেত্রে লোকাল এম. এল. এদের সেখানে ইনভলভ করা দরকার। লোকাল এম. এল. এদের সেখানে প্রাধান্য দেওয়া দরকার। কালকে বুদ্ধদেব বাবু বলেছেন থানা কমিটি

হবে সেখানে লোকাল এম. এল. এরা থাকবে। ভূমি সংস্কার কমিটিতে সেখানে লোকাল এম. এল. এরা থাকবে তাহলে তন্তুবায়দের মনিটরিং কমিটিতে কোন এম. এল. এরা থাকবে না কেন? আপনি এর জবাব দেবেন। সুতো হ্যাংকইয়ার্ড কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৪০ লক্ষ কে. জি. নেয়। অন্তত বাজার থেকে ২০% কম দামে তন্তুজ ও তন্তুশ্রী'র কাছে সেই সুতো দিচ্ছেন। কিন্তু সেই সুতোগুলো যাচ্ছে কোথায়? সোজাসুজি বাজারে চলে যাচ্ছে। বাজার থেকে সেই সুতো চড়া দামে তাঁতীরা কিনতে বাধ্য হচ্ছে। এটা তদন্ত হওয়া দরকার। ডাইরেক্টর অফ হ্যাণ্ডলুম, আপনার অফিসার স্বীকার করেছেন—তিনি গত ১৯৯৪ সালের ৮ই আগস্ট ম্যানেজিং ডাইরেক্টর, পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশনকে চিঠি দিয়ে কি বলেছেন? তিনি বলেছেন, 'এই সুতো বাইরে যাচ্ছে, তুমি তদন্ত করো।' তা হয়নি, সুতো বাজারে চলে যাচ্ছে। এইচ. ডি. সি.-র ব্যাপারে বলতে চাই, টার্গেট ছিল ৪৮৬-টা, মাত্র ১৩৫-টা হল। ডাইং সেন্টার ৭০-টার মধ্যে ৩৮-টা হল। অথচ ছোট রাজ্য মনিপুর টার্গেট ফুলফিল করছে। এটা আমাদের লজ্জা। এখানে শুধুই দলবাজি হচ্ছে। আড়াই শো কমিয়ে দেড়শো ধার্য হল, এবং পরে দেড় শো কমিয়ে ৫০ হল ডাইরেক্টর অফ হ্যাণ্ডলুমের সুপারিশ অনুযায়ী। এর থেকেই বোঝা যায় আমাদের রাজ্যে তন্তুজীবীদের যে সমস্যা রয়েছে সে সমস্যা মোকাবিলায় এই সরকার সম্পূর্ণ ব্যর্থ। ফলে বেকার সমস্যার সমাধান তো হচ্ছেই না, বরঞ্চ বেকার সমস্যা দিনের পর দিন বেড়ে চলেছে। তাই আমি এই ব্যয়-বরাদ্দের দাবির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় তাঁর দপ্তরের ১৯৯৭-৯৮ সালের যে বাজেট বরাদ্দের দাবি জানিয়েছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। একটু আগে আমাদের বিরোধী পক্ষের মাননীয় সদস্য বললেন পশ্চিম বাংলার সমস্ত মাঝারি ও ভারী শিল্প রুগ্ন হয়ে গেছে। তিনি ভুলে যাচ্ছেন যে, গোটা ভারতবর্ষের ঐ একই অবস্থা। মাঝারি ও ভারী শিল্পের ক্ষেত্রে গোটা দেশে যে অবস্থার সৃষ্টি হয়েছে তা পশ্চিমবঙ্গের ক্ষেত্রেও হয়েছে। কিন্তু এই পরিস্থিতি এমনি হয়নি। আমি ওঁদের স্মরণ করিয়ে দিতে চাই যে, ১৯৪৮ সালে যে শিল্প নীতি ওঁরা গ্রহণ করেছিলেন তাকে ওঁরা কার্যকর করেননি। তা না করে ১৯৫৬ সালে আবাদী সম্মেলনে তা পরিবর্তন করেছিলেন। শুধু তাই নয়, পরবর্তী অধ্যায়ে ১৯৭০ সালে ওঁরা শিল্প নীতির ক্ষেত্রে এম. আর. টি. পি. অ্যাক্ট চালু করেছিলেন। তারপর আবার ১৯৯১ সালে তা বাতিল করেছিলেন। শুধু বাতিলই নয়, বিশ্বায়নের নাম করে, নয়া-শিল্প নীতির নাম করে বৃহৎ পুঁজিপতি এবং বিদেশি বহুজাতিক সংস্থা গুলিকে, সবাইকে এক অসম প্রতিযোগিতার মধ্যে এনে দাঁড় করিয়ে দিলেন। ফলে আমাদের ক্ষুদ্র ও কুটির শিল্পকে এই রকম একটা কঠিন পরিস্থিতির মধ্যে পড়তে হল। পশ্চিমবাংলায় বৃহৎ ও মাঝারি শিল্পগুলি বন্ধ এবং রুগ্ন হওয়ার কারণ, দীর্ঘদিন ধরে ওঁদের গৃহীত মাশুল-সমীকরণ নীতি, লাইসেন্স প্রথা, অর্থ বিনিয়োগের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির বিমাতৃসুলভ আচরণ ইত্যাদি।

ওঁদেরই কেন্দ্রীয় সরকারের নীতি এবং নির্দেশ অনুযায়ী দিনের পর দিন পশ্চিমবঙ্গের ভারী ও মাঝারি শিল্পগুলি রুগ্ন হয়ে পড়েছে। শিল্প ক্ষেত্রে পশ্চিমবাংলা স্বাধীনতার পূর্বে গোটা দেশের মধ্যে প্রথম স্থানে ছিল, ওঁদের মার খেতে খেতে আজকে তা বহু নিচে নেমে গেছে। এরকম একটা পরিস্থিতিতে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ক্ষুদ্র ও কুটির শিল্পের ওপর জোর দেন। শুধু জোরই দেননি, আজকে তাকে ভারতবর্ষের ভেতর প্রথম স্থানে এনে দাঁড় করিয়েছেন। তাই আমি এই ব্যয় বরাদ্দের দাবিকে পূর্ণ সমর্থন করছি। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের ক্ষুদ্র ও কুটির শিল্পের ক্ষেত্রে সাফল্যের পেছনে কতগুলি কারণ আছে। সেই কারণগুলি আমি আমাদের বিরোধী বন্ধুদের একটু ভাবতে অনুরোধ করছি। মূল কারণ, পশ্চিম বাংলায় ভূমি সংস্কার আন্দোলনের সাফল্য। ১৯৯৫-৯৬ সাল পর্যন্ত পশ্চিম বাংলায় বামফ্রন্ট সরকার ৯ লক্ষ ৭০ হাজার একর জমি প্রায় ২৩ লক্ষ ৫০ হাজার ভূমিহীন কৃষকের মধ্যে বিলি করেছেন। শুধু তাই নয় ১০ লক্ষ ৮৮ হাজার একর জমিতে ২৯ লক্ষ ৭০ হাজার বর্গাদারের নাম রেকর্ডভুক্ত করা হয়েছে। এর সাথে সেচ ব্যবস্থার উন্নতির মধ্য দিয়ে প্রায় ৫০/৫১ ভাগ কৃষি জমিতে নিশ্চিতভাবে বছরে দুটো বা তার বেশি চাষের ব্যবস্থা হয়েছে।

[2-20 – 2-30 p.m.]

এবং পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন কর্মসূচির মাধ্যমে গরিব ও মাঝারি কৃষকদের, গ্রামের গরিব বেকার যুবকদের জন্য, তাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি সাধনের জন্য, বাজারে মাল কেনার উপযোগী যে ক্ষমতা সেই ক্ষমতা সৃষ্টির ফলশ্রুতি হিসাবে পশ্চিমবাংলায় ক্ষুদ্র ও কুটির শিল্পের ব্যবস্থার মাধ্যমেই সম্ভব হয়েছে। তাই আমি বিরোধী বন্ধুকে আহ্বান জানাব এই বাজেটকে সমর্থন করতে। ঠিক অনুরূপ ভাবে পশ্চিমবঙ্গ সরকার ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য যে কাজগুলি করছেন সেগুলি যদি লক্ষ্য করা যায় তাহলে দেখবেন, গোটা পশ্চিমবাংলায় শিল্পের যা উৎপাদন হয়ে থাকে তার ৪৫ ভাগই উৎপাদন হয়ে থাকে ক্ষুদ্র ও কুটির শিল্পের মাধ্যমে এবং বিদেশে যা রপ্তানি হয় তার ৪০ ভাগ যোগান দেয় ক্ষুদ্র ও কুটির শিল্প ইউনিটগুলি। ঠিক অনুরূপভাবে পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি মানুষের কর্মসংস্থান হচ্ছে যে সেক্টরে সেটা হচ্ছে ক্ষুদ্র ও কুটির শিল্প সেক্টরে। প্রায় ২৯ লক্ষ মানুষ ক্ষুদ্র ও কুটির শিল্পের মাধ্যমে জীবিকা নির্বাহ করছে। ক্ষুদ্র ও কুটির শিল্পের ১৫ লক্ষ মানুষ গুঁটি পোকা ও রেশম চাষে ৪ লক্ষ মানুষ এবং তাঁত শিল্পে ৭ লক্ষ মানুষ, খাদি ও গ্রামীণ শিল্পে ৩ লক্ষের মতন মানুষ নিয়োজিত আছে। তাই আমি এই বাজেটকে সমর্থন জানাচ্ছি। ঠিক অনুরূপভাবে আমরা যদি লক্ষ্য করি তাহলে দেখব, এদেশে ব্রিটিশের রাজত্ব করার আগে বাংলার মসলিন যে জগৎ বিখ্যাত ছিল, স্বাধীনতার পর এই শিল্পের সেইভাবে উন্নতি ঘটানো গেল না। কিন্তু পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারে রাজত্বকালে আমরা যদি দেখি তাহলে কি দেখব—হুগলি, নদীয়া, ২৪-পরগনা, বর্ধমান প্রভৃতি জেলায় তাঁত শিল্পের উৎকর্ষ সাধন প্রক্রিয়া শুরু হয়ে গেছে পুরোনো ঐতিহ্যকে ফিরিয়ে আনতে। সেইজন্য মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের

দাবি উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। ঠিক অনুরূপভাবে আমরা যদি দেখি, চামড়াজাত শিল্পের ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের কৃতিত্বকে আমাদের স্মরণ করতে হবে। ১৯৯৫-৯৬ সালে গোটা ভারতবর্ষে যেখানে ৩২০০ কোটি টাকা চামড়াজাত জিনিস রপ্তানি হয়েছে, সেক্ষেত্রে পশ্চিমবাংলার অংশ হচ্ছে ৬১৭ কোটি টাকা। শুধু তাই নয়, একটু আগে মাননীয় বিরোধী দলের সদস্য বললেন, উন্নতি তেমন কিছু হয়নি, পিছিয়ে পড়ছে। ১৯৭৬-৭৭ সালে যেখানে ৬৫ লক্ষ জোড়া জুতো তৈরি হয়েছে পশ্চিমবাংলায়, সেখানে ১৯৯৫-৯৬ সালের হিসাব যদি দেখি তাহলে দেখব এটা বেড়ে দাঁড়িয়েছে ১৪৫.২ লক্ষ জোড়া জুতো। সুতরাং এটা যে অগ্রগতির লক্ষ্যণ সেটা আর একবার স্মরণ করিয়ে দিতে চাই। শুধু তাই নয়, এর জন্য কি করে উন্নত নকশা করা যায় তারজন্য গবেষণাগার, তারজন্য কম্পিউটার সিস্টেম, তারজন্য রিসোর্স সেন্টার, লাইব্রেরি স্থাপন এইসবগুলির ব্যবস্থা নেওয়া হয়েছে। তাই আমি এই বাজেটকে সমর্থন করছি। ঠিক অনুরূপভাবে তাঁত শিল্পের উন্নতির বিষয়টি যদি লক্ষ্য করি তাহলে দেখবো ১৯৭৬-৭৭ সালে পশ্চিমবাংলায় যেখানে ১ লক্ষর নিচে তাঁত ছিল এবং যেখানে কাপড় উৎপন্ন হয়েছে ২০ কোটি মিটার, আজকে সেই জায়গায় ১৯৯৫-৯৬ সালে তাঁতের সংখ্যা দাঁড়িয়েছে ৩ লক্ষ ৮০ হাজার ইউনিট এবং কাপড় উৎপন্ন হয়েছে ৫০ লক্ষ কোটি মিটার এবং পরোক্ষ ও প্রত্যক্ষভাবে প্রায় ৮ লক্ষ মানুষ এর সঙ্গে নিযুক্ত রয়েছে একটু আগে মাননীয় বিরোধী দলের সদস্য বললেন, সমবায়ের সংখ্যা কমেছে তাঁত শিল্পের ক্ষেত্রে। ওদের আমলে অর্থাৎ কংগ্রেসি আমলে ১৯৭২-৭৩ সালে তাঁত সমবায় ছিল ১২৫০। সেটা ১৯৯৫-৯৬ সালে তাঁত সমবায় শিল্পের সংখ্যা দাঁড়িয়েছে ১৯২২। সুতরাং বৃদ্ধির লক্ষ্যণ দেখা যাচ্ছে। অপরদিকে ১ লক্ষ ৫০ হাজার ৩২৬ জন তাঁতীকে এই সমবায়ের আওতায় আনা গেছে। উনি বললেন সুতোগুলো বাজারে বিক্রি হয়ে যাচ্ছে উনি জানেন যে ওয়েস্ট বেঙ্গল হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন এবং উইভার্স কোঅপারেটিভ সোসাইটি এই সমবায় সমিতিগুলোকে এবং দরিদ্র তাঁতী ভাই যারা আছেন তাদের সুতো সরবরাহ করে থাকে এবং এই সুতো আসে পশ্চিমবঙ্গ সরকার নিয়ন্ত্রণ করছে এমন তিনটে স্পিনিং মিল থেকে, রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রে স্পিনিং মিল থেকে। সুতরাং তাঁত শিল্পে অগ্রগতি যে দপ্তরের মাধ্যমে ঘটেছে সেই দপ্তরের ব্যয় বরাদ্দকে সমর্থন জানাচ্ছি। এই দপ্তরের মাধ্যমে খাদি, তুঁত, রেশম, তাঁত, শালপাতা, কাজু বাদাম, চামড়া, বাবুই দড়ি, তৈল বীজ, হোসিয়ারী, পোশাক শিল্প, লাক্ষা শিল্প, নারকেল ছোবড়ার শিল্প, চিনা মাটির শিল্প, সাবান শিল্প, মোম শিল্প প্রভৃতি শিল্পের মাধ্যমে কম অর্থ বিনিয়োগ করে বেশি মানুষের কর্ম সংস্থান করার জন্য প্রতিনিয়ত সচেষ্ট, সেই জন্য এই দপ্তরের বাজেটকে সমর্থন করছি। ঠিক অনুরূপ ভাবে যদি আমরা দেখি, যারা কিছুকাল কেন্দ্রে ছিলেন, তারা যে নয়া অর্থনৈতিক নীতি, বাণিজ্য ও শিল্প নীতি ঘোষণা করেছিলেন, তাতে দেশের ক্ষুদ্র ও কুটির শিল্প চরম ভাবে আঘাত খেয়েছে। যার ফলে ক্ষুদ্র ও কুটির শিল্প প্রচণ্ড ভাবে অসম প্রতিযোগিতার সম্মুখীন হয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গর ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তর তার অগ্রগতিকে ধরে রেখেছে এবং আরও বাড়িয়ে চলেছে। এই জন্য এই দপ্তরের ব্যয় বরাদ্দকে আমি সমর্থন করি। ৯১ সালের কেন্দ্রীয় সরকারে নীতির ফলে যেটা

দাঁড়িয়েছে, আমরা জানি যে এম. আর. টি. পি. অ্যাক্টের ফলে যেখানে বৃহৎ শিল্প এবং ঐ বিদেশি বহুজাতিক সংস্থাগুলো দেশের কুটির শিল্প এবং মাঝারি শিল্পকে ক্ষতিগ্রস্ত না করে তার জন্য এই আইনটা করা হয়েছিল। কিন্তু ওনারা ঐ আইনটা তুলে দিলেন। এর ফলে যেন অবস্থা হয়েছে একই পুকুরে চুনো পুঁটি, রাঘব বোয়াল, রাঘব চিতল রাখলে চুনো পুঁটি থাকবে কী করে? এটা কখনও হয় না। এর ফলে ভারতবর্ষে দিনের পর দিন ক্ষুদ্র এবং মাঝারি শিল্পগুলো রুগ্ন হয়ে পড়ছে। তেমনি পশ্চিমবাংলায়ও সেই জিনিস ঘটছে। তবুও পশ্চিমবঙ্গ সরকারের প্রচেষ্টায় ক্ষুদ্র শিল্পের যে অবস্থান, সেটাকে টিকিয়ে রাখা যাচ্ছে এবং তার অগ্রগতিও হচ্ছে। ৭৩ সালে ফেরা আইন বাতিলের ব্যবস্থা ওরা করেছে এবং নয়া বাণিজ্য নীতি, বিদেশি পুঁজি বিনিয়োগ এর ব্যবস্থা ওরা করেছে। এই দেশে তারা ১০০ ভাগ পুঁজি বিনিয়োগ করতে পারবেন। কিন্তু তাদের উচ্চ প্রযুক্তি, এবং প্রচার মাধ্যম এবং অন্যদিকে তাদের অর্থনৈতিক দিকের যে সফলতা, তার ফলে যেখানে অল্প পুঁজিতে এই ক্ষুদ্র শিল্প এবং কুটির শিল্প চলছে, তার সঙ্গে প্রতিযোগিতায় পেরে উঠছে না। এই অসম প্রতিযোগিতায় ক্ষুদ্র ও কুটির শিল্প মার খাচ্ছে। পশ্চিমবঙ্গের ক্ষুদ্র শিল্প দপ্তর-এর ব্যয় বরাদ্দের উপর যে ওনারা বিরোধিতা করছেন, সেই বিরোধিতা করে আজকে ওরা মায়া কান্না কাঁদছেন।

[2-30 – 2-40 p.m.]

ঠিক অনুরূপভাবে উনি প্রধানমন্ত্রী রোজগার যোজনা নিয়ে বললেন। এই প্রসঙ্গে আমি ওকে সংখ্যাতত্ত্বের মধ্যে যেতে বলব। রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কগুলি যে এ ক্ষেত্রে তাদের দেয় ঋণ দিচ্ছেনা এটা কিন্তু তাদের খেয়াল খুশিমতন নয়। কেন্দ্রীয় সরকারের গোপন নির্দেশের ফলেই পশ্চিমবঙ্গে তারা ঋণ দেয়নি। পশ্চিমবঙ্গে রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কগুলি কর্তৃক স্বনিযুক্তি প্রকল্পে শিক্ষিত বেকার যুবকদের ঋণ দেওয়ার যে পরিসংখ্যান আমাদের কাছে আছে তা এই রকম। প্রধানমন্ত্রীর রোজগার যোজনায় ১৯৯৪-৯৫ সালে ঋণ দেওয়ার লক্ষ্যমাত্রা ছিল ২২ হাজার ৯শো, সুপারিশ করা হয়েছিল ৩৫ হাজার ১৫৫, ব্যাঙ্ক অনুমোদন করেছিল ৮৭৫৩, বাস্তবে দিয়েছিল ৩৭৪৪। তারপর ১৯৯৫-৯৬ সালে লক্ষ্যমাত্রা ছিল ২২ হাজার ৯০০, সুপারিশ করা হয়েছিল ৩৪ হাজার ৪৮০, ব্যাঙ্কগুলি অনুমাদন করেছিল ১০ হাজার ১৬৯, দেওয়া হয়েছিল ৪ হাজার ৬৬৭। বিরোধী বন্ধুদের আমি বলব, আপনাদের নীতির ফলেই এই ঘটনা ঘটেছে। এ ক্ষেত্রে একটা নীতি নিতে হবে বলেই আপনারা তা নিয়েছিলেন কিন্তু বাস্তবে তা কার্যকর করার জন্য সেখানে আপনাদের রাজনৈতিক সদিচ্ছার অভাব ছিল। সত্যিকারের সদিচ্ছা যদি আপনাদের থাকতো তাহলে পরিস্থিতি এই রকম দাঁড়াত না। অপর দিকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার রাজ্যের বেকার যুবক, শিক্ষিত বেকার যুবকদের কথা ভাবেন বলেই এবং দরিদ্র মানুষ ও মাঝারি আয়ের মানুষদের কথা ভাবেন বলেই ক্ষুদ্র ও কুটির শিল্পকে আজকে আমরা এই জায়গায় নিয়ে যেতে পেরেছি। বিরোধীপক্ষের সদস্য, আই. আর. ডি. পি'র কথা বললেন। এ ক্ষেত্রে নতুন ইউনিট স্থাপন কমেছে, বাড়েনি বলে যেটা আপনারা বললেন সেটা ঠিক নয়। উনি বাঁকুড়া, বীরভূম, নদীয়া ইত্যাদি জেলার যে তথ্য দিলেন সেখানে আগে যেটা ছিল তার

সঙ্গে নতুনগুলি যুক্ত হবে কাজেই সেখানে সংখ্যাটা বেড়েছে, কমেনি। আই. আর. ডি. পি'র ক্ষেত্রে ১৯৯৫-৯৬ সালে প্রায় ৯৩ হাজার ২৫৪টি নতুন ইউনিট স্থাপিত হয়েছে। কো-অপারেটিভের ব্যাপারেও মাননীয় সদস্য বললেন। কো-অপারেটিভের সংখ্যা কমেনি, বরং বেড়েছে। ফ্যামিলি কো-অপারেটিভ ছিল এবং সেখানে সংগতিসম্পন্ন মানুষরা নিজেদের মধ্যে কো-অপারেটিভ তৈরি করে গরিব মানুষদের বঞ্চিত করে লোন নিয়ে নিজেদের কাজে লাগাতেন। এখন কিন্তু তা হচ্ছে না। এখন প্রকৃত গরিব চাষী, ক্ষুদ্র শিল্পী যারা তাদের লোন দেওয়া হচ্ছে এবং তার মাধ্যমে কুটির শিল্প গড়ে তোলা হচ্ছে। এই বলে বাজেটকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কুটির ও ক্ষুদ্র শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয় আজ এই সভায় ১৫৫ কোটি ৬০ লক্ষ ২৫ হাজার টাকার যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তার সম্পূর্ণরূপে বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যে সমস্ত কাট মোশন এনেছে সেগুলি সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, পশ্চিমবঙ্গে প্রায় ৫০ লক্ষ শিক্ষিত রেজিস্টার্ড বেকার যাদের কোনও কর্মসংস্থানের ব্যবস্থা নেই। আজকে তারা বেকারত্বের জ্বালায় যখন কেঁদে বেড়াচ্ছে সেই সময় মাননীয় মন্ত্রী মহাশয় এই ক্ষুদ্র ও কুটির শিল্পের বাজেট পেশ করেছেন, আমি এর বিরোধিতা করছি। কেন আমি এই বাজেটের বিরোধিতা করছি সেই প্রসঙ্গে কয়েকটি কথা বলছি। কয়েকদিন আগে এই সভায় আমার করা প্রশ্নের একটি লিখিত উত্তর এসেছিল। বিগত বিধানসভা নির্বাচনের আগে রাজ্যের বহু মন্ত্রী বিভিন্ন এলাকায় মিটিং করে মাইনরিটি লোনের ফরম বিলি করার কথা বলেছিলেন মাইনরিটিদের ভোট নেবার জন্য। এবং বিধানসভার প্রশ্ন পত্রের লিখিত উত্তর আমার কাছে এসেছে। তাতে আমরা দেখেছি যে পশ্চিমবাংলায় ৫ হাজার ৬০০ জনের

Applications have been received from such members requesting for grant of loan. Out of these applications about 2,000 applications have so far been scrutinised. The West Bengal Minority Development and Finance Corporation has already been given a sum of Rs. 50 lakhs for this purpose.

এই টাকা পাবার পরে দেখা যাচ্ছে পশ্চিমবাংলায় মাইনরিটি যুবক একটাও এখনও পর্যন্ত লোন পাননি। আজকে মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, বিগত বিধান সভার নির্বাচনের আগে সংখ্যালঘু সম্প্রদায় এলাকায় গিয়ে এই ফর্ম বিলি করা হয়েছে এবং সংখ্যালঘু মানুষের কাছে ভোট চাওয়া হয়েছে। এই ফর্ম বিলি করার পরে এখনও পর্যন্ত তারা লোন পেল না কেন? বি.ডি.ও.-র মাধ্যমে এই ফর্ম বিলি করা হয়েছিল এবং বিলি করার পরে সেই ফর্ম ব্লক-এর ডি.আই.সি.-তে যায়। ডি.আই.সি. থেকে সমস্ত ফর্মগুলি মাইনরিটি ফিনান্স কর্পোরেশনের কাছে পাঠিয়ে দেওয়া হয়। কিন্তু আজ পর্যন্ত মাইনরিটি সম্প্রদায়ের যুবক-যুবতীরা এই লোন পায়নি। সেই কারণে আমি ক্ষুদ্র কুটির শিল্পের মন্ত্রী

মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি এখানে এনেছেন, আমি তার বিরোধিতা করছি। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, কালকের কাগজে দেখেছি যে, কেন্দ্রীয় অর্থ মন্ত্রী চিদাম্বরম বলেছেন যে প্রধান মন্ত্রী রোজগার যোজনার যে পরিকল্পনা সেটা পশ্চিমবাংলায় ব্যর্থ হয়েছে। এই মর্মে একটা ঘোষণা আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে। প্রধান মন্ত্রী রোজগার যোজনার মাধ্যমে যে সমস্ত বেকার যুবক-যুবতীদের এই পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে, যাদের ফর্ম দেওয়া হয়েছে, সেখানে এক লক্ষ টাকা পর্যন্ত লোন দেবার কথা কিন্তু আমরা দেখছি যে তারা কোনও লোন পান নি। বিশেষ করে আমার জেলায় ব্যাঙ্ক থেকে একটা লোনও দেওয়া হয়নি এবং হুগলি জেলায়ও প্রধান মন্ত্রী রোজগার যোজনায় বেকার যুবক-যুবতীরা কোনও লোন পাননি। এই রকম একটা পরিস্থিতিতে এই ব্যাপারে একটা টাস্ক ফোর্স গঠন করা হয়েছিল, কিন্তু সেই ব্যাপারেও কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। আসল কথা হচ্ছে মন্ত্রী মহাশয় এই ব্যাপারে কান দিচ্ছেন না বলে এই রকম অবস্থা হয়েছে। তৃতীয় কথা হচ্ছে, 'সেসরু' প্রকল্প বেকার যুবক-যুবতীদের স্বনির্ভর করার জন্য নেওয়া হয়েছিল। পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ বেকার এই সমস্ত যুবকদের কাছ থেকে ডি.আই.সি.-র ইন্সপেক্টররা ঘুষ নিচ্ছে। তাদের অফিসে গেলে স্কীম করে দেব বলে ২৫০, ৩০০, ৫০০ টাকা করে ঘুষ নিচ্ছে এবং এই ব্যাপারে কিছু দালাল ডি.আই.সি. অফিসে রয়েছে। এইভাবে বেকার যুবকদের প্রতারনা করা হচ্ছে। তারপরে দেখা যাচ্ছে যে, এই ফর্ম দেওয়া হচ্ছে, তারপরে সেই স্কীম যখন পাস হচ্ছে তখন ব্যাঙ্কে গিয়ে তারা টাকা পাচ্ছে না। এই রকম একটা পরিস্থিতির সৃষ্টি হয়েছে এবং এই ভাবে পশ্চিমবাংলার ক্ষুদ্র কুটির শিল্প দপ্তর চলছে। আজকে দুর্নীতিতে সব ছেয়ে গেছে। সরকারের যদি স্বদিচ্ছা থাকত তাহলে, ক্ষুদ্র কুটির শিল্প দপ্তরের যদি স্বদিচ্ছা থাকত তাহলে ব্লক লেভেলে প্রত্যন্ত গ্রামগুলিতে বি.ডি.ও. স্তরে ডি.আই.সি. অফিস করতেন।

[2-40 – 2-50 p.m.]

কিন্তু কোনও পরিকল্পনা বাজেট বক্তৃতার মধ্যে রাখেননি। বাজেট বক্তৃতার মধ্যে একথা কোথায়ও বলেননি যে, ব্লক স্তরে একটি করে যে ইন্সপেক্টররা রয়েছেন তাদের কাজটা কি। আমি বলছি, তাদের কাজ হল ব্লকে ঘুরে ঘুরে টাকা তোলা এবং বেকার যুবকদের প্রতারণা করা। আমি পরিষ্কার করে বলছি, ঐ ইন্সপেক্টরদের কাজ হচ্ছে চাঁদা তোলা, 'তোলা' তোলা এবং বেকার যুবক-যুবতীদের প্রতারণা করা। এইভাবে আজকে বেকারদের সঙ্গে প্রতারণা এবং অবিচার চলছে। তাই বলছি, সরকারের যদি সত্যিই স্বদিচ্ছা থাকে তাহলে ব্যাঙ্ক, আপনার বিভাগের অফিসার, গভর্নমেন্টের প্রতিনিধি এবং জনপ্রতিনিধিদের নিয়ে একটা কমিটি গড়ে এটাকে স্বক্রিয় ভূমিকার মধ্যে নিয়ে আসুন, টাইম-বাউন্ড প্রোগ্রাম তৈরি করে বেকার যুবক-যুবতীরা লোন পেয়ে যাতে নিজেদের স্কীমগুলি রূপায়িত করতে পারে সেটা দেখুন। কারণ একটি স্কীম পাস হবার পর ব্যাঙ্কের কাছ থেকে টাকা পেতে যদি ছয় মাস এক বছর অতিবাহিত হয়ে যায় তাহলে কোনও স্কীমই রূপায়িত হতে পারে না বলে আমি মনে করি। তারই জন্য আমাদের আনা কাট মোশনকে আমি সমর্থন করছি এবং আপনাদের এই বাজেটের বিরোধিতা করছি।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ক্ষুদ্র ও কুটির শিল্প মন্ত্রী আনীত ব্যয় বরাদ্দকে আমি সমর্থন করছি। শুধু সমর্থন করছি না, এই ১০৫ কোটি ৬০ লক্ষ ২৫ হাজার টাকা দিয়ে এরকম একটা গুরুত্বপূর্ণ দপ্তরে তিনি কি করবেন এক বছরে সেটা আমি চিন্তা করছি। কারণ আপনি জানেন, স্বাধীনতার পরবর্তীকালে কেন্দ্রীয় সরকারে যারা ছিলেন তাদের পরিকল্পনাগুলি ঠিকভাবে হয়নি বলেই গোটা দেশজুড়ে আজকে সঙ্কট। যদি সেই তারা বিদ্যুৎ, কৃষি, সেচ এবং কৃষিভিত্তিক শিল্প তৈরি করবার দিকে নজর দিতেন, নীতি নির্ধারণ করতে পারতেন তাহলে আজকে দেশ জুড়ে যে অর্থ সঙ্কট সেটা হত না, বিদেশের কাছেও আমাদের মাথা নত হত না। কিন্তু সেটা তারা করেননি। তারই স্বাভাবিক পরিণতি হিসাবে দেশে বেকার বেড়েছে এবং গোটা দেশে একটা চরম সঙ্কট সৃষ্টি হয়েছে। আজকে একমাত্র ক্ষুদ্র ও কুটির শিল্পই পারে দেশের বেকার সমস্যার সমাধান করতে। কারণ আপনি জানেন বেকারদের চাকরির যেখানে সুযোগ ছিল সেই রেলওয়ে এবং কোল ইন্ডিয়াতে চাকরির সুযোগ কেন্দ্রীয় সরকার ধীরে ধীরে সঙ্কুচিত করছেন। রাজ্য স্তরেও বিভিন্ন কলকারখানা বন্ধ হয়ে যাওয়ার ফলে বেকার যুবকেরা সেখানেও চাকরি পাচ্ছে না। অপর দিকে বিজ্ঞান এবং প্রযুক্তি দ্রুত গতিতে প্রসারিত হবার ফলে ম্যান পাওয়ারের প্রয়োজনীয়তাও কমে আসছে। এরকম একটা অবস্থায় গ্রামের বেকার যুবক-যুবতীদের কর্ম সংস্থানের সুযোগ করে দিতে পারে একমাত্র এই দপ্তর। তারই জন্য এই দপ্তরের বাজেট বরাদ্দ আগামী দিনে যাতে আরও বাড়ে তার জন্য রাজ্য সরকারকে অনুরোধ করছি। এই বাজেট বক্তৃতায় তিনি প্রায় ৪৫টি বিষয় উল্লেখ করেছেন। আজকে বেকারদের জন্য যে প্রাইম মিনিস্টারস রোজগার যোজনা সেখানে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে এটা অস্বীকার করবার উপায় নেই। কারণ ব্যাঙ্কে লোন নিতে যারা যাচ্ছে তাদের প্রত্যেককে প্রথমে ব্লকে ইন্টারভিউ দিতে হচ্ছে, তারপর ডি.আই.সি. স্কীম সিলেক্ট করছে এবং তারপর লিডিং ব্যাঙ্কগুলি ঠিক করছে কোন কোন এলাকায় কোন কোন ব্যাঙ্ক কাজটা অপারেট করবে। স্কীমগুলি ব্যাঙ্কে চলে যাবার পরও দেখা যাচ্ছে ব্যাঙ্ক তাদের লোন দিতে রাজি হচ্ছে না। এই রাজি না হবার মূলে শুধুমাত্র ব্যাঙ্কই দায়ী তা নয়; এক শ্রেণীর মানুষের পক্ষ থেকে একটা রাজনৈতিক বাতাবরণ সৃষ্টি করা হয়েছে যে, বেকাররা লোন নিলে আর টাকা পরিশোধ করবে না—এই প্রচারটাও অনেকাংশে দায়ী। এটা যেমন সত্যি, তেমনি ন্যাশনালাইড ব্যাঙ্কগুলি গরিব যুবকদের লোন দিতে স্বতঃস্ফূর্ত ভাবে এগিয়ে আসছে না সেটাও সত্যি তারই জন্য আজকে প্রধান মন্ত্রী রোজগার যোজনা বাঞ্চাল হচ্ছে। আমি হাউসে বসে আর্থিক সমীক্ষাটি দেখছিলাম।

আমাদের ১৯৯৪-৯৫ সালের লক্ষ্যমাত্রা ছিল ২২ হাজার ৯০০, সেখানে আবেদন পত্র জমা পড়েছে ৩৫,১৫৫টি, এই ব্যাপারে ব্যাঙ্ক যৌথ ইন্সপেকশন করেছে ৮,৭৫৩টি এবং ওরা দিয়েছিল ৩,৭৪৪টি। ১৯৯৫-৯৬ সালে লক্ষ্যমাত্রা ছিল ২২,৯০০টি, আবেদন পত্র জমা পড়েছিল ৩৪,৪৮০টি ব্যাঙ্ক দিয়েছিল ৬,৭০০টি। ১৯৯৬-৯৭ সালে লক্ষ্যমাত্রা ছিল ২২,৯০০টি, আবেদন পত্র জমা পড়েছিল ২২,০০২টি এবং ব্যাঙ্ক দিয়েছিল ৭৮০টি। স্বাভাবিক ভাবে এই

পরিসংখ্যান প্রধান মন্ত্রীর এই স্কীম পার্টিকুলারলি পশ্চিমবাংলায় সাকসেসফুল হচ্ছে না। এর কারণ অনুসন্ধান করতে হবে। এই ব্যাপারে ব্যাঙ্ক লেভেলে প্রেসার ক্রিয়েট করতে হবে। টাকা দিলে টাকা আদায়ের ব্যবস্থা থাকে না। আমাদের লং টার্ম এবং শর্ট টার্ম লোনের ব্যবস্থা কো-অপারেটিভে আছে। ডিস্ট্রিক্ট লেভেলে কো-আপারেটিভ সোসাইটিতে লং টার্ম এবং শর্ট টার্ম লোনের ক্ষেত্রে ৬০ পারসেন্ট আদায় হচ্ছে। এখানে যদি করা যায় তাহলে ব্যাঙ্কে কেন হবে না। এই ব্যাপারে ব্যাঙ্কের অফিসারদের মধ্যে কিছু কিছু ক্ষেত্রে দুর্নীতি আছে। ওনারা এই লোন আদায় করার ক্ষেত্রে সেই ভাবে প্রেসার ক্রিয়েট করে না। এই ব্যাপারে যে আইনানুগ ব্যবস্থা নেওয়া দরকার সেই দিকে তারা যাচ্ছে না। সব চেয়ে বড় বিষয় হল কেন্দ্রীয় সরকারের ন্যাশনালাইজ ব্যাঙ্কগুলো পশ্চিমবাংলার যে আমানত তার ৪০-৫০ পারসেন্টের বেশি খরচ করে না। যদিও এই ৫০ পারসেন্ট খরচ করছে সেটাও আবার বড় শিল্পের ক্ষেত্রে করছে, ছোট ছোট শিল্পের ক্ষেত্রে করছে না। যার জন্য বেকার যুবকদের মধ্যে একটা ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হচ্ছে। রাজনীতিগত ভাবে এর মোকাবিলা করতে হবে। সমস্ত রাজনৈতিক দল মিলে এই ব্যাপারে উদ্যোগ নিতে হবে এবং ব্যাঙ্ককে প্রেসার ক্রিয়েট করতে হবে যাতে তারা ঋণ দেয় এবং সেই লোনের টাকা আদায় করার জন্য সাহায্যও করতে হবে। লোন নেবার সময় নিয়ে যায় কিন্তু দেবা' সময় দেয় না। যার জন্য আজকে এই অবস্থার সৃষ্টি হয়েছে। লোন নিলে সেটা পরিশোধ করতে হবে, প্রশাসন এবং মন্ত্রী সকলে মিলে এই বাতাবরণ তৈরি করতে হবে। এটা হল আমার বক্তব্য। কুটির শিল্প বিভিন্ন জেলায় বিভিন্ন রকম আছে। আমাদের পুরুলিয়া জেলা কুটির শিল্প হল লাক্ষা। এই লাক্ষা থেকে বিদেশি মুদ্রা আসে। বিগত দিনে এই লাক্ষা শিল্প থেকে গোল্ড মেডেল পেয়েছিল এই পুরুলিয়া জেলা। পশ্চিমবাংলায় যে লাক্ষা উৎপাদন হয় তার ৮০ পারসেন্ট হয় পুরুলিয়া জেলায়। লাক্ষা শিল্পের উপর নির্ভরশীল ৮০ হাজার ফ্যামিলির মধ্যে ৭০ হাজার ফ্যামিলি হচ্ছে পুরুলিয়ার। আজকে লাক্ষা শিল্প এবং লাক্ষা শ্রমিকদের অবস্থা ভয়ঙ্কর, লাক্ষা শিল্পের শ্রমিকদের অস্তিত্ব বিলোপ হতে বসেছে। ঝালদা তুলীন এবং বলরামপুরে সাহেবরা এসেছিল এবং তারা খরচ করে কিছু লাক্ষা ফ্যাক্টরি করেছিল। বর্তমানে সেই লাক্ষা শিল্পের অবস্থা শোচনীয়। কয়েকজন পুঁজিপতি, অ্যাঞ্জেল ব্রাদার্স, সমর সিং এবং সমরলাল এই তিন জন এই লাক্ষা শিল্পকে নিয়ন্ত্রণ করে। একটা সোসাইটির কথা বলা হয়েছে। বলরামপুরে একটা মাত্র আছে আমাদের পুরুলিয়া জেলার শ্রদ্ধেয় নেতা, তিনি এখন মারা গিয়েছেন, তিনি উদ্যোগ নিয়েছিলেন। পুরুলিয়ায় যা লাক্ষা হয় সেটা এবং মেদিনীপুর বাঁকুড়া এবং মালদা মিলিয়ে ২৫ পারসেন্ট হয়। এই ডিপার্টমেন্টের একজন ডিরেক্টর আছে। তিনি ডি.আই.সি.-র যা কর্মকান্ড সেটা তিনি দেখেন, লাক্ষার ব্যাপারে দেখার তাঁর সময় হয় না। পুরুলিয়ায় বেশি লাক্ষা হয় কিন্তু ট্রেডিং-এর অফিস বাঁকুড়ায় আছে। এই অফিসকে পুরুলিয়ায় নিয়ে আসা উচিত। ১৯৫৬ সালে বিহারের রাঁচিতে একটা লাক্ষা রিসার্চ সেন্টার হয়, সেখানে ট্রেনিং-এর ব্যবস্থা আছে। আমরা যখন এখান থেকে চলে আসি তখন সেই লাক্ষা রিসার্চ সেন্টার বিহারের রাঁচিতে থেকে যায় এবং সেই সুযোগ থেকে পুরুলিয়া বঞ্চিত হচ্ছে। এই ব্যাপারে গুরুত্ব দেওয়া দরকার কারণ লাক্ষা হচ্ছে পুরুলিয়ার অর্থকরী ফসল।

[2-50 – 3-00 p.m.]

আমাদের ওখানে যে বিড়ি শিল্প আছে, আমি জানি না, বিড়ি শিল্প এর মধ্যে পড়বে কি না। আমাদের পুরুলিয়া জেলায় যে বিড়ি শিল্প আছে, সেখানে মিডিল ম্যানরা বিড়ি শ্রমিকদের পরিশ্রম করিয়ে নিয়ে কম পয়সা দেয়। এই ব্যাপারটি মন্ত্রী মহাশয়কে দেখার জন্য আমি অনুরোধ করছি। এরই সাথে সাথে বিড়ি শ্রমিকদের স্বাস্থ্যের বিষয়ে দেখার জন্য অনুরোধ রেখে, বিরোধিদের আনীত কাট মোশনের বিরোধিতা করে এবং মাননীয় মন্ত্রীর বক্তব্যকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সালিব টপ্পো :** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, কুটির শিল্পের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় যে বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি এবং যতগুলো কাট মোশন এসেছে তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। গ্রামগঞ্জে শিল্প স্থাপন করতে গেলে সর্ব প্রথমেই দরকার হয় ইন্ডাস্ট্রিয়াল এক্সটেনশন অফিসারের। কিন্তু আজকে বেশির ভাগ এলাকায় ইন্ডাস্ট্রিয়াল এক্সটেনশন অফিসার নেই। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ রাখছি, আপনি প্রথমে এটি ঠিক করুন। প্রত্যেক ব্লকে যাতে ইন্ডাস্ট্রিয়াল এক্সটেনশন অফিসার নিয়োগ করা হয় তার ব্যবস্থা করুন। কারণ কাজ করতে গেলে এটি আগে দরকার। আজকে গোটা ভারতবর্ষে যেমন দ্রুত গতিতে বেকার সমস্যা বাড়ছে, ঠিক সমান আকারে পশ্চিমবাংলাতেও বেকার বাড়ছে। এই সমস্যার সমাধান যে বিভাগের মাধ্যমে হতে পারে, যেখানে অনেক বেকারকে চাকুরি দেওয়া যেতে পারে, সেই বিভাগ হল কুটির শিল্প। কিন্তু কুটির শিল্পের নামে আজকে একটা প্রহসন হচ্ছে। দেখা যাচ্ছে যে, যারা কাজে নিযুক্ত হবেন, যাঁরা কাজ জানেন, তাঁদের জন্য ব্যাঙ্ক লোনের কোনও ব্যবস্থা হচ্ছে না। তার কারণ অনেকেই আছেন যাঁরা আর্থিক দিক থেকে খুবই পিছিয়ে আছেন। কোনও বিশেষ একটি রাজনৈতিক দলের মধ্যে না থাকলে এই ব্যাঙ্ক লোন পাওয়া যায় না। ব্যাঙ্ক লোন পাওয়ার ক্ষেত্রে রাজনীতির একটা ভূমিকা রয়ে গিয়েছে। লোন না পাওয়ার ফলে একটা বিশেষ যে সমস্যা সৃষ্টি হয়েছে, এই বিষয়টি সমাধান করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে বলব। আমাদের উত্তরবাংলায় যে জায়গা কাঠের জঙ্গলে ভরপুর, ওখানে ভেনিয়ার স মিল, প্লাইউড মিল রয়েছে। সেখানে লক্ষ লক্ষ লোকের রুটি রুজির ব্যবস্থা হচ্ছে। কিন্তু বন বিভাগ থেকে গাছ কাটা বা লাইসেন্স বন্ধ হওয়ার ফলে অনেকে এখন বেকার হয়ে যাচ্ছে। যতগুলো শিল্প হয়েছে সবই শহর কেন্দ্রিক হয়ে যাচ্ছে। উত্তরবাংলায় চায়ের পরেই কাঠ শিল্পের স্থান আছে, এটা থেকে অনেক রেভেনিউ আসে। আমরা দেখছি যে, স মিল এবং প্লাইউডের ক্ষেত্রে লাইসেন্স ক্যান্সেল করে দেবার ফলে সেগুলো সব বন্ধ হয়ে যাচ্ছে এবং হাজার হাজার মানুষ বেকার হয়ে যাচ্ছে। এর ফলে চুরির প্রবণতা বাড়ছে, জঙ্গল সাফ হয়ে যাচ্ছে। সরকার থেকে যদি লাইসেন্স দেন বা পারমিট দেন, তাহলে তারা ব্যবসা করতে পারবেন। কিন্তু আজকে সেগুলো সব বন্ধ হয়ে যাচ্ছে। আজকে নতুন নতুন বড় ইন্ডাস্ট্রি হওয়ার ফলে কটেজ ইন্ডাস্ট্রি মার খাচ্ছে। যেমন, যারা মাটির হাঁড়ি বাসন তৈরি করত, আজকে সেই জায়গা স্টেনলেস স্টীল নিয়ে নিচ্ছে। এটাকে দেখতে

হবে যে কটেজ ইন্ডাস্ট্রি যেন বড় ইন্ডাস্ট্রির কাছে মার না খায়। সরকারের যতই স্বদিচ্ছা থাকুক না কেন, ব্যাঙ্ক থেকে লোন পাওয়ার ক্ষেত্রে বড় দুরবস্থার সৃষ্টি হয়েছে। সব জায়গাতেই যতগুলো আবেদনপত্র সিলেক্ট করে লোনের জন্য ব্যাঙ্কের কাছে পাঠিয়ে দেওয়া হচ্ছে, তাদের ব্যাঙ্ক লোন দেয় না। লোনের ব্যাপারে ব্যাঙ্ক বেকার ছেলে মেয়েদের হয়রানি করে, তারা লোন পায় না।

মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব এই ব্যাপারে একটা ব্যাঙ্ক ঠিক করা হোক, যেসব স্কীম তৈরি হবে তারজন্য ব্যাঙ্কের ফিনান্স তাড়াতাড়ি পাওয়া যায়। উত্তরবঙ্গে তাঁত শিল্পটা মেজর কমিউনিটি করে থাকে, তারাই কাপড় তৈরি করে এবং বোনে, কিন্তু তারা কোনও সরকারের কাছ থেকে উপকৃত হয় না। তফসিলি জাতি এবং উপজাতি শ্রেণীরা যে উপকৃত হয় তা কাগজে কলমে লেখা থাকে কিন্তু বাস্তবে তারা কোনও উপকারই পায় না। মাঝে মাঝে ক্ষুদ্র ও কুটির শিল্পের থেকে মন্ত্রী এবং অফিসাররা গিয়ে কিছু লোন দিয়ে সাহায্য করেন, সেটাই ভি.ডি.ও. ক্যামেরায় ফটো হয়ে থাকে। কিন্তু সত্যি সত্যি তারা কাজ করতে পারছে কিনা, তাদের লাভ হচ্ছে কিনা, বাজার দর পাচ্ছে কিনা সেটা দেখার কোনও ব্যবস্থা নেই। তারা লোন পাওয়ার পরে বাজার দর ঠিকমতো পাচ্ছে কিনা, বিক্রি করতে পারছে কিনা এসব দেখার দরকার। যেসব স্কীম চালু আছে সেগুলো দেখার কোনও লোক নেই। এই ব্যাপারে ইন্সপেকশন টিম চালু করা হোক, যাতে করে যেসব স্কীম চালু করা হয়েছে সেগুলো তারা দেখাশোনা করেন। এছাড়া মহিলাদের জন্য যে টেলারিং স্কীম চালু করেছেন তাতে মহিলারা জিনিসপত্র তৈরি করে কোথায় বিক্রি করবেন তার কোনও ঠিক নেই। তাদের একটা বাজারের তো ব্যবস্থা করে দিতে হবে। বাজারে যাতে তারা ঠিকমতো বিক্রি করতে পারে, স্কীম যাতে বন্ধ না হয়ে যায় সেই দিকটা দেখতে হবে। আজকে বেকারত্ব দুর করতে গেলে এসব ব্যাপারে গুরুত্ব দিতে হবে। বেকার ছেলে মেয়েদের রুজি রোজগার যাতে বন্ধ না হয় সেই দিকটা দেখতে হবে। তারপরে সরকার যেসব প্ল্যান হাতে নিয়েছেন সেগুলো ঠিকমতো যাতে রূপায়িত হয় এবং ঠিকমতো চলে সেই দিকটাও দেখার দরকার এইকথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অধীররঞ্জন চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৯৭-৯৮ সালের ক্ষুদ্র এবং কুটির শিল্প খাতে মন্ত্রী যে বাজেট পেশ করেছেন ১০৫ কোটি ৬০ লক্ষ ৩৫ হাজার টাকার, তার আমি বিনয়ের সঙ্গে বিরোধিতা করছি। আমাদের জেনে রাখা দরকার যে, স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ ভারতবর্ষের অর্থনীতির ক্ষেত্রে একটি ভাইব্রান্ড সেক্টর বলে পরিচিত। ভারতবর্ষে যে শিল্পোৎপাদন হয় তার ৪০ শতাংশ স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ থেকে হয়ে থাকে। ভারতবর্ষে যে ইন্ডাস্ট্রিয়াল এমপ্লয়মেন্ট হয়, শিল্পে যে নিযুক্তিকরণ হয়ে থাকে তার ৮০ পারসেন্ট এস.এস.আই. ইউনিট থেকে হয়ে থাকে। ভারতবর্ষে যে শিল্পজাত রপ্তানি হয় তার ৩৫ পারসেন্ট এস.এস.আই. ইউনিট থেকে হয়ে থাকে। কাজেই স্বাভাবিক ভাবেই এস.এস.আই. ইউনিট ভারতবর্ষের বেকার সমস্যা সমাধানে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হয় বা করা উচিত বলে মনে করি।

এই এস.এস.আই. ইউনিটের ক্ষেত্রে আবিদ হাসান কমিটি গঠিত হয়েছিল। সেই আবিদ হাসান কমিটি ইন্ডাস্ট্রিজের যে লিমিট আছে সেটা বাড়িয়ে দিয়েছিল এবং প্রোডাকশনের কথাও তাতে বলা হয়েছিল। কিন্তু মন্ত্রীর বাজেট ভাষণের মধ্যে ওই আবিদ হাসান কমিটির রেকমেন্ডশনের কোনও কথা আলোচিত হয়নি।

[3-00 – 3-10 p.m.]

আমরা দেখছি সারা ভারতবর্ষে এই মুহূর্তে ইউকো ব্যাঙ্কের রিপোর্ট অনুযায়ী রুগ্ন ও ক্ষুদ্র শিল্পের সংখ্যা ২ লক্ষ ৯০ হাজার। সেখানে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার এখানকার মানুষের জন্য যে উপহার দিয়েছে সেই রুগ্ন শিল্পের পরিমাণ হচ্ছে ৫৬ হাজার, শতাংশর হিসাবে ১৯.২১। ভারতবর্ষে যত মোট রুগ্ন শিল্প রয়েছে, এস. এস. আই. ইউনিট তার ৫ ভাগের ১ ভাগ হচ্ছে পশ্চিমবাংলায়। পশ্চিমবাংলার মানুষের জন্য বামফ্রন্ট সরকার এই উপহার দিয়েছে। মিঃ ডেপুটি স্পিকার স্যার, জাতীয় গড় বেকার যা তার দ্বিগুণ সংখ্যক পশ্চিমবাংলায় রয়েছে। এটাও পশ্চিমবাংলার মানুষের জন্য এই বামফ্রন্ট সরকার উপহার দিয়েছে। আমরা জানি, বামপন্থী বন্ধুদের স্মরণ শক্তি প্রখর, সেই স্মরণ শক্তির প্রখরতার উপর ভরসা করে আমি ওনাদের একটি কথা স্মরণ করিয়ে দিতে চাইছি। তা হল, ১৯৯১-৯২ সালে অর্থমন্ত্রী অসীমকুমার দাশগুপ্ত মহাশয়, প্রবর্তীত সেসরু গ্রামীণ বেকার যুবকদের জন্য প্রবর্তন করেছিলেন, যার পুরিসংখ্যানটা একটু দেখে নেওয়া দরকার। আমরা দেখছি সরকার পক্ষের বক্তারা এই ব্যাপারে ভাষাভাষা বক্তব্য রাখলেন। তাদের সুবিধার্থে একটা কথা বলতে চাই, সেসরুতে ১৯৯১-৯২ সালে টার্গেট ছিল ৭৫ হাজার, অ্যাচিভমেন্ট হয়েছে ৬,৭৫১, সাফল্যের খতিয়ান; শতাংশর হিসাবে ৯ শতাংশ। ১৯৯২-৯৩ সালে টার্গেট ছিল ৭ হাজার, অ্যাচিভমেন্ট হয়েছে ২,৪৪৪; শতাংশর হিসাবে ৪.০৭। ১৯৯৩-৯৪ সালে টার্গেট ছিল ৩০ হাজার, অ্যাচিভমেন্ট হয়েছে ৮৮২, শতাংশর হিসাবে ২.৯৪। ১৯৯৪-৯৫ সালে টার্গেট ছিল ২০ হাজার, অ্যাচিভমেন্ট হয়েছে ৩৪০, শতাংশর হিসাবে ১.৭। ১৯৯৫-৯৬ সালে টার্গেট ছিল ২০ হাজার, অ্যাচিভমেন্ট হয়েছে ৩৯, শতাংশর হিসাবে সাফল্য এসেছে .১৯৫। মাননীয় মন্ত্রীকে আমি জিজ্ঞাসা করতে চাই, সেসরু প্রকল্প রূপায়ণে যে ব্যবস্থা হয়েছিল, সেখানে বামফ্রন্ট সরকারের সময়ে প্রবর্তীত সেসরুতে পশ্চিমবাংলার বেকার যুবকরা কতটা উপকৃত হয়েছে? পি. এম. আর. ওয়াইতে কেন্দ্রীয় সরকার—আপনাদের কথামতো পুঁজিবাদী সাম্রাজ্যবাদীদের দালাল ছিল,—সারা ভারতবর্ষে বেকার যুবকদের নিজেদের পায়ে দাঁড় করাবার জন্য যে পি. এম. আর. ওয়াই চালু হয়েছিল, তার জন্য আপনারা গ্রামের ব্লক স্তরে টাস্ক কমিটি করেছিলেন। যেহেতু বেশিরভাগ পঞ্চায়েত আপনাদের দখলে, তাই টাস্ক কমিটি যে গঠিত হয়েছিল সেখানে আপনাদের লোকেরাই বেশি আছেন। পি. এম. আর. ওয়াইতে আমরা দেখছি, ১৯৯৪-৯৫ সালে টার্গেট ছিল ২২,৯০০ অনুমোদিত হয়েছিল ৭ হাজার, উপকৃত ৫০৬, শতাংশর হিসাবে ২.২। ১৯৯৫-৯৬ সালে টার্গেট ছিল ২২,৯০০, অনুমোদিত হয়েছে ৯,৩৫২, উপকৃত সংখ্যা ৫০০, শতাংশর হিসাবে ২.১৮। ১৯৯৬-৯৭ সালের জানুয়ারি

পর্যন্ত আমরা দেখছি, টার্গেট ছিল ২২ হাজার, অনুমোদিত হয়েছে ৪,৭৮৩; উপকৃতর সংখ্যা ৭০০, শতাংশর হিসাবে ৩.১৮। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, প্রধানমন্ত্রী রোজগার যোজনায় পশ্চিমবাংলার স্থান সারা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে নিচে রয়েছে। আমরা সংশ্লিষ্ট মন্ত্রীকে বলতে শুনেছি, পি. এম. আর. ওয়াইতে পশ্চিমবঙ্গের অবস্থা বেহাল। পাশাপাশি আমরা অন্য রাজ্যের একটা তালিকা যদি দেখি তাহলে দেখব এই সময়ের মধ্যে অর্থাৎ ১৯৯৪ থেকে ১৯৯৭ সালের মধ্যে কর্ণাটক রাজ্যে সাফল্যের পরিমাণ ৬৩.১ শতাংশ, হরিয়ানা সাফল্যের পরিমাণ ৭১.৫ শতাংশ, পাঞ্জাবের সাফল্যের পরিমাণ ৭৯.৪ শতাংশ, মধ্যপ্রদেশে সাফল্যের পরিমাণ ৬৫ শতাংশ, ৮৬ শতাংশ, উড়িষ্যাতে ৫৮ শতাংশ এবং রাজস্থানে ৮১ শতাংশ। সংশ্লিষ্ট মন্ত্রীকে আমি জিজ্ঞাসা করতে চাই আপনার পি. এম. ওয়াই পশ্চিমবঙ্গে সঠিকভাবে প্রযোজ্য হয়েছে না হয়নি? মাননীয় মন্ত্রী, আমাদের একজন সদস্যের প্রশ্নের উত্তরে, সম্ভবত ২০শে মার্চ, অনুমোদিত প্রশ্ন ৯৯৪, এর উত্তরে বলেছিলেন যে পশ্চিমবঙ্গে ৩ হাজার ৫৫৩টা ক্ষুদ্রশিল্প স্থাপিত হয়েছে। আর তার ১১ দিনের মধ্যে তিনি তাঁর বাজেট ভাষণে বলেছেন যে পশ্চিমবঙ্গে ক্ষুদ্র শিল্প হয়েছে ৮ হাজার। মাত্র এগারো দিনের মধ্যে ৪ হাজার ৪৪৭টা ক্ষুদ্র শিল্প স্থাপিত হয়েছে। আমি সরকারকে অনুরোধ করব যিনি ১১ দিনের মধ্যে যিনি ৪ হাজার ৪৪৭টা ক্ষুদ্র শিল্প স্থাপন করতে পারেন তাঁর নামটা গিনেশ বুকে ওঠানোর প্রস্তাব করা হোক। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেটে একটা অত্যন্ত দৃষ্টিকটু জিনিস লক্ষ্য করেছি। তা হল এই বাজেটে উত্তরবঙ্গের বিষয়ে কোনও রকম উল্লেখ নেই। স্যার, জনসংখ্যার নিরিখে পশ্চিমবাংলার ৬টা জেলা নিয়ে গঠিত, উত্তরবঙ্গ। বাজেটে উল্লেখ না থাকার জন্য উত্তরবঙ্গের মানুষকে অবমাননা করা হয়েছে বলে আমি মনে করি। উত্তরবঙ্গের ক্ষেত্রে যে আর্থিক বঞ্চনার কথা বলে এসেছি। সেই আর্থিক বঞ্চনা আমরা এই বাজেটের মধ্যে লক্ষ্য করতে পারছি। ১৯৯২-৯৩ সালের যে অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যানুয়াল রিপোর্ট এই সরকার পেশ করেছিলেন, ৩১.৩.১৯৯৩ সালে। সারা পশ্চিমবাংলায় ক্ষুদ্র শিল্প রেজিস্ট্রেশনের সংখ্যা ৪ লক্ষ ৯ হাজার ১৫৪। উত্তরবঙ্গে এই সংখ্যা ৫৮ হাজার ৮১২। মাত্র ১৪.৩৭ শতাংশ উত্তরবঙ্গের জন্য বরাদ্দ হয়েছে। ক্ষুদ্রশিল্পের কর্মী সংখ্যা ১৯৯২-৯৩ পর্যন্ত সরকারি বিবৃতি অনুয়ায়ী ২৬ লক্ষ ৭৯ হাজার ৩৫৯। তখন উত্তরবঙ্গে কর্মী সংখ্যা ৩ লক্ষ ২১ হাজার ৬০২। শতকরা হিসাবে ১২ শতাংশ। ১৯৯৪-৯৬ সালের মধ্যে পশ্চিমবঙ্গের সমস্ত জেলাগুলো নিয়ে ক্ষুদ্র শিল্প স্থাপিত হয়েছে ৪৫ হাজার ৪০৯টা সেখানে উত্তরবঙ্গে ৩ হাজার ২০৪টা। শতাংশ হিসাবে ৭.০৫ শতাংশ। ১৯৯৪-৯৬ সারা পশ্চিমবঙ্গে ক্ষুদ্র শিল্প কর্মীর সংখ্যা ২ লক্ষ ৫৯ হাজার ৮৭৪, উত্তরবঙ্গে ১৮ হাজার ১২২। শতাংশ হিসাবে ৭.২৪ শতাংশ। সোর্স হচ্ছে ফসমি। অথচ আমরা দেখছি ডেপুটি স্পিকার স্যার, উত্তরবঙ্গ চা, পর্যটন, টোবাকো, জুট, আনারস, কমালালেবু, আম এবং সবচেয়ে বড় কথা সেরি-কালচারের একটা উর্বর স্থান। চা থেকে সেস হিসেবে পশ্চিমবঙ্গ সরকার ১৯৯৪-৯৫ সালে পেয়েছে ৮ হাজার ৬৫৬ লক্ষ টাকা।

[3-10 – 3-20 p.m.]

১৯৯৬ সালে পেয়েছে ৮ হাজার ৯২৯ লক্ষ টাকা। আমরা মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে, উত্তরবঙ্গের মানুষকে এই বাজেটের মধ্য দিয়ে আর্থিক ভাবে বঞ্চিত করা হয়েছে কি হয়নি? মিঃ স্পিকার স্যার, এক সময় পশ্চিমবঙ্গের হাওড়াকে বলা হত শেফিল্ড অফ দি ইস্ট। পূর্বের শেফিল্ড। আজ পশ্চিমবঙ্গের সেই হাওড়া সরকারের সঠিক পদক্ষেপের অভাবে, আধুনিকীকরণের অভাবে, সেই শিল্পাঞ্চল একটা কঙ্কালসার জঙ্গলে পরিণত হয়েছে। স্যার, আমরা দেখেছি যে, এই বাজেটে জেমস অ্যান্ড জুয়েলারির কথা বলা হয়েছে। এই মুহূর্তে ভারতবর্ষ থেকে রপ্তানি বাবদ সব থেকে যে আয় হয়, তার মধ্যে হল রত্ন এবং অলঙ্কার থেকে বেশি আয় হয়। অথচ আমরা দেখছি যে, ডায়মন্ড কাটিং সেন্টার যেটা এখন গুজরাটের সুরাটে রয়েছে, এই ডায়মন্ড কাটিং সেন্টারের থেকে, গুজরাট থেকে কোটি কোটি টাকার ডায়মন্ড বিদেশে রপ্তানি হচ্ছে। আজ সেই সমস্ত শিল্পের কর্মী কারা? সেই সমস্ত জায়গার কর্মী কারা? সেই সমস্ত শিল্পে এই পশ্চিমবাংলার হাওড়া, হুগলি, ২৪ পরগনার মানুষরা রয়েছে। আমরা দেখছি যে, অলঙ্কারের দিক থেকে ভারতের মধ্যে দিল্লি এবং বোম্বাই এগিয়ে রয়েছে। অথচ সেই সমস্ত শিল্পে সব থেকে বেশি নিয়োগ রয়েছে এই পশ্চিমবঙ্গেরই মানুষ। স্যার, আমরা এও জানি যে, আমাদের এখানকার বাতাস হচ্ছে আর্দ্র। এই আর্দ্রতার কারণেই ময়েশ্চারের কারণে স্বর্ণ অলঙ্কার এবং আন্যান্য অলঙ্কারের পালিশ প্রকৃতির স্বাভাবিক নিয়মে এখানে অনেক ভাল হওয়ার কথা। অথচ জেমস এবং জুয়েলারির ক্ষেত্রে পশ্চিমবঙ্গে কিছুই করতে পারলেন না। এটা অত্যন্ত লজ্জার কথা। এখন আমি ফাউন্ড্রি শিল্পে আসছি। এই শিল্পে এক সময় হাওড়া থেকে সারা ভারতের রেলকে সমস্ত কিছু সরবরাহ করা হত। সেটা এখন বন্ধ হয়ে গেছে। এই ব্যাপারে সুপ্রিম কোর্ট এর রুলিং এর জন্য অ্যান্টি পলিউশান ডিভাইজ বসানোর কথা হল। এই অ্যান্টি পলিউশান ডিভাইজ বসানোর জন্য প্রত্যেকটা ফাউন্ড্রিকে ৫-৬ লক্ষ টাকা খরচ করতে হচ্ছে। অথচ এই সরকার সেই সমস্ত শিল্পকে বাঁচানোর জন্য কোনও ইকনমিক প্যাকেজের ব্যবস্থা করেননি। ফলে সেই হাওড়া এখন অন্ধকারে চলে যাচ্ছে। পাশাপাশি সেকেন্দ্রাবাদ, আগ্রা, কোয়েম্বাটোর, এরা আজকে ভারতের মানচিত্রে ফাউন্ড্রি ইন্ডাস্ট্রিতে আগে চলে এসেছে। এই ব্যাপারে তাই আমি উদ্বিগ্ন। আমরা দেখেছি যে, বামপন্থী বন্ধুরা কথায় কথায় কেন্দ্রের বঞ্চনা, কেন্দ্রের বিমাতৃসুলভ আচরণের কথা বলেন। আমি তাদের একটা কথাই বলতে চাই যে, ইংরাজিতে একটা প্রবাদ আছে, যার বাংলা হচ্ছে—যখন কাদার জন্য কমপ্লেন করতে চাইছেন, তখন বৃষ্টির জন্য প্রার্থনা করা ঠিক নয়। এই বামপন্থী বন্ধুরা এখানে শিল্পে বিনিয়োগের জন্য লক্ষ লক্ষ টাকা খরচ করে বিদেশে পাড়ি দিচ্ছেন। অথচ এদেরই এক অংশ বলছেন যে, পশ্চিমবঙ্গের এই শিল্পের বেহালের জন্য কেন্দ্রের নীতি দায়ী। আমি স্যার, একটা কথা বলতে চাচ্ছি যে, বামফ্রন্টের সব থেকে বড় কথা হল—এই বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গের শিল্পোন্নয়োনের জন্য পার্থ ঘোষ অ্যান্ড অ্যাশোসিয়েটস নামে একটা কমিটি নিয়োগ করেছিল। এই পার্থ ঘোষ অ্যান্ড

অ্যাশোসিয়েটস তাদের সাজেশনের মধ্যে পশ্চিমবঙ্গের শিল্পোন্নয়ন কেন হচ্ছে না, তার কারণ দর্শানোর জন্য বলেছে যে, সবচেয়ে বড় কারণ হল এই রাজ্যে শিল্পে কোনও প্রফেশনালিজম নেই। এই রাজ্যে শিল্পে কোনও মার্কেটিং নেই। ইনফ্রাস্ট্রাকচার দুর্বল, যে ইনফ্রাস্ট্রাকচার নিয়ে আজকে সারা পৃথিবীতে শোরগোল হচ্ছে, সেটার এখানে অভাব। ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টারের বিষয়ে আজকে পশ্চিমবঙ্গ সরকার উদাসীন। আজকে পশ্চিমবাংলায় বিদ্যুৎ নেই, রাস্তা নেই, প্রফেশনালিজম নেই। স্বাভাবিক ভাবেই পশ্চিমবঙ্গের শিল্পের এই বেহাল অবস্থা। এই কারণে সেই কমিটি সুপারিশ করে বলছে যে, এইসব দুর্বলতা কাটাবার জন্য যে যোজনা আছে, সেই যোজনা বরাদ্দের টাকায় পশ্চিমবঙ্গের রূপায়ণ হচ্ছে না। পশ্চিমবঙ্গের মানুষের যে দক্ষতা প্রকাশের ক্ষমতা আছে সেই দক্ষতা প্রকাশের ক্ষমতা নষ্ট হয়ে গেছে।

এই নিস্পৃহতা প্রশাসনিক স্তরে লাল ফিতের বন্ধনে বাঁধা হয়ে আছে। প্রশাসনের সমস্ত জায়গায় প্রশাসনিক সিদ্ধান্তের ক্ষেত্রে রাজনৈতিক হস্তক্ষেপ রয়েছে। এবং এটাই হচ্ছে পশ্চিমবঙ্গের শিল্পায়নের ক্ষেত্রে একটা বড় বাধা। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, এইকথা আমার নয়। এই মন্তব্য করেছেন সরকার নিয়োজিত পার্থ ঘোষ অ্যান্ড অ্যাশোসিয়েটস। এই রাজ্যের শিল্পায়নের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের বঞ্চনা রয়েছে সেটাও সঠিক কথা নয়। এই কমিটি আরও বলেছে, এই রাজ্যের শিল্পায়নের আরেকটা বড় দুর্বলতা হল এখানে সরকারি সম্পত্তির বিপুল অপচয় হচ্ছে। পশ্চিমবঙ্গে যেভাবে সরকারি সম্পত্তির অপচয় হচ্ছে সেই অপচয় যদি বন্ধ করা যায় তাহলে এই মুহূর্তে পশ্চিমবঙ্গের আয় বাড়বে ১৫ হাজার ৬০০ কোটি টাকা। তাই আমি বিরোধিদের বলতে চাই আপনারা শুধু মার্কসিজমের মিথ্যা আস্ফালন না করে আপনারা সঠিক জিনিসটা অনুধাবন করুন। মার্কসবাদীদের মিথ্যা কথা বলার কোনও লাগাম নেই। এ ব্যাপারে আমার একটা কথা মনে পড়ে গেল। আমি ছোট বেলায় যখন মোটর সাইকেল চালাতাম তখন গ্যারেজের মালিক মোটর সাইকেলে গভর্নর করে রাখতেন যাতে অ্যাক্সিডেন্ট না হয়। কিন্তু মার্কসবাদে কমিউনিস্টদের জন্য কোনও গভর্নর বেঁধে দেওয়া হয়নি। তাই আমি মাননীয় ডেপুটি স্পিকারের মাধ্যমে বলছি আপনারাও আপনাদের গভর্নর বাঁধার ব্যবস্থা করুন। এই কথা বলে আমি বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনীত কাট মোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমরা সবাই জানি পশ্চিমবঙ্গে কৃষির ক্ষেত্রে ব্যাপক উন্নতি ঘটেছে। তার ফলে শিল্পজাত পণ্যের একটা চাহিদা সৃষ্টি হয়েছে এবং শিল্প গড়ার ক্ষেত্রে সম্ভাবনা সৃষ্টি হয়েছে। সেই সম্ভাবনার কথা মাথায় রেখে মাননীয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন তাকে ৪৫টা অনুচ্ছেদ আমি সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমরা দেখছি এই রাজ্যে বেশ কয়েক বছর ধরে শিল্প গড়ার প্রয়াস চলছে এবং বহু শিল্প পশ্চিমবঙ্গে গড়ে উঠছে। বহু ক্ষেত্রে শিল্পের নিবন্ধীকরণ হচ্ছে এবং তার ফলে কর্মসংস্থান বাড়ছে। কিন্তু আপনারা পরিসংখ্যান দেখুন তাতে দেখতে পাবেন যে এক্ষেত্রে ব্যাঙ্ক একটা প্রধান বাধা হয়ে দাঁড়াচ্ছে। যে পরিমাণ অর্থ এসব ক্ষেত্রে বিনিয়োগ

করা উচিত ছিল সেই পরিমাণ অর্থ ব্যাঙ্ক দেয়নি। এটা শুধু এখনই নয় এটা দীর্ঘদিন ধরে চলে আসছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে এবং বিরোধী দলের সদস্যদের কাছেও আবেদন জানাচ্ছি যে আমরা সবাই মিলে কেন্দ্রীয় সরকারের অর্থ মন্ত্রীর কাছে, রিজার্ভ ব্যাঙ্কের কাছে চাপ সৃষ্টি করব যাতে ব্যাঙ্ক থেকে আরও বেশি পরিমাণে অর্থ পাওয়া যায়। এর ফলে যে পশ্চিমবঙ্গে নতুন শিল্পের সম্ভাবনা সৃষ্টি হবে। আমাদের যে সব কুটির শিল্প আছে তাতে মোট শিল্পের ৮০ ভাগ লোক নিযুক্ত আছে। কিন্তু সেগুলো আজকে ধ্বংসের মুখে চলে গেছে। এগুলোকে বাঁচানোর জন্য ব্যাঙ্ক থেকে আরও বেশি অর্থ প্রয়োজন। হাওড়ার ফাউন্ড্রি শিল্পে, রোলিং মিলসে বহু লোক কাজ করেন। কিন্তু দূষণের কথা বলে এগুলোকে বন্ধ করা হবে। আমি মনে করি এগুলোকে বাঁচাতে সেপারেট কমপ্লেক্স করুন যাতে ভবিষ্যতে কর্ম সংস্থান বাড়ে। ট্যানারি শিল্পে হাজার হাজার মানুষ কাজ করেন। সম্প্রতি সুপ্রিম কোর্টের রায়ের বলে সেই শিল্পও বন্ধ করার কথা ভাবা হচ্ছে। কিন্তু আপনারা এটা ভেবে দেখবেন যাতে এই শ্রমিকরা কর্মচ্যুত না হন। পশ্চিমবঙ্গের মেদিনীপুরে প্রচুর ফুল চাষ হয়। এছাড়া এখানে শিং ও মাদুর শিল্প গড়ে উঠেছে। কলকাতার ফুলের মার্কেটটা মেদিনীপুরের ফুল চাষীরা দখল করে আছেন। কিন্তু সেই ফুলের সংরক্ষণের কোনও ব্যবস্থা নেই। এই ফল চাষীদের বাঁচানোর জন্য কোনও টাকা পয়সা যোগানোর ব্যবস্থা নেই। ফলে ফুল চাষীরা বিপর্যয়ের সম্মুখীন হয়ে পড়েছেন। মেদিনীপুরের শিং শিল্পে বহু শ্রমিক নিযুক্ত আছেন।

[3-20 – 3-30 p.m.]

সেই কাজের সঙ্গে যুক্ত শ্রমিকরা আজকে অত্যন্ত দারিদ্রের মধ্যে দিন কাটাচ্ছেন। শিল্পটি ধ্বংস হয়ে বসেছে। মাদুর শিল্পের উন্নতি করে আমরা তা শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষে পাঠাতে পারতাম। সেই শিল্পটিও ধ্বংসের মুখে। এর সঙ্গে জড়িত কৃষক, শ্রমিকের অবস্থাও খুব খারাপ। মাদুর, শিং, ফুল, এই শিল্পগুলোর দিকে লক্ষ্য রাখবেন, মাননীয় মন্ত্রীকে এই অনুরোধ করছি। মেদিনীপুর সবচেয়ে বড় জেলা, যেখানে প্রায় এক কোটি লোকের বাস। সেই জেলাকে যদি শিল্পে উন্নত না করা যায়, তাহলে সার্বিক ভাবে পশ্চিমবাংলায় শিল্পের উন্নতি সম্ভব নয়। এই জেলায় জমি আছে, বিদ্যুৎ আছে, পরিবহনের ব্যবস্থা আছে, প্রয়োজনীয় বিভিন্ন কাঁচামালও আছে, দক্ষ-অদক্ষ শ্রমিকও পাওয়া যায়। কিন্তু এই জেলায় শিল্পের পুনরুজ্জীবন বা পুনর্গঠনের তেমন প্রয়াস আমরা লক্ষ্য করতে পারছি না। বিরোধী দলের একজন মাননীয় সদস্য বললেন আমরা শিল্পে পিছিয়ে আছি। কিন্তু এর জন্য তো দায়ী আপনারাই। আপনাদের কেন্দ্রীয় সরকারের মাশুল সমীকরণ নীতি, ব্যাঙ্কের অসহযোগিতার নীতি, সহ বিভিন্ন ভাবে আমাদের কোণঠাসা করার চেষ্টা করেছেন। ফলে আমরা সব সুযোগ, সম্ভাবনাগুলোকে কাজে লাগাতে পারিনি। যেটুকু হয়েছে, তা আমাদের চেষ্টাতেই হয়েছে। তাই আমি মাননীয় মন্ত্রীর ব্যয় বরাদ্দকে সমর্থন করে, বিরোধী দলের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রলয় তালুকদার ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমার ব্যয় বরাদ্দকে সমর্থন করার জন্য সকলকে অনুরোধ জানাচ্ছি এবং বিরোধী দলের কাট মোশনগুলোর বিরোধিতা করে কয়েকটি কথা বলব। এত প্রস্তুতিহীন বাজেট বক্তৃতা কংগ্রেসের পক্ষ থেকে যেটা হল, সেটা আমি আশা করিনি। কেন না, ক্ষুদ্র, কুটির শিল্প দপ্তর নামে ক্ষুদ্র হলেও এর ব্যাপকতা বিরাট। প্রথমেই বলি, এই যে 'সেসরু' নিয়ে যা বলা হল, এই 'সেসরু' আমার দপ্তরের নয়, সেটা শ্রম দপ্তরের পরিকল্পনা। অথচ দেখলাম বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী অধীররঞ্জন চৌধুরি তাঁর দীর্ঘ বক্তৃতা 'সেসরু'র উপর রাখলেন। অর্থাৎ, বাজেটটা কোন দপ্তরের সেটা খেয়াল করেননি। প্রশ্নোত্তর পর্বে আমি বলেছিলাম আমাদের দপ্তর কারখানা পরিচালনা করে না, যদিও কিছু কারখানা, রুগ্ন শিল্প, স্পিনিং মিল চালায়। আমাদের ক্ষুদ্র দপ্তর হচ্ছে মোটামুটি প্রমোশনাল—প্রমোট করবে। শিল্প যাতে কাঁচামাল পায়, ব্যাঙ্ক লোন পায়, জমি পায়, বিদ্যুৎ পায়, মিউটেশন পায়, ইত্যাদি কাজগুলো আমার দপ্তর করবে। ঠিক একই ভাবে এস.এস.আই. ছাড়া অন্যান্য শিল্পের ক্ষেত্রে—তাঁত শিল্প, সেরিকালচার, সব ক্ষেত্রেই এটা প্রমোশনাল। এই সব ক্ষেত্রে ২৭ লক্ষ মানুষ যুক্ত আছে, যারা মূলত বেসরকারি ভাবে কাজ করছে।

যেগুলো মুলত সেলফ এমপ্লয়মেন্ট প্রোজেক্ট অর্থাৎ স্বনির্ভরশীল প্রকল্প—আমি বিরোধী দলের মাননীয় সদস্যকে মনে রাখতে বলছি, তিনি ভুলে গেলেন, মনে করলেন এটা সরকারি কল-কারখানা।

মাননীয় সদস্য অধীররঞ্জন চৌধুরি মহাশয়, উত্তর বাংলা নিয়ে অনেক কথা বললেন। আমার দপ্তরে এন্টারপ্রেনারস এলে, উদ্যোগপতিরা এলে তাকে সাহায্য করা হবে। উদ্যোগীরা যাতে আসেন তার জন্য আমরা বিভিন্ন ই.ডি.পি. করে শিল্প গড়তে সাহায্য বা উৎসাহিত করি। এক্ষেত্রে প্রথমে ডিস্ট্রিক্ট ওয়াইজ সার্ভে করে ডিস্ট্রিক্ট প্ল্যান তৈরি করা হয় যে, ডিস্ট্রিক্টের মধ্যে কি কি র মেটিরিয়ালস আছে বা আসে পাশে কি কি মার্কেটিং এজেন্সি আছে। হয়ত যেসব শিল্পগুলোর কথা বলছেন, দুর্ভাগ্য হচ্ছে, তাদের ঐতিহাসিকতা সত্ত্বেও যে শিল্পের কেন্দ্রীকতা আছে, লোকালাইজেশন থিয়োরি আছে—অর্থাৎ শিল্প করব বললেই শিল্প আসবে না। উত্তরবাংলায় শিল্প করতে গেলে প্রথমেই ভাবতে হবে, উত্তরবাংলা হচ্ছে গঞ্জ ভিত্তিক জায়গা। এখন চাকরি নেই বলে সেখানেও শিল্পের কথা আসছে, আমরা স্বনির্ভর প্রকল্পের কথা বলছি। উত্তরবাংলা থেকে পিটিশন বা প্রেয়ার কম আসছে যার জন্য বারবার উত্তরবাংলায় যেতে হয়। আমরা উত্তরবাংলাকে ভাগ করেছি কৃষি ভিত্তিক শিল্পাঞ্চল হিসাবে। সেরিকালচার ইন্ডাস্ট্রি উত্তরবাংলাতে গড়ে তোলা যাবে। বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুরের ঝাড়গ্রাম বেল্টে উন্নত শিল্প হলেও সেখানে কৃষি ভিত্তিক শিল্প গড়ে তোলা যাবে না।

আমাদের পক্ষের একজন মাননীয় সদস্য লাক্ষ্য শিল্পের কথা বললেন। এ বিষয়ে আমি এ বছরেই রাঁচি রিসার্চ ট্রেনিং সেন্টার যাচ্ছি এবং লাক্ষা শিল্পকে কিভাবে ট্রেন-আপ করা যায় তার চেষ্টা করছি।

পুরুলিয়া, বাঁকুড়াতে তসর যথেষ্ট পরিমাণে হচ্ছে এবং এর ফলে অ্যাফরেস্টেশন হচ্ছে। কাজেই কৃষি ভিত্তিক শিল্প গড়ে তুলতে হবে তা না হলে শিল্প হবে না। সরকার শিল্প করে দেন না, স্মল স্কেল ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টও শিল্প করে দেবেন না। স্মল স্কেল ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট শিল্প প্রোমোট করবে। উত্তরবাংলার শিলিগুড়িতে অটোমোবাইল বেসড ইন্ডাস্ট্রি করা যাবে। কারণ, ট্রান্সপোর্ট খুব বেশি এখানে রয়েছে। কাজেই অটোমোবাইল ইন্ডাস্ট্রি এখানে গড়ে তোলা যাবে। এ বিষয়ে বেশ কিছু সেমিনার ই.ডি.পি. এবং এন.জি.ও.-দের নিয়ে করা হয়েছিল। কিন্তু ঘটনা হচ্ছে, ইংরেজ আমল থেকে পশ্চিমবাংলায় ইন্ডাস্ট্রিয়ালাইশনের ইতিহাস হচ্ছে হাওড়া, হুগলি, বর্ধমান, ২৪-পরগনার কিছু অংশে—এটাই ইন্ডাস্ট্রিয়াল বেল্ট। বাকি বেল্ট কৃষি ভিত্তিক বেল্ট। কাজেই আজকে হঠাৎ করে এটা জাম্প করে যাবে এটা হয় কি? আমি বিভিন্ন সেমিনারে বলেছি—কলকাতা, হাওড়া, হুগলি, ২৪-পরগনায় এখন আর শিল্প গড়ার কোনও জমি নেই। আজকে যারা শিল্প গড়তে চান তাদের যেতে হবে—বাঁকুড়া, পুরুলিয়া বা উত্তরবাংলাতে। তবে আমরা পরিকাঠামো তৈরি করে দেব। কিন্তু খরচ বহন করতে হবে ইন্ডাস্ট্রিকে, সরকার দান-খয়রাত করতে পারবে না। ব্যাঙ্কের ঋণ শিল্পের ক্ষেত্রে অপরিহার্য। ব্যাঙ্কের ক্ষেত্রে আপনারা গুজরাটের কথা বলছেন? প্রথম ব্যাঙ্কিং সিস্টেমটা গুজরাটে হয়েছিল। গুজরাট—যেখানে সোমনাথের মন্দির ২২-বার লুঠ হয়েছিল।

[3-30 – 3-40 p.m.]

স্বাধীনতার পরবর্তীকালে ৩০ বছর পশ্চিম ভারত সব সুযোগ সুবিধা পেয়েছে, কাঁচামালের দিক থেকে, ব্যাঙ্কের দিক থেকে, সুবিধা পেয়েছে। আমরা বারবার কমপ্লেন করেছি, ক্রেডিট ডিপোজিট রেশিও থেকে পশ্চিমবঙ্গ বঞ্চিত হয়েছে। আমাদের টার্গেটের কম অ্যাপ্লিকেশন যদি আমরা জমা দিতাম তাহলে নিশ্চয়ই আপনারা সমালোচনা করতেন। ২২,৯০০ অ্যাপ্লিকেশন জমা দেওয়ার টার্গেট ছিল, তার থেকে কম দিলেই সমালোচনা হত। আমরা ৩৫ হাজার অ্যাপ্লিকেশন জমা দিয়েছি, পেলাম ৪ হাজার, আর ডিসবার্স হল ৬০০। বারবার ব্যাঙ্কের সঙ্গে কথা হচ্ছে, দিল্লিতে দুবার আমরা গিয়েছিলাম, ব্যাঙ্ক দিচ্ছে না পশ্চিমবঙ্গকে। আমি মনে করি না যে পশ্চিমবাংলার ছেলে মেয়েরা ট্যালেন্টের দিক থেকে কম। ১৯৪৭ সালে স্বাধীনতার পর থেকে বারবার ঘটেছে, আমি এর আগে মন্ত্রী ছিলাম ১৯৮২-৮৭ সাল তখনও আমি ব্যাঙ্কের ভূমিকা দেখেছি। চিদাম্বরম যেটা বলেছেন ঠিকই বলেছেন, পশ্চিমবাংলায় প্রাইম মিনিস্টার রোজগার যোজনার পারফরমেন্স খারাপ, সে জন্যই ব্যাঙ্ক দিচ্ছে না। আমি রোটান্ডায় মিটিং করেছিলাম, সেই মিটিংয়ে রিজার্ভ ব্যাঙ্ক ছিল, তারা বলেছেন তারা এটা দেখবেন যে কি করে পশ্চিমবাংলায় বিনিয়োগকে অ্যাকটিভ করা যায়। আমরা ব্যাঙ্ক করতে চেয়েছিলাম ১৯৭৭ সালে, এত দিন পর ব্যাঙ্ক করার সুযোগ পাচ্ছি। লোহা, কয়লায় মাশুল সমীকরণের ব্যাপারে আমরা বারবার ক্ষতিগ্রস্থ হয়েছি। শিল্প কি এমনি এমনিই গড়ে উঠবে? মার্কেটিং—হচ্ছে একটা সমস্যা। আমাদের সরকারের মার্কেটিংয়ের যে সমস্ত জায়গা আছে, সেগুলি আমরা ব্যবহার করি। সরকারের যে সমস্ত জিনিসপত্র কেনার দরকার, সব কিছু স্মল স্কেল থেকে

কনা হয়। কিন্তু কেন্দ্রীয় সরকার স্মল স্কেল থেকে সেগুলি কেনে না। এ ছাড়াও স্মল স্কেলে য রিজার্ভ আইটেম ছিল—যতদিন গেছে সেই রাজীব গান্ধীর আমল থেকে স্মল স্কেলের াইটেম কমে যাচ্ছে। মাত্র ১২টা আইটেম রয়েছে। ৫৪২টা আইটেম ডি-রিজার্ভ করে দেওয়া ল। এখানে স্মল স্কেল কি মাল্টিন্যাশনালদের সঙ্গে কমপিটিশনে দাঁড়াতে পারবে। স্মল স্কলের কোল্ড ড্রিংক্স কি পেপসী বা কোলারের সাথে কমপিটিশনে টিকবে? স্মল স্কেলের টাটো চিপস কি আঙ্কেল চিপসের সঙ্গে কমপিটিশনে টিকতে পারবে? স্মলস্কেলকে যাতে াই মাল্টিন্যাশনালদের সঙ্গে টিকতে পারে তার জন্যই স্মলস্কেলকে টেকনিক্যালি আপগ্রেড রার চেষ্টা করছি। তা সত্ত্বেও আমরা বেশ কিছু মার্কেটিংয়ের ব্যবস্থা করেছি, ডিটারজেন্ট াউডার, ইলেকট্রিক বাল্ব, ড্রাইসেল সেগুলি ওয়েবসির মাধ্যমে আমরা করছি। সেরিকালচারের াইন যেটা তৈরি হয়েছিল সেখানে যাতে কেবলমাত্র লাইসেন্স হোল্ডাররাই এই ডিম বিক্রি রতে পারে তার জন্য সম্প্রতি সেরিকালচার এরিয়াতে সভাধিপতিদের নিয়ে একটা মিটিং রেছিলাম। সেখানে বলেছি যে সেরিকালচারের মার্কেটিংয়ের জন্য যে আইন আছে সেটা যেন কমতো বিবেচনা করা হয়। হ্যাঁ। আমাদের নিশ্চয়ই প্যারাফিন-এর অভাব আছে। অতি ম্প্রতি কেন্দ্রীয় সরকারের যে নির্দেশ এসেছে তাতে বলা হয়েছে, ১৯৮৬ সাল পর্যন্ত যাদের ্যাণ্ডেল ইণ্ডাস্ট্রির রেজিস্ট্রেশন আছে, তারাই শুধু পাবে। ১৯৮৬ সালের পরে যাদের পি. এম. ার. ওয়াই, স্কীমে বা অন্য যে কোনও স্কীমে রেজিস্ট্রেশন হয়েছে তারা পাবে না। তথাপি ি. ডি. এস.-এর মাধ্যমে যাতে প্যারাফিন বিক্রি হয় তার জন্য আমরা চেষ্টা করছি। তারপর রজিস্ট্রেশন কমে যাওয়া নিয়ে প্রশ্ন উঠেছে। রেজিস্ট্রেশনটা অপশোনাল। কটেজ অ্যাণ্ড স্মল স্কল ডিপার্টমেন্টের রেজিস্ট্রেশন বাধ্যতামূলক নয়। আগে নিয়ম ছিল, রেজিস্ট্রেশন না থাকলে ্যাঙ্ক লোন পাওয়া যেতনা কম রেট অফ ইণ্টারেস্টে। আজকে আর কম ইন্টারেস্টে ব্যাঙ্ক লান পাওয়া যায় না। আগে রেজিস্ট্রেশন নাহলে কাঁচা মাল পেতনা। এখন সব কাঁচা মালই কন্ট্রোল হয়ে গেছে। কাজেই রেজিস্ট্রেশন নিয়ে এখন আর লাভ নেই। রেজিস্ট্রেশনের যে বিধাগুলো ছিল সেগুলোর অনেকটাই কেটে গেছে। তথাপি ব্যাঙ্ক যেভাবে হ্যারাস করছে—একটা ্যাপলিকেশন জমা দিলে, সেই অ্যাপলিকেশন যখন প্রোসেস হয়ে এন্টারপেনিয়র লোন াচ্ছে তখন তার স্কীমের আর ভায়েবিলিটি থাকছেনা। তারপর প্রোভিশনাল রেজিস্ট্রেশন বার পরে আবার পারমানেন্ট রেজিস্ট্রেশন অনেকেই নিচ্ছে না, সেখানেও সংখ্যাটা কমে াচ্ছে। অবশ্য আমরাও চাই না যে, ফেক রেজিস্ট্রেশন হোক। আমরা চাই পারমানেন্ট রজিস্ট্রেশন। সেজন্য ব্যাঙ্কের সঙ্গে আমাদের ক্রমাগত আলোচনা চলছে। ব্যাঙ্কের বিরুদ্ধে লছি, আবার সাথে সাথে ব্যাঙ্কের সঙ্গে আলোচনাও চলছে। ব্যাঙ্ক ছাড়া ইণ্ডাস্ট্রি হতে পারে া। তারপর পেতল, কাঁসা, মৃৎ-শিল্প, শাঁখা ইত্যাদির কথা উঠেছে। পেতল কাঁসা পশ্চিমবঙ্গের তিহ্য ছিল। খাগড়ার পেতল কাঁসার বাসন আমাদের ঐতিহ্য ছিল। কিন্তু ঐতিহ্য ধুয়ে জল লে তো আর চলবেনা—স্টেনলেস স্টীল, হিন্দালিয়াম ইত্যাদি আজকে বাজারে এসে গেছে। েতল কাঁসার ক্ষেত্রে ৮৫% র' মেটিরিয়াল কস্ট। এগুলো আজকে আর বিক্রি হতে ারেনা—এগুলো ভ্যালু অ্যাডেড আইটেম, হ্যাণ্ডিক্রাফটস আইটেম। আজকাল আর বিয়েতে

পেতল কাঁসার বাসন দেওয়া হয়না—আগে দেওয়া হত, এখন স্টেনলেস স্টীলের বাসন দেওয়া হয়। অনুরূপভাবে মৃৎ শিল্পকেও হ্যাণ্ডিক্রাফটস আইটেম, ভ্যালু অ্যাডেড আইটেমে নিয়ে যাওয়া হয়েছে। কারণ সুনীতি চট্টরাজ আজকে চাইলেও পাবেননা মাটির হাঁড়ি। আজকে রান্না করতে বাধ্য হচ্ছেন স্টেনলেস স্টীলের হাঁড়ি বা প্রেসার কুকারে। কাজেই মৃৎ শিল্পকে হ্যাণ্ডিক্রাফটস আইটেমে নিয়ে গেছি। শাঁখার প্রচলনও আজকে খুবই কমে গেছে, তারপর মাদ্রাজ থেকে আগে যে র' মেটিরিয়াল আসত এখন আর তা আসছেনা। তারপর বিড়ি শিল্পের কথা উঠেছে। আমাদের অনেক ব্লকেই আই. ডি. ও. নেই। আমরা পি. এস. সি.-র কাছে চেয়েছি আমরা খুব তাড়াতাড়ি আই. ডি. ও. পেয়ে যাব এবং সব ব্লকেই পাঠাব। তাদের ট্রেনিং দিয়েই পাঠানো হবে। জেমস অ্যাণ্ড জুয়েলারিস নিয়ে কথা উঠেছে। আমরা জেমস অ্যাণ্ড জুয়েলারিস কমপ্লেক্স করব। এখানে আগ্রা বোম্বাই-এর কথা উঠেছে। হ্যাঁ, আমাদের রাজ্যের অনেক জেমস অ্যাণ্ড জুয়েলারিস ওয়ার্কার ওখানে আছে। আমাদের হাওড়ার অনেক মানুষ আছে। ডায়মণ্ড কাটিং-এও অনেকে আছেন। লোকালাইজেশন থিয়োরি অনুযায়ী ওটা হয়ে থাকে। যুগে যুগেই এটা দেখা যায় আর্টিজেনরা এক জায়গা থেকে আর এক জায়গায় মাইগ্রেট করেন। নবাবী আমলে, সুলতানী আমলে ওয়ার্কাররা বিভিন্ন জায়গা থেকে মাইগ্রেট করে আমাদের এখানে এসেছিলেন—চটকলে, সুতাকলে, বেল্টিং ইণ্ডাস্ট্রিতে, কাস্টিং ইণ্ডাস্ট্রিতে, কোলিয়ারীতে, চা-বাগানে। তা সত্ত্বেও আমরা জেমস অ্যাণ্ড জুয়েলারি কমপ্লেক্স বানাচ্ছি।

[3-40 – 3-50 p.m.]

হাওড়ায় ফাউণ্ড্রি পলিউশনের জন্য উঠে যাচ্ছে। এইসব ফাউণ্ড্রির জন্য আলাদা কমপ্লেক্স করার চেষ্টা করছি। আগরা এবং কোয়েম্বাটুরে চলছে বলছেন। কিন্তু সেখানেও সমস্ত ফাউণ্ড্রিতে নোটিশ পড়ে গেছে সুপ্রীম কোর্টের। সেখানেও উঠে যাচ্ছে। আগ্রাতে ৬ হাজার ইউনিটে নোটিশ পড়েছে। আমরা তাসত্ত্বেও হাওড়াতে ইঞ্জিনিয়ারিং ইণ্ডাস্ট্রির যে ঐতিহ্য আছে সেটাকে রাখার চেষ্টা করছি। কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্টের যে সমস্ত আণ্ডারটেকিংগুলি আছে যেমন, বার্ণ স্ট্যানডার্ড, ব্রেথওয়েট, জেশপ, রেলওয়ে এগুলির পরিবর্তন হয়েছে। হাওড়ার ইঞ্জিনিয়ারিং শিল্পগুলি এর উপরই নির্ভর করছে। এর একটা ইতিহাস আছে, প্রশ্নোত্তরকালে আমি এই কথাগুলি বলেছিলাম। মাদুর শিল্প সম্পর্কে একটা পাইলট প্রোজেক্ট তৈরি করছি। খুব শীঘ্রই যাবো আলোচনা করতে। ফিলেচার ইউনিটের সমস্যা আছে। মালদায় ফিলেচার ইউনিট নিয়ে আলোচনা করছি। সুতোর ব্যাপারে জিজ্ঞাসা করলেন। সুতোর ব্যাপারে আমি খুব পরিষ্কার। সুতো আমরা সমস্ত সমবায় সমিতিকে দেব। এই কথা প্রশ্নোত্তরকালে বলেছিলাম। শান্তিপুরে একটাও সমবায় সমিতি বলতে পারবে না যে সুতোর জন্য আবেদন করে পাইনি। একজন তাঁতী বলতে পারবে না যে সুতো পাননি। এই কয়েকটি কথা বলে ব্যায়-বরাদ্দকে সমর্থন করার জন্য আর একবার আবেদন জানিয়ে এবং সমস্ত কাট-মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** The motion of Shri Sultan Ahmed that the amount of the Demand be reduced to Re. 1/- was then put and lost.

The motions of Shri Ashok Kumar Deb, Shri Kamal Mukherjee, Shri Ajoy Dey, Shri Nirmal Ghosh, Shri Saugata Roy and Shri Gopal Krishna Dey that the amount of the Demand be reduced by Rs 100/ - were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 105,60,25,000 be granted for expenditure under **Demand No. 73, Major Heads : "2851—Village and Small Industries (Excluding Pulic Undertakings), 4851-Capital outlay on Village and Small Industries (Excluding Public Undertakings), 6851-Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) and 6860-Loans for Consumer Industries (Village and Small Industries)"** during the year 1997-98.

(This is inclusive of a total sum of Rs. 35,20,00,000 already voted on account.), was then put and agreed to.

## POINT OF INFORMATION

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ ইনফরমেশন। খুব ভাল খবর আছে। দিল্লি থেকে খবর এসেছে আমাদের যুক্তফ্রন্টের সদস্য এবং আমাদের নেতা কমরেড সুশীল ভট্টাচার্য রাইটার্স বিল্ডিংস-এ ক্ষিতি গোস্বামীকে খবর পাঠিয়েছেন, যুক্তফ্রন্টের সঙ্গে কংগ্রেসের যে অনিশ্চয়তা চলছিল, সেই অনিশ্চয়তা দূর হয়েছে। দেবগৌড়া কন্টিনিউ করছে। আকাশে যে রাজনৈতিক কালো মেঘ দেখা দিয়েছিল সেই কালো মেঘ সরে গেছে, আকাশ এখন মেঘ মুক্ত। এই সংবাদ আমি এই সভায় জানিয়ে রাখছি।

## STATEMENT UNDER RULE 346

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিধানসভার সদস্য শ্রী শৈলজাকুমার দাস একটি দৃষ্টি আকর্ষণী নোটিশ দিয়েছেন। বিষয়টি হচ্ছে, পশ্চিমবঙ্গে এই সময়ে মাছের এত স্কেয়ারসিটি কেন। আমি উত্তরটা দিচ্ছি,

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

পশ্চিমবঙ্গে অন্তর্দেশীয় মাছের যোগান সারা বছর সমান থাকে না। সাধারণত এই সময় আগামী মুরশুমের মাছ চাষের পরিপ্রেক্ষিতে জলাশয় প্রস্তুতির জন্য স্থানীয় মিঠা জলের মাছের উৎপাদন ও সরবরাহ কমে যায়।

এছাড়াও সামুদ্রিক মৎস্যজীবীরা গ্রীষ্মকালীন প্রতিকূল আবহাওয়ার জন্য অধিকাংশ যন্ত্রচালিত ট্রলার ও নৌকা সমুদ্র থেকে তুলে নেন। যার ফলে পার্শ্ববর্তী রাজ্যের মাছ আমদানির উপরই স্থানীয় বাজারের মূল্যমান নিয়ন্ত্রিত হয়।

কিন্তু বর্তমানে ট্রাক ধর্মঘটের ফলে বাইরের রাজ্য থেকে মাছের আমদানি বিশেষভাবে ব্যহত হচ্ছে।

দৈনন্দিন গড়ে যেখানে বহিঃরাজ্য থেকে ৪৫/৫০টি ট্রাক শিয়ালদহ, হাওড়া, পাতিপুকুর প্রভৃতি আড়তে মাছ সরবরাহ করে থাকে, বর্তমানে সেই জায়গায় দিনে মাত্র ৮/১০টি ট্রাক মাছ নিয়ে আসায় কলকাতার বাজারে গড়ে দৈনন্দিন ঘাটতির পরিমাণ প্রায় ১০০ টনের কাছাকাছি দাঁড়াচ্ছে।

যোগানের এই ঘাটতিই বর্তমানে মাছের বাজারে দরবৃদ্ধির বিশেষ কারণ।

**শ্রী তপন হোড় :** স্যার একটা খবর দিচ্ছি। আমাদের মাছের প্যাকেট দেওয়া হচ্ছে। এটা ভাল খবর। কিন্তু এম. এল. এ.দের সই করে প্যাকেট নিতে হচ্ছে, এটা দৃষ্টিকটু। বিষয়টা আপনাকে জানালাম।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

## DEMAND NO. 51

**Shri Nirmal Ghosh**
**Shri Sultan Ahmed**
**Shri Ashoke Kumar Deb**
**Shri Ajoy De**
**Shri Kamal Mukherjee**
**Shri Pankaj Banerjee**
**Shri Saugata Roy**

Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মৎস্য মন্ত্রী যে ৬৯ কোটি ৩ লক্ষ ৮০ হাজার টাকার ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং আমাদের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাবগুলো যা আনা হয়েছে, আমি তাকে সর্বান্তকরণে সমর্থন করছি। মাছের প্যাকেট দিয়েছেন, মাছ খাইয়েছেন, নিশ্চয়ই তার জন্য ধন্যবাদ জানাব। কিন্তু স্যার, আমি বিরোধিতা এই জন্য করছি, আমাদের শুধু মৎস্যমন্ত্রী নয়, এখানে অর্থমন্ত্রীও যখন বাজেট উত্থাপন করেন, সাধারণ বাজেট, তাঁর বাজেট বক্তব্যের মধ্যে দুটি জিনিস স্পষ্ট ভাবে বাংলার মানুষের কাছে পৌঁছে দেবার চেষ্টা করেন যে এই রাজ্য চাল উৎপাদনে প্রথম স্থান অধিকার করেছে এবং মৎস্য উৎপাদনে শুধু প্রথম নয়, গত দশ বছর ধরে পশ্চিমবঙ্গ মাছের জন্য প্রথম পুরস্কার পেয়ে আসছে। আমি নিশ্চয়ই বলব এই রাজ্যের মৎস্যমন্ত্রী আমাদেরও

মন্ত্রী, তিনি এক দশক ধরে কেন্দ্রের দেওয়া পুরস্কারে পুরস্কৃত হচ্ছেন, আমরা নিশ্চয়ই তার জন্য গর্বিত, প্রীত এবং খুশি। কিন্তু আমাদের দৈনন্দিন অভিজ্ঞতা কিন্তু অন্য রকম। তিনি এমন একটা দপ্তরের মন্ত্রী, এমন একটা দপ্তরের বাজেটের আলোচনা করতে এসেছি, যে বিষয়ে প্রতিদিনকার আমাদের অভিজ্ঞতা আছে। আমাদের কী অভিজ্ঞতা আছে? যার জন্য এই হাউসে আমি আজকে একটা কলিং অ্যাটেনশন নোটিশ দিয়েছিলাম, স্কেয়ারসিটি অব ফিস ইন দি মার্কেট অব দি স্টেট। মৎস্যমন্ত্রী তাঁর উত্তরে সেই গতানুগতিক কথার মধ্যে দিয়ে উত্তর দেবার চেষ্টা করেছেন। আমি তাতে সন্তুষ্ট নই। আজকে আমি বলি, এই রাজ্যে মাছের ক্ষেত্রে কী অবস্থা দেখা দিয়েছে—আমাদের এই রাজ্যের আমরা বাঙালি হিসাবে আমরা মাছ প্রিয় মানুষ।

[3-50 – 4-00 p.m.]

মাছ খেতে আমরা ভালবাসি। কিন্তু যত ভ্যারাইটির মাছ আগে গ্রামগঞ্জের পুকুর জলাশয় ইত্যাদিতে পাওয়া যেত সেটা কিন্তু আজকে আর পাওয়া যাচ্ছে না। কোথায় গেল সেসব মাছ? কই নেই, ভেটকি নেই, মাগুর নেই, সিঙ্গি নেই। এইসব মাছ বলতে গেলে পাওয়াই যায় না। কেন হচ্ছে এটা? স্যার, আপনি বাঁকুড়ার গ্রাম এলাকা থেকে নির্বাচিত সদস্য, গ্রামের কথা আপনি জানেন। আপনি এটাও জানেন এইসব মাছ পাওয়াই যায় না বলতে গেলে। এই যে এইসব মাছ পাওয়া যায় না তার কারণ হচ্ছে মাছের আজকে ক্যান্সার হচ্ছে। মাছেরা ক্যান্সারে আক্রান্ত তাই পাওয়া যাচ্ছে না। মাননীয় মৎস্য মন্ত্রী যিনি ১০ বার প্রথম পুরস্কারের শিরোপায় ভূষিত হয়েছে এবং তা হয়ে আজকে বাজেট বরাদ্দ পেশ করেছেন তার কাছে আমি জানতে চাই, এর প্রতিকারের জন্য তিনি কি ব্যবস্থা নিয়েছেন সেটা জানাবেন কি? স্যার, আজকে যে সারা রাজ্যেই মাছের স্কেয়ারসিটি রয়েছে সেটা সকলেই জানেন। মৎস্য মন্ত্রী এখানে যতই পরিসংখ্যান দিয়ে বোঝানোর চেষ্টা করুন না কেন আমাদের বাস্তব অভিজ্ঞতা হল এখানে মাছের স্কেয়ারসিটি রয়েছে। তা ছাড়া এই যে তিনি পরিসংখ্যান দেন যে আমাদের রাজ্যে বছরে ১০ লক্ষ টন মাছের প্রয়োজন এবং আমাদের এখানে ৮ লক্ষ টনের মতন মাছ উৎপাদন হয় কোথা থেকে এই পরিসংখ্যানটা তিনি পেলেন আমরা বুঝতে পারি না। ধান, চালের উৎপাদনের ব্যাপারে পরিসংখ্যান সংগ্রহ করা হয় ক্রপ ক্যাটিং-এর মাধ্যমে কিন্তু এখানে তার মাধ্যমটা কি সেটা আমাদের জানাবেন কি? তা ছাড়া অমাদের দৈনন্দিন অভিজ্ঞতা থেকেও দেখছি যে এই পরিমাণের মাছ এখানে উৎপাদন হয় না। গ্রামে গঞ্জে মাছের উৎপাদন আমরা দেখছি ক্রমশ কমছে। তবে বিরোধী দলের একজন সদস্য হয়েও একথা অস্বীকার করব না যে মাননীয় মৎস্য মন্ত্রী এই মৎস্য দপ্তরটাকে আজকে পাদ প্রদীপের আলোয় নিয়ে আসতে পেরেছেন। কিন্তু তিনি পরিসংখ্যান দিয়ে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। স্যার, শুধু কলকাতা মহানগরীতেই নয়, জেলা শহর, মহকুমা শহর এবং মফস্বলের বাজারগুলিতে গেলেও দেখতে পাবেন অন্ধ্র এবং বিলাসপুরের মাছে ভর্তি। একদিন সেখানে থেকে মাছ না এলে এখানকার বাজারে যোগান ঠিক থাকে না। মৎস্য মন্ত্রী

প্রথম হয়েছেন বটে কিন্তু তিনি এখানে পাশ মার্কও সংগ্রহ করতে পারেননি গত ২০ বছরের মধ্যে। ওর জন্য আমাদের করুণা হয়। স্যার, আমার মেদিনীপুর জেলা এবং উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলাতে বিস্তীর্ণ এলাকা হচ্ছে সমুদ্র উপকূল এলাকা। এই সমুদ্র এলাকাতে আজকাল মানুষ মাছ ধরতে আগ্রহী হয়েছে। আগে আমরা দেখতাম, পেশাগত ভাবে যারা মৎস্যজীবী তারাই পুকুর এবং সমুদ্রে মাছ ধরত কিন্তু আজকাল পরিবর্তীত সামাজিক ও আর্থিক অবস্থার সঙ্গে সঙ্গে পেশাগত ভাবে যারা মৎস্যজীবী তাদের বাইরের মানুষরাও ট্রলার, লঞ্চ নিয়ে সমুদ্রে মাছ ধরতে যান এবং সেখানে এমন কি তারা গভীর সমুদ্রেও চলে যান মাছ ধরতে। স্যার, এ ব্যাপারে আমার বিশেষ অভিজ্ঞতা আছে কারণ আমার বিধানসভা কেন্দ্রের দক্ষিণ দিকে বঙ্গোপসাগর। কিন্তু এ ক্ষেত্রে সমস্যা হচ্ছে, এই যে সমুদ্র থেকে তারা মাছ ধরে আনছে সেই মাছ এনে তারা তুলবে কোথায়? এ ক্ষেত্রে তাদের ল্যান্ডিং ফেসিলিটিস কোথায়? প্রথাগত মাছ যেখানে পাওয়া যাচ্ছে না সেখানে যে সমুদ্র থেকে ধরা মাছ নিয়ে এসে যোগান দেওয়া হবে সে ক্ষেত্রে সমস্যা হচ্ছে সর্বত্র ল্যান্ডিং ফেসিলিটিস নেই। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট ভাষণে পরিকাঠামোর কথা বলেছেন, পরিসংখ্যান দিয়ে নানান কথা বলেছেন কিন্তু এই ল্যান্ডিং ফেসিলিটিস পাওয়া যাচ্ছে না। আমাদের দিঘার কাছে শংকরপুরে একটি মিনি হারবার তৈরি হয়েছে, দক্ষিণ ২৪ পরগনার ফ্রেজারগঞ্জে একটা হয়েছে এবং শংকরপুরে দ্বিতীয় একটি বন্দর তৈরির কাজ চলছে কিন্তু মৎস্যজীবীরা সেখানে কতটুকু আর মাছ তুলতে পারবে? বঙ্গোপসাগর ধরে সমুদ্র উপকূল বরাবর সমুদ্র থেকে জেলেরা যে মাছ ধরে আনেন তার জন্য সর্বত্র ল্যান্ডিং ফেসিলিটিস নেই। তার জন্য দরকার ফিস ল্যান্ডিং প্লাটফর্ম এবং জায়গায় জায়গায় জেটি দরকার। কিন্তু সেই পরিকাঠামো আপনার কোথায় আছে? যে পরিকাঠামোর মধ্যে দিয়ে আমাদের রাজ্যের বেকার সমস্যার সমাধান হতে পারে, সেই পরিকাঠামো আপনার নেই। আজকে মানুষ মাছ ধরতে চায়। আজকে রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্ক, বাণিজ্যিক ব্যাঙ্ক, সমবায় ব্যাঙ্ক ইত্যাদি বিভিন্ন ব্যাঙ্ক এগিয়ে এসেছে, তারা টাকা দিতে চায়, ট্রলার, লঞ্চ, নৌকার জন্য টাকা দিতে চায়। কিন্তু মাছ ধরে তারা রাখবে কোথায়? আজকে মাছ সংরক্ষণের ব্যবস্থা কোথায়? আজকে রাস্তা-ঘাট কোথায় যার মাধ্যমে মাছ নিয়ে আসবে? মন্ত্রী মহাশয় আমাদের জেলার মানুষ। তিনি জানেন যে, দিঘার পাশে যে গঙ্গা মোহনা আছে সেখানে শত শত ট্রলার আসে মাছ ধরার জন্য, কিন্তু সেই মোহনার অবস্থা কি? সব ভেঙ্গে পড়েছে। সেই মোহনা থেকে মূল রাস্তায় আসার কোনও ব্যবস্থা নেই। কি করে মাছ আসবে? আজকে শুধু তাই নয়, এই মৎস্য মন্ত্রী থেকে শুরু করে বামফ্রন্ট সরকারের অনেকেই প্রাইভেটাইজেশনের বিরুদ্ধে কথা বলেন। কিন্তু মাছ চাষের ক্ষেত্রে, আপনি লক্ষ্য করেছেন কিনা জানি না, সেখানে হিন্দুস্থান লিভার, একটা বহুজাতিক সংস্থা ঢুকে গেছে, সেখানে বিজন নাগের ফার্ম ঢুকে গেছে, অ্যাভ্ভুল-এর মতো বহুজাতিক সংস্থা ঢুকে গেছে। আজকে তারা সেখানে ঢুকে গিয়ে সমস্ত ছোট ছোট মৎস্য ব্যবসায়ীকে হটিয়ে দিচ্ছে। আজকে এই জিনিসগুলি ভাবার দরকার আছে।

**শ্রী সুনীতি চট্টরাজ :** স্যার, আপনি দেখুন কোরাম নেই।

**( এই সময়ে কোরামের বেল বাজে এবং সদস্যরা হাউসে উপস্থিত হন।)**

**শ্রী শৈলজাকুমার দাস :** আর একটা কথা হচ্ছে, আজকাল মৎস্য দপ্তরের একটা ব্যারাম পেয়ে গেছে। মৎস্য চাষ মানে হচ্ছে চিংড়ি মাছের চাষ। আজকে সেখানে একটা বিপদ দেখা দিয়েছে। আমাদের সমুদ্র বরাবর জায়গায় বহু ফার্ম, বেকার যুবকরা কিছু পুঁজি নিয়ে চিংড়ি মাছের চাষ করেছিল। চিংড়ি মাছের চাষের মাধ্যমে যেমন একদিকে বিদেশি মুদ্রা আসে তেমনি বেকার যুবকদের বেকারত্ব দূর হয়। কিন্তু আজকে সেই চিংড়ি মাছে ভাইরাস আক্রমণ করেছে এবং সেই ভাইরাস আক্রমণ করার জন্য তারা মার খাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়-এর কাছে আমি জানতে চাই যে, ঐ বিস্তীর্ণ এলাকায় যে চিংড়ি মাছের চাষ হয় তার থেকে বিদেশি মুদ্রা অর্জন হতে পারে। কাজেই এই ভাইরাস দূর করার জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন? ঐ সমস্ত এলাকার মৎস্যজীবী ঘরের ছেলে মেয়েরা যারা মাছের মীন সংগ্রহ করত তারা আজকে একটা সঙ্কটের মধ্যে পড়েছে।

[4-00 – 4-10 p.m.]

সেখানে বহু কষ্ট করে যারা চিংড়ির মীন সংগ্রহ করে তাদের ইনসুরেন্সের কি ব্যবস্থা আছে? মাননীয় মন্ত্রীর দুটি দপ্তর, একটি এস.এফ.ডি.সি. এবং আপরটি ডব্লু.বি.এফ.সি.। কিন্তু ঐ দুটি দপ্তরের ভূমিকা কি? মৎস্য চাষের উন্নতির জন্য জন্ম দেওয়া হয়েছিল কর্পোরেশন দুটির, কিন্তু আজকে সেই দুটি সিক ইন্ডাস্ট্রিতে পরিণত হয়েছে। তারজন্য মন্ত্রীর আনিত বাজেট বরাদ্দকে আমার পক্ষে দুরুহ ব্যাপার, তার জন্য এই বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

**শ্রী চক্রধর মাইকাপ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মৎস্য-মন্ত্রীর বাজেটকে সমর্থন করে এবং বিরোধী পক্ষের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। বিরোধী সদস্য শৈলজাবাবু বলেছেন যে, মৎস্য দপ্তরে কোনও উন্নতি হয়নি। আমি একটি বিষয় বলতে চাই যে বিষয়টা গতকাল আলোচিত হয়ে গেছে। প্রশ্ন হল আমাদের আলোচনার মাপকাঠিটা কি হবে? যদি মাপকাঠিটা ধরা যায় ১৯৭৭ সালের সময় থেকে বামফ্রন্ট সরকারের সময়ে আজ পর্যন্ত, তাহলে দেখা যাবে, ১৯৭৭ সালের আগে মৎস্য নিয়ে ওরা ক্ষমতায় থাকাকালীন কোনও রমক চিন্তাভাবনা করেননি। অর্থাৎ সেই সময় মৎস্য দপ্তর বলে কোনও দপ্তর ছিল না। বামফ্রন্ট সরকার আসার পর এই দপ্তরের সৃষ্টি হল এবং মৎস্য নিয়ে চিন্তা-ভাবনা শুরু হল। প্রথমে জিরো থেকে শুরু হয়েছিল, কিন্তু বাড়তে বাড়তে মাছের উৎপাদনটা এমন জায়গায় এলো যার ফলে ধারাবাহিকভাবে আমাদের রাজ্য মৎস্য উৎপাদনে জাতীয় স্তরে প্রথম স্থান অধিকার করেছে, জাতীয় সংস্থার কাছ থেকে দশবার পুরস্কৃত হয়েছে। একথাটা কিন্তু একবার বলা উচিত ছিল। কিন্তু মাপকাঠি হারিয়ে ফেললে যা হয় সেটাই আপনাদের হয়েছে।

প্রশ্ন উঠেছে—তাহলে মাছের অভাব কেন। কিন্তু সেটা পরে। আগে মাছের উৎপাদনের পরিসংখ্যানটা নেওয়া যাক। এই রাজ্যে গত এক দশকে মৎস্য উৎপাদন দ্বিগুণ পরিমাণ বেড়েছে। যেখানে ১৯৮৪-৮৫ সালে ৪ লক্ষ টনের মতো মৎস্য উৎপাদন হত, ১৯৯৬-৯৭ সালে সেটা ৯ লক্ষ ৩০ হাজার টনের কাছে দাঁড়িয়েছে, অর্থাৎ দ্বিগুণের মতো উৎপাদন বৃদ্ধি হয়েছে। তবুও প্রশ্ন, অন্ধ্র থেকে তাহলে মাছ আনতে হচ্ছে কেন? প্রশ্নটা ঠিকই, কিন্তু এর কারণ হল, বাজারের যা চাহিদা, মানুষের যা এপিটাইট, তার তুলনায় মাছের যোগানে ঘাটতি রয়েছে। মাছের চাহিদাতে আমরা প্রথমে রয়েছি এবং সেই চাহিদা ৭.৫ কোটি মানুষের চাহিদা, কিন্তু উৎপাদন যা হচ্ছে এই চাহিদা তার চেয়ে বেশি। যোগানে এখনও ১০ শতাংশ ঘাটতি রয়েছে। গত ২০ বছরে ঘাটতিটা ২০ শতাংশ থেকে ১০ শতাংশে দাঁড়িয়েছে ৮ম পরিকল্পনা কাল পর্যন্ত। আশা করা হচ্ছে ৯ম পরিকল্পনাকালে এই ঘাটতি পূরণ করা সম্ভব হবে। শুধু উৎপাদন এখানে বেশি হয়েছে তা নয়, যেসব উল্লেখযোগ্য মৎস্য চাষের রাজ্যগুলি রয়েছে তার মধ্যে অন্ধ্র একটি রাজ্য। ঐ রাজ্যের চেয়ে মৎস্যের উৎপাদন পশ্চিমবঙ্গে তিন গুণেরও বেশি। কেরালা—তার চেয়ে এখানে মাছের উৎপাদন দেড়গুণের বেশি, মহারাষ্ট্রর চেয়ে দ্বিগুণ মাছ উৎপাদন করে পশ্চিমবঙ্গ। পাশেই ওড়িষ্যা রাজ্য। এখানে মৎস্য যা উৎপাদন হয় তার চেয়ে চারগুণের বেশি পশ্চিমবঙ্গে উৎপাদন হয়। অতএব এটাকে খাটো করে দেখবার কিছু নেই। এখানে উৎপাদন বেড়েছে এটাই নয়, মৎস্যজীবীদের আয়ও বেড়েছে। এছাড়া এখানকার উৎপাদিত মৎস্য বিদেশি মুদ্রাও অর্জন করছে। ১৯৯৫-৯৬ সালে ভারতীয় মুদ্রায় অর্জিত হয়েছে ৪০০ কোটি টাকা। এ ব্যাপারে কোনও ভাবনা ছিল না ওদের সময়। আজকে বিদেশি মুদ্রা এত বেশি পরিমাণে আনছে এটা নিশ্চয়ই ভেবে দেখতে হবে। শুধু তাই নয় মাছের ডিম, ভারতবর্ষে যে পরিমাণ মাছের ডিম লাগে পশ্চিমবাংলা তার ৮০-৮৫ পারসেন্ট মাছের ডিম সাপ্লাই দেয়। ভারতবর্ষের অন্য কোনও রাজ্য এটা পারেনা। ভারতবর্ষে ২৮টি রাজ্য মৎস উৎপাদন করে, কেউ বেশি করে কেউ কম করে। এখানে বামফ্রন্ট সরকার আছে বলে এবং তার প্রশাসন আছে বলে পশ্চিমবাংলায় এত বেশি মাছের উৎপাদন হয়। এখানে মাছ উৎপাদন দুই ভাবে হয়, এক হচ্ছে অন্তর্দেশীয় জলাশয় থেকে এবং দ্বিতীয় হচ্ছে সমুদ্র থেকে। এফ. এফ. ডি. এ. স্কীমের মাধ্যমে নূতন করে জলাশয় সৃষ্টি করে এবং পুরানো জলাশয়গুলিকে সংস্কার করে মাছের উৎপাদন বাড়ানো হচ্ছে। এই স্কীমের মাধ্যমে সাধারণ গরিব মৎস চাষীদের জন্য আড়াই কোটি টাকা ঋণের ব্যবস্থা করা হয়েছে। শুধু তাই নয় গ্রামের বেকার ছেলেদের মাছ থেকে ডিম বার করে সেই ডিম থেকে চারা মাছ তৈরি করার শিক্ষা দেওয়া হয়। এই শিক্ষা একেবারে তৃণমূল স্তর পর্যন্ত নিয়ে যাওয়া হয়েছে। পঞ্চায়েত লেভেল থেকে শুরু করে জেলা স্তর রাজ্য স্তর এই তিনটি স্তরে ব্যাপ্তি রয়েছে। অর্থাৎ রাইটার্স বিল্ডিং থেকে শুরু করে একেবারে গ্রাম লেভেল পর্যন্ত ব্যাপ্তি রয়েছে। এই ব্যাপারে পঞ্চায়েতের কাজ দেখে ওয়ার্ল্ড ব্যাঙ্ক উৎসাহিত হয়েছে, যার জন্য ৭৫৫ হেক্টর জায়গায় লোনা জলে চিংড়ি মাছ চাষের আগ্রহ প্রকাশ করেছে। এইভাবে দিঘিরপাড়, দিঘা ক্যানিং এবং দাদনপাত্রবার এই সব জায়গায় এই মাছ চাষ হচ্ছে। কিন্তু সাথে সাথে আমাদের সতর্ক

থাকতে হবে এই কারণে যে গরিব মৎস্য চাষীদের মধ্যে পুঁজিপতিরা ঢুকে পড়েছে। আমরা লক্ষ্য করছি গরিব চাষীরা মাছ উৎপাদন করছে কিন্তু তারা নায্য দাম পাচ্ছে না। এই পুঁজিপতিরা আগে থেকে তাদের দাদন দিয়ে কম দামে গরিব চাষীদের কাছ থেকে নিয়ে নিচ্ছে। সমুদ্রে একটা র‍্যাডারের ব্যবস্থা করা দরকার। গরিব মৎস চাষীরা সমুদ্রে মাছ ধরতে যায়, সামুদ্রিক ঝড়ে তারা মারা যায়। র‍্যাডারের মাধ্যমে যদি আগাম খবর পাওয়া যায় তাহলে সেই বিপদের হাত থেকে তাদের বাঁচানো যাবে। তা ছাড়া জলদস্যুরা এই মৎসজীবীদের উপর আক্রমণ করে এটা বন্ধ করা দরকার। তা না হলে গরিব মৎস্যজীবীদের বাঁচানো যাবে না। এই কথা বলে মৎস্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গোপালকৃষ্ণ দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মৎস মন্ত্রী ১৯৯৭-৯৮ সালের যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের সদ্যদের আনা কাট মোশনের সমর্থনে কিছু বক্তব্য রাখছি। আমার পূর্ববর্তী বক্তা চক্রধর মাইকাপ বলতে গিয়ে বলার চেষ্টা করছেন পরিসংখ্যান দিয়ে যে এই রাজ্য প্রথম স্থানে আছে মৎস উৎপাদনে কয়েকটি অধ্যায় ধরে এবং সেই ব্যাপারে অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনামূলক বিশ্লেষণ করলেন। আমি আপনার মাধ্যমে এই হাউসে যেটা বলতে চাই তা হল পশ্চিমবাংলা আজকে শুধু প্রথম স্থানে নয়, মৎস উৎপাদনের ক্ষেত্রে অনেক আগে থেকে পশ্চিমবাংলার একটা গৌরবজনক ভূমিকা ছিল। মাননীয় মন্ত্রী মহাশয়ের গতবারের বাজেট বক্তৃতা দেখলাম, এই বছর তার একই পুনরাবৃত্তি যে পশ্চিমবাংলা মৎস উৎপাদনে পুরস্কার পেয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা কথা বলব এবং যে সমস্ত মাননীয় সদস্য মন্ত্রী মহাশয়ের কথা শুনে টেবিল চাপড়ান তাঁদের উদ্দেশ্যে বলব, ১৯৯২ সালের জানুয়ারি মাসে মিন বার্তায় একটা সংবাদ প্রকাশিত হয়েছিল—লেখক ভুল করে লিখেছিলেন কিনা জানিনা—সেখানে লেখা ছিল দুই দশক ধরে পশ্চিমবাংলা মৎস উৎপাদনে অগ্রগণ্য ভূমিকা গ্রহণ করেছে। এই দুই দশক বলতে ১৯৭২ সাল থেকে শুরু হয় এটা সরকারি দলের বন্ধুদের জানা উচিত।

[4-10 – 4-20 p.m.]

এই রাজ্যে মৎস্য উৎপাদনে যে ভূমিকার কথা বলেছেন, মৎস্য উৎপাদনের যে পরিসংখ্যান আপনি দিয়েছেন, এই তথ্যের ভিত্তিটা কি? সেই ভিত্তিটা যদি মাননীয় মন্ত্রী জানান তাহলে হাউসে যে সংশয় দেখা দিয়েছে পরিসংখ্যান নিয়ে তা এই হাউসে সবার জানা হয়ে যাবে। মৎস্য উৎপাদনে প্রথম দাবিদার এই রাজ্য আমার পূর্ববর্তী বক্তা শৈলজা দাস এই কথা উল্লেখ করে মন্ত্রী মহাশয়কে বললেন, মাছের বাজারে বর্তমানে দামটা কি? মৎস্যমন্ত্রী কলিং অ্যাটেনশনের জবাব দিতে গিয়ে বললেন যে, ট্রাক এবং লরি স্ট্রাইক হওয়ার কারণে মাছ আসছে না বলেই মাছের দাম বেড়ে গিয়েছে। আমি মাননীয় মন্ত্রীকে বলব, আপনি আগে রাষ্ট্রমন্ত্রী ছিলেন, পরবর্তী সময়ে পূর্ণ মন্ত্রী হয়েছেন। তারপর আপনি উদ্যোগ নিয়েছিলেন

ঠিকই, কিন্তু আপনার একটা ভাবনা ছিল। রাষ্ট্রমন্ত্রী হিসাবে আপনি একটু ভাল কাজ করেছিলেন তাই বড় শরিক দল আপনাকে পূর্ণ মন্ত্রীর দায়িত্ব দিয়েছে। আপনি অতিরিক্ত একটি দপ্তর, পর্যটন দপ্তর চেয়েছিলেন। বড় শরিকদলকে তোষণ করতে গিয়ে মুখ্যমন্ত্রীর ছেলেকে তোয়াজ করতে গিয়ে সুন্দরবনে হেনরি অ্যাকোয়াডাকট ইণ্ডাস্ট্রি এফ. এফ. ডি. এ.র কাছ থেকে লোন নিয়েছে। বার্ষিক ৫ লক্ষ টাকায় লিজ নিয়েছিল। আবার বেনফিশ নামক একটি প্রতিষ্ঠান তাদের কাছ থেকে ৫ লক্ষ টাকার শেয়ার কিনে নিল। সেই শেয়ার কেনা কি মুখ্যমন্ত্রীকে তোয়াজ করা নয়? সেটা কি আপনার পদমর্যাদা বৃদ্ধি করে—এই প্রশ্ন থেকে যায়। প্রশ্ন থেকে যায় এই কারণে যে, কি কারণে একটি সংস্থাকে যাকে টাকা দিলেন, লিজ দিলেন, জমিও দিলেন, সেই সংস্থা আপনারই দপ্তরের একটি সংস্থার শেয়ার কিনে নিল। এটা নিয়ে মানুষের মনে সংশয় জাগে না? মন্ত্রী মহাশয় আপনি একদিন বলেছিলেন, 'যেখানে ডাঙ্গা সেখানে গাছ, যেখানে জলা সেখানেই মাছ।' আপনার এই শ্লোগান সার্থক হয়েছে? প্রমোটার রাজ কায়েম হওয়ার ফলে জমির পরিবর্তন করতে গিয়ে জলা ভূমি বাঁচাও ডাক দেওয়া সত্ত্বেও নতুন করে আপনাকে আইন সংশোধন করতে হয়েছে। কারণ আপনি চাইলেও আপনার বড় শরিকদল প্রমোটার রাজ কায়েম করতে গিয়ে জলা ভূমি নষ্ট করে দিয়েছে। জমির পরিবর্তন হওয়ার ফলে মৎস্য চাষের ব্যাপারে আমরা উল্লেখযোগ্য জায়গায় আসতে পারিনি। আপনি এর আগে বারবার বলেছেন যে, কেন্দ্রীয় সরকারের বঞ্চনার জন্য এখানে কিছু হচ্ছে না। আমি সেই ব্যাপারে একটু বলি। কেন্দ্রীয় সরকারে সহায়তায় এই রাজ্য পেয়েছে কিনা সে সম্বন্ধে একটু বলি। লোকসভায় তদানিন্তন রাষ্ট্রমন্ত্রী যে বিবৃতি দিয়েছিলেন তাতে আমরা দেখছি যে, এফ. এফ. ডি. এ ১৯৯২-৯৩ সালে ৭৯০০ লক্ষ টাকা, ১৯৯৩-৯৪ সালে ১৪০০০ লক্ষ টাকা, ১৯৯৪-৯৫ সালে ১৭৪০০ লক্ষ টাকা এবং বি. এফ. ডি. এ. ১৯৯৩-৯৪ সালে ৩.০০ লক্ষ টাকা ১৯৯৪-৯৫ সালে ১০১৯৪ লক্ষ টাকা দিয়েছিল যাতে মৎস্য নিগম এর সহায়তায় বেনফিশ সুসংহত মৎস্য উন্নয়নের কাজ চালিয়ে যেতে পারে। কিন্তু মানুষের অন্তর্দেশীয় বিপণন কেন্দ্র বা পরিষেবা বিকাশের ক্ষেত্রে বেনফিশ কি ভূমিকা গ্রহণ করেছিল তা আপনার কাছে জানতে ইচ্ছা করি। আপনি আপনার বক্তব্যে বলেছেন যে, আমরা শুটকি মাছের জন্য মেদিনীপুরের জুনপুটে একটি কারখানা তৈরি করেছি। কিন্তু ১৯৯৬-'৯৭ সালে এই জুনপুট থেকে এই শুটকি মাছ থেকে আমার কত টাকা আয় হলো তা কি একটিবার আপনি বলবেন? আপনি বিভিন্ন ক্ষেত্রে উপকৃতের সংখ্যার কথা বলেছেন। আপনার কাছে জানতে চাইছি যে, এই যে ফিসারিজ বাবদ যে লাইসেন্স দিচ্ছেন এর থেকে রাজস্ব খাতে কত টাকা আয় হয়েছে এবং নোনা জমিতে চিংড়ির চাষের ক্ষেত্রে যে উদ্যোগ গ্রহণের কথা বলেছেন তাতে দৈনিক কত উৎপাদন হচ্ছে এবং কত পরিমাণে বৈদেশিক মুদ্রা অর্জন করতে পেরেছেন। আজকে মৎস্য দপ্তরের এমন অবস্থা যে মৎস্য দপ্তর থেকে বলা হচ্ছে পরিসংখ্যান দিয়ে যে তারা নাকি ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। কিন্তু ওঁদেরই যুগ্ম অধিকর্তা, যিনি এসবের পরিসখ্যান রাখেন, মনিটারিং এবং মার্কেটিং ইভ্যালুয়েশান করেন তাঁর কিছু তথ্য আমাদের কাছে আছে এবং তাতে জানা গেছে

যে কিভাবে তারা মৎস্য উৎপাদনে ফার্স্ট হয়েছে। প্রাইমারি ফিশারম্যান কো-অপরেটিভ তারা কয়েকটি পুকুর নিয়ে মাছ চাষ করে এবং এই ব্যাপারে একটা অন্ধকারের কাহিনী আছে এবং সেখানে একটা ভুল পরিসংখ্যান দিয়ে কারচুপি করে পশ্চিমবঙ্গ বিধানসভাকে অসত্য সংবাদ পরিবেশন করছেন এবং বলে যাচ্ছেন যে আমরা প্রথম হয়েছি, প্রথম হয়েছি, প্রথম হয়েছি। কিভাবে ভুল পরিসংখ্যান দিয়ে বোঝাতে চাইছেন দেখুন এবং একটা চুরি করছেন। আপনাদের নিজস্ব কতগুলো পুকুর আছে সেই পুকুরে মাছ চাষ হয় কিন্তু তাতে আর কত হতে পারে? সেইকারণে বিভিন্ন যে পুকুর আছে, যেখানে মাছ চাষ হয়, সেখানকার মাছ তুলে একটা রিজার্ভার করে রাখা হয়েছে তাতে ঢালা হচ্ছে। এইভাবে বিভিন্ন পুকুরের মাছ একটা রিজার্ভারে রেখে বলা হচ্ছে যে আমাদের প্রোডাকশন পার হেক্টর এত ইত্যাদি। এটা যে সত্যর অপলাপ মাত্র তাতে কোনও সন্দেহ নেই। আপনাদের এস এফ. সি লসে রান করছে। কর্মীসংখ্যা এখানে অফিসার থেকে কর্মী মিলিয়ে মোট ৭২০ জন। আজকে ওয়েস্ট বেঙ্গল ফিশারিজ কর্পোরেশনের অবস্থা কোথায় দাঁড়িয়েছে একটু ভাবুন। এইসব কারণে এই ব্যয় বরাদ্দের দাবির বিরোধিতা করে আমাদের আনীত কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মৎস্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে, আমাদের রাজ্যে মৎস্য উৎপাদনে প্রথম এই দাবি উত্থাপন করেছেন তারজন্য তাঁকে আমি সমর্থন জানিয়ে এবং ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। আমাদের রাজ্যে মৎস্যজীবীদের যদি উন্নতি না ঘটত তাহলে কখনোই মাছের উৎপাদন বাড়ানো যেত না। আমাদের রাজ্যের যে জলাভূমি তাতে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ জলাভূমির জন্য সংরক্ষণ আইন প্রণয়ন করা হয়েছে। কিন্তু এটা দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে, জলাভূমি সংরক্ষণ আইন থাকলেও আমাদের পুকুর এবং জলাশয়গুলো ভরাট হয়ে যাচ্ছে। সুতরাং এই সম্পর্কে আইন থাকলে সেই আইনটা কঠোরভাবে রূপায়ণ করার কথা এবং এই ব্যাপারে মাননীয় মন্ত্রীকে দৃষ্টি দিতে হবে। এছাড়া আজকে স্বাধীনতার ৫০ বছর হতে চলেছে এখনো পর্যন্ত দেশের মৎস্যজীবীদের যে সামাজিক এবং আর্থিক অবস্থা খুবই খারাপ। এরজন্য আমাদের মৎস্য দপ্তরের অধীনে কতগুলো কল্যাণকর কর্মসূচি গ্রহণ করা হয়েছে যেমন মৎস্যজীবীদের জন্য মিলন গৃহ আবাস, জাল বুননের ব্যবস্থা করা হয়েছে। বরফ কল স্থাপন করা হয়েছে যাতে করে মাছ মজুত রাখা যায় এবং মৎস্যজীবীদের বার্ধক্য ভাতার ব্যবস্থা করা হয়েছে। এছাড়া রাস্তাঘাটেরও উন্নতির চেষ্টা করা হয়েছে।

[4-20 – 4-30 p.m.]

আগে এই দপ্তর থেকে কংগ্রেসি আমলে এইসব ব্যবস্থা ছিল না। এটা আপনাদের মনে রাখা দরকার। গঙ্গা এবং যে সব নদীতে মাছ উৎপন্ন হয় সেখানে কলকারখানার বিষাক্ত জল বা অন্যান্য বর্জ্য পদার্থ গড়ার ফলে মাছ কিন্তু নষ্ট হচ্ছে। এছাড়া আমাদের দেশে কৃষি

জমিতে যে মাছ উৎপন্ন হত, বিভিন্ন উপজাতির মাছ উৎপন্ন হত, সেখানে কীটনাশক ঔষধ প্রয়োগের ফলে আমাদের কৃষিজাত যে মাছ উৎপন্ন হত সেটা নষ্ট হয়ে যাচ্ছে। এই ব্যাপারে আমাদের দপ্তরকে উদ্যোগী হওয়ার প্রয়োজন আছে বলে মনে করি। সরকারি এবং আধা সরকারি ও বিভিন্ন সংস্থার জলাশয়গুলির ক্ষেত্রে নিয়ন্ত্রণ ও বিলি বন্টনের ক্ষেত্রে মৎস্য দপ্তরের ভূমিকা থাকা দরকার এবং সেক্ষেত্রে জলাশয়গুলি যদি ঠিকমতো কাজে লাগানো যায় তাহলে আমাদের দেশের বেকার সমস্যা কিছুটা সমাধান হতে পারে। এছাড়া মাছ পচনশীল বস্তু, এই ব্যাপারে বলি, আমাদের যে নিয়ন্ত্রিত বাজার আছে, সেখানে যদি হিমঘরের ব্যবস্থা করা যায় তাহলে মাছ যে পচে যায় সেটা পচার হাত থেকে অনেকখানি রেহাই পাওয়া যাবে। সরকার মৎস্যজীবীদের চিহ্নিত করে পরিচয়পত্র দেওয়ার কথা ঘোষণা করেছিলেন, কিন্তু এখন পর্যন্ত আমরা দেখছি সরকারে থেকে যে পরিচয়পত্র দেওয়ার কথা সেটা দেওয়া হয়নি। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের আমি দৃষ্টি আর্কষণ করছি। এছাড়া ভেড়ীগুলি সমবায় সমিতি কর্তৃক পরিচালিত না হওয়ার ফলে আমরা দেখছি ভেড়ীগুলি নিয়ন্ত্রণের বাইরে চলে যাচ্ছে, সাধারণত ধনী ব্যক্তিদের হাতে এবং সমাজ বিরোধীদের হাতে। যার ফলে বিভিন্ন ভেড়ীতে আজকে আইনশৃঙ্খলা জনিত ঘটনা ঘটছে; এটা আমরা লক্ষ্য করছি। এই ব্যাপারে সরকারের সুনির্দিষ্ট নীতি থাকা দরকার। সমবায় সমিতি কর্তৃক ভেড়ীগুলি নিয়ন্ত্রিত হলে আইনশৃঙ্খলা জনিত যে ঘটনাগুলি ঘটছে সেটা নিয়ন্ত্রিত হতে পারে। কৃষি জমিতে নোনা জল ঢুকিয়ে যে মাছ চাষ করার জন্য অসাধু ব্যবস্থা চলছে, আমি মনে করি এটার ক্ষেত্রে কৃষি থেকে মাছ চাষ করা যদি লাভজনক হয় তাহলে আমরা ক্ষুদ্র চাষী এবং প্রান্তিক ও পাট্টাদারদের বঞ্চিত না করে তাদেরকে মিশ্র চাষের মধ্যে এনে মাছ চাষ এর ব্যবস্থা যদি করা যায়, তাদের হাতে যদি ক্ষমতা দেওয়া হয়, দায়িত্ব দেওয়া হয় তাহলে আমাদের গরিব কৃষক মৎস্য চাষীরা অনেকখানি উপকৃত হতে পারে। সমুদ্রে মৎস্য চাষ প্রক্রিয়াকরণ সম্পর্কে সুপ্রীম কোর্ট এর যে নিষেধাজ্ঞা জারি রয়েছে, এই সম্পর্কে বাজেট বরাদ্দে কোনও বক্তব্য নেই, এই সম্পর্কে মাননীয় মন্ত্রীকে কিছু বলার জন্য অনুরোধ করছি। এছাড়া বহুজাতিক সংস্থাগুলি, বড় বড় সংস্থাগুলি গভীর সমুদ্রে মাছ ধরে এবং তারা যে মাছ ধরে তাতে উৎপাদনমুখী এবং রপ্তানিমুখী মাছ ধরার চেষ্টা চালান, এর ফলে, জলজ সম্পদ নষ্ট হচ্ছে। আমাদের দেশে দরিদ্র মৎস্যজীবীদের ট্রলারের ব্যবস্থা নেই, ফলে দরিদ্র মৎস্যজীবীরা মাছ ধরার ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হচ্ছে। এছাড়া বাগদা চিংড়ী, মিনিকিট ধরার জন্য সমুদ্রের অনেক উপজাতির মাছ নষ্ট হচ্ছ, এই ব্যাপারটি মাননীয় মন্ত্রীকে দেখতে অনুরোধ করব, এই কথা বলে বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিপ্লব রায়চৌধুরি :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, ৫১ নম্বর দাবিতে, আমি তার বিরোধিতা করছি। যে বাজেট বইটি দেওয়া হয়েছে, দুটো মোটা কাগজে মোড়া ৩ পাতার একটি বই, এটা দেখার পর আর কিছু বলার থাকে না। আমি প্রথমে যে কথাটা বলতে চাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বাজেট বইটি

প্রকাশিত হয়েছে তাতে বিস্তারিত কিছুই দেওয়া নেই। এই রাজ্যে কত মৎস্যচাষী আছে, কি করে তারা উৎপাদন করে, কতগুলো কো-অপারেটিভ আছে, তাদের আর্থিক অবস্থা কি এই বিষয়গুলো বইটিতে কিছুই নেই। এর জন্য অন্য বই থেকে খুঁজে খুঁজে বার করতে হবে। এটা অত্যন্ত দুঃখের বিষয়। আমি এর গভীর নিন্দা করছি। ৬৯ কোটি টাকার বরাদ্দ চেয়েছেন অথচ পুস্তিকাটি অত্যন্ত ছোট। এর মধ্যে তথ্য, পরিসংখ্যান কিছুই নেই। আমি আশা করব, ভবিষ্যতে যে পুস্তিকাটি প্রকাশ করবেন তার মধ্যে যেন বিস্তারিত তথ্য, পরিসংখ্যান থাকে। স্যার, ১৯৯২ সালের একটা মীন বার্তা আমার কাছে আছে। এই মীনবার্তায় প্রাক্তন মৎস্য অধিকর্তা শ্রী সুকুমার দাশ বলেছেন যে দু দশক ধরে মাছ উৎপাদনে পশ্চিমবঙ্গ এক গৌরবোজ্জ্বল ভূমিকা পালন করছে। তার জন্য আমরা সব সময়ে গর্ব বোধ করতে পারি। আর এই কৃতিত্ব আজ আপনারা দাবি করতে এসেছেন। কিন্তু আলাদা করে কোনও কৃতিত্ব আপনাদের দেওয়া যাবে না। এর ফলশ্রুতি ভোগ করছেন আপনারা। মাননীয় মন্ত্রী তো বলেছেন উনি বাংলার মানুষকে মাছ খাওয়াবেন। তো অন্ধ্রপ্রদেশ, উড়িষ্যাকে সমান অংশীদার করে ওঁর নামটা ব্র্যাকেটে যোগ করে দেওয়া উচিত। আমি আরও দু-একটি কথা বলতে চাই। নানা জেলায় উনি মাছ চাষের বিরাট সম্ভাবনার কথা বলেছেন। মেদিনীপুরে বাগদা ও চিংড়ী চাষের কথা বলেছেন, মীনদ্বীপের কথা বলেছেন এবং আপনি জানেন হলদিয়ার কাছে শঙ্করপুরে মাছ চাষের যে উদ্যোগ নেওয়া হয়েছিল গত ৩/৪ বছর ধরে সেখানে চিংড়ী মাছের দূষণ হচ্ছে। ফলে লক্ষ লক্ষ মাছ চাষীদের সর্বনাশ হয়ে যাচ্ছে। বাংলার বহু যুবক, তারা কিভাবে চোখের জল চাপছে। আমি আপনাকে অনুরোধ করব যে এই ধরনের বড়বড় হাতছানি দিয়ে ডেকে নিয়ে তাদের সর্বনাশ করবেন না। তারা যাতে ভবিষ্যতে বাঁচবার পথের খোঁজ পায় তার ব্যবস্থা করবেন। আরেকটা কথা বলি, ওই এলাকায় পরিবেশ দূষণ হচ্ছে,জল দূষণ হচ্ছে তার ফলে ওই এলাকায় মাছ চাষ নিষিদ্ধ করে দেওয়া হয়েছে সুপ্রীম কোর্টের নির্দেশে। যদিও মন্ত্রী বলেছেন, ওই এলাকা সুপ্রীম কোর্টের নির্দেশের বাইরে। তবুও ওই এলাকায় যে ধরনের দূষণ হচ্ছে সে সম্পর্কে আমরা যদি সচেতন না হই তাহলে আরও বড় ভয়াবহ ক্ষতি হয়ে যেতে পারে। ৯ নম্বর অনুচ্ছেদে আপনি বলেছেন যে দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপে আট নম্বর লটে হার্ডউড পয়েন্টের ক্ষেত্রে ডায়মণ্ডহারবারে মৎস্য বন্দর নির্মাণ করা হয়েছে কিন্তু মুশকিল হয়েছে এই যে বার্জ জেটি যা তৈরি করতে মৎস্য দপ্তরের আড়াই কোটি টাকা খরচ হয়েছে সেখানে একটা ত্রুটি ধরা পড়েছে। নদীর জলে স্রোত বাড়লে বার্জ চলাচল বন্ধ হয়ে থাকছে ৯/১০ ঘন্টা। আড়াই কোটি টাকা খরচ করে এই বন্দর তৈরি হয়েছে। এর জন্য দায়ী কারা? আরেকটা কথা বলতে চাই, আপনার সংসার তো অনেক বড়। আপনার এই বড় সংসারে এফ. এফ. ডি. এ, বি. এফ. ডি. এ, ডব্লু. বি. এফ. সি, এস. এফ. ডি. সি, বেনফিশ, তাছাড়া অনেক স্মল ফিশারীজ সোসাইটিও আছে। অনেক সোসাইটি হয়েছে। নানাদিকে জাল বিস্তার হয়েছে। অনেক লোন এবং বড়বড় কথা বলা হচ্ছে কিন্তু শেষ পর্যন্ত কি হচ্ছে সেটা আমরা জানতে চাই।

[4-30 – 4-40 p.m.]

সব শেষে দেখছি যে, এখনও পর্যন্ত ডেফিসিট। লরির উপর তাকিয়ে থাকতে হচ্ছে অন্ধ্রপ্রদেশ থেকে লরি আসবে, তবে মাছ কিনতে যাব। বিয়েবাড়ি, কাজের বাড়িতে অন্ধ্রপ্রদেশ থেকে ৬ কেজি, ৮ কেজির বড় বড় মাছ এলে তবে মাছ কিনতে পারা যাবে। এই যদি ঘটনা হয়, তাহলে সাফল্য এবং ব্যর্থতা, এই দুটো পাশাপাশি বিচার করে দেখবেন যে; এই সাফল্য দাবি করবার অধিকার আপনার আছে কি না? স্যার আমি একটা কথা বলতে চাইছি যে, বাজেটে যে কো-অপারেটিভ আছে, সেই কো-অপারেটিভে প্রফিটেবিলিটি এবং লস, যেটা আমার আগের বক্তা বলছিলেন যে প্রত্যেকটা যে ফার্মার এজেন্সী করেছেন, সেগুলি আরও বাড়ুক, তা নিয়ে আপত্তি নেই, কিন্তু প্রত্যেকটায় কতগুলি কাজ করে, তাদের পিছনে কত খরচ হচ্ছে এগুলি দেখা দরকার। এই কাজগুলি করতে শেষ পর্যন্ত ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা নিতে হয়েছে। সেই টাকায় বড় বড় বিল্ডিং তৈরি হচ্ছে। কিন্তু সত্যিকারের উপকারে লাগছে কিনা বা লোনের পরিমাণ বেড়ে যাচ্ছে কিনা, এবং রাজ্য আরও দেনাগ্রস্ত হচ্ছে কিনা সবকিছুই দেখতে হবে। আর একটা কথা বলি। সরকারি ফার্মে যেখানে ফিংগার লিস তৈরি হচ্ছে, সেগুলি বন্ধ হয়ে যাচ্ছে। যেমন কৃষ্ণনগরে বন্ধ হয়ে গেছে, বহরমপুরে বন্ধ হয়ে গেছে, মেদিনীপুরে একটা সেন্টার ছিল—সেটা বন্ধ হয়ে গেছে। মালদায় বন্ধ হওয়ার মুখে, কল্যাণী ফার্ম বন্ধ হওয়ার মুখে, মথুরাপুরেও একই অবস্থা। শান্তিপুর ফিশারিজ ফার্ম উঠে গেছে। আমি ওঁনাকে অনুরোধ করব যে, উনি আবার নতুন করে তথ্যানুসন্ধান করুন, কেন এগুলি বন্ধ হয়ে গেল। উনি মানুষের সামনে বড় বড় কথা বলছেন আর রাষ্ট্রপতির কাছ থেকে প্রধান পুরস্কার চাইছেন। এই যদি পুরস্কারের চরিত্র হয়, তাহলে কিছু বলার নেই। উনি যে সাফল্যের দাবি করেন, সেই সাফল্য যদি শক্ত ভূমির উপর প্রতিষ্ঠিত হয়, তাহলে আমরা তাকে সমর্থন করতে পারি। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয়, মৎস্য বিভাগের মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন, আমি তাকে সমর্থন জানিয়ে দু-একটি কথা বলব। মহাশয় সংক্ষেপে সব কটা পয়েন্ট করার চেষ্টা করেছেন। যেমন নদীতে মৎস্য সঞ্চার প্রকল্প, সুসংহত মৎস্য চাষ প্রকল্প, বাগদা, গলদা গবেষণা কেন্দ্র, প্রজনন ক্ষেত্র, গবেষণামূলক চিংড়ি চাষ, মৎস্য বন্দর নির্মাণ ইত্যাদি আরও পরিষেবামূলক কাজের কথা তিনি তাঁর বাজেট বিবৃতিতে বলেছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টিতে কতগুলি বিষয় রাখছি। এই সাবজেক্ট আমাদের কাছে লোভনীয় এবং গর্বের বিষয়। নদীতে লোনা জলে মাছ চাষের ব্যাপারটা যথেষ্ট সম্ভাবনা রয়েছে এবং এতে আমরা ফলও পেয়েছি। কিন্তু এই বিষয়ে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে আমাদের সরকারের কোনও নিয়ন্ত্রণ নেই। এই চাষের জন্য নদীর বাঁধ কেটে চাষের জমির সর্বনাশ করা হচ্ছে এবং জমির মালিক যারা তাদের ল্যাণ্ড অ্যাণ্ড ল্যাণ্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট অথবা ল্যাণ্ড রিফর্মর্স ডিপার্টমেন্টের পারমিশনের তাদের দরকার হচ্ছে

না। ফলে কৃষি মজুররা কর্মহীন হয়ে পড়ছে। তাদের জন্য কোনও বিকল্প ব্যবস্থা নেই। বিভিন্ন জমির মালিক যাদের কাছ থেকে ওই মৎস্য প্রকল্পের জন্য জমি গ্রহণ করা হচ্ছে, তারা হয়রানি হচ্ছেন এবং বছরে যে লিজ চুক্তি জমি ওরা গ্রহণ করছেন, এই সময় মত টাকা দিচ্ছে না এবং এক ভাগ বা এক একর এ কত টাকা লিজ হওয়া উচিত সেটা নিরূপণ করার কেউ নেই। সম্প্রতি সুপ্রিমকোর্টের নির্দেশে পরিবেশ দূষণের বিষয়ে একটা সতর্কীকরণ এসেছে। সমস্ত নোনা জলের মৎস্য চাষের ক্ষেত্রে বলা আছে নদী থেকে ৫ কিলোমিটারের ব্যবধানের মধ্যে কোনও মৎস্য প্রকল্প করা চলবে না। তাহলে আমাদের যে সম্ভাবনা সেটা কতটুকু আমরা ধরে রাখতে পারব? মৎস্য চাষের জন্য বিভিন্ন সোসাইটি বা সংস্থাকে সরকার থেকে জমি দেওয়া হয়েছে। তবে একটা দপ্তরের সাথে আরেকটা দপ্তরের সমন্বয়ের কিছুটা অভাব রয়েছে। আমরা যারা সুন্দরবন বা মেদিনীপুর জোনে থাকি, তারা জানে এই সব এলাকায় নোনা জলে বাগদা এবং অন্যান্য মৎস্য চাষ হয়। কিন্তু সেটা আমাদের কাছে আশীর্বাদ না হয়ে অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। এখানকার মানুষ বলছে এখানে বিশাল নদীর চর জমে যাচ্ছে। এখানে বিশ্বব্যাঙ্কের সহায়তায় ম্যানড্রিউল এবং অন্যান্য কোম্পানিগুলো এখানে কাজে নিযুক্ত আছে। তারা সেখানে চাষ করছেন। নদীর চরের জন্য এখানে নদীর জল ধারণের ক্ষমতা হ্রাস পাচ্ছে ফলে চাষের জমি জলে ভরে যাচ্ছে। চাষীদের মাথায় হাত। কাদের আটকাবেন? কার বিরুদ্ধে আমরা কথা বলব? এখানে আশীর্বাদের জায়গায় অভিশাপ নেমে এসেছে। এরজন্য সুপরিকল্পনা করা দরকার। অন্যদিকে সেচদপ্তর হিমসিম খেয়ে যাচ্ছে। সিলটেশন হয়ে যাচ্ছে। হাই-টেকনোলজির মাধ্যমে যারা চাষ করছেন তারা কিন্তু গ্রামের মানুষের কথা ভাবছেন না। তারা পরিবেশ দূষণের কথা ভাবছেন না। তারা কিন্তু পরিকল্পনা রূপায়ণ করে এই পরিবেশকে রক্ষা করতে পারতেন। কিন্তু এই সোসাইটি বা সংস্থাগুলো তার ধারে কাছে যাচ্ছে না। বাগদা, চিংড়ি চাষের মাধ্যমে বৈদেশিক মুদ্রা আসছে সেটাও ভাবা দরকার। এই কথা বলে আমি এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধীদের আনা ছাটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবীশঙ্কর পাণ্ডা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় মৎস্যমন্ত্রী এই আর্থিক বছরের জন্য যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের আনীত ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। আমাদের রাজ্যের মৎস্য মন্ত্রী গর্বিত যে সারাভারতের মধ্যে মৎস্য চাষে আমাদের রাজ্য প্রথম হয়েছে, পশ্চিমবাংলা মৎস্য উৎপাদনে অন্যরাজ্য থেকে এগিয়ে গেছে। কিন্তু এতে মৎস্যমন্ত্রী বা তাঁর দপ্তরের কৃতিত্ব কোথায় সেটা আমি বুঝতে পারছি না। বাংলার মানুষ চিরকালই নিজস্ব দায়িত্বে, নিজস্ব উদ্যোগে অধিক পরিমাণে মৎস্য চাষ করেন। অন্য রাজ্যে মাছের চাহিদা কম থাকায় অত্যন্ত স্বাভাবিক কারণে সেখানে মাছের চাষের ব্যাপারে মানুষের মধ্যে উৎসাহ কম। সুতরাং পশ্চিমবাংলায় সাধারণ মানুষের ব্যক্তিগত উদ্যোগে এবং প্রয়াসে মাছের উৎপাদন অনেক বেড়েছে। সুতরাং সেখানে মৎস্য মন্ত্রীর কৃতিত্ব কিসে সেটা আমরা বুঝতে পারছি না।

পশ্চিমবঙ্গে মাছ চাষের পরিবেশ আছে, এখানকার মানুষের মাছ চাষের ব্যাপারে উৎসাহ আছে, আপনারা এখানে প্রায় ২০ বছর ধরে ক্ষমতায় আছেন তবুও আপনারা মৎস্য উৎপাদনে পশ্চিমবঙ্গকে স্বয়ংসম্পূর্ণ করতে পারলেন না। মাছের জন্য এই রাজ্যের মানুষকে অন্য রাজ্যের দিকে তাকিয়ে থাকতে হয়। একটু আগে এক দৃষ্টি আকর্ষণী প্রশ্নের উত্তরে আপনি বললেন মাত্র কয়েকদিনের ট্রাক ধর্মঘটের জন্য পশ্চিমবঙ্গের বাজার থেকে মাছ উধাও হয়ে যাবে। এটা তাঁর দপ্তরের ব্যর্থতা। আজকে চিংড়ি চাষ খুবই লাভজনক চাষে পরিণত হয়েছে। কিন্তু আমরা উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে হিন্দুস্থান লিভার, অ্যানড্রিউল এই ধরনের বহুজাতিক সংস্থাগুলো চিংড়ির চাষে এগিয়ে গেছে এবং নদীতে উন্নত প্রযুক্তির ট্রলার দিয়ে মাছ ধরতে যাচ্ছে।

[4-40 – 4-50 p.m.]

পুরুষানুক্রমে যে সমস্ত মৎস্যজীবীরা নদীতে মাছ ধরে তাদের জীবীকার সংস্থান করত, এই অসম প্রতিযোগিতায় তারা ব্যাপক ভাবে পিছিয়ে যাচ্ছে। আজকে এমন অবস্থা হয়েছে, শিল্পপতিরা বিভিন্ন ব্যবসা ছেড়ে চিংড়ি চাষের দিকে ঝুকছে। মাননীয় মুখ্যমন্ত্রীর ছেলে, বিশিষ্ট শিল্পপতি চন্দন বসু ঝুঁকেছে, বিজন নাগ ঝুঁকেছে এই চিংড়ি চাষের দিকে। আজকে মাননীয় মুখ্যমন্ত্রীকে খুশি করতে গিয়ে বৃহৎ শিল্পপতিদের তোষণ করতে গিয়ে এসমস্ত ছোট মৎস্যজীবীরা যেন শেষ না হয়ে যায়, সেদিকে মাননীয় মন্ত্রী দৃষ্টি দেবেন। উত্তরবাংলায় যেমন চাষের জমি দখল করে চা বাগান হচ্ছে, তেমনি দক্ষিণবঙ্গেও চাষের জমি দখল করে, সেখানে ব্যাপক ভাবে নোনা জল ঢুকিয়ে চিংড়ি চাষ হচ্ছে। এতে প্রকৃতির ভারসাম্য নষ্ট হচ্ছে। মাননীয় মন্ত্রী বাজেটে বলেছেন নদীতে মাছ ছাড়বেন। ভালো উদ্যোগ, তাঁকে ধন্যবাদ জানাই। আজকে বাগদা পোনা ধরার জন্য গোটা কোস্টাল এরিয়ার বিরাট মৎস্য সম্পদ নষ্ট হয়ে যাচ্ছে। এই বিষয়ে মাননীয় মন্ত্রী কি উদ্যোগ গ্রহণ করেছেন সেটা আমাদের জানা নেই। সুপ্রিম কোর্টের সাম্প্রতিক রায়ে বলা হয়েছে কোস্টাল এরিয়াতে কোনও ফিশারি করা চলবে না। এই ব্যাপারে কি উদ্যোগ নিয়েছেন জানাবেন। মাননীয় মন্ত্রী এবং তাঁর দপ্তর থেকে দীর্ঘদিন ধরে প্রচার করা হচ্ছে হলদিয়ার কাছে মীন দ্বীপে একটা বড় মৎস্যকেন্দ্র তৈরি করা হবে। মুখ্যমন্ত্রীও গিয়েছিলেন সেখানে। এখন শুনছি মুখ্যমন্ত্রী সেখানে গল্ফ খেলার মাঠ করবেন। বামপন্থী রাজনীতির কল্যাণে আজ দুটো শব্দ বহুল প্রচারিত হয়েছে—একটি ঐতিহাসিক ভুল, আর একটি ক্লোজড চ্যাপ্টার। আজকে রাজ্য সরকারের প্রতিটি দপ্তর যে ভাবে চলছে, তাতে শীঘ্রই পশ্চিমবাংলার মানুষ বুঝতে পারবে এটা ঐতিহাসিক ভুল এবং তারপর বামফ্রন্ট সরকার শেষ হয়ে যাবে—এটা হবে ক্লোজড চ্যাপ্টার। তাই এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কিরিটি বাগদী :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় মন্ত্রীর এই ব্যয়বরাদ্দকে পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলছি। পশ্চিমবাংলায় মৎস্য উৎপাদন সত্যিই নজির সৃষ্টি করেছে। আমি শঙ্করপুরে গিয়ে দেখেছি সেখানে বিরাট কর্মকাণ্ড চলছে এবং বহু মানুষের

কর্মসংস্থান হয়েছে সেখানে। উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, বাঁকুড়া জেলায় একটি করে মৎস্যজীবীদের আদর্শ গ্রাম করা হয়েছে। এটা নিশ্চয় আশাব্যাঞ্জক, ধন্যবাদ। কিন্তু আর অন্য যেগুলো পড়ে রইল, সেইগুলো সম্বন্ধে একটু ভাবনাচিন্তা করবেন আশা করি। পুরুলিয়া, বাঁকুড়া জেলাতে এমনিতেই জলাভূমি কম, পুকুর মজে গেছে। যেগুলোও আছে, সেসব বিভিন্ন ক্লাব, সংগঠন মিলে চাষ করছে এবং মাছ ধরছে। সেখানকার মৎস্যজীবীদের অন্য কোন সংস্থান নেই। কাজেই মৎস্যজীবীরা আজকে সংশয়ের মধ্যে দিন কাটাচ্ছে। তাই খালগুলো যদি সংস্কার করা হয় এবং ফরেস্টের যে খাল আছে সেগুলোও কেটে যেসব লোকেদের মৎস্য চাষই একমাত্র জীবিকা তাদের জন্য সেখানে ইনস্টলেশন করার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে মৎস্যচাষে পশ্চিমবাংলা প্রথম হয়েছে। আমি আশা করব আগামীদিনেও পশ্চিমবাংলার গ্রামে-গঞ্জে আরো বেশি মৎস্য চাষ হবে এবং আমরা আবার প্রথম হব। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অজিত খাঁড়া :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মৎস্য দপ্তরের ১৯৯৭-৯৮ সালের জন্য যে ব্যয়-বরাদ্দ করা হয়েছে আমি তার বিরোধিতা এবং কাট-মোশনের সমর্থন করে কিছু বলতে চাই।

পশ্চিমবঙ্গের মাননীয় মৎস্যমন্ত্রী আমাদের মেদিনীপুর জেলার লোক। ভারতবর্ষের মধ্যে তিনি মৎস্যচাষে কয়েকবার পুরস্কার পেয়েছেন এবং এজন্য আমরা গর্বিত। কিন্তু সাতদিন লরি ধর্মঘট হওয়ার পর পশ্চিমবাংলার মানুষ আজকে নিরামিষ খাচ্ছেন কেন? এর জবাব মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় দেবেন।

আজকে কাগজে দেখছি, পশ্চিমবাংলা মৎস্যে শীর্ষে কিন্তু বাজার অন্ধ্রের দখলে। যাদের আপনারা বাজারী-পত্রিকা বলেন তাঁরা বাজার করতে বেরিয়ে গতকাল নমুনা সংগ্রহ করেছেন। অন্ধ্রের চালানী কাতলা ১৪০ টাকা, এলাহাবাদের সঙ্গমের আড়মাছ ১৪০ টাকা, খানদানি বালেশ্বরের পারশে মাছ ৭০ টাকা, চিলকার টাইগার বাগদা ৩৫০ টাকা। আমরা তাহলে কোন মাছ ফলাচ্ছি? চারাপোনা, তেলাপিয়া, লাইলনটিকা, বাটা, লটে, গ্রাসকার্প। আর ডোবা, পুকুরে যারা আপনা-আপনি জন্মে—পোনা, বাইন, পাকাল এগুলো? আপনি মাছের যে তথ্য দিচ্ছেন, জানি না তা কি ভাবে দিচ্ছেন। হিসাব যে নির্ভুল দেওয়া হয়েছে তার নির্ধারণ কি ভাবে করা হয় জানি না। আজকে জলাশয়গুলোর উন্নয়ন করা পশ্চিমবাংলার ব্যাঙ্ক বা জাতীয় সমবায় উন্নয়ন নিগমের আদৌ উদ্দেশ্য নয়। দক্ষিণ ২৪-পরগনা, হুগলি, নদীয়া, মেদিনীপুর, উত্তর দিনাজপুর প্রভৃতি জায়গায় ট্রলার দেওয়ার ফলে ছোট ছোট প্রকৃত মৎস্য চাষীরা মার খাচ্ছে। কিন্তু তাদের জন্য কোনও রকম গভর্নমেন্ট সাবসিডি বা ব্যাঙ্ক লোনের ব্যবস্থা নেই। এক শ্রেণীর মুনাফাজীবীদের হাতে আপনি বন্দি হয়ে গেছেন। এককালে আপনি জনতা পার্টিতে ছিলেন, তখন বামফ্রন্টের বিরুদ্ধে সোচ্চার হয়েছিলেন। কিন্তু আজকে তাদেরই সঙ্গে মিলিত হয়ে ৬৯ কোটি টাকা চাইছেন ট্রলার কেনার জন্য। যে রকম পরিকল্পনা

করেছেন সে খাতে অ্যাকচুয়ালি কাজ হচ্ছে? কোথাও কোল্ড স্টোরেজ হয়েছে? ট্রান্সপোর্টেশন আছে? আজকে আমাদের অন্ধ্রপ্রদেশের মাছ খেতে হয় কেন? বাংলার মানুষ লালুর জ্বালায় দুধে-ভাতে নেই, মাছে-ভাতে থাকবে তাও হচ্ছেনা।

[4-50 – 5-00 p.m.]

আজকে যমুনার ইলিশ মাছ কোথায় গেল? প্যাকেটে করে বন্ধুদের ইলিশ মাছ খাওয়াতে পেরেছেন? আজকে যদি বৈজ্ঞানিক পদ্ধতিতে চিংড়ীর মাথা কেটে মার্কেটে বা বিদেশে চালান দেওয়া হত তাহলে পরিবেশ দূষণ হত না। কিন্তু এটা না করার ফলে সুপ্রিম কোর্ট অর্ডার দিচ্ছেন যে, শঙ্করপুরের ৫ কি.মি.-র মধ্যে মাছ-চাষ করা চলবে না। এর জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন? কারণ এতে ছোট মাছ চাষীদের লাভ হবেনা, লাভ হবে ফড়েদের। আপনি খরস্রোতা নদীতে মাছ চাষ করবেন বলেছেন। আপনি বলেছেন নদী সঞ্চার প্রকল্প তৈরি করবেন, জানি না কি করে করবেন, মাছ চাষ নদীতে কি ভাবে হবে জানি না। পানীয় জলের জন্য যে নলকূপ, ইন্দিরা আবাস যোজনা তৈরির কথা ছিল সেটা কম্পোজিট স্ট্রাকচার করে করা যেত। বিষ্টুপুর মৌজায় আপনি আদর্শ গ্রাম নির্মাণ করেছেন। আমি আপনাকে রিকোয়েস্ট করব এখানে একটা সর্বদলীয় কমিটি করে সেখানে দেখে আসুক যে কি রকম আদর্শ গ্রাম তৈরি হয়েছে। সেখানে ৩০ পারসেন্টের বেশি কাজ হয়নি, সেখানে নীতি বহির্ভূতভাবে কন্ট্রাক্টর দিয়ে কাজ করানো হয়েছে, আপনার ডেপুটী ডাইরেক্টররা কন্ট্রাক্টরদের হাতে বন্দি হয়ে আছে। আপনি মুখ্যমন্ত্রীর সেবা করেছেন, চন্দন বসুর প্রকল্প করেছেন, বিজন নাগের প্রকল্প করেছেন। আপনার নিজের এলাকা ভগবানপুর, খেজুরী, দিঘা, পটাশপুর এই সব জায়গায় কয়েকটি মাছ চাষ প্রকল্প ছাড়া আর কিছু করতে পেরেছেন? আপনার নিজের জায়গায় রাস্তা ছাড়া হ্যাচারী, পানীয় জলের ব্যবস্থা করতে পেরেছেন? কিছু দিন আগে আপনি গিয়েছিলেন ওখানে, আপনি হাসপাতালে আন্ত্রিক রোগাক্রান্ত রোগীদের দেখতে গিয়ে ছিলেন, আপনাকে লোকে ঘিরে ফেলেছিল, পুলিশ নিয়ে গিয়ে সেখানে আপনাকে দেখতে যেতে হল। সেখানে স্যালোর জল খেয়ে আবাল বৃদ্ধবনিতা আক্রান্ত হল। সেখানে আপনি পানীয় জলের ব্যবস্থা করতে পেরেছেন? আপনার এলাকায় কোন মন্ত্রী গিয়েছেন? ৫,৭ জন শিশু ও মহিলা মারা গেল, তারা কেন মারা গেল? কেন আপনি পানীয় জলের ব্যবস্থা করতে পারছেন না? কোচবিহার থেকে উত্তর দিনাজপুর থেকে উত্তর ২৪ পরগনা কোন জায়গায় আপনি ব্যবস্থা করতে পেরেছেন। আপনি ২ বছর ধরে বিষ্টুপুর গ্রামকে আদর্শ গ্রাম হিসাবে তৈরি করেছেন, সেটা আমরা দেখতে যেতে চাই। সেখানে কমিটি গিয়ে দেখুক ৩০ পারসেন্টের বেশি কাজ হয়নি। মাঝপথে যে টাকা খরচ করেছেন সেই টাকা পঞ্চায়েতের হাতে চলে যাচ্ছে। আপনার নিজের টাকা পঞ্চায়েত মেরে দিচ্ছে। আপনি কোন কাজ আদায় করতে পেরেছেন? এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে এবং কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রামচন্দ্র মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী আজকে যে বাজেট এনেছেন তাতে আমি দু-চারটি কথা বলছি। ১৯৬০ সালে গ্রীন রেভোলিউশন হয়েছিল, যার দ্বারা আজকে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছি। এর পর হোয়াইট রেভোলিউশন মানে দুধ সম্পর্কে আপনারা জানেন, এ সম্পর্কে গত বাজেটে আলোচনা হয়েছে। আমরা আজকে যেটা আলোচনা করছি সেটা হচ্ছে ব্লু-রেভোলিউশন সেটা হচ্ছে মাছের উন্নয়ন। এই মাছ চাষের দিক থেকে আমরা স্বয়ং সম্পূর্ণ হতে পারি। ৯.৪ লক্ষ মেট্রিক টন মাছ উৎপাদন হয়েছে এই বাংলাদেশে। আমাদের অভাব হয়তো কিছু আছে কিন্তু সেই অভাবকে পূরণ করার জন্য এখন আমরা ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রকল্প থেকে ব্র্যাকিশ ফিশ কালচার প্রোজেক্টে ৩০ কোটি টাকা পেয়েছি। হ্যাচারী ডেভালপমেন্ট প্রোজেক্টে চার হাজার চারশো মেট্রিক টন ফিশ প্রোডাকশন হয়েছে এবং এটা যাতে আরও হয় তার জন্য প্রচেষ্টা চলছে। এ সম্পর্কে আমি বলতে চাই সুইট ওয়াটার থেকে যে ফিশ প্রোডাকশন হয় যেমন মাগুর, কই ইত্যাদি সেই এয়ার ব্রিদিং ফিশ থেকে পিনাস ইণ্ডিকা, পিনাস মনোডন এই দুটি টাইগার প্রন এবং হোয়াইট প্রন এই দুটির উপর আমরা জোর দিয়েছি। এই দুটো কালচারের আমরা অনেকটাই উন্নতি করেছি। সেজন্য আমি হ্যাচারি ডেভেলপমেটের ওপর মাননীয় মন্ত্রী মহাশয়কে বিশেষ গুরুত্ব দিতে অনুরোধ করছি। এটা দিলে আমরা স্বয়ংসম্পূর্ণ হতে পারব। এ ছাড়া এখানে ইন্সটিটিউট গড়ে উঠছে—ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটিস অফ অ্যানিমেল হ্যাজবেণ্ডরি অ্যাণ্ড ফিশারিস সাইন্স। সাথে সাথে ওয়েটল্যাণ্ড ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট'ও চালু হয়েছে। এই সবের সাহায্যে ফিস প্রোডাকশনের দিক দিয়ে আমরা আরো এগিয়ে যেতে পারব। এই প্রসঙ্গে মাছের রোগ নিয়ে কিছু আলোচনা এখানে হয়েছে। মাছের নানারকম রোগ দেখা দেবার কারণ হচ্ছে, বিভিন্ন জায়গায় সার এবং ওষুধ জলা-জমিতে প্রচুর পরিমাণে ব্যবহার এবং বিভিন্ন কারখানাগুলি থেকে আর্সেনিক, অ্যামোনিয়া প্রভৃতি মিশ্রিত জল জলাশয়গুলিতে এসে পড়েছে। এই সবের জন্যই মাছের বিভিন্ন রোগ দেখা দিচ্ছে। সে জন্য আমি বলছি এই সব বিষয়গুলির দিকে একটু লক্ষ্য দিতে হবে, তাহলে আমাদের ফিস প্রোডাকশন আরো বাড়বে। এই ক'টি কথা বলে, এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৭-৯৮ সালের জন্য ৫১ নং দাবি অনুসারে যে ৬৯ কোটি ৩ লক্ষ ৮০ হাজার টাকার ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণ রূপে সমর্থন করছি। সাথে সাথে আমি বিরোধীদের আনা কাট মোশনের তীব্র বিরোধিতা করছি। এই প্রসঙ্গে আমি বলতে চাই—আপনারা সবাই জানেন যে, বাংলায় একটা কথা প্রচলিত আছে, 'মাছে ভাতে বাঙালি'। বাঙালির এই পরিচয়টাকে সুন্দরভাবে প্রতিষ্ঠিত করার জন্য আমাদের মৎস্য বিভাগ ১৯৮০-৮১ সাল থেকে যে অক্লান্ত পরিশ্রম করে চলেছে, তার ফলে সমগ্র ভারতবর্ষের মধ্যে মৎস্য উৎপাদনে যে সাফল্যলাভ করেছে তার স্বীকৃতি হিসাবে পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য বিভাগ ৯-বার জাতীয় পুরস্কার পেয়েছে। ৯-বার ভারতবর্ষের মধ্যে আমরা মৎস্য উৎপাদনে প্রথম

স্থান অধিকার করেছি। এর থেকেই প্রমাণ হয়ে যায় যে, মাছে ভাতে বাঙালি শব্দটিকে কতখানি মর্যাদা দিয়ে কোন পর্যায়ে নিয়ে যাওয়া হয়েছে। মৎস্য চাষের উন্নতির জন্য প্রতিটি জেলায় সংস্থা গড়ে তুলে মৎস্যজীবীদের মাছ চাষের ট্রেনিং দেবার ব্যবস্থা করা হচ্ছে। আমাদের বিভিন্ন নদীতে কিভাবে মাছ চাষের ব্যবস্থা করা যায়, তার জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। অর্থাৎ বিভিন্ন মৎস্য প্রকল্পকে বাস্তবায়িত করার জন্য নানা-ভাবে চেষ্টা করা হচ্ছে। আপনারা সবাই জানেন যে, আজকে আমাদের পশ্চিম বাংলায় প্রায় ১৪-টা গলদা চিংড়ির প্রজনন প্রকল্প, হ্যাচারি স্থাপন করা হয়েছে। শুধু তাই নয়, বাগদার জন্য'ও হ্যাচারি করা হয়েছে—আরো তিনটে প্রকল্প নেওয়া হয়েছে। এই সমস্ত প্রকল্পগুলিকে বাস্তবায়িত করার জন্য এই বরাদ্দের খুবই দরকার। ফ্রেজার-গঞ্জে এবং শঙ্করপুরে মৎস্য বন্দর নির্মাণ করা হয়েছে মৎস্য উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে। শঙ্করপুর মৎস্য বন্দরটির দ্বিতীয় পর্যায়ের কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। কাকদ্বীপ, ডায়মণ্ডহার্বার প্রভৃতি জায়গায় মৎস্য বন্দরের কাজে হাত বাড়ানো হয়েছে—এর জন্য পরিকল্পনা নেওয়া হচ্ছে। আর একটা নতুন জিনিস গোটা ভারতবর্ষের মধ্যে প্রথম এই রাজ্যে বামফ্রন্ট সরকার করেছেন, তা হচ্ছে। জলাভূমি সংরক্ষণ আইন। বামফ্রন্ট সরকার নিশ্চয়ই এ বিষয়ে কৃতিত্ব দাবি করতে পারেন। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব—ঝড়, ঝঞ্ঝা, ঘূর্নি-ঝড়ে আক্রান্ত মৎস্যজীবীদের জন্য তিনি ২৫ হাজার টাকা করে অনুদানের ব্যবস্থা করেছেন এবং মৎস্যজীবীদের স্বার্থে তিনি ওয়ার্লেস কেন্দ্র স্থাপন করার যে পরিকল্পনা গ্রহণ করেছেন তাকে সঠিকভাবে কার্যকর করে তুলুন। এই সমস্ত প্রকল্প গুলি যদি সঠিকভাবে বাস্তবায়িত করা যায় তাহলে আমি মনে করি যে পশ্চিমবাংলাকে কংগ্রেসি বন্ধুরা ধ্বংসের পথে নিয়ে গিয়েছিলেন, যেখান থেকে পশ্চিম বাংলাকে বামফ্রন্ট সরকার উদ্ধার করেছেন, সেই পশ্চিম বাংলাকে আরো এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব হবে। আমি এখানে একটা কথা বলতে চাই—সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র তাঁর বিখ্যাত উপন্যাসে যে কথা নবকুমারের মুখ দিয়ে বলে গেছেন। নবকুমার চরিত্রে বলেছিলেন, "তুমি অধম বলিয়া আমি উত্তম হইব না কেন"। আপনারাই (কংগ্রেসিরাই) দেশকে ধ্বংস করলেন। তাই বলে আমরা গড়ব না কেন? এই কথা বলে বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-00 – 5-10 p.m.]

**শ্রী কিরণময় নন্দ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমে আমি বিরোধী দলের সদস্যরা যে সমস্ত কার্ট-মোশন এনেছেন সেই সমস্ত কাট-মোশনকে অগ্রাহ্য করছি। এখন কোনখান থেকে কথার জবাব দেব সেটাই আমাকে ভাবতে হচ্ছে। কারণ, বারবার একই বক্তব্য প্রতি বছরই শুনছি এবং একই ধরনের জবাব দিতে হচ্ছে। তবে আমি লক্ষ্য করছি, আমাদের বিধানসভায় বিশেষ করে বিরোধীদলের সদস্যদের—আমি সব সদস্যের কথা বলব না, কতিপয় সদস্যের কথা বাদ দিলে, বাকি যে সদস্যরা আছেন—তাঁদের গুণগত মান বক্তৃতার ক্ষেত্রে এত খারাপ যে একটা বাজেটের উপর বক্তব্য রাখতে গেলে—যে কোনও বিষয়ের উপর—কিছু জানা, কিছু পড়া, কিছু বোঝার দরকার আছে। একজন সদস্য বলেছেন, আমি নাকি বিরোধী

দলের সদস্য একবার ছিলাম। হ্যাঁ, ছিলাম। সুনীতিবাবুও ছিলেন। যাঁরা সরকার পক্ষের সদস্য ছিলেন তাঁরা এখন অনেকেই আছেন। অনেক সাংবাদিক আছেন। কিন্তু এই গুণগত মানের অভাব বিরোধীদলের সদস্যদের মধ্যে কখনো ছিল না, এখন যে গুণগত মানের অভাব অধিকাংশ ক্ষেত্রে দেখা যাচ্ছে। এঁরা বক্তব্য রাখলেন মাছের সম্বন্ধে। বিরোধী দলের সদস্যদের মধ্যে একজন বক্তব্য রাখলেন, শ্রী বিপ্লব রায়চৌধুরি। তিনি করেন ট্রেড-ইউনিয়ন। আর একজন বক্তব্য রাখলেন, শ্রী অজিত খাঁড়া, তিনি করেন শিক্ষক রাজনীতি অর্থাৎ টিচার্স ইউনিয়ন। আর একজন শ্রী শৈলজাকুমার দাস, তিনি করেন কনটাই কো-অপারেটিভ ব্যাঙ্ক। আর একজন শ্রী গোপালকৃষ্ণ দে, তিনি কি করেন তা আমি বলতে পারব না। আমার কথা হচ্ছে, কোনও বিষয়ে বক্তব্য রাখতে গেলে—যাই করি না কেন—অন্তত কিছু ধ্যান-ধারণা, পড়াশুনার দরকার। এটা ওঁরা ভুলে গেছেন। ওঁরা ভাবছেন, কংগ্রেস আমলে অর্থাৎ ১৯৫২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত মাছ চাষের যে ব্যাপারটা ছিল অর্থাৎ মাছ চাষের জন্য কি খাদ্যের দরকার সেটা জানত না, লোকের ধারণা ছিল জল খেয়ে মাছ বাড়ে, সুতরাং শেখার কি আছে মাছ চাষের। এই ধারণা নিয়েই আলোচনাটা সেই জায়গায় নিয়ে যাচ্ছেন। এখানে মাছের দাম নিয়ে ওঁরা অনেক কথা বললেন। ওঁরা বললেন কোন তথ্যের ভিত্তিতে? আমি যেসব পরিসংখ্যান দিই, সেই তথ্য স্ট্যাটিসটিক্যাল ব্যুরোতে আছে। আপনারা তো বইগুলি পান, আপনারা নিশ্চয়ই উল্টে-পাল্টে দেখেন। তাতে কমপারেটিভ স্টেটমেন্ট দেওয়া আছে দেখবেন। স্ট্যাটিসটিক্যাল ব্যুরো ফিশারিজ ডিপার্টমেন্টের আণ্ডারে নয়, অর্থ দপ্তরের আণ্ডারে। ফুড ডিপার্টমেন্টের স্ট্যাটিসটিক্স ফিশারিজ ডিপার্টমেন্টের আণ্ডারে নয়, সেটা ফুড ডিপার্টমেন্টের আণ্ডারে। বিভিন্ন জিনিসের দাম কিভাবে বাড়ছে পশ্চিমবাংলায় তার একটা তথ্য তারা উপস্থাপিত করেন। গত ৩ বছরের তথ্য আমি দেব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৯৩ সাল থেকে ১৯৯৫-৯৬ সাল পর্যন্ত মাছের দাম বেড়েছে ২০ পারসেন্ট। এটা স্ট্যাটিসটিক্যাল ব্যুরোর রিপোর্ট অনুযায়ী। ১৯৯৬ সাল পর্যন্ত মাছের দাম বেড়েছে। এগের দাম বেড়েছে কত? ২১.৭ পারসেন্ট, মাংসের দাম বেড়েছে ৪৪.৫ পারসেন্ট, মিল্কের দাম বেড়েছে ৩৮.৪৯ পারসেন্ট, চালের দাম বেড়েছে ২৪ পারসেন্ট থেকে ৩৬.৯ পারসেন্ট। ডালের দাম বেড়েচে ১১৬ পারসেন্ট থেকে ১৩২ পারসেন্ট আর আলুর দাম বেড়েছে ৫২.৭ পারসেন্ট। এটা হচ্ছে ৯৫-৯৬ সালের স্ট্যাটিসটিক্যাল ব্যুরোর হিসাব। বাস্তব অবস্থাটা একটুখানি বুঝতে হবে। পশ্চিমবাংলায় মাছের ঘাটতি আছে। কথায় কথায় যে অন্ধ্রের কথা বলেন, অন্ধ্রে গিয়ে দেখুন, আমি অন্ধ্রে গিয়ে দেখেছি, অন্ধ্রেতে এগ্রিকালচারাল ল্যাণ্ডকে কনভার্ট করে একটু আগে দু একজন আপনাদের বক্তা কে বললেন, আমি ঠিক নামটা নোট করিনি, যে এগ্রিকালচারাল ল্যাণ্ডটা যাতে ফিশারিতে কনভার্ট না হয় তার জন্য আমরা চেষ্টা করছি তাতে আমাদের খাদ্যশস্য উৎপাদন কমে যাবে। যে অন্ধ্র থেকে মাছটা আসে সেটা পুরো গোদাবরীর পাশে হাজার হাজার বিঘা এগ্রিকালচারাল ল্যাণ্ডকে কনভার্ট করে ফিশ ফার্ম তৈরি করা হয়েছে এবং এই ফিশ ফার্ম তৈরি করেছে সমস্ত বড় বড় লোকেরা। আমি নিজে প্রায় সব এলাকা ঘুরে দেখেছি। আমাদের তো পলিসি তা নয় যে আমরা এগ্রিকালচারাল ল্যাণ্ডকে ফিশ ফার্মে কনভার্ট করব? আমরা তা করব না। এটা তো পলিসি। আমরা এগ্রিকালচারাল ল্যাণ্ডকে এগ্রিকালচারাল পারপাসে ব্যবহার করব।

এটাই তো আমাদের পলিসি। এখন যে এগ্রিকালচারাল ল্যাণ্ডকে ফিশ ফার্মে কনভার্ট করা হয়েছে অন্ধ্রে, এবং পশ্চিমবাংলায় যে বেসিসে মাছ চাষ হয়, সেটা বুঝতে হবে তো? আপনি পশ্চিমবাংলার মাছের ব্যাপারে আলোচনা করবেন, পশ্চিম বাংলায় কীভাবে মাছ চাষ হয়, সেটা তো আপনাকে ভাল ভাবে জানতে হবে? বিপ্লব বাবু কোলাঘাট থেকে নির্বাচিত হয়েছেন, শৈলজা বাবু কাঁথি থেকে নির্বাচিত হয়েছেন। আপনারা তো জানেন ওখানে কারা মাছ চাষ করে? সেখানে সরকারের অবদান কী? সরকার মাছ চাষ করে না। সরকার মাছ চাষ করে মডেল ফার্ম হিসাবে। আমাদের রিসার্চ ফার্মগুলো কীভাবে উৎপাদন বাড়ানো যায়, কীভাবে নুতন নুতন প্রক্রিয়ায় সেই রিসার্চ সেন্টারগুলো থেকে জানা যায়। বললেন, সরকারি ফার্মগুলোর কী অবস্থা। আমাদের তিনটে ফার্মে আমরা মডেল ফিশ ফার্ম রেখেছি একটা বড় সাগরদীঘি, মালদহে, একটা কাঁথিতে, জুনপুটে আর একটা হচ্ছে কৃষ্ণনগরের কল্যাণীতে। এই তিনটে ফিশ ফার্ম রয়েছে সরকারি পর্যায়ে। সেটা রিসার্চের জন্য। মাছ চাষের জন্য নয়। তবু সেই সরকারি ফার্মের অবস্থার একটু পরিচয় দিচ্ছি। কারণ আপনারা বললেন সরকারি ফার্মগুলো কী করে চলছে? তারপর তো বেসরকারি কথায় আসছি। ১৯৯৩-৯৪ সালে চার লক্ষ টাকা দিয়েছিলাম বড় সাগরদিঘি ফিশ ফার্মে। পেয়েছিলাম সাত লক্ষ টাকা। ১৯৯৪-৯৫ সালে পাঁচ লক্ষ টাকা দিয়েছিলাম, পেয়েছি দশ লক্ষ টাকা। ১৯৯৫-৯৬ সালে ছয় লক্ষ টাকা দিয়েছিলাম, পেয়েছি আঠারো লক্ষ টাকা। এটা হচ্ছে সরকারি ফিশ ·র্গর্ম। জুনপুট ফিশ ফার্মের বিষয় শৈলজা বাবু বক্তৃতা করেছিলেন, ওখানে নাকি গরু চরে, মাছ চাষ হয় না। ১৯৯৪-৯৫ সালে ওখানে তিন লক্ষ টাকা দিয়েছিলাম, ৩ লক্ষ ৯৮ হাজার টাকা পেয়েছিলাম। ১৯৯৫-৯৬ সালে ৩ লক্ষ টাকা দিয়েছিলাম, ছয় লক্ষ টাকা পেয়েছিলাম। ১৯৯৫-৯৬ সালে চার লক্ষ টাকা দিয়েছিলাম, ছয় লক্ষ টাকা পেয়েছিলাম। ১৯৯৬-৯৭ সালে চার লক্ষ টাকা দিয়েছিলাম, নয় লক্ষ টাকা পেয়েছি, সরকারি ফিশ ফার্ম। রিসার্চের জন্য এইগুলোকে আমরা ব্যবহার করি। মাছ চাষ কারা করে? মাছ চাষীরা। এগ্রিকালচার কারা করে, কৃষকরা। মাছ চাষ করে মাছ চাষীরা, আমরা কী করি? আমরা সরকার থেকে তাদের এক্সটেনশন দিই, ট্রেনিং সেন্টারে। আপনি বললেন আপনারা কী করেছেন আমাদের সময়ে যা ছিল? একটাও কোনও ট্রেনিং সেন্টার পশ্চিমবাংলায় ছিল না। আপনাদের সময়ে। একটা কোনও মাছ চাষীকে পশ্চিমবাংলায় ট্রেনিং দেওয়া হত না। আর আমরা এক লক্ষ মাছ চাষীকে ট্রেনিং দিয়েছি। আপনি যে এলাকা থেকে নির্বাচিত, আপনার পঞ্চায়েতে ট্রেনিং দেওয়া হয়নি? আর যদি আপনি না জানেন তাহলে বুঝব মানুষের সঙ্গে আপনার কোনও সম্পর্ক নেই। আমরা ব্লক স্তরে ট্রেনিং দিই, আমরা জেলা স্তরে ট্রেনিং দিই, আমরা রাজ্য স্তরে ট্রেনিং দিই। মাছ চাষটা এটা একটা বিজ্ঞান ভিত্তিক। এর পেছনে যে সায়েন্স আছে, অ্যাকোয়া কালচার ইজ এ সায়েন্স, যা মানুষ জানত না। আমরা সেই এক্সটেনশন প্রোগ্রামটা মানুষের কাছে পৌছে দিয়েছি। আপনারা ভুলে যান কেন, যারা মাছ চাষ করে তাদের আর্থিক অবস্থার কথা? আমরা এখানে মাছ চাষ করা সেই সমস্ত মানুষকে উৎসাহিত করি। বড় বড় লোক, যাদের ব্যাঙ্কের প্রচুর পুঁজি আছে, তারা আমাদের রাজ্যে মাছ চাষ করেন, খুব কম।

[5-10 – 5-20 p.m.]

আমাদের রাজ্যে যারা মাছ চাষ করেন তাদের অধিকাংশই হচ্ছেন মৎস্যজীবী এবং অধিকাংশই হচ্ছেন বেকার যুবক। আমরা কোন ধরনের মাছ চাষকে এখানে উৎসাহিত করি সেটা আপনারা সকলেই জানেন। আমরা উৎসাহিত করি বছরে যাতে তিনবার হয়। আজকে এখানে এগ্রিকালচারে গ্রীন রেভলিউশন এসেছে। আজকে কি আমরা আর এক ফসলী জমির উপর নির্ভরশীল? না, তা নয়। এখানে আমরা একটা জমিতে তিনবার চাষ করি। এগ্রিকালচারে একটা জমিতে যেমন কৃষকরা তিনবার ফসল ফলান তেমনি যারা মাছ চাষ করেন তারাও একটা জলাশয়ে তিনবার করে মাছ চাষ করেন। তিনবার ফসল হলে ৪ মাস হচ্ছে এক একটার ডিউরেশন, তাহলে তাতে মাছের সাইজ কত বড় হবে? আমরা বড় মাছ উৎপাদনে এ রাজ্যের মানুষকে উৎসাহিত করি না।

(গোলমাল)

আমরা উৎসাহিত করিনা এই কারণে যে আমাদের রাজ্যের মৎস্যচাষীরা হচ্ছেন গরিব, বহু বেকার যুবকও এই মাছ চাষে এগিয়ে এসেছেন। একটা মাছকে বড় করতে যদি এক বছর সময় লাগে তাহলে সে এক বছর তাদের খাওয়ানোর দায়িত্বটা কে নেবে? মাছ বিক্রি করে তাদের অন্যান্য জিনিস কিনতে হয়। আমি তো বারবার বলেছি যে, হ্যাঁ, আমাদের রাজ্যে মাছের ঘাটতি আছে। ঘাটতির কথাটা স্বীকার করার মধ্যে কোনও অন্যায় নেই কিন্তু প্রডাকটিভিটি-টা বেড়েছে। একটা জলাতে যদি তিনবার চাষ নেওয়া হয় তাহলে প্রডাকটিভিটি বাড়ে না কিন্তু আজকে প্রডাকটিভিটি বেড়েছে এখানে। আপনারা অন্ধ্রের কথা বলেছেন। অন্ধ্রে মাছ উৎপাদন হয় বছরে ২ লক্ষ টন। এটা কেন্দ্রীয় সরকারেরই পরিসংখ্যান। আর সেই মাছটা পুরো তারা রপ্তানি করে। তার কারণ, মিষ্টি জলের মাছ তারা খায় না। আর আমাদের এখানকার সমস্ত মানুষই হচ্ছেন মৎস্যভুক। যে ধরনের মাছ আমাদের এখানে উৎপাদন হয় সেটা মানুষ খায়। সেইজন্য আমাদের এখানে মৎস্যজীবীদের আমরা বড় মাছ উৎপাদনে উৎসাহিত করি না। তা ছাড়া কয়েকটি জেলাতে প্রত্যেক বছরই বন্যা হয় সেটা আপনারা জানেন। ঐ তো মালদহের এম. এল. এ. সমরবাবু বসে আছেন, কোন বছর আপনার মালদহ জেলাতে বন্যা হয়না। বলুন? মুর্শিদাবদের এম. এল. এ. বসে আছেন, বলুন, কোন বছর আপনার জেলাতে বন্যা হয়না? মেদনীপুরের একটা বিস্তীর্ণ এলাকা প্রতি বছর বন্যায় ডুবে যায়। বড় মাছ বন্যায় ভেসে গেলে কে তার ক্ষতিপূরণ দেবে? এ ক্ষেত্রে ইনস্যুরেন্স কোম্পানিগুলি এগিয়ে আসেনি। আজকে ক্রপ ইনস্যুরেন্সের ব্যবস্থা হয়েছে কিন্তু ফিসের ক্ষেত্রে তারা বলছেন ট্যোটাল ড্যামেজ হলে তবে ইনস্যুরেন্সের টাকা পাবেন। সেখানে পার্টলি ড্যামেজ হলে ইনস্যুরেন্সের টাকা পাবে না। এমন কোনও ফিশ পণ্ড নেই যেখানে টোট্যাল ড্যামেজ হতে পারে। অতএব এটা ইনস্যুরেন্সের আওতায় পড়েনি। তাহলে সেখানে মাছ চাষীদের কে রক্ষা করবে? ইনস্যুরেন্স কোম্পানি অনীহা দেখিয়েছে। তাহলে কেন মাছ চাষীরা বড় মাছ তৈরি

করবে? এই মাছ বিক্রি করেই তারা তাদের রুজি রোজগার চালায়, সেইজন্য বড় মাছ উৎপাদনের ব্যাপারে আমরা তাদের উৎসাহিত করি না। আমাদের রাজ্যে যে ধরনের মাছ উৎপাদন হয় আজকে বাজারে যদি সেই মাছের যথেষ্ট চাহিদা না থাকত তাহলে বাজারে মাছের অনেক ঘাটতি হত এবং দামও অনেক বেড়ে যেত। আজকে আসামে গিয়ে দেখুন সেখানে মাছের কি দাম। অন্যান্য রাজ্য যেখানকার লোকরা মিষ্টি জলের মাছ খায় সেখানে গিয়ে দেখুন সেখানে মাছের কি দাম। পশ্চিমবঙ্গে অন্তত মাছের দামটা ধরে রাখা গিয়েছিল অন্যান্য জিনিসপত্রের তুলনায়। হ্যাঁ, এ বছর মাছের দামটা বেড়েছে। তার কারণ, আমাদের তো আমদানির উপর নির্ভর করতে হয়, আমরা তো সেল্ফ সাপোর্টেড নই। তা ছাড়া গ্রামে যারা থাকেন তারা জানেন এই সময় পুকুরগুলি তৈরি করতে হয়, এই সময় মাছ ধরা বহু জায়গায় বন্ধ থাকে। ডিমপোনা [illegible] নার জন্য মৎস্যচাষীরা এই সময়টা ব্যস্ত থাকেন। তা ছাড়া সমুদ্রে এই সময় মাছটা ধরা হয়না। প্রত্যেক বছর এই সময় একটা ঘাটতি থাকে। অন্য রাজ্য থেকে যা আসে তার থেকে আমাদের চাহিদাটা পূরণ করতে হয়। এই সময় আবার লরির স্ট্রাইক হয়েছে, আসছে না, কাজেই ঘাটতিটা থেকে [illegible]ছে। আপনারা বলেছেন, অন্ধ্র থেকে কেন মাছ আসছে? অন্ধ্র থেকে মাছ এলে অসুবিধাটা কোথায়? অন্ধ্রটা কি ভারতবর্ষের বাইরে নাকি? আমরা তো ৪০০ কোটি টাকার বৈদেশিক মুদ্রা আনছি বিদেশে মাছ পাঠিয়ে। এই তো বাংলাদেশের মন্ত্রী এসেছিলেন বললেন, আমাদের বাংলাদেশের বেঁচে আছে পশ্চিমবঙ্গ থেকে মাছটা যায় বলে। কত মাছ যায় জানেন পশ্চিমবঙ্গ থেকে বাংলাদেশে? কত মাছ যায় জানেন পশ্চিমবঙ্গ থেকে আসাম, বিহারে? আমাদের রাজ্যে যত মাছ উৎপাদন হয় তার একটা বিশাল অংশ চলে যায় বাংলাদেশে, বিহারে, আসামে এবং পার্শ্ববর্তী রাজ্যগুলিতে। আমাদের যে মেরিন ক্যাচ, সমুদ্র থেকে যে মাছটা ধরা হয়, শৈলজাবাবু কি জানেন না যে তার একটা বিশাল অংশ ড্রাই ফিশ হয়ে ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলিতে চলে যায়। কেন না, আমাদের এখানকার মানুষরা মেরিন ক্যাচ বা সি ফিশটা ঠিক পছন্দ করেন না। এখন কিছু কিছু টাইপ-এর ফিশ অবশ্য এখানকার মানুষ খাচ্ছেন কিন্তু সমস্ত টাইপের সি ফিশ এখানকার মানুষ খান না। অন্ধ্রের লোক সি ফিশ খায়। আর মাছের দামের কথা বলছেন? বম্বে শহরে এক জোড়া পমপ্লেটের দাম ১৪০ টাকা। ৪টে তে এক কে.জি. পমপ্লেট হয়, একজোড়া মানে ৫শো গ্রাম, তার দাম ১৪০ টাকা। অন্ধ্রে এক কে. জি. ম্যাকরেলের দাম ৭০ থেকে ৮০ টাকা যেটা আমাদের রাজ্যে ৩০ থেকে ৪০ টাকা। যে রাজ্যের মানুষ যে মাছটা খেতে ভালবাসে সেই রাজ্যের মানুষ সেই মাছটার জন্য অনেক বেশি দাম দেয়। আমাদের রাজ্যের মানুষরা মিষ্টি জলের মাছটা খায়, সবাই সমুদ্রের মাছটা খায় না, সেইজন্য তার একটা বিশাল অংশ আমাদের রাজ্যের বাইরে চলে যায়। সেজন্য একটা বিশাল অংশ আমাদের রাজ্যের বাইরে চলে যায়। আর আমাদের মিষ্টি জলের মাছ খায় বলে অন্য রাজ্য থেকে ঘাটতি পূরণের জন্য আমদানি করতে হয় এবং যে বড় মাছটা আসে—ছোট বা মাঝারি মাছ বাইরে থেকে আমাদের রাজ্যে আসেনা—অন্ধ্র থেকে যে মাছ আসে সেটা বিয়ে বাড়ির জন্য বড়বড় উৎসবের জন্য আসে। এই বড় বড় মাছ যদি আমরা উৎপাদন করি তাহলে

আপনাদের মতো, আমাদের মতো হোয়াইট কালারের পিপলরা কিনতে পারবে, যারা গরিব মানুষ তারা কিনতে পারবে না। আমরা যা উৎপাদন করি, আমাদের দৃষ্টিভঙ্গিটা রাখতে হয়েছে যে প্রত্যেকে অন্তত মাথাপিছু ৫০ গ্রাম করে প্রোটিন পায়। একটা বাড়িতে যদি ৫ জন মানুষ বাস করে তাহলে ২৫০ গ্রাম প্রোটিন তাদের দরকার। একটা বড় মাছ ৫০ টাকা, ৬০ টাকার নিচে কখনই বিক্রি হবেনা। তাহলে তার একদিনে ১৫, ২০ টাকা খরচ করতে হবে। আর ছোট মাছ ২৫/৩০ টাকায় বিক্রি হলে ৭/৮ টাকা খরচ করে তার বাড়ির প্রোটিন সে জোগাড় করতে পারবে। অতএব একটা কথা মনে রাখবেন যে, উৎপাদনের সঙ্গে একটা ফিরোজিবি রাখতে হয় যে কাজের জন্য উৎপাদন করছি। কনজিউমার কারা, কাদেরকে উৎপাদনে আমি আজকে উৎসাহিত করছি, এই লক্ষ্য রেখে উৎপাদন ব্যবস্থাকে আমাদের চালাতে হয়। সেই দিক দিয়ে পশ্চিমবাংলার ফিশারিতে ফিশ উৎপাদনের ক্ষেত্রে সাধারণ মানুষকে যেভাবে ইনভলভ করতে পেরেছি, যে ভাবে মানুষের মধ্যে আগ্রহ সৃষ্টি করতে পেরেছি, যেভাবে জলাশয়গুলিকে উৎপাদনমুখী করে গড়ে তুলতে পেরেছি, আপনারা যদি গ্রামে যান তাহলে দেখতে পাবেন। একটা জলাশয় পতিত পড়ে আছে বলে আপনারা দেখাতে পারবেন না। হ্যাঁ, ফিস ডিজিজ হয়েছে। আজকে সারা পৃথিবী জুড়ে ফিশ ডিজিজ হচ্ছে। আমরা রিসার্চ সেন্টার বসিয়েছি, আমরা সমস্ত গবেষণা করছি, এটা নুতন কথা নয়। গোটা বিশ্বজুড়ে আজকে মাছের মড়ক দেখা দিয়েছে। নুতন নুতন গবেষণা করতে হচ্ছে। আমাদের রাজ্যে আমরাও গবেষণা শুরু করেছি। এতবড় মেডিক্যাল সায়েন্স আছে, কিন্তু এখনও ক্যান্সারে মানুষ মরছে, কলেরায় মানুষ মরছে কেন?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি বসুন, আপনার সময় শেষ হয়ে গেছে। আমাকে সময় বাড়াতে হবে। এই ভাবে চলতে পারেনা যে আপনি খেয়াল-খুশিতে বলে যাবেন। আপনার আর কত সময় লাগবে?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আর ৫ মিনিট।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি আর ২ মিনিট বলবেন। আমি আরো ১০ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি, আশা করি আপনাদের আপত্তি নেই। আরো ১০ মিনিট সময় বাড়ানো হল।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওদের একজন বক্তব্যে বললেন যে, পশ্চিমবাংলায় মাছ সংরক্ষণের জন্য নাকি একটাও কোল্ড স্টোরেজ নেই। আপনারা জেনেশুনে কথা বলুন। বিরোধিতা নিশ্চয়ই করবেন, কিন্তু আপনাদের জানতে হবে। সুদুর কোচবিহার থেকে শুরু করে মেদিনীপুর জেলা পর্যন্ত প্রায় প্রত্যেক ডিস্ট্রিক্টে আমরা কোল্ড স্টোরেজ তৈরি করেছি। সৌগত বাবু জানেন না যে, একটা মাত্র কোল্ড স্টোরেজ ছিল দিঘাতে, সেখানে ১১টা সরকারি, বেসরকারি মিলে কোল্ড স্টোরেজ তৈরি হয়েছে। আজকে উত্তর ২৪ পরগনায়, দক্ষিণ ২৪ পরগনায় কোল্ড স্টোরেজ তৈরি হয়েছে মাছ সংরক্ষণের জন্য। এখন আবার বলছেন যে মাছ অবতরনের জন্য ক্ষেত্র নেই। বলুন তো একটা কাজ আপনাদের সময়ে

ছিল? আপনি সেখানে এক প্লাস এক দুই করেছেন। একটা নজির বলুন তো? আজকে না পারেন কোনও দিন দাঁড়িয়ে বলুন যে কংগ্রেস পিরিয়ডে ১৯৫২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত, ২৫ বছর ধরে একটা কাজ আপনারা করেছিলেন, একটা নজির যদি দিতে পারেন তাহলে বুঝব? মানুষের জন্য কোন চিন্তা-ভাবনা ছিল, কোন উন্নয়ন মূলক প্রকল্প ছিল? এই দপ্তরটা যে আছে, মানুষের জন্য যে এই দপ্তরে কাজ করা যায়, এটা যে একটা প্রোটিন খাদ্য উৎপাদনের দপ্তর, সেটা কোনও দিন আপনারা ভেবেছেন? আগে ছিল ক্যাপচার ফিশারী। সমুদ্রে মাছ ধরত, নদীতে মাছ ধরত, খালে বিলে মাছ ধরত। সমরবাবু আমার সঙ্গে দেখা করে বলছিলেন যে, কয়েক লক্ষ টাকার মাছ সেখানে একজন বে-নামে নিয়ে নিচ্ছে, প্রায় ৪০ লক্ষ টাকার মাছ। আরো বলছিলেন যে ঐ সব বড় বড় বিলে মাছ কোথায়? আমি চ্যালেঞ্জ দিয়ে বলতে পারি যে, আপনারা যে যে জেলা থেকে নির্বাচিত মুর্শিদাবাদ জেলা হোক, নদীয়া জেলা হোক, কোচবিহার জেলা হোক, মালদা জেলা হোক, যে জেলা থেকে এসেছেন, আপনাদের জেলার যে কোনও জায়গার কো-অপারেটিভ সোসাইটির কথা বলুন, বিপ্লববাবু, আপনাদের জেলার যে কোনও একটা কো-অপারেটিভ সোসাইটির জলাশয়ে গিয়ে আপনি নিজে দাঁড়িয়ে থেকে জাল দিয়ে টেনে দেখুন যে সেখানে কি পরিমাণ মাছ উৎপাদন হচ্ছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি বসুন। আমি ১০ মিনিট টোটাল সময় বাড়িয়েছি। আপনি ৫টায় উঠেছেন, এখন ৫-২০ মিঃ। আপনার সময় ১০ মিনিট ছিল, আপনি ২০ মিনিট বক্তৃতা করলেন। আপনি এক মিনিটে শেষ করুন।

[5-20 – 5-23 p.m.]

**শ্রী কিরণময় নন্দ ঃ** তাদের কাছ থেকে একটু অভিজ্ঞতা নিন যে, আগে কি ছিল, আর এখন কি হয়েছে। হ্যাঁ, আমরা একথা বলিনা যে মানুষের সব আমরা মিটিয়ে দিতে পেরেছি, সব অসুবিধা দূর করে দিতে পেরেছি। এখনও অনেক অসুবিধা আছে মাছ চাষের ক্ষেত্রে, এগ্রিকালচারের ক্ষেত্রে। যে কথা বলছিলাম, আপনাকে অশেষ ধন্যবাদ জানিয়ে সেটাই বলছি যে, এগ্রিকালচারে যে হ্যাজার্ড রয়েছে, অ্যাকোয়া কালচারে তার চেয়ে হ্যাজার্ড অনেক বেশি। একদিনের বৃষ্টিতে এগ্রিকালচার নষ্ট হয় না, কিন্তু একদিনের বৃষ্টিতে অ্যাকোয়া কালচার নষ্ট হয়ে যায়। আর এগ্রিকালচারে আমরা যত জোর দিয়েছি, অ্যাকোয়া কালচারে তত গুরুত্ব তো দিইনি। এইটথ প্ল্যান পিরিওডে অ্যাকোয়া কালচারের উপর নজর দেওয়া হয়েছে। আমাদের দেশে যে রিসোর্স আছে, সারা ভারতবর্ষে ৭,০০০ কিলোমিটার লম্বা কোস্ট-লাইন রয়েছে। এখানে সুপ্রিম কোর্টের জাজমেন্টের কথা বলছিলেন। আমি সেসবের মধ্যে যাচ্ছি না, কিন্তু কোস্ট-লাইন আমাদের ৭,০০০ এটা জানি এবং এটাও জানি যে, আমাদের যে ওয়াটার রিসোর্স আছে সেগুলো আমরা কাজে লাগাতে পারিনি। সেদিক থেকে পশ্চিমবঙ্গ অনেক এগিয়ে গেছে এবং সেজন্যই পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষে পথিকৃৎ।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমার একটি পয়েন্ট অফ অর্ডার আছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** কি আপনার পয়েন্ট অফ অর্ডার বলুন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আমি মাননীয় মৎস্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি, কারণ উনি হাউসে আমাদের পক্ষের যারা বক্তব্য রেখেছেন তাদের কিছু পরিচয় দিয়েছেন, বলেছেন—কে মাস্টারি করেন, কে কো-অপারেটিভ করেন। কিন্তু ওঁর ফিডব্যাকে ঘাটতি যা রয়ে গেছে সেটা পূরণ করে দিতে বলি। ওঁরা কিন্তু কেউ ব্যক্তি স্বার্থে কো-অপারেটিভ সোসাইটি করেন না বা টিচিং প্রফেশন যাননি। ওরা আদর্শহীন কোনও কাজও করেননি। কিন্তু আমি বলি, ১৯৭৭ থেকে ১৯৮২, ঐ সময় আপনারা জানেন, উনি এদিকে দাঁড়িয়ে ক্রমাগতভাবে বামফ্রন্টের বিরুদ্ধে অনেক কিছু বক্তব্য রেখেছেন। সেসব রাখবার পর আজকে শুধুমাত্র মন্ত্রিত্বের লোভে বামফ্রন্টের পদলেহন করছেন। মাননীয় মন্ত্রী তাঁর এই পরিচয়টা দেননি। সেটা দিয়ে দিলে ভাল হত যে, বামফ্রন্টের পদলেহন করছেন মন্ত্রিত্বের স্বার্থে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** না এটা পয়েন্ট অফ অর্ডার হয়না আপনি বসুন।

Now there are eight cut motions to Demand No. 51. All the cut motions are in order and taken as moved. I now put all the cut motions to vote.

The motions of Shri Nirmal Ghosh, Shri Sultan Ahmed, Shri Ashok Kumar De, Shri Ajoy De, Shri Kamal Mukherjee, Shri Pankaj Banerjee and Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 69,03,80,000 be granted for expenditure under **Demand No. 51, Major Heads : "2405—Fisheries, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries"** during the year 1997-98.

(This is inclusive of a total sum of Rs. 23,01,00,000 already voted on account), was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 5.23 p.m. till 11 a.m. on Thursday, the 10th April, 1997 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 10th April, 1997 at 11.00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 14 Ministers, 9 Ministers of State and 125 Members.

[11-00 – 11-10 a.m.]

## Starred Questions
## (To which Oral Answers were given)

### হলদিয়া পেট্রোকেম প্রকল্প

*৪৮২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮) **শ্রী আব্দুল মান্নান :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হলদিয়া পেট্রোকেম প্রকল্প স্থাপনের সিদ্ধান্ত কবে গ্রহণ করা হয়েছিল;

(খ) ঐ সময় উক্ত প্রকল্পে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ছিল; এবং

(গ) উক্ত প্রকল্পটি সম্পূর্ণ হতে কি পরিমাণ অর্থ ব্যয়িত হবে বলে আশা করা যায়?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :**

(ক) হলদিয়া পেট্রো রসায়ন (এইচ.পি.এল.) প্রকল্পটি স্থাপন সংক্রান্ত কার্যকর আবেদনের ভিত্তিতে ১১ই নভেম্বর, ১৯৭৭ সালে কেন্দ্রীয় সরকার প্রাথমিক সম্মতিপত্র প্রদান করে (লেটার অফ ইনটেন্ট) লাইসেন্স নয়।

(খ) প্রায় ২০০ কোটি টাকা।

(গ) বর্তমান প্রকল্পের ব্যয় ধরা হয়েছে ৫১৭০ কোটি টাকা।

**শ্রী আব্দুল মান্নান :** ১৯৭৭ সাল নিয়ে আজকে ২০ বছর হল। প্রায় ২০০ কোটি টাকার প্রোজেক্ট আজকে ৫১৭০ কোটি টাকাতে দাঁড়িয়েছে। এই ২০ বছর ধরে অনেক নাটক করেছেন, আপনার আসার আগে হয়েছে, আপনি আসার পরেও হয়েছে। শিয়াল কুমীরের গল্পের কথা মনে পড়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এই ২০ বছর ধরে

কতগুলি সংস্থার সাথে বিভিন্ন পর্যায়ে এই হলদিয়া পেট্রো রসায়ন প্রকল্প নিয়ে চুক্তি হয়েছিল? সেই সেই সংস্থা কি কি পরিমাণ অর্থ ব্যয় করেছিল?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** এই ধরনের প্রকল্পের ব্যাপারে নানা ধরনের সংস্থার সাথে চুক্তি করতে হয়, টেকনোলজি সংস্থার সঙ্গে আর্থিক সংস্থার সঙ্গে চুক্তি করতে হয়। আপনি কি বিষয় নিয়ে জানতে চাইছেন?

**শ্রী আব্দুল মান্নান :** আপনি গোয়েঙ্কার সঙ্গে চুক্তি করেছিলেন। এই রকম কোন কোন ব্যবসায়ী প্রতিষ্ঠানের সঙ্গে আপনাদের চুক্তি হয়েছিল এবং তারা কি উদ্যোগ নিয়েছিল সেটা জানতে চাই।

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** আপনি প্রশ্ন করার সময় একটা রাজনৈতিক কথা বলেছেন, কুমীর ছানা দেখানোর ব্যাপার। এটা কুমীর ছানা দেখানোর ব্যাপার নয়। এই হলদিয়া কেমিকেল প্রকল্প রাজ্যের প্রতি কেন্দ্রের নিদারুণ বঞ্চনার একটা প্রকিষ্ঠ উদাহরণ। এই প্রকল্প শুরুর মধ্যে দিয়ে শুধু পশ্চিমবাংলায় নয় পূর্ব ভারতের নব সূর্যের উদয়ের ইঙ্গিত দেখা গিয়েছিল, অর্থনৈতিক অগ্রগতির ইঙ্গিত দেখা গিয়েছিল। এই কংগ্রেস যারা পশ্চিমবাংলার মানুষের ভোট পায় কিন্তু তাঁরা পশ্চিমবাংলার মানুষকে ভালবাসে না বলেই তাঁরা এই ব্যাপারে প্রতিবাদ করেননি। এবারে আমি আপনার মূল প্রশ্নে ফিরে আসছি। এই হলদিয়া প্রোজেক্ট প্রথমে আর.পি. গোয়েঙ্কার সঙ্গে চুক্তি হয়েছিল, খুব ছোট প্রোজেক্ট হয়েছিল, খুব অল্প টাকার চুক্তি হয়েছিল। প্রায় ২ আড়াই কোটি টাকার হবে। কিন্তু ভারত সরকার সেই কন্সেপ্টটা মানেন নি। তারপর টাটার সঙ্গে এবং আমাদের সঙ্গে অর্থাৎ ডব্লু.বি.আই.ডি.সি.-র সঙ্গে ৩০০০ কোটি টাকার একটা প্রকল্প তৈরি হয়, তাতে ২৬ পারসেন্ট শেয়ার হচ্ছে আমাদের এবং ২৪.৯৯ পারসেন্ট টাটাদের।

এই প্রোজেক্টির আগস্টের ১০ তারিখে ১৯৯০ সালে অ্যাপ্রুভ্যাল আসে, আমরা এই প্রোজেক্টটাকে অনেক আগেই পাঠিয়েছিলাম, এর মধ্যে ছিল আই.ডি.আই.-এর লোন ১৬০০ কোটি টাকা। ১৯৯১ সালে ১৮ই আগস্ট আমরা জানলাম যে রুপির ডিভ্যালুয়েশন করার ফলে আমাদের রিজার্ভ ফরেন এক্সচেঞ্জের অবস্থা খুব খারাপ হয়ে গেছে। তার প্রোজেক্ট কস্টও অনেক বেড়ে যেতে লাগল এবং ফলে বিদেশ থেকে যেসব যন্ত্রপাতি আসবে তার টাকাও অনেক বেশি বাড়তে লাগল। তার ফলে প্রোজেক্টটাকে আবার নতুন করে পুনর্গঠন করতে হবে আমরা ঠিক করলাম। তখন প্রারম্ভিক ভাবে আমাদের মনে হয়েছিল ৪ হাজার কোটি টাকার বেশি হতে পারবে না। তবে সর্বশেষে আর্থিক সংস্থা এবং কেন্দ্রীয় সরকারের শিল্প দপ্তর জানিয়েছেন যে এই প্রকল্পটি আর্থিক দিক থেকে লাভজনক করতে হলে এই প্রকল্পের সাইজ অনেক বাড়িয়ে করতে হবে। তখন আমাদের বিশেষজ্ঞরা, যারা পৃথিবীর এই ধরনের প্রকল্পের খবর রাখেন, তারা প্রকল্পটিকে কি করে আরও উন্নত করে নতুন ধরনের করা যায় তার চেষ্টা করেন এবং তার চূড়ান্ত কাজ চলছে। নতুন প্রকল্পের ব্যাপারে আপনাদের

অনেকবারই বলেছি। ডব্লু.বি.আই.ডি.সি. ৩০০ টাকার ইকুইটি দিয়েছেন। আর পূর্ণেন্দু চ্যাটার্জি কোম্পানি ৩০০ কোটি এবং টাটা অ্যাশোসিয়েটস দিয়েছেন ১০০ কোটি টাকার ইকুইটি। এই নিয়ে মোট ৭০০ কোটি টাকার আমরা দিয়েছি। আর বাকি ৩০০ কোটি টাকার ইকুইটি বাজার থেকে আসবে, সুতরাং এই হচ্ছে ইকুইটি সংক্রান্ত ব্যাপার। এই নিয়ে মোট ১০০০ কোটি টাকার ইকুইটি। আমাদের এগ্রিমেন্টের কাজ শেষ হয়ে গেছে। লেটার অফ ইনটেন্ড ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্সে কনভার্ট হয়ে গেছে। এই ব্যাপারে এনভায়োরনমেন্ট মিনিস্টার ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনকে ফিড স্টকের জন্য ক্লিয়ারেন্সও দিয়ে দিয়েছেন। ন্যাপথা ক্র্যাকার ইউনিট তাদের সঙ্গে এগ্রিমেন্টও হয়ে গেছে। ইঞ্জিনিয়ারস ইন্ডিয়া লিমিটেড তাদের প্রোজেক্ট অ্যাকটিভিটি সুপারভাইজ করার জন্য টেকনোলজি সিলেকশন করা হয়েছে। বিশেষজ্ঞরা ইঞ্জিনিয়ারস ইন্ডিয়া লিমিটেডের সঙ্গে চুক্তি করেছেন। নতুন যে জল লাগবে তাতে আনুমানিক ১২ মিলিয়ন গ্যালন জল প্রতিদিন পাওয়া যাবে। এবং জল আসবে গেঁওখালি ওয়াটার সাপ্লাই স্কীম থেকে। কাজ আরম্ভ হওয়ার আগেই এই প্রকল্পের কিছু কিছু জায়গায় জল এসে গেছে। গত ৫ বছরে এত বড় প্রোজেক্ট কখনও হয়নি। প্রোজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি হয়েছে। প্রধান প্রধান টেকনোলজির শর্ট লিস্টের এগ্রিমেন্ট হয়ে গেছে। লাইসেন্স আর প্রোজেক্টের কথা তো অনেকবার বলেছি। এক হাজার ৫ একর জমি অ্যাকুইজিশন করা হয়েছে। কোম্পানির হাতে জমি দিয়ে দেওয়া হয়েছে। এই কোম্পানিগুলোতে ন্যাপথা ক্র্যাকার ইউনিটের কাজ হচ্ছে। সাইড গ্রিডিং উইদিন প্ল্যান্ট লিমিট কমপ্লিট হয়ে গেছে। ফেনসিং বা বেড়া কমপ্লিট হয়ে গেছে। পরিবেশ দপ্তরের আইন অনুযায়ী ১ লক্ষ গাছ প্রকল্পের চারদিকে লাগানো হয়েছে। তাছাড়া রাস্তা, ড্রেন, কালভার্ট, ওয়ার হাউস, কনস্ট্রাকশন পাওয়ারের কাজ হয়ে গেছে। ক্যাপটিভ পাওয়ার ইউনিটের কাজ হয়ে গেছে। ডাউন স্ট্রীমের কাজ হচ্ছে। ডাউন স্ট্রীমে খুব বড় বড় প্রোজেক্ট আছে, যেমন দুর্গাপুরে আছে, হলদিয়াতে আছে আরও অন্যান্য জায়গাতে আছে। আরও কোথায় কোথায় আছে বিশেষজ্ঞরা বলে দিতে পারবেন। এছাড়া বিদেশ থেকে খুব বড় বড় কোম্পানির কাছ থেকে প্রস্তাব পেয়েছি। বিশেষজ্ঞ কমিটি ওইগুলো ঝাড়াই করে ওইসব বিদেশি কোম্পানিগুলোর সঙ্গে কথাও বলেছে। ন্যাপথা ক্র্যাকারের জন্য জাপান থেকে ট্রয়ো কোম্পানির প্রেসিডেন্ট হলদিয়ায় এসে আছেন, অফিসাররাও ওদের এসেছেন। ২০টি ফ্ল্যাট ওদের দেওয়া হয়েছে।

[11-10 – 11-20 a.m.]

এখন ২৬৭টি ফ্ল্যাট আমরা নিয়েছি এই কনস্ট্রাকশন ওয়ার্ক পিরিয়ডে, আরও হয়ত লাগতে পারে। এই হচ্ছে অর্দ্ধেকের একটা অংশ ইক্যুইটির দিকে। তাছাড়া আমি আপনাকে বলে দিচ্ছি টেকনোলজির ব্যাপারটা। এই প্রোজেক্টে ন্যাপথা, ক্র্যাকার ইউনিট থেকে যে ইমিডিয়েট প্রোডাক্টস হবে সেটা হচ্ছে এথিলিন, পলিপ্রপলিন ইত্যাদি। এটা করার জন্য আমাদের দেশ সব টেকনোলজি নিয়েছে। আই.পি.সি.এল. যখন করল বড়দাতে তখন বিদেশ থেকে টেকনোলজি এনেছিল। আমরা কার কার সঙ্গে করেছি, আমরা টয়োর সঙ্গে করেছি ন্যাপথা ক্র্যাকারের লাইসেন্স দিয়েছি, টেকনোলজি টয়োকে দিয়েছি লিউমাস গ্লোবাল হচ্ছে টেকনোলজি কনসার্ন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, আমরা রাজনীতির বাইরে কেউ নই। জনগণের কথা বললেন, তমলুক লোকসভা এবং হলদিয়া বিধানসভায় হলদিয়া পেট্রো কেমিক্যালসের ফলাফল আপনাদের বুঝিয়ে দিয়েছে, এত সাফল্য. অর্জন করেছেন দুটোতে যে জনগণের থেকে পরিত্যক্ত হয়েছেন। আমি মাননীয় মন্ত্রীর কাছে দ্বিতীয় প্রশ্ন করছি, আপনি তো কেন্দ্রীয় সরকারের বঞ্চনার কথা বললেন, আপনাদের দল তো কেন্দ্রে ছিল, ১১ই নভেম্বর, ১৯৭৭ সালে লেটার অফ ইনটেন্ড তো আপনারা পেয়েছিলেন, তারপরেও তো দুটো বছর আপনাদের বন্ধু সরকার ছিল, মোরারজির সরকার ছিল, চরণ সিং এর সরকার ছিল, তারপরে ভি.পি.সিং-এর সরকার, তারপরে দেব গৌড়ার সরকার আজ পর্যন্ত আছে। তিনবার আপনারা বন্ধু সরকারকে পেয়েছেন, তারপরেও কিছু করতে পারেননি। গোয়েঙ্কারা যে টাকা খরচ করেছে, আপনি তো বলতে পারলেন না, আমার হিসাবে, ৫ কোটি টাকা খরচ করেছে। পরবর্তীকালে টাটা এবং পূর্ণেন্দু চ্যাটার্জির গ্রুপ এসে গেল। তারপরে ইক্যুইটি শেয়ার নিয়েছে। গোয়েঙ্কারা যে টাকা খরচ করছে তার অ্যাডজাস্টমেন্ট কিভাবে, হবে? তাদের সঙ্গে চুক্তির ফল কি হল? মাননীয় মুখ্যমন্ত্রী যখন এই দপ্তরে ছিলেন, তখন পশ্চিমবাংলার মানুষকে তিনি বলেছিলেন ২০ লক্ষ মানুষের কর্মসংস্থান হবে। সেই গোয়েঙ্কারা আসার পরে তারা কেন পিছিয়ে গেল, কি কারণে এই অবস্থা হল, সেটা বলুন।

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** এই যে ১৯৭৭ সালের পরে দুইবার যে বন্ধু সরকার এসেছে, তাদেরকে আপনারা সহ্য করতে পারেননি, এই রকম ধরনের প্রোজেক্ট অল্প সময়ের মধ্যে স্যাংশন হয় না। তা সত্ত্বেও এই প্রোজেক্ট ফাইনাল লাইসেন্স পেয়েছে, ভি.পি.সিং-এর সময়ে। আপনারা তো টিকতেই দিলেন না। গোয়েঙ্কারা যে টাকা বিনিয়োগ করেছিল সেটা ওদের সঙ্গে কথা বলে ঠিক করতে হবে, এর বেশি কিছু আমি বলতে পারছি না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আমি প্রশ্ন করছি না। আপনি তো টিকতে দিলেন না বললেন, কেন্দ্রীয় সরকারকে সহ্য করতে পারছেন না, বললেন, আরশোলাকে কি পাখি বলা যায়, যায় না, তাকে পাখির মাংস বলে খাওয়াও যায় না।

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** মাননীয় স্পিকারের অনুমতি নিয়ে বলছি, এই হচ্ছে আপনাদের দৃষ্টিভঙ্গি। ভারতবর্ষের বিভিন্ন রাজ্য সম্পর্কে, বিভিন্ন রাজনৈতিক দল সম্পর্কে। এই নিয়ে আপনারা বারবার সঙ্কট এনেছেন।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** স্যার, আমি একটা প্রশ্ন মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, যে ডাউন স্ট্রীম ইন্ডাস্ট্রি হবে, অ্যানসিলারি ইন্ডাস্ট্রি হবে, এর জন্য আপনি একটা কমিটি করেছেন এবং যে কমিটি সার্ভে করবেন, সেই সার্ভে করার ক্ষেত্রে আপনি কি জায়গাগুলো আইডেনটিফাই করেছেন? কারণ ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনার যে কোস্টাল অঞ্চলগুলো, সাগর থেকে আরম্ভ করে নামখানা, এই সমস্ত জায়গাগুলো, এর সঙ্গে আমাদের যে একটা

কালচারাল যোগাযোগ আছে, বিশেষত হলদিয়ার সঙ্গে আপনি কি সেই জায়গাগুলো সার্ভে করার জন্য কমিটিকে নির্দেশ দিয়েছেন?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি** : এটা বলে দিই। এটা হচ্ছে একটা সুস্পষ্ট যে হলদিয়া পেট্রো কেমিকেলের কমার্শিয়াল প্রোডাক্ট শুরু হবে জুন ১৯৯১। ন্যাপথা ক্র্যাকার ইউনিট চালু হবে। সেই সময়ের আগেই যদি ডাউন স্ট্রীম প্রকল্পগুলো চালু করার মতো সুযোগ না আসে তাহলে খুব ক্ষতি হয়ে যাবে। সেজন্য আমরা বিভিন্ন টেকনোলজি এবং কোম্পানির সাথে যোগাযোগ করছি। আপাতত দুর্গাপুর এবং হলদিয়াতে একটা সাইট নেওয়া হয়েছে। ডাউন স্ট্রীম ইন্ডাস্ট্রিগুলো থেকে অনেক প্রোজেক্ট হবে। তার থেকে হাজার হাজার নতুন নতুন ছোট ছোট কারখানা হতে পারে। সেগুলো সারা রাজ্যে ছড়িয়ে হতে পারে। কোথায় কোথায় ইকনমিক এবং ট্রান্সপোর্ট ভায়েবিলিটি আছে সেটা দেখে সেই অনুযায়ী হবে কি হবে না সেটা রিপোর্ট আছে। সাউথ ২৪ পরগনার কুল্পিতে, ডায়মন্ডহারবারে আমরা বে-সরকারি ভাবে একটা পোর্ট করার চেষ্টা করছি। এটা হলে দক্ষিণ ২৪ পরগনা সহ সারা রাজ্যের অর্থনৈতিক মানচিত্রটাই পাল্টে যাবে। হলদিয়া পেট্রো কেমিকেলের সঙ্গে কোনও প্রকল্প যুক্ত করার ব্যাপারটা বিবেচনা করার জন্য আমি কমিটিকে বলব।

[11-20 – 11-30 a.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি** : মাননীয় মন্ত্রী মহাশয়, কি জানাবেন যে আই.পি.সি.এল. যেটা আছে সেখানে যে প্রোডাক্ট হচ্ছে তার পর নতুন আর কি আমাদের প্রোডাক্ট অ্যান্ড প্ল্যান্ট আমাদের আছে কারণ ন্যাপথা ক্র্যাকার ইউনিটে আলফা, গামা, বিটা এই তিনটিকে পিষ্ট করে যে প্রোডাক্ট হচ্ছে, তাতে অসুবিধা দেখা দিয়েছে। আমরা সেই ন্যাপথা ক্র্যাকার নিচ্ছি, না কি ইন্ডিয়ান অয়েল দিচ্ছে, না কি আমরা নিজেরা ইম্পোর্ট করছি? একই প্রোডাক্ট হবে, না কি এর সঙ্গে নতুন কোনও প্রেডাক্ট সংযোজন করা হবে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি** : ন্যাপথা ক্র্যাকার ইন্ডিয়ান অয়েলের সঙ্গে চুক্তি করেছে, যে যেটা লাগবে সেটা ওরাই দিতে পারবে। ওর থেকে আরও কতকগুলো বাই-প্রোডাক্ট হবে, তার থেকে আবার অন্য ধরনের প্রোডাক্ট হবে। বরোদায় আই.পি.সি.এল.-র বিশাল ফ্যাক্টরি আছে। ওখানকার বিশেষজ্ঞরা আমাদের সাথে যোগদান করেছেন। ওদের প্রোডাক্ট সম্বন্ধে আমি ওয়াকিবহাল নই। এখানকার প্রোডাক্ট রেঞ্জ সম্পর্কে আমি কোথাও কোনও লিটারেচার দেখি নি। আমাদের এখানে প্রোডাক্ট রেঞ্জ হবে। এই সব বিষয়ে দেশি ও আন্তর্জাতিক যেসব বিশেষজ্ঞ আমাদের এখানে আছেন তাঁরা এখানকার অবস্থায় এই ধরনের কি কি প্রোডাক্ট আনা উচিত সেটা খুব ভালভাবে, সূক্ষ্মভাবে বিচার বিবেচনা না করে প্রোডাক্ট লাইন ঠিক করবে? ওরা যে বেকায়দায় পড়েছে, আশা করি আমরা সেরকম বেকায়দায় পড়ব না। তবে এখানকার দিনে টেকনোলজির দ্রুত পরিবর্তন হচ্ছে। সেটা এখন ভাবা হচ্ছে। তার মধ্যবর্তী কালে কোথাও কোনও পরিবর্তন হবে না সেটা বলা যায় না। যেসব ইউনিটের প্রোডাক্টগুলো

হবে সেগুলো বলছি—ন্যাপথা ক্র্যাকার ইউনিট বাৎসরিক ২ লক্ষ টন ন্যাপথা ক্র্যাকিং করবে। পি.ভি.সি. হবে ৪৫ হাজার টন, হাইডেনসিটি পলিথিলিং ২০ হাজার টন, ২-এথিলিন হেকসানল ২১ হাজার টন, এথিলিন অক্সাইড ৩ হাজার টন, গ্লাইক্রস ১০ হাজার টন। এগুলো থেকে কো-প্রোডাক্ট হবে তারজন্য ৫টা ডিফারেন্ট প্রোজেক্ট হবে। ন্যাপথা থেকে এথিলিন হবে প্রায় ৫৪ তার ক্যাপাসিটি হবে। প্রোপাইলিন ৩০ হাজার, পাইরোলিসিস ৪৬ হাজার, গ্যাসোলিন কতটা সেটা দেয়নি বুটাডিডন ৮ হাজার, বেঞ্জিন ৮ হাজার, এটা ন্যাপথা থেকে আসবে। পি.ভি.সি. ৪৫ হাজার, এইচ.ডি.পি.ই. ২০ হাজার, ২-এথিলিন ১০ হাজার, এথিলিন অক্সাইড ৩ হাজার, গ্লাইক্রস ১০ হাজার। এই প্রোডাক্ট লাইন ঠিক করা হয়েছে। এই টেকনোলজি অনুযায়ী আমাদের এক্সপেন্ডিচার হচ্ছে।

**শ্রী জাহাঙ্গীর করিম ঃ** হলদিয়া পেট্রো কেমিকেলসের জন্য প্রায় হাজার একর জমি নেওয়া হয়েছে। যাদের থেকে এই জমি নেওয়া হয়েছে তাদের কর্ম সংস্থানের জন্য সরকার থেকে কি চিন্তা ভাবনা আছে এবং তার কতটা অগ্রগতি হয়েছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** হলদিয়া পেট্রো কেমিকেলসের জন্য যাদের থেকে জমি নেওয়া হয়েছিল তাদের পুনর্বাসনের জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। তাদের জন্য নতুন এলাকা নেওয়া হয়েছে, সেখানে রাস্তা-পথঘাট, বাড়িঘর হয়েছে। জলের জন্য টিউবওয়েল ও পাইপলাইনের ব্যবস্থা হচ্ছে। কিন্তু ইলেক্ট্রিক এখনও হয়নি। তবে তাদের কর্ম সংস্থানের জন্য সরকারি স্তরে সিদ্ধান্ত হয়েছিল, সেই সিদ্ধান্ত কার্যকর হবে। তবে এখনও সেই স্টেজ আসেনি। এখন কন্ট্রাক্টররা ওখানে কাজ করছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** প্রোজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি যেটা হয়েছে, তার লেটেস্ট রিপোর্ট কি? ফুল ফ্রেজেড প্রডাকশন শুরু হলে মেইন স্ট্রীমে যেখানে ১ হাজার কর্ম সংস্থান হবে, সেটা কবে নাগাদ কমপ্লিট হবে তার একটা সম্ভাব্য তারিখ জানাবেন কি? এবং, ডাউন স্ট্রীমে যেটা হওয়ার কথা, সেটা অ্যাকচুয়ালি ইমপ্লিমেন্টেড হতে আনুমানিক কত সময় লাগবে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** যদি আন্তর্জাতিক এবং জাতীয় অর্থনীতির ক্ষেত্রে মারাত্মক কোনও অঘটন না ঘটে তাহলে ৩০ শে জুন ১৯৯৯ সাল থেকেই এখানে কমার্শিয়াল প্রোডাকশন শুরু হবে। এই প্রকল্প অর্থাৎ ন্যাপথা ক্র্যাকার ইউনিট চালু করার আগে ডাউন স্ট্রীমে প্রোডাক্ট রেঞ্জ, পলিপ্যাক ইত্যাদি তৈরি করতে হবে, না হলে মূল প্রকল্পে অসাধারণ লোকসান হবে। সেইজন্য ১৯৯৯ এর মাঝামাঝি সবগুলোই পাওয়া যাবে। এর সঙ্গে প্রত্যক্ষ এবং পরোক্ষ ভাবে সেসব কারখানা যেমন প্লাস্টিক, কেমিকেলস, ইত্যাদি ছোট ছোট কারখানা হতে থাকবে, যাতে প্রত্যক্ষ এবং পরোক্ষ ভাবে দেড় লক্ষ লোকের কর্ম সংস্থান হতে পারবে। লক্ষ্য করবেন, পশ্চিমবাংলা তথা পূর্ব ভারতে পলিপ্যাক আসে প্রধানত পশ্চিম ভারত থেকে। এই বাজারটা আমাদের ধরতে হবে। সাথে সাথে বাইরের বাজার ধরতে হবে, যেখানে আমরা রপ্তানি করতে পারব। এই থেকে স্মল সেক্টর, মিডিয়াম স্কেল সেক্টর অনেক হতে পারে।

এখানে যে দেড় লক্ষ কর্ম সংস্থান দেখা যাচ্ছে, তার চেয়ে অনেক বেশিও হতে পারে। এই সমস্ত হাইটেক ইন্ডাস্ট্রিতে বেশি লোক লাগে না। অন্য কাজগুলোতে বেশি লাগবে।

**শ্রী নির্মল দাস ঃ** হলদিয়া পেট্রো কেমিকেল একটা আন্তর্জাতিক বৃহৎ প্রোজেক্ট হিসাবে আমাদের দেশে গড়ে তোলার চেষ্টা হচ্ছে। এই ক্ষেত্রে বর্তমান সরকার এবং পূর্বতন কংগ্রেস সরকার, রাজীব গান্ধীর সরকার আর্থিক দায় দায়িত্বের ক্ষেত্রে কি আচরণ করেছিলেন, প্রোজেক্ট যখন শেষ হবে, যার এক্স্যালেশন চলছে, তখন সম্ভাব্য কত লোকের কর্ম সংস্থান' হতে পারে?

[11-30 – 11-40 a.m.]

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** প্রথম হচ্ছে, আমাদের দেশে যে নিয়ম-কানুন চালু আছে তাতে আর্থিক প্রতিষ্ঠান, ব্যাঙ্ক, ইত্যাদির স্যাংশনের বিষয়ে রাজ্য সরকারের কোনও ক্ষমতা নেই। এটা এখানে সবাই জানেন। কংগ্রেস গভর্নমেন্টের আমলে কি ব্যবহার হয়েছিল এটাও সকলে জানেন। কংগ্রেস গভর্নমেন্ট এবং বর্তমান গভর্নমেন্টের একটা তুলনামূলক বিবৃতি দিতে বলেছেন, এর একটা সঠিক উত্তর দেব। প্রকল্পটা কেন্দ্রীয় সরকার এবং পশ্চিম ভারতের শিল্পপতিরা বিলম্বিত করেছেন। পশ্চিমবাংলায় যাতে আধুনিক শিল্প গড়ে উঠতে না পারে এটাই তাদের চেষ্টা ছিল, এ বিষয়ে সন্দেহের কোনও অবকাশ নেই। স্বাধীনতার আগে এই রাজ্য শিল্পে এক নম্বরে ছিল কিন্তু তারপর আমাদের সাথে বিরাট বঞ্চনা হয়েছে। এই প্রকল্প ১৯৯০ সালে স্যাংশন হওয়ার পরে তার টেকনোলজি, ফিন্যান্সিয়াল টাই-আপ ইত্যাদি ব্যাপারে আমরা যে প্রস্তাব পাঠিয়েছিলাম—তখন কংগ্রেস সরকারের শেষ দিক—ওঁরা এ বিষয়ে কিছু ইতিবাচক পদক্ষেপ নিয়েছিলেন। যেমন—আই.ডি.বি.আই., আই.সি.আই.সি.আই. এবং অন্যান্য অর্থনৈতিক প্রতিষ্ঠান, ব্যাঙ্ক আছে। আই.ডি.বি.আই. এটাকে মনিটর করে। এই রকম সংস্থাগুলো থেকে ঋণের ব্যবস্থা করেছিলেন। প্রথমে ডেট ইক্যুইটি রেশিও যা ছিল কংগ্রেস আমলে সেটার একটা পরিবর্তন করে আমাদের বেকায়দায় ফেলে দিয়েছিল। কিন্তু এতবড় প্রোজেক্ট অর্থনৈতিক প্রতিষ্ঠান বা ব্যাঙ্কের সাহায্য ছাড়া করা যাবে না। আই.ডি.বি.আই. এ ব্যাপারে খুব সহযোগিতা করেছিল। এর সঙ্গে বিদেশি টাকা অনেক আসবে এবং বিদেশি টাকার যে গ্যারান্টার লাগে তার কাজও আই.ডি.বি.আই. করেছিল। কংগ্রেস সরকার যখন চলে গেল তার আগে ওঁরা এই কাজে সহযোগিতা করেছিল। বর্তমান সরকার আসার আগে এটা মসৃণ করেছিলেন। প্রত্যেকটা জিনিস নিয়ম মতো হচ্ছে। এ ব্যাপারে শিল্প মন্ত্রী মুরাশোলি মারান এবং অর্থমন্ত্রী চিদাম্বরম আমাদের সঙ্গে সহযোগিতা করছেন।

## রাজ্যে বৃদ্ধাবাস নির্মাণ

***৪৮৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৬) **শ্রী আবুআয়েশ মণ্ডল ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বৃদ্ধাবাস নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকলে, পরিকল্পনাটি কি;

(গ) বর্তমান আর্থিক বছরে কোনও বৃদ্ধাবাস নির্মাণ করা হবে কি না; এবং

(ঘ) হলে, সেটি কোথায় হবে?

**শ্রী গৌতম দেব ঃ**

(ক) পরিকল্পনাটি আবাসন বিভাগের বিবেচনাধীন।

(খ) এখনও ঠিক হয়নি।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় প্রোজেক্টটা সরকারের বিবেচনাধীন বলেছেন। ১৯৯৫-৯৬ সালে আপনি সঠিক ভাবেই, আপনার চিন্তা-ভাবনাকে প্রশংসা করতে হয়। বর্তমান আর্থ-সামাজিক কাঠামোর মধ্যে বয়োবৃদ্ধ মানুষের থাকার ব্যাপারে ১৯৯৫-৯৬ আর্থিক বছরে যে প্রকল্প বাস্তবায়িত করার কথা ঘোষণা করা হয়েছিল এবং যতদূর মনে পড়ছে বাজেটে এজন্য কিছু আর্থিক ব্যয় বরাদ্দও রাখা হয়েছিল। কিন্তু তা সত্ত্বেও বিবেচনাধীন থাকল কেন তা যদি পরিষ্কার করে বলেন।

**শ্রী গৌতম দেব ঃ** এই জাতীয় বৃদ্ধাবাস অর্থাৎ ওল্ড এজ হোম বা ডেস্টিটিউট হোম বা ওয়াকিং গার্লস হোস্টেল—এগুলো সাধারণতঃ আমাদের যে সোশ্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট আছে তারা করে থাকেন, বেশ কিছু বৃদ্ধাবাস তাদের আছে। কিন্তু নানান দিক থেকে পরামর্শ আসায় এবং একা সোশ্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের পক্ষে সবটা করা সম্ভব হচ্ছে না বলে হাউজিং ডিপার্টমেন্ট কিছু কর্মজীবী মহিলাদের জন্য করার কর্মসূচি নেয়। কয়েকটি প্রোজেক্ট তৈরি করে তার পর আমরা এই বৃদ্ধাবাস করার পরিকল্পনা নিয়েছিলাম এটা আপনি ঠিকই বলেছেন যে গতবারে কিছু টাকা বরাদ্দও করেছিলাম। আমরা একটা জায়গা নির্বাচন করেছি এবং এই জায়গা নির্বাচন করতে আমাদের অসুবিধা হয়েছিল, আমরা আশা করছি এই ফিন্যান্সিয়াল ইয়ারেই একটা বড় অকারের ওল্ড এজ হোম করতে পারব।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** আপনি বললেন উপযুক্ত জায়গা পাওয়া গেছে এবং বড় আকারের করবেন। এই প্রকল্প বাস্তবায়িত হলে সেটা কত আসন বিশিষ্ট হবে?

**শ্রী গৌতম দেব ঃ** এখন যেটা প্ল্যান বা ডিজাইন হয়েছে তাতে আমাকে বলা হয়েছে একটা ৪, ৫ তলা বাড়ি বয়স্ক মানুষের থাকার জন্য হবে, কিন্তু বয়স্ক মানুষদের থাকার জন্য

৪, ৫, তলা করলে তাতে লিফট ফেসিলিটিজ দিতে হবে, তবে তার কম হলে দেওয়ার দরকার নেই। ডি.আই.পি. রোডের কাছে সরকারি জায়গা আমরা পেয়েছি সেখানে ৫০ আলাদা ঘর করতে পারব। একজ্যাক্ট অ্যাকোমডেশন কতজনের হবে সেটা এখনই বলা যাচ্ছে না।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** এই সঙ্গে আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় আপনি গত বাজেট বক্তৃতায় বলেছিলেন যে বিভিন্ন জেলার বিভিন্ন গ্রাম থেকে মানুষ কলকাতায় চিকিৎসা বা অন্য গুরুত্বপূর্ণ কাজে আসেন এবং তাদের রাত্রি যাপন করতে হয়। তাদের অসুবিধার কথা চিন্তা করে তাদের জন্য নাইট শেল্টার করার পরিকল্পনা আমার যতদুর মনে পড়ছে গত আর্থিক বছরেই বলেছিলেন, সেটা সম্বন্ধে একটু বলবেন?

**শ্রী গৌতম দেব :** ওল্ড এজ হোম আর নাইট শেল্টার এই দুটো আলাদা। আপনি জানতে চাইছেন তাই বলছি, একটা নাইট শেল্টারের কাজ এগিয়েছে, সেখানে ডিজাইন তৈরি হয়েছে, ওয়ার্ক অর্ডার হয়েছে, টেন্ডার ডাকার স্টেজে আছে। বর্ধমান জেলা থেকে এই রকম একটা নাইট শেল্টার করার কথা বলে পাঠাচ্ছেন। মিউনিসিপ্যালিটির পক্ষ থেকে, জেলা পরিষদের পক্ষ থেকে এই রকম প্রস্তাব এলে, আমরা হয়ত বর্ধমান শহরে এই রকম একটা করার কথা বিবেচনা করব।

**শ্রী অশোককুমার দেব :** নর্থ বেঙ্গল এবং সাউথ বেঙ্গল থেকে ছেলে মেয়েরা পড়াশোনা করার জন্য আসেন তাদের থাকার প্রচন্ড অসুবিধা। তাদের জন্য আবাসন করার ব্যাপারে কিছু ভাবছেন।

**শ্রী গৌতম দেব :** আবাসন ডিপার্টমেন্ট সরকারি কর্মচারিদের ফ্ল্যাট আর কিছু ভাড়া বাড়ি করে, এ ছাড়া হাউজিং বোর্ড কিছু ওনারশিপ ফ্ল্যাট করে এটাই প্রধান কাজ। এই প্রধান কাজকে প্রধান হিসাবে রেখেও আরও কিছু কর্মসূচি নেওয়া হয়েছে, যেমন সল্টলেকে মেয়েদের থাকার জন্য ডর্মিটরি করেছি। বাইরের জেলা থেকে পরীক্ষা বা চিকিৎসার জন্য মেয়েরা কলকাতায় এলে তাদের ৫, ৭ দিন থাকার জন্যই এটা তৈরি হয়েছে। আবার হয়ত কোনও স্কুল থেকে এক্সকার্সান হবে এই ব্যাপারে ৫০ জন ছাত্রী আসছে, এটা তাদের থাকার জন্যই হয়েছে। তবে ছাত্রাবাস বা স্টুডেন্ট হোস্টেল করা আমাদের ডিপার্টমেন্টের কথা নয় বা এ রকম কোনও সুযোগও নেই।

**শ্রী গৌতম চক্রবর্তী :** আমরা যারা সদস্য আছি, আমরা এম.এল.এ. হোস্টেলের একটি ঘরে দু জন করে আছি। আমাদের গেস্টরা আসলে তাদের থাকার কোনও ব্যবস্থা নেই। মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে এম.এল.এ.-দের থাকার জন্য কোনও সুব্যবস্থা করবেন কিনা?

[11-40 – 11-50 a.m.]

**শ্রী গৌতম দেব ঃ** ওটা পি.ডব্লু.ডি. দেখে। আমি যত দূর জানি বিষয়টা নিয়ে স্পিকার সাহেবের সঙ্গে আলোচনা হয়েছে। এম.এল.এ. হস্টেলের ব্যাপারটা আমাদের ব্যাপার নয়। সরকারি কর্মচারিদের জন্য প্রায় ১৮,০০০ ফ্ল্যাট আছে। কিন্তু ২০০ এম.এল.এ.-এর জন্য ফ্ল্যাট করা যায় না। মূলত বিষয়টা পি.ডব্লু.ডি.-র বিষয়।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, রাজ্যের বিভিন্ন দূরবর্তী অঞ্চল থেকে, বিশেষ করে উত্তরবঙ্গ বা বাঁকুড়া পুরুলিয়া থেকে প্রতিদিন বহু রুগী চিকিৎসার জন্য কলকাতায় আসেন। অথচ তাঁরা কলকাতায় কোথাও থাকার জায়গা পান না। সুতরাং আপনার দপ্তর থেকে ঐ সমস্ত পেসেন্টদের থাকার জন্য সর্ট স্টে হোম করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী গৌতম দেব ঃ** না, সে রকম কিছু নেই।

**শ্রী মৈনুল হক ঃ** স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। কিছু দিন আগে মাননীয় মন্ত্রী ফরাক্কায় কিছু জায়গা দেখে এসেছেন এবং উনি প্রতিশ্রুতি দিয়ে এসেছেন যে জায়গায় কিছু গৃহ নির্মাণ করবেন যা সেখানকার মানুষরা কম পয়সায় কিনতে পারবে। আমরা এটা কাগজে দেখেছি। কিন্তু এখনও পর্যন্ত বিষয়টা আমাদের কাছে পরিষ্কার নয়। তাই আমার মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন—ফরাক্কায় কর্মচারিদের জন্য যে কর্মচারি আবাসন তৈরির কথা ছিল সেটা এখন কি অবস্থায় আছে?

**শ্রী গৌতম দেব ঃ** ফরাক্কার আবাসনের প্রশ্নটি বৃদ্ধাবাস নির্মাণের প্রশ্নের সঙ্গে মেলে না। ফলে উত্তর দেওয়া মুশকিল। তবুও আমি বলছি, এর আগে যিনি ফরাক্কার এম.এল.এ. ছিলেন তিনি প্রস্তাব দিয়েছিলেন—যখন আমি অন্য একটা মিটিং-এ ফরাক্কায় গিয়েছিলাম তখন—যে, ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষের অনেক এক্সট্রা জায়গা আছে এবং ফরাক্কা ব্যারেজে অনেক দিন ধরে যে সমস্ত মানুষরা চাকরি করছেন তাঁরা চাকরির শেষে আর অন্য কোথাও যেতে চাইছেন না, এই অবস্থায় ব্যারেজ কর্তৃপক্ষ কিছু জায়গা দিলে সেখানে আমাদের হাউসিং বোর্ড করতে পারে কি না? আমি বলেছিলাম,—যদি বিক্রি করার মতো অবস্থা হয়—ব্যারেজ এবং ফরাক্কা থার্মাল ছাড়া, ফরাক্কা তো গ্রাম—১০/১৫ বছরের ইনস্টলমেন্টে বিক্রি করার যদি সুযোগ থাকে তাহলে আমরা চিন্তা ভাবনা করতে পারি। ডি.এম.-কেও ঐ কথাই বলা হয়েছিল। এখন ঐ এম.এল.এ. আর নেই, আপনি এখন আছেন। সুতরাং কি হবে, না হবে সেটার জন্য আপনাকে এখন যোগাযোগ করতে হবে।

**ডঃ রামচন্দ্র মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কলকাতা এবং পার্শ্ববর্তী এলাকায় বৃদ্ধাবাস নির্মাণ পরিকল্পনার ভাবনা চিন্তার কথা বললেন। জেলা স্তরে, বিশেষ করে মেদিনীপুর জেলায় কোনও বৃদ্ধাবাস করার পরিকল্পনা আছে কি; থাকলে তার প্রি-রিকুইজিট কি?

**শ্রী গৌতম দেব ঃ** আমি বললাম, বৃদ্ধাবাস হাউসিং ডিপার্টমেন্ট কোনও দিনই করেনি। এখন একটা বৃদ্ধাবাস তৈরির পরিকল্পনা আমরা নিয়েছি। সাধারণত বৃদ্ধাবাসের বিষয়টা সোশ্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের এবং কিছু নন-গভর্নমেন্ট অর্গানাইজেশন বৃদ্ধাবাস চালায় গভর্নমেন্ট সাপোর্ট করে। হাউসিং ডিপার্টমেন্ট বৃদ্ধাবাস করেও না চালায়ও না। এখন আমরা এই প্রথম একটা বৃদ্ধাবাস করছি, বিল্ডিংটা আমরা করব, তারপর কিভাবে চলবে, কাদের দিয়ে চালাব তা ঠিক করতে হবে। এই এক্সপিরিয়েন্সের পর যদি মনে হয় সোশ্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট ছাড়া হাউসিং ডিপার্টমেন্টও বৃদ্ধাবাস চালাতে পারবে। তাহলে পরবর্তী চিন্তা ভাবনা করব। এ বিষয়ে কোনও সন্দেহ নেই যে, আমাদের সিনিয়র সিটিজেনদের—পুরুষ এবং মহিলা—থাকার ব্যবস্থা করা খুবই জরুরি। নিশ্চয়ই এ ক্ষেত্রে সরকারের একটা ভূমিকা থাকতে পারে। সুতরাং আমরা এ বিষয়ে সোশ্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের সঙ্গে আলোচনা করতে পারি। আমরা চিন্তা ভাবনা করে দেখব আরও কিছু বৃদ্ধাবাস করা যায় কি না।

### রাজ্যের প্রতি জেলায় চিড়িয়াখানা

*৪৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৮) **শ্রী কমল মুখার্জি ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের প্রতি জেলায় চিড়িয়াখানা খোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকলে, হুগলি জেলায় কোথায় উক্ত চিড়িয়াখানার জন্য স্থান ঠিক করা হয়েছে; এবং

(গ) এর ফলে, কত সংখ্যক মানুষ কর্মসংস্থানের সুযোগ পাবে বলে আশা করা যায়?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী কমল মুখার্জি ঃ** এই রাজ্যে বর্তমানে কয়টা চিড়িয়াখানা আছে এবং তার সংখ্যা কত?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** আমাদের রাজ্যে কলকাতায় আছে আলিপুর চিড়িয়াখানা এবং দার্জিলিং-এ চিড়িয়াখানা আছে—পদ্মজানাইডু হিমালয়ান জ্যুলজিক্যাল পার্ক। এই দুটি আছে।

**শ্রী কমল মুখার্জি ঃ** বে-সরকারি উদ্যোগে চিড়িয়াখানা খোলার কোনও প্রস্তাব আছে কি না?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** এই মুহূর্তে এইরকম প্রস্তাব নেই।

**শ্রী কমল মুখার্জি ঃ** প্রতি জেলায় যদি চিড়িয়াখানা করা যায় তাহলে ছোট ছেলে মেয়েদের কাছে বা পর্যটকদের কাছে দর্শনীয় স্থান হয়। এ ব্যাপারে আপনার মত কি?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য বলি, প্রত্যেক জেলায় একটা করে চিড়িয়াখানা করা সম্ভব নয়, বাস্তবও নয়। তবে আপনি নিশ্চয়ই অবগত আছেন, আমাদের বন বিভাগ থেকে যে সমস্ত জায়গায় নতুন করে বন-সৃজন হয়েছে যেমন, দক্ষিণ পশ্চিমবঙ্গের দু-একটি জায়গার কথা বলা যায়—বাঁকুড়ার জয়পুর, সুতান এবং কাঁকড়াঝোড়ের কাছে কিছু কিছু এরিয়া, এইসব এরিয়ায় রেসকিউ সেন্টার অর্থাৎ রি-ইনট্রোডাকশন সেন্টার করা হচ্ছে প্রাণীদের ধরে রাখার জন্য। নতুন করে এটার একটা উদ্যোগ হবে, তবে চিড়িয়াখানা নয়। আর আপনার জেলা হুগলিতে আপাতত কোনও সম্ভাবনা নেই।

**শ্রী রামপদ সামন্ত ঃ** চিড়িয়াখানায় জন্তু-জানোয়ার থাকে। এদের এখানে ধরে রাখার ব্যবস্থা করা হয়। কিন্তু মনুষ্য সমাজে জন্তুদের মতন কিছু মানুষ থাকে যারা খুনী, যারা আসামী। এদের জন্য জেলখানা আছে। কিন্তু এই ধরনের মানুষের জন্য জেলখানার বদলে যাতে চিড়িয়াখানা করা যায় সেইরকম কোনও পরিকল্পনা সরকার নিতে পারেন কি না?

(নো রিপ্লাই)

**শ্রী অজয় দে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন নতুন করে কোনও চিড়িয়াখানা করার পরিকল্পনা নেই। আমার বক্তব্য হচ্ছে, বিভিন্ন জেলায় ছোট ছোট পার্কস অ্যাণ্ড গার্ডেন্স-এর আণ্ডারে যে গার্ডেনগুলি আছে সেখানে চিড়িয়াখানা নয়, কিছু কিছু মিনি চিড়িয়াখানা করার এইরকম পরিকল্পনা আপনার আছে কি না, থাকলে নদীয়া জেলায় আছে কি না?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** নদীয়া জেলায় বেথুয়াডহরী ডিয়ার পার্ক আছে। তাছাড়া নদীয়া জেলায় কৃষ্ণনগরের কাছে বেথুয়াডহরী জায়গা আছে, সেখানে সাফারী পার্ক করার জন্য ১৯৯৫ সালে নেওয়া হয়েছে, এখন এটা বিবেচনাধীন আছে। কিন্তু বিভিন্ন পার্কস অ্যাণ্ড গার্ডেন্সে সমস্ত জায়গায় ঐ রকম মিনি চিড়িয়াখানা করা সম্ভব নয়। এই মুহূর্তে এই ব্যাপারে কোনও চিন্তা-ভাবনা নেই।

[11-50 – 12-00 Noon.]

**শ্রী তপন হোড় ঃ** আমাদের যে মূল চিড়িয়াখানা, আলিপুর চিড়িয়াখানা, এটা অনেক পুরানো এবং যতদূর আমরা শুনেছি এবং নিজেরা গিয়েও দেখেছি, সেখানে স্থান সঙ্কুলান হয় না। আগে যে সমস্ত পাখী ঐ চিড়িয়াখানায় আসত, তারা আর আসতে পারছে না, কারণ জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং পরিবেশ অনেক পাল্টে গেছে। সেখানে একটা বিকল্প চিড়িয়াখানা

আলিপুরের মতো একটা প্রস্তাব এর আগে বন দপ্তরের ছিল। সেই ব্যাপারে আপনি কিছু আমাদের জানাতে পারেন কি না?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় সদস্য যা বলেছেন, আমি তাঁর সঙ্গে সহমত পোষণ করি এবং আলিপুর চিড়িয়াখানার যে পরিবেশ, এটা বর্তমানে জন্তুদের থাকার মতো পরিবেশে নেই। কারণ কলকাতা এত বড় হয়ে গেছে যে ১২৭ বছর আগে যে চিড়িয়াখানা ছিল, এখন তা নেই। কলকাতার এখন বড় বড় বাড়ি হয়েছে, চিড়িয়াখানার পাশে বড় বড় বাড়ি হয়েছে, রাস্তাঘাট বেড়েছে, যানবাহন বেড়েছে, জন্তুরা ভয় পাচ্ছে, পাখীরাও কম আসছে। এটা ভেবে দক্ষিণ ২৪ পরগনার নরেন্দ্রপুরে ১৫৩ একর একটা জমি দেখা হয়েছিল। কিন্তু জলা জমি, এটা ভরাট করতে ৩০ কোটি টাকার দরকার ছিল। এত টাকা রাজ্য সরকারের হাতে নেই। সেই জন্য এটা স্থগিত রাখা হয়েছে। এছাড়া এ. এম. বাইপাসের পাশে একটা জমি দেখা হয়েছিল। কিন্তু এয়ার পোর্ট অথারিটি এটার পারমিশন দেয়নি। আজকে আলিপুর চিড়িয়াখানার মতো একটা বিকল্প চিড়িয়াখানা কলকাতার অনতিদূরে করার জন্য বন দপ্তর ভাবছে।

**শ্রী অশোককুমার দেব ঃ** মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করতে চাই, যেমন কলকাতায় একটা আছে, নর্থ বেঙ্গলের দার্জিলিং-এ একটা আছে, তেমনি যদি সাউথ বেঙ্গলে একটা করা হয় তাহলে রাশটা অনেক কমবে। সেই রকম কোনও পরিকল্পনা আছে কি না?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** সেন্ট্রাল জু অথারিটি এটা পার্মিশন দেয়না সাধারণত। এখন চিড়িয়াখানা এমন জায়গায় হওয়া উচিত, যেখানে সেটা চলবে। দার্জিলিং এবং কলকাতায় এইগুলো ভাল ভাবে চলছে। আমাদের হিসাব অনুযায়ী কোনও অসুবিধা হচ্ছে না। এই মুহূর্তে অন্যত্র দক্ষিণবঙ্গে ভায়েবিলিটির একটা প্রশ্ন এসে যায়। বর্তমানে মাননীয় সদস্যকে সন্তুষ্ট করতে পারছি না। আগামী দিনে ভেবে দেখা যাবে।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি ঃ** বর্তমান আর্থিক বছরে কোন নুতন চিড়িয়াখানা তৈরি করার প্রস্তাব আছে কি না যাতে খাঁচার সংখ্যা অন্তত ৮২টি হবে?

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** বর্তমান আর্থিক বছরে নূতন চিড়িয়াখানা করার কোনও প্রস্তাব নেই।

### কৃষ্ণনগরে ফুটপাথ মুক্ত করার উদ্যোগ

***৪৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৮২৭) **শ্রী সুশীল বিশ্বাস ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকারের উদ্যোগে শহরের ফুটপাথ মুক্ত করার যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তার ভেতর নদীয়া জেলার কৃষ্ণনগর পৌরসভা আছে কি না; এবং

(খ) থাকলে, কত দিনে তা কার্যকর হবে বলে আশা করা যায়?

**শ্রী অশোক ভট্টাচার্য :**

(ক) জেলা প্রশাসন এবং স্থানীয় পুরসভা এই বিষয়ে উদ্যোগ নিয়ে থাকে।

(খ) সঠিক তারিখ এই মুহূর্তে বলা যাচ্ছে না।

**শ্রী সুশীল বিশ্বাস :** গতকাল উল্লেখ পর্বে আমাদের মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস বলছিলেন যে কৃষ্ণনগর শহরের মিউনিসিপ্যালিটির অবস্থা খুব খারাপ। সেখানকার মিউনিসিপ্যালিটির রাস্তাঘাট খুব খারাপ। কংগ্রেস পরিচালিত মিউনিসিপ্যালিটি, তারা কোনও নাগরিক স্বাচ্ছন্দের প্রতি নজর দেয়না। সেখানে রাস্তা দিয়ে চলা যায় না, অথচ সেখানে ফুটপাথ মুক্ত করার জন্য পরিকল্পনা নেবে। আপনার কাছে কোন ভাবনা চিন্তা আছে কি, যেমন মাননীয় বুদ্ধদেব বাবু বলেছেন থানাগুলোকে দেখার জন্য নাগরিক কমিটি করবেন, এই রকম ধরনের নাগরিক কমিটি করে এইগুলো দেখার জন্য ব্যবস্থা নেবার কথা ভাবছেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য :** আমাদের ঠিক পৌরসভা ভিত্তিক পরিকল্পনা এইভাবে থাকে না। নদীয়া জেলার কৃষ্ণনগরের ক্ষেত্রে বলতে পারি যে, গত ১৩ই জানুয়ারি সেখানে জেলাশাসক একটা মিটিং ডেকেছিলেন, সেই মিটিং-এ সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন, কৃষ্ণনগর পৌরসভার চেয়ারম্যানও সেখানে উপস্থিত ছিলেন। সেই মিটিং-এ কৃষ্ণনগর পৌরসভার চেয়ারম্যান বলেছিলেন যে পি. ডব্লু. ডি'র জমি, পৌরসভার জমি, সরকারের জমি বা রাস্তায় যে সমস্ত হকার বা বেআইনি দখলদাররা আছেন তাদের হটিয়ে দেবার ক্ষেত্রে কৃষ্ণনগর পৌরসভা সহযোগিতা করবেন। এই রকমের একটা আশ্বাস চেয়ারম্যান দিয়েছিলেন। জেলা প্রশাসন এবং পৌরসভা আলোচনা করে সেইভাবে তারিখ বা দিন তারা নির্ধারণ করবেন।

**শ্রী সুশীল বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় ঠিকই বলেছেন যে জেলাশাসক একটা সভা ডেকেছিলেন এ ব্যাপারে। এমনিতে তো কৃষ্ণনগরে নাগরিক স্বাচ্ছন্দ্যের অভাব রয়েছে। সেখানে কৃষ্ণনগর পৌরসভার চেয়ারম্যান যেটা বলেছিলেন সেটা হচ্ছে যারা বেআইনি দখলদার তাদের উচ্ছেদ করার ব্যাপারে আগে পি. ডব্লু. ডি. যদি তাদের জমি থেকে দখলদারদের উচ্ছেদ করে তাহলে তিনি শহরকে মুক্ত করবেন। এইরকম একটা শর্ত তিনি দিয়েছিলেন। কৃষ্ণনগর পৌরসভার চেয়ারম্যান, তিনি নিশ্চয় গণতান্ত্রিক উপায়ে নির্বাচিত কিন্তু আমরা দেখেছি কংগ্রেস পরিচালিত এই পৌরসভার অঞ্চলে রাস্তায় জল জমে থাকে, হাঁটা যায়না, সেখানে তিনি এই রকম একটা শর্ত আরোপ করলেন। স্যার, আপনি জানেন, নদীয়াজেলা একটা সীমান্তবর্তী জেলা, সেখানে শহরগুলিতে একটা ঘিঞ্জি পরিবেশ সৃষ্টি হচ্ছে। এই অবস্থায় সেখানকার চেয়ারম্যান একটা শর্ত দিচ্ছেন। প্রশ্ন, বিকল্প কোনও চিন্তা এ সম্পর্কে সরকারের তরফ থেকে করা হচ্ছে কি?

**শ্রী অশোক ভট্টাচার্য :** কোনও পৌরসভার ক্ষেত্রে এসব ব্যাপারে সরাসরি সরকারের পক্ষ থেকে কোনও সিদ্ধান্ত নেওয়া হয়না বা নির্দেশ দিয়ে কিছু করা যায়না। আমরা বলি, পৌরসভা, পঞ্চায়েত, জেলা প্রশাসন, পি. ডব্লু. ডি.—সকলে মিলে আলোচনা করে সিদ্ধান্ত নিন। আমরা চাই শহরের পথগুলি মানুষের চলাচলের উপযোগী হয়ে উঠুক। বিশেষ করে রাস্তাঘাটে বেআইনি দখলদার যারা আছেন আমরা চাই তারা সরে যান। তবে সেটা আলাপ আলোচনার মাধ্যমে হওয়াই বাঞ্ছনীয়। এ ক্ষেত্রে পৌরসভার সহযোগিতা বিশেষভাবে প্রয়োজন। তবে মাননীয় সদস্য মহাশয় ঠিকই বলেছেন যে, কৃষ্ণনগর পৌরসভার চেয়ারম্যান বলেছেন যে, আগে পি. ডব্লু. ডি. তাদের জমি থেকে উচ্ছেদ করুক তারপর পৌরসভার ব্যাপারে হবে। তবে স্থানীয় ভিত্তিতে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করাই বাঞ্ছনীয়, এ ব্যাপারে সরকার থেকে আলাদা কোনও নির্দেশ আমরা জারি করি না।

**শ্রী সুশীল বিশ্বাস :** মাননীয় পরিবহনমন্ত্রীর কাছ থেকে আমরা শুনেছি কলকাতার হকারদের মধ্যে ২০ লক্ষ টাকা পুঁজি এরকম হকারও আছেন। জেলার ক্ষেত্রে এরকম ঘটনা দু/একটি থাকলেও থাকতে পারে কিন্তু বেশীরভাগই হচ্ছেন কম পুঁজি লগ্নি করা হকার। এদের উচ্ছেদের পর বিকল্প পুনর্বাসনের জন্য যদি পৌরসভা ব্যবস্থা না নেয়—নেবে না সেটা আমরা ধরেই নিতে পারি কারণ যারা এটা পরিচালনা করছেন তারা গরিব মানুষদের প্রতিনিধিত্ব করেন না—তাহলে সরকারের পক্ষ থেকে হকারদের বিকল্প পুনর্বাসনের জন্য কোনও চিন্তা ভাবনা করা হচ্ছে কিনা এবং করা হলে কতদিনের মধ্যে করবেন?

**শ্রী অশোক ভট্টাচার্য :** সাধারণভাবে যারা রাস্তা বা সরকারি জমি বেআইনিভাবে দখল করে আছেন তাদের বিকল্প পুনর্বাসনের ব্যাপারে সরকারের কোনও নীতিগত সিদ্ধান্ত নেই। তবে মানবিক কারণে কলকাতার ক্ষেত্রে যেমন কলকাতা পৌরসভা কিছু উদ্যোগ নিয়েছেন এবং সেখানে সরকার সহযোগিতা দিয়েছেন, পৌরসভার ক্ষেত্রেও কোনও পৌরসভা যদি হকারদের পুনর্বাসনের জন্য কোনও বিকল্প ব্যবস্থার কথা বলেন বা স্থায়ী বা অস্থায়ী বাজার নির্মাণ করার ব্যাপারে প্রস্তাব দেন তাহলে সরকার সেটা মানবিক দৃষ্টি নিয়ে বিচার করেন। কিন্তু নীতিগতভাবে এরকম কোনও সিদ্ধান্ত নেই যে বেআইনি দখলদার হলেও তার বিকল্প পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে জেলা প্রশাসন এবং পৌরসভাগুলি সমন্বয়ভাবে হকার উচ্ছেদের ব্যাপারে সিদ্ধান্ত নিয়ে ব্যবস্থা নেবেন। কলকাতায় যখন হকার উচ্ছেদ হল তখন আমরা দেখলাম যে সেখানে পৌরমন্ত্রী হিসাবে আপনার ভূমিকা অত্যন্ত নগণ্য, নেই বললেই চলে, পুলিশ মন্ত্রীর কোনও ভূমিকা ছিল না এবং মেয়র-প্রশান্ত চ্যাটার্জিরও কোনও ভূমিকা ছিল না। মেয়র পরিষদের একজন সদস্য এবং পরিবহনমন্ত্রী পার্টির ক্যাডারদের নিয়ে হকার উচ্ছেদ করলেন। সেখানে পুলিশ দিয়েও করলেন না। আমার জিজ্ঞাস্য, কলকাতা শহরে হকার উচ্ছেদের ব্যাপারে আপনার দপ্তরের দায়িত্ব কতটুকু, পুলিশ দপ্তরের দায়িত্ব

কতটুকু এবং মেয়রের দায়িত্ব কতটুকু এবং পরিবহনমন্ত্রীর দায়িত্ব কত'টা ছিল সেটা বলবেন কি? এই সমন্বয়ের অভাব কেন দেখা দিল, কেন পুলিশ দিয়ে হলনা, কেন প্রশাসন দিয়ে হলনা, কেন পার্টি ক্যাডার আনতে হল কলকাতার বাইরে থেকে সেটা জানাবেন কি?

[12-00 – 12-10 p.m.]

**শ্রী অশোক ভট্টাচার্য :** কলকাতায় পৌরসভা এলাকায় হকার উচ্ছেদের ব্যাপারে কলকাতা পৌরসভা, পুলিশ এবং সরকার, আমরা যৌথ ভাবে সিদ্ধান্ত নিই এবং সেটা কার্যকর করা হয়েছে। এতে প্রত্যেকেরই সহযোগিতা ছিল। সেক্ষেত্রে কারো ভূমিকা কম, কারো ভূমিকা বেশি ছিল, এটা ঠিক নয়।

## Starred Questions
## (To which Written Answers were laid on the Table)

### নতুন শিল্প স্থাপনে 'মৌ'

*৪৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৮) **শ্রী তুষারকান্তি মণ্ডল এবং শ্রী সৌগত রায় :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬ সলে রাজ্য শিল্পোন্নয় কর্পোরেশন (ডব্লিউ.বি.আই.ডি.সি.) নতুন শিল্প স্থাপনের জন্য কত সমঝোতাপত্র (এম.ও.ইউ.) স্বাক্ষর করেছে;

(খ) এর মধ্যে বিদেশি সংস্থাগুলির সঙ্গে রাজ্যগুলির সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়েছে;

(গ) এর ফলে মোট কত টাকা বিনিয়োগ হবে বলে আশা করা যায়; এবং

(ঘ) ১৯৯৬ সালে ডব্লিউ.বি.আই.ডি.সি.-র স্বাক্ষরিত কতগুলি সমঝোতাপত্র রূপায়িত হয়েছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১৯৯৬ সালে রাজ্য শিল্পোন্নয়ন নিগম এর উদ্যোগ কলকাতা কর্পোরেশন ও পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ও একটি বিদেশি কোম্পানির মধ্যে সমঝোতাপত্র সই হয়েছে।

(খ) একটি।

(গ) এর ফলে প্রায় ৬১২ কোটি টাকা বিনিয়োগ হবে বলে আশা করা যায়।

(ঘ) রাজ্য শিল্পোন্নয়ন নিগম গত দুই বৎসরে মোট ৩২টি (এম.ও.ইউ) সমঝোতাপত্রে স্বাক্ষর করেছে। এরমধ্যে ফাস্ট ফেরী সার্ভিস অন দি রিভার হুগলি সমঝোতাপত্রটি রূপায়িত হয়েছে। আর একটি সমঝোতাপত্র যা দুর্গাপুরের কাছে একটি পিগ আয়রনের কারখানা (কোম্পানির নাম—কাজারিয়া আয়রন কাস্টিংস লিমিটেড) করছে। তার

প্রায় ৯০ শতাংশ কাজ শেষ হয়েছে। এছাড়া একটি নিউজপ্রিন্টের কারখানা, একটি পি. ভি. সি. বেসিনের কারখানা এবং একটি লেদারের কারখানা স্থাপনের জন্য হলদিয়াতে জমি নির্দিষ্ট করা হয়েছে এবং অন্যান্য কাজ করা হচ্ছে। ডায়মণ্ড হারবার রোডের ওপর আমতলার নিকটে একটি ডিসপোজেবল পেয়ালা ও পেয়ালা তৈরি করার মোডের কারখানা তৈরি করার কথাবার্তা চলছে মার্কেট সার্ভে রিপোর্ট, সম্ভাব্যতার প্রতিবেদন ইত্যাদি প্রস্তুত করার জন্য কোম্পানিগুলি উদ্যোগ নিয়েছে।

**বাঁকুড়া জেলায় 'পাইপ ওয়াটার সাপ্লাই'-এর কাজ**

*৪৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *২০৭৬) **শ্রী মনোরঞ্জন পাত্র ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চলতি আর্থিক বছরে রাজ্যে কতগুলি 'পাইপ ওয়াটার সাপ্লাই'-এর কাজ চলছে; এবং

(খ) বাঁকুড়া জেলার কতগুলি ব্লকে ঐ কাজ চলছে?

**জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৮৩ টির

(খ) ৫টি প্রকল্পের কাজ চলছে।

**আবাসন পর্ষদে 'অ্যাসিস্ট্যান্ট আর্কিটেক্ট'-এর শূন্যপদ**

*৪৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২০২) **শ্রী সৌগত রায় ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে আবাসন পর্ষদে 'অ্যাসিস্ট্যান্ট আর্কিটেক্ট'-এর শূন্যপদ পূরণের কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কি না; এবং

(খ) না হয়ে থাকলে, তার কারণ কি?

**আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, হচ্ছে।

(খ) প্রশ্ন ওঠে না।

**আহমেদপুর সুগার মিল**

*৪৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬১২) **শ্রী তপন হোড় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আহমেদপুর সুগার মিলটি লাভজনক না হওয়ায় রাজ্য সরকার বিকল্প ব্যবস্থার চিন্তা-ভাবনা করছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিকল্প ব্যবস্থাটি কি?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## হিন্দমোটর কারখানার কিছু ইউনিটের স্থানান্তর

*৪৯০। (অনুমোদিত প্রশ্ন নং *২১০) **শ্রী জ্যোতি চৌধুরি এবং শ্রী আব্দুল মান্নান :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হুগলি জেলার হিন্দমোটর কারখানায় কিছু ইউনিট মাদ্রাজ বা অন্য রাজ্যে স্থানান্তরিত করা হচ্ছে/হয়েছে;

(খ) সত্যি হলে,

(১) কি কারণে কোন কোন ইউনিটগুলি স্থানান্তরিত করা হচ্ছে/হয়েছে; এবং

(২) এর ফলে কত জন শ্রমিক কর্মচ্যুত হবেন/হয়েছেন?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## রাজ্যের চারটি শহরে পরিকাঠামো উন্নতির প্রকল্প

*৪৯১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩০) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের চারটি শহরের পরিকাঠামো উন্নতির জন্য পৃথক-পৃথকভাবে মোট ১৬২ কোটি টাকার একটি প্রকল্প-রিপোর্ট ভারত সরকারের কাছে পেশ করা হয়েছে;

(খ) সত্যি হলে, কোন কোন শহর এ প্রকল্পের অন্তর্গত; এবং

(গ) 'বহরমপুর' শহর এ প্রকল্পের অন্তর্গত কি না?

**পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) শহরগুলির নাম : (১) হাওড়া, (২) খড়গপুর, (৩) আসানসোল, (৪) শিলিগুড়ি

(গ) না।

**উত্তরবাংলায় নতুন শিল্প**

*৪৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৪) **শ্রী পঙ্কজ ব্যানার্জি :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

উত্তরবাংলায় গত ১৯৯৫ এবং ১৯৯৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কটি নতুন শিল্প স্থাপিত হয়েছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

৮ (আট) টি।

**হুগলি জেলায় পানীয় জল সরবরাহ**

*৪৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬৯) **শ্রী বংশীবদন মৈত্র :** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলায় কতগুলি পানীয় জল সরবরাহের কেন্দ্র আছে; এবং

(খ) খানাকুলে ২নং পঞ্চায়েত সমিতি এলাকায় পানীয় জল সরবরাহের ব্যাপারে রাজ্য সরকার কোনও পদক্ষেপ গ্রহণ করেছে কি?

**জনস্বাস্থ্য ও কারিগরি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৩৪টি কেন্দ্র চালু আছে, আরও ১৩টির কাজ চলছে।

(খ) খানাকুল ২নং পঞ্চায়েত সমিতির অধীন খানাকুলে নলবাহিত জল সরবরাহ প্রকল্প ১৯৯৪-৯৫ সালে চালু হয়েছে। এ ছাড়াও স্থানিক উৎস মারফৎ জল সরবরাহ করা হয় জেলা পরিষদ দ্বারা।

**নিউ সেন্ট্রাল জুট মিল কর্মচারিদের বকেয়া বেতন**

***৪৯৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৯১০) **শ্রী অশোককুমার দেব ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজের "নিউ সেন্ট্রাল জুট মিল"-এর শ্রমিক-কর্মচারিদের প্রাপ্য বকেয়া বেতন প্রদানের ব্যাপারে সরকারি স্তরে কোনও সিদ্ধান্ত হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, তা কার্যকর করার জন্য কোনও পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কোম্পানির বোর্ড অফ ডাইরেক্টরস সিদ্ধান্ত নেবেন।

(খ) বোর্ড অফ ডাইরেক্টরসের কাছে জানতে চাওয়া হয়েছে।

**আজাদ হিন্দ বাহিনী সৈনিকদের জন্য আবাসন**

***৪৯৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৮৮) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আজাদ হিন্দ বাহিনীতে যোগদানকারী সৈনিকদের আবাসন দেওয়ার কোনও ব্যবস্থা আছে কি না; এবং

(খ) থাকলে, এ পর্যন্ত কত জনের জন্য সে ব্যবস্থা করা হয়েছে?

**আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**Industries by NRIs in the State**

***496.** (Admitted Question No. *1416) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Commerce & Industries Department be pleased to state—

(a) the numer of proposals received by government from the Non-Resident Indians to start industries in West Bengal; and

(b) the details thereof and the number of proposals approved by the Government (Districtwise)?

**M.I.C. of the Commerce & Industries Department :**

(a) West Bengal Government has received 211 Mumber of projects from Non-Resident Indians and Foreign Direct Investment during 1992 to December 1996.

(b) Districtwise break up of these projects are as follows :

NRI/FDI PROJECTS DISTRICTWISE & YEARWISE

| District | Years | | | | | Total |
|---|---|---|---|---|---|---|
| | 1992 | 1993 | 1994 | 1995 | 1996 | |
| HOWRAH | 3 | 0 | 5 | 2 | 1 | 11 |
| HOOGHLY | 2 | 0 | 1 | 4 | 6 | 13 |
| 24-PGS(N) | 5 | 2 | 8 | 9 | 1 | 25 |
| 24-PGS(S) | 5 | 7 | 15 | 13 | 16 | 56 |
| CALCUTTA | 1 | 5 | 9 | 23 | 14 | 52 |
| MIDNAPORE | 2 | 1 | 2 | 19 | 6 | 30 |
| NADIA | 0 | 1 | 0 | 1 | 3 | 5 |
| DARJEELING | 0 | 0 | 0 | 1 | 0 | 1 |
| JALPAIGURI | 0 | 1 | 1 | 0 | 0 | 2 |
| BIRBHUM | 0 | 0 | 1 | 0 | 0 | 1 |
| BURDWAN | 0 | 0 | 4 | 7 | 1 | 12 |
| PURULIA | 0 | 0 | 0 | 1 | 0 | 1 |
| BANKURA | 0 | 1 | 1 | 0 | 0 | 2 |
| **TOTAL** | **18** | **18** | **47** | **80** | **48** | **211** |

The above projects mainly cover the following sectors :

Electronic weighing equipment, lignosulphonate, vanilene, solar cells, disposable syringe, fibre optic connector, conductive polymer sheet, processed poly propylene granules, synthetic ferric oxide, tungsten filament

wire, MPC tyre for bi-cycle, colour computer monitor, frozen canned meat, dry ready snacks, computer software, leather footwear, fruit juice concentrator, non-alcoholic beverages, instant tea, button mushroom, halozen lamps, gear units & accessories, leather goods, pig iron, paper, soft ferric components, processed seismic data, electricity generation, celular mobile telephone services, cast steel horns of different sizes, milk & milk products, integrated coconut processing, flexible cuflings & spares, synthetic yarns etc.

## রাজ্যে পাটজাত শিল্প-কারখানা

***৪৯৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৬৫) **শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে যে সমস্ত এলাকায় প্রচুর পরিমাণে পাট উৎপাদিত হয় সেই সমস্ত এলাকায় কোনও পাটজাত শিল্প কারখানা গড়ে তোলার পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, তা কোথায় কোথায়?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) উল্লেখিত এলাকায় বে-সরকারি উদ্যোগে পাটজাত শিল্প গড়ার পরিকল্পনা কার্যকর হচ্ছে।

(খ) জেলাগুলির নাম নিচে দেওয়া হল :—

১। মুর্শিদাবাদ।
২। নদীয়া।
৩। উত্তর চব্বিশ পরগনা।
৪। দক্ষিণ চব্বিশ পরগনা।
৫। হাওড়া।
৬। হুগলি।
৭। বর্ধমান।
৮। উত্তর দিনাজপুর।
৯। বাঁকুড়া।
১০। মালদা
১১। কোচবিহার।
১২। জলপাইগুড়ি।

### সি.আই.আই. সম্মেলন ও রাজ্যে বিনিয়োগ

*৪৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫৮) **শ্রী শঙ্কর সিংহ** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শিল্পায়নের লক্ষ্যে সি.আই.আই. সম্মেলনে ব্যয়িত অর্থের পরিমাণ কত;

(খ) এর ফলে রাজ্যে বিনিয়োগের জন্য কোনও প্রতিশ্রুতি পাওয়া গিয়েছে কি না;

(গ) পাওয়া গেলে, কল্যাণী শিল্পাঞ্চলে কোনও প্রকল্প আছে কি না; এবং

(ঘ) থাকলে, প্রকল্পটি কি?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** :

(ক) উল্লেখিত সম্মেলনের ব্যয় সংক্রান্ত তথ্য রাজ্য সরকারের কাছে থাকে না।

(খ), (গ) ও (ঘ) এই ধরনের সম্মেলন রাজ্যে অর্থনৈতিক অগ্রগতিকে সাহায্য করে। নির্দিষ্ট প্রকল্প-প্রস্তাব ধীরে ধীরে আসে।

### উলুবেড়িয়ায় শিল্প-বিকাশকেন্দ্র

*৪৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮৮) **শ্রী রবীন্দ্র ঘোষ** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উলুবেড়িয়া শিল্প-বিকাশকেন্দ্রে বর্তমানে কতগুলো শিল্প চালু আছে; এবং

(খ) উক্ত কেন্দ্রে স্থায়ী ও অস্থায়ী শ্রমিকের সংখ্যা কত?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** :

(ক) উলুবেড়িয়া শিল্প বিকাশ কেন্দ্রে বর্তমান ২৬টি শিল্প চালু আছে।

(খ) উক্ত চালু শিল্প সংস্থাগুলিতে বর্তমানে স্থায়ী ও অস্থায়ী কর্মী সংখ্যা প্রায় ৬৮১।

### উলুবেড়িয়ায় বন্ধ জুট মিল

*৫০০। (অনুমোদিত প্রশ্ন নং *২০১৩) **শ্রী রামজনম মাঝি** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

উলুবেড়িয়া বাউড়িয়া কটন মিল, কানোরিয়া জুট মিল ও প্রেমচাঁদ জুট মিল খোলার ব্যাপারে রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

বাউড়িয়া কটন মিল রুগ্ন শিল্প হওয়ায় ইহা এখন বি. আই. এফ. আর. এর অধীন। তবুও রাজ্য সরকার শ্রম দপ্তরের মাধ্যমে উক্ত মিলটি পুনরায় চালু করার প্রচেষ্টা চালাইয়া যাইতেছেন।

কানোরিয়া জুট মিলটি রাজ্য সরকারের প্রচেষ্টায় ত্রিপাক্ষিক আলোচনার মাধ্যমে ১৩.৩.৯৭ থেকে পুনরায় চালু হইয়াছে।

প্রেমচাঁদ জুট মিলটি রাজ্য সরকারের প্রচেষ্টায় ২৬.৩.৯৭ থেকে পুনরায় উৎপাদন শুরু করিয়াছে।

### মুর্শিদাবাদ জেলায় শিল্পায়ন

*৫০১। (অনুমোদিত প্রশ্ন নং *২১৭৮) **শ্রী অধীররঞ্জন চৌধুরি :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলায় শিল্পায়নের জন্য রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

মুর্শিদাবাদ জেলায় শিল্প স্থাপনের জন্য রাজ্য সরকার সর্বাধিক সুযোগ সুবিধা ঘোষণা করেছে। রাজ্য সরকার এই জেলায় বড় মাঝারি শিল্পের সম্ভাবনা সম্পর্কে একটি বিশেষজ্ঞ মতামত সংগ্রহ করছে। কেন্দ্রীয় সরকারও মুর্শিদাবাদ জেলার জন্য কর ছাড় ঘোষণা করেছে। ফারাক্কা সহ গোটা জেলায় শিল্পায়নের বিষয়ে রাজ্য সরকার আন্তরিক প্রচেষ্টা চালাচ্ছেন। বর্তমানে ঐ জেলায় রেজিস্ট্রিকৃত ২২টি শিল্পসংস্থা আছে।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received two notices of Adjournment Motion.

The first one is from Shri Shyamadas Banerjee on the subject of large number of transformers not functioning in different parts of the State and the second one is from Shri Pankaj Banerjee on the subject of alleged death of one Bapai Biswas in Police custody.

The subject matters of the Motions are not such that may call for adjournment of the business of the House. Memers may draw attention of the Government through Calling Attention, Mention etc.

I, therefore, withhold my consent to both the Motions.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটা নির্দ্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছে।

বিষয়টি হল :

পশ্চিমবাংলায় মোট ১৮৯টি ট্রান্সফরমার বিকল হয়ে পড়েছে। তার মধ্যে বর্ধমান সার্কেলেই ৮০টি ট্রান্সফরমার, হুগলি সার্কেলে ৪২টি, হাওড়ায় ৮টি, দুই ২৪-পরগনায় সার্কেলে ৩৯টি এবং ১৯টি এবং বিধান নগর সার্কেলে ১টি ট্রান্সফরমার আছে। যতদূর জানা গেছে যে রক্ষণাবেক্ষণের অভাবের জন্য ট্রান্সফরমারগুলি অধিকাংশ পুড়ে গেছে। এই বিষয়ে বিশেষ ভাবে তদন্ত হওয়া উচিত বলে মনে করছি।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received five notices of Calling Attention on the following subjects, namely :

| Subject | Name |
|---|---|
| i) Improvement of the Chengail Railway Station-Amta Road to make it suitable for running buses. | : Shri Ramjanam Manjhi. |
| ii) Closure of ration shops in the State | : Shri Ashok Kumar Deb |
| iii) Arrest of dacoits in Baruipur Police Station, South 24-Parganas during the last six months and action taken thereafter. | : Shri Sobhan Deb Chattopadhyay |
| iv) Latest position of Subarnarekha Barrage Project. | : Shri Sailaja Kumar Das |
| v) Spurt in criminal activities under Bhadreswar P.S. Hooghly. | : Shri Kamal Mukherjee |

I have selected the notice of Shri Sailaja Kumar Das on the subject of latest Position of Subarnarekha Barrage Project.

রামজনম মাঝী কোথায়? মেম্বাররা কলিং অ্যাটেনশন দেবেন অথাৎ প্রেজেন্ট থাকবেন না। আমি সিলেক্ট করব কিন্তু তারা থাকবেন না। প্রবোধবাবু, আপনি সংশ্লিষ্ট সদস্যকে পাঠিয়ে দেবেন।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now the Minister-in-charge of Public Health Engineering Department to make a statement on the subject of progress of the project for supplying of pure drinking water in the Arsenic affected areas of Baruipur, South 24-Parganas.

**(Atention called by Shri Sobhan Deb Chattopadhyay on the 8th April, 1997.)**

**Shri Goutam Deb :** Consequent upon contamination of ground water with Arsenic in vast areas of South 24 Parganas alongwith other districts, some interim measures were taken up to combat the situation. Details appended below :

| Sl No. | Name of Scheme | Population benefitted |
|---|---|---|
| 1. | First Phase Action Plan | |
| | a) New Piped W/S Scheme (1 No.) | 10,000 |
| | b) Spot Sources replacement (27 Nos.) | 5,000 |
| 2. | Trial boring cum Production tubewell (12 Nos.) | 3,000 |
| 3. | Replacement of Spot Sources (15 Nos.) | 4,000 |
| 4. | Creation of new Spot Sources under normal work programme of MNP & ARWSP (216 Nos.) | 54,000 |
| 5. | Commissioned Piped W/S Scheme under MNP & ARWSP (6 Nos.) | 1,20,000 |
| | **Total** | **1,96,000** |

A project with surface water as source for arsenic affected areas of South 24 Parganas was drawn up as a long term solution and the

same was submitted before GOI in January 1996. through constant pursuation the project with an estimated cost of Rs. 232.84 Crores got its technical clearance on 14-3-97 to give benefit to the designed population of 29.45 lakh in 677 mouzas, 2 municipalities, 16 non-municipal urban areas and 2 non-municipal out growths. The project covering 8 Blocks viz. Budge Budge-II, Bishnupur-I, Bishnupur-II, Baruipur, Sonarpur, Bhangar-I, Magrahat-II, Jaynagar-I, Covering 1061.72 Sq.Km. area will have to be executed in two stages. The 1st stage will cover 817.60 Sq. Km. covering 9 NM and 2 out growths and Budge Budge-II, Bishnupur-I, Bishnupur-II, Baruipur, Sonarpur, Bhangar-I Blocks under Non-CMA portion, while the Stage-II will cover 199.56 Sq.Km. covering Mograhat-II, Jaynagar-I Blocks under Non-CMA portion and 14.51 Sq. Km. covering 7 NM-OG in Baruipur and Sonarpur Blocks and 30.05 Sq.Km. In Baruipur and Rajpur Municipality under CMA portion. The administrative approval to the scheme is forthcoming.

The preliminary action towards identifying the land for intake point, conveying raw water main, Treatment Plant and 15 headworks site are going on. The sites for conveying the raw water main, treatment plant, Administrative Building, staffs qtrs, have been selected. The particulars alongwith the valuation of the land has been indicated by the ADM(L.R.) South 24 Parganas. The matter of land aquisition for the scheme have been taken up with district authority and Zilla Parishad for early disposal. The detailed surveying of the land so selected have been completed. The proposal for drawal of water alongwith the permission for construction of intake works are ready for submission. The Collection of the Mouza maps and other relevant information are being collected for formulating the DPR (detailed project report). The proposal for Engineers and staffs for executing the job have been sent to the Govt. The work proper will be taken up on receipt of the administrative approval and sanction for the supervisory personnel. In the later part of March '97 Govt. of India released a sum of Rs. 25.00 Crore out of the grant to be given for the scheme.

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় স্পিকার মহাশয়, আমি মন্ত্রীকে জানাতে চাই—উনি নিশ্চয়ই ওয়াকিবহাল, কারণ বহুবার এই নিয়ে ওঁর সঙ্গে আমার আলোচনা হয়েছে—দক্ষিণ ২৪-পরগনা, বিশেষ করে বারুইপুরে ৬-৭ জন মারা গেছে আর্সেনিং এফেক্টেড হয়ে এবং সেখানে বহু লোক আর্সেনিকে আক্রান্ত হয়ে ভুগছে। আপনি যে পারকল্পনার কথা বললেন ২৩২ কোটি ৮৪ লক্ষ টাকার প্রকল্পের কথা যেটা কেন্দ্রের সাহায্যে হবে, কথাটা দুই বছর

ধরে চলছে। অসীমবাবুও এটা বলেছেন। কিন্তু কাজটা শুরু করতে এবং প্রথম ও দ্বিতীয় ফেজ চালু করতে কতদিন লাগতে পারে বলে মনে হয়? কারণ ওখানে এছাড়া অলটারনেটিভ কোনও ব্যবস্থা নেই। সেখানে যেসব টিউবওয়েল রয়েছে সেগুলো নষ্ট হবার পর আর সারানো হচ্ছে না। তারই জন্য প্রশ্ন, এক্ষেত্রে কতদিন সময় লাগবে।

**শ্রী গৌতম দেব** : আপনি তো বুঝবেন ২৩২ কোটি টাকার জলের প্রকল্প এটা এবং ওখানকার অতগুলো ব্লকের ৩০ লক্ষ মানুষ সেই জল পাবেন। এটা তিন-চার বছরের মধ্যে শেষ হতে পারে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : ফার্স্ট ফেজ সবচেয়ে এফেক্টেড এরিয়া রামনগরে করছেন। ঐ কাজটা কমপ্লিট করতে কতদিন সময় লাগতে পারে?

[12-10 – 12-20 p.m.]

**শ্রী গৌতম দেব** : এটা ফার্স্ট বা সেকেণ্ড ফেজের ব্যাপার নয়, টোটাল প্ল্যান্টটাই আমাদের করতে হবে পলতা থেকে কলকাতায় যে জল আসে প্রায় সেইভাবে একটা প্ল্যান্ট হচ্ছে বজবজে। সুতরাং তারজন্য সময় লাগবে। নদীর মধ্যে থেকে সেখানে জল তুলতে হবে। যাতে ১০০ বছর চলে। এই দুটিই পার্টিকুলারলী টাইম কনজিউমিং এবং এর জন্যই ভারত সরকারের বিভিন্ন সংস্থার সঙ্গে আলোচনা করতে হচ্ছে। কারণ মালদার এক্সপিরিয়েন্স আছে। তারপর পাইপ কিনে পাইপ লে করা এবং রিজারভার করে জল সাপ্লাই করা এটা টাইম কনজিউমিং নয়। প্রথমেই যেটা বলেছি ফার্স্ট ফেজ এবং সেকেণ্ড ফেজ এটাই হচ্ছে মূল জায়গা, ইনটেক এবং ট্রিটমেন্ট প্লান্ট এই দুটিকে আগে করে ফেলতে হবে। পরবর্তী পর্যায়ে পাইপ লাইন এবং রিজারভার ইত্যাদি করে ৩-৪ বছরের মধ্যে ট্রিটেড ওয়াটার পাওয়া যাবে। ইতিমধ্যে আমরা কিছু ইনটারিম মেজার নিচ্ছি, সেই দিকে আরো কিছু দেবার ব্যবস্থা করব।

## Laying of Reports

### Annual Accounts along with Audit Report and Audit Certificate thereon of the Hooghly River Bridge Commissioners for the year 1993-94

**Shri Prabodh Chandra Sinha** : Sir with your permission, I beg to lay the Annual Accounts along with Audit Report and Audit Certificate thereon of the Hooghly River Bridge Commissioners for the year 1993-94.

### Annual Report along with Statement of Accounts and the Audit Report thereon of the West Bengal Power Development Corporation Limited for the year 1995-96

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your kind permission, I beg to lay the Annual Report along with statement of Accounts and the Audit Report thereon of the West Bengal Power Development Corporation Limited for the year 1995-96

## MOTION OF REORGANISATION OF SUBJECT COMMITTEE

**Mr. Speaker :** Now, I have two motions one is in connection with reorganisation of Subject Committees. With your king permission I would like to move the motions.

Whereas the Ad hoc Committee on the questions of Subject Committees was constituted to review the functioning of the Subject Committees;

And whereas the said Committee has since presented its final Report;

And whereas the said Committee has recommended formation of 13 Subject Committees covering all the Government Departments;

And whereas it is not possible for the present to implement the said recommendation of the Ad-hoc Committee in toto due to infrastructural inconveniences;

And whereas it has become necessary to reorganise the existing Subject Committees by way of bringing some more Departments under the umbrella of the existing Subject Committees;

The House, therefore, resolves that with effect from 11th April, 1997—

1. (a) The Subject Commitee on Panchayat be renamed as Subject Committee on Panchayat, Rural Development, Land Reforms, and Co-operation;

(b) The Subject Committee on Education, Information and Cultural Affairs be renamed as Subject Committee on Education, Information and Cultural Affairs, and Sports & Youth Services;

(c) The Subject Committee on Health and Family Welfare be renamed as Subject Committee on Health and Family Welfare, and Public Health Engineering;

(d) The Subject Committee on Irrigation and Waterways be renamed as Subject Committee on Irrigation and Waterways, and Water Investigation and Development;

(e) The Subject Committee on Welfare be renamed as Subject Committee on Relief, Refugee Relief and Rehabilitation, Tourism and Welfare;

(f) The Subject Committee on Transport be renamed as Subject Committee on Transport and Public Works;

(g) The Subject Committee on Environment be renamed as Subject Committee on Environment, Power, Science and Technology, and Non-Conventional Energy;

(h) The Subject Committee on Power and Commerce & Industries be renamed as subject Committee on Labour, Commerce & Industries, Industrial Reconstruction, Cottage and Small Scale Industries;

(i) The Subject Committee on Agriculture and Food & Supplies be renamed as Subject Committee on Agriculture, Agriculture (Marketing), Food and Supplies, Food Processing, Horticulture, Fisheries, Forest, and Animal Resources Development.

2. A new Subject Committee, titled Subject Committee on Urban Development, Municipal Affairs and Housing be constituted.

3. The existing Committee on Welfare of Scheduled Castes and Scheduled Tribes be renamed as Subject Committee on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and OBCs.

4. The composition of all the Committees excepting the Subject Committee on Public Works may remain the same.

5. The Members of the erstwhile Subject Committee on Public Works, shall be the Members of the new Subject Committee on Urban Development, Municipal Affairs and Housing, and Shri Baren Basu shall be the Chairman of the Committee.

6. The Ministers of the related Departments shall be the ex-Officio Members of the respective Subject Committees.

7. The term of all the aforesaid Subject Committees shall expire on the 24th July, 1997.

Relevant rules may be amended in due course.

The motions was then put and agreed to.

## Extension of Time for Submitting Reports of the Subject Committees.

**Mr. Speaker :** There is another motion, the Motion for Extension of Time limit for Submitting Report on Budget Scrutiny by the Subject Committees. I am moving it. Whereas the rule provides that Subject Committees shall submit their reports on Budget Scrutiny to the House within 8 (eight) weeks from the date of conclusion of the General Discussion on Budget; And whereas the aforesaid date shall be the 17th May, 1997 for this year; And whereas the Subject Committee shall not be able to hold their First Meetings for the purpose before the 21st April, 1997; And whereas there shall be no sitting of the House before the first week of June, 1997; The House, therefore, resolves that—Under the circumstances the time limit of 8 (eight) weeks for submitting reports on Budget Scrutiny by the Subject Committee, West Bengal Legislative Assembly, be extended to 12 (twelve) weeks, as a special case, for this year only.

The motion was then put and agreed to.

## MENTION CASES

**শ্রী মৈনুল হক ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েকদিন ধরে মুর্শিদাবাদ, মালদহ সব বিশাল এলাকায় শিলা বৃষ্টি হওয়ার জন্য ওইসব এলাকার আম লিচু সহ বিভিন্ন ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। ওই এলাকার মানুষদের দীর্ঘদিন পরে একটু আশা হয়েছিল যে আম ও লিচুর রেকর্ড পরিমাণ উৎপাদনে তাদের লাভ হবে। কিন্তু দুঃখের সঙ্গে হাউসে জানাচ্ছি যে, ওই এলাকায় যে সমস্ত মানুষ আম, লিচু সহ চাষের সঙ্গে যুক্ত ছিলেন তাদের আজকে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে, শুধু তাই নয় তারা আজকে মাথায় হাত দিয়ে বসেছে। একটার পর একটা বাগানের আম, লিচু ব্যাপক ক্ষয় ক্ষতি হয়েছে, সুতরাং এই ক্ষয় ক্ষতি পূরণের জন্য রাজ্য সরকার যাতে চিন্তা ভাবনা করেন এবং মানুষদের এই ক্ষয়ক্ষতির যাতে পূরণ দেওয়া হয় সেই দাবি আমি আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে রাখছি।

**শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুরে সেচের স্বার্থে এবং কৃষির উন্নতির জন্যে বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সহায়তায় আর.এল.আই. প্রকল্পের কাজ শুরু হয়েছিল। সেই কাজ কয়েক বৎসর যাবৎ হাফ ডান অবস্থায় পড়ে রয়েছে। আমি সেই কারণে আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে করে ওই সমস্ত হাফ ডান কাজগুলো সম্পন্ন করা হয়।

[12-20 – 12-30 p.m.]

স্যার, আমার জানা আছে, এই ধরনের ২৭টি স্কীম হাফ ডান অবস্থায় পড়ে আছে। আমার বিধানসভা কেন্দ্রের গড়বেতা ২ নম্বর ব্লকে ৪টি স্কীমের কাজ হাফ ডান অবস্থায় পড়ে আছে। যাতে মেদিনীপুর জেলায় এই ধরনের অর্দ্ধেক কাজগুলি সেচ দপ্তরের মাধ্যমে অবিলম্বে কার্যকর হয় তার জন্য আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী সবুজ দত্ত** : (নট প্রেজেন্ট।)

**শ্রী সুশীল বিশ্বাস** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এই কংগ্রেস দল প্রায়ই আইন শৃঙ্খলার কথা বলে এই বিধানসভায়। স্যার, যেটা বলার কথা, গত বিধানসভা নির্বাচনে আমার কেন্দ্রের কংগ্রেস প্রার্থী পরাজিত হওয়ার পর থেকে দেখা যাচ্ছে, নদীয়া জেলার কোতোয়ালী থানার নাইকুড়া গ্রামের ১৬ জন কর্মী ঘর ছাড়া হয়ে রয়েছেন কংগ্রেসের আশ্রিত সমাজবিরোধীদের ভয়ে। এই সমাজবিরোধীদের নামে, ১৬/১৭টি কেস রয়েছে, মার্ডার কেস, ডাকাতির কেস রয়েছে। যারা ঘরছাড়া হয়ে রয়েছেন তারা হচ্ছেন পঞ্চায়েত সমিতির কুমারেশ মজুমদার, শাখা সম্পাদক অমৃত বিশ্বাস, গ্রাম পঞ্চায়েতের উপ-প্রধান নিতাই মল্লিক উল্লেখযোগ্য। এই লোকগুলির ঘর ভেঙে দিয়েছে, এলাকায় এখনও আসতে পারেনি। আমি এই বিষয় নিয়ে বিধানসভায় বারবার বলেছি, এরা যা কাজ করছে, এতে এই কংগ্রেস দল থাকবে আর আইনশৃঙ্খলাও থাকবে, এটা হতে পারে না। কংগ্রেস দল থেকে ওখানে এই কাজটা করার চেষ্টা করছে। তাই দোষী ব্যক্তিদের, এই সমস্ত কংগ্রেসের সমাজ বিরোধীদের গ্রেপ্তার করার আবেদন জানাচ্ছি, এদের নাম হচ্ছে, বিদ্যুৎ বিশ্বাস, বিদ্যুৎ সাহা, বাসু ডাকাত, প্রফুল্ল ডাকাত।

**শ্রী অসিতকুমার মাল** : মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আর্কষণ করছি। হাসন বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ভাঙলাতে একটা ব্রিজ করার কথা এই ব্যাপারে আমি দীর্ঘ ১০ বছর ধরে এই বিধানসভায় চিৎকার করছি। আমি এই হাউসে এই ব্যাপার নিয়ে বারবার বলেছি যে এই সভা জগতে ভারতবর্ষের স্বাধীনতার ৫০ বছর পরেও আজও বহু মানুষকে বর্ষাকালে জলবন্দি অবস্থায় থাকতে হয়। ২০টি গ্রামের ২০ হাজার মানুষ বর্ষাকালে তারা শহরে আসতে পারে না, কমিউনিকেশনের অভাবে জলবন্দি অবস্থায় গাছে থাকে। আমি আপনাকে বলছি এই ২০ হাজার মানুষের বর্ষাকালে বিশেষ করে

সাপে কাটলে, ডাইরিয়া হলে কিংবা কোন মায়ের প্রসব বেদনা উঠলে হাসপাতালে তারা যেতে পারে না। তাই ওখানে একটি ব্রীজ করার জন্য পূর্তমন্ত্রীর নিকট আবেদন জানাচ্ছি।

**Ms. Gillian Rosemary D'corta Hart :** Hon'ble Speaker Sir, I rise this afternoon to speak on a subject of grave importance to our Christian and Anglo Indian Community. The day before yesterday there was an article in The Telegraph which was a real eye opener regarding description of graves in the Lower Circular Road cemetery. What is a grave-yard or a cemetery? It is a place where those who have passed way are buried. Every community has its own way of honouring their deads and they must be given due respect. If there is no peace on earth for the living, is there going to be no peace for the deads? why is this resting place of our Christian people are being descreted in this way? Imagine, if the Taj Mahal was descreted then what would have happened? These places are of equal sentiment. Our loved ones are there. As because we are minority community it does not mean that this matter should not be taken seriously. Why should we be given step-motherly treatment? Because we are all a minority community? What is the police doing? Just imagine, dogs that were guarding the place have been brutally slaughtered, bodies hung upon the graves. A grave-yard is a last resting place. It is not a Chiriakhana. There is no law and order whatsoever. Marble is being stolen from the graves and the criminals are opening the graves and hiding the smuggled goods there. Gambling, consumption of alcohol, drug pushing etc. all these things are being freely carried out. Would this be tolerated anywhere else? As I have said, not even in the Chiriakhana could this be done—imagine attacking the Royal Bengal Tiger. Eminent people like Michel Madhusudan Dutt was buried there. Our sentiments are there. Our loved ones, our parents are buried there. But why this is happening? I am reiterating—just because we are Christian, We are Anglo-Indians and Minorities, our sentiments should not be trampled upon. Police must take cognizance and adequate steps must be taken to stop this vandalism and punish the culprits without delay.

**মিঃ স্পিকার ঃ** প্রবোধ বাবু উনি যে বললেন খুবই সিরিয়াস ব্যাপার। মাইনরিটি অ্যাফেয়ারস ডিপার্টমেন্টের তো একজন মন্ত্রী আছেন, হোম মিনিস্টারও তো আছেন তাঁদেরকে বলুন। তাঁদের কাছে এটা পাঠিয়ে দিন।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** আমি এটা পাঠিয়ে দিয়ে দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি।

**শ্রী অসিত মিত্র ঃ** (অনুপস্থিত)

**শ্রী ননীগোপাল চৌধুরি ঃ** (অনুপস্থিত)

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় স্পিকার মহোদয়, আপনার মাধ্যম দিয়ে আমি রাজ্যের পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ফলতা বিধানসভার জগন্নাথপুর থেকে তারাতলা পর্যন্ত ১০।৫।৯৭ তারিখে একটি বেসরকারি এক্সপ্রেস বাস চালু হয়। ফলতার মানুষের দাবি সেই বাসটি যাতে ধর্মতলা, বাবুঘাট পর্যন্ত যায়। কারণ সেখানকার মানুষের তারাতলা থেকে ধর্মতলা, বাবুঘাট আসার খুব অসুবিধা হয়। সময় নষ্ট হয়। অফিস যাত্রীরা প্রচণ্ড অসুবিধার সম্মুখীন হয়। সেজন্য আমাদের পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কাছে স্যার, উচ্চ আদালতের অর্ডার আছে ধর্মতলা পর্যন্ত যাওয়ার জন্য। এগুলো সংশ্লিষ্ট জায়গায় দেওয়াও হয়েছে।

**(মাইক অফ)**

**শ্রী মনোরঞ্জন পাত্র ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে বাঁকুড়া জেলাতে গত খরিফ মরশুমে বৃষ্টি না হওয়ার এবং কংসাবতী থেকে জল না ছাড়ার জন্য অনেকগুলো ব্লকে পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। ১৯৯৬-৯৭ সালে তিনটি জায়গাতে সিমলাপাল, তালডাঙ্গা, বড়জোরা কারিগরি দপ্তরের পাইপড্ ওয়াটার স্কীম চালু হওয়ার কথা ছিল। সেই কাজ আজ পর্যন্ত শুরু হয়নি। সেজন্য আপনার মাধ্যমে আমি দৃষ্টি আকর্ষণ করে জানাতে চাই, কাজটি যেন অবিলম্বে শুরু হয়।

**শ্রী অধীররঞ্জন চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র নবগ্রামের রাজখণ্ড গ্রামে জঙ্গলের রাজত্ব কায়েম করেছে। এস. ডি. পি. ও—মুর্শিদাবাদ পুলিশ বাহিনী নিয়ে যখন তখন আক্রমণ করছে সাধারণ বাসিন্দাদের উপর। সবচেয়ে আশ্চর্যের ব্যাপার, খুনের ঘটনায় কয়েকজনকে ধরা হলেও, তাদের বাড়িতে আগুন ধরিয়ে দেওয়া হয়েছে। রাজখণ্ডে শ্মশানের নিস্তব্ধতা বিরাজ করছে। মাননীয় পুলিশ মন্ত্রীকেও অনুরোধ করব এই ব্যাপারে তিনি যেন যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন। নির্বাচনের পর থেকেই নবগ্রামে রাজনৈতিক খুনের ঘটনা ঘটেই চলেছে। ১২টা রাজনৈতিক খুন হয়েছে, তার মধ্যে ১১টা কংগ্রেসের আর একটা সি. পি. এম.-এর।

[12-30 – 12-40 p.m.]

যার মধ্যে ১১ জন কংগ্রেস কর্মী, এবং ১ জন সি.পি.এমের কর্মী। দলমত নির্বিশেষে সকল ধরনের রাজনৈতিক কর্মী খুন যাতে নবগ্রামে বন্ধ হয় তারজন্য পুলিশকে দ্রুত ও যথাপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য আর্জি জানাচ্ছি।

**শ্রী প্রত্যুষ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া জেলার ক্ষুদ্র সেচের বিষয়ে আমি জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিগত ২-৩ বছর ধরে হাওড়া জেলার প্রায় ১৪টির মতো গভীর নলকূপ যা সেচের জন্য তৈরি করা হয়েছিল সেগুলো এখন খারাপ হয়ে গেছে। এর মধ্যে ৫টি গভীর জল উত্তোলন প্রকল্প যা বিশ্ব ব্যাঙ্কের সহায়তায় তৈরি হয়েছিল, সেগুলো কিছু দিন কার্যকর হওয়ার পর খারাপ হয়ে গেছে। এর ফলে গোটা হাওড়া জেলার ৭০০ একর জমি অসেচ অবস্থায় পড়ে আছে। অথচ সরকারি বিভাগ থেকে প্রচুর টাকা খরচা করা হয়েছে। এ ব্যাপারে দ্রুত রিপেয়ারের ব্যবস্থা করে দ্রুত সেচের বন্দোবস্ত যাতে কার্যকর হয় তার জন্য সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জটু লাহিড়ি ঃ** (অনুপস্থিত।)

**শ্রী নন্দদুলাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র ইন্দাসে কোনও কলেজ নেই। সেজন্য আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে অনুরোধ করছি ইন্দাস বিধানসভা কেন্দ্রের রসুলপুরে যেন কলেজ স্থাপন করা হয়। তাতে সাধারণ ঘরের ছেলেমেয়েরা কলেজে পড়াশোনা করার সুযোগ পাবে।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধাসভা এলাকায় যেখানে ৮০ পারসেন্ট তফসিলি জাতি ও উপজাতির লোক বাস করেন, সেখানে একটা ২০ বছর ধরে এবং আরেকটা ২২ বছর ধরে দুটো প্রাথমিক স্কুল আছে। একটা স্কুল রয়েছে গোবিন্দপুর মাঠপাড়ায়, আরেকটা স্কুল রয়েছে ফুলিয়ার গুইচিতে। কিন্তু এই প্রাথমিক স্কুল দুটো এখনও পর্যন্ত সরকারি অনুমোদন পাচ্ছে না। এই স্কুল দুটোতে ডি.আই. অফিস থেকে, প্রাইমারি কাউন্সিল থেকে বারে বারে এনকোয়ারি হয়েছে। কিন্তু তা সত্ত্বেও সরকারি অনুমোদন পাচ্ছে না। স্থানীয় মানুষের সহায়তায়, আর্থিক সাহায্যে এই স্কুল দুটি চলছে। স্বাধীনতার ৫০ বছর পূর্ণ হল। আপনাদের বাজেট ভাষণে শুনছি নতুন করে স্কুল হবে, বছরে ১ হাজারটা করে প্রাথমিক স্কুল হবে। কিন্তু এই আদিবাসী, হরিজন অধ্যুষিত এলাকায় এখনও পর্যন্ত এই ২টি প্রাথমিক স্কুল সরকারি অনুমোদন পেল না। আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন রাখছি অবিলম্বে এই ২টি প্রাথমিক স্কুলকে সরকারি অনুমোদন দেওয়া হোক।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাধ্যমিক পরীক্ষা শেষ হয়েছে এখন ভর্তির সমস্যা দেখা দেবে। বোলপুর-শান্তিনিকেতনে শিক্ষার পরিবেশ আছে। ঐ অঞ্চলে অবিলম্বে হাইস্কুল ও গার্লস স্কুল না করলে মাধ্যমিকের পরে ভর্তি হওয়া নিয়ে ভয়ঙ্কর সমস্যা দেখা দেবে। এখানে শান্তিনিকেতন ও বিশ্বভারতী থাকার সুবাদে বিভিন্ন এলাকা থেকে এখানে অনেকে লেখাপড়া করতে আসেন। এখানে ভর্তির সমস্যা হচ্ছে। সেজন্য আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন করছি

অবিলম্বে এখানে হাইস্কুল ও গার্লস স্কুল করা হোক। এর ফলে ভর্তির সমস্যার কিছুটা সমাধান হবে।

**শ্রীমতী মায়ারাণী পাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বহরমপুর জেলার রাধারঘাট গ্রাম এবং অন্যান্য গ্রামা—কোদাইচাঁদপুর গ্রাম, কাঁথি বিধানসভার ভাকুরি, হরিদাসমাটি, গুরুদাসপুর, দৌলতাবাদ, গোয়ালজান, নিয়াল্লিসপাড়া, হাতিনগর, এসব কোনও গ্রামে বিদ্যুৎ নেই। জেলা পরিষদ থেকে চার ভাগের একভাগ টাকা যা দিতে বলেছে, তা গ্রামের মানুষ দিতে পারবে না। এই বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রী নজর রাখবেন, এই অনুরোধ করছি।

**শ্রী রামচন্দ্র মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ইরিগেশন এবং ড্রেইনেজ মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুরের খেজুরি থানায় জলনিকাশি ব্যবস্থা ভাল না থাকার ফলে চাষের ব্যবস্থা করতে অসুবিধা হচ্ছে। বিভিন্ন জায়গা যেগুলো লে লাইন এরিয়া, সেসব বুজে গেছে বা লোকে ঘরবাড়ি করেছে, ফলে জল নিষ্কাশন ঠিক মত হচ্ছে না। এর ফলে ফলনও ঠিকমতো হচ্ছে না। অবিলম্বে ঐ অঞ্চলে জল নিকাশি ব্যবস্থার উন্নতি বিধানের জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি।

## ZERO HOUR

**Mr. Speaker :** I have received 25 zero hours. I will close at 1.30 p.m.

**ডাঃ মাখনলাল বাঙাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কারিগরি শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সবং এবং তার আশেপাশের এলাকায় কোনও কারিগরি শিক্ষা বা প্রশিক্ষণ কেন্দ্র নেই। ঐ এলাকায় বেকার যুবক-যুবতীদের স্বনিযুক্তি কর্ম প্রকল্পের মাধ্যমে কর্ম সংস্থান এবং উৎপাদনমুখী কাজের ব্যবস্থা করা দরকার। তাই অবিলম্বে সবংয়ে একটি জুনিয়ার টেকনিক্যাল স্কুল খোলার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** স্যার, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকার আগামী জুলাই মাস থেকে পশ্চিমবাংলার সর্বত্র জলকর বসাবার সিদ্ধান্ত নিয়েছেন। শুধু বাণিজ্য সংস্থা বা শিল্প সংস্থাই নয়, সাধারণ মানুষের উপরও জলকর বসাবার কথা সরকার ঘোষণা করেছে। এর ফলে মধ্যবিত্ত পরিবারগুলোকে মাসে ৩০ থেকে ৫০ টাকা বাড়তি জলকরের বোঝা বহন করতে হবে। যখন সাধারণ মানুষ কর বৃদ্ধি, দর বৃদ্ধির চাপে বিপর্যস্ত, তখন নতুন করে এই জলকরের বোঝা তাদের অধিক দুর্গতির মধ্যে ঠেলে দেব। নয়া আর্থিক নীতির বিরোধিতা করলেও, ওয়ার্ল্ড ব্যাঙ্ক বা দেশি-বিদেশি ঋণদায়ী সংস্থাগুলির চাপে জনগণের উপর এইভাবে জলকর চাপিয়ে দিচ্ছে এই সরকার।

অথচ ভূতপূর্ব অর্থমন্ত্রী এই হাউসে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, রাজ্য সরকার কোনও অবস্থাতেই এই সমস্ত দেশি-বিদেশি ঋণদায়ী সংস্থার চাপে জনসাধারণের উপর জলকর চাপাবেন না। আমি আজকে সরকারের এই প্রতিশ্রুতি ভঙ্গ এবং জনগণের আর্থিক দুর্গতির কথা বিবেচনা করে যাতে রাজ্য সরকার জনসাধারণের উপর থেকে জলকর বসাবার সিদ্ধান্ত প্রত্যাহার করেন তার দাবি জানাচ্ছি।

[12-40 – 12-50 p.m.]

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৫-ই এপ্রিল লিলুয়ার ভটনগরের গোলবাড়ি অঞ্চলের বিশাল জলাশয়ের ভেসে ওঠা দূষিত মাছ খেয়ে সেখানকার ১৭ জন আদিবাসী অসুস্থ হয়ে পড়েন। তাদের হাসপাতালে নিয়ে যাওয়ার পর সেখানে একজনের মৃত্যু হলেও বাকি সকলে সুস্থ হয়ে ফিরে আসেন। আমার বক্তব্য হচ্ছে, এখানকার বালি পুরসভা এবং হাওড়া মেডিক্যাল ইউনিট সঙ্গে সঙ্গে ঐ লোকেদের পাশে এসে দাঁড়ায় এবং তৎপরতার সঙ্গে ব্যবস্থা গ্রহণ করেন। কিন্তু বাজারি পত্র-পত্রিকাগুলো দুঃখজনক ভাবে এবং উদ্দেশ্য প্রণোদিত ভাবে অসত্য এবং বিকৃত খবর প্রচার করছে। আমি এই ঘৃণ্য সাংবাদিকতার নিন্দা করছি এবং পাশাপাশি ঐ জলাশয় পরিশুদ্ধ করার জন্য মাননীয় জনস্বাস্থ্য দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** স্যার, আপনার মাধ্যমে মূলতঃ দমকল বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নির্বাচনে জেতার পর থেকে ১৯৯১ সালের পর থেকে যে সমস্ত বড় প্রোজেক্ট করার কথা ছিল বারুইপুরে ক্রমাগত দেখা যাচ্ছে সেগুলো অর্থনৈতিক দিক থেকে ব্লকেড করে দেওয়া হচ্ছে। এটা যাতে না হয় তার জন্য মাননীয় মন্ত্রী অশোক ভট্টাচার্য মহাশয় আছেন তাঁকেও অনুরোধ করছি।

এছাড়া, আমার এলাকায় পানীয় জলের সমস্যা রয়েছে। মন্ত্রী মহাশয়কে বারবার বলা সত্ত্বেও তার কাজ করা হল না।

দমকলের একটা স্টেশনের কাজ শুরু হয়েছিল কিন্তু অর্দ্ধেক হয়ে বন্ধ হয়ে গেছে টাকার অভাবে। বাকি অর্দ্ধেক টাকা রিলিজ করার আবেদন করছি।

বারুইপুরে বাইপাস তৈরির কাজ করার কোনও ইন্টারেস্ট সরকার পক্ষ থেকে দেখানো হচ্ছে না।

স্যার, আমি এ বিষয়ে আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করতে চাই যে, আমি ওখান থেকে জিতেছি ঠিকই কিন্তু যে কোনও পরিকল্পনা বাস্তবায়িত হলে আমি একা উপকৃত হব না, ওখানকার সমস্ত স্তরের মানুষ উপকৃত হবে। এর ফলে ওখানকার মানুষের সমস্যা বাড়ছে।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** (অনুপস্থিত।)

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বিভাগীয় মন্ত্রী মহাশয় উপস্থিত আছেন, আমি আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। গত তিন সপ্তাহ ধরে বজবজ বিধানসভা কেন্দ্রের কোনও রেশন দোকানে রেশন পাওয়া যাচ্ছে না। তার উপর আবার ২ দিন ধরে রেশন দোকনগুলো বন্ধ রয়েছে। রেশনে যে চাল দেওয়া হয় তা খাওয়ার উপযুক্ত নয়। তার নমুনা কয়েক দিন আগে এই হাউসে দেখানোও হয়েছিল। এই রকম নিম্ন মানের জিনিস দেওয়ার পরেও যদি রেশন ব্যবস্থা ভেঙ্গে পড়ে, না পাওয়া যায়, তাহলে এলাকার গরিব মানুষের পক্ষে খুবই অসুবিধার সৃষ্টি হবে। তাই স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই যে, রেশন ডিলারদের ধমর্ঘট যাতে দ্রুত মিটিয়ে ফেলা যায় এবং উন্নত মানের চাল গম সরবরাহ করা হয় তার জন্য দৃষ্টি দিন। তা না হলে হয়ত গ্রাহকদের সঙ্গে ডিলারদের তর্ক-বিতর্ক লাগতে পারে। মাননীয় মন্ত্রী মহাশয়কে আরও সুন্দর ভাবে এই সমস্যার সমাধানের জন্য এগিয়ে আসতে হবে এবং ১লা বৈশাখের মধ্যে যাতে সুন্দর ভাবে রেশনিং ব্যবস্থা পুনরায় চালু করা যায় তার ব্যবস্থা করতে হবে।

**শ্রী কলিমুদ্দিন সামস ঃ** মিঃ স্পিকার স্যার, মাননীয় সদস্য যে মেনশন করেছেন যে সম্বন্ধে বলছি, আপনি শুনে অবাক হয়ে যাবেন। এর মধ্যে কনস্পিরেসি আছে। গতকাল হাওড়ায় একটা বিশেষ পলিটিক্যাল পার্টির যুবকরা এই সুযোগ নিয়ে সেখানে গন্ডগোল করেছে। কালকে হাওড়াতে পার্টিকুলার পলিটিক্যাল পার্টির যুবকরা এই সুযোগ নিয়ে সেখানে গোলমাল করেছে আর অন্যান্য জায়গাতেও সেটাই হচ্ছে। আমি হাউসকে বলতে চাচ্ছি এর মধ্যে নিশ্চয়ই কিছু চক্রান্ত আছে। রেশনে যত চাল, গম দরকার আমরা ব্যবস্থা করছি। মাঝখানে ট্রাক স্ট্রাইক হল এরজন্য নিশ্চয়ই কিছু অসুবিধা হয়েছে, কিন্তু গভর্নমেন্টের স্টকে চাল, গম রেখেছে। আমি আপনার মাধ্যমে এই পলিটিক্যাল পার্টির এম.এল.এ.-রা যারা আছেন তাদের বলছি রেশন নিয়ে এই খেলা করা ভাল নয়। যেখানে যেখানে এই খেলা হচ্ছে সেটা বন্ধ করা উচিত। আমি হাওড়া জেলার এস.পি.-কে বলেছি যারা এর মধ্যে আছে তাদের বিরুদ্ধে অ্যাকশন নেওয়া হোক। আপনাদের চিন্তা করার কোনও প্রয়োজন নেই, সরকার চাল, গম এবং অন্যান্য জিনিসের ব্যবস্থা করছে। ট্রাক স্ট্রাইক উঠেছে সব ঠিক হয়ে যাবে।

**শ্রী নীরোদ রায়চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মন্ত্রী এখানে উপস্থিত আছেন, আমার নির্বাচনী কেন্দ্র সহ পাশাপশি এলাকায় বহু রাস্তা আর চলার মতো নেই। নগরউখরা রোড, নদীয়ার সঙ্গে হাবড়ার সংযোগকারী রাস্তা গাদামারা রোডে বাস বন্ধ হয়েছে। বর্ষা আসছে এর পর ছাত্র ছাত্রীরাও যেতে পারবে না। আমাদের বিভিন্ন রাস্তাগুলির অবস্থা বেহাল, দীর্ঘদিন মেরামতি হচ্ছে না। মাননীয় মন্ত্রী কিছু দিন আগে সেখানে সভা করতে গিয়েছিলেন এবং প্রতিশ্রুতি দিয়েছিলেন যে এই

এলাকায় যে রাস্তাগুলি খারাপ হয়ে আছে সেগুলির মেরামতির দ্রুত ব্যবস্থা করবেন। আজ পর্যন্ত কোনও মেরামতির ব্যবস্থা হয়নি। অনতি বিলম্বে যদি মেরামতির ব্যবস্থা না হয়, তাহলে সেখানে যানবাহন এবং লোকজন চলাচল করতে পারবে না। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের নিকট রাস্তা মেরামতির জন্য আবেদন করছি।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌর মন্ত্রী এখানে উপস্থিত আছেন। আজকে খবরের কাগজে একটা নিউজ বেরিয়েছে যে ডি.এম. পৌরসভার কাজ দেখবেন। এটা নিয়ে একটু কনফিউশন হচ্ছে। আমরা জানি মিউনিসিপ্যালিটিতে ডি.ডি.এল.পি. তারাই তদারকি করেন এবং জেলা পরিষদের সভাধিপতি তিনিও দেখাশোনা করেন। তাই এই ব্যাপারটা একটু বিস্তারিত ভাবে আমাদের যদি বলেন।

**শ্রী অশোক ভট্টাচার্য :** খবরের কাগজে যেটা বেরিয়েছে তা ঠিক নয়, পৌরসভার কাজ পৌরসভাই করবে এবং দেখবে। কিন্তু আমরা পৌরসভাকে সহযোগিতা করার জন্য আমাদের সরকারের পৌর দপ্তরের বিভিন্ন অফিসাররা গিয়ে জেলা ভিত্তিক তারা এই সমস্ত কাজ পর্যালোচনা করে থাকেন, যে কাজের অগ্রগতি কতখানি হল বা কি কি অসুবিধা হচ্ছে ইত্যাদি। আমরা জেলা শাসককে একটা দায়িত্ব দিচ্ছি যে জেলার মধ্যে যে পৌরসভাগুলি আছে বিশেষ করে ন্যাশানাল স্লাম ডেভেলপমেন্ট এবং টেনথ ফিন্যান্স কমিশনের কাজ এবং প্রাইম মিনিস্টার ইন্টিগ্রেটেড আর্বান প্রভার্টি ইরাডিকেশন প্রোগ্রাম এই কাজগুলির অগ্রগতি পর্যালোচনা করে সরকারের কাছে একটা রিপোর্ট পাঠাবে। পৌরসভার কাজ পৌর প্রধানদের বাদ হবে না। সংবাদপত্রে যা বেরিয়েছে তা ঠিক নয়।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আবার পুলিশ হেফাজতে যুবক খুন হয়েছে। গতকাল যাদবপুর থানায় সারা রাত ধরে দেবাশিস বিশ্বাস নামে একজন যুবককে দক্ষিণ ২৪-পরগনার ডি.এস.পি. (টাউন) থানার ভেতর প্রচন্ড প্রহার করলে তার মৃত্যু ঘটে। বিগত দু দিন আগেই পুলিশ বাজেটের বিতর্কের উত্তরে পুলিশ মন্ত্রী বললেন, 'পুলিশ হেফাজতে খুন, নিন্দনীয়, আমি এ বিষয়ে পুলিশকে বলেছি সতর্ক হতে এবং ব্যবস্থা গ্রহণ করতে'। তার ৪৮ ঘন্টা পরেই যাদবপুর থানায় ডি.এস.পি. একজন যুবককে ঠাকুরপুকুর থেকে ধরে এনে জেরার নামে এমন প্রহার করেছে যে, তার মৃত্যু হয়েছে। সে মারা যাবার পর তাকে যখন বাঙ্গুর হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল তখন সেখানে তাকে দেখে ডাক্তার বলেছেন, 'এ তো মারা গেছে, এখন আর আমি কি করব'? তারপর পুলিশ রাত ১২টার সময় নিহত যুবকের মাকে জোর করে থানায় নিয়ে এসে লিখিয়ে নেয় যে, তাঁর ছেলের স্বাভাবিক মৃত্যু হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা কোথায় বাস করছি? আমরা কি জঙ্গলের রাজত্বে বাস করছি? কলকাতা শহরের বুকে পুলিশ হেফাজতে একজন যুবককে পিটিয়ে মারা হচ্ছে, তারপর তার মাকে শোকবার্তা না দিয়ে, তাঁকে ধরে এনে তার পুত্রের স্বাভাবিক মৃত্যু হয়েছে বলে জোর করে লিখিয়ে নিচ্ছে, সই করিয়ে নিচ্ছে! পরবর্তীকালে

এলাকার মানুষরা খবর পেয়ে পুলিশের হেফাজত থেকে মৃত যুবকের মাকে উদ্ধার করেছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অবস্থায় আজকে পশ্চিমবাংলার আইন শৃঙ্খলা তলানিতে গিয়ে ঠেকেছে। এমন জায়গায় গিয়ে পৌঁছেছে যে, মানুষ খুন করে পুলিশ তার মাকে জোর করে ধরে এনে লিখিয়ে নিচ্ছে—তার স্বাভাবিক মৃত্যু হয়েছে। পুলিশ নিজে খুন করে তাকে স্বাভাবিক মৃত্যু বলে চালাচ্ছে। এখনও যদি পুলিশ মন্ত্রী এবং প্রশাসন নড়ে না বসে অবিলম্বে এ বিষয়ে হস্তক্ষেপ না করে তাহলে পশ্চিমবাংলার সাড়ে ৬ কোটি মানুষের ধন মান, জীবন সম্পত্তির কোনও নিরাপত্তাই আর থাকবে না। মানুষ অসহায় হয়ে পড়ছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এ বিষয়ে অবিলম্বে পুলিশ মন্ত্রীর কাছে বিচার বিভাগীয় তদন্তের দাবি জানাচ্ছি।

[12-50 – 1-00 p.m.]

**শ্রী সুভাষচন্দ্র সোরেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে এবং পশ্চিমবঙ্গের তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহোদয়ের মাধ্যমে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রীর কাছে আমাদের সাঁওতালি ভাষার সম্পর্কে একটা দাবি জানাচ্ছি। স্যার, আকাশবানী কলকাতা কেন্দ্র থেকে প্রতিদিন সাঁওতালি ভাষায় মাত্র ৩০ মিনিটের অনুষ্ঠান প্রচারের সুযোগ রয়েছে আমি মনে করি এই সময় সীমা বাড়ানো দরকার। কারণ স্যার, আমাদের পশ্চিমবাংলায় ২৫ লক্ষ সাঁওতালি ভাষাভাষি মানুষের বাস এবং ভারতবর্ষে ৫০ লক্ষ মানুষ সাঁওতালি ভাষায় কথা বলেন, তাঁদের সভ্যতা সংস্কৃতির বিকাশ ঘটান। সে জন্য আমি আমাদের রাজ্যের তথ্য ও সংস্কৃতি মন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে দাবি জানাচ্ছি অবিলম্বে সাঁওতালি ভাষার মাধ্যমে প্রচারিত অনুষ্ঠানের সময় সীমা বৃদ্ধি করা হোক। সাথে সাথে আমি আরও দাবি জানাচ্ছি যে, টি.ভি.-তেও সাঁওতালি ভাষায় বিভিন্ন অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা করা হোক। এই দুটি দাবি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে উত্থাপন করতে চাই। স্যার, আসানসোলে একটা মহকুমা হাসপাতাল আছে। কিন্তু সেই হাসপাতালটি অত্যন্ত দুরাবস্থার মধ্যে আছে। ১৯৯৫ সালে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টিম আসানসোল হাসপাতাল পরিদর্শন করে বলেছিলেন,—সিটি স্ক্যান থেকে আরম্ভ করে, প্যাথলজিক্যাল ডিপার্টমেন্ট থেকে আরম্ভ করে একটা আধুনিক হাসপাতালের জন্য যা যা প্রয়োজন সবই আসানসোল মহকুমা হাসপাতালে দেওয়া হবে। তাঁরা ৫০০ বেডের একটা নতুন ব্লক নির্মাণের কথাও চিন্তা করেছিলেন। কিন্তু আজ পর্যন্ত সেখানে কোনও ব্যবস্থাই হয়নি। বর্তমানে সেখানে কোনও ইঞ্জেকশন পাওয়া যাচ্ছে না। কুকুরে কামড়ানো রুগীর চিকিৎসা হচ্ছে না, সাপে কাটা রুগীর চিকিৎসা হচ্ছে না। তিনটি অ্যাম্বুলেন্স থাকা সত্ত্বেও সেগুলি ঠিকমতো ব্যবহৃত হচ্ছে না। ডাক্তারকে কল দিলে ডাক্তার অটোয় করে আসে, ততক্ষণে রুগীর অবস্থা খারাপ হয়ে যায়। অথচ এই মহকুমা হাসপাতালটির ওপর

৭টি বিধানসভা কেন্দ্রের মানুষরা নির্ভরশীল। বিস্তীর্ণ এলাকার ব্যাপক সংখ্যক মানুষ এই হাসপাতালটার ওপর নির্ভর করে আছে। সুতরাং আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, অবিলম্বে আসানসোল মহকুমা হাসপাতালে সমস্ত রকম আধুনিক যন্ত্রপাতি পাঠাবার ব্যবস্থা করা হোক, সব রকম ওষুধ, ইঞ্জেকশনের ব্যবস্থা করা হোক এবং শয্যা সংখ্যা বাড়াবার ব্যবস্থা করা হোক। তা না হলে ঐ এলাকার মানুষের রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার ওপর আর কোনও আস্থা থাকবে না, নির্ভর করতে পারবে না। গোটা মহকুমার স্বাস্থ্য ব্যবস্থা ভেঙ্গে পড়বে।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গ্রামাঞ্চলে পঞ্চায়েত এবং পৌরসভাগুলিতে হোমিওপ্যাথিক ডিসপেন্সারি আছে। এইসব ডিসপেন্সারি থেকে হাজার হাজার দুঃস্থ গরিব মানুষ প্রতিদিন চিকিৎসা পাচ্ছে এবং উপকৃত হচ্ছে। কিন্তু সেই ডাক্তারদের নামকাওয়াস্তে অনারারিয়াম দেওয়া হয়। তাই জনস্বার্থে হোমিওপ্যাথিক ডাক্তারদের অনারারিয়ামের বিষয়টি চিন্তা ভাবনা করার জন্য মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রামজনম মাঝি** : (অনুপস্থিত।)

**শ্রী জটু লাহিড়ি** : (অনুপস্থিত।)

**শ্রী মানিক উপাধ্যায়** : স্যার, আমি আপনার মাধ্যমে সুসংহত শিশু বিকাশ প্রকল্পের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সরকারি তরফ থেকে ব্লকে যে সমস্ত আই.সি.ডি.এস. প্রকল্প করা হয়েছে সেই প্রকল্প আমার বারাবনী বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বারাবনী ব্লকে হতে চলেছে। কিন্তু এখনও ফাইনাল হয়নি। রুলসে বলছে, যে সমস্ত অঙ্গনওয়ারী ওয়ার্কার বা হেলপার আছে তাদের সার্টিফিকেট থাকা দরকার স্কুল ফাইনাল, অনলি স্কুল ফাইনাল—তার থেকে বেশি হলেও হবে না, কম হলেও হবে না, তবে কম হলে একটাই হবে যারা শিডিউল কাস্টস অ্যান্ড শিডিউল ট্রাইবস তাদেরই গণ্য করা হবে। কিন্তু সেই ব্লকে এখনও পর্যন্ত ঐ ক্যাম্পে ইন্টারভিউ কমপ্লিট না হওয়া সত্ত্বেও সরকারি তরফ থেকে বলা হয়েছে হোমের মাধ্যমে—যে সমস্ত গরিব মেয়েদের সেখানে রাখা হয় তাদের জন্য—৫ পারসেন্ট সেখানে রিজার্ভড। সেই রিজার্ভের ভিত্তিতে ক্যাম্প এখনও ফাইনাল হল না অথচ সরকারি তরফ থেকে সেখানে অ্যাপয়েনমেন্ট পাঠিয়ে দেওয়া হয়েছে ১০ দিন আগে। আমি হাউসে চ্যালেঞ্জ করে বলছি, দুটি মেয়েকে অ্যাপয়েনমেন্ট দেওয়া হয়েছে। সেই মেয়ে দুটি কন্যাপুর হাইস্কুলের ছাত্রী। একজনের নাম শীলা ঘোষ আর একজনেব নাম শিপ্রা ঘোষ। .....

**(পরবর্তী স্পিকার ডাকায় মাইক অফ হয়ে যায়।)**

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস** : মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের নদীয়া জেলায় কৃষ্ণনগর থেকে শিকারপুর প্রায় ১০০ কিলোমিটার সীমান্তবর্তী গুরুত্বপূর্ণ সড়ক আছে। এটা প্রায় জাতীয় সড়কের মতন গুরুত্বপূর্ণ। এই রাস্তাটি

গত বছর মেরামত করা হয়েছিল। কিন্তু এখন আবার বিভিন্ন জায়গায় বড় আকারের গর্ত হয়েছে এবং মেরামতের যোগ্য হয়ে উঠেছে। এখন যদি মেরামত না করা হয় তাহলে বর্ষার সময়ে বড় আকারের গর্ত হবে এবং বিরাট আকারের ক্ষতি হবে। তাছাড়া গতবার এই রাস্তাটি সারানোর সময়ে বা মেরামত করার সময়ে অনেক অংশের কাজ হয়নি। যেমন, নাজিরপুর থেকে কানাইনগর পর্যন্ত এই ৫ কিলোমিটার রাস্তার মেরামতির কাজ হয়নি, তেমনি করিমপুর বাজারে ঢুকতে ২ কিলোমিটার রাস্তার মেরামতির কাজ হয়নি। এই অংশটুকু এখন ভয়াবহ আকার ধারণ করেছে। যাতে অবিলম্বে বর্ষার আগে এই গুরুত্বপূর্ণ সড়কটির মেরামতির কাজ সম্পন্ন হয় তারজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ করছি।

[1-00 – 1-10 p.m.]

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমি সংস্কার মন্ত্রীর একটি গুরুতর বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা আমি আগেও বিধানসভায় বাজেট ভাষণে এবং অন্যান্য সময়ে বলেছি। কিন্তু আজ পর্যন্ত কোনও কাজ হয়নি। হাঁসখালি ৬ নং বেতা মৌজাতে একজন বর্গাদারকে বারেবারে উচ্ছেদ করার চেষ্টা হচ্ছে। আমি এই বিষয়ে মন্ত্রী মহাশয়কে বলেছি। আমি জিজ্ঞাসা করছি, শুধুমাত্র কংগ্রেস করার জন্য সেই বর্গাদারের ফসল লুঠ হবে, তার বীজ ধান নষ্ট করা হবে? এটা চলতে পারে না। এই ব্যাপারে যারা অপরাধী তাদের গ্রেপ্তার করা হোক। এই বর্গাদার উচ্ছেদ যাতে না হয় তার জন্য বর্গাদার আইন মাফিক তাকে প্রটেকশন দেবার ব্যবস্থা করা হোক।

**শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর ঃ** (হাউসে উপস্থিত ছিলেন না।)

**শ্রী কিরীটি বাগদী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর একটি গুরুতর বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকার ইঁদপুরে সেখানে একটা মাত্র মাদ্রাসা স্কুল আছে। দীর্ঘদিন ধরে সেটা জুনিয়ার হয়ে পড়ে রয়েছে। সেখানে ছাত্ররা ক্লাস সিক্স পর্যন্ত পড়ে অন্য জায়গায় পড়তে যেতে হয়। এই ব্যাপারে আমি ১৯৯৬ সালে মেনশন করেছিলাম। কিন্তু কোনও কাজ হয়নি। সেই জন্য শিক্ষা মন্ত্রীর কাছে দাবি করছি, যাতে এই শিক্ষা বর্ষে ঐ স্কুলটিকে মাধ্যমিক করা হয়।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এই রাজ্যের যে সমবায় কর্মচারিরা আছে, যারা মূলত গ্রামের সমবায় সমিতিগুলি চালায়, তাদেরকে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল কয়েক বছর আগে যে তাদের পে স্কেল ঘোষণা করে যে সরকার সেই পে স্কেলের ৪০ ভাগ দেবে এবং সমবায় সমিতিগুলি থেকে ৬০ ভাগ দেওয়া হবে। কিন্তু কয়েক বছর চলে গেল সরকার থেকে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এই কর্মচারিরা বঞ্চিত হচ্ছে মনে করছে। তাই আপনার মাধ্যমে সমবায় মন্ত্রীর কাছে এই কথা বলতে চাই যে সারা রাজ্যে সমবায়

প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে দুর্বলতর মানুষদের কাছে যারা পরিষেবা পৌছে দিচ্ছে, সেই সমস্ত কর্মচারিরা আজকে ভীষণ কষ্টের মধ্যে দিন কাটাচ্ছে। তাই সেই সব হাজার হাজার কর্মচারি, তারা বারংবার আন্দোলনের মাধ্যমে তাদের দাবি প্রতিষ্ঠা করার চেষ্টা চালাচ্ছে। মুখ্যমন্ত্রী থেকে শুরু করে সমবায় মন্ত্রী পর্যন্ত, এমন কি অতীতে যখন সমবায় মন্ত্রী সরল দেব ছিলেন, তখনও তিনি তাঁর বাজেট ভাষণে এই বিষয়ে উল্লেখ করেছিলেন। বর্তমানে ভক্তিভূষণ মন্ডল যিনি সমবায় মন্ত্রী আছেন, তিনি মন্ত্রী হবার পর প্রতিশ্রুতি দিয়েছিলেন তাদের এই পে স্কেল দেওয়া হবে। কিন্তু এখনও পর্যন্ত কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তাই আমি সমবায় মন্ত্রীর কাছে দাবি করছি, তাদের এই দাবি যেন পূরণ করা হয়।

**ডাঃ তপতী সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি যে বিশ্বব্যাঙ্কের টাকায় স্টেট হেলথ ডেভেলপমেন্ট প্রজেক্ট ফেজ টু এর অধীনে একটি নিবিড় পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পের লক্ষ্য হচ্ছে দ্বিতীয় পর্যায়ের স্বাস্থ্য সংস্থাগুলোর উন্নয়ন যার ফলে এই কেন্দ্রগুলো তৃতীয় স্তরের সঙ্গে দ্রুত প্রয়োজনীয় যোগাযোগ করতে পারে এবং সামগ্রিক ভাবে একটা ফলদায়ী আরোগ্যকর সাহায্য প্রদান করতে পারে। কিন্তু দেখা যাচ্ছে জোকা ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্টে এই ঋণের টাকায় ডাক্তারদের সাদা পায়জামা, পাঞ্জাবি পরিয়ে খালি পায়ে ক্লাস করতে হচ্ছে। ধ্যান করতে হচ্ছে পদ্মফুলের ছবি সামনে রেখে। ওরা বলছে হোচিমিন নাকি বলেছেন ঈশ্বরে বিশ্বাস আছে। এই সব পড়ানো হচ্ছে।

স্যার, বিশ্বব্যাঙ্কের টাকায় ডাক্তারদের সামাজিক দায়বদ্ধতা সম্পর্কে সচেতন করার কাজ করা যেত কিন্তু দেখা যাচ্ছে তার পরিবর্তে সেখানে আধ্যাত্মবাদ শেখানো হচ্ছে। মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে আমি একজন জনপ্রতিনিধি হিসাবে এবং ডাক্তারদের কয়েকটি সংগঠনের অনুরোধে অনুরোধ রাখছি যে এ বিষয়ে তদন্ত করে তিনি উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১লা এপ্রিল থেকে পুস্তক বাঁধাই কর্মীরা ধর্মঘটে নেমেছেন। আবার শোনা যাচ্ছে, ১১ই এপ্রিল থেকে পুস্তক প্রকাশক ও বিক্রেতারাও ধর্মঘট ডেকেছেন। স্যার, এই ধর্মঘটের কারণ হচ্ছে সি.পি.এম.-এর নিজেদের মধ্যে গন্ডগোল। এর আগে আমরা দেখেছি হকার উচ্ছেদের সময় সুভাষ চক্রবর্তীর সঙ্গে মেয়রের গন্ডগোল লেগেছিল, আবার এই বই বাঁধাই কর্মীদের ক্ষেত্রেও দেখছি সেই গন্ডগোল। শুনছি, একদিকে নাকি সুভাষ চক্রবর্তীরা মদত দিচ্ছেন অন্য দিকে রঘুনাথ কুশারীরা মদত দিচ্ছেন। স্যার, আপনি জানেন, মে মাসে নতুন সেশন শুরু হচ্ছে। এমনিতে তো সি.পি.এম.-এর নিজেদের মধ্যে গোলমালের জন্য বাংলা নববর্ষে নতুন বই প্রকাশিত হবে না আবার মে মাসে যখন নতুন সেশন শুরু হবে তখন স্কুলের ছাত্রছাত্রীরা যদি নতুন বই না পায় তাহলে স্যার, সেটা খুবই উদ্বেগের বিষয় হবে, ছাত্রছাত্রীরা নিদারুণ সমস্যায় পড়বে। আমি এ বিষয়ে অবিলম্বে সরকারের হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী অসিতকুমার মাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, প্রতি বছর খাদি বোর্ড থেকে যে রিবেট দেওয়া হয় সেই রিবেটের টাকা আজ ৮ বছর ধরে বাকি আছে। পূজার সময় ঘোষণা করা হয় সরকার থেকে যে খাদি বোর্ডের যে সমস্ত প্রতিষ্ঠান আছে সেখানে ১০/২০/৩০ পারসেন্ট রিবেট দেওয়া হবে। ছোট ছোট প্রতিষ্ঠানগুলি সেই অনুযায়ী মাল বিক্রি করে কিন্তু আজ ৮ বছর হয়ে গেল তারা তাদের পাওনা পাচ্ছেন না। এর ফলে তারা তাদের কর্মচারিদের মাহিনা দিতে পারছেন না এবং ছোট ছোট প্রতিষ্ঠানগুলি বন্ধ হয়ে যাবার মুখে দাঁড়িয়েছে। স্যার, আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে অনুরোধ, ৮ বছরের বকেয়া সমেত আগামী দিনের সমস্ত রিবেটের টাকা যাতে সত্ত্বর ঐ সব প্রতিষ্ঠানগুলির মিটিয়ে দেওয়া হয় তার ব্যবস্থা করা হোক।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। যেহেতু তিনি ভারতবর্ষের রাজনীতিতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন সেই হেতু এই দৃষ্টি আকর্ষণ। আজকে বি.জে.পি. কেন্দ্রে সরকার গঠন করবে এরকম একটা মনোভাব সি.পি.এম. এবং কংগ্রেস সকলে মিলে তৈরি করেছে এবং তার ফলে সারা দেশে একটি রাজনৈতিক অস্থিরতার সৃষ্টি হয়েছে। তার সঙ্গে সঙ্গে ঐ অপদার্থ প্রধানমন্ত্রী দেবগৌড়াকে রেখে দেবার জন্য যুক্তফ্রন্ট যেভাবে চেষ্টা করছে তার ফলে ভারতবর্ষের অর্থনীতি ধ্বংস হতে চলেছে এবং ব্যবসায়ীরা সুযোগ নিচ্ছে। যদি নির্বাচন হয় তাহলে কংগ্রেস সব সময় নির্বাচনে যেতে প্রস্তুত। নির্বাচন হলে দেখা যাবে কে যাবে কেন্দ্রীয় সরকারে। আমরা চাই, কেন্দ্রে একটি শক্তিশালী, স্থায়ী এবং দায়িত্বশীল সরকার হোক। তা না হলে দেশ ধ্বংস হয়ে যাবে। আমি চাই, আমাদের এই বিধানসভা থেকে এ ব্যাপারে একটা রেজলিউশন করে কেন্দ্রে পাঠানো হোক। আমরা চাই, বি.জে.পি.-র বিরুদ্ধে সকলে মিলে রুখে দাঁড়ান। কংগ্রেস নির্বাচনে যেতে প্রস্তুত এবং নির্বাচন হলে দেখবেন কেন্দ্রে একক সংখ্যা গরিষ্ঠতা নিয়ে কংগ্রেস ফিরে আসবে এবং দেশে একটা স্থায়ী ও দায়িত্বশীল সরকার গঠিত হবে। এখানে একটা রেজলিউশন করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

[1-10 – 2-30 p.m.(Including Adjournment)]

**শ্রী তপন হোড় :** স্যার, আগামীকাল একটা গুরুত্বপূর্ণ দিন। কারণ ঐ দিন দেবগৌড়ার সরকারের উপরে কনফিডেন্স মোশন আসবে এবং এই ব্যাপার গোটা ভারতবর্ষ আজকে উত্তাল এবং অস্থির অবস্থার মধ্যে দিয়ে চলেছে। মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় প্রবীণ সদস্য। তিনি বললেন যে, ভোটের জন্য তারা প্রস্তুত। তা এমনই প্রস্তুত যে তারা মাথা ঠুকে পথ বের করতে পারছেন না। ওদের নেত্রী আলাদা দল করবেন বলে ভাবছেন। কংগ্রেস সভাপতির একটা খাবার-দাবারের ব্যবস্থা ছিল সেটাকে বয়কট করে বেরিয়ে গেছেন। আবার নির্বাচনে দাঁড়াবার জন্য প্রস্তুত থাকা দরকার। কিন্তু তারা ভয় পাচ্ছেন, আশঙ্কিত হচ্ছেন।

একটা ঘটনা কংগ্রেস সভাপতি করেছেন নিজেকে বাঁচাবার জন্য যদি ফাঁক তালে প্রধান মন্ত্রী হতে পারেন এই রকম একটা চিন্তা নিয়ে। এখন সাংসদ মমতা ব্যানার্জি সহ এমন একটা অবস্থান সৃষ্টি হয়েছে যে না পারছেন পিছোতে, না পারছেন এগোতে। এদের পাপের ফলে এই রকম একটা অস্থায়ী অবস্থার সৃষ্টি হয়েছে। কাজেই একটা স্থায়ী অবস্থা দরকার। এই অবস্থা থেকে বাঁচবার জন্য এই যে কনফিডেন্স মোশন আনা হচ্ছে, এটা ভারতবর্ষে একটা গুরুত্বপূর্ণ ঘটনা। আজকে এই অবস্থার জন্য কংগ্রেসই দায়ী। আমি আশা করব যে একটা স্থায়ী অবস্থা যাতে আসতে পারে, একটা স্টেবল সরকার যাতে হতে পারে দেবগৌড়ার নেতৃত্বে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে আমার দেওয়া সাবজেক্টের একটু পরিবর্তন করছি।

... (গোলমাল) ...

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামীকাল সংসদের দিকে আমাদের সারা দেশের মানুষ উৎকণ্ঠার সঙ্গে তাকিয়ে আছে। কারণ গত ৩০শে মার্চ একটা অবিমিশ্রকারি সিদ্ধান্তের ফলে ৩১৪ দিনের সংযুক্ত মোর্চার এই যে সরকার, যারা সাম্প্রদায়িকতার বিরুদ্ধে মাথা উঁচু করে দাঁড়িয়েছে, যে সরকার উপ-মহাদেশে শান্তি প্রতিষ্ঠার জন্য একটা কার্যকর ভূমিকা নিয়েছে, যে সরকার পশ্চাৎপদ অংশের জন্য কতকগুলি কার্যকর ব্যবস্থা নিয়েছে, যে সরকার এই যুক্তরাষ্ট্রীয় কাঠামোকে মজবুত করার চেষ্টা করেছে, এই সরকারের পতন ঘটলে কাদের সাহায্য করা হবে? ১১০ বছরের কংগ্রেস নেতৃত্ব তারা বুঝতে পারছে না যে এর ফলশ্রুতি হিসাবে দেশ একটা চরম সঙ্কটের মুখে পড়েছে এবং এর দ্বারা বি.জে.পি. উৎসাহিত হচ্ছে। একটু আগে একজন বললেন যে বি.জে.পি. ইতিমধ্যে মাথা চাড়া দিয়ে উঠেছে এবং কংগ্রেস তাদের উৎসাহিত করছে। কংগ্রেসের একজন ইতিমধ্যে বিবেক ভোটও দাবি করেছে। আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই যে, আগামীকাল এই সংযুক্ত মোর্চা সরকারের পতন ঘটলে কার সুবিধা হবে? আমরা চাইছি যে সকলে মিলে এই সাম্প্রদায়িকতার বিরুদ্ধে রুখে দাঁড়াক।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা মেডিক্যাল কলেজ একটা গুরুত্বপূর্ণ হাসপাতাল। এখানে বহু সাধারণ মানুষ চিকিৎসার জন্য আসে। সেই মেডিক্যাল কলেজে ইনটেনসিভ করোনারি কেয়ার ইউনিটের কার্ডিয়াক মনিটর মেশিনগুলি বসাবার পর দীর্ঘদিন ধরে অচল হয়ে রয়েছে। যারা প্রস্তুতকারক তাদের খবর দেবার পর এখনও পর্যন্ত সেগুলোর মেরামত হয়নি এবং তার ফলে ওখানে অচলাবস্থা চলছে। আমি বলছি, অবিলম্বে মেশিনগুলো মেরামতের ব্যবস্থা করা হোক এবং প্রস্তুতকারক সংস্থাকে বাতিল করা হোক।

**শ্রী সঞ্জয় বক্সী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বৃহত্তর বড়বাজার এলাকায় আইন শৃঙ্খলার অবনতির কথা আমি স্মরণ করিয়ে দিতে চাই। গত ১১ই মার্চ ক্যানিং স্ট্রিট

এবং নেতাজী সুভাষ রোডের স্থলে কলকাতার পুলিশ কমিশনার শ্রী দীনেশ বাজপেয়ী একটি পুলিশ ফাঁড়ির উদ্বোধন করেছিলেন। কিন্তু তার ঠিক পরের দিন ওখানে প্রকাশ্য দিবালোকে সমাজ বিরোধীরা একজন ব্যবসায়ীকে খুন করে। আজকে সেখানে পুলিশের সঙ্গে সমাজবিরোধীরা আঁতাতে পৌঁছে গেছে এবং তার ফলে ওখানকার ব্যবসায়ীরা আতঙ্কে দিন কাটাচ্ছে, ফলে বড়বাজার অঞ্চলে ব্যবসা বন্ধ হয়ে যাবার মুখে। তার জন্য ব্যবসায়ীদের নিরাপত্তা বিধানের দাবি জানাচ্ছি।

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইংলিশবাজার বিধানসভা কেন্দ্রে অমৃতি বলে একটি অঞ্চল রয়েছে। ওখানে একটি ঐতিহ্যপূর্ণ শিবমন্দির রয়েছে। ঐ মন্দিরের একটি ট্রাস্ট রয়েছে যে ট্রাস্ট এস. ডি. ও. তৈরি করে দিয়েছেন। সমস্ত দলের লোকদের নিয়ে ঐ ট্রাস্ট গঠিত হয়েছে। ঐ শিবমন্দির ট্রাস্ট বিভিন্ন জনহিতকর কাজ করে থাকেন, যেমন—তারা হসপিটার চালান, অবৈতনিক স্কুল চালান। আজ থেকে ১৭ দিন আগে মালদহে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির যে কৃষক ফ্রন্ট রয়েছে সেই ফ্রন্টের কনফারেন্স হয়। সেখানে ঐ কৃষক ফ্রন্ট তাদের পার্টি ফাণ্ডের জন্য ঐ ট্রাস্টের কাছে ৪০,০০০ টাকা ডিমাণ্ড করে। কিন্তু ঐ টাকা তারা কৃষক ফ্রন্টকে দিতে অস্বীকার করায় ট্রাস্টের যে সমস্ত দেবোত্তর সম্পত্তি রয়েছে সেসব মার্ক্সবাদী জেলা সভাধিপতি এবং জেলা প্ল্যানিং বোর্ডের মার্ক্সবাদী চেয়ারম্যান ...........

**(At this stage the House was adjourned till 2-30 p.m.)**

[2-30 – 2-40 p.m.(After Adjournment)]

**শ্রী তপন হোড় ঃ** স্যার ইতিপূর্বে আমি জিরো আওয়ারে বলেছিলাম, স্যার, এখন যে খবর এসেছে সেটা হচ্ছে যে কংগ্রেস দল হুইপ দিয়েছে যে কনফিডেন্স এগেনস্টে ভোট দিতে। যে অভিযোগটা আমরা এতদিন করছিলাম সেটা মিলে গিয়েছে। গোটা ভারতবর্ষ আজকে উত্তাল, গোটা ভারতবর্ষ আজকে একটা আনস্টেবেল অবস্থার দিকে চলে যাচ্ছে। ভারতবর্ষ আজকে সমস্যা্য জর্জরিত। আজকে কংগ্রেস এই কাণ্ডটা করেছে কংগ্রেস পার্টির সভাপতিকে মামলা থেকে বাঁচাবার জন্য।

**(গোলমাল)**

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, এটা নূতন কিছু ব্যাপার নয়। স্যার, আমি অবাক হয়ে যাচ্ছি, একটা চেয়ারের অন্তত চারটি পা লাগে, আর. এস. পি. সেখানে সদস্য সংখ্যা ৪টিও নয়, ৫৪২টির মধ্যে মাত্র ৩ জন সদস্য। তাঁরা কংগ্রেসের এই সিদ্ধান্তের উপর মন্তব্য করছেন। কংগ্রেস কি করবে না করবে সেটা কংগ্রেস পার্টির ব্যাপার। কংগ্রেস একটা সর্বভারতীয় দল।

**(তুমুল গোলমাল)**

এই রকম করলে আপনাদেরও বলতে দেব না। আমি যেটা বলতে চাই তা হল যে কংগ্রেস দলের কমিটমেন্ট ছিল পিপলের কাছে যে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই করবে। এক দিকে কংগ্রেসকে পচা গলা ওঁদের নেতা মাননীয় মুখ্যমন্ত্রী বলে যাবেন আর কংগ্রেস ওঁদের সমর্থন না করলে কাঁদবেন এটা হয় না। কংগ্রেস সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই করতে চায়। উত্তরপ্রদেশ পাঞ্জাব রাজস্থান সর্বক্ষেত্রে তার নমুনা দেখিয়েছে, কংগ্রেস একটা নীতি একটা আদর্শ নিয়ে চলে। আজকে যুক্তফ্রন্ট সরকারে যাঁরা আছেন, এই সরকারের যে শরিক দল আছে তার চেয়ে আমাদের ৪ গুন বেশী সদস্য সংখ্যা আছে। সেই কারণে আমরা আমাদের সিদ্ধান্ত নিয়েছি এবং সেটা সঠিক সিদ্ধান্ত হয়েছে। তার জন্য ভারতবর্ষের মানুষ আমাদের নেতৃত্বকে সমর্থন করছে। আমাদের লড়াই সাম্প্রদায়িকতার বিরুদ্ধে।

(গোলমাল)

**শ্রী রবীন দেব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী দলের সদস্য আব্দুল মান্নান সাহেব যে মন্তব্য করলেন সেটা ঠিক নয়। তিনি হয়ত জানেন সন্তোষমোহন দেব একটা হুইপ দিয়েছেন কংগ্রেসের সাংসদদের, দেবগৌড়ার আস্থা প্রস্তাবের বিরুদ্ধে ভোট দেওয়ার জন্য। ইতিমধ্যে কংগ্রেসের অভ্যন্তরে গোলমাল দেখা দিয়েছে। কাগজে বেরিয়েছে কংগ্রেস দল দ্বিধা বিভক্ত। ওঁনাদের দলের একজন নেত্রী বিবেক ভোট চেয়েছেন। তার প্রমাণ আছে। স্বরাষ্ট্র দপ্তরের বাজেট আলোচনার সময় একদল বয়কট করেছিল। আমি কংগ্রেস সদস্যদের উদ্দেশ্যে বলছি এই হুইপ আমাদের দেশের ধর্ম নিরপেক্ষতার বিরুদ্ধে, এই হুইপ দেশের সংহতি এবং ঐক্যের বিরোধী। এই হুইপের হয়ে যাঁরা কথা বলছেন তাঁরা দেশের সর্বনাশ করছেন।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

## DEMAND NO. 35

**Mr. Deputy Speaker :** There are thirteen Cut Motions to Demand No. 35. All the Cut Motions are in order and taken as move

| | |
|---|---|
| **Shri Ashok Kumar Deb**<br>**Shri Shyamadas Banerjee**<br>**Shri Rabin Mukherjee**<br>**Shri Ajoy De**<br>**Shri Kamal Mukherjee**<br>**Shri Saugata Roy**<br>**Shri Deba Prasad Sarkar**<br>**Shri Tushar Kanti Mandal** | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**শ্রী গোপালকৃষ্ণ দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জনস্বাস্থ্য এবং কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী গৌতম দেব ১৯৯৭-৯৮ সালের জন্য ১৬৬ কোটি ৬৫ লক্ষ টাকার যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আমি সমর্থন করতে পারছি না। এই দপ্তর বিগত জনস্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করতে পারেনি, মানুষের দুঃখ দুর্দশা বেড়েছে। তাই আমি আমাদের সদস্যদের আনীত ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি। মাননীয় মন্ত্রী এবারকার বাজেট বক্তৃতায় অনেকাংশে একই কথা পুনরাবৃত্তি ঘটিয়েছেন। গ্রামবাংলা তথা শহরাঞ্চলে পানীয় জলের সঙ্কট নিরসনে এই দপ্তর সম্পূর্ণভাবে ব্যর্থ। জলকষ্ট এমন পর্যায়ে পৌঁছেছে যে সুন্দরবন এলাকার মানুষদের এক দ্বীপ থেকে আরেক দ্বীপে নৌকা করে গিয়ে জল আনতে হচ্ছে। দেড় কি.মি. দূর থেকে জল আনতে তারা বাধ্য হচ্ছে। স্কুলের ছেলেমেয়েদের জল খাবার জন্যে এক ঘন্টা করে ছুটি দিতে হচ্ছে। ভূগর্ভস্থ জলে আর্সেনিক থাকার কারণে মানুষ আজকে রোগাক্রান্ত হচ্ছে। এর প্রতিকারের কোনও ব্যবস্থা নেই। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে স্বীকার করেছেন যে ৬১টি ব্লকে, ৯টি পৌরসভা এবং ১৫টি পৌরসভা বহির্ভূত এলাকায় আর্সেনিক দূষণ পরিলক্ষ্যিত হয়েছে। কিছু কিছু কাজ শুরুও হয়েছে কিন্তু প্রয়োজনের তুলনায় এতোই কম যে সত্যিই দুঃখজনক। ১৯৯৩-৯৪ সালে সরকারি আশ্বাসন কমিটির রিপোর্টের ২৭ পাতায় ১৪ নং অনুচ্ছেদে বলা হয়েছে মুর্শিদাবাদ জেলার রামনগর ব্লকে, নদীয়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর অঞ্চলে, মালদহ জেলার কালিয়াচকে এবং বর্দ্ধমানে এই আর্সেনিক দূষণ পরিলক্ষিত হয়েছে। মুর্শিদাবাদের বিভিন্ন গ্রামে পানীয় জলে ব্যাপক আর্সেনিক দূষণ ধরা পড়েছে। ৬ হাজার লোক রোগাক্রান্ত হয়েছে। মুর্শিদাবাদ জেলার কান্দি থানার অন্তর্গত গোকর্ণ দাশপাড়ায়, ফরক্কার অন্তর্গত ধুলিয়ানে এবং এন টি. পি. সি. এলাকার অনেকগুলো গ্রামের টিউবওয়েলের জলেতে আর্সেনিক দূষণ দেখা দিয়েছে। মন্ত্রী মহাশয়ের এসবের প্রতি নজর নেই। বিশ্ব ব্যাঙ্কের টাকায় গ্রামে কি কি প্রোজেক্টের কাজ হয়েছে, কতটা তা ফলপ্রসূ কাজ হয়েছে আমরা তা জানিনা। আর্সেনিক রোগাক্রান্ত মানুষদের চিকিৎসার কোনও সুব্যবস্থা নেই। আমরা জানি রাজ্য সরকার বিভিন্ন রকম পরিকল্পনা গ্রহণ করেছেন, বিভিন্ন প্রকল্পের কথা বলেছেন কিন্তু আর্সেনিক দূষণের ক্ষেত্রে কি গ্রহণযোগ্য ব্যবস্থা গ্রহণ করেছেন এই সরকার সেটা হাউসে মন্ত্রী মহাশয় নিশ্চয় জানাবেন। আমরা জানি ১৯৯১ সালে এই ব্যাপারে একটা এক্সপার্ট কমিটি গঠিত হয়েছিল। কেন্দ্রীয় সরকার ব্যাপক পরীক্ষা-নিরীক্ষা করার পরে ১০.৮৭ লক্ষ টাকা অনুমোদনও করেছিলেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় রিপোর্টে দেখা যাচ্ছে যে এখনো আশ্বাসন পূরণ হয়নি। ১৯৯০-৯১ সালে ২ হাজার গ্রামকে জল সরবরাহের আওতায় আনার কথা থাকলেও ১৯৯৩-৯৪ সালের আশ্বাসন রিপোর্ট অনুসারে তা পূরণ হয়নি, বাস্তবায়িত হয়নি। দার্জিলিং জেলায় বিশেষ করে গোর্খা পার্বত্য পরিষদের ওই সমস্ত এলাকায় প্রতিনিয়ত আর্থ সামাজিক উন্নয়নের জন্য বিভিন্ন পরিকল্পনার কথা বলা হয়েছে এবং দাবি তোলা হচ্ছে।

[2-40 – 2-50 p.m.]

মাননীয় মন্ত্রী মহোদয় '৯৬ সালের অনুমোদনের জন্য পাঠিয়েছি। ১৯৯৭ সালে প্রায় একই কথার পুনরাবৃত্তি, শুধু বললেন এই প্রকল্পের জন্য অর্থ মঞ্জুরের প্রস্তাব করেছে, কিছু কাজ নিশ্চয় শুরু হয়েছে। কিন্তু মানুষের চাহিদা পূরণের জন্য একটা সরকারের যদি এক বছর লাগে, যদি ধীরে চল নীতি চালু হয় তাহলে মানুষের প্রত্যাশা পূরণ হয়না। বরঞ্চ মানুষের সেখানে নাভিশ্বাস উঠছে। এই দপ্তরের আশ্বাসন ছিল আম্বেদকারের জন্ম শতবর্ষে তফসিলি জাতি উপজাতি এলাকার গ্রামগুলিতে জল সরবরাহের ক্ষেত্রে একটা বিরাট ভূমিকা নেবে। মন্ত্রী মহোদয় বলেছেন, ৫০ শতাংশ হলেও জল সরবরাহ করতে পেরেছেন। কিন্তু আজও অনেক আদিবাসী গ্রাম তফসিলি সম্প্রদায়ের গ্রাম আছে যেখানে পানীয় জল পৌঁছায়নি, এটা ঠিকই মন্ত্রী মহোদয় বয়সে নবীন, উদ্যোগ আছে, চেষ্টাও করেন, কিন্তু আপনাদের লাল ফিতার বাঁধনে কিনা জানিনা, এখনও পর্যত মানুষের কাছে পানীয় জলের সঙ্কট সমস্যার সমাধানে তেমন কোন গৌরবোজ্জ্বল ভূমিকা দেখাতে পারেননি। আসানসোল, রাণীগঞ্জ এলাকায় পানীয় জলের সঙ্কট নিরসনে দ্রুততার সঙ্গে ব্যবস্থা গ্রহণ করতে হবে। মন্ত্রী মহোদয় বাজেট বক্তৃতাতে বলেছেন, ই. সি. এল.-এর সঙ্গে কথাবার্তা হয়েছে, কিন্তু এক একটা বছর অতিক্রান্ত হবে আর খনি অঞ্চলের ঐ খনি শ্রমিকরা পানীয় জলের সঙ্কটে থাকবে এটা কিন্তু একজন বয়সী যুবক মন্ত্রী মহোদয়ের কাছে প্রত্যাশা করা যায়না। আমি অনুরোধ করব, এই কাজগুলি করার ক্ষেত্রে দ্রুততার সঙ্গে উনি ব্যবস্থা নেবেন। সুন্দরবন এলাকার ক্ষেত্রে নূতন করে কি বলব, ঐ এলাকার বঞ্চিত মানুষের জন্য আরো বেশী করে নলকূপ স্থাপন করা দরকার। ত্বরান্বিত জল সরবরাহ প্রকল্পর মধ্যে রিগ খনন, নলকূপ খনন, নলবাহিত জল সরবরাহের মাধ্যমে মন্ত্রী মহোদয় আরো কিছু কর্মসূচি গ্রহণ করছেন, এতে ঐ এলাকার মানুষ অন্তত পানীয় জলের সঙ্কটের হাত থেকে মুক্তি পাবে। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহোদয়কে বলব, জেলার দপ্তরগুলি অর্থাৎ পি. এইচ. ই.র দপ্তর সব যদি কলকাতামুখী হয়ে যায়, আর আপনারা ক্ষমতার বিকেন্দ্রীকরণের কথা বলেন, আবার প্রত্যন্ত এলাকার মানুষের সঙ্গে সংযোগ রক্ষার কথা বলেন, তাহলে কি সেই সংযোগ রক্ষা করা যাবে? দক্ষিণ ২৪ পরগনার পি. এইচ. ই.-র দপ্তর কোথায়, গণেশচন্দ্র এভিনিউতে। অফিসগুলি যদি কলকাতা মুখী হয়ে যায়, কেন সেটা কাকদ্বীপে হবেনা, ডায়মণ্ডহারবারে হবেনা, কিংবা জেলার অন্যান্য স্থানে বারুইপুরে হবে না? যেখানে আর্সেনিক এর রোগ নিয়ে বারুইপুরের মানুষ আক্রান্ত। তাই মাননীয় মন্ত্রী মহাশয়, জেলার দপ্তরগুলি সেই জেলায় যাতে হয় সেই ব্যবস্থা আপনি গ্রহণ করুন। গ্রামে গ্রামে কিছু কিছু টিউবওয়েল বসাচ্ছে ঠিকই, কোস্টাল এরিয়াতে গভীর নলকূপ বসাতে হয়, কিন্তু গ্রামে যে টিউবওয়েলগুলি বসানো হয় সেইগুলি প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। অনেকাংশে এই কাজগুলি পঞ্চায়েতের মাধ্যমে করা হয়ে থাকে। মন্ত্রী মহোদয় তার বক্তব্যতে বলেছেন, বিভিন্ন প্রকল্প জেলা পরিষদ বা পৌরসভার হাতে দিয়েছেন, এটা ঠিকই, কিন্তু এই প্রকল্পগুলি যাদের হাতে পৌঁছচ্ছে তারা সঠিক ভাবে রক্ষণাবেক্ষণ করছেন কিনা সেটাও কিন্তু

দপ্তর থেকে দেখা উচিত। আমি আপনকে একটি কথা বলি, মুর্শিদাবাদ জেলায় কান্দি মিউনিসিপ্যালিটির একটি জলাধার থেকে জল সরবরাহ করা হয়। ঐ পৌরসভার অর্দ্ধেক মানুষও এতে পানীয় জলের সুযোগ পায়না। অথচ আরো জলাধার নির্মাণ না করলে পানীয় জলের সঙ্কট নিরসন হবে না। স্বাভাবিকভাবে আরো অন্যান্য পৌরসভার ক্ষেত্রে আরো বরাদ্দ করা দরকার। সুন্দরবন এলাকায় এমন অনেক জায়গা আছে, যেখানে আজও পানীয় জলের অভাবে মানুষকে পুকুরের জল ব্যবহার করতে হচ্ছে।

যখনই এই হাউসে বারংবার বলা হয়েছে, মাননীয় মন্ত্রীর কাছে দৃষ্টি আর্কষণ করা হয়েছে এবং এইগুলো তৈরি হওয়ার পর পৌরসভা কিম্বা জেলা পরিষদকে সংস্কার সাধনের দায়িত্ব দেওয়া হয়েছে তখনই বহু ক্ষেত্রে অর্থের অভাবে সেইগুলো সংস্কার হয়নি বিশেষ করে এই পাইপ লাইনগুলো সংস্কার নাহলে দুষিত জল সরবরাহ হয়। এই বিষয়ে মন্ত্রী মহোদয়কে নজর দিতে অনুরোধ করব। ভূগর্ভস্থ জল স্তর ক্রমশ নেমে যাচ্ছে। এর জন্য আমি মন্ত্রী মহাশয়কে দায়ী করছি না। এটা ঠিক যে সারা পশ্চিমবাংলায় বিভিন্ন জেলায় ভূগর্ভস্থ জলস্তর নেমে যাওয়ার এটা এক গভীর সঙ্কটের বিষয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই যে অপরিকল্পিতভাবে যেখানে সেখানে নলকূপ বসানোর কারণে এইরকম হয়। গ্রীষ্মকালে জল স্তর নেমে যাচ্ছে। তার উপর গোদের উপর বিষফোঁড়ার মতো আছে গঙ্গা জল বন্টন চুক্তি। এই জল স্তর নেমে যাওয়ার কারণে বহু মানুষ বিপদগ্রস্থ হবে। তাই আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব সর্বস্তরের মানুষের কাছে যাতে জল পৌছে যায় তার ব্যবস্থা করার জন্য। আমাদের যে সিদ্ধান্ত ছিল, আমরা প্রতিনিয়ত [illegible] সরকার, রাজ্য সরকার বলি, আমি দেখছি দুশো পঞ্চাশ জন বা তিনশো জন পিছু একটা টিউবওয়েল হোক। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কোন পরিসংখ্যান দিয়ে পশ্চিমবাংলার যে জনসংখ্যা, পশ্চিমবাংলার গ্রামে—তবে আপনি যদি বলেন বিদ্যুতের মতো, একটা মৌজায় একটা থাম পুঁতে দিয়ে গোটা মৌজা বিদ্যুতায়ন হয়ে গেছে, তাহলে আমার বলার কিছু নেই। আমার বিশ্বাস, আপনি নিজে স্বীকার করবেন। আপনি হয়তো বক্তৃতায় এর উত্তর নাও দিতে পারেন কিন্তু আপনি নিজে উপলব্ধি করবেন, নিজের অবচেতনে আপনার মন বলবে যে গ্রামাঞ্চলে, প্রত্যন্ত এলাকায় পানীয় জল সরবরাহ করার ক্ষেত্রে এমন কিছু সুযোগ সুবিধা পৌছে দেওয়া যায়নি। আমি অনুরোধ করব ১৯৯৩-৯৪ সালের আশ্বাসন কমিটির রিপোর্ট অনুযায়ী কেন্দ্রীয় সরকারের কেন্দ্রীয় সরকারের ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্প যেখানে ১২.৩৬ কোটি টাকা অনুদান হিসেবে পাওয়া গেছে বলেছেন গ্রামে কিছু কিছু কাজও হয়েছে সে সম্পর্কে হাউসে সঠিকভাবে কোনও খবর দেওয়া হয়নি। তাছাড়া, ত্বরান্বিত জল সরবরাহ প্রকল্পে যে গ্রামীণ নলবাহী প্রকল্প এর জন্য যে কাজগুলোর কথা বলছেন আশ্বাসন কমিটির রিপোর্ট অনুযায়ী সেই কাজগুলো সম্পূর্ণ করতে পারেননি। স্বভাবতই আমরা দেখছি ১৯৯১-৯২ সাল থেকে যে একটার পর একটা আশ্বাসন মানুষের কল্যাণের জন্য, মানুষের প্রত্যাশা পূরণের জন্য দেওয়া হয়েছিল, সরকারের তরফ থেকে তা বাস্তবায়িত হয়নি। আমি তাই

আজকে বলতে চাই যে আজকে আমরা দেখছি যে কেন্দ্রীয় সরকার বিভিন্ন প্রকল্পে টাকা দিলেও পুরুলিয়া এবং বাঁকুড়া যেখানে জলের প্রচণ্ড অসুবিধা সেখানে আরও নলবাহিত প্রকল্পে এই সমস্যার সমাধান করা যায় তার জন্য মন্ত্রীর কাছে অনুরোধ করব। এরপর আর্সেনিক। আর্সেনিকের ব্যাপার যে অবস্থায় এসে দাঁড়িয়েছে, সে সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করেছেন? বাজেট বক্তৃতাতে নিশ্চয় জানাবেন। উত্তর দিয়ে আমাদের আশ্বস্ত করবেন। আপনি এক্সপার্ট কমিটির কথা বলছেন, বিভিন্ন প্রকল্পের কথা বলেছেন কিন্তু আপনার রিপোর্ট বলছে সবগুলোর রিপোর্ট আসছে না। আসছে না কেন? তদারকি করার দায়িত্ব কার? আপনি তো মন্ত্রকের দায়িত্বে আছেন।

[2-50 – 3-00 p.m.]

আপনাকে এটা ভাবতে হবে যে একটা কমিটি গঠন করার মধ্যে দিয়ে দায়বদ্ধতা শেষ হয়ে যায় না। যে দায়িত্ব ও দায়বদ্ধতার কথা অসীমবাবু এবারের বাজেটে বার বার বলেছেন আমি সেই কথা স্মরণ করিয়ে মন্ত্রীকে বলতে চাই যে আর্সেনিকের হাত থেকে মানুষকে বাঁচানোর জন্য আপনারা কি ব্যবস্থা গ্রহণ করেছেন? গ্রামাঞ্চলে আরও বেশী নলকূপ খনন করার জন্য আপনারা কি কি ব্যবস্থা নিয়েছেন? আমি জানি কোথাও কোথাও অসুবিধা আছে। আমি দেখেছি দীর্ঘদিনের প্রচেষ্টা সত্ত্বেও গৌতম বাবুর দপ্তর আজকে জমি নিয়ে গণ্ডগোলের জন্য পরিকল্পনা বাস্তবায়িত করতে অসুবিধা হচ্ছে। আমি মনে করি সে ক্ষেত্রে যদি কো-মণিটারিং কমিটি তৈরি করেন তার মাধ্যমে কাজগুলোকে এগোনোর চেষ্টা করা হয় তাহলে ভাল হয়। পানীয় জল নিয়ে রাজনীতি নয়, রাজনৈতিক চিন্তা-ভাবনার বাইরে, রাজনৈতিক সংকীর্ণতার ঊর্ধ্বে থেকে মানুষের পরিষেবায় পানীয় জলের ব্যবস্থা করতে হবে। আরেকটি কথা আমি বলি যে, সি. এম. ডি. এ. এলাকা সহ অন্যান্য এলাকায় পানীয় জলের ব্যবস্থা করার জন্য দ্রুত পরিকল্পনা রূপায়িত করবেন। এই বলে এই বাজেটের ব্যয়বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশন কে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করে এবং বিরোধীদের আনা ছাটাই প্রস্তাবকে খুব জোরালো ভাবে বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। আমরা জানি পৃথিবীর ৪ ভাগের মধ্যে ৩ ভাগ জল। কিন্তু তা সত্ত্বেও জল পাওয়া যাচ্ছে না। জলের সমস্যা আছে। আরব দেশগুলোর কথাও আপনারা জানেন। পশ্চিমবঙ্গ বিশ্বের বাইরে নয়। বিভিন্ন জটিলতা ইত্যাদি থাকা সত্ত্বেও আমরা উন্নত প্রযুক্তির মাধ্যমে গ্রামাঞ্চলে ও শহরাঞ্চলে এবং শিল্পাঞ্চলে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করতে পারছি। আমরা দেখেছি কিছু কিছু সমস্যা রয়েছে। কিন্তু একটা কথা না বলে পারা যায় না যে আপনাদের সময় যখন আব্দুল সাত্তার মহাশয় মন্ত্রী ছিলেন তখন তাঁর উপর অনেকগুলো দপ্তরের ভার ছিল। সেগুলো হল—এগ্রিকালচার, কমিউনিটি ডেভেলপমেন্ট, রুর‍্যাল ডেভেলপমেন্ট, হেলথ

লেজিসলেচার এবং জুডিশিয়াল। তখন পানীয় জলের সরবরাহ ভাল ছিল না। তখন পানীয় জলের কষ্টে মানুষের নাকানি-চোকানি অবস্থা হয়েছে, চোখের জলে নাকের জলে গেছে। তাই একটা চিত্র তুলে ধরতে চাই যে তখন কি অবস্থা ছিল। আমরা ৯০ কোটি টাকা খরচা করে পুরুলিয়া, বাঁকুড়া, ইত্যাদি যেসব জায়গায় পাথুরিয়া মাটি, যেখানে জল কম সেই জায়গাগুলোতে রিগ বোর সিস্টেমের মাধ্যমে জল উত্তোলন করে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করতে চেয়েছি। যেখানে ১৯৭৭ সালে ওরা একটা পাইপ ওয়াটার সাপ্লাই করতে পেরেছিল সেখানে আমরা ১৯৯৫-৯৬ সালে ৪১টা পাইপ ওয়াটার সাপ্লাই করতে পেরেছি। এতে আপনাদের সময় ২টি মৌজা উপকৃত হয়েছিল, আর আমাদের সময় ১৫৫টি মৌজা উপকৃত হয়েছে। আপনাদের সময় খরচা হয়েছিল ২৫ লক্ষ টাকা, আর আমাদের সময় ১৯৯৫-৯৬ সালে খরচা হয়েছে ২১ কোটি সাড়ে ১২ লক্ষ টাকা। এতে উপকৃত হয়েছেন আপনাদের সময় ২২ হাজার জন, আর আমাদের সময় উপকৃত হয়েছেন ৫ লক্ষ ২ হাজার জন। আপনাদের সময় নলকূপ হয়েছে ৭ হাজার ৮০০টি, আর এখন ১৯৯৫-৯৬ সালে নলকূপ হয়েছে ১ লক্ষ ৯০ হাজার টি। এই ভাবে আমরা বাংলার মানুষের জন্য বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করতে পেরেছি। পপুলেশন উপকৃত হয়েছে ওদের আমলের রিপোর্ট পাচ্ছি না, এখন ২ লক্ষ ৮৯ হাজার পাইপ ওয়াটার সাপ্লাইতে উপকৃত হয়েছে। পাইপ ওয়াটার। সাপ্লাই ১৯৭৭ সালে ছিল .০৭। আর আজকে ১৪.০৭, এটা ২০ পারসেন্ট ছাড়িয়ে যাবে। পুরনো অ্যাসেম্বলি প্রসিডিংস দেখছিলাম, জ্যোতির্ময় মজুমদার বলছেন, 'গ্রামে গ্রামে ৫.৭টি টিউবওয়েল বসানো হয়েছিল, সেইগুলো এখন জরাজীর্ণ অবস্থায় আছে। গ্রামের মানুষ ভাবছে, এই থেকে যদি কিছুটা জল পেতাম। এই ছিল গ্রামাঞ্চলের ছবি। পার্বত্য অঞ্চলের কথা বলতে চাই। ১৯৯৫ সালে একটা স্কিম করতে চেয়েছিলাম ৩৫ কোটি টাকার। কেন্দ্র যদি ৫ কোটি টাকা দিত, বাকিটা আমরা দিতাম। সেটা কার্যকর হতে পারেনি। ফুট হিলসে ঝর্ণাকে বেঁধে আমরা জল সরবরাহ করতে পেরেছি। আসানসোলে কয়লাখনি কর্তৃপক্ষের কাছ থেকে পুরো টাকা না পাওয়ার ফলে দ্বিতীয় পর্যায়ের কাজে সেখানে অসুবিধা হচ্ছে। বীরভূম, পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর শুষ্কপ্রায় অঞ্চল। তা সত্ত্বেও সেখানে সবুজের সমারোহের সাথে সাথে আমরা জল সরবরাহ করতে পেরেছি রিগ বোর সিস্টেমের মাধ্যমে পাইপ ওয়াটার সাপ্লাইয়ের মাধ্যমে। সমুদ্র উপকূলবর্তী অঞ্চলে আমরা প্রয়োজনীয় জল সরবরাহ করার দিকে যথেষ্ট এগিয়েছি। কাঁথিতে, মরিচচরে একটি স্কিম নিয়েছি। কালিন্দি, দিঘা, ভগবানপুর ইত্যাদি জায়গাতেও পাইপ ওয়াটার সাপ্লাই এবং টিউবওয়েলের মাধ্যমে ব্যাপক অঞ্চলে পানীয় জল সরবরাহ করতে পেরেছি। ১৯৭৭ সালে সুন্দরবনে যেখানে ছিল ১টি জল সরবরাহের উৎস, সেখানে ১৯৯৫ সালে ৪১টি। নাম্বার আর মৌজা এখন ১৫৬টি। পপুলেশন ২২ হাজার। স্যাংশনড ক্যাপিটাল সেই সময় ছিল ২৫ লক্ষ, এখন হয়েছে ২,৩১৫ লক্ষ। হাড়োয়া, হিঙ্গলগঞ্জ প্রভৃতি জায়গাতেও আমরা যথেষ্ট পরিমাণে জল সরবরাহ করতে পেরেছি। হলদিয়া শিল্পাঞ্চলেও আমরা জল সরবরাহ করছি। শুষ্ক মরসুমে যখন গ্রাউণ্ড ওয়াটার লেভেল কমে আসে, তখনও আমরা জল সরবরাহ করতে পারছি। বর্তমানে ৮১টি মিউনিসিপ্যালিটির মধ্যে ৭৭টিতে জল সরবরাহ

ব্যবস্থা করতে পেরেছি এবং বাকি চারটিতে অতি দ্রুত করার চেষ্টা করছি। আর, আর্সেনিক সমস্যা শুধু আমাদের এখানেই নয়, ভারতবর্ষ এবং তার বাইরেও আছে এই সমস্যা। মাটির নিচে কোথায় আর্সেনিক আছে, সেটা খুঁজে দেখার সময় আপনারা পাননি। আমাদের বামফ্রন্ট সরকার শুরু হবার পর ১৯৮০ সালে এর হদিশ পেলাম। তারপর আমরা দুটো কমিটি গঠন করেছি। টাস্ক ফোর্স গঠন করে তার মাধ্যমে আর্সেনিক দূষণ রোধে এগিয়ে যাবার চেষ্টা করছি।

[3-00 – 3-10 p.m.]

আগে মানুষ যদি আর্সেনিক দূষিত জল খেয়ে মারা যেত কেউ খবরও রাখত না। কিন্তু আজকে আমরা কি ভূ-তাত্ত্বিক কারণে এবং কোথায় কোথায় আর্সেনিক পাওয়া যাচ্ছে তা দেখার চেষ্টা করছি, সমাধানের চেষ্টা করছি। এই আর্সেনিক জ্যোতিবাবু আনেননি, কারিগরি মন্ত্রী বা তাঁর আধিকারিকরাও আনেননি। আমরা বামফ্রন্টের দৃষ্টিভঙ্গির উপর দাঁড়িয়ে এই সমস্যার সমাধানের চেষ্টা করে যাচ্ছি।

আজকে ভারত-জার্মান সহযোগিতায় রঘুনথপুরে পানীয় জলের প্রকল্প করতে চলেছি এবং তার মধ্যে দিয়ে আমরা ভবিষ্যৎ প্রজন্মকে রক্ষা করতে চাই। আমরা সীমিত ভাবে জল সরবরাহ করতে চাই। এখানে খরচ হবে ১৪৮.৯৭ কোটি টাকা। প্রযুক্তিগত দিক থেকে এটা একটা বিরাট ব্যাপার, নজির সৃষ্টিকারী।

দক্ষিণ ২৪-পরগনাতে জাপানের সহযোগিতায় কাজ করার ক্ষেত্রে সি. এস. আই.-এর মাধ্যমে আমরা আজকে প্রতিরোধ মূলক কাজ হাতে নিয়েছি, অ্যাকশন প্ল্যান করছি। এবং এখানে অনুমোদিত প্রকল্প যেগুলো আছে করছি।

অ্যাকশন প্ল্যানের ৭৫ পারসেন্ট টাকা কেন্দ্রীয় সরকার এবং ২৫ পারসেন্ট টাকা রাজ্য সরকারের দেবার নিয়ম। আগে যে সমস্ত নলকূপ বসেছিল এবং কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণের দায়িত্ব ছিল, তা তাঁরা এড়িয়ে যাচ্ছেন এবং পুরো খরচটা রাজ্যসরকারের ঘাড়ে এসে পড়ছে।

আজকে মালদা জেলা আর্সেনিক মুক্ত করার কথা চলছে। ১৯৭৭ সালে সেখানে ৪ কোটি টাকা ব্যায় করা হলেও এখন ৯০ কোটি টাকা আমরা ব্যয় করছি। আনন্দের সঙ্গে বলছি, আমরা সেখানে টিউবওয়েল ইত্যাদিও করতে পারছি। এবং সারফেস ওয়াটারকে ছড়ানোর চেষ্টা করছি। আর্সেনিক, ইত্যাদি প্ল্যানের জন্য রাজ্যসরকার ১০০ পারসেন্ট খরচ করছেন।

সূজাপুরে আজকে ১৫.০৮ লক্ষ টাকা খরচ করা হয়েছে এবং জল সরবরাহ করা হচ্ছে। গোবরডাঙ্গা মিউনিসিপ্যালে ৯৭.৫ লক্ষ টাকার কাজ শুরু হবে। নসিপুরে জলসরবরাহের জন্য দ্রুত কাজ করার ব্যবস্থা হচ্ছে। স্যানিটরি প্রটেকশন, রিগ-ওয়েলস ওয়াটার ইত্যাদির

কাজ হচ্ছে। নদীয়া জেলাতেও কাজ শুরু হবে। হ্যাণ্ড পাম্পে রাজ্য সরকার ১০০ পারসেন্ট খরচ করছেন এবং আর্সেনিক আক্রান্ত সারফেস ওয়াটার বেসড অঞ্চলেও রাজ্যসরকার ১০০ পারসেন্ট খরচ করছেন এবং পাইপ ওয়াটার সাপ্লাই করছেন। ২৪ পরগনাতে এজন্য এস্টিমেট কস্ট ২৩২.৮৪ কোটি টাকার কাজ হচ্ছে। দ্বিতীয় ফেজে আর্সেনিক মুক্ত করার জন্য ২৪ পরগনার ভাগিরথী নদীর উপর নির্মাণ কাজ এগিয়ে চলেছে। এ ব্যাপারে বিদেশি সহযোগিতার কথা আগেই বলেছি। এই কাজের জন্য হাইলেভেল টাস্ক ফোর্স কাজ করছে এবং সব এলাকার উন্নয়নের জন্য চেষ্টা করছে। আর্সেনিক মুক্ত করার জন্য চেষ্টা করছে। মে ১৯৯৩-তে প্রকাশিত 'এক্সটেন্ট অফ আর্সেনিক কন্টামিনেশন ইন ওয়েস্ট বেঙ্গল দয়া করে দেখে নিতে বলব। ১৯৭৭ সালের আগে পাইপ ওয়াটার স্কীম ছিলনা, যা আমরা করেছি—তাই আপনারা ভাবতেও পারতেন না তখন। অথবা যে সমস্ত উপকৃত এলাকাগুলি রয়েছে সেসব এলাকায় কিভাবে আমরা কাজ করে এগিয়ে যাচ্ছি তা দেখলেই এ দপ্তরের, তথা সরকারের অগ্রগতির চিত্রটা পরিষ্কার হয়ে যাবে। এ কথা ঠিক যে, সব এলাকার উন্নতির দিকে সমানভাবে নজর দেওয়া সম্ভব হচ্ছে না। কিন্তু আমাদের দৃষ্টিভঙ্গি হচ্ছে সার্বিক উন্নয়নের দৃষ্টিভঙ্গি। সেই দৃষ্টিভঙ্গি অনুযায়ী আমরা সমস্ত রকম প্রযুক্তিকে যুক্ত করে, এক্সপার্টদের যুক্ত করে, জনগণকে যুক্ত করে একটার পর একটা কাজের অগ্রগতি ঘটাচ্ছি, পঞ্চায়েতের মাধ্যমে রক্ষণাবেক্ষণের ব্যবস্থার চেষ্টা করছি। এই দপ্তর একটার পর একটা প্রকল্প রূপায়িত করে তা জেলা পরিষদের হাতে হ্যাণ্ড ওভার করে দিচ্ছে। আজকে বিরোধী সদস্যদের জলের জন্য হাহাকার বা জলের দাবিতে কাট মোশন আনার কোনও অর্থই হয় না। মাননীয় মন্ত্রী নিজে উদ্যোগী হয়ে, বার বার দিল্লি ছোটাছুটি করে বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গি অনুযায়ী কাজ করে চলেছেন। যার ফলে আজকে আমরা এই দাবি করতে পারি যে, পশ্চিম বাংলার এমন একটা জায়গাও কেউ দেখাতে পারবেন না, যেখানে কোন পানীয় জলের উৎস নেই। আগামী ২০০০ সালে সকলের জন্য স্বাস্থ্য, এই লক্ষের দিকে নজর রেখে এই দপ্তর দুর্বার গতিতে এগিয়ে চলেছে। তাই আমি এই দপ্তরের ব্যয়-বরাদ্দেব দাবিকে সমর্থন করে, বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জনস্বাস্থ্য ও কারিগরি দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন, আমি সেই ব্যয়-বরাদ্দের দাবির ঠিক বিরোধিতা করছিনা। আমি মনে করি মন্ত্রীর যথেষ্ট আন্তরিকতা আছে। কিন্তু যেহেতু এই ব্যয়-বরাদ্দ আমাদের এই রাজ্যের মানুষের প্রয়োজনের পক্ষে অপ্রতুল এবং যে ভাবে সরকারি কাজকর্মগুলি চলেছে সেগুলি যথেষ্ট নয়; তাই প্রস্তাবের বিরোধিতা করে এবং মন্ত্রীর আন্তরিকতার প্রশংসা করে, আমাদের কাট মোশনের সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় মন্ত্রী মূলতঃ দুটো প্রোগ্রামের কথা বলেছেন। একটা, ন্যূনতম প্রয়োজন ভিত্তিক কর্মসূচি। আর একটা কেন্দ্রীয় সরকারের ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্প। কিন্তু আমি মনে করি মোট চারটি পরিকল্পনার ওপর ভিত্তি করে এই দপ্তর দাঁড়িয়ে আছে—একটা হচ্ছে

মিনিমাম নীডস প্রোগ্রাম বা ন্যূনতম প্রয়োজন ভিত্তিক প্রকল্প; আর একটা হচ্ছে অ্যাকসিলারেটেড রুর‍্যাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম; মিলিয়নস ওয়েল প্রোগ্রাম এবং যে সমস্ত আর্বান এরিয়ায় ২০,০০০-এর কম মানুষের বসবাস তাদের জন্য যে প্রোগ্রাম। এই চারটি প্রোগ্রামকে ভিত্তি করে মাননীয় মন্ত্রী মহাশয়ের কর্মসূচি চলছে। আমরা দেখছি প্রতিটি প্রোগ্রামেই কেন্দ্রীয় সরকারের সহযোগিতা আছে। কোন কোন প্রোগ্রামে কেন্দ্রীয় সরকারের ১০০ ভাগ সহযোগিতা রয়েছে। কোথাও তারা ৭৫ ভাগ সহযোগিতা করছে। আবার কোথাও তারা ৫০ ভাগ টাকা দিচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার দপ্তরকে জীবন-দায়ী দপ্তর নাম দেওয়া যায়। আপনি রাজ্যের গ্রামে, শহরে, আধা-শহরে পানীয় জল সরবরাহ করার দায়িত্বে আছেন। আপনার এবং আপনার দপ্তরের চেষ্টা থাকা সত্ত্বেও পশ্চিম বঙ্গের বিভিন্ন জেলায়, বিশেষ করে পুরুলিয়া এবং বাঁকুড়ার মতো জেলায় জনগণের প্রয়োজনে যে পরিমাণ পানীয় জলের বন্দোবস্ত হওয়া উচিত ছিল, আপনি এখন পর্যন্ত সে পরিমাণ পানীয় জলের ব্যবস্থা করতে পারেন নি। ১৯৯৬ সালের ১লা এপ্রিল ১.৪.৯৬—আপনি যে তথ্য এখানে পেশ করেছিলেন তাতে আমরা দেখছি আপনি বলছেন, 'আজও ২৯৯৩টি জল সরবরাহহীন পাড়া আছে।' মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এই 'পাড়া' বলতে কি বোঝাচ্ছেন? এটা আমরা বুঝতে পারছিনা। কারণ অতি সম্প্রতি আমার নিজের কেন্দ্রে ১১০০ মানুষ বাস করে এমন একটা গ্রামে এই প্রথম ডীপ টিউবওয়েল দেবার ব্যবস্থা হয়েছে—যদিও সেটা সরকারি উদ্যোগ নয়।

[3-10 – 3-20 p.m.]

কিন্তু আমি বলছি, নাজীরপুরে স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত সেখানে ডীপ-টিউবওয়েল পোঁতা হয়নি, কারণ সেখানে আর্সেনিক আছে। আপনি এখানে পাড়া বলতে কি বোঝাচ্ছেন? কত জনসংখ্যার ভিত্তিতে পাড়া ধরছেন? এই ৩.৭৫ পারসেন্ট গ্রাম বা পাড়া যে বাকি আছে এগুলি আপনি বলছেন আগামী ১৯৯৭ সালের মার্চ মাসের মধ্যে সবগুলিকে আওতায় নিয়ে আসতে পারবেন অর্থাৎ সব জায়গায় জল চলে যাবে। এ ব্যাপারে আমি আপনার সঙ্গে একমত নই। আমি কলকাতার কথা বলব না, আমি গ্রামের কথা বলব। সেখানে আমি দেখতে পাচ্ছি, গ্রামের সাধারণ মানুষের সবচেয়ে বেশি চাহিদা পানীয় জলের। আমি অবশ্য আপনার প্রশংসা করি। আমি আপনাকে পানীয় জলের জন্য যে তালিকা দিয়েছিলাম আপনি সেই তালিকা অনুযায়ী ডীপ-টিউবওয়েল দিয়েছেন। কিন্তু গ্রামের রাজনীতির কথা শুনলে অবাক হয়ে যাবেন। আপনি ২৩টি টিউবওয়েল স্যাংশন করলেন। সেই টিউবওয়েলগুলি পঞ্চায়েত সমিতি এমন এমন জায়গায় বসিয়ে দিল যেখানে কোনও প্রয়োজন নেই। একটা ডীপ-টিউবওয়েল থাকা সত্ত্বেও রাজনৈতিক কারণে আরো ডীপটিউবওয়েল সেখানে বসানো হল। কিন্তু যেখানে বসানোর প্রয়োজন সেখানে টিউবওয়েল বসল না। আজও আপনি বলেছেন, তালিকা দেবেন, কোথায় কোথায় বসাতে হবে, আমি বসিয়ে দেব। আমি আপনার আন্তরিকতার অভাবের কথা বলছি না। কিন্তু পানীয় জল সঠিক জায়গায়, সঠিক স্থানে পৌঁছচ্ছে বলে মনে করছি না। এখনো গ্রামের মানুষগুলি সবচেয়ে বেশি করে চায় পানীয়

জল। সেই পানীয় জল সরবরাহের যে সমস্যা সেই সমস্যা আজও সমাধান হয়নি। এখানে আপনাদের দলের একজন সদস্য কংগ্রেস আমলে অ্যালটমেন্টের কথা বললেন। আমি আজকে আর সেই অ্যালটমেন্টের বিতর্কে যেতে চাই না। গণ সচেতনতা যত বাড়ছে, মানুষের চাহিদা তত বাড়ছে। আপনি বাজেট বক্তৃতার একটি জায়গায় বলেছেন, আগামী ১৯৯৭ সালের মধ্যে ৮১ পারসেন্ট লোককে জলের আওতায় মধ্যে নিয়ে আসবেন, কিন্তু ইকনমিক সার্ভে থেকে আমরা দেখতে পাচ্ছি, ১৯৯৬ সালে আরবান এরিয়ায় প্রায় ৮৫ ভাগ লোক পানীয় জলের আওতার মধ্যে এসেছে আর গ্রামে ৮২ ভাগ লোক পানীয় জলের আওতার মধ্যে এসেছে। এখানে একজন বক্তা বললেন, আমাদের কাজ অনেক ভাল হচ্ছে। কিন্তু সারা ভারতবর্ষের যে রেশিও সেই রেশিও থেকে আমরা দেখতে পাচ্ছি, শহরে ৮৫ ভাগ আর গ্রামে ৮২ ভাগ আপনি পাড়া বা গ্রাম যে কথাই বলুন ৮২ ভাগ মানুষকে জলের আওতার মধ্যে আনা হয়েছে। আপনার বক্তব্যের মধ্যে দেখতে পাচ্ছি, আপনি অষ্টম পরিকল্পনার প্রথমে স্থিরীকৃত ৭৫ পারসেন্ট লক্ষ্যমাত্রার পরিবর্তে অষ্টম পরিকল্পনার শুরুতে ৮১ পারসেন্ট লোক জল সরবরাহের আওতায় আসবেন বলেছেন। আপনি চাহিলেও এখনো পিছিয়ে আছেন। আপনার বক্তব্যের মধ্যেই পাবেন যেটা আপনার দপ্তরের সঙ্গে যুক্ত এবং যেটা মানুষের জীবনে অভিশাপ, সেটা হচ্ছে আর্সেনিক। আর্সেনিকের ব্যাপারে আপনার কাছে আমি বহুবার গেছি। পশ্চিমবাংলার ১৬টি জেলার মধ্যে ৮টি জেলায় আর্সেনিক রয়েছে। আপনি আপনার বক্তব্যের মধ্যে আর্সেনিক সর্ম্পকে বলেছেন এবং আজ সকালেও আমি প্রশ্ন করেছিলাম বারুইপুরের কথা নিয়ে। আমার কাছে অনেক পেপার কাটিং আছে, রিপোর্ট পর্যন্ত আছে আর্সেনিকের ব্যাপারে। কিন্তু দুর্ভাগ্যের কথা হল, আপনি বললেন, বারুইপুর, বজবজ, মগরাহাট, সোনারপুর অঞ্চলে জল সরবরাহ করতে ৩/৪ বছর সময় লেগে যাবে। চোখের সামনে দেখছি, একটার পর একটা মানুষ মারা যাচ্ছে। আমরা এইডস নিয়ে চিন্তা করি, ক্যান্সার নিয়ে চিন্তা করি, কিন্তু এই ৮টি জেলায় যে ১ কোটি মানুষ আজকে আর্সেনিক কবলিত অঞ্চলে রয়েছে তাদের জন্য যে পরিকল্পনা সেই পরিকল্পনাগুলি বাস্তবায়িত হতে আরো যদি ৩/৪ বছর সময় লেগে যায় তাহলে এই মানুষগুলির অবস্থা কি হবে? আমরা জানি, পি. জি. হাসপাতালের ডাক্তার ডাঃ গুহ মল্লিক এর মূল চিকিৎসা করেন। পি. জি. হাসপাতালের ডাঃ গুহমল্লিক এর মূল চিকিৎসা তিনি করেন। আমি দেখেছি যে একবার যদি কেউ আর্সেনিকে অ্যাফেক্টেড হয়ে যায় তাহলে তাকে বাঁচানো সম্ভব হয় না, কিডনী, লিভার অ্যাফেক্টেড হয়ে যে মৃত্যুমুখে পতিত হয়। এ ব্যাপারটাকে আরও ত্বরান্বিত করার জন্য এবং এই আর্সেনিককে আরও গুরুত্ব দিয়ে দেখার জন্য বলব। আপনি আপনার বক্তব্যের মধ্যে বিদেশি সহযোগিতার কথা উল্লেখ করেছেন, আমার কোনও আপত্তি নেই। যে কোন সাহায্য বা সহযোগিতার মাধ্যমে ৮টি জেলার ১ কোটি মানুষ যারা আর্সেনিক কবলিত তাদের নলবাহী জলের ট্রিটমেন্ট-প্ল্যান্টের জলের ব্যবস্থা করেন তাহলে এই অঞ্চলের মানুষেরা প্রাণে বাঁচতে পারবে।

**শ্রী মহঃ ইয়াকুব :** অনারেবল ডেপুটি স্পিকার স্যার, ৩৫ নম্বর দাবিতে ১৯৯৭-৯৮

সালের বাজেটে যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করা হয়েছে তাকে আমি সমর্থন জানিয়ে দু একটি বিষয় আলোচনা করছি। প্রথমত আমি ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি যে তিনি নতুন উদ্যোগে নিয়ে, উৎসাহ নিয়ে গ্রামে এবং শহরাঞ্চলে পানীয় জলের ব্যবস্থার জন্য সব রকমের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন তার জন্য। কিন্তু একটা বিষয় সকলকে চিন্তা করতে হচ্ছে সেটা হচ্ছে আর্সেনিক। এই আর্সেনিক যুক্ত পানীয় জল সেবন করার পর কি মারাত্মক ধরনের শারীরিক অবস্থার সৃষ্টি হয় রোগের মাধ্যমে তা আমরা কল্পনাও করতে পারি না। উত্তর ২৪ পরগনা জেলার অন্তর্গত দেগঙ্গা হাবড়া এবং আরও কয়েকটি এলাকায় এই রকম আর্সেনিকযুক্ত পানীয় জল সেবনের পর যে মারাত্মক অবস্থা হয়েছে তা চোখে না দেখলে বিশ্বাস করা যায় না। এই আর্সেনিকটা শুধুমাত্র উত্তর ২৪ পরগনা জেলাতেই সীমাবদ্ধ নয়, আজকে পশ্চিমবাংলার ৮,৯ টি জেলার মধ্যে এই আর্সেনিক সমস্যা দেখা দিয়েছে। স্বাভাবিকভাবেই বহু জায়গাতে যেমন উত্তর ২৪ পরগনার বাগদা ইত্যাদি অঞ্চলে নলবাহী ডিপটিউবওয়েলের মাধ্যমে পানীয় জল সরবরাহের ব্যবস্থা করা হয়েছে তা পর্যাপ্ত নয়। ঠিক সেই রকম হাবড়া কেন্দ্রের বহু অঞ্চল আছে যেখানে আজকে আর্সেনিক দেখা দেওয়ার পর সেখানে নতুন ভাবে ভাবনা চিন্তা করে পরিকল্পনা করার কথা ভারপ্রাপ্ত মন্ত্রী চিন্তা করছেন এটা আমরা জানি। কিন্তু হাবড়া, দেগঙ্গা কেন্দ্রে যে সমস্ত জায়গায় আর্সেনিক যুক্ত পানীয় জল পাওয়া গেছে।

[3-20 – 3-30 p.m.]

সেখানে সেই টিউবওয়েল অথবা ডীপ টিউবওয়েল বন্ধ করে দেওয়া হয়েছে। বন্ধ করে দেওয়ার পরে সেখানে নূতন ভাবে জল পরীক্ষা করে, অর্থাৎ ভূগর্ভস্থ জল, পানীয় জল পরীক্ষা করার পর সেখানে ডীপ টিউবওয়েল অথবা আরও গভীর নলকূপ বসাবার ব্যবস্থা করা দরকার। যদিও দু চারটে হয়েছে, তথাপি এটা চাহিদার তুলনায় অনেক অনেক কম। স্বাভাবিক ভাবে যেমন দক্ষিণ ২৪ পরগনায় একটা পরিকল্পনা মাফিক উদ্যোগ নেওয়া হয়েছে এবং আগামীদিনে দক্ষিণ ২৪ পরগনায় পানীয় জলের সমস্যা, আমার বিশ্বাস, দূর হবে। ঠিক সেই রকম ভাবে উত্তর ২৪ পরগনা সম্পর্কে পরিকল্পনা নেওয়া উচিত। যদিও কেন্দ্রীয় সরকারের মারফত একটা জাপানী সংস্থার কাছে প্রস্তাব গেছে, কিন্তু সেই প্রস্তাব অনুযায়ী বা সেই প্রস্তাব কখন গৃহীত হবে এবং অর্থ বরাদ্দ হবে, তা সঠিক ভাবে আমাদের জানা নেই। স্বাভাবিক ভাবেই আমি মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে উত্তর ২৪ পরগনার সাধারণ গ্রামবাসী এবং শরহাঞ্চলের মানুষের পক্ষ থেকে এই কথাটা উল্লেখ করতে চাই, সেখানে সমস্যাটা কিন্তু খুব গভীর। স্বাভাবিক ভাবে জাপানী সংস্থা কখন কী করবে জানি না, তাছাড়াও অর্থের অভাব আছে, যা ইচ্ছা আছে তা করা যাচ্ছে না। মন্ত্রী মহাশয় যে সব পরিকল্পনা করছেন, সেই পরিকল্পনা রূপায়িত করতে হলে যে অর্থের প্রয়োজন, সেই অর্থের অভাব আছে। তথাপি আমার বিশেষ অনুরোধ তিনি এই বিষয়টা গুরুত্ব সহকারে দেখবেন। সাথে সাথে আর একটা প্রস্তাব তাঁর কাছে রাখতে চাই, গঙ্গা নদী, অর্থাৎ হুগলি নদী উত্তর ২৪ পরগনার

পশ্চিম কূলে আছে, সেখান থেকে জল নিয়ে কোথাও একটা ট্রিটমেন্ট প্ল্যান্ট করে তার মাধ্যমে উত্তর ২৪ পরগনার বিভিন্ন এলাকায় যাতে জল সরবরাহ করা যায়, সেই রকম একটা পরিকল্পনার কথা তিনি চিন্তা ভাবনা করেছেন এটা শুনেছি। কিন্তু রিপোর্টে অবশ্য তার কোনও উল্লেখ নেই। সেই ক্ষেত্রে আমার অনুরোধ, তিনি এই বিষয়টা নিয়ে চিন্তা ভাবনা করুন। তা ছাড়া বিভিন্ন গ্রামে যে সব পাতকুয়া আছে, সেখানকার জলও পরীক্ষা করে দেখা দরকার। কারণ সেই জলও অনেক গ্রামবাসী পান করছে, তার মধ্যেও আর্সেনিক থাকতে পারে। মন্ত্রী মহাশয় বিষয়টা চিন্তা ভাবনা করে দেখবেন। এই কথা বলে মন্ত্রী মহাশয়ের ব্যয়বরাদ্দের সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিতকুমার মাল** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভার প্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তার সম্পূর্ণ বিরোধিতা করে এবং কংগ্রেস দলের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তার সমর্থনে আমার বক্তব্য পেশ করছি। সারা পশ্চিমবাংলায় আজকে পানীয় জলের সঙ্কট দারুণ ভাবে বৃদ্ধি পেয়েছে। সারা পশ্চিমবাংলায় পানীয় জলের জন্য হাহাকার দেখা দিয়েছে। বামফ্রন্ট সরকার সার্বিক ভাবে যেমন ব্যর্থ হয়েছে, তেমনি এই বিভাগেও মন্ত্রী মহাশয় ব্যর্থ হয়েছেন। তাই আজকে আমি এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করছি। এখানে আমরা দেখছি, মন্ত্রী মহাশয়, আপনি আপনার ভাষনে বলেছেন, ১৯৯৫ সালের সমীক্ষা অনুযায়ী ৪২ হাজার ৯৭৮টি পাড়াতে সম্পূর্ণ জলসরবরাহ করা গিয়েছে, আংশিক জল সরবরাহযুক্ত পাড়ার সংখ্যা হচ্ছে ৩১ হাজার ২২১ এবং জলসরবরাহহীন পাড়ার সংখ্যা ছিল ৬ হাজার ১৭৮টি। পরে বলেছেন, ১৯৯৬ সালের সমীক্ষা অনুযায়ী সম্পূর্ণ জলসরবরাহযুক্ত পাড়ার সংখ্যা বেড়ে হয়েছে ৪৭ হাজার ৫৪৪, আংশিক জল সরবরাহযুক্ত পাড়ার সংখ্যা হচ্ছে ২৯ হাজার ৮৪০ এবং জলসরবরাহহীন পাড়ার সংখ্যা হচ্ছে ২ হাজার ৯৯৩। আপনি বলেছেন, বাকি যেগুলি আছে সেগুলির হয়ে গেলে পরিকল্পনা অনুযায়ী মানুষ জলের সঙ্কট থেকে মুক্তি পাবে। আমাদের কংগ্রেস দলের একজন মাননীয় সদস্য আগেই বলেছেন, আমিও বলছি, আপনার ভাষণের এই অংশটি আমাদের বোধগম্য হচ্ছে না। আপনি বলছেন, আর ২৯৯৩টি পাড়াতে জল সরবরাহ করা গেলে জলকষ্ট থাকবে না অথচ আমরা দেখছি সারা পশ্চিমবাংলা জুড়ে দিনের পর দিন পানীয় জলের চাহিদাও যেমন বাড়ছে সঙ্গে সঙ্গে মানুষের জলকষ্ট তীব্রতর হচ্ছে। স্যার, পশ্চিমবঙ্গের এমন কোনও পৌরসভা নেই বা গ্রাম নেই যেখান থেকে নির্বাচিত হয়ে আসা বিধানসভার সদস্য বলতে পারেন যে গ্রীষ্মকালে তার এলাকায় পানীয় জলের কোনও সঙ্কট নেই, তার এলাকায় তিনি পানীয় জল সরবরাহ ঠিক মতন পাচ্ছেন। স্যার, এই হাউসেই আপনি দেখছেন, প্রতিদিন কলিং অ্যাটেনশন, জিরো আওয়ার, মেনশন ইত্যাদির মাধ্যমে বিভিন্ন এলাকার মাননীয় সদস্যরা তাদের এলাকার জলের সঙ্কটের কথা তুলে ধরছেন। কাজেই মাননীয় মন্ত্রী মহাশয় এইসব হিসাব কি করে দিলেন তা আমাদের বোধগম্য হচ্ছে না। আশা করি মন্ত্রী মহাশয় তার জবাবি ভাষণের সময় এই ব্যাপারটা স্পষ্ট করে দেবেন।

এই প্রসঙ্গে বলি, এই সভার একজন নির্বাচিত সদস্য হয়ে আমি ১৯৮৭ সালে এসেছিলাম এবং সেই সময়ও পশ্চিমবাংলার সবচেয়ে বড় গ্রাম—মাড়গ্রামের কথা যেখানে ৩০ থেকে ৪০ হাজার মানুষ বসবাস করেন তার কথা উল্লেখ করেছিলাম, আজও আমি সেই মাড়গ্রামের কথাই আবার বলব। স্যার, আমার দাবি ছিল, এই মাড়গ্রামে পাইপ লাইন ওয়াটার সাপ্লাই-এর ব্যবস্থা করতে হবে দপ্তর থেকে। তারপর আমাদের বলা হল যে এটা ডিস্ট্রিক্ট প্ল্যানে পাস করাতে হবে। জেলা পরিষদে অনেক চিৎকার করে ডিস্ট্রিক্ট প্ল্যানের মধ্যে সেটা আনা হল। তারপর বলা হল অর্থ দপ্তর থেকে এরজন্য অর্থ মঞ্জুর করাতে হবে। এখন শুনছি, অর্থ দপ্তর এরজন্য টাকা দিতে পারবেন না। কেন্দ্রীয় সরকার তাই বিশ্বব্যাঙ্কের মাধ্যমে এরজন্য পরিকল্পনা গ্রহণ করার কথা বলেছেন। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কিন্তু আপনার বাজেট ভাষণে পশ্চিমবাংলার সবচেয়ে বড় গ্রাম—মাড়গ্রামে যে তীব্র পানীয় জলের সঙ্কট রয়েছে এবং প্রতি বছর গ্রীষ্মকালে তা চরমে ওঠে সে সম্বন্ধে কোনও কথা বলেননি। আমি আশা করি, আপনার জবাবি ভাষণের সময় মাড়গ্রামের কথা আপনি বলবেন এবং জবাব দেবেন টাকা নেই এই অজুহাত দেখিয়ে মাড়গ্রামবাসীদের আর কতদিন পাইপ লাইন ওয়াটার সাপ্লাই থেকে বঞ্চিত করে রাখবেন। আর সঙ্গে সঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন রাখব, এইভাবে কি দু/চারটি পাড়াতে জলসরবরাহ করা হয়েছে এই বলেই আপনার পরিসংখ্যান দেওয়ার কাজটা কি সারবেন? স্যার, আমার বিধানসভা কেন্দ্র, হাসান, দুশোটি গ্রাম নিয়ে এই কেন্দ্রটি। আমি গত কয়েক দশক ধরে দেখছি এখানে মাত্র ৪টি গ্রামে পাইপ লাইন ওয়াটার সাপ্লাই রয়েছে, বাকি ১৯০/৯৬টি গ্রামে পানীয় জলের কোনও ব্যবস্থাই নেই ঐ পঞ্চায়েতের টিউবওয়েল ছাড়া। আমার পাশের কেন্দ্র নবগ্রামে পি. এইচ. ই.র পক্ষ থেকে পানীয় জলের কোনও ব্যবস্থাই বলা হয়নি। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমি আপনাকে বলব, আপনি পরিষ্কারভাবে বলুন, আগামী ৫ বছরের মধ্যে অথবা আগামী দু হাজার সালের মধ্যে কিভাবে আপনি সারা পশ্চিমবাংলার মানুষের জলকষ্ট দূর করবেন। স্যার, আমরা দেখছি, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সার্বিকভাবে ব্যর্থ—কি ঔষুধের ব্যাপারে, কি কর্মসংস্থানের ব্যাপারে, সব ব্যাপারেই বামফ্রন্ট সরকার ব্যর্থ এবং এমন কি এই সরকার পশ্চিমবাংলার মানুষকে পানীয় জলটুকুও দিতে পারছেন না। স্যার, ভালোভাবে পানীয় জল সরবরাহের ব্যবস্থা না হওয়ায় আমরা এলাকায় গিয়ে মানুষের সঙ্গে কথা পর্যন্ত বলতে পারি না। এ ক্ষেত্রে পঞ্চায়েতের টাকাও ঠিকমতন খরচ হয়না, পার্টিবাজি হয় এবং সব পঞ্চায়েতে ঠিক সময় টাকা গিয়েও পৌঁছায় না। অধিকাংশ টিউবওয়েলগুলি খারাপ হয়ে পড়ে থাকে। গ্রীষ্মকালে মানুষ পানীয় জলের জন্য হাহাকার করে। মন্ত্রী মহাশয়কে আমি বলব, আপনার দপ্তর থেকে এই ব্যাপারটা অন্তত অঞ্চলওয়াইজ দেখা দরকার এবং যাতে মানুষ পানীয় জল পেতে পারেন তার ব্যবস্থা করা দরকার। স্যার, গ্রামগঞ্জে গ্রীষ্মকালে এমন অবস্থাও হয় যে মানুষকে নদীর বালি খুঁড়ে জল আনতে হয়। এ সম্বন্ধেও সত্যিকারের একটা স্টাটিসটিক্স নেওয়া দরকার। আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে অনেক গ্রাম আছে যেখানে গ্রীষ্মকালে মানুষকে নদীর বালি খুঁড়ে জল আনতে হয়।

[3-30 – 3-40 p.m.]

কিন্তু সেখানে কোন জলের ব্যবস্থা হচ্ছে না। আপনি কি হিসাব করেছেন, আমি বুঝতে পারছিনা। মন্ত্রী মহাশয়, আমার যদি ভুল হয় তাহলে ঠিক করে দেবেন, আমার বিধানসভা কেন্দ্রে ২ শত গ্রামের মধ্যে মাত্র ৪ খানা গ্রামে পাইপ লাইন ওয়াটার সাপ্লাইয়ের ব্যবস্থা করা হয়েছে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট থেকে। বাকি গ্রামগুলিতে জলের কোনও ব্যবস্থা নেই। বর্ধমান, বাঁকুড়া মুর্শিদাবাদ ইত্যাদি বিভিন্ন গ্রামে মানুষ জলকষ্টে ভুগছে। অথচ আপনি বলছেন যে, আগামী ২ হাজার সালের মধ্যে সব কিছু করে ফেলবেন। এই বাজেটের মধ্যে তা করা সম্ভব নয়। আর্সেনিক দূষণের ব্যাপারে বিভিন্ন সদস্যরা তাদের বক্তব্য রেখেছেন। বীরভূমের নলহাটি বিধানসভা কেন্দ্রে আর্সেনিক দূষণ দেখা দিয়েছে। ফরোয়ার্ড ব্লকের মাননীয় মান্নান সাহেব গতকাল আর্সেনিক দূষণের কথা বলেছেন। এই ভাবে দেখা যাবে যে প্রতিটি জেলায় আর্সেনিক দূষণে মানুষ অসুস্থ হয়ে পড়ছে। সেই ব্যাপারে আপনার বিভাগ পরিপূর্ণ ভাবে ব্যর্থ হয়েছে। আপনি একটা জায়গায় লিখেছেন যে, কেন্দ্রীয় সরকারের কাছে ৭ শত কোটি টাকা আপনি চেয়েছেন আর্সেনিক দূষণকে প্রতিরোধ করার জন্য। কিন্তু আপনি এই সম্পর্কে কি ব্যবস্থা নিয়েছেন? এই ব্যাপারে আপনি বি. ডি. ও অফিসে একটা টীম করেছেন, জেলা পরিষদে একটা টীম রেখেছেন। কোথায় টিউবয়েল বসবে, আর্সেনিকে যদি দিনের পর দিন মানুষ মারা যায়, সেখানে তাদের চিকিৎসা দরকার, সেই সমস্ত ব্যাপারে একটা টীম রেখেছেন। কিন্তু সাব-ডিভিসনওয়াইজ পঞ্চায়েত সমিতিতে একটা করে টীম রাখার প্রয়োজনীয়তা ছিল, সেই ব্যবস্থা আপনি করতে পারেননি। যাই হোক, আপনি যে ব্যয়-বরাদ্দের দাবি রেখেছেন, তা দিয়ে পশ্চিমবাংলার অধিকাংশ মানুষের জলকষ্ট দুর করা যাবে না। তাই এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে এবং কংগ্রেসের তরফ থেকে আনা কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অজিত খাঁড়া :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আজকে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে রেখেছেন, আমি তার বিরোধিতা করে, কংগ্রেসের আনা কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য রাখছি। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যথেষ্ট উদ্যোগী পুরুষ এবং কর্মঠ মানুষ। আজকে সারা পশ্চিমবঙ্গ আর্সেনিক দূষণে কষ্ট পাচ্ছে, মানুষের পক্ষাঘাত হচ্ছে, আপনি সেজন্য কয়েকটি পরিকল্পনা গ্রহণ করেছেন এবং সেটা এখানে উল্লেখ করেছেন আপনার বাজেট বক্তৃতায়। আপনি বলেছেন যে, জল সরবরাহহীন পাড়ায় ১৯৯৭ সালের মার্চ মাসের মধ্যে জল সরবরাহ করবেন। ১৯৯৫-৯৬ সালে ২ হাজার ৯৯৩টি গ্রামে জল সরবরাহ করা হয়েছে। এখন আরো ৩ হাজার ১৮৫টির মত জল পাবে। মার্চ মাস শেষ হয়ে গেছে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, আপনি যে কোনও পাড়ায়, যে কোনও এলাকা বেছে নিয়ে সেখানে দেখুন যে জল সরবরাহহীন পাড়ায় কয়টা নলকূপ বসানো হয়েছে বা জল পাচ্ছেনা। আপনি আর্সেনিক দুর করার জন্য দক্ষিণ ২৪ পরগনার জন্য বিস্তৃত পরিকল্পনা ও নকশা প্রস্তুত করার প্রাথমিক কাজ শুরু

করেছেন। বর্তমান আর্থিক বছরে কিছু কর্মসূচি গৃহীত হয়েছে। উত্তর ২৪ পরগনার আর্সেনিক অধ্যুষিত এলাকার জন্য ভূপৃষ্ঠস্থ জল ব্যবহার করার ব্যাপারে একটি জল সরবরাহ প্রকল্প জাপান সরকারের আর্থিক সহায়তার জন্য উপস্থাপন করা হয়েছে। তারপরে এই দপ্তর অল ইণ্ডিয়া ইনস্টিটিউট অব হাইজিন ও পাবলিক হেলথ-এর সহযোগিতায় অশোক নগরে কল্যাণগ্রাম পুরসভা অঞ্চলের জন্য একটি পারসপেকটিভ প্লান অনুমোদনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে। এত উদ্যোগ নিয়েছেন ঠিক। কিন্তু আপনাদের সরকারি দলের বন্ধুরা খুবই আশঙ্কিত হয়ে পড়েছেন যে, আগামীদিনে আবার ভোট হতে চলেছে আমাদের দলের কি হবে? আমাদের দলের কি ভাবনা আপনাদের ভাবতে হবেনা। আপনারা নিজেদের দলের কথা চিন্তা করুন। আপনি এই যে স্কীমগুলি পাঠিয়েছেন, এগুলি মঞ্জুর হবে কিনা সেটা নিয়ে ভাবুন। পশ্চিমবঙ্গে ৩৮,০০০ গ্রামের মধ্যে এখনও ৫,০০০ গ্রামে বিশুদ্ধ পানীয় জলের কোনও ব্যবস্থা নেই। এম. সন. পি. এবং এ. আর. ডব্লু স্কিমে মৌজাগুলিতে কাজ কি হয়েছে সেটা আপনার জবাবি ভাষণে বলবেন। আমরা দেখছি, আপনার দপ্তরে কাজ বিঘ্নিত হচ্ছে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করতে গিয়ে। পঞ্চায়েতে যে কাজ হচ্ছে সেখানে আপনার দপ্তরের অফিসার এবং ইঞ্জিনিয়াররা চাকরে পরিণত হয়েছেন। সেখানে কাজ হচ্ছে না। আমার বিধানসভা এলাকার পাশেই কিরণবাবুর এলাকা। আমি আশা করেছিলাম উনি সেখানে যাবেন। সেখানে গ্রামের মানুষ যে স্যালোর জলে চাষ করছেন তাতে ভাইরাস থাকায় অনেকে আক্রান্ত হয়েছেন। ভাইরাস আক্রমণে সেখানে পাঁচ-সাতজন অসুস্থ হয়ে পড়েছেন। স্যালোর জল উঠছে ৬০ ফুট নিচু থেকে, কিন্তু তাতে ভাইরাস দেখা যাচ্ছে। অথচ আমাদের বলবার উপায় নেই যে, আমাদের একটা নলকূপ বসিয়ে দিন। অথচ সেখানকার গ্রামের মেয়েরা ঐসব স্যালো থেকে পানীয় জল আনছেন। একবার খরবেড়িয়া হাসপাতালে গিয়ে দেখে আসবেন সেখানে ভাইরাস আক্রমণে মানুষের কি অবস্থা। ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিশন হয়েছে এবং সেখানে শরিক দলগুলির দাবিতে সমন্বয় কমিটি করা হয়েছে। কিন্তু এর ফলে আমাদের দাবি কার্যকর হবে কি? আজকে পানীয় জলের যে সঙ্কট চলছে বিভিন্ন গ্রামে সেটা দূর করতে উদ্যোগ নিয়েছেন, বিশুদ্ধ পানীয় জল খাওয়াবার ব্যবস্থা করেছেন। কিন্তু আমরা চাই, যেসব জায়গায় পঞ্চায়েতের মাধ্যমে পানীয় জল দেবার ব্যবস্থা হচ্ছে সেসব জায়গায় খুঁটিয়ে পর্যালোচনা করা হোক, কারণ কাজটা হচ্ছে কিনা সেটা দেখা দরকার। আপনি এ ব্যাপারে সচেষ্ট হবেন এই অনুরোধ রাখছি। আপনার বাজেট-বরাদ্দের টাকা বাড়ানো উচিত ছিল, কারণ আপনাদের আমলে ২০টা বছর কেটে গেছে, অথচ এই ২০ বছরে—যতই বাহাদুরি দেখাবার চেষ্টা করুন না কেন—পাঁচ হাজার গ্রামের মানুষ আজও পানীয় জল পাচ্ছেন না। আমার মেদিনীপুর জেলার তমলুক, কাঁথি প্রভৃতি অঞ্চলে জলসম্পদকে যদি কাজে লাগান হত তাহলে মাটির নিচের জলস্তর নেমে যেত না। জলস্তর নেমে যাওয়ার ফলে আজকে গভীর নলকূপ ছাড়া পানীয় জলের ব্যবস্থা করা যাচ্ছে না। আজকে সেখানে পানীয় জলের অভাবের কারণে মানুষকে পচা পুকুরের জল খেতে হচ্ছে, মেয়েদের তিন-চার কিলোমিটার দূরের স্যালো টিউবওয়েল থেকে

জল আনতে হচ্ছে। তারজন্য, এখানে যে ব্যয়-বরাদ্দের দাবি রেখেছেন তার বিরোধিতা করছি এবং আমাদের কাট মোশনকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[3-40 – 3-50 p.m.]

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ১৯৯৭-৯৮ সালের জন্য যে ব্যয় মঞ্জুরির প্রস্তাব রেখেছেন আমি তাকে সমর্থন করছি। উপাধ্যক্ষ মহাশয়, এটা সবাই জানেন যে, এই বিভাগের একটি কাজ হল প্রতিটি জায়গায় বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেওয়া, যেটা জনগণের কাছে অত্যন্ত অপরিহার্য এবং গুরুত্বপূর্ণ। কিন্তু দুঃখের বিষয়, এই বিষয়ে উল্লেখ করতে গিয়ে বিরোধী দলের বন্ধুগণ এমন উচ্চ গলায় কথা বললেন ঠিকই কিন্তু এই বিভাগটা সেই সময় অবহেলিত ছিল সেটা বললেন না। এই বিভাগটা এমন একটা গুরুত্বপূর্ণ বিভাগ হতে পারে সেই কথা ওনারা চিন্তাই করেননি। আগে এই বিভাগের কি অবস্থা ছিল সেটা চিন্তা করলে আজ তাঁরা এই ভাবে মুখ খুলতে পারতেন না। আমি জানিনা তাঁদের সেই দিনগুলির কথা স্মরণে আছে কিনা। বিশুদ্ধ পানীয় জল তো দূরের কথা আদৌ পান করার মতো জল পাওয়া যেত কি না সন্দেহ। এক গ্রামের মানুষকে পাশের গ্রামে যেতে হত পানীয় জল আনার জন্য। সেই সময় নদীর জল পান করতে হত, কুয়ো খুঁড়ে গ্রামের মহিলারা সেখান থেকে পানীয় জল আনত। তখন পানীয় জলের এত সমস্যা ছিল যে স্কুলগুলিকে বন্ধ করে দিতে হত নির্দ্দিষ্ট ভেকেশনের সময়ের আগেই। এই রকম একটা চরম দুরবস্থা ছিল সেই সময়। আমাদের পশ্চিমবাংলায় বিশেষ করে গ্রাম এলাকায় পানীয় জলের সঙ্কট আছে। বিশুদ্ধ পানীয় জল বা পাইপ লাইন ওয়াটার সাপ্লাই স্কীম এইগুলি পৌরসভা এলাকার বাইরে ছিল না। সেই সময় পৌরসভা এলাকা বা সি. এম. ডি. এ এলাকার মধ্যে পাইপ লাইন ওয়াটার সাপ্লাই সীমাবদ্ধ ছিল। আজকে চোখ থাকলে দেখতে পাবেন গ্রাম এলাকায় বেশ কিছু জায়গাতে এই নলবাহী জল সরবরাহ প্রকল্পের কাজ চলছে। গ্রামে আজকে বিশুদ্ধ জলের যোগান অব্যাহত আছে। এটা যদি করা সম্ভব না হত তাহলে আন্ত্রিক আমাশা ডাইরিয়ার রোগের প্রোকপ বেড়ে যেত। ইতিপূর্বে আমরা দেখেছি জলের জন্য যে সমস্ত রোগ হয় সেই সমস্ত রোগে 'আমরা বহু মানুষ হারিয়েছি। জলের অভাব যদি না মিটত তাহলে আজকে আমাদের এই রোগের শিকার হতে হত কিছু কিছু ক্ষেত্রে অসুবিধা রয়েছে, পানীয় জলের সরবরাহের ক্ষেত্রে অবনতি ঘটেছে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। বিরোধী দলের সদস্য শোভনদেব চট্টোপাধ্যায় বলেছেন যে মন্ত্রী মহাশয়ের সদিচ্ছা এবং উদ্যোগের প্রশংসা করা উচিত, বলেছেন উনি যে দলে আছে সেই দলে বসে বাজেটকে সমর্থন করা যায় না সেই জন্য তিনি বাজেটের বিরোধিতা করেছেন। যে কোনও মানুষ, এই বিভাগ বিশেষ করে বিগত কয়েক বছর যে দ্রুত গতিতে কাজ করেছে সেটা তারিফ না করে উপায় নেই। আমাদের একটা জিনিস বিশেষ ভাবে ভাবিয়ে তুলেছে। জল সরবরাহ করা গেলেও জলের বিশুদ্ধতা নিয়ে বিভিন্ন জায়গায় সঙ্কট দেখা দিয়েছে অসুবিধা দেখা দিয়েছে। ইতিপূর্বে আর্সেনিক দূষণ

একটা আতঙ্কের সৃষ্টি করেছে যে সমস্ত জায়গায় আবিষ্কার হয়েছে যে সেখানে জলে আর্সেনিক আছে। এটা অত্যন্ত আশঙ্কার বিষয়। মন্ত্রী মহাশয় বলেছেন যে গত সেপ্টেম্বর পর্যন্ত ৮টি জেলায় এই সমীক্ষার কাজ শেষ হয়েছে, কিছু কিছু ব্লকের কিছু কিছু এলাকায় পানীয় জলের মধ্যে আর্সেনিক পেয়েছেন। তাঁর দপ্তরে সেই ব্যাপারে রিপোর্ট আছে। আমি জানতে চাই এই সমীক্ষার কাজটা এখনও চলছে কি না, বাকি জেলাগুলিতে এই সমীক্ষার কাজ কবে শেষ হবে। কত শীঘ্র মানুষকে নিশ্চিন্ত করা যাবে যে এই এট্টু এলাকার পানীয় জল দূষণ মুক্ত, কোনও আর্সেনিকের দূষণ নেই, নির্বিবাধে পানীয় জল পান করতে পারো। মাননীয় মন্ত্রী মহাশয়ের এই টাইম বাউণ্ড প্রগ্রামটা জানতে চাই যে কত শীঘ্র এই সমীক্ষার কাজটা শেষ করে সারা পশ্চিমবাংলার মধ্যে যেখানে যেখানে আর্সেনিক দূষণ আছে সেই জায়গাগুলি চিহ্নিত করে তার উপযুক্ত ব্যবস্থা নেওয়া সম্ভব হবে। মাননীয় মন্ত্রীকে বাঁকুড়া এবং পুরুলিয়া জেলার দিকে নজর দিতে বলব, বিশেষ করে এইসব জেলাতে জলকষ্ট ভীষণ, এই সব অঞ্চলে রিগবোর টিউবওয়েল খনন করে জলের কষ্ট কিছুটা প্রশমিত করা গেছে, কিন্তু এই রিগবোরগুলো খারাপ হলে পরে খরচ অনেক বেশি পড়ে যায়। এতে খরচ প্রায় ৩০ থেকে ৩৫ হাজার টাকার মতো এবং তিন বছরের মধ্যে অকেজো হয়ে যাচ্ছে। এই যন্ত্রাংশগুলোর দাম বেশি কিন্তু মান সব সময়ে ভালো নয়। এগুলো খারাপ হয়ে গেলেই ওখানকার মানুষদের দুঃখদুর্দশার শেষ থাকে না। পানীয় জলের সঙ্কট ওইসব খরা প্রবণ এলাকায় তীব্রতর। মাটির অনেক নিচে পানীয় জল, সেই কারণে নদীর থেকে পাইপ দিয়ে যদি ওয়াটার সাপ্লাই করা যায় এবং এর জন্য যদি দীর্ঘমেয়াদী পরিকল্পনা নেওয়া যায় তাহলে সমস্ত গ্রামকে এই জল কভার করতে পারবে। বিশেষ করে পাহাড়ী এলাকা সালতোড়ার চারিদিকে পাহাড়, এরজন্য একটা প্রকল্প গ্রহণ করা হয়েছিল। কিন্তু সুদূর দামোদর নদী থেকে ৬ কি.মি. লম্বা পথ পাইপ লাইন দিয়ে জল এনে সরবরাহ করা সম্ভব নয়। সেইকারণে সালতোড়া বাজারে নেওড়াখোলা জল প্রকল্পের মতো যদি একটি জল সরবরাহ প্রকল্প করা যায় তাহলে সমস্যার অনেকটা সমাধান হবে। ওখানে এক টাকা দু টাকা দরে জল কিনতে হয়। তারপরে দক্ষিণ ২৪ পরগনায় বিশেষ করে নোনা জল এলাকায় হোয়ার দেয়ার ইজ ওয়াটার এভরি হোয়ার বাট নট এ ড্রপ টু ড্রিংক। কাজেই ওইসব জায়গায় প্রকল্প অনুমোদনের আবেদন জানাচ্ছি। এরফলে পানীয় জলের সঙ্কট খানিকটা কমানো যাবে। এছাড়া উত্তরবঙ্গের ভুটানের কোল বরাবর অঞ্চলে পানীয় জলের খুব সঙ্কট। এই সমস্ত জায়গায় নির্দিষ্ট পরিমাণে জল সরবরাহের জন্য মাননীয় মন্ত্রীকে গুরুত্ব সহকারে দেখতে হবে এবং বিচার করতে হবে এই আবেদন রেখে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন। জনস্বাস্থ্যের মতো এই রকম একটা গুরুত্বপূর্ণ সামাজিক সমস্যা এবং এই সমস্যা মোকাবিলা করার ক্ষেত্রে রাজ্য সরকারের যে ব্যর্থতা এবং যুদ্ধকালীন গুরুত্ব আরোপ করে জনস্বার্থের সমস্যার উপরে নজর

দেওয়ার যে দরকার ছিল সেক্ষেত্রে বামফ্রন্ট সরকারের যে দৃষ্টিভঙ্গি তা তাঁর এই বাজেট প্রস্তাবের মধ্যে প্রতিফলিত হয়েছে। আমি সেই দৃষ্টিভঙ্গির বিরুদ্ধে প্রথমত বলতে চাই যে এই বাজেট প্রস্তাবে মাননীয় মন্ত্রী তাঁর ৪.৪ প্যারাগ্রাফে পশ্চিমবাংলার গ্রামীণ জলসরবরাহের ক্ষেত্রে গ্রামীণ জল সরবরাহের যে চিত্র তুলে ধরবার চেষ্টা করেছেন তা অতি উজ্জ্বল চিত্র। তাঁর তথ্য অনুসারে দেখা যাচ্ছে এবং তিনি বলেছেনও যে, আমরা আশা করছি ১৯৯৭ সালে মার্চ মাসের শেষে সমস্ত জল সরবরাহহীন পাড়ায় জল সরবরাহের আওতায় আনতে পারব। অর্থাৎ আনকভার্ড বলে আর কিছু থাকবে না। এটা শুনতে ভালো কিন্তু বাস্তব চিত্রটা কি তাই? আপনি যে দাবী করেছেন সেটা কি সত্যি গ্রামবাংলার চিত্রের সঙ্গে মেলে? সুন্দরবন অঞ্চলের বা খরা প্রবণ এলাকার চিত্র কি তাই? আজকে উত্তরবঙ্গ বিশেষ করে দার্জিলিং অঞ্চলের বাস্তব চিত্র কি তাই, সেখানে কি তার এই দাবি সমর্থনযোগ্য।

[3-50 – 4-00 p.m.]

আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, আপনারা সর্বত্র বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করতে সক্ষম হননি। আজকে বিংশ শতাব্দীর শেষ প্রান্তে দাঁড়িয়ে আমরা দেখছি, পশ্চিমবাংলায় আন্ত্রিকে এত অগণিত মানুষের জীবন চলে যাচ্ছে, সেটা হচ্ছে বিশুদ্ধ পানীয় জলের অভাবেই। এই ঘটনা কি প্রমাণ করে, তিনি সকলের কাছে বিশুদ্ধ পানীয় জল পৌছে দিতে পেরেছেন দাবি অনুযায়ী। এই মুহূর্তে দার্জিলিঙের অবস্থা কি, দার্জিলিঙে পানীয় জলের চরম সঙ্কট, সেখানে ৯ টাকা বালতি জল কিনতে হচ্ছে, এই রকম একটা অবস্থা। সরকারের অফিসগুলিতেও কিন্তু জল কিনতে হচ্ছে। গৃহস্থদের তো কিনতেই হচ্ছে। অথচ নির্বাচনে প্রতিশ্রুতি ছিল দার্জিলিঙে সামগ্রিক পানীয় জল সরবরাহ করা হবে। নির্বাচনে এই প্রতিশ্রুতি দিয়েছিলেন কিন্তু দার্জিলিঙের মানুষের আজও সেই সঙ্কট চলছে। ২/৩ দিন আগেও কাগজে দেখলাম, এই সমস্যা রয়েছে। ডিসেম্বর থেকে জুন মাস পর্যন্ত ঝোরাগুলি থেকে জল আসে সিনচেন (১), সিনচেন (২) হয়ে সিংধাপ সরোবরে জল এসে জমা হয়। ঘুম আর জোড়বাংলার ওখানে ট্রিটমেন্ট প্ল্যান্টে জলটা পরিশ্রুত হয় এবং সেই জলটা সরবরাহ করা হয়। এই সময় ঝোরাগুলি আবার শুকিয়ে যায়। ফলে জলের সমস্যা দেখা দেয়। নর্মাল ওয়াটার সাপ্লাই বন্ধ, এটাই হচ্ছে একটা চিরস্থায়ী সমস্যা। দক্ষিণ ২৪ পরগনার ডায়মণ্ডহারবারে পৌরসভায় জল নেই, সেখানে ১০ টাকা ভারীতে জল কিনতে হচ্ছে। পাইপ ওয়াটারের মাধ্যমে যে নলবাহী জল, সেটা যথেষ্ট নয়, সমস্ত জায়গায় সেটা যায়না, যেখানে যেখানে পাইপ গিয়েছে, সেখানেও ঠিক ঠিক ভাবে জল যায় না। আবার জলে নোংরাও দেখা যাচ্ছে। জয়নগর পৌরসভায় আপনি খোঁজ নিয়ে দেখবেন, মজিলপুরে একটা পাইপ ওয়াটার সিস্টেম আছে, আর জয়নগরে পাইপ ওয়াটার সিস্টেম আছে, সেখানে কয়েক বছর ধরে সেটা ফাংশন করছে না, এই রকম অবস্থা চলছে নলবাহী জল প্রকল্পে। হাওড়ার অ্যাডেড এরিয়া যেটা হাওড়া পৌরসভার মধ্যে আনলেন, সেখানে চরম জল সঙ্কট চলছে। জলের অভাবে মানুষ দারুণ কষ্টের মধ্যে রয়েছে। আমি গ্রাম বাংলার কথা ছেড়েই দিলাম। আপনি বিশুদ্ধ পানীয় জল পৌছে দেওয়ার ব্যাপারে

যে চিত্রটা তুলে ধরেছেন, সেটা বাস্তব অবস্থার সঙ্গে মিলছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটা বিষয় নিয়ে বলতে চাই, সেটা হচ্ছে, আর্সেনিক নিয়ে আমরা উদ্বিগ্ন। আর্সেনিক যুক্ত জলের ব্যাপারে যে সমীক্ষা হয়েছে ৮টি জেলায় ৬১টি ব্লকে ৪৫ লক্ষ মানুষ—১৯৯১ এর সেনসাস অনুযায়ী আক্রান্ত এখন ৫০ লক্ষের উপর মানুষ আর্সেনিক জলে আক্রান্ত হচ্ছে। একটা মারাত্মক অবস্থা সৃষ্টি হয়েছে। দুরারোগ্য রোগে আক্রান্ত হচ্ছে, হাজার হাজার মানুষ এই ব্যাধির শিকার হচ্ছে। অগণিত মানুষ মারা গিয়েছে। বছরের পর বছর এই রকম একটা সমস্যা দেখা যাচ্ছে। এই রকম বিশুদ্ধ পানীয় জলের অভাবে এত মানুষের জীবনান্ত হচ্ছে, প্রাণান্ত হচ্ছে। এই রকম একটা ইস্যু ওয়ারফুটিং এর উপর দাঁড়িয়ে রাজ্য সরকারের মোকাবিলা করার দরকার ছিল জনমুখী সরকারের দৃষ্টিভঙ্গি নিয়ে। আপনি এক্ষেত্রে হেল্পলেস, ব্যক্তিগত ভাবে বলতে পারি, টাকা না পেলে আপনি কি করবেন। আপনি যে প্রকল্পর কথা বলছেন, দক্ষিণ ২৪ পরগনার জন্য ২ শত কোটি টাকার একটা প্রকল্প, মালদার জন্য নিয়েছেন এই সমস্ত প্রকল্পগুলি লং টার্ম প্রকল্প।

একটা লং টার্ম প্রকল্প। কেন্দ্রের অনুমোদন পাবেন, তারপর নক্সা শুরু হবে, অথচ আর্সেনিক একটা এপিডেমিকের রূপ ধারণ করেছে। একটা মহামারীর মতো মানুষকে আক্রমণ করছে। হাজার হাজার মানুষ তার বলি হচ্ছে, প্রাণ দিচ্ছে। আর আপনারা কেন্দ্রের অনুমোদন, নক্সা ইত্যাদি লং টার্ম একটা প্রকল্প দিয়ে কি মীট করেন? এই কি একটা সরকারের—জনমুখী সরকারের দৃষ্টিভঙ্গি? ওয়ারফুটিং এর উপর দাঁড়িয়ে, ক্যাবিনেটে জরুরি ভিত্তিতে যেভাবে বিষয়টা দেখা উচিত ছিল, এই এপিডেমিক ঠেকানোর জন্য যে ফান্ডের অ্যালটমেন্ট করা দরকার ছিল তা আপনারা করেননি। জনস্বাস্থ্যের মতো একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনাদের সেই দৃষ্টিভঙ্গি দেখতে পাওয়া যায়নি। আপনারা নয়া অর্থনীতির বিরুদ্ধাচারণ করেন, বিকল্প অর্থনীতির কথা বলেন? আপনাদের এই বাণিজ্যিক দৃষ্টিভঙ্গির বিরোধিতা করছি। এই বাজেট এর বিরোধিতা করে, আমার আনা কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জনস্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধী দলের আনা কাট মোশন বিরোধিতা করে আমার খুব সামান্য বক্তব্য রাখছি। কদিন আগে একটা গ্রামে গিয়েছিলাম, গিয়ে সেই গ্রামবাসীরা একটা শিশিতে করে জল এনে দেখাল এবং বলল জলটাতে আর্সেনিক পাওয়া গিয়েছে। আমি জিজ্ঞেস করলাম তোমরা কি করে বুঝলে? তারা বলল যে অফিসাররা বলেছে যে যে জলটা ধরে রেখে যদি দেখা যায় যে জলটা কালো হয়ে গেছে তাহলে বুঝতে হবে যে জলটাতে আর্সেনিক হয়েছে। আমি তারপর আবার তাদের অফিসে পাঠালাম। জানি না পরীক্ষা করে কি পাওয়া গেছে। আমাদের এটা ভাবতে হবে আমরা বিশুদ্ধ কলের জল তুলি কিন্তু গ্রামাঞ্চলে এমন অনেক জায়গা আছে যেখানে নোনা জল বা খরাপীড়িত এলাকা সেখানকার মানুষ কুয়ো বা টিউবওয়েলের উপর নির্ভর করে থাকে। আমরা কলের জল চাই না, আমরা জলের কল চাই। যে কলে বিশুদ্ধ জল আছে, আমরা সেই কল চাই। আমাদের

শহরে, মেদিনীপুর শহর এলাকায় লক্ষাধিক লোকের বাস। সেখানে একটা মাস্টার প্ল্যান হয়েছিল। বিগত ৪ বছরের মধ্যে এই স্কীমটা কমপ্লিট হয়নি, ১৯৯৪-৯৫-৯৬ এর মধ্যে। তারপর বিদ্যুৎ দপ্তর এক রকম বলছেন তো পি.এইচ.ই. আরেক রকম বলছেন। কোনও জায়গায় বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে তো জমি অ্যাকোয়ার করতে পারা যায়নি। প্রোজেক্টে যে টাকা বরাদ্দ করা হয়েছে প্রতি বছর জিনিসপত্রের দর বৃদ্ধির ফলে সেই টাকা বেড়ে যাচ্ছে। তখন আবার সেই হাডকো থেকে, গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল এর থেকে বিশ্বব্যাঙ্ক এর কাছ থেকে ঋণ নিয়ে কাজ করতে হচ্ছে। তারপর ঠিকেদাররা যেখানে মাটির নিচে ২১ ইঞ্চি পাইপ নেওয়ার কথা সেখানে অনেক উপর দিয়ে পাইপ নিয়ে যাচ্ছে। আবার কালভার্ট যেখানে ১৮ ইঞ্চি করার কথা সেখানে কম করছে। সুতরাং খরচ দিনের পর দিন বাড়ছে। সেই তুলনায় শহর বলুন আর গ্রামই বলুন কাজের অগ্রগতি হচ্ছে না। সেদিক থেকে আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রীকে সাধুবাদ জানাই যে রাজ্যের জল প্রকল্প এর কাজ চালিয়ে যাবার চেষ্টা তিনি করছেন।

**শ্রী রামপ্রবেশ মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ৩৫ নম্বর দাবির অন্তর্ভূক্ত মুখ্য খাতে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, তার পরিমাণ ২শো ৬১ কোটি ৪৮ লক্ষ ৫০ হাজার টাকার ব্যয় বরাদ্দ এর যে দাবি তিনি রেখেছেন সে সম্পর্কে বলতে গিয়ে আমি বলব যে টাকা অনেক এর বিরুদ্ধে আমার কোনও বক্তব্য নেই। আমার যে বক্তব্য সেটা হচ্ছে প্রয়োগ পদ্ধতি সম্পর্কে। মাননীয় মন্ত্রী তাঁর বাজেটে পরিকল্পিত ভাবে কিছু অপরিকল্পিত মনোভাব দিয়ে, এই বাজেট খুব ভাল হয়েছে বলে বলছেন।

[4-00 – 4-10 p.m.]

তাই এই বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করে এবং আমাদের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে সেই কাট মোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। আমার সমালোচনা, আমার বক্তব্য পদ্ধতিগত প্রয়োগের বিরুদ্ধে। এই প্রসঙ্গে বলতে গিয়ে আমার মনে পড়ে গেল একটা বিয়ে বাড়িতে খেতে গিয়েছিলাম। সেখানে মেয়ের বাবা প্রচুর খরচা করেছিলেন, অনেক জিনিস রান্না হয়েছিল। কিন্তু সেখানে খেতে বসে লাইট নিভে গেল। রান্নায় কোনটাতে নুন বেশি, কোনটাতে নুন কম ছিল। আমরা সেখান থেকে নিরাশ হয়ে ফিরে এলাম। তেমনি মন্ত্রী বাজেটে অনেক বেশি টাকা রেখে যদি ভাবেন যে উন্নয়ন করেছেন তাহলে তিনি মূর্খের রাজত্বে বাস করছেন তাতে কোনও সন্দেহ নেই। মন্ত্রী বাজেটে বলেছেন ১৯৯৬-৯৭ সালের ন্যূনতম প্রয়োজনভিত্তিক পরিকল্পনার জন্য ব্যয় বরাদ্দ ৪ হাজার লক্ষ টাকা রেখেছেন। হস্তচালিত নলকূপ, ইঁদারা খনন, কুয়ো খনন ইত্যাদি বাবদ জেলা পরিষদের জন্য ব্যয় বরাদ্দ ৪১০ লক্ষ টাকা। এই সমস্ত কাজকর্মের জন্য কন্ট্রাক্টর নিযুক্ত করা হয়। কিন্তু তারা ঠিক ঠিক প্ল্যান এস্টিমেট মাফিক কাজ করছেন কি না, মাননীয় মন্ত্রী সেই খবর রাখেন কি না তাতে সন্দেহ আছে আমার এলাকা মালদা জেলার মানিকচক বিধানসভা অঞ্চলে সুষম পানীয় জলের জন্য

৩টে ইঁদারা খনন করা হয়। কিন্তু যে প্ল্যান অস্টিমেট দিয়ে এই কাজগুলো করার কথা ছিল সেগুলো সেই ভাবে করা হয়নি। এখানেও বেশি টাকা তছরূপ হয়। এ ব্যাপারে আমার কাছে তথ্য প্রমাণ আছে। এই ধরনের কাজকর্ম চললে গ্রামাঞ্চলের সাধারণ, খেটে খাওয়া মানুষদের সুষম জল পাওয়ার ব্যাপারে সন্দেহ দেখা দিয়েছে। এ ব্যাপারে আমি তদন্ত দাবি করছি। ঐ ৩টে ইঁদারার ভিতর নেমে যদি মাপা যায় তাহলে দেখা যাবে যে হাজার হাজার টাকা তছরূপ করা হয়েছে। আমি এই ব্যাপারে বিচার বিভাগীয় তদন্তের দাবি করছি। তা না হলে বাজেটে কোটি কোটি টাকা বরাদ্দ করলেও তা জনগণের উপকারে আসবে না। এই ব্যাপারে উচ্চ পর্যায়ের তদন্ত দাবি করছি। মাননীয় মন্ত্রী বাজেটে আর্সেনিক মুক্ত জলপানের কথা বলেছেন। এরজন্য বড় বড় প্রকল্প করেছেন। গ্রামাঞ্চলের মানুষকে আর্সেনিক মুক্ত জলপান করানোর জন্য জেলা পরিষদগুলোকে লক্ষ লক্ষ টাকা দিচ্ছেন। কিন্তু তারা আদৌ পরিকল্পনামাফিক কাজ করছেন না। এর জন্য মালদায় ৮৮ কোটি টাকার বেশি স্যাংশন করেছেন এবং কাজ শুরু হয়েছে। কিন্তু যে সমস্ত কন্ট্রাক্টরকে দিয়ে আপনারা ওখানে কাজকর্ম করাচ্ছেন তাদের জন্য সেখানে যে জমির দাম এক লক্ষ টাকা ছিল, সেই মূল্য এখন কাগজে কলমে ১০ লক্ষ টাকা থেকে ২০ লক্ষ টাকা দেখানো হচ্ছে এবং কোটি কোটি টাকা আত্মসাৎ হচ্ছে। এইসবের তদন্ত না হলে মানুষকে আর্সেনিক মুক্ত জল পান করানো যাবে না। এই কথা বলে আমি এই বাজেটের ব্যয় বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের আনীত কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গৌতম দেব ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, এই বাজেটের সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে দু-একটি কথা বলছি।

প্রথমত বামফ্রন্ট সরকারে এই দপ্তরের মন্ত্রী এখন আমি আছি, আগে অন্য অন্য মন্ত্রী ছিলেন। প্রথমে বামফ্রন্ট, তারপর বামফ্রন্ট সরকার—এটা একটা নীতি, যে নীতিতে জমি দখল করে বিলি করা হয় গরিবদের মধ্যে, যে নীতিতে অন্য দপ্তর থেকে টাকা কেটে কিছু টাকা বিদ্যুৎ দপ্তরে দেওয়া হয় ১০।১৫।২০ বছর ধরে স্ট্যাবিলিটি দেওয়ার জন্য। আমরা এই নীতিতে অনেক ভালো কাজ করেছি, আরও করতে হবে, তার মধ্যে একটা হচ্ছে পানীয় জলের ব্যবস্থা। কংগ্রেস কি করতে পারেনি, আমরা কি করেছি, এসবের মধ্যে আত্মসন্তুষ্ট হয়ে যাচ্ছি না। আমাদের আরও অনেক জরুরি কাজ করার আছে, আগামী কয়েক বছরে তা আরও ভাল ভাবে করতে চাই। তার রিফ্লেকশন দেখতে পাবেন বাজেট অ্যালোকেশনে। ফিনান্স মিনিস্টার যে বাজেট বক্তৃতা রেখেছিলেন, তাতে দেখবেন সেখানে পারসেন্টেজ যে হাতে গোনা একটা-দুটো দপ্তরের জন্য সবচেয়ে বেশি বেড়েছে, তার মধ্যে একটি হচ্ছে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং এবং বিশেষ করে রুর‍্যাল সেক্টরে। আরবানের কথায় যাচ্ছি না, সেটা অন্য বিষয়। এই মনোভাব নিয়েই আমরা চলছি এবং এর ফলাফল আমরা সর্বত্র দেখতে পাচ্ছি। আমরা দাবি করছি না সমস্ত সমস্যা আমরা মেটাতে পেরেছি, কিন্তু আমরা চেষ্টা করছি। দেখতে দেখতে সরকারে আমাদের ২০ বছর হয়ে গেল, এই দীর্ঘকাল ধরে

কংগ্রেসকে বিরোধী পক্ষে বসে থাকতে হচ্ছে, তাদের আসামীর কাঠগড়ায় দাঁড় করিয়ে আমি আত্মপ্রসাদ লাভ করতে চাইছি না, কিন্তু বলার চেষ্টা করছি কিভাবে এটা হয়েছে।

এক নম্বর হচ্ছে পাইপ ওয়াটার সাপ্লাই। পাইপে করে জল খাবে মানুষ—যেটা কলকাতা বা এক আধটা শহরে সম্ভব, তা গ্রামের লোকের পক্ষে সম্ভব, টিউবের ট্যাপ খুলে জল খাবে। আর, রিজার্ভারে জল থাকবে। এটা স্বপ্নের বিষয়, এটা হতে পারে না। ১৯৭৭ সালে পশ্চিমবাংলায় যত লোক ছিল, গ্রামে, তার ০.০৭ পারসেন্ট রুরাল পপুলেশন পাইপ ওয়াটারের জল খেয়েছে। কার্যত সেটা একটা নেগলিজিবল পারসেন্টেজ—দার্জিলিং-এ কিছু ঝোরা ভিত্তিক পাইপ ওয়াটার ছিল। সেটা ১৯৭৭ সালে, যেদিন একটাও পাইপ ওয়াটার সিস্টেম পশ্চিমবাংলার কোনও গ্রামে ছিল না। সেটা বাড়তে বাড়তে এখন পশ্চিমবাংলার ১৭.১২ পারসেন্ট গ্রামের মানুষ পাইপ ওয়াটারের জল খাচ্ছে। এই মুহূর্তে যে সমস্ত স্কিমগুলোর কাজ চলছে, ৬।১০। ১৪ মাস বাদে শেষ হবে। নতুন যেগুলো করা হবে সেইগুলো ছেড়ে দিন। সেইগুলোকে যুক্ত করলে ২২।২৩ পারসেন্ট মানুষ আগামী ১।২ বছরের মধ্যে পাইপ ওয়াটারের কভারেজে থাকবে। একজন বললেন, ১০০ ভাগ কবে হবে? আমি তা বলতে পারব না, কিন্তু আমাদের পরিকল্পনা আছে। এটা তো সব জায়গায় করা যায় না, বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূমে এটা করা মুশকিল। মাটির তলায় জল থাকা দরকার এর জন্য। যেখানে পাথুরে জায়গা, পাথরের খাঁজে খাঁজে জল থাকে, সেইগুলো বার করা দরকার আছে। এটা তো সব জায়গায় করতে পারব না।

[4-10 – 4-20 p.m.]

সব জায়গায় পাইপ ওয়াটার করা যায় না। মনে করলেই ডুয়ার্সের সব জায়গায় করতে পারবেন না। সেখানে আমাদের রিগ বোর টিউবওয়েল করতে হয়। অর্থাৎ রিগ বোর টিউবওয়েল এখন আমরা যেটা করছি বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুরের ঝাড়গ্রাম, আসানসোল প্রভৃতি যে সমগ্র পাথুরে অঞ্চল এবং ইনক্লুডিং ডুয়ার্স যেটা পশ্চিমবাংলায় একটা ক্রিটিক্যাল এরিয়া ইন ওয়াটার ম্যানেজমেন্ট। জলের ব্যবস্থা করবার ক্ষেত্রে রাজ্যের যে কয়েকটা ক্রিটিক্যাল এরিয়া আছে তার মধ্যে একটা হচ্ছে ল্যাটেরাইট জোন অ্যান্ড ফুট হিসল। পাথুরে জায়গার কোণেও সেখানে সামান্য জল লুকিয়ে আছে—ভেরি ডিফিক্যাল্ট। সেখানে রিগ বোর টিউবওয়েল—এমনি টিউবওয়েল করা যায় না। কাজেই রিগ বোর টিউবওয়েল ১৯৭৭ সালে ছিল না এই তামাম ৪/৫টা জেলা যার কথা বললাম সেখানে। আপনাদের সময়ে আপনাদের মন্ত্রী মহাশয়রা কি করেছেন না করেছে তার সই করা কাগজপত্র রাখা আছে, আমরাও নিয়ে যাব না, সব থাকবে। একটাও রিগ বোর টিউবওয়েল সারা পশ্চিমবাংলায় ছিল না ফর এ টোট্যাল ল্যাটেরাইট অর্থাৎ হিলি জোনে। সেখানে ২৯ হাজার টিউবওয়েল আমরা করেছি। এক একটা করতে ৩০ থেকে ৭০ হাজার টাকা খরচ। পাথরের বুক চিরে জল বার করা হচ্ছে। যদি কেউ বলেন, সাফিসিয়েন্ট? আর লাগবে না, করতে হবে না? হ্যাঁ হবে। এই

ফিন্যান্সিয়াল ইয়ারেই হয়ত ৪০০।৫০০ করব। তবে আমরা অনেকটা করতে পেরেছি এবং আরও করব।

হ্যান্ড বোর টিউবওয়েল যেটা বলা হয়, হাতে পাম্প করে যে টিউবওয়েল থেকে জল নেওয়া হয় তার মধ্যে পশ্চিমবাংলায় পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট যতগুলো করেছে তার সংখ্যা ১ লক্ষ ৬৩ হাজারের বেশি। এর পেছনে কখনও ১০ পারসেন্ট, আবার কখনও বা ১৫ পারসেন্ট খরচ আছে সারানোর জন্য। ন্যাচরাল ডেথ হয়ে গেলে সেটার কথা আলাদা। এর সাথে সাথে এক্সপেন্ডিচার দিলে বোঝা যায়, বক্তৃতায় বোঝা যায় না—ঠিকই বলেছেন। শেষ পর্যন্ত যাই বক্তৃতা দিন তার সাপোর্টে কি টাকা পয়সা রেখেছেন তা দিয়ে বোঝা যায়। মৃণালকান্তি রায় মহাশয় বলেছেন ঠিকই। আপনাদের সময়ে পি.এইচ.ই. অর্থাৎ পাবলিক হেলথ ডিপার্টমেন্টের কোনও গুরুত্ব ছিল না, ৮।১০ ডিপার্টমেন্টের সঙ্গে শেষের দিকে লেজের মতো জুড়ে দেওয়া হয়েছিল। যেন অনেক কাজ করার পর যদি সময় পায় তাহলে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং-এর কাজ করবে। এই ভাবে কখনও ওয়াটার ম্যানেজমেন্টের কাজ করা যায়? আপটু ১৯৯৭ টোট্যাল জলের জন্য খরচ হয়েছে রুর‍্যাল এরিয়াতে ৩ কোটি ৮৮ লক্ষ টাকা, নট ডিউরিং দি পিরিয়ড, আপটু দ্যাট পিরিয়ড অ্যান্ড আপটু ১৯৯৭ ইনক্লুডিং দ্যাট ৩.৮৮ লক্ষ। কংগ্রেসে কোথায় সেটা হয়েছে? ৫৮৭ কোটি ৮৫ লক্ষ টাকা অন গোয়িং নয়, অলরেডি নানান স্কীমে এক্সপেন্ডিচার করেছি।

এবারে আসুন আরবানে। আমাদের পি.এইচ.ই.-কে ৮০টা মিউনিসিপ্যালিটির জল সরবরাহের ব্যাপার দেখতে হয়। বাকিগুলো সি.এম.ডি.এ. এলাকাভুক্ত পি.এইচ.ই. সেখানে কিছু করে না। তার মধ্যে ৩৭টা মিউনিসিপ্যালিটিতে ১৯৭৭ সালে পাইপ ওয়াটার সাপ্লাই কিছু ছিল। কোথাও সামান্য, কোথাও বেশি। এটা ওঁরা নিয়ে এসেছেন। ৮০-এর মধ্যে ৭৭-টায় পানীয় জল এবং বাকি আর ৩-টে মিউনিসিপ্যালিটি খরা, ক্ষীরপাই, রামজীবনপুর যার ৩-টে মেদিনীপুর জেলার ছোট ছোট মিউনিসিপ্যালিটি। সেখানে তিনটে প্রোজেক্ট-এর কাজ শুরু হয়ে গেছে। এ বছরে শেষ হয়ে যাবে। পশ্চিমবাংলার ৮০টা মিউনিসিপ্যালিটির সব কটা মিউনিসিপ্যালিটি বলব না, সেখানে পাইপ ওয়াটার সাপ্লাই নেই। যদি বলা হয়, তার মানে কি, যে মিউনিসিপ্যালিটিগুলো, ইচ অ্যান্ড এভরি কোনও একটা নতুন গড়ে ওঠা পাড়া নেই? সেখানে লাইন যায়নি? যেমন কোনও পাড়া গড়ে উঠল সঙ্গে সঙ্গে তার পেছনে লাইন নিয়ে ছুটতে পারছেন? তা হয়ত পারছি না, কিন্তু এই অগ্রগতি আমরা করতে পারছি এবং বাকিটাও আমাদের করতে হবে।

এ ক্ষেত্রে আমরা কথা বলেছি পৌর দপ্তরের সঙ্গে আলোচনা করেই বলেছি। যেমন ধরুন এ মুহূর্তে ২৮, ২৯, ৩০টি মিউনিসিপ্যালিটিতে স্কীম নেওয়া হয়েছে। শিলিগুড়ি, রানাঘাট, খড়গপুর, বাঁকুড়া, মেদিনীপুর, দুর্গাপুর এই মিউনিসিপ্যালিটিগুলিতে প্রোজেক্ট ওয়ার্ক চলছে, এই সাতটি প্রোজেক্টে মোট খরচ প্রায় ১২০ কোটি টাকা। এর কোনটা সামনের বছরেই শেষ

হবে, কোনটা তার পরের বছরেই শেষ হবে, এই রকমই। আমি সব প্রোজেক্টের কথা বলছি না, কয়েকটি বড় বড় প্রোজেক্টের কথাই বলছি। তার মধ্যে খড়গপুর এবং মেদিনীপুর এই দুটিতে চেয়ারম্যান হচ্ছে কংগ্রেসের লোক, মেম্বারও বেশি কংগ্রেসের। দুটি বড় প্রোজেক্ট চলছে। এই টাকা কে দেবে? রাজ্য সরকার পুরো টাকা দিতে পারবে না তার রাজ্য বাজেট থেকে। মিউনিসিপ্যালিটিকে লোন নিতে হবে, রাজ্য সরকার তার ব্যবস্থা করে দেবে। এই খরচের একটা বড় অংশ রাজ্য সরকার গ্রান্ট হিসাবে দেবে। বাকি টাকা মিউনিসিপ্যালিটিকে মানুষের কাছ থেকে অ্যাডভান্স চাঁদা নিয়ে করতে হবে, এটা পশ্চিমবাংলায় আগে কখনও হয়নি। আমরা আলোচনা করে এই সিদ্ধান্ত নিয়েছি, তাতে ২৭ কোটি ৫৬ লক্ষ টাকা এই মিউনিসিপ্যালিটিগুলিকে তুলে দিতে হবে। না দিলে স্কীম হবে না। শিলিগুড়িতে ৪৬ কোটি টাকার মধ্যে ৯ কোটি ৯৫ লক্ষ টাকা দিতে হবে, রানাঘাটে ১ কোটি ৯৪ লক্ষ টাকার মধ্যে ২৯ লক্ষ টাকা দিতে হবে, খড়গপুরে ২১ কোটি ৪১ লক্ষ টাকার মধ্যে ৩ কোটি টাকা দিতে হবে, মেদিনীপুরে ১০ কোটি ৪১ লক্ষ টাকার মধ্যে ২ কোটি ১০ লক্ষ টাকা দিতে হবে, বাঁকুড়ায় ৪ কোটি ৭৩ লক্ষ টাকার মধ্যে দিতে হবে ৯৪ লক্ষ টাকা, আর দুর্গাপুরে ২২ কোটি ২৭ লক্ষ টাকার মধ্যে ১১ কোটি ২৭ লক্ষ টাকা দিতে হবে। যারা কনজিউমার আছেন যেমন হোটেল, বড় বড় বাড়ি তাদের কাছ থেকে অ্যাডভান্স নেবেন এবং আমরা পি.এইচ.ই. থেকে বলে দেব ৬ মাস কিংবা ১ বছরের মধ্যে তারা জল পাবেন। এটা পশ্চিমবঙ্গ সরকারের কথা, মিউনিসিপ্যালিটির কথা নয়। সরকারকে টাকা অ্যাডভান্স নিতে হচ্ছে তার কারণ হল আমাদের শিলিগুড়ি থেকে ২২ কিঃমিঃ দূরে তিস্তা থেকে ইলেক্ট্রিক পুড়িয়ে জল আনতে হচ্ছে এবং সেই জল পাঁচ তলার উপরে তুলে ধনী লোকেরা শাওয়ারে স্নান করছেন, হোটেলের কাজের জন্য জল ব্যবহার হচ্ছে, কাজেই এর জন্য পয়সা দিতেই হবে। গরিব লোকের জন্য টাকা লাগবে না, তাদের বিনা পয়সায় জল দেওয়া হবে। আর বড় লোকেরা যদি টাকা না দেন, তাহলে তাদের টিউবওয়েল পুঁতে জল খেতে হবে, অবশ্য সে জলও ভাল। ভারত সরকার আগামী নবম বার্ষিক পরিকল্পনাতে শহরগুলিতে পানীয় জলের যে সমস্যা আছে তার সমাধানের জন্য ৫২ হাজার কোটি টাকার পরিকল্পনা নিয়ে আলোচনা করছে।

[4-20 – 4-30 p.m.]

ভারত সরকার একটা হিসাব করেছে, আগামী নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৫২ হাজার কোটি টাকা লাগবে। ৫২ হাজার কোটি টাকা—পাঁচ বছরের জন্য ভারত সরকার এবং সব কটা রাজ্য সরকার যে টাকা রেখেছে এবং এই পাঁচ বছরে বিদেশ থেকে যে টাকা পাওয়া যাবে, সবটাই আপ করে ১৩ থেকে ১৪ হাজার কোটি টাকার বেশি হবে না। বাকিটা জনগণ দেবে। শুধু তাই নয় বিভিন্ন প্ল্যানিং এক্সাসাইজ করতে হবে, অনেক কিছু

করতে হবে, প্রায়রিটি চেঞ্জ করতে হবে। এর মধ্যে একটা হচ্ছে দোজ হু ক্যান এফোর্ড, যারা দিতে পারবে তাদের কাছ থেকে নিতে হবে। আমাদের এক একটা জলের স্কীম মেন্টেন করতে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা খরচ হচ্ছে। সুতরাং সেখানে যারা পড়বে তাদের দিতে হবে। কিন্তু সাধারণ মানুষদের কাছ থেকে পয়সা নেওয়ার কথার কোনও প্রশ্নই ওঠে না—তারা বিনা পয়সায় জল পাবেন। সে জায়গাগুলো সেইভাবেই করছি। ফলে মিউনিসিপ্যালিটিগুলিকে এর সাথে ইনভলভ করছি।

রিগার্ডিং আর্সেনিক, এটা প্রত্যেকেই বলেছেন। আজকেই বিধানসভায় শোভনদেব বাবুর একটা দৃষ্টি আকর্ষণীর ওপর একটা স্টেটমেন্ট দিয়েছি। এখন পর্যন্ত প্রাপ্ত খবর অনুযায়ী—শুধু ভারতেই নয়, পৃথিবীর আর কোথাও এত বিস্তীর্ণ এলাকা নিয়ে মাটির নিচে আর্সেনিক পাওয়া যায়নি। জাপান, আমেরিকা, ইউরোপের কিছু কিছু জায়গায় আর্সেনিক প্রবলেম হয়েছে। কিন্তু এত বিস্তীর্ণ অঞ্চল নিয়ে এ জিনিস এখন পর্যন্ত আর কোথাও ধরা পড়েনি। এক মাত্র বাংলাদেশের খবরটা এখনও বেরয়নি, ওটা বেরলে ওদের অবস্থাটা জানতে পারব। সারা পৃথিবীর মধ্যে পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি এলাকা নিয়ে আর্সেনিক সমস্যা দেখা দিয়েছে। আর কোথাও এরকম আর্সেনিক পাওয়া যায়নি। জাপানে আর্সেনিক সমস্যা দেখা দিয়েছিল, আমরা তাদের সঙ্গে আলোচনা করেছি। আমেরিকায় আর্সেনিক সমস্যা কিভাবে মোকাবিলা করা হয়েছে, তা নিয়ে আমরা তাদের সঙ্গে আলোচনা করেছি। ল্যাটিন আমেরিকার কিছু কিছু জায়গায় এই সমস্যা আছে, বিশেষ করে চিলিতে, তাদের সঙ্গে আমরা আলোচনা করেছি। ইউরোপের হ্যাঙ্গেরি-সহ কয়েকটি দেশে আর্সেনিক প্রবলেম আছে, তাদের সঙ্গে আমরা আলোচনা করেছি। আমাদের মালদা থেকে শুরু করে দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর পর্যন্ত বিস্তীর্ণ এলাকা—এর মধ্যে কয়েক লক্ষ মানুষের বাস—ফরচ্যুনেটলি এর মধ্যে সব এলাকাই আর্সেনিক কবলিত নয়। কিন্তু অনেকটাই আর্সেনিক অ্যাফেকটেড, যা পৃথিবীর আর কোথাও নেই। এই রকম বিস্তীর্ণ এলাকা আর্সেনিক অ্যাফেকটেড হবার কারণটা জিওলজিক্যাল। এটা এমন নয় যে, কোনও কারখানা থেকে আর্সেনিক বেরিয়ে মাটির নিচে গিয়ে জলের সঙ্গে মিশে যাচ্ছে, পৃথিবীর অনেক জায়গায় যা হয়েছে। কোথাও সোনার কারখানা থেকে আর্সেনিক বেরিয়েছে, কোথাও অন্য কোনও ফ্যাক্টরি থেকে আর্সেনিক বেরিয়েছে। জার্মানিতে মদের কারখানা থেকে আর্সেনিক বেরিয়েছিল। মদ তৈরিতে নাকি আর্সেনিক লাগে। তারা সে সমস্ত ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করেছে, তাদের প্রবলেম মিটে গেছে। কোথাও আবার আঙুর ক্ষেতে বহুদিন ধরে সার স্প্রে করে করে এই সমস্যার সৃষ্টি হয়েছিল, তারা স্প্রে বন্ধ করে আর্সেনিক মুক্ত হয়েছে। কিন্তু আমাদের এখানে এই সমস্যাটা পুরোপুরি জিওলজিক্যাল—হাজার হাজার বছর ধরে মাটির তলায় আর্সেনিক রয়েছে ভৌগোলিক কারণে। এটা এমন নয় যে জ্যোতি বসু মুখ্যমন্ত্রী হলেন আর মাটির তলার জল আর্সেনিক পরিপূর্ণ হয়ে গেল। তা নয়। আগে কখনও এট পরীক্ষা করা হয়নি। কংগ্রেস আমলে কখনও পরীক্ষা করা হয়নি। তাদের চিন্তাধারা ছিল—জল যখন দেখতে পাচ্ছে তখন ঐ জল খেয়ে বাড়ি চলে যাও। জল পরীক্ষার আবার কি আছে

সে সময়ে কোথাও কোনও জল পরীক্ষা করেছেন, এমন কোনও প্রমাণ ওঁরা দেখাতে পারবেন না। আমরা বামফ্রন্ট সরকার জল পরীক্ষা করে লোককে বলছি—আর্সেনিক এরিয়ার ম্যাপ করে বলছি, ঐ এলাকার জল খেওনা। আমরা যদি ম্যাপ না করতাম তাহলে আপনাদের আর্সেনিক অ্যাফেকটেড এলাকাগুলো সম্বন্ধে জানতেন কি করে? আমরা ম্যাপ করে মানুষকে বলছি—এখান থেকে ঐ এলাকা পর্যন্ত আর্সেনিক আছে। আমরা শুধু এই কাজই করেছি, তা নয়, এই সমস্যা কি করে মোকাবিলা করা যায় তার জন্য আমরা উদ্যোগ গ্রহণ করেছি। দেবপ্রসাদ বাবু ঠিকই বলেছেন। আমরা বড় বড় প্রোজেক্ট নিয়েছি। এ বিষয়ে আমাকে অনেক কেন্দ্রের প্রাক্তন কংগ্রেসি মন্ত্রীও সাহায্য করেছেন। জগন্নাথ মিশ্র, উত্তম ভাই প্যাটেলকে আমি দিল্লি থেকে মালদায় নিয়ে এসেছিলাম। মানস ভূঁইয়া তখন ছিলেন। আগে পি.এইচ.ই. সংক্রান্ত বিষয়ে তিনিই এখানে বক্তৃতা করতেন। আমরা বড় বড় কয়েকটা প্রোজেক্ট নিয়েছি, অনেক টাকার প্রোজেক্ট। হ্যাঁ, দেবপ্রসাদ বাবু ঠিকই বলেছেন যে, এই সব করতে ২/৩/৪ বছর সময় লাগবে, তারপর ভাল জল আসবে। শোভনদেব বাবু ইমিডিয়েট রিলিফ মেজারের কথা জানতে চেয়েছেন। আমরা দক্ষিণ ২৪ পরগনায় ইমিডিয়েট রিলিফ মেজার নিয়েছি এবং তাতে ১ লক্ষ ৯০ হাজার মানুষকে আর্সেনিক ফ্রি জল দিতে পারছি। আরও দিতে হবে। তার জন্য আমরা ব্যবস্থা গ্রহণ করছি। আশা করছি কিছু দিনের মধ্যেই সে কথা আপনাদের বলতে পারব। একটা ক্রাশ কোর্স করতে হবে যাতে বড় বড় প্রোজেক্ট যা হচ্ছে হোক, কিন্তু ইমিডিয়েট, অন্ততঃ এক বছরের মধ্যে আর্সেনিক অ্যাফেকটেড এলাকার গ্রামগুলিতে একটা করে আর্সেনিক ফ্রি টিউবওয়েল থাকবে। এই টিউবওয়েল পি.এইচ.ই. নিজে পুঁতবে।

এই টিউবওয়েল খারাপ হলে ইঞ্জিনিয়াররা দায়ী, সেখানে পঞ্চায়েত দেখালে হবে না। পঞ্চায়েত যে টিউবওয়েল বসাচ্ছে ঠিক আছে। কিন্তু এ টিউবওয়েলের জন্য আলাদা রঙ দিতে হবে যে এটা আর্সেনিক মুক্ত টিউবওয়েল, ইঞ্জিনিয়াররা পুঁতে দিয়ে গেছে। সেই টিউবওয়েল ৩ দিন বাদে খারাপ হলে সেই ইঞ্জিনিয়ারকেই কৈফিয়ত দিতে হবে। ৮।১০টি টিউবওয়েল হয়ত দিতে পারব না, দিলে ভালই হত। অন্তত ১টি টিউবওয়েল দিয়ে বলব এটা জল খাওয়ার জন্য ব্যাবহার করুন যাতে আর্সেনিক নেই। এরজন্য যত গভীরে যেতে হয় আমরা যাব এবং যত টাকা পয়সা খরচা করতে হয় তা আমরা করব, এরজন্য যদি ট্রিটমেন্ট প্ল্যান্ট করতে হয় তাও করব। আশা করছি, দু-এক মাসের মধ্যে সেই কাজ শুরু করব। অনেক বড় বড় প্রকল্পের কাজ নিতে পারলেও এই কাজ আমরা শুরু করতে পারব এবং এরজন্য সকলে মিলিত ভাবে করতে হবে। এই এত বড় সমস্যা একদিনে মেটাতে পারলে ভাল হত, কিন্তু তা তো সম্ভব নয়। হিউম্যান রাইটস কমিশনের কাছে আমাদের চিফ সেক্রেটারি, পি.এইচ.ই. সেক্রেটারি গিয়েছিলেন। সেখানে আলাপ-আলোচনা হয়েছে। হিউম্যান রাইটস কমিশন বলেছেন, আপনারা ভালই করছেন। ভারত সরকারকে বললেন আপনারা সাহায্য করুন পশ্চিমবঙ্গ সরকারকে। তারা যেভাবে করতে চাইছে, আর্সেনিক ফ্রি জল দিতে চাইছে। এটা আমাদের পক্ষে কাজটা সহজ হয়েছে। কিন্তু এটা হিউম্যান রাইটস কমিশনের ব্যাপার নয়,

ওরা বলল আর ভাল জল দেওয়া হয়ে গেল—অত সোজা ব্যাপার নয়। আর একটা জিনিস এসেছে, সেটা হচ্ছে ফ্লোরাইড। ভারতবর্ষের ১৩টি রাজ্যে ফ্লোরাইড আছে। ১৯৮৬ সালে একটা টেকনোলজি কমিশন ১৩টি রাজ্যে ফ্লোরাইড ইরাডিকেশনের জন্য স্কীম নিয়েছিল। ১৯৯৪ সালে ২৮৬ কোটি টাকা ভারত সরকার গ্রান্ট দিয়েছিল। আমরা বললাম, আমাদের গ্রান্ট দিন। তখন ভারত সরকারের পক্ষ থেকে বলা হল ৭৫ পারসেন্ট আর ২৫ পারসেন্ট দিতে হবে। কিন্তু ঐ ক্ষেত্রে সেন্ট পারসেন্ট গ্রান্ট। ১৯৯৪ সালে কমিশন রিভিউ করে বলেছে, বেশির ভাগ রাজ্য থেকে ফ্লোরাইড দূর করা যায় নি ইনক্লুডিং দিল্লি। উত্তরপ্রদেশ, রাজস্থান, গুজরাট প্রভৃতি এইরকম ১৩টি রাজ্যে একনাগাড়ে তারা ফ্লোরাইডের পরীক্ষা শুরু করলেন। বীরভূমের এম.এল.এ. যে কথা বলেছেন সেটা ঠিকই বলেছেন। পশ্চিমবাংলার মাটিতে ফ্লোরাইড ছিল না, কিন্তু হঠাৎ করে বিহার সীমান্তের কাছে বীরভূমে ফ্লোরাইড পেলাম। আমি ইঞ্জিনিয়ারদের বলেছি এটা দেখতে। আর্সেনিক আলাদা জিনিস আর ফ্লোরাইড আলাদা জিনিস। পশ্চিমবাংলায় ফ্লোরাইড ছিল না। কিন্তু সবগুলি রাজ্যে যখন টেস্ট হল, তখন এখানে টেস্ট হয়নি কেন? যাই হোক, সেই সব কাগজপত্র পাব। ভারত সরকারের পুনা বেসড গঠন এবং আরও ২/৩টি সংগঠন দিয়ে সারা ভারতের জল টেস্ট করল তাতে এই সমস্ত রাজ্যে ফ্লোরাইড বেরুল। কিন্তু পশ্চিমবাংলার জল পরীক্ষা করলেও ফ্লোরাইড পায়নি। কিন্তু আমরা দেখলাম বীরভূমে ফ্লোরাইড পাওয়া গেছে খুব বেশি। ১/২টি গ্রামে বিপদজনক মাত্রায় ফ্লোরাইড আছে। এইভাবে ফ্লোরাইড মিশ্রিত জল যদি খেতে থাকে বাচ্চারা তাহলে একদিন বেঁকে যাবে এবং মরে যাবে, এত ফ্লোরাইড সেখানে আছে। আমি বলেছি, টাকা-পয়সা যাই খরচ হোক সেখানে সমস্ত টিউবওয়েল বন্ধ করে দিয়ে দূর থেকে জল এনে মানুষকে খাওয়াতে হবে, দরকার হলে ট্যাঙ্কারের সাহায্যে জল রোজ নিয়ে যেতে হবে। তারপর কি ব্যবস্থা করা যায় আমি দেখব। এইরকম ১৩টি রাজ্যে ফ্লোরাইডের সমস্যা। এটা ভারত সরকার জানেন। মধ্যপ্রদেশের বক্সার থেকে আরম্ভ করে রাজ্যে রাজ্যে এমন কি নিউ দিল্লিতে পর্যন্ত পরীক্ষা হয়েছে। এরজন্য ১৯৯৪ সালে ভারত সরকার ২৮৬ কোটি টাকা দিয়েছে। কিন্তু ফ্লোরাইডের ক্ষেত্রে খুব বেশি কাজ কিছু করতে পারেনি। সুতরাং হিউম্যান রাইটস কমিশনের ব্যাপার নয়, টেকনোলজির ব্যাপার আছে, টাকার ব্যাপার আছে—সমস্ত জিনিস নিয়েই করতে হবে। আর ভোটের ব্যাপারে আমাদের গালাগালি করে, মানুষকে ক্ষেপিয়ে ভোট নিতে পারেন, এতে আমাদের আপত্তি নেই। কিন্তু সমস্যাটা আপনাদের উপলব্ধি করতে হবে। সমস্ত ব্যাপারটাই আলাপ-আলোচনা করে করতে হবে। আমাদের ইঞ্জিনিয়ারদের এই এত বড় সমস্যার মোকাবিলা এর আগে করতে হয়নি। কিন্তু তারা ইতিমধ্যেই এই জিনিসটা নিয়ে আলোচনা করে অনেক এগিয়ে গেছেন। বিদেশ থেকে যারা আসছেন আমাদের ইঞ্জিনিয়াররা আর্সেনিক প্রবলেম নিয়ে কিভাবে ট্যাকল করছেন তা আলাপ-আলোচনা করছেন। মালদা থেকে নির্বাচিত একজন সদস্য বললেন চুরি-চামারির কথা। চুরি-চামারি যদি হয়ে থাকে আমি দেখব এবং দোষীদের বিরুদ্ধে কঠোরতম ব্যবস্থা নেব। সুজাপুরে যে আর্সেনিক প্ল্যান্টটি হয়েছে এইরকম প্ল্যান্ট পৃথিবীতে খুব কমই হয়েছে। আমাদের ইঞ্জিনিয়ারদের সমস্ত নিজস্ব প্রযুক্তিতে এবং এখানকা

বৈজ্ঞানিক সংস্থার সঙ্গে আলোচনা করে তারা ঐ প্ল্যান্টটি করেছিলেন ৩০/৩৫ লক্ষ টাকা খরচ করে। এই প্ল্যান্টটা পুরো ফেল হতে পারত। আমি বলেছিলাম, ২০/২৫ লক্ষ টাকা যাই লাগে লাগুক দেখা যাবে, কিন্তু করুন কিছু একটা।

[4-30 – 4-40 p.m.]

আজকে দেখা যাচ্ছে আর্সেনিক ৯৭ পারসেন্ট সেই প্ল্যান্টের মাধ্যমে বার করে ফেলে দিতে পারছি। সেই ট্রিটমেন্ট প্ল্যান্টটা ঐ গনিখান চৌধুরির কেন্দ্র সুজাপুরে। যেটা ওয়াটার প্রোজেক্ট ইনক্লুডিং রিজার্ভার ৭/৮ বছর ধরে পড়েছিল সেটা এখন চালু করা গেছে এবং ওখানকার মানুষ আর্সেনিক ফ্রি জল খাচ্ছে। এই ট্রিটমেন্ট প্ল্যান্ট কে করেছে, পি.এইচ.ই. ইঞ্জিনিয়াররা করেছে। আমরা গর্বের সঙ্গে বলতে পারি, আমি বাজেটেও এই সম্পর্কে লিখেছি, ৯৫ লক্ষ টাকা দিয়ে গোবরডাঙ্গাতে করেছি, ঘটনাচক্রে সেটাও কংগ্রেস পরিচালিত পৌরসভা। আমরা এই ট্রিটমেন্ট প্ল্যান্টকে পৌরসভার সঙ্গে যুক্ত করে ওখানকার মানুষকে আর্সেনিক মুক্ত জল দেব। তারপর মুর্শিদাবাদে একটা ট্রিটমেন্ট প্ল্যান্ট করার চেষ্টা করছি, টাকা পয়সা সংক্রান্ত ব্যাপারে কিছু সমস্যা রয়েছে, কিন্তু কি করে, কত তাড়াতাড়ি করা যায় সেটা আমাদের দেখতে হবে। কিন্তু আর্সেনিক সংক্রান্ত বিষয়ে যেটা মুখ্যমন্ত্রীর বক্তব্য ছিল বা মন্ত্রী সভার বক্তব্য ছিল সেটা ২৩২ কোটি টাকার যে প্রোজেক্ট সেটা সেন্ট্রাল গভর্নমেন্ট স্যাংশন করেছে, তার ২৫ ভাগ টাকা রাজ্য সরকারকে দিতে হবে। দিল্লির মন্ত্রী এখানে এসেছিলেন, কংগ্রেস শুরু করেছিল যুক্তফ্রন্ট শেষ করেছে। এই ২৩২ কোটি টাকার প্রকল্পের মধ্যে রাজ্য সরকারকে ২৫ ভাগ দিতে হবে, তার মানে ৬০/৬২ কোটি টাকা দিতে হবে গোটা পরিকল্পনার জন্য। অর্থমন্ত্রী বা মুখ্যমন্ত্রী বলতে পারতেন, একটা বড় পরিকল্পনা দিল্লি থেকে নিয়ে এসেছি, আমরা কি করে টাকা দেব, যেখানে আপনার দপ্তরের বাজেট ৫০/৬০ কোটি টাকা, সেখানে একটা প্রোজেক্টের জন্য ৬০ কোটি টাকা? মালদহতে একটা প্রোজেক্টের জন্য ৯০ কোটি টাকা তার মানে আমাদেরকে ২০/২৫ কোটি টাকা দিতে হবে। রাজ্য সরকারের যদি এই অ্যাটিচুড না থাকত তাহলে টাকা বরাদ্দ হত না। সেই জন্য বলি কিছু দুর্বলতা বা অন্যান্য কিছু ত্রুটি যা আছে সেইগুলোকে ওভার কাম করতে হবে। একজন কংগ্রেসের মাননীয় সদস্য যে পরামর্শ দিয়েছেন আমি তাঁর উত্তরে বলি, যে দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা পথ চলার চেষ্টা করছি তাতে পঞ্চায়েতকে এর সঙ্গে যুক্ত করতেই হবে। ইঞ্জিনিয়াররা কেন্দ্র পঞ্চায়েতের চাকর হবে? আপনি পঞ্চায়েতের বিরুদ্ধে কিছু বলবেন না। তাদের কিছু ত্রুটি থাকতে পারে, নিচু স্তরের লোকেদের মধ্যে কিছু বাড়াবাড়ি থাকতে পারে, পার্টিবাজি থাকতে পারে। কিন্তু পঞ্চায়েতকে যদি ক্ষমতা দেওয়া হয়, মিউনিসিপ্যালিটিকে যদি ক্ষমতা দেওয়া হয়, তাহলে সরকারি অফিসাররা চাকর হয়ে যাবে? তাহলে এই সব দপ্তরগুলোকে তুলে নিতে হবে—না, এটা কখনই পশ্চিমবাংলায় হবে না। জনগণের হাতে ক্ষমতা যাবে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** যে সব আঞ্চলিক বেসিসে যে পাইপ লাইন বসাবার কথা বলেছেন, সেইগুলো দেখাশুনা করবে কে?

**শ্রী গৌতম দেব :** সেইগুলোর ক্ষেত্রে পি.এইচ.ই. দেখছি। যদি পঞ্চায়েত করতে পারে, সেটা আমাদের দেখতে হবে। এই কথা বলে আমার ব্যয় বরাদ্দের সমর্থনে বক্তব্য রেখে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The Motions of Shri Ashok Kumar Deb (1-2), Shri Shyamadas Banerjee (3), Shri Rabin Mukherjee (4-5), Shri Ajoy De (6), Shri Kamal Mukherjee (7-10), Shri Saugata Roy (11), Shri Deba Prasad Sarkar (12) and Shri Tushar Kanti Mandal (13) that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,61,88,50,000 be granted for expenditure under **Demand No. 35, Major Heads : "2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) and 6215—Loans for Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)"** during the year 1997-98.

(This is inclusive of a total sum of Rs. 1,04,76,00,000 already voted on account) was then put and agreed to.

**Demand No. 36**

**Mr. Deputy Speaker :** There are 14 cut motions to Demand No. 36. All the cut motions are in order and members may now move their motions.

**Shri Kamal Mukherjee :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

| | |
|---|---|
| **Shri Nirmal Ghosh**<br>**Shri Sultan Ahmed**<br>**Shri Ashok Kumar Deb**<br>**Shri Gyan Singh Sohanpal**<br>**Shri Ajoy De**<br>**Shri Kamal Mukherjee**<br>**Shri Deba Prasad Sarkar** | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**Shri Saugata Roy**

**শ্রী তারক বন্দোপাধ্যায় ঃ** শ্রদ্ধেয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় মন্ত্রী গৌতম দেব মহাশয় তার ৩৬ নং দাবির অধীনে যে ব্যয় বরাদ্দের দাবি আজ এই সভায় পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে আনা সমস্ত কাট মোশনগুলি সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, মাননীয় মন্ত্রী এই বাজেট ভাষণ যেটা রেখেছেন সেটা সেলফ কনট্রাড্রিক্টরি। ওর বাজেট ভাষনের এক নং পাতায় উনি বলেছেন, ''আমি এই সভার মাননীয় সদস্যদের অবহিত করতে চাই যে বিভিন্ন গৃহ নির্মাণ প্রকল্প রচনা করে সেগুলি রূপায়িত করাই হল আবাসন দপ্তরের কাজ। আবাসন বিভাগের উল্লেখযোগ্য কর্মসূচিগুলির মধ্যে রয়েছে রাজ্য সরকারি কর্মচারিদের জন্য ভাড়াভিত্তিক গৃহনির্মাণ প্রকল্প, আর্থিক দিক দিয়ে দুর্বলতর শ্রেণী, নিম্ন ও মধ্যবিত্ত ব্যক্তিদের জন্য আবাসন প্রকল্প, ইত্যাদি আছে।' মাননীয় মন্ত্রী মহাশয় এখানে আরও বলেছেন; আবাসন বিভাগের নিয়ন্ত্রণাধীন পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ বিভিন্ন শ্রেণীর ব্যক্তিদের জন্য আবাসন প্রকল্পগুলি রূপায়িত করে। তবে মূলত অর্থনৈতিক ভাবে দুর্বলতর এবং নিম্ন আয়ের ব্যক্তিদের জন্য গৃহ নির্মাণের উপর গুরুত্ব দেওয়া হয়েছে। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় এইসব কথা বলার সঙ্গে সঙ্গে কিভাবে তিনি স্ববিরোধিতা করছেন সেটা একটু বলি। বাজেট ভাষনের ৪ নং পাতায় ৮ নং অনুচ্ছেদে উনি বলছেন, 'গত আর্থিক বছরে জমির অভাবে মধ্য ও নিম্ন আয়ের ব্যক্তিদের জন্য গৃহ নির্মাণ প্রকল্প রূপায়িত করা সম্ভব হয়নি।' একদিকে উনি বলছেন নিম্ন আয়ের যারা ব্যক্তি, যারা দরিদ্র শ্রেণীর মানুষ তাদের স্বার্থ রক্ষা করাই হচ্ছে আবাসন দপ্তরের কাজ এবং হোমলেস পিপলদের জন্য তিনি গৃহ নির্মাণ করছেন অপর দিকে তার বাজেট বক্তৃতায় বলছেন, গত আর্থিক বছরে জমির অভাবে মধ্য ও নিম্ন আয়ের ব্যক্তিদের জন্য গৃহ নির্মাণ প্রকল্প রূপায়ন করা সম্ভব হয়নি। তারপর স্যার, মাননীয় মন্ত্রী আর এক জায়গায় বলছেন, নিম্ন ও মধ্য আয়ের ব্যক্তিদের জন্য গৃহ নির্মাণ ঋণ প্রকল্পটি বন্ধ হয়ে গেছে।' তাহলে দেখা যাচ্ছে, নিম্ন ও মধ্য আয়ের ব্যক্তিদের গৃহ নির্মাণের ঋণ প্রকল্পটি বন্ধ হয়ে গেল এবং আবাসন দপ্তরের এই দরিদ্র শ্রেণীর মানুষদের জন্য যে গৃহনির্মাণের কর্মসূচি ছিল সেটাও তারা করতে পারলেন না, সেটা সম্ভব হল না, উপরন্তু তিনি বলছেন, '১৯৯৬-৯৭ সালে নিম্ন ও মধ্য আয়ের ব্যক্তিদের জন্য ক্যাশ লোন প্রকল্পে ২৪০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছিল। ভাবা হয়েছিল যে কয়েকটি নির্বাচিত এলাকায় বিশেষ করে খাস জমিতে নিম্ন ও মধ্য আয়ের লোকদের নিকট সরাসরি বিক্রয়ের জন্য পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ বাড়ি তৈরি করবে। কিন্তু কোনও খাস জমি পাওয়া যায়নি বলে প্রকল্পটি রূপায়ণ করা সম্ভব হয়নি।' মন্ত্রী মহাশয় তার বাজেট ভাষণে একদিকে বলছেন আবাসন দপ্তর দায়বদ্ধ দরিদ্র, নিম্নবিত্ত ও মধ্যবিত্ত মানুষদের কাছে আবার অপর দিকে বাজেট বক্তৃতায় বলছেন, ঋণ দেওয়া সম্ভব হয়নি, আবাসন তৈরি সম্ভব হয়নি। অর্থাৎ সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছেন।

[4-40 – 4-50 p.m.]

শুধু তাই নয়, আবাসন দপ্তরের এস. এন. ব্যানার্জি রোডের ঐ অফিসে একটা পোস্টার

লাগানো হয়েছে তাতে লেখা আছে—গিলি গিলি গিলি, আবাসন পর্ষদ গিলি। মন্ত্রী মহাশয় আজকে আবাসন দপ্তরের অবস্থা এমন একটা জায়গায় পৌছে দিয়েছেন। আবাসন দপ্তর একটা স্ব-নির্ভর দপ্তর ছিল, সেই আবাসন দপ্তর আজকে সম্পূর্ণ ভাবে ধ্বংসের মুখে চলে গেছে। কংগ্রেসের বিরুদ্ধে ওরা অনেক কিছু বলেন। ওয়েস্ট বেঙ্গল হাউসিং ডেভেলপমেন্ট বোর্ড তৈরি হয়েছিল ১৯৭২ সালে। ১৯৭৩ সালে এর কাজ শুরু হয়। তদানিন্তন কংগ্রেস সরকার ৫ বছর এই আবাসন দপ্তরের কর্মচারিদের এবং অ্যাডমিনিস্ট্রেশনের সমস্ত খরচ বহণ করেন এবং ১৮ কোটি টাকার ৭টি প্রকল্প হাউসিং এস্টেটের জন্য আবাসন দপ্তরের হাতে তুলে দিয়েছিল। সেই আবাসন দপ্তর সম্পূর্ণ ভাবে স্ব-নির্ভরশীল ছিল। তাদের যোগ্যাতা, কারিগরি দক্ষতা এবং এই সংস্থায় যে সমস্ত ইঞ্জিনিয়র ছিল তাদের যে কোন প্রতিষ্ঠানের ইঞ্জিনিয়ারদের সঙ্গে তুলনা করলে দেখা যাবে যে আমরা তাদের থেকে ভাল কাজ করতাম। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে, রাজনৈতিক স্বার্থে চরিতার্থ করার জন্য এই আবাসন দপ্তরকে সম্পূর্ণ ভাবে শেষ করে দিতে চলেছেন। আপনি দেখুন, মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন যে, রুর‍্যাল হাউসিংয়ের জন্য আবাসন দপ্তর তার কোষাগার থেকে ১২ কোটি ৯ লক্ষ ৪৮ হাজার টাকা প্রদান করেছেন। কিন্তু কবে প্রদান করলেন? ১৯৮৯-৯০ এবং ১৯৯১-৯২ সালে তিনটি জেলা পরিষদকে এই টাকা দিলেন। নর্থ এবং সাউথ ২৪ পরগনাকে ৬ কোটি করে এবং হুগলি জেলা পরিষদকে ৯ লক্ষ ৪৮ হাজার টাকা দিয়েছিলেন। কি শর্তে এই টাকাটা দেওয়া হয়েছিল? আবাসন দপ্তরকে তারা এই টাকা শোধ দেবে এবং ৫ পারসেন্ট ইন্টারেস্ট দিতে হবে। যদি সময় মত শোধ দিতে না পারে, তা যদি ডিফল্ট হয় তাহলে আরো অতিরিক্ত ৫ পারসেন্ট তাদের দিতে হবে। ৩১.৩.৯৭ পর্যন্ত ৬ কোটি ৮৫ লক্ষ ৭৬ হাজার টাকা নর্থ এবং সাউথ ২৪ পরগনা জেলা পরিষদের কাছে আবাসন দপ্তরের পাওনা। এর মধ্যে আবাসন দপ্তর পেয়েছে ১ কোটি ১২ হাজার ৪২০ টাকা। এখনও বাকি রয়েছে ৫ কোটি ৮৫ লক্ষ ৬৩ হাজার ৫৮০ টাকা, যেটা তারা দিতে পারেননি। হাউসিং বোর্ড এই খাতে হাডকো-কে রি-পেমেট করেছে প্রিন্সিপাল অ্যামাউন্ট ২ কোটি ৭৯ লক্ষ ৩৭ হাজার এবং ইন্টারেস্ট পে করেছে ৩ কোটি ৯০ লক্ষ ৫৪ হাজার ২৩৮ টাকা। অর্থাৎ ৬ কোটি ৬৯ লক্ষ ২০৪ টাকা শোধ করেছে। এই ভাবে যদি চলতে থাকে তাহলে আবাসনের ঘাড়ে প্রিন্সিপাল এবং ইন্টারেস্ট মিলে ২৪ কোটি টাকার মতো চাপবে এবং সেটা হাউসিং বোর্ডকে পেমেন্ট করতে হবে। এই যে টাকা মন্ত্রী মহাশয় বিভিন্ন জেলা পরিষদকে দিলেন, এই টাকা কাদের দেওয়া হল, কি ভাবে বন্টন করা হল, সেই টাকা কেন শোধ করছে না, এই বিষয়ে মন্ত্রী মহাশয় ভাবছেন না, তার দপ্তর ভাবছেন না। তার কারণ হচ্ছে, সরকারি উচ্চপদে যে সমস্ত আমলা রয়েছেন, তাদের কাছে এই বিষয়ে জানতে চাইলে তারা বলছেন যে, রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে আবাসনের এই টাকা নিয়ে জেলা পরিষদগুলিকে দেওয়া হয়েছে এবং সেই একই কারণে পরিশোধ করার কোনও প্রচেষ্টা চলছে না। এই ঋণ শোধ হবে কিনা আমরা জানিনা। এই ভাবে আবাসন পর্ষদ তিলে তিলে ধ্বংসের দিকে চলে যাচ্ছে। কাজেই আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে,

এই ঋণ তার নির্দেশে দেওয়া হয়েছে, এই ঋণ কি ভাবে পরিশোধ হবে, সেটা মাননীয় সদস্যদের জ্ঞাত করবেন। এছাড়া আর একটা জিনিস, বেঙ্গল পিয়ারলেস হাউসিং ডেভেলপমেন্ট কোম্পানির জমি নিয়ে আদালতে মামলা হচ্ছে। বলার তো কোন সুযোগই হল না, কারণ লালবাতি জ্বলে গেছে। সরকার ১৯৮৯ সাল থেকে যে কেরিয়ার অ্যাডভান্সমেন্ট স্কীম চালু করেছেন, মাননীয় আবাসন মন্ত্রীর দপ্তরে টাকা থাকা সত্ত্বেও আবাসন কর্মচারীদের সেই টাকা তিনি পরিশোধ করছেন না। তারজন্য স্বাভাবিকভাবেই আজকে আবাসন দপ্তরে একটা ভয়ঙ্কর অবস্থার মধ্যে চলে যাচ্ছে। তারজন্য মন্ত্রী ব্যয়-বরাদ্দের সম্পূর্ণ বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী নারায়ণ মুখার্জি :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এখানে আবাসন দপ্তরের মাননীয় মন্ত্রী তাঁর দপ্তরের ব্যয়-বরাদ্দের যে দাবি পেশ করেছেন তাকে আমি পরিপূর্ণ সমর্থন করে দুই-একটি কথা বলছি। আমরা সবাই জানি যে, আবাসন সমস্যাটা কতটা গুরুত্বপূর্ণ। অথচ জাতীয় ক্ষেত্রে এটা গুরুত্ব দিয়ে দেখা হয়নি। সারা দেশে ১৯৯১ সালের জনগণনা অনুযায়ী জনসংখ্যা ছিল ৮৩.৮৫ কোটি। আর এর মধ্যে ০.২০ কোটি, অর্থাৎ মোট জনসংখ্যার ২৪ ভাগ সম্পূর্ণ গৃহহীন। সেজন্য বলছিলাম, আবাসন সমস্যাকে জাতীয় ক্ষেত্রে যতটা গুরুত্ব দিয়ে দেখা দরকার ছিল ততটা গুরুত্ব দিয়ে দেখা হয়নি, গুরুত্ব দেওয়া হয়নি জাতীয় আবাসন নীতির ক্ষেত্রে। তা সত্ত্বেও ১৯৮৮ সালে কেন্দ্রীয় সরকার ন্যাশনাল হাউসিং পলিসির একটা গাইড-লাইন অন্য একটি প্যারায় প্রকাশ করেছিলেন। তাতে উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছিল অনেক কথার মধ্যে 'The long term role of National Housing Policy is to eradicate houselessness, to improve the housing condition of the inadequately housed and to provide a minimum level basic service and amenities to all.'

এই যে অন্য একটি গাইড লাইন, যাকে জাতীয় আবাসন নীতি বলে তারা বলেছিলেন, সেই নীতির সঙ্গে সামঞ্জস্য রক্ষা করে রাজ্যের যে চাহিদা তাকে পূরণ করতে আবাসন দপ্তর তাদের লক্ষ্য এবং উদ্দেশ্যকে কার্যকর করবার পথে এগিয়ে চলেছে। আমাদের রাজ্যের সমস্যা অন্য আর পাঁচটি রাজ্য থেকে পৃথক। বিশেষ করে আমরা সবাই জানি যে, ভারতবর্ষে যে ডেনসিটি অফ পপুলেশন তাতে পশ্চিমবঙ্গ সবচেয়ে উপরে। সারা ভারতবর্ষে যেখানে এক বর্গ কিলোমিটার জায়গায় ২৭৩ জন মানুষ বাস করেন, সেখানে পশ্চিমবঙ্গে ৯৭২ জন বাস করেন। এই জনসংখ্যাজনিত সমস্যার কারণেই জমির সমস্যা, চাকরির সমস্যা তো আছেই। এরফলে আইনগত সমস্যাও আসছে। এই সমস্যাকে মোকাবিলা করে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে মাননীয় মন্ত্রী যেভাবে আবাসন নীতিকে রূপায়িত করবার কাজে এগিয়ে চলেছেন তা অভূতপূর্ব বলে আমি মনে করি। আমরা দেখেছি, বিভিন্ন জেলায়, উত্তরবঙ্গসহ, ৩৭০টা ভাড়া গৃহ নির্মাণ করা হচ্ছে রাজ্য সরকারি কর্মচারিদের জন্য যার মধ্যে কিছু হবার পথে, কিছু শেষ হয়েছে। এছাড়া অন্যান্য যেসব জেলা রয়েছে, সেখানে ৪৪৭টি ফ্ল্যাট নির্মাণকার্য

চলছে। এইভাবে আবাসন দপ্তর সাফল্যের পথে এগিয়ে যাচ্ছে। তার উদাহরণ, আবাসন পর্ষদ ৩১.৩.৯৬ পর্যন্ত ২৩,৩৪১টা আবাসন ইউনিট তৈরি করেছে।

[4-50 – 5-00 p.m.]

যার মধ্যে অর্থনৈতিক ভাবে দুর্বল শ্রেণীর জন্য ১১৪১টি, নিম্ন আয়ের মানুষের জন্য ৩৯১৫টি এবং মধ্য আয়ের মানুষের জন্য ৯৩৭৮ টি আবাসন ইউনিট আছে। মাননীয় সদস্য বলে গেলেন যে সব বলা হয়েছে করা হয়নি। তাহলে আমি বলব এইগুলি কি? আপনি যদি বাজেট বইটা পড়তেন তাহলে সব বুঝতে পারতেন। এটা একটু বুঝতে হবে। এইটা তো নলকূপ খননের কাজ নয় যে ৭ দিনের মধ্যে খুঁড়ে জল বের করে দিলাম। জমির সমস্যা আছে, নক্সা তৈরি করার ব্যাপার আছে তারপর গৃহ নির্মাণ। তারপর সরকারের জিনিস, একটু বেশি নিয়ম-কানুন মানতে হয়। মাননীয় সদস্য চাইছেন এক মাসের মধ্যে একটা রংচঙে ঝকঝকে তকতকে একটা বাড়ি নির্মাণ করে দেওয়া হোক। এক মাসের মধ্যে এই জিনিস কখনই করা সম্ভব নয়। ১৯৯৬-৯৭ শেষ ভাগ পর্যন্ত ১৯৭৬টি আবাসন ইউনিটের নির্মাণ কাজ চলছে। ১৯৯৭-৯৮ সালে ১৭৮০ টি আবাসন ইউনিট সম্পূর্ণ করার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। এটা নিশ্চয়ই সাফল্যের খতিয়ান। এই দপ্তর কিছু বাড়তি দায়-দায়িত্ব পালন করছে। পূর্ববর্তী বছরের প্রতিশ্রুতি মতো বিধাননগরে মহিলা হোস্টেল, তার ডরমিটরি ব্লকের শয্যাগুলি বিলি বন্টন করা হয়েছে। দার্জিলিং জেলার শিলিগুড়িতে ৪৮টি শয্যা বিশিষ্ট মহিলা হোস্টেলের নির্মাণ কাজ চলছে। শীঘ্রই এই কাজ শেষ হবে। এই বাড়তি কাজ এই বিভাগকে করতে হচ্ছে। রাজারহাট এলাকায় নূতন উপনগরীর জন্য বিরাট দায়িত্ব আবাসন বিভাগের এবং আবাসন পর্ষদকে নিতে হয়েছে। এই রকম বহু বিষয়, জমি ক্রয় থেকে আরম্ভ করে রাস্তা-ঘাট নির্মাণ প্রয়ঃপ্রণালী নির্মাণ পার্ক নির্মাণ এই আবাসন বিভাগের আবাসন পর্ষদের দায়িত্বে। এই বিধাননগরে পরিকাঠামোগত উন্নয়নের কাজ, যেমন মার্কেট নির্মাণ বৈদ্যুতিকরণের কাজ পাইপ লাইনের মাধ্যমে জল সরবরাহের কাজ এই বিভাগকে করতে হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ব্যক্তিগত ভাবে কিছু সাজেশন রাখতে চাই। যেমন রেনটাল হাউসিং স্কীম এটা প্রায় বন্ধ হবার উপক্রম হতে চলেছে। আমি মনে করি এটা চালু রাখা দরকার। লাভ নয় লোকসান নয় এই রকম ভর্ত্তিতে এই রেনটাল হাউসিং স্কীম চালু রাখা দরকার। এল. এ. অ্যাক্ট-১ অনুসারে জমি পাওয়া খুব শক্ত। সেই জন্য রাজারহাটে যেমন নগর উন্নয়ন প্রকল্পে সরাসরি মালিকদের কাছ থেকে কৃষকদের কাছ থেকে জমি নগদে ক্রয় করা হয়েছে এই নীতি অন্য ক্ষেত্রেও চিন্তা করা দরকার। তা না হলে যে প্রকল্প তিনি রূপায়ন করতে যাচ্ছে সেটা তিনি পারবেন না। বেঙ্গল অম্বুজা হাউসিং লিমিটেড এবং পিয়ারলেস হাউসিং লিমিটেড এদের সঙ্গে যৌথ উদ্যোগে আবাসন ইউনিটের কাজ চলছে। এই রকম আরো বেশি বেশি করে যৌথ উদ্যোগে আবাশন ইউনিটের কাজ শুরু করা দরকার। আর একটা কথা বলতে চাই তা হলো বৃদ্ধদের জন্য আবাসন করা দরকার। শুধু মাত্র সমাজ কল্যাণ দপ্তর

বৃদ্ধদের জন্য করে, সমাজ জীবনে যারা পারিবারিক অশান্তিতে বাস করতে পারছেন না তাদের জন্য কিছু করা দরকার।

**(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)**

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি এই বাজেটের বিরোধিতা করে আমাদের দলের আনীত কাট মোশনের সমর্থনে কিছু বক্তব্য রাখতে চাই। দেখলাম মাননীয় মন্ত্রী মহাশয়, এবারের বাজেটে ৬৯,৪৫,৯৬,০০০ টাকা ব্যয় বরাদ্দের দাবি করেছেন। আমার এলাকায় বড় দুটি হাউসিং আছে, সেখানে হাউসিং সমস্যা যে কি আমার জানা আছে। হাউসিং সমস্যা সম্পর্কে মন্ত্রী যতটা না জানেন তার থেকে আমরা অনেক বেশি জানি। আজকে সরকারি আবাসনে জল পাওয়া যায় না, অনেক সময়ে দেখা যায় যে ছাদ ভেঙ্গে পড়ছে, পাইপ দিয়ে জল পড়েই যাচ্ছে ইত্যাদি। সেগুলো মেরামতি বা সংস্কারের কোনও ব্যবস্থা নেই। এলাকার কাছাকাছি বাজার নেই, পোস্ট অফিস নেই, স্কুল নেই এসব বিষয়গুলো মন্ত্রীর দেখার দরকার আছে। তারপরে আবাসনগুলোতে যে কেয়ারটেকাররা থাকেন তারা দায়িত্ব নিয়ে কাজ করছেন না। যখন আমরা ভাড়া নেব স্বাভাবিকভাবেই তার পরিবর্তে আমাকে রিটার্ন দেবার প্রয়োজন আছে। মাননীয় মন্ত্রী গত বছরে ডবল ভাড়া বাড়িয়েছেন কিন্তু তাদের সুযোগ সুবিধা কিছুই দিচ্ছেন না। বেসরকারি মালিকরা যদি ৫ পারসেন্ট ভাড়া বাড়ান তারজন্য অনেক কিছু সুযোগ সুবিধা দিতে হয় কিন্তু মাননীয় মন্ত্রী ১০ পারসেন্ট ভাড়া বাড়ানো সত্ত্বেও সরকারি আবাসনবাসীদের কোনও সুযোগ সুবিধা দিচ্ছেন না। আমার এলাকায় যে হাউসিং আছে সেখানে বাজার কাছে নেই, আশেপাশে পোস্ট অফিস নেই, এইরকম নানা সমস্যা রয়েছে। তারপরে আবার আপনি জলকরের ভাড়া বাড়ানোর চেষ্টা করেছেন, কিন্তু জলের কোনও সুবিধা তাদের দেননি। যারা সল্ট লেকে ফ্ল্যাট কিনতে পারবে না তাদের জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন? মধ্যবিত্ত শ্রেণীর জন্যে হাউসিং করার দরকার তাদের জন্য হাউসিং না করলে আগামীদিনে তাদের প্রচুর কষ্টের মধ্যে পড়তে হবে। মাননীয় মন্ত্রীকে জানতে হবে এই আবাসন দপ্তর অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর। মাননীয় মন্ত্রী নিশ্চয় অনেক কাজ করেছেন কিন্তু আরো বাকি আছে, সেগুলো করতে হবে। আজকে প্রমোটররা বাড়ি পাচ্ছে, তাহলে মন্ত্রী কেন বাড়ি করার জমি পাবেন না, সরকারে থেকে তাঁর তো নিশ্চয় পাওয়া উচিত। আপনি গত এক বছরের মধ্যে মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্তদের জন্য কিছুই করতে পারেননি, টাকার অভাব, কোথাও বা জমির অভাব দেখিয়ে এড়িয়ে যাবার চেষ্টা করেছেন। কিন্তু এভাবে চললে মধ্যবিত্তরা যাবে কোথায়? মধ্যবিত্তলোকেরা তো আর সল্ট লেক, ভি. আই. পি. রোডে বা বাঙ্গুর অ্যাভিনিউতে গিয়ে বাড়ি করতে পারবে না, তাদের জন্যে তো বাড়ি করার দরকার। আজকে ঠিকাদাররা আবাসনের কনট্রাক্ট নিয়েও কাজ করতে চাইছে না। এরফলে যে কোনও সময়ে একটা বড় দুর্ঘটনা ঘটে যেতে পারে। তারা কনট্রাক্ট নিয়ে বাড়ি মেরামতি বা সংস্কার করছে না। বিল্ডিং ভেঙ্গে পড়ছে। সুতরাং এই আবাসন সমস্যা একটা বিরাট সমস্যা, তার কি করে মোকাবিলা করা যায় সেটা আপনাকেই দেখতে হবে। এবং চিন্তা

করতে হবে। সাথে সাথে অনেক সময়ে দেখা যাচ্ছে যে, এল আই জি কোয়ার্টারে অনেক সমস্যা আছে। মাননীয় মন্ত্রী ৪-৫ ভাগে ফ্ল্যাটগুলোকে ভাগ করেছেন কিন্তু সমস্যার কোন সমাধান করতে পারেননি। আজকে ৩০ হাজারের উপরে ফ্ল্যাট আছে এবং আপনি আরো ফ্ল্যাট করার চেষ্টা করছেন। রাজারহাট থেকে শুরু করে বিভিন্ন জায়গায় আপনি ফ্ল্যাট করার চেষ্টা করছেন। আপনি চেষ্টা করলেও আপনার কিছু আমরা আছেন যাদের কোন সদিচ্ছা নেই, তারা কাজ করতে চাইছেন না। এইদিক থেকে মাননীয় মন্ত্রীকে একটু কঠোর হতে হবে। এক শ্রেণীর লোকেরা ভালো ভালো ফ্ল্যাটে থাকবে আর নিম্ন মধ্যবিত্ত শ্রেণীরা বাড়ি পাবে না সে হতে পারে না। এই যে তারতম্য এই দিকটা দেখতে হবে। এই ব্যাপারে সরকারকে চিন্তা করতে হবে এবং কঠোর হতে হবে। আজকে ইঞ্জিনিয়ারস, কেয়ারটেকার এবং এস্টেট ম্যানেজার যারা আছেন তারা সব প্যাকড আপ হয়ে আছেন। সেখানে ইঞ্জিনিয়াররা ঠিকমতো কেয়ার টেকারের কাছ থেকে রিপোর্ট নেন না। এই বিষয়গুলো মাননীয় মন্ত্রীর পক্ষে জানা সম্ভব নয় এবং সেই কারণে তাঁর সদিচ্ছা থাকলেও কাজ সেইভাবে এগোতে পারছে না। গতকাল আমি আমার এক সহকর্মীর জন্যে হাউসিং দপ্তরে গেছলাম, সেখানে গিয়ে ফ্ল্যাটের ব্যাপারে ফাইল চাইতে ফাইলই পাওয়া গেল না। হাউসিংয়ের এক শ্রেণীর আমলরা ফাইল লুকিয়ে রাখেন যেটা মন্ত্রীর পক্ষে জানা সম্ভব নয়। অনেক সরকারি দপ্তরে এম. এল. এ.-রাও আছেন তাদেরকেও এইসব সমস্যার সম্মুখীন হতে হয়।

[5-00 – 5-10 p.m.]

অনেক গরিব মানুষ আছেন যারা চিকিৎসার এবং পরীক্ষার জন্য এখানে আসেন, তারা পয়সা দিয়ে থাকতে পারেন না, তাদের অর্থ দেবার ক্ষমতা নেই, তাদের জন্য যদি থাকার ব্যবস্থা করেন তাহলে ভাল হয়। গত বছরে নাকি কথা দিয়েছিলেন, প্রাথমিক শিক্ষকদের জন্য হাউসিং এর ব্যবস্থা করবেন, কিন্তু এই বছরে বলছেন করা সম্ভব হয়নি, কেন সম্ভব হয়নি, সেটা কি বলবেন? আমরা দেখছি, রসিদ এর অভাবে বাড়ি ভাড়া নিতে পারছেন না, অবিলম্বে এই রসিদের ব্যবস্থা করা দরকার, ২ মাস ধরে বাড়ি ভাড়া নিতে পারছেন না, এর পর তো বাড়ি ভাড়া না দিলে তাকে নোটিশ ধরাবেন ডিফল্টার বলে, তাকে তখন বলবেন বাড়ি ছেড়ে দিতে। যেহেতু এটা সরকারের ফল্ট, তাই এই ব্যাপারে ব্যবস্থা নেওয়া দরকার। আপনার দপ্তরের যারা এই ব্যাপারে দায়িত্বে আছেন তাদেরকে আপনি বলুন রসিদ পাঠিয়ে ভাড়া সংগ্রহ করতে, তা নাহলে আমরা রসিদ দেবে। সংবাদে প্রকাশ, গাঙ্গুলী বাগানে একটি বাড়ি ভেঙে পড়েছে। যদিও আমি জানি, এটা মন্ত্রীর দপ্তরের নয়, এখানে নোটিশ দিয়ে বাড়ি ছেড়ে দিতে বলা হয়েছিল; এই রকম অবস্থা আপনার হাউসিং এর ক্ষেত্রেও হতে পারে। তাই বলব, প্রথম থেকেই সাবধানতা অবলম্বন করা দরকার। আপনার দপ্তরের ১১৫টি আবাসন আছে, এইগুলি যাদের দেখার দায়িত্ব, তাদেরকে দেখতে বলুন, যারা কাজ করছেন না, তাদেরকে সঠিকভাবে কাজ করতে বলুন। আমি জানি, মন্ত্রী মহাশয় চেষ্টা করছেন কাজ করতে, তাঁর ব্যক্তিগত প্রচেষ্টা রয়েছে। যে সমস্ত হাউসিং জলের অভাব চলছে সেখানে ফর

দি টাইমিং টিউবওয়েল দেবার চেষ্টা করুন। মন্ত্রীও বলছেন করে দিন, কিন্তু আমলারা করছেন না। আমার ওখানে একটা হাউসিং এস্টেট আছে, সেখানে অনেক লোক থাকে, প্রাক্তন এম. এল. এ. থাকেন, কাউন্সিলার থাকেন, সেখানে অনেক সমস্যা রয়েছে, আমি বলব হাউসিং এর ক্ষেত্রে দলমত না করে, হাউসিং এর স্বার্থে সেখানে উন্নতি করা দরকার। আমরা চাই মধ্যবিত্তদের জন্য হাউসিং করা হোক, যারা সরকারি কর্মচারী আছেন, শিক্ষক আছেন, যারা আমাদের মতো বিভিন্ন মানুষ আছেন তাদের কথাও চিন্তা করা দরকার। এদের জন্য আগামী দিনে অনেক ফ্ল্যাট করার দরকার আছে বলে আমি মনে করি। আমি জানি অনেকে আছেন, টাকা দিয়ে ফ্ল্যাট নিতে চায়, কিন্তু সরকার যদি ফ্ল্যাট করতে না পারে, সেখানে প্রমোটার কি ভাবে করতে পারছে আমি জানিনা। সরকার এই ব্যাপারে যদি আরো গভীরভাবে ব্যবস্থা না নেয় তাহলে কিছু করতে পারবে না। যেখানে সমস্ত কিছু সরকার দ্বারা নিয়ন্ত্রণে, সেখানে সরকার কেন বাড়ি করতে পারছে না, আমি বুঝতে পারছি না। যেখানে প্রশাসন সরকার কর্তৃক নিয়ন্ত্রিত। আমার এলাকায় এক ব্যক্তিকে হাউসিং থেকে নোটিশ ধরিয়ে তুলে দেওয়া হল, পুলিশ দিয়ে তাকে তাড়াবার চেষ্টা করলেন, কিন্তু সেই ভদ্রলোক রাতারাতি আইনজীবীর দ্বারস্থ হয়ে কোর্ট অর্ডার নিয়ে রাত্রের মধ্যে ঘরে ঢুকলেন। এই ভাবে যদি দপ্তর চলতে থাকে তাহলে আগামী দিনে কোন কাজ আপনি সুষ্ঠুভাবে করতে পারবেন না। এই কয়টি কথা বলে—আমার সময় আর নেই—আমার বক্তব্য শেষ করছি।

**মহঃ ইয়াকুব ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আবাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ৩৬ নম্বর যে দাবি পেশ করেছেন, তাঁকে সমর্থন করে আমি দু-একটি কথা উল্লেখ করতে চাই। আমার বিরোধী বন্ধু উল্লেখ করেছেন মন্ত্রী ইচ্ছামতো তিনি হাউসিং এর ডাবল রেন্ট অর্থাৎ ভাড়া দ্বিগুণ করেছেন। কিন্তু আমার বন্ধুর জানা উচিত, এই কাজটা হঠাৎ হয়নি। ভাড়াটে অ্যাশোসিয়েশন অর্থাৎ টেনেন্ট অ্যাশোসিয়েশনদের ডাকা হয়েছিল, সেখানে এই ব্যাপারে আলোচনাও হয়েছে। আলোচনা করা হয়েছিল। শিশির মঞ্চে আলোচনা করে এই ডাবল রেন্ট করার ক্ষেত্রে নিজের মত প্রকাশ করেছেন এবং সাথে সাথে এই দাবিটা করেছিলেন যে মেনটিন্যান্সের ব্যাপারে যেসব পুরনো আবাসন আছে সেখানে রিপেয়ার করা দরকার। সেগুলো ব্যবস্থা করার জন্য সেই মোতাবেক, সবটা নাহলেও, অনেকটা রিপেয়ারের কাজ চলছে এবং হাউসিং অর্থাৎ আবাসন দপ্তরের অধীনে যেসব বাড়ি আছে সেই সব বাড়ি থেকে লাভ করার জন্য কিন্তু এই সরকার বাড়িগুলো নির্মাণ করেনি। আবার নো প্রফিট, নো লস সেই অবস্থাতেও নেই। বরঞ্চ সরকারি খাতে দেখা যায় আবাসন দপ্তরের বাৎসরিক কয়েক লক্ষ টাকা ঘাটতি থাকবে। কারণটা রেন্ট। সেই রেন্টের মধ্যে দিয়ে কোনও লাভ হয় না। মেনটিনেন্সের প্রশ্ন আছে। মেনটিনেন্সের ব্যাপারে আমি ভারপ্রাপ্ত মন্ত্রীকে অনুরোধ করব যে এই বিষয়ে তাঁকে চিন্তা করতে হবে। টেনান্টদের নিয়ে এক সমবায় ভিত্তিক মেনটিনেন্সের দায়িত্ব তাদের দেওয়া যায় কিনা, এ বিষয়ে তাঁকে চিন্তা ভাবনা করতে হবে। শহরে বিশেষ করে শহর কলকাতায় এবং হাওড়া বস্তি অর্থাৎ ঠিকে টেনান্টের বিষয়টা নিশ্চয়ই আটকে আছে। স্বাভাবিকভাবে যারা হাট

ওনার, বিভিন্ন বস্তি, তাদের প্রোমোটাররা বিভিন্নভাবে ভুল পথে পরিচালিত করে বে-আইনিভাবে যে বাড়ি তৈরি করছে, ক'রে সেটাকে রোধ করা যায় কিনা ভারপ্রাপ্ত মন্ত্রী সে বিষয়টা একটু গভীরভাবে দেখবেন। সেই সব জমির মালিকানা স্বত্ব থাকা সত্ত্বেও, যেহেতু সরকার হাট ওনারদের যে রেন্ট, বস্তি এলাকায় কেউ বিধবা আছে, বৃদ্ধ আছে, ওই হাটের, ওই বাড়ির খাজনা যা আদায় হয় তাতে তাদের জীবন, জীবিকা নির্বাহ হয়, সেহেতু সরকার আবাসন দপ্তরের পক্ষ থেকে যদি তাদের জন্য ডরমিটরী করে দেয় সব নিম্নবিত্ত মানুষের থাকার ব্যবস্থা করা হয়, তাহলে ভালো হবে। কদিকে এই যে বে-আইনি বাড়ি সেটা বন্ধ করা যায়, আরেকদিকে একটা কথা উল্লেখ করতে চাই, সেটা হল বিভিন্ন জেলা থেকে যে কর্মচারিরা ডেলী প্যাসেঞ্জারী করে তাদের জন্য শহরাঞ্চলে জেলা শহরাঞ্চলে ডরমিটরী মেস টাইপ কিছু বাড়ি তৈরি করা যায় কিনা।

**(মাইক অফ হয়ে যায়।)**

[5-10 – 5-20 p.m.]

**শ্রী নির্মল ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সময় কম। প্রকৃতপক্ষে যুবক এবং যুবমানসিকতায় ভরপুর, উনি অনেক কিছু করতে চান, আমি বিভিন্ন দপ্তরের সঙ্গে কথা বলে দেখেছি। কিন্তু প্রথম কথাটা হচ্ছে মন্ত্রী মহাশয়, ভুলে গিয়েছেন যে আজকে ৮০'র দশক থেকে ৬০, ৭০ দশক বাদ দিলে, ৮০'র দশকে যারা গরিব মানুষ, যারা লো ইনকাম গ্রুপ, যারা অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে আছে, সরকার তাদের বাড়ি করে দেবে এবং সেই বাড়ি তাদের ভাড়ায় দেবে। কারণ একমাত্র রিটায়ারমেন্ট করা ছাড়া বাড়ি কেনার মতো তাদের ক্ষমতা নেই। আপনারা কিছু বাড়ি তৈরি করে দেবেন গরিব মানুষদের, লো-ইনকাম গ্রুপের মানুষদের এবং অর্থনৈতিক ভাবে যারা পিছিয়ে আছে তাদেরকে। যারা বাড়ি তৈরি করতে চায়, আপনি বলেছেন তাদেরকে ঋণ দেবেন। কিন্তু দিতে পারেননি কেন সেটা আলোচনায় এসেছে। বাড়ি তৈরির ব্যাপারে আপনারা বেশিরভাগ ক্ষেত্রে উৎসাহ দিয়েছেন অম্বুজা, পিয়ারলেসকে। আমি আপনাকে জ্ঞাত করতে পারি যে পশ্চিমবঙ্গে যারা প্রোমোটারি করছে তাদেরকে এই হাউসিং-এর ব্যাপারে উৎসাহ দিচ্ছেন, যারা শুধুমাত্র কালো ধরনের পাহাড় করছে। আপনি বলেছিলেন ১৯৯৬ তে উচ্চ আয় সম্পন্নদের জন্য ২৯৬টি বাড়ি করা হবে, ১৯৯৬-৯৭ সালে আপনি তাদের জন্য ৭৭২টি বাড়ি করবেন। মধ্য আয় সম্পন্নদের জন্য ৪০৪টি বাড়ি ১৯৯৬তে হবে বলেছিলেন, আর ১৯৯৬-৯৭তে তাদের জন্য বাড়ি করবেন বলেছেন ৬৩৬টি। নিম্ন আয় সম্পন্নদের জন্য ১৯৯৫-৯৬এ ৩টি দেখিয়েছেন, পরবর্তীকালে আপনি তাদের জন্য বাড়ি করবেন বলেছেন ১৪৪টি। যারা অর্থনৈতিক ভাবে দুর্বল শ্রেণী তাদের জন্য ৫ হাজার বাড়ি করবেন বলেছেন ১৯৯৬-৯৭ সালে। কিন্তু সেই বাড়িগুলো কোথায় করছেন সেটা এই ব্যয়বরাদ্দের মধ্যে উল্লেখ করতে পারেননি। এখানে সি. এম. ডি. এ.র কথা বলেছেন। তারা শহর এলাকায় বাড়ি করবে। গ্রামে পঞ্চায়েত বাড়ি করবে। গ্রামে

আপনার দপ্তর বিভিন্ন সংস্থা মিলে বাড়ি করবে। সি. এম. ডি. এ. বাড়ি করার আগে সি. আই. টি. বাড়ি করত। কিন্তু এখানে আপনার কৃতিত্ব কোথায়? আবাসনের জন্য বলেছেন ২৯ কোটি টাকা খরচা হবে। কিন্তু যে ১০ হাজার বাড়ি তৈরি আপনারা ১৯৯৬-৯৭ সালে শেষ করবেন বলেছেন তার যোগান কিভাবে আসবে তা এই ব্যয় বরাদ্দের মধ্যে বলেননি। আবাসনের জন্য পিয়ারলেস ও অম্বুজাকে কত মূলধন বিনিয়োগ করেছেন তার ছবিটা এখানে স্পষ্ট নয়। ঋণের ব্যাপারে ৩ কোটি ২৫ লক্ষ টাকা দেখিয়েছেন। কিন্তু ঋণের ব্যাপারে অনেকেই বঞ্চিত হয়েছে। ১৯৭৭ সালের আগে যে বাড়িগুলো শেষ হয়েছে সেগুলোর রক্ষণাবেক্ষণের ব্যাপারে আপনারা কি ব্যবস্থা নিয়েছেন সেটা বলেননি। সেই বাড়িগুলোর দরজা-জানলা ভেঙে গেছে কিনা, ছাদ দিয়ে জল পড়ছে কিনা, পানীয় জলের ব্যবস্থা আছে কি না, কোনও পরিষেবা তারা পাচ্ছে কি না এগুলো আপনারা রক্ষণাবেক্ষণ করতে ব্যর্থ হয়েছেন। তাই এই ব্যয় বরাদ্দকে কোনও ভাবেই সমর্থন করা সম্ভব নয়। বাড়ি ভাড়ার ব্যাপারে যারা ১০০ টাকা দিত তাদের আপনি অ্যাডহক ভিত্তিতে ২০০ টাকা করলেন। যদিও সিলেক্ট কমিটিতে এটা আছে। কিন্তু যারা সাধারণ বাড়িতে, বস্তিতে থাকে তাদের ক্ষেত্রেও এই ভাড়া বৃদ্ধি হবে। কারণ তখন তারা বলবে সরকার যদি ১০০ পারসেন্ট ভাড়া ইনক্রিজ করতে পারে তাহলে আমরা কেন বাড়ি ভাড়া ১০০ পারসেন্ট বেশি বাড়ি ভাড়া পাব না? এ ব্যাপারে আপনার দপ্তরকে ভাল বলে মনে হয়নি। বলতে চাই, কসবাতে দুর্নীতির পাহাড় আপনার ডিপার্টমেন্ট করছে। জানি আপনি ভালো কিছু করতে চান, জলের আর এক নাম জীবন, সেটা আপনার হাতে, আবার বাড়ি, শেল্টার, সেটাও আপনার হাতে। অনেকে বলে, আপনার ডিপার্টমেট কোথায়? নিশ্চয় আছে, যারা জানেন, তারা জানেন। কসবাতে চতুর্থ ফেজে যে কাজ চলছে, একটা ছোট উদাহরণ দিচ্ছি ৪৪৮টি ফ্ল্যাট তৈরি হবে এবং আপনার যে চেয়ারম্যান, এস. পি. মণ্ডল, তিনি ৫ পারসেন্ট পাবেন এবং অন্যান্য ভাবে জোগাড় করে দেখা যাবে তিনি ১০০ টি ঘর পেয়েছেন। কিন্তু মাননীয় মন্ত্রী জানেন কি, সেই ফ্লাটগুলো কাকে দিয়েছে, কত দামে দিয়েছে, কার নামে দিয়েছে? এ টাইপের ঘর বলছি, ৯টা বিল্ডিং, ১৬টি করে ঘর, দু-একটি বাদে সবই আপনার দলের লোকদের দিয়েছেন। আপনার দপ্তরের. দুর্নীতি যা হচ্ছে, সেটা দেখবেন। আজকে হাউসিং বোর্ড দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে, প্রোমোটারদের হাতে একে সঁপে দিয়েছেন। তাই এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে, আমাদের কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তপন হোড় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে উত্থাপন করেছেন, তাকে সমর্থন করছি। ওদের একটা কুকীর্তির কথা বলে আর দু-একটি কথা বলব। মাননীয় মন্ত্রী ভোলা সেন যখন এই দপ্তরে ছিলেন, তাঁর আমলে ওদের এক নেতা, গভর্নমেন্ট এমপ্লয়িজ ফেডারেশনের নেতা রবীন ঘোষ দস্তিদার দুটো এল. আই. জি. ফ্ল্যাট সি. এন্. রায় রোডে পেয়েছিল। আবার কয়েকদিন আগে সেই রবীন ঘোষ দস্তিদার বেলগাছিয়ায় আর একটি ফ্ল্যাট নিয়েছে। এটা একটু দেখবেন মাননীয় মন্ত্রী।

মাননীয় মন্ত্রী যোগ্যতা এবং ধৈর্য সহকারে একটি মহান দায়িত্ব পালন করছেন; বিশেষ করে আমাদের বোলপুরে পানীয় জল সরবরাহের ক্ষেত্রে তিনি এক অসাধারণ কাজ করেছেন, সেইজন্য তাঁকে ধন্যবাদ জানাই। সল্ট লেক তার সমস্ত পারপাস সার্ভ করতে পারছে না, তিনি রাজারহাটে একটি উপনগরী তৈরি করছেন, এর প্রয়োজন আছে। শান্তিনিকেতন, শ্রী নিকেতন ডেভেলপমেন্ট অথরিটি হয়েছে, যে পদ্ধতির মধ্যে হয়েছে, সেটা খুব বাস্তবোচিত। এই পদ্ধতিতে যদি প্রতিটি জেলাতে—পিছিয়ে পড়া জেলাগুলিকে প্রেফারেন্স দিয়ে সাব ডিভিশন স্তরে উপনগরী তৈরি করতে পারেন এবং সেই ভাবে ডিস্ট্রিবিউট করতে পারেন, তাহলে চাহিদার তুলনায় কম হলেও মিনিমাম রিলিফ দিতে পারবেন বলে আশা করি। মিনিমাম ইনফ্রস্টাকচারের মধ্যেও অর্গানাইজডলি করতে পারলে এটা সম্ভব হবে। এল. আই. জি. ফ্ল্যাটের ক্ষেত্রে হাউস বিল্ডিং লোন ১৫/২০ বছরের মধ্যে শোধ হয়ে যাচ্ছে। ১৫/২০ লাখ টাকা দেওয়া একবারে সম্ভব নয় যাদের, সেক্ষেত্রে নতুন নতুন উপনগরী তৈরি করে নো প্রফিট নো লস-এর মধ্যে দিয়ে নতুন নতুন ফ্ল্যাট করতে পারলে সুবিধা হবে। কারণ আপনি যে ২/৩ লক্ষ টাকা দেবেন তাতে তাদের অনেক অসুবিধা হবে।

[5-20 – 5-30 p.m.]

আরেকটা বিষয়, আমরা এম. এল. এ.-রা ফিল করি, আমাদের কাছে কমিটমেন্ট আসে। যেমন গতকালই দেখছিলাম একজন পেসেন্টকে নিয়ে দু-তিন জন লোক এসেছে এখানে কিডনি ডায়ালিসিস করতে। স্যার, এইসব হত দরিদ্র সাধারণ মানুষের শহরে থাকার কোন জায়গা নেই। এইসব সাধারণ মানুষ সাত-পাঁচ কিছু বোঝেন না। তারা ভাবে আমরা কলকাতায় থাকি, আমরা অনেক কাজ করে দিতে পারি। কাজেই তাদের জন্য একটা মিনিমাম ব্যবস্থা করা যায় কিনা সেটা ভেবে দেখবেন। এই রকম সমস্যা মোটামুটি প্রত্যেকটা এম. এল. র.-ই আছে। ঐ রকম যারা গ্রাম থেকে বা অন্য দূরবর্তী জায়গা থেকে এখানে রোগীকে চিকিৎসার জন্য নিয়ে আসে তাদের ২/৩ রাত থাকার ব্যবস্থা করা যায় কিনা, এটা ভেবে দেখবেন। এটার অত্যন্ত প্রয়োজন আছে। খুব সাংঘাতিক ভাবে আমরা এটা অনুভব করছি।

আরেকটা বিষয় হচ্ছে, এল. আই. জি. স্কিমের ফ্ল্যাটের ভাড়ার রসিদ পাওয়া না যাওয়ার ফলে ভাড়া আদায় হচ্ছে না। রসিদ যাতে তাড়াতাড়ি ছাপিয়ে আসতে পারে এবং ভাড়া নেওয়া যায় তার ব্যবস্থা আপনি নিশ্চই করবেন।

আমরা সাধারণ ভাবে দেখছি, কলকাতা কেন্দ্রীক সভ্যতা গড়ে তোলার চেষ্টা চলছে। কিন্তু এখানে হাউসিং প্রবলেম যে ভাবে লোক ফেস করে আমাদের জেলাগুলোতেও তার থেকে কিছু কম ফেস করেনা। আশাকরি আপনি জেলার বসতিগুলোতে যে সাধারণ গরিব মানুষেরা আছে তাদের ব্যাপারে নজর রাখবেন। এই কটা কথা বলে এই বাজেটকে সমর্থন করে এবং কাট-মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গৌতম দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বাজেট প্রস্তাবের সমর্থন করে এবং অন্যান্য সকলে সমর্থন করুন এই আবেদন করে এবং বিরোধীপক্ষের কাট-মোশনের বিরোধিতা করে এই স্বল্প সময়ের মধ্যে দু-একটা বিষয়ে উল্লেখ করছি।

হাউসিং ডেভেলপমেন্ট সাধারণতঃ একদম উপর তলার সরকারি অফিসার থেকে শুরু করে নিচু তলার গ্রুপ-ডি কর্মচারিদের থাকার ব্যবস্থা কলকাতা এবং জেলাগুলোতে করে। এটা হল একটা কাজ। ৬০/৭০-এর দশকে যে ১৮/২০ হাজার পরিবার আমাদের ভাড়াবাড়িতে আছে সেই বাড়িগুলো মেন্টেন করা, আর ১০/১২ হাজার সরকারি অফিসারদের আছে প্রতিটি বাড়ির ভাড়া হিসাব করে দেখা হল সেটা কত। মাননীয় জ্যোতি বসু যখন কিছুদিনের জন্য এই দপ্তরের দায়িত্বে ছিলেন তখন সেই ১৮/২০ হাজার ভাড়াবাড়িতে রক্ষণাবেক্ষণে খরচ হয়েছিল ১০ কোটি টাকা কিন্তু আয় হয়েছিল দেড় কোটি টাকা। এই অবস্থায় দেখা যাচ্ছে ১৮/২০ হাজার পরিবারকে কলকাতা এবং তার আশেপাশে রাখবার জন্য সরকারের পকেট থেকে সাড়ে আট কোটি টাকা যাচ্ছে। আর ঘটনাচক্রে এদের কেউই ভিখারি নয়। সবাই না হলেও অনেকে মারুতি গাড়ি নিয়ে ঢোকে। যে কারণেই হোক আর ভাড়াবাড়ির দরকার নেই—এই অবস্থায় জিনিসটা বন্ধ থাকল। আমি পরবর্তীকালে মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করি, বামফ্রন্টে আলোচনা করি এবং এখানেও বারবার আলোচনা করা হয়েছে। যেভাবে বছর বছর বাড়িভাড়া বাড়ানো উচিত ছিল তা গত ২০/৩০ বছরে বাড়ানো হয়নি। ভাড়া বাড়িগুলো নো লস, নো প্রফিট—প্রফিটের তো প্রশ্নই ওঠে না, লসটা কমানোর জন্য এখন আমরা ভাড়া বাড়ালাম যাতে লসটা কমিয়ে আনা যায়। এর জন্য ভাড়াটা বাড়িয়ে ১০০-র জায়গায় ২০০ করেছি। আপনারা অনেকে বললেন যে ভাড়া বাড়ি বন্ধ করলে অসুবিধা হবে। আমরা সিদ্ধান্ত নিয়েছি যে ভাড়া বাড়ি আবার বানাব। ই. সি. টি. পি. ফেজ-ফোরে ১১২টা ফ্ল্যাট বানান হাউসিং ডেভেলপমেন্ট। তারাতলায় শম্পামির্জাতে ভাড়া দিতে শুরু করেছে, সেখানে নো লস নো প্রফিট বেসিসে ৩৫০টা ফ্ল্যাট তৈরি হচ্ছে। সেখানে প্রফিটের কোনও প্রশ্নই ওঠে না। তাই বলছি আবার আমরা ভাড়া বাড়ি করব। কিন্তু ভাড়ার কাঠামোকে এই ভাবে রেখে। দ্বিতীয় হল, ওনারশিপ ফ্ল্যাট যেটা হাউসিং বোর্ড করে। দু হাজার ওনারশিপ ফ্ল্যাটের কাজ চলছে, যারা ইতিমধ্যেই ২৩,২৪ হাজার ফ্ল্যাট তৈরি করেছেন, এটা আরও বাড়াতে হবে। ওনারশিপ ফ্ল্যাটের ক্ষেত্রে ৫০ পারসেন্টের বেশি ফ্ল্যাট বানাতে হবে এমন ভাবে যাতে এল. আই. জি., এম. আই. জি.-র লোকেরা পায়, আর বাকিটা এইচ. আই. জির জন্য। কিন্তু একা হাউসিং বোর্ড কটা বাড়ি বানাবে? ১ হাজার, ২ হাজার বাড়ি? কিন্তু হাউসিং বোর্ড খুব ভালো কাজ করছে, এতে তাদের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা তারা পালন করছে যোগ্যতার সাথে। পি. ডব্লু. ডির ইঞ্জিনিয়াররা এতে আছেন। হাউসিং বোর্ড কটা বাড়ি বানাবে? কলকাতার আশেপাশে প্রায় ২০,২৫ হাজার ফ্ল্যাটের কাজ চলছে। তাই এই হাউসিং মার্কেটে গভর্নমেন্টকে ইন্টারভেন করতে হচ্ছে। এখানে এই ৩০ কোটি টাকা নিয়ে কি হবে? মোট ৬০ কোটি টাকার বাজেট, তার মধ্যে ৩০ কোটি টাকা ইঞ্জিনিয়ারিংয়ে খরচ হবে। তাই এই টাকা নিয়ে বাজারে ইন্টারভেন

করা কঠিন, আর এফেক্টিভলী কিছু হবে? তাই আমরা ঠিক করলাম হাউসিং ডিপার্টমেট, হাউসিং বোর্ড জয়েন্ট সেক্টরে কোম্পানি করবে, এতে মেজরিটি থাকবে সরকারের। এটা আমরা এক্সপেরিমেন্টাল বেসিসে করছি বেঙ্গল পিয়ারলেস, বেঙ্গল অম্বুজাদের সাথে করছি। যেখানে আমাদের ইক্যুইটি হচ্ছে ৫০ পারসেন্টের বেশি। এতে বোর্ডের মেম্বারও বেশি, চেয়ারম্যানও আমাদের। এই দুটি প্রোজেক্টে ১৩০ কোটি টাকা লাগবে। এতে আমাদের তিনটে কণ্ডিশন হচ্ছে,— ১) যত ফ্ল্যাট হবে তার ৫০ পারসেন্টের বেশি এল. আই. জি আর এম. আই. জিকে দিতে হবে। ২) এল. আই. জির বাড়ি বানাতে যদি খরচ হয় ২ লক্ষ টাকা, তাহলে সেটা দেড় লক্ষ টাকায় বিক্রি করতে হবে। আর এম. আই. জির যে ফ্ল্যাট হবে সেটা নো লস নো প্রফিটে বিক্রি করতে হবে। এইচ. আই. জি. ফ্ল্যাটের ব্যাপারে বলেছি যে আপনারা যা পারেন করুন। এইচ. আই. জি. পয়সা যাদের বেশি তারাই এটা কেনেন। ৩) এই বাড়িগুলি লটারীর মাধ্যমে দেওয়া হবে। ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাশে সত্যজিৎ রায় ফিল্ম ইনস্টিটিউটের পাশে ৪০০ স্কোয়ার ফুটের ফ্ল্যাট ১ লক্ষ ১০ হাজার টাকায় দেওয়া হচ্ছে। ভি. আই. পি. রোডের ধারে ৪০০ স্কোয়ার ফুটের ফ্ল্যাট ১ লক্ষ ১০ হাজার টাকায় দেওয়া হচ্ছে। সেখানে ফ্ল্যাট হচ্ছে মোর দ্যান ৫০ পারসেন্ট এল. আই. জির। আর এম. আই. জি. ফ্ল্যাট ৬০০ থেকে ৭০০ স্কোয়ার ফুটের ফ্ল্যাট সাড়ে তিন লক্ষ টাকায় দেওয়া হচ্ছে। ভি. আই. পি. রোডে দাম সাড়ে তিন লক্ষ টাকা। কারণ গভর্নমেন্টের জয়েন্ট সেক্টর কোম্পানি এটা করছে।

[5-30 – 5-40 p.m.]

**শ্রী তাপস রায় ঃ** আমাদের কিছু দিন।

**শ্রী গৌতম দেব ঃ** আপনাদের দলের নেতা অতীশ সিনহা কিনবেন, কিন্তু তাঁর ছোট ফ্ল্যাটে হবেনা, বড় ফ্ল্যাট নেবেন। সেটার দামের লিমিট হচ্ছে আকাশ পর্যন্ত। ৭/৮ লক্ষ টাকা থেকে শুরু করে আকাশ পর্যন্ত। সেখানে আমাদের কিছু বলার নেই। সম্ভব হলে সত্য বাপুলিও নিতে পারেন, আমাদের কোনও অসুবিধা নেই। কিন্তু আমাদের কনসার্ন হচ্ছে সাধারণ মানুষ। তাদের জন্য আমরা এল. আই. জি., এম. আই. জি. করেছি। আমরা আরো তিনটে জয়েন্ট সেক্টর কোম্পানি করব। সমস্ত কিছু সই হয়ে গেছে, আগামী কিছু দিনের মধ্যেই কাজ শুরু হয়ে যাবে। আরো তিনটে জয়েন্ট সেক্টর কোম্পানি—ডি. সি. পি. এল., আই. এফ. বি ইত্যাদি কি সব নাম আছে, তাদের সঙ্গে হবে। ইতিমধ্যে দুটো কোম্পানিকে নামিয়েছি, আরো তিনটে হলে, মোট পাঁচটা কোম্পানি কাজ করবে। পশ্চিম বাংলায় কলকাতার বুকে কোন প্রমোটর এই কাজ করবে? এল. আই. জি., এম. আই. জি. বাড়ি নির্মাণের জন্য কোন প্রমোটর নেমেছে? হাউসিং ডিপার্টমেট, হাউসিং বোর্ডের সঙ্গে জয়েন্ট সেক্টরে যারা এই কাজ করছে তাদের প্রোমোটর বলা ঠিক হবেনা। ৩/৪ লক্ষ টাকা দরে ফ্ল্যাট বিক্রী করা হচ্ছে, যা সাধারণ প্রমোটরের পক্ষে কখনোই সম্ভব নয়। তাদের পক্ষে ঐসব ফ্ল্যাট ৮ লক্ষ

টাকা দামে বিক্রি করাতেও মুশকিল আছে। সমস্ত ব্যাপারটাই হাউসিং বোর্ড এবং হাউসিং ডিপার্টমেন্টের নিয়ন্ত্রণাধীন। যত সাবস্টেনসিয়াল নম্বর করতে পারব ততই ভাল এবং সেই চেষ্টাই আমরা করছি। থার্ড ভেঞ্চার হচ্ছে নিউ টাউন—খুবই বড় অ্যাম্বিসিয়াস প্রোজেক্ট নিয়ে এগিয়েছি। সল্ট লেক যত বড় এলাকা, তার চেয়ে তিন গুণ বড় এলাকা নিয়ে আমরা রাজারহাটে নতুন শহর গড়ার কাজ শুরু করেছি ৩০,০০০ বিঘা জমি নিয়ে। জমির জন্য সেখানে আমরা কমিটি করেছি—লোকাল এম. এল. এ., লোকাল পঞ্চায়েতের প্রধান, ব্লকের চেয়ারম্যান, অফিসারদের নিয়ে কমিটি করেছি। ওখানে সরকার সরাসরি চাষীর কাছ থেকে জমি কিনে নেবে, মাঝে কেউ থাকবে না। জমি পাব, দাম দেব। সেই ভাবে ডাইরেক্ট পার্চেস আমরা শুরু করেছি। আগামীকাল দিল্লিতে গভর্নমেন্ট ভেঙে গেলে কি হবে জানিনা—এখন পর্যন্ত কেন্দ্রে যিনি মন্ত্রী আছেন, প্রফেসর ভেঙ্কটেশ্বরণ, তাঁকে অনুরোধ করেছিলাম, তিনি ১৮ তারিখ আসবেন। ১৯ তারিখ কৃষকদের কাছ থেকে ২০০ বিঘা জমি নেব। আমরা বাঁ-হাতে টাকা দেব এবং ডান হাতে কৃষকের কাছ থেকে দলিল নেব। ইতিমধ্যেই কেনা শুরু করেছি। আমাদের নিউ টাউনের কাজ এগিয়ে চলেছে। ইতিমধ্যে আমরা কলকাতা কর্পোরেশন এলাকায় প্রমোটর আইন চালু করেছি। যেহেতু আমাদের ৬ মাস থেকে ১০ মাসের অভিজ্ঞতা হয়েছে সেহেতু আমরা আশা করছি আর কিছু দিনের মধ্যে কলকাতার বাইরের এলাকায়'ও প্রমোটর আইন চালু করতে পারব। এই আইনের মধ্যে বলা হয়েছে, কলকাতা কর্পোরেশন যতই বিল্ডিং প্ল্যান পাস করুক, মিউনিসিপ্যালিটি যতই বিল্ডিং প্ল্যান পাস করুক প্রমোটর যদি রেজিস্টার্ড না হন তাহলে তিনি বাড়ি তৈরি করতে পারবেন না। প্রমোটরকে রেজিস্টার্ড হতে হবে, তাঁকে বলতে হবে কোথা থেকে জমি পেলেন, টাকা কোথা থেকে জোগাড় করলেন। সব কিছু ক্লিয়ার করতে হবে। তারপর তিনি বাড়ি করতে পারবেন। এই নতুন আইন সম্বন্ধে সব প্রমোটররা এখনো হয়ত জানেন না। তবে ইতি-মধ্যেই অনেক প্রমোটর রেজিস্টার্ড হবার জন্য আমাদের ডিপার্টমেটে আসছেন, আমাদের ডিপার্টমেন্ট সেগুলো প্রসেস করছে, কিছু হচ্ছে, কিছু হচ্ছেনা। এরপরে বাইরের এলাকায় (কলকাতার বাইরে) এই আইন চালু করব। তার মানে এই নয় যে, সরকার চমক দিতে চায়, প্রমোটর আর থাকবে না, কেবল সরকার একাই বাড়ি করবে। ওসব চিন্তা করে কোনও লাভ নেই, ওসব ১০০ বছরেও হবে না। ঐসব ইমপ্র্যাকটিক্যাল কথা বলে কোনও লাভ নেই। তবে আমরা তাদের কিছুটা দায়িত্বশীল করতে চাইছি। ব্যবসায়ী আর কতটাই বা দায়িত্বশীল হতে পারে। পাশাপাশি সরকারও দেখবে, যতটা যা করা যায় করবে। যারা ফ্ল্যাট কিনবেন তাদের যেমন দেখে কিনতে হবে, তেমন সরকারকেও দেখতে হবে কোয়ালিটি মেনটেন করছে কিনা, বিল্ডিং রুল মেনে করছে কি না। অবশ্যই প্রমোটররা থাকবে, আমাদের পছন্দ হোক, না হোক। সেইজন্য এটা আমাদের নিয়ন্ত্রণ করতে হবে।

**মিঃ ডেপুটি স্পিকার :** গৌতমবাবু একটু বসুন। এটা দেখছি নির্দ্ধারিত সময়ের মধ্যে

শেষ হবে না। তাই, সভার অনুমতি নিয়ে আমি আরো ১০ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি। এবার বলুন।

**শ্রী গৌতম দেব :** সেইজন্য বলছি, লাইন খোঁজার চেষ্টা করে লাভ নেই। যদি আমরা বলতে পারতাম ভারতে কোনও ব্যবসাদার থাকবে না, সব সরকারি ব্যবস্থাপনায় হবে, কোনও ব্যক্তিগত মালিকানায় সংবাদপত্র থাকবে না, ঘর-বাড়ি সব সরকার নিজে করবে, পান-বিড়ির দোকান সব কিছু সরকার করবে—একথা যদি বলতে পারতাম তাহলে এক জিনিস হত। সুতরাং এইসব যে কথাবার্তা বলছেন, এসব কথা বলে লাভ নেই। গোটা ভারতবর্ষে যে বাড়িঘর তৈরি হয় তার ৫ পারসেন্টও গভর্নমেন্ট করে না মেট্রোপলিটান টাউনে। সুতরাং বাড়ির প্রয়োজন আছে এবং এটাকে আরো বাড়াতে হবে। মানুষ নিজের উদ্যোগে যেসব বাড়ি তৈরি করে সেক্ষেত্রে আমাদের উৎসাহ দিতে হবে। প্রোমোটাররা যে ধরনের বাড়ি তৈরি করে সেগুলিকে আমাদের নিয়ন্ত্রণ করতে হবে যাতে মানুষকে ঠকাতে না পারে, আর কিছু নয়। তারপর এখানে বিরোধীদলের মাননীয় সদস্য, শ্রী অশোক দেব এভিকশনের কথা বলেছেন। কোনও বিশেষ অভিযোগ থাকলে নিশ্চয়ই সেটা খুঁজে দেখতে হবে। কিন্তু আমরা চেষ্টা করছি যে সমস্ত ভাড়াটিয়ারা সরকারি ফ্ল্যাটে থেকে নিজেরা বাড়ি করে সরকারি ফ্ল্যাট ছেড়ে চলে গেছেন অথচ ফ্ল্যাটটি ছেড়ে দিচ্ছেন না সেগুলিকে আমরা এভিকশন করার চেষ্টা করছি। সরকারি বাড়ি ছেড়ে অন্য জায়গায় চলে গেছেন অথচ ঐ সরকারি ফ্ল্যাটটি কাউকে ১০ হাজার টাকায় দিয়ে চলে গেলেন। এটা তো ঠিক নয়, এটা না শুনলে পরে কি করে হবে? এভিকশন করতে গেলে এরা আবার কোর্টে চলে যাচ্ছে। কোর্টে গেলে কিছু করার নেই। এইরকম ২৫০ থকে ৩০০ কোর্ট কেস আছে যেগুলি সরকার থেকে এভিকশন করার চেষ্টা করেছেন। কোন একটা ফ্ল্যাটে দেখা গেল ঘরে আর কিছু নেই, খালি মাদুর আছে। অথচ সেই ঘরে তালা মেরে রেখে দিয়েছে। সরকারি লোক সেই তালা ভেঙে পজেশন নিচ্ছে তারা হাইকোর্টে গেছে, ইনজাংশন পাচ্ছে, আবার তালা মারছে। সুতরাং হাত দেওয়া যাবে না। এইসব কাজ তারা করছে। আমরা কোর্টে লোক পাঠাচ্ছি, এইসব ব্যবস্থা করছি। এখন এইসব করতে গিয়ে যদি কোথাও ভুল-ভ্রান্তি হয়, যদি কোনও সাধারণ মানুষ ছুটি কাটাতে বাইরে গেছেন, অথচ এর মধ্যে এভিকশন হয়েছে, এইসব ক্ষেত্রে ক্রটি হলে দেখব। তবে দুর্নীতির অভিযোগ সুনির্দিষ্টভাবে দিতে হবে। আমার এত সাহস নেই দুর্নীতি হয়নি বলে দাবি করব কিন্তু কথা হচ্ছে, সুনির্দিষ্ট অভিযোগ না দিলে তো হবে না। নির্দিষ্টভাবে দিতে হবে দুর্নীতি হচ্ছে। এইসব দেখার পর তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। খবর পেয়েছি, হাউসিং বোর্ডের একটি বাড়ির কন্সট্রাকশন ঠিকমতো হয়নি। ছাদ থেকে ভেঙে পড়ে গেছে, ঐ ডানকুনির কাছে। আমি এই ব্যাপারে এনকোয়ারী কমিটি করেছি যে কেন এমন হল। সুতরাং কোনও বিষয়ে পার্টিকুলার অভিযোগ থাকলে সেগুলি আমাদের জানালে আমরা জিনিসটা দেখতে পারি। রুর‍্যাল হাউসিং—হাউসিং ডিপার্টমেন্টের কোনও প্রকল্প ছিল না, সেটা রেখেছি। রুর‍্যাল হাউসিং-এর জন্য অনেকগুলি কর্মসূচি নিয়েছি। ওয়ার্কিং গার্লসদের জন্য নিয়েছি। এইসব

উদ্যোগ আমরা গ্রহণ করছি। হাউসিং ডিপার্টমেন্ট, হাউসিং বোর্ড, জয়েন্ট সেক্টর সবাইকে একসাথে নিয়ে নিউ টাউন করার চেষ্টা করছি। ল্যাণ্ড মবিলাইজেশন থেকে শুরু করে রেন্টাল হাউসিং, ওয়ার্কিং গার্লস হাউসিং এই সব করার চেষ্টা করছি। কিন্তু আমার ডিপার্টমেন্ট সবটাতো একা করতে পারেনা, কারণ আমাদের যা বাজেট তা যথেষ্ট শক্তিশালী নয়, তাই জন্য বাজেটের সঙ্গে মেলাতে হচ্ছে। হাউসিং বোর্ড বা অন্য শক্তিকে কাজে লাগাতে হচ্ছে। এদের ক্ষেত্রে হাউসিং ডিপার্টমেন্ট নোডাল এজেন্সি হিসাবে লিডারশিপ দিচ্ছে। তাই বলছি, এই বাজেটকে আপনারা সমর্থন করবেন। আগামীদিনে নিউ টাউন প্রোজেক্টের ক্ষেত্রে এবং অন্য জায়গায় ল্যাণ্ড মবিলাইজেশনের ক্ষেত্রে যেভাবে সাহায্য সকলের পাচ্ছি সেই সাহায্য বিধানসভার সদস্যরা নিশ্চয়ই করবেন যাতে আমরা মডেস্ট কনট্রিবিউশন রাখতে পারি। এই হাউসিং-এর স্কেয়ারসিটি শহরের আশেপাশে যা আছে যেকথা আপনারা বলেছেন সেটা গ্রহণ করছি। এক্ষেত্রে আশা করি, আগামীদিনে সকলের সমর্থন পেয়ে যাব। এই কথা বলে কাট-মোশনের বিরোধিতা করে এবং এই বাজেটকে সমর্থন করার জন্য আর একবার আহ্বান জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা ক্লারিফিকেশন চাইব। আপনার এতক্ষণ বক্তৃতায় বুঝতে পারলাম মহারাষ্ট্র বিরাট হাউসিং কমপ্লেকস করছে। শহর বেসিসে আপনিও করতে চাইছেন এবং বলছেন প্রাইভেট সেক্টর। তার মানে এটা কি ঠিক যে, লোকের ডিমাণ্ড খুব বেশি অথচ সরকারের সঙ্গতি কম, সেইজন্য মানুষের যে নিডস এটা পূরণ করার জন্য একসঙ্গে মিলিয়ে করবার জন্য পরিকল্পনা নেওয়া—এটাই আমি জানতে চাইছি। এটা একটু ক্লারিফাই করে দিন?

[5-40 – 5-50 p.m.]

The Motion of Shri Kamal Mukherjee (1) that the amount of the Demand be reduced to Re. 1/- was then put and lost.

The Motions of Shri Nirmal Ghosh (2), Shri Sultan Ahmed (3), Shri Ashok Kumar Deb (4), Shri Gyan Singh Sohanpal (5), Shri Ajoy De (6), Shri Kamal Mukherjee (7-10), Shri Deba Prasad Sarkar (11), Shri Saugata Roy (12-14) that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 69,45,96,00,000 be granted for expenditure under **Demand No. 36, Major Heads : "2216—Housing, 4216—Capital Outlay on Housing and 6216—Loans for Housing"** during the year 1997-98.

(This is inclusive of a total sum of Rs. 23,17,00,000 already voted on account) was then put and agreed to.)

## LEGISLATION

### The Bengal Legislative Assembly (Members, Emoluments) (Amendmennt) Bill, 1997

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to introduce the Bengal Legislative Assembly (Members, Emoluments) (Amendment) Bill, 1997.

**(Secretary then read the Title of the Bill.)**

### The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1997

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to introduce the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1997

**(Secretary then read the Title of the Bill.)**

### The West Bengal Legislature (Members' Pension) (Amendment) Bill, 1997

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to introduce The West Bengal Legislature (Members' Pension) (Amendment) Bill, 1997

**(Secretary then read the Title of the Bill.)**

### The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1997

**Shri Prabodh Chandra Sinha :** Sir I beg to move that The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1997 be taken into consideration.

### The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1997

**Shri Prabodh Chanera Sinha :** Sir, I beg to move that West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1997 be taken into consideration.

## The West Bengal Legislature (Members' Pension) (Amendment) Bill, 1997

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the West Bengal Legislature (Members' Pension) (Amendment) Bill, 1997 be taken into consideration.

(The discussion held togather)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই যে তিনটি এক সঙ্গে এসেছে, যেহেতু তিনটি বিল এক সঙ্গে না এলে আলাদা আলাদা ভাবে আলোচনা করা যায় না, কারণ করোলেগুে সারা ভারতবর্ষের সমস্ত রাজ্যে যতগুলো অ্যাসেম্বলি আছে, সেই সব রাজ্যের অ্যাসেম্বলির মেম্বারদের বিভিন্ন সুযোগ সুবিধা, তাদের স্যালারী, অ্যালাউয়েন্স সব দেখলাম। আমি সবগুলির কপি নিয়ে এসেছি, সেগুলি যদি একটা করে বলি তাহলে তা বলতে এক ঘন্টা লেগে যাবে। স্যার, পশ্চিমবাংলায় সব ক্ষেত্রেই আন্দোলন করার অধিকার আছে কিন্তু আমরা এম. এল. এ.'রা আন্দোলন করতে পারি না। যেহেতু আমরা জনপ্রতিনিধি সেইহেতু আমাদের আন্দোলন করার অধিকার নেই। আমি মন্ত্রীদের কথা প্রথমে বলি। আমার দেখে দুঃখ হয় যে গ্রুপ ডি'র স্টাফেদের যে মাহিনা বা পে মন্ত্রীরা তাও পায়না। স্যালারি is a problem. স্যার, আমরা দেখেছি, যারা বেশি মাহিনা পায় তাদের গ্ল্যামারটা একটু বেশি, যারা কম পায় তাদের গ্ল্যামারটা একটু কম। যেমন হাইকোর্টের জজ-রা বেশি মাহিনা পান তাদের গ্ল্যামারটা বেশি, জজ কোর্টের জজ-রা একটু কম পান তাদেরটা একটু কম। এই মাহিনা কম বেশি নিয়ে গণ্ডগোল আছে। স্যার, এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি একটি ছোট রাজ্য কর্ণাটকের কথাটা একটু বলি। সেখানকার তথ্য যা দেখছি সেটা হল, তারা দু হাজার টাকা করে পার মান্থ পায়। স্পিকার এবং চেয়ারম্যানরা ৫ হাজার টাকা। টেলিফোনের জন্য ২ হাজার টাকা, পোস্টেজের জন্য ৫শো টাকা পার মান্থ, কন্সটিটিউয়েন্সী অ্যালাউন্স ১ হাজার টাকা, তারপর ২৫০ টাকা পার ডে সিটিং অ্যালাউন্স, ৩৫০ টাকা পার ডে আউটসাইড অ্যালাউন্স। আমাদের এখানে এটা ভাবা যায় না। আরও একটা ছোট রাজ্যের কথা বলি। মিজোরামে ১ হাজার টাকা তাদের কনস্টিটিউসেন্সী অ্যালাউন্স, ৫ লক্ষ টাকা বিল্ডিং লোন, ১ লক্ষ ৫০ হাজার টাকা কার অ্যালাউন্স। আমি এইভাবে সব রাজ্যগুলির তথ্য পড়ে পড়ে দেখছিলাম। এটা ঠিকই যে গ্রুপ ডি-র স্টাফরা এখানে যা এনজয় করে এতদিন এখানকার মন্ত্রীরা সেই মাহিনা বা ফেসিলিটিস পেত না। আর আমরা এম. এল. এ. রা তো তার পরের স্টেজ। এমন কি মিঃ স্পিকার is enjoying the highest post. তারও একই অবস্থা ছিল। আমরা যারা উকিল বা ডাক্তার, আমাদের একটা প্রফেশান আছে, আমাদের কোর্টে না গেলে হয়না। তবে আমাদের স্পিকার জব্দ করে দিয়েছেন। ১১টার সময় হাউস করে দিয়েছেন, আমরা ঠিকমতন কোর্টে যেতে পারছি না। যারা সিনসিয়ারলি ডাক্তারিটা করেন তারা চেম্বারে বেশি যেতে পারছেন না কারণ এখানে আসতে হবে। গৌরীবাবু আমার কথা শুনে হাসছেন। আর এখানে এম. এল. এ. হয়ে যারা এসেছেন তাদের শতকরা ৭০ ভাগই

হচ্ছে গ্রামবাংলার লোক। তারা সকলেই জানেন যে তাদের এক জায়গা থেকে আর এক জায়গায় যেতে গেলে কত পয়সা খরচ হয়। তারপর এম. এল. এ.দের তো এর শ্রাদ্ধ, ওর মেয়ের বিয়ে, অমুক জায়গায় যেতে হবে এসব তো আছেই। এসব করতে গিয়ে এম. এল. এ.দের কি খরচ হয় তা এম. এল. এ.-রা জানেন। আমি না হয় ইনকাম ট্যাক্স দিই, আমার মতন কয়েকজন এখানে আছেন যারা ইনকাম ট্যাক্স দেন কিন্তু বাকি সবাই কিন্তু খুব কষ্টের মধ্যে চলেন। এটা কাগজেও অনেক সময় বেরিয়েছে, পশ্চিমবঙ্গে এম. এল. এ.দের যা কাজ তা প্রায় হোলটাইমারের কাজ। রাত্রি দু'টার সময় কেউ কলিং বেল বাজালে উঠতে হবে, সকাল ৭টা থেকে উঠে লোকের সঙ্গে দেখা করতে হবে, যে যা বলবেন তা শুনতে হবে। না বলা যাবে না কারণ ৫ বছর পরে ভোটের ব্যাপারটা আছে। কাজেই এটা হচ্ছে থ্যাংকলেস Job but whole time job. সরকারি কর্মচারিরা ৮ ঘন্টা ডিউটি করেন কিন্তু এম. এল. এ. এবং মিনিস্টারদের কাজ সব সময়ের। এই তো একদিন রাত্রি ২টার সময় আমি মিটিং সেরে এম. এল. এ. হোস্টেলে ঢুকছি, দেখি গেট বন্ধ, একজন মন্ত্রী তিনি কাজ সেরে ফিরছেন। কাজেই আমাদের কাজটা সব সময়ের। আমরা চাকরি করতে আসিনি, জনগণের সেবা করতে এসেছি নিশ্চয় কিন্তু সেখানে ন্যূনতম যেটুকু না হলে নয় সেটা তো দরকার। সকলে তো আর বিত্তশালী লোক নয়।

[5-50 – 6-00 p.m.]

জমি-জায়গা বিক্রী করে তারা কাজকর্ম করছে। কাজেই তাদের সুযোগ-সুবিধা দিতে গেলে, সাহায্য করতে গেলে যেটুকু প্রয়োজন, কমপ্রিহেনসিভ স্টাডি করে, আমার মনে হয় সেটুকুই আনা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা নিয়ে দীর্ঘ আলোচনা করে, বিভিন্ন লোককে জিজ্ঞাসাবাদ করে, তাদের চলার ক্ষেত্রে ন্যূনতম যেটুকু প্রয়োজন সেটুকুই আনা হয়েছে। আমরা মনে হয় এমন কিছু বেশি দেওয়া হচ্ছে না। আপনি জানেন যে পেনশন স্কীম চালু হবার পরে ও এম. এল. এরা দীর্ঘ ১০ বছর সদস্য হিসাবে কাজ করেছেন কিন্তু তাদের কোনও পেনশন স্কীম ছিলনা। আপনারা নিশ্চয়ই জানেন, এমনও দেখা গেছে যে, একজন জনপ্রতিনিধি দীর্ঘদিন যিনি জনসাধারণের সেবা করেছেন, শেষকালে তিনি ভিক্ষা করেছেন। আবার এমনও দেখা গেছে যে, অনেকে নিজেদের চিকিৎসা করতে না পেরে মারা গেছেন। কাজেই তারা যে সার্ভিস জনসাধারণকে দিয়েছেন তার ন্যুনতম স্বীকৃতি হিসাবে যেটা করা হয়েছে সেটা খুব একটা আহামরি কিছু নয়। আমার মনে হয় অন্যান্য রাজ্য থেকেও কম হয়েছে। এখানে তিনটি বিল আছে। যারা মেম্বার ছিলেন তাদের চিকিৎসার ব্যবস্থা ছিলনা, সেই ব্যবস্থা করা হয়েছে। ন্যাচারালি সব দিক থেকে বিবেচনা করে জনপ্রতিনিধিদের ন্যূনতম সার্ভিসের মূল্য, মর্যাদা দেওয়া হয়েছে। আর যারা জনপ্রতিনিধি হিসাবে আছেন তাদের কাজকর্মের প্রতি আগ্রহ যাতে বাড়ে সেদিক থেকে এই বিষয়গুলি রাখা ভাল হয়েছে। আর একটা কথা হচ্ছে, আমাদের মন্ত্রীরা গাড়ি পান। কিন্তু এম. এল. এ'রা কোনও গাড়ি পাননা। তাদের নানা রকম অসুবিধার মধ্যে বাসে করে, ট্রেনে করে যাতায়াত করতে হয়। আমার মনে হয়না এই

বিষয়গুলি নিয়ে আলোচনা করার প্রয়োজন আছে। এটা সর্বসম্মত ভাবে মেনে নেওয়ার যুক্তি আছে। সেজন্য আমি এতে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

**শ্রী প্রভঞ্জন কুমার মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে তিনটি বিল এসেছে। এই তিনটি বিল অনেক আলোচনা করার পরে আনা হয়েছে। এই বিল আমাদের বিধায়ক, মন্ত্রী এবং যেসব বিধায়ক এবং মন্ত্রীরা রিটায়ার করেছেন তাদের সম্পর্কে। অনেক আলোচনা করা হয়েছে এবং সেখানে ওদের পক্ষের লোকও ছিল এবং আমাদের পক্ষের লোকও ছিল, সকলের আলোচনার পরে এটা আনা হয়েছে। কিছু করতে হবে, তবে চক্ষুলজ্জাও তো আছে, তার মাঝেও কিছু করতে হবে। অসমে সদস্যদের ৪,০০০ টাকা করে ভাতা রয়েছে, কিন্তু সেটা কি এখানে করা সম্ভব? অন্ধ্রপ্রদেশে ৪,২০০ টাকা করে সদস্যদের ভাতা। আমাদের এখানে আগে মেম্বারদের স্যালারী ছিল ৩৫০ টাকা, এটা কেউ বিশ্বাস করবে না। কিন্তু এটাই ফ্যাক্ট, সেটাই ছিল এখানে। সেখান থেকে ভাতা ৬৫০ টাকা করা হয়েছে। কিন্তু আমি একটি কথা ফর্ম অফ অ্যান অ্যাপিল রাখতে চাই যে, আমাদের ভাতা ৬৭ সালে একবার বেড়েছিল, তারপর ধীরে ধীরে এই জায়গায় পৌঁছেছে। আর এটা একলাফে তালগাছের মাথায় তো তুলে দেওয়া যাবে না। তবে এক্ষেত্রে আমার কিছু সাজেশনস রয়েছে টেলিফোন সম্পর্কে, রোড মাইলেজ সম্পর্কে, অবশ্য এ-সম্পর্কে নাকি পরে সার্কুলার দেবেন। কিন্তু কনস্টিটিউয়েন্সী অ্যালাউন্স, এটা ৫০০ টাকা থেকে ১,০০০ টাকা করেছেন। কিন্তু আমার কনস্টিটিউয়েন্সীতে ৪টা আইল্যাণ্ড, ফলে আমাকে পুরো কনস্টিটিউয়েন্সী মিট করতে গেলে ঐ চারটি আইল্যাণ্ড ঘুরতে হয়। ইট ইজ ওনলি পাসিবল টু হায়ার এ ট্রলার অর এ মেকানাইজড কান্ট্রি বোট। তা নাহলে সম্ভব নয়। তারজন্য আমার প্রস্তাব, এই অ্যালাউন্সটা ১,০০০ টাকা থেকে ১,৫০০ টাকা করা যায় কিনা সেটা দেখতে হবে। এবারে না পারলেও পরেরবারটা করতে হবে। অবশ্য কমপেনসেটরী অ্যালাউন্স ৩০০ টাকা থেকে ৫০০ টাকা করা হয়েছে। আর এক্স এম. এল. এজ, যারা বাইরে চলে গেছেন, তাঁরাও উদ্বেগ নিয়ে বসে আছেন। এই প্যাংস অ্যাণ্ড অ্যাঙ্গুইস সম্বন্ধেও ভাবতে বলছি যারা এখানে পেনশন নিতে আসেন। আজকে তাদের অন্তরের বেদনার কথা এখানে রিফ্লেকটেড হয়েছে। তাই পেনশনের পরিমাণটা ৭৫০ টাকা থেকে বাড়িয়ে ১,০০০ টাকা করতে বলছি। আর পাউসের ক্ষেত্রে বলেছেন ৫০ পারসেন্ট। এটাও ৭৫ পারসেন্ট করা যায় কিনা এটা দেখবেন। মেডিক্যালের ক্ষেত্রে বলছি, গ্রুপ-এ এমপ্লয়িজরা যে হারে মেডিক্যাল ফেসিলিটিজ পান সেই হারে মেডিক্যাল ফেসিলিটিজ দেওয়া সম্ভব কিনা দেখতে বলছি। আর অন্য রাজ্যের এম. এল. এ.-রা ট্রেনে এ. সি (ফার্স্ট ক্লাশ) পান, কিন্তু আমরা পাচ্ছি না। এক্ষেত্রেও দৃষ্টি দিতে বলছি। আমরা এই বিলকে সমর্থন করছি এবং আশা করছি, পরবর্তীকালে এক্ষেত্রে আরও রেকটিফাই হবে।

[6-00 – 6-10 p.m.]

**শ্রী নির্মল দাস :** মাননীয় স্পিকার মহাশয়, এখানে বিল নম্বর ১৪, ১৫ এবং ১৬

যা উত্থাপিত হয়েছে, বিলগুলো এনটাইটেলমেন্ট কমিটি সর্বসম্মতিক্রমে এরজন্য সুপারিশ করেছেন। আর অভিজ্ঞতা থেকেও বোঝা যাচ্ছে যে, বিধানসভার সমস্ত দলই এতে সম্মত আছেন। আসল ঘটনা হচ্ছে ১৯৫২ সাল থেকে ১৯৯৭ সাল এই ৫২ বছর ধরে যে ব্যবস্থা তখন করা হয়েছিল সেই ব্যবস্থাই চলে আসছিল। প্রয়োজনে তার পরিবর্তন করতে হচ্ছে। আমরা নিশ্চয়ই সকলে জানি আজকে পশ্চিমবাংলার প্রতিটি দপ্তরে যেমন বিদ্যুৎ দপ্তর, স্বাস্থ্য দপ্তর শিক্ষা দপ্তর এই রকম সমস্ত দপ্তরে—একটা সময় ছিল গোটা রাজ্যের যে বরাদ্দ এখন তা একটা ডিপার্টমেন্টের সমান হয়েছে—প্রতিটি দপ্তরে বরাদ্দ বেড়েছে জিনিসপত্রে দাম বেড়েছে বলে। কিন্তু এটা একটু দেরি হয়ে গেছে। তার জন্য আমরা অখুশি নই। আমাদের চলতে হচ্ছে ধীর পদক্ষেপে। এই ব্যাপারে যেন মিস আন্ডারস্টাণ্ডিং না হয় যে আমরা দাবি করছি আমরা নির্বাচিত বিধায়ক ব'লে আমরা আমাদের জন্য কিছু করার চেষ্টা করছি আমার বক্তব্য হচ্ছে ১৯৫২ সাল থেকে ১৯৯৭ সাল পর্যন্ত গোটা ভারতবর্ষের যা চিত্র তাতে আমরা এখনও অনেক পেছিয়ে থাকছি। যে সমস্ত সুযোগ সুবিধার কথা সুপারিশ করা হয়েছে সেটা পেলেও আমরা পেছিয়ে থাকছি। আমরা এর জন্য দুঃখিত নয়, আমরা আমাদের রাজ্যের জনগণের কথা চিন্তা করতে হচ্ছে। তাদের অবস্থা আমাদের থেকে খারাপ। আজকে যে অর্থনৈতিক অবস্থা, যে ভাবে দ্রব্যমূল্য বৃদ্ধি ঘটেছে তাতে বহু মানুষ অন্যান্য অনেক পরিষেবা থেকে বঞ্চিত। জনসাধারণ কে পরিষেবা দিতে গেলে আমাদের কিছু তৎপরতার দরকার। যে এনটাইটেলমেন্ট কমিটি হয়েছে সেখানে মাননীয় পরিষদীয় মন্ত্রী নিশ্চয়ই এ্যাফেকটিভ ওয়েতে কাজ করবেন! বিধায়কদের নানা কাজ করতে হয়। আজকে যে বৃদ্ধির কথাটা বলা হয়েছে, যেমন টেলিফোন বিল। আজকে এই টেলিফোনের জন্য বৃদ্ধি করতে হচ্ছে তার জন্য কেন্দ্রের পলিসি দায়ী। তারপর অন্যান্য যে সমস্ত ক্ষেত্রে আছে, বিধানসভার এলাকার মধ্যে আমাদের নানা জায়গায় যেতে হয়, সেখানে পেট্রোলের দাম বড়েছে, এই ক্ষেত্রে বৃদ্ধি করা ছাড়া উপায় নেই। সাইকেল, মোটর সাইকেল, স্কুটার এই সমস্ত যানবাহনের উপর আমরা খানিকটা নির্ভরশীল, কারণ আমাদের দূরে যেতে হয়। সেখানে আমরা সখ করে যাচ্ছি না, রাজনৈতিক কর্মী হিসাবে সেখানে যেতে হয়। সুতরাং বিধায়ক হিসাবে সুযোগ-সুবিধা নেব এই প্রশ্ন ওঠে না। লোকসভার সাংসদরা যে সুযোগ সুবিধা পান—আমি ঈর্ষা করে বলছি না—আমরা তাঁদের দশ ভাগে এক ভাগও পাই না। ভারতবর্ষে অন্যান্য যে সমস্ত লেজিসলেটিভ অ্যাসেম্বলি আছে সেখানে আমি গিয়েছি, আমার অভিজ্ঞতা আছে, তুলনামূলক ভাবে তাঁদের থেকে আমরা অনেক দূরে আছি। সুতরাং সঠিক ভাবেই এটা করা হচ্ছে। প্রাক্তন বিধায়কদের জন্য এই এনটাইটেলমেন্ট কমিটি যা সুপারিশ করেছে সেটা যুক্তিসংগত। এটা খুবই প্রাসঙ্গিক হয়েছে। আমি এই কথা সর্বশেষে বলতে চাই পেনসান স্কীমে ডিসক্রিমিনেশন রয়েছে, যারা কর্মরত যে সমস্ত শিক্ষক বা অন্যান্য কর্মচারি রয়েছেন তাঁরা খুশি হয় সেটা দেখা দরকার। সব মিলে এই বিলগুলিকে সমর্থন করে এবং এটা গৃহীত হবে এই ধারণা নিয়ে মানুষ এই বিলকে মিসআণ্ডারস্টাণ্ড করবে না এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নিশিকান্ত মেহেতা :** মাননীয় স্পিকার স্যার, মাননীয় পরিষদীয় মন্ত্রী মন্ত্রী এবং বিধায়কদের ভাতা এবং সুযোগ সুবিধা নিয়ে যে বিল উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। আমিও সাবজেক্ট কমিটির সঙ্গে বিভিন্ন জায়গায় ঘুরেছি। বর্তমানে অন্যান্য রাজ্যে এম. এল. এ. এবং মন্ত্রীরা যে সুযোগ সুবিধা পান আমরা সেটা পাই না। কারণ আমরা শ্রেণী সংগ্রামের মধ্যে দিয়ে এখানে এসেছি। তথাপিও যেভাবে জিনিসপত্রের দাম বেড়েছে তাতে এই দিয়ে আমাদের অতি কষ্ট করে চলতে হয়। বর্তমানে জিনিসপত্রের যেভাবে দাম বেড়েছে এবং টাকার ভ্যালুয়েশন যেভাবে কমেছে তাতে আমরা যেটা পাই সেটা অত্যন্ত কম। আমাদের আরো বেশি বাড়ানো দরকার কিন্তু যেহেতু বামপন্থীরা রাজনীতি করি এবং গরিব মানুষদের সমর্থন নিয়ে এখানে এসেছি, সেই হেতু অনেক বাড়ানোর দরকার থাকলেও যতটুকু না হলে চলে না ততটুকুই এই বিধানসভাতে পেশ করা হয়েছে। কিন্তু একটা কথা বলি টেলিফোন বিলের যে অ্যালাউন্স দেওয়া হয় সেটা মনে হয় একটু বাড়ানো দরকার। আমার ক্ষেত্রে ধরুন পুরুলিয়া থেকে রাইটার্স বিল্ডিংসে ওয়াকিং আওয়ারসে টেলিফোন করতে গেলে যে চার্জ ওঠে এই অ্যালাউন্সে হয় না, সুতরাং বিষয়টি বিবেচনা করবেন এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তাপস রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি বেঙ্গল লেজিসলেটিভ অ্যাসেম্বলি (মেম্বারস ইমোলুমেন্টস) অ্যামেণ্ডমেন্ট বিল, ১৯৯৭ এবং দি ওয়েস্ট বেঙ্গল স্যালারিজ অ্যাণ্ড অ্যালাউন্সেস (অ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৯৭ এবং দি ওয়েস্ট বেঙ্গল লেজিসলেচারস (মেম্বারস পেনশন) (অ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৯৭ যেটা উত্থাপিত হয়েছে তাকে সমর্থন করার ক্ষেত্রে কোনও দ্বিধা বা দ্বন্দ্ব নেই। টিপিক্যাল বাঙালি সেন্টিমেন্ট, বুক ফোটে তো মুখ ফোটে না এই প্রশ্নে আজকে আমরা আমাদের ন্যূনতম প্রয়োজনটাকে উপলব্ধি করতে পেরেছি। বিভিন্ন রাজনৈতিক দল যারা বিধানসভাতে এসেছেন তারা প্রতিনিয়ত বুঝতে পারছেন যে আজকে আমাদের প্রয়োজনীয়তা কি। আজকে এম. এল. এ.-দের বেতন ৩৫০ টাকার জায়গায় ৬৫০ টাকা হওয়াতে অনেকেই গেল গেল রব তুলবেন, অনেকেরই চক্ষু ছানাবড়া হয়ে যাবে যে সব টাকা চলে যাবে ওই ২৯৪ জন এম এল এ.-দের জন্যে। আজকে অধুনিকতার যুগ চলছে, সেই আধুনিকতার সঙ্গে সঙ্গতি রাখতে গেলে ইনফ্রাস্ট্রাকচারের দরকার। সেখানে একটা বিরাট ঘাটতি আছে সেখানে আমরা অন্যান্য রাজ্যের সঙ্গে যদি পশ্চিমবঙ্গের এম এল এদের বেতন কাঠামো তুলনা করি তাহলে দেখা যাবে যে আমাদের বেতন অনেক কম। আমার কাছে সব রাজ্যের এম এল এদের বেতন কাঠামোর লিস্ট আছে। এই প্রসঙ্গে আমি একটি গল্প বলছি। একবার আমি স্পিকারের ঘরে গিয়ে একজন প্রাক্তন বিধায়ককে পা কাটা অবস্থায় হুইল চেয়ারে করে আসতে দেখেছিলাম। আমি সেই বিধায়কের নাম বা কোন রাজনৈতিক দলের তিনি সেটা বলব না। তবে ঈশ্বরের কাছে প্রার্থনা করি ওইরকম অবস্থায় আর কোনও বিধায়ককে যেন পড়তে না হয়। ওই প্রাক্তন বিধায়ককে ভিক্ষা করে কাটাতে হয়েছে। সুতরাং এই অবস্থা যাতে আমাদের মতো বিধায়কদের আর না হয় তারজন্য নিশ্চয় ব্যবস্থা নেওয়া

দরকার। আমাদের তো একদিন মৃত্যু হবেই, সেই মৃত্যুর পরে আমাদের স্ত্রী সন্তনাদিদের যদি কোন ব্যবস্থা না থাকে তাহলে তাদের জীবন চলবে কি করে? আমরা তো বহু মানুষের চিকিৎসার বন্দোবস্ত করে দিই, বহু মানুষের ছেলে মেয়েদের পড়াশুনোর বন্দোবস্ত করে দিই। কিন্তু আজকে যদি আমি মরে যাবার পরে আমার স্ত্রীর কোনও চিকিৎসার ব্যবস্থা না হয়, আমার ছেলে মেয়েদের পড়ার কোনও ব্যবস্থা না হয় তাহলে চলবে কি করে? সুতরাং এই যে বেতন বাড়ানো হচ্ছে এতে দ্বিধা বা দ্বন্দ্বের কোনও কারণ নেই। এই প্রসঙ্গে আমি স্পষ্ট করে বলতে চাই যে, গ্রামের এম. এল. এদের অবস্থা এতোদিন কি ছিল, আজকে অন্তত এই বেতন বৃদ্ধিতে কিছু সুরাহা হবে। আজকে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের এম এল এদের বেতন কাঠামো আমাদের চেয়ে অনেক উন্নত। আজকে আমাদের বেতন ১১৫০ টাকার থেকে ২১৫০ সঠিক ভাবেই হয়েছে। এতে কনস্টিটিউয়েন্সি অ্যালাউন্স ৫০০ টাকার থেকে ১০০০ টাকা করা হয়েছে, কম্পেনসেটারী অ্যালাউন্স ৩০০ টাকার থেকে ৫০০ টাকা করা হয়েছে, আর স্যালারি ৩৫০ টাকার থেকে ৬৫০ টাকা করা হয়েছে। এই নিয়ে মোট ১১৫০ টাকার থেকে ২১৫০ টাকা করা হয়েছে। আমার গাড়ির ড্রাইভারই তো এই মাইনে পায়। একটা গাড়ি চালাতে গেলে তার পেট্রোলের খরচই তো এই মাইনেতে হবে না। আজকে যে পরিমাণে কারাপশান বাড়ছে তাতে আমাদের সেখানে যাওয়ার গুরুত্ব বেড়ে যাচ্ছে এবং সেক্ষেত্রে গাড়ির খুব দরকার হয়ে পড়ে। তখন যদি কোনও ব্যবসায়ী বন্ধুর গাড়ি ব্যবহার করি তাহলে নানা প্রশ্ন উঠবে। কাগজে ছাপা হয়ে যাবে যে ব্যবসায়ী বন্ধুর কাছ থেকে কাজের অজুহাতে নানা রকম ফেসিলিটিজ নিচ্ছি। সুতরাং গাড়ি রাখার প্রয়োজনীয়তা হয়ে পড়ে। আমার কাছে অন্ধ্রপ্রদেশ, অরুণাচল প্রদেশ আসাম এবং বিহারের বিধায়কদের বেতন কাঠামো আছে। ওসব রাজ্যের বিধায়করা ট্রাভেল ফেসিলিটি পেয়ে থাকে।

[6-10 – 6-20 p.m.]

আমি বলতে চাইছি না তারা ফেসিলিটিজ কি পায়, আমি ডিমাণ্ড করছি না। হরিয়াণা, হিমাচল প্রদেশ, কর্ণাটক, কেরালা, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, পাঞ্জাবে তাদের ট্রেন ট্রাভেল এর জন্য যে সুযোগ সুবিধা আছে, সেখানে আমাদের এখানে দেখা যাচ্ছে, আপনারা একটা লিমিটেড করে দিয়েছেন কুপনের ক্ষেত্রে ১০ হাজার, সেটা ১৫ হাজার করছেন। এম. এল. এ. হওয়ার পর আমি এই কুপন যদিও ব্যবহার করিনি, তবুও বলব, এই কুপন যেটা লিমিটেড রয়েছে সেটা আনলিমিটেড করা হোক। যেমন স্টেট এর ক্ষেত্রে রয়েছে, তেমনি আউট সাইড স্টেট এর ক্ষেত্রেও করা হোক। মণিপুর, নাগাল্যাণ্ড, মিজোরামে এম. এল. এ.দের যে সুযোগ সুবিধা রয়েছে সেখানে সেক্রেটারি, টি. এ. ডি. এ., অনারেরিয়াম, ভেহিকেলস এর সুযোগ তারা পায়। ভুবনেশ্বরেও এই সুযোগ সুবিধা রয়েছে। ভুবনেশ্বরে এম. এল. এ.দের জন্য যে কোয়ার্টার দেওয়া হয়ে থাকে সেই রকম এখানেও করা হোক। আমি মাননীয় মন্ত্রী গৌতমবাবুকে বলব, এম. এল. এ. দের জন্য যে হোস্টেলটি রয়েছে সেটার সংস্কার করা দরকার। ওখানে যে অবস্থায় বাথরুমের সামনে বসে খাওয়া দাওয়া করতে হয়, মানুষের জন্য কাজ করব, মানুষের

জন্য সব করব, সেখানে এই অবস্থায় থাকলে বেটার কাজ, বেটার ফাংশানিং করতে গেলে তাঁদেরকে ভাল যোগান দিতে হবে। মুখ্যমন্ত্রী, মন্ত্রী যারা রয়েছেন, তাদের আগে যে নিজস্ব বন্দোবস্ত ছিল, তার মধ্যেই কি মন্ত্রী হওয়ার পর পরবর্তী সময়ে থাকবেন, যেমন জেরক্স মেশিন আসার সঙ্গে সঙ্গে প্রত্যেকের ঘরে চলে গেল, তেমনি ভাল কিছু কাজ করতে গেলে, ভাল কাজ পেতে গেলে এই যোগানগুলির দরকার আছে। তাছাড়া এইগুলি সম্ভব নয়। কন্সটিটিউয়েন্সি অ্যালাউন্স যেটা রয়েছে ইউ. পি., বিহারে ৪ হাজার টাকা, ১৫ দিন তারা গাড়ী নিয়ে কন্সটিটিউয়েন্সিতে মুভ করতে পারে। গভর্নমেন্ট এর পুলকার থেকে তারা গাড়ী পায়। স্টেনো-টাইপিস্ট পায়। কর্ণাটক অন্ধ্রপ্রদেশে রেসিডেন্টস এর সঙ্গে অ্যাটাচ অফিস আছে। জনসাধারণের কথা বলতে গেলে, উন্নয়নের কথা বলতে গেলে, সাজেশন দিতে গেলে বেটার ফাংশনিং বেটার ইনফ্রাস্ট্রাকচার দরকার; কিন্তু যেটা আসছে, সেটা অত্যন্ত অপ্রতুল। এটা সমর্থন করছি। পরবর্তীকালে প্রস্তাবগুলিতে আমি আসছি। আমরা সমস্ত মানুষদের জন্য সুযোগ সুবিধা দিই, জাজ থেকে আরম্ভ করে গভর্নমেন্ট এমপ্লয়ি পর্যন্ত। কিন্তু আজকে কত প্রাক্তন এম. এল. এ. আছেন যারা অর্দ্ধাহারে এখানে আসেন। বহু প্রাক্তন এম. এল. এ. এখনও তারা অনাহারে অর্দ্ধাহারে দিন কাটান। বিধায়ক এর মৃত্যুর পর যে পেনশনের বন্দোবস্ত ছিল—আমি বহু জায়গার রেফার দিতে পারি সেখানে বিধায়করা যে পেনশন পেতেন, তার পত্নীও সেই পেনশন পাচ্ছেন। বিধায়করা যে মেডিক্যাল এর সুযোগ সুবিধা পাচ্ছেন, অন্যান্য সুযোগ সুবিধা পাচ্ছেন, এই ব্যাপারে বলতে পারি, অনেকের হয়ত প্রয়োজন নেই, কিন্তু যাদের প্রয়োজন আছে সেই মানুষদের জন্য এখানে বলতে হবে। যাদের যন্ত্রণা রয়েছে তারা বলতে পারছেন না, দ্বিধাগ্রস্ত। এই ভাবে তো চলা যায় না। সুতরাং আজকে বিধায়কের মৃত্যুর পর পাড়ায় চাঁদা তুলে বিধায়কের পত্নীকে খাওয়াবে, সেটা কি সমর্থনের হবে? এই ব্যবস্থা অনেক জায়গায় করতে হয়েছে, করতেও হয়। আবার প্রস্তাব ৫০ শতাংশ যেটা করা হয়েছে, সেটা পুরোপুরি করা হোক, সেটা যদি নাও হয় তাহলে অন্ততপক্ষে ৭৫ শতাংশ করা হোক। এই প্রস্তাব আমার থাকলো। আমার ১৭টি প্রস্তাব রয়েছে, আমি এক একটা করে বলছি। যেখানে অন্যান্য ১৬ হাজার গভর্নমেন্ট এমপ্লয়ির কোয়ার্টার হতে পারে, সেখানে ২৯৪ জনের জন্য, যারা কলকাতায় থাকেন, তাদেরকে বাদ দিয়ে, যারা গ্রামের এম. এল. এ. তাদের থাকতে দিন। তাঁদের স্ত্রীদেরকে তাদের সঙ্গে থাকতে দেবেন না, এটা অপরাধ অন্যায়। তাই বিধায়কদের কোয়াটারের দাবি জানাচ্ছি। এম. এল. এ হোস্টেলের সংস্কার করার প্রয়োজন আছে। এম. এল. এ.দের ক্যান্টিনের সংস্কার করার প্রয়োজন আছে। বিধানসভার ক্যান্টিনের সংস্কার করার প্রয়োজন আছে। এম. এল. এদের জন্য পোস্ট অফিসের বন্দোবস্ত করা হোক। প্রাক্তন যে সমস্ত বিধায়ক আছেন তাদের পেনশন বাড়ানো হোক এবং তাদের জন্য রেলওয়ে কুপনের ব্যবস্থা করা হোক। অন্যান্য স্টেটে যেমন রয়েছে। এম. এল. এ হোস্টেলে লাইব্রেরির বন্দোবস্ত করা হোক। অনেক সময়ে এই লাইব্রেরি খোলা থাকে না। তাছাড়া রাত্রিবেলা অনেক সময়ে পড়াশোনা করতে ইচ্ছা হতে পারে, কারণ একটু বেশি রাত্রে পড়াশোনা করার সুযোগ বেশি থাকে। এম. এল. এ হোস্টেলে অবিলম্বে ঘর বাড়ানো হোক এবং সম্পূর্ণ ভাবে

সংস্কার করা হোক। বিধানসভা সদস্যদের জন্য নূতন আবাস করা হোক। কারণ তারা মা, বাবা, স্ত্রী, পুত্র নিয়ে থাকবে। আপনি এটুকু প্রাইভেসী তাদের দেবেন না? আমি কারো সঙ্গে থাকব না। আমি একটা ঘরে থাকব। গভর্নমেন্ট পুল কার, নির্দিষ্ট সুলভ ভাড়ায় এম. এল. এদের ব্যবহার করতে দিতে হবে। বিভিন্ন কমিটি মিটিং জরুরি ভিত্তিতে আমাদের অনেককে বাইরে যেতে হয়। এখন যে ব্যবস্থা, বহুজনেরই ক্ষমতা থাকে না ৮, ১০, ১৫ হাজার টাকা দিয়ে এয়ারের টিকিট কাটার। ফ্লাইটের টিকেটিং এর ব্যাপারে আগে যে সিস্টেম ছিল, সেই সিস্টেমই প্রিভেল করুক। স্যার, আপনি জানেন টেলিফোনের ব্যাপারে, রেন্টাল প্লাস ওয়ান থাউজেণ্ড করা হোক। স্যার, ওয়ার্ল্ড হ্যাজ কাম ক্লোজার, অ্যাজ ইউ নো, আমাদের এস. টি. ডি. করতে হয়, বহু ফোন করতে হয়, কাজে কাজেই এটাকে রেন্টাল প্লাস ওয়ান থাউজেণ্ড করা হোক। কনস্টিটিউয়েন্সী অ্যালাউন্স যেটা ফাইভ হানড্রেড ছিল, ওয়ান থাউজেণ্ড করেছেন, আই থিংক, দ্যাট শুড বী ওয়ান থাউজেণ্ড ফাইভ হানড্রেড। এই তিনটি বিলকে বলিষ্ঠভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। একটা কথা বলে দিই হরিয়ানায় সদস্যরা পায় টু থাউজেণ্ড ফাইভ হানড্রেড প্লাস রেন্টাল, মধ্যপ্রদেশে ফোর থাউজেণ্ড প্লাস রেন্টাল, প্লাস ফাইভ থাউজেণ্ড ভেহিকল অ্যালাউন্স। আপনি স্যার জানেন বিধানসভার সদস্যদের নানা জায়গায় ঘুরতে হয়। তাদের মুভ করার জন্য তাদের ট্রাভেলিং অ্যালাউন্স বাড়ানো হোক। তাছাড়া মিনিমাম ইন্টারেস্টে গভর্নমেন্ট থেকে টাকা দেওয়া হোক। আমি আশা করব আপনাদের নেতৃত্বে এবং এই হাউসের সকলের সমর্থনে এই বন্দোবস্ত আগামী দিনে বিধায়কদের এবং প্রাক্তন বিধায়কদের জন্য ব্যবস্থা করবেন। আমি বলিষ্ঠভাবে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-20 – 6-31 p.m.]

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিষদীয় মন্ত্রী যে বিল উত্থাপন করেছেন তাকে সমর্থন করছি। আজ ৪৫ বছর পরেও প্রয়োজন ভিত্তিতে যে মজুরি ওয়ার্কারদের সঙ্গে, পশ্চিমবাংলার বিধানসভার সদস্যদের দেওয়া যায়নি। যদিও আমরা জানি আমাদের রাজ্যে অনেক গরিব মানুষ আছে তদের সঙ্গে পার্থক্যটা আমরা বাড়াতে চাই না তাই মন্দের ভালো শুরু হোক। সেই কারণেই এটাকে সমর্থন করছি। শুনেছি বিধানসভার কর্মীরা বিধানসভা চলাকালীন যে ভাতা পান তার পরিমাণ মাত্র ১০ টাকা, আরও আর পে অ্যাণ্ড অ্যাকাউন্টস পায় ৩০ টাকা করে। এই বৈষম্য কেন থাকবে? আমি পরিষদীয় মন্ত্রীকে অনুরোধ করব যে আমাদের সঙ্গে সঙ্গে যে সমস্ত কর্মচারিরা কাজকর্ম করছেন তাদের ভাতা বাড়ানোর চেষ্টা যেন তিনি করেন। আমার কথা হচ্ছে, আপনারা বিধবাদের জন্য পেনশন ভাতা চালু করলেন। কিন্তু তাদের জন্য যে পরিমাণ টাকা চালু করলেন তাতে বছরে ৩৫০ টাকা থেকে ৪০০ টাকা পেয়ে তারা কি করবেন জানিনা। (৪) আমাদের ভারতবর্ষে ৬২ হাজার কিলোমিটার রেলপথ আছে। আমরা এম. এল. এ.-রা রাজধানীতে বা পূর্বাতে ১৫ হাজার কিলোমিটার ফ্রিতে যেতে পারব। এভাবে মোট ৭ বার গেলে ১৫ হাজার কিলোমিটা

ঘোরা হয়ে যাবে। কিন্তু আমার সঙ্গে অ্যকম্পানি হিসাবে স্ত্রী, ছেলে-মেয়ে গেলে তারাও কি ঐ ১৫ হাজার কিলোমিটারের মধ্যে যেতে পারবে? নাকি তারা ঐ ১৫ হাজার কিলোমিটার পথ বাদ দিয়ে যাবে সেটা আমি জানি না। কি ভাবে এটা ধরব সেটা জানিনা। সেদিক থেকে অন্য রাজ্যের বিধায়কদের অনেক সুবিধা আছে। আমার এক বন্ধু আছেন যিনি বললেন যে তিনি বোম্বে যাবেন। আমি তাঁকে বললাম আপনি কিসে যাবেন? তিনি বললেন আমি যাওয়া আসা দুটোই প্লেনে যাব। পরে তিনি প্লেন-ফেয়ার পেয়ে যাবেন। অথচ আমাদের যেতে হলে সেকেণ্ড ক্লাসের টিকিট কেটে যেতে হয়, আসতে হয়। এই যে অবস্থা, তারজন্য আপনারা আজকে যে উদ্যোগ নিয়েছেন তারজন্য আমি ধন্যবাদ জানাই। তবে নিশ্চয়ই আমরা দেশের কোটি কোটি মানুষের কথা ভাবব। বিরোধী দলের একজন সদস্য বলেছেন যে মানুষের সঙ্গে কথা বলার জন্য আমাদের নির্দিষ্ট কোন সময়সীমা নেই। কোন জায়গায় রাত ২টোর সময় দরকার হলে তখনই আমাদের যেতে হবে। বাড়িতে থাকলে চলবে না। তবে যেটুকু টাকা বাড়ানো হয়েছে তার সমস্তটাই আমাদের পার্টির তহবিলে দিতে হবে। পার্টিকে না বলা যাবে না। যদি আমার বউ চাকরি করে তাহলে পার্টি সেই টাকা থেকে ৩০০-৫০০ টাকার বেশি আমাকে দেবে না। এ ব্যাপারে আমি পার্টিকে কিছু বলতে পারব না। তাই বাইরে যে সমস্ত হোল-টাইমার আছেন তাদের মুখে হাসি ফুটুক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিষদীয় মন্ত্রীকে বলব আপনি প্রাক্তন ও বর্তমান সবার ক্ষেত্রে বর্তমান বাজার দর বিচার করে আরও কিছু সুযোগ সুবিধা যদি বাড়াতে পারেন তাহলে ভাল হয়। যেটা শুরু হয়েছে সেটা আগামীদিনে এবং আমাদের সঙ্গে যেসব কর্মচারী বন্ধু আছেন তাদের কথা বিবেচনা করবেন। এই কথা বলে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এম. এল. এ., মন্ত্রী এবং প্রাক্তন বিধায়কদের কিছু সুযোগ সুবিধা দেওয়ার জন্য যে ৩টি বিল এখানে উথাপন করা হয়েছে সেই ৩টি বিলকে সরকারপক্ষ ও বিরোধীপক্ষের সদস্যরা সমর্থন করে এখানে যে বক্তব্য রাখলেন তার জন্য তাদের আমি ধন্যবাদ জানাচ্ছি। বক্তব্য রাখতে গিয়ে সরকারপক্ষ এবং বিরোধীপক্ষের তরফ থেকে কিছু কিছু সুযোগ সুবিধা আরও বৃদ্ধি করার প্রস্তাব উত্থাপিত হয়েছে। এই বিলগুলোতে যতটা সুযোগসুবিধা বৃদ্ধি করার চেষ্টা হয়েছে তা প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়। একথা ঠিকই যে, ভারতবর্ষের অন্যান্য রাজ্যে মন্ত্রী, বিধায়কদের যে বেতন ভাতা, সে সুযোগ সুবিধা দেওয়া হয়, দেশ স্বাধীন হওয়ার পর থেকে পশ্চিমবঙ্গে এই সুযোগ সুবিধা গুলো সবসময় সর্বনিম্ন ছিল। এরকম অবস্থা কোন রাজ্যে ছিল না দেশ স্বাধীন হওয়ার পর পশ্চিমবঙ্গে মোটামুটি যে ট্র্যাডিশন তৈরি হয়েছে সেটা হচ্ছে যে, বিধায়করা যতদূর সম্ভব কৃচ্ছতা সাধন করে জনসাধারণের জন্য মোটামুটি কাজ করেছেন।

কিন্তু যে সেন্টিমেন্ট এখানে প্রকাশিত হয়েছে, বর্তমান অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে যেসব ভাতা ইত্যাদি বৃদ্ধি করা হয়েছে তা যথেষ্ট নয়। কিন্তু একে নিশ্চয় অযৌক্তিক বলা যাবে না। এর সঙ্গে সাযুয্য মত পোষণ করে এবং যেটা বৃদ্ধি করা হয়েছে, সেটা যথেষ্ট নয়

ধরে নিয়েও, বিভিন্ন দলের সদস্যরা যে এই বিলকে সমর্থন করেছেন, সেইজন্য তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। তাঁরা যে প্রস্তাবগুলো বলেছেন, সেই পরিপ্রেক্ষিতে আমি এটুকু বলতে পারি, এই বিধানসভার সমস্ত দলের সদস্যদের নিয়ে এটাকে পর্যালোচনা করার জন্য একটি এনটাইটেলমেন্ট কমিটি আছে, পরবর্তীকালে লিখিত ভাবে এইগুলো এই কমিটির কাছে দেবেন বিচার বিবেচনার জন্য। সেইগুলো পর্যালোচনা করে দেখা যাবে যদি কিছু করা সম্ভবপর হয়। আপাতত আমি এই বিলকে পাস করার জন্য সকলের কাছে আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Prabodh Chandra Sinha that The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1997 be taken into consideration was then put and agreed to.

**Clauses 1, 2, & 3**

The question that Clauses 1, 2, & 3 do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1997, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

The motion of Shri Prabodh Chandra Sinha that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1997 be taken into consideration was then put and agreed to.

**Clauses 1, 2, & 3**

The question that Clauses 1, 2, & 3 do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the West

Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1997, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The motion of Shri Prabodh Chandra Sinha that the West Bengal Legislature (Members' Pension) (Amendment) Bill, 1997, be taken into consideration, was then put and agreed to.

**Clause-1**

The question that the Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

**Clause-2**

**Mr. Deputy Speaker :** There are amendments to Clause 2 by Shri Rabindranath Mondal. Mr. Mondal may move his motion.

**Shri Rabindranath Mondal :** Sir, I beg to move that in Clause 2, for Sub-Clause (2), the following Sub-Clause be substituted;

(2) in Sub-Section (1A),-

(a) in Clause (i), the word "and" be omitted;

(b) in Clause (ii), for the figures ", 1990.", the figures and word ", 1990, and" be substituted; and

(c) after Clause (ii), the following Clause be inserted;

" (iii) Seven hundred and fifty rupees per mensem with effect from the 1st day of April, 1997.".

**Mr. Deputy Speaker :** Do you accept the amendment ?

**Shri Prabodh Chandra Sinha :** Yes.

The question that Clause 2., as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Clause-3**

The question that Clause-3 do stand part of the Bill was then put and agreed to.

## Preamble

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the West Bengal Legislature (Members' Pension) (Amendment) Bill, 1977, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Mr. Speaker :** Before I adjourn the House, I would like to inform the members that the State Bank of India has opened their extension counter in the Assembly premises since some time past. I will request all the members to open accounts here because it will facilitate transactions and payment of their bills and allowances. Some members have opened their accounts but all haven't. If all the members would open their accounts here, it will be convenient for us to work through the extension counter of the State Bank of India here. Members may please make a note of it.

And, as the House in going to be adjourned till the 6th of June, 1997, there will be a long gap in between, and I wish all the members well and hope to meet them all on the 6th of June, 1997.

The House stands adjourned till 11-00 a.m. on the 6th of June, 1997.

## Adjournment

The House was then adjourned at 6.31 p.m. till 11 a.m. on Friday, the 6th June, 1997 at the Assembly House, Calcutta.

# INDEX TO THE
# West Bengal Legislative Assembly Proceedings
# (Official Report)

**Vol: 109 No-III (One hundred and Ninth Session, 1997)**

(The 1st, 2nd, 3rd, 4th, 7th, 8th, 9th & 10th April, 1997)

**Bill**

The West Bengal Lagislative Assembly (Members Emoluments) (Amendment) Bill, 1997

The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1997

The West Bengal Legislature (Members pension) (Amendment) Bill, 1997

The West Bengal Legislative Assembly (Members Emoluments) (Amendment) Bill 1997

The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1997

The West Bengal Legislative (Members pension) (Amendment) Bill 1997 PP-704-714

**Demand for Grants**

Voting on Demands for Grants—Demand No.44 PP-300-319

Voting on Demands for Grants—Demand No.36 PP-687-702

Voting on Demands for Grants—Demand No.35 PP-659-687

Voting on Demands for Grants—Demand No.51 PP-588-611

Voting on Demands for Grants—Demand No.73 PP-565-587

Voting on Demands for Grants—Demand No.21 PP-447-513

Voting on Demands for Grants—Demand No.4 PP-335-351

Voting on Demands for Grants—Demand No.40 PP-320-335

Voting on Demands for Grants—Demand Nos.7 & 61 P-199, PP-255-256

Voting on Demands for Grants—Demand No.41 PP-75-101

Voting on Demands for Grants—Demand Nos.49 & 50 PP-48-75

Discussion on the following Bills held together.

**(i) The West Bengal Legislative Assembly (Members Emoluments) (Amendment) Bill, 1997**

**(ii) The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1997**

**(iii) The West Bengal Legislative (Members pension) (Amendment) Bill, 1997**

**(iv) The West Bengal Legislative Assembly (Members Emoluments) (Amendment) Bill, 1997**

**(v) The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1997 PP-706-707**

by—Shri Nishi Kanta Meheta P-708

by—Shri Probodh Chandra Sinha PP-712-713

by—Shri Pravanjan Kumar Mondal P-706

by—Shri Purnendu Sengupta PP-711-712

by—Shri Tapas Roy PP-708-711

by—Shri Satya Ranjan Bapuli PP-704-706

**Discussion on Demand for Grants—Demand Nos. 7 & 61**

by—Shri Adhir Ranjan Chowdhury PP-216-220

by—Shri Atish Chandra Sinha PP-200-212

by—Shri Biren Ghosh PP-212-216

by—Shri Chittaranjan Das Thakur PP-229-231

by—Shri Sk. Daulat Ali PP-236-239

by—Shri Debi Sankar Panda PP-240-242

by—Shri Gopal Krishna Dey PP-223-226

by—Shri Hafiz Alam Sairani PP-220-223

by—Shri Kamalendu Sanyal PP-242-246

by—Shri Narmada Chandra Roy PP-226-229

by—Shri Pankaj Kumar Ghosh PP-234-236

by—Dr. Ram Chandra Mondal PP-239-240

by—Shri Shashanka Shekhor Biswas PP-231-234

by—Dr. Surjya Kanta Mishra PP-246-255

**Discussion and Voting on Demand for Grants—Demand No.30**

by—Shri Ashok Kumar Deb PP-692-694

by—Shri Goutam Deb PP-698-702

by—Shri Md. Yakub PP-694-695

by—Shri Narayan Mukherjee PP-690-692

by—Shri Nirmal Ghosh PP-695-696

by—Shri Tapan Hore PP-696-697

by—Shri Tarak Bandyopadhyay PP-688-690

**Discussion and Voting on Demand for Grants—Demand No. 35**

by—Shri Ajit Khanra PP-672-674

by—Shri Asit Kumar Mal PP-670-672

by—Shri Deba Prasad Sarkar PP-675-677

by—Shri Gopal Krishna Dey PP-660-663

by—Shri Goutam Deb PP-679-687

by—Shri Md. Yakub PP-668-670

by—Shri Mrinal Kanti Ray PP-663-666

by—Shri Purnendu Sengupta PP-677-678

by—Shri Ram Prabesh Mondal PP-678-679

by—Shri Sobhandeb Chattopaddhyay PP-666-668

by—Shri Subash Goswami PP-674-675

**Discussion and Voting on Demand for Grants—Demand No.2**

by—Shri Baren Basu PP-454-460

by—Shri Buddhadeb Bhattacharjee PP-498-505

by—Shri Deba Prasad Sarkar PP-476-479

by—Shri Dilip Das PP-460-462

by—Shri Jayanta Kumar Biswas PP-471-474

by—Shri Mozzamel Haque (Murshidabad) PP-474-475

by—Shri Paresh Paul PP-467-468

by—Shri Purnendu Sengupta PP-479-480

by—Shri Rabin Deb PP-488-493

by—Shri Rabin Mukherjee PP-469-471

by—Shri Sankar Singh PP-484-488

by—Shri Santa Chhetri PP-462-463

by—Shri Soumendra Chandra Das PP-463-467

by—Shri Sultan Ahmed PP-481-484

by—Shri Suniti Chattaraj PP-447-454

by—Shri Tapas Ray PP-493-498

**Discussion and Voting on Demand for Grants—Demand No.4**

by—Shri Ashok Kumar Deb PP-335-339

by—Shri Ashok Mukherjee PP-344-347

by—Shri Narayan Mukherjee PP-339-340

by—Shri Nisith Adhikary PP-347-351

by—Subash Goswami PP-343-344

by—Shri Tapas Banerjee PP-340-343

**Discussion on the Demand for Grants—Demand Nos.49 & 50**

by—Shri Abdul Mannan PP-48-52

by—Akbar Ali Khondakar PP-62-66

by—Shri Anisur Rahman PP-68-74

by—Shri Biplab Roychowdhury PP-58-60

by—Shri Krishna Prasad Duley PP-52-55

by—Shri Md. Hannan PP-56-58

by—Dr. Ram Chandra Mondal PP-66-67

by—Shri Shanta Chhetri PP-55-56

by—Shri Subash Naskar PP-60-62

**Discussion and Voting on Demand for Grants—Demand No.41**

by—Shri Ashok Kumar Deb PP-82-85

by—Shri Biswanath Mondal PP-78-80

by—Shri Dinesh Chandra Dakua PP-96-100

by—Shri Gopal Krishna De PP-80-82

by—Shri Kamalakshmi Biswas PP-85-87

by—Shri Khara Soren PP-91-92

by—Shri Pramatha Nath Roy PP-92-94

by—Shri Ramjanam Majhi PP-89-91

by—Shri Shashanka Shekhor Biswas PP-87-89

by—Shri Sultan Ahmed PP-75-78

by—Shri Upen Kisku PP-94-96

**Discussion and Voting on Demand for Grant—Demand No.40**

by—Shri Amar Chowdhury PP-331-332

by—Shri Hafiz Alam Sairani PP-328-329

by—Shri Kanti Biswas PP-332-335

by—Shri Nirmal Ghosh PP-329-331

by—Shri Nirode Roychowdhury PP-325-327

by—Shri Pankaj Banerjee PP-320-325

by—Shri Sk. Daulat Ali PP-327-328

**Discussion and Voting on Demand for Grants—Demand No.44**

by—Shri Akbar Ali Khondakar PP-307-309

by—Shri Sk. Daulat Ali PP-313-315

by—Shri Gopal Krishna De PP-300-305

by—Shri Hafiz Alam Sairani PP-309-310

by—Shri Id. Mohmmad PP-310-312

by—Shri Kanika Ganguli PP-305-307

by—Shri Rampada Samanta PP-315-316

by—Shri Satya Ranjan Mahato PP-316-319

**Discussi and Voting on Demand for Grants—Demand No.73**

by—Shri Adhir Ranjan Chowdhury PP-577-581

by—Shri Ajoy De PP-565-568

by—Shri Chittaranjan Das Thakur PP-581-582

by—Shri Nishi Kanta Meheta PP-574-576

by—Shri Pralay Talukdar PP-583-586

by—Shri Rabin Mukherjee PP-572-573

by—Shri Salib Toppo PP-576-577

by—Shri Shyamaprosad Paul PP-568-572

**Discussion on Demand for Grants—Demand No.51**

by—Shri Ajit Khanra PP-601-602

by—Shri Biplab Raychowdhury PP-596-598

by—Shri Debisankar Panda PP-599-600

by—Shri Chakradhar Maikap PP-591-593

by—Shri Gopal Krishna De PP-593-595

by—Shri Kiranmoy Nanda PP-604-611

by—Shri Kiriti Bagdi PP-600-601

by—Dr. Ram Chandra Mondal P-603

by—Shri Rampada Samanta PP-603-604

by—Shri Lailaja Kumar Das PP-588-591

by—Shri Shiba Prasad Malick PP-595-596

by—Shri Subash Naskar PP-598-599

**Discussion on Motion Under Rule-185 regarding withdrawal of Insurance Regulatory Authority Bill, 1996**

by—Shri Abdul Mannan PP-144-117

by—Shri Rabin Deb PP-108-109, PP-119-122

by—Shri Santi Ranjan Ghatak PP-117-118

by—Shri Saugata Ray PP-109-113

by—Shri Subhas Naskar PP-113-114

**Discussion on Motion Under Rule-185 regarding the modernisation of Textile Mills under N.T.C. in the State**

by—Shri Jatu Lahiri PP-128-130

by—Shri Nirmal Ghosh PP-124-127

by—Shri Ranjit Kundu PP-123-124, PP-133-135

by—Shri Santi Ranjan Ghatak PP-130-133

by—Shri Tapan Hore PP-127-128

**Discussion on Motion under Rule-185 regarding Leakage of Madhyamik Question paper on Mathematics**

by—Shri Ajoy De PP-144-145

by—Shri Ashok Kumar Deb PP-147-149

by—Shri Brahmamoy Nanda PP-160-161

by—Shri Gillian Rosemary D'Costa Hurt PP-145-146

by—Shri Jayanta Kumar Biswas PP-149-150

by—Shri Kanti Biswas PP-161-165

by—Shri Padmanidhi Dhar PP-140-142

by—Shri Pankaj Banerjee PP-154-157

by—Shri Pravanjan Mondal PP-159-160

by—Shri Purnendu Sengupta PP-157-158

by—Shri Rampada Samanta PP-158-159

by—Shri Saugata Ray PP-136-140, PP-165-169

by—Shri Soumendra Chandra Das PP-146-147

by—Shri Tapas Ray PP-150-152

by—Dr. Tapati Saha PP-152-154

**Extension of Time for Submitting Reports of the Subject Committees P-643**

**Laying of Reports**

Annual Accounts along with Audit Report and Audit Certificate thereon of the Hooghly River Bridge Commissioners for the year 1993-94 P-640

The Annual Reports of the Vigilance Commission West Bengal for the years 1989 & 1990 along with the State Governments Memorandam P-291

Annual Report along with the Statement of Accounts and the Audit Report thereon of the West Bengal power Development Corporation Limited for the year 1995-96 PP-640-641

The 36th and the 37th Annual Reports and Accounts of the West Bengal State Warehousing Corporation for the years 1993-94 and 1994-95 sespectively PP-431-432

Annual Accounts and Report of the Eastern distilleries & Chemicals Limited for the year 1991-92 P-431

Annual Report and Accounts of the Shalimar Works (1980) Limited for the year 1993-94 P-431

Annual Report and Accounts of the Saraswaty press Limited for the year 1994-95 P-431

**Mention Cases** PP-643-648

PP-545-554

PP-432-439

PP-186-192

PP-37-48

**Motion From the Chair**

Regarding formation of a Committee named 'Committee on Reforms and Functioning of the Committee system'' PP-291-292

**Motion of Re-organisation of Subject Committee** PP-641-643

**Obituary Reference**

of—Shri Prabir Sengupta PP-353-354

**Point of Information** PP-103-107

Ninteenth Report of the Business Advisory Committee PP-505-506

Presentation of the 6th Report of the Subject Committee on Agriculture and Food & Supplies, 1996-97 P-37

**Question**

Autonomy for public Sector Enterprises

by—Shri Sultan Ahmed PP-32-33

Betterment of Baul Culture

by—Shri Sultan Ahmed P-600

Development of the Hospitals in North 24-Parganas

by—Dr. Pravin Kumar Shaw PP-280-281

Discrimination in payment of Holiday pay and allowances

by—Shri Nirmal Ghosh PP-278-279

The District and Sub-divisional Hospitals without having Superintendents

by—Dr. Pravin Kumar Shaw PP-284-285

Financial Aid to the Writers belongs to S.C./S.T.

by—Shri Sultan Ahmed P-538

Illegal Nursing Homes in Calcutta

by—Shri Sultan Ahmed P-283

Incidents of Murders in the State

by—Shri Gyan Singh Sohanpal PP-22-23

Incidents of Rapes

by—Shri Gyan Singh Sohanpal PP-3

Industries by NRIS in the State

by—Shri Sultan Ahmed PP-632-634

Industries referred to BIFR

by—Shri Sultan Ahmed P-24

Modification of Fire Brigade

by—Shri Sultan Ahmed P-399

Number of IAS & WBCS officer in the State

by—Shri Nirmal Ghosh P-418

Persons convicted for murder/rape

by—Shri Gyan Singh Sohanpal PP-371-374

Police-firing in Islampore

by—Shri Saugata Ray P-381

Police Rationing System

by—Shri Pankaj Banerjee P-378

Production of Films

by—Shri Pankaj Banerjee PP-7-11

Production of Rice

by—Shri Sultan Ahmed P-355

Rehabilitation of lured girls from Murshidabad

by—Shri Saugata Roy PP-377-378

Revival of the Sick Industries

by—Shri Sultan Ahmed PP-375-376

Trading of food-stuff by Food and Supplies Department

by—Shri Saugata Roy PP-276-277

অঙ্গনওয়াড়ী কর্মীদের ভাতা বৃদ্ধি

—শ্রী তপন হোড় P-30

অন্য রাজ্য থেকে রেশনজাত দ্রব্য ক্রয়

—শ্রী কমল মুখার্জি PP-390-391

অসামাজিক কাজে অভিযুক্ত পুলিশকর্মী

—শ্রী কমল মুখার্জি এবং শ্রী আব্দুল মান্নান PP-364-368

আই আর ডি পি ইনফ্রাস্ট্রাকচার প্রকল্প

—শ্রী আনন্দ গোপাল দাশ PP-416-417

আই আর ডি পি প্রকল্প

—শ্রী অজয় দে PP-408-409

আই সি ডি এস প্রকল্প

—শ্রী ঈদ মহম্মদ P-25

আজাদ হিন্দ বাহিনী সৈনিকদের জন্য আবাসন

—শ্রী ব্রহ্মময় নন্দ P-632

আর্ট গ্যালারি নির্মাণের পরিকল্পনা

—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় P-25

আদিবাসী সাংস্কৃতিক কেন্দ্র

—শ্রীমতী দেবলীনা হেমব্রম P-412

আবাসন পর্ষদে অ্যাসিস্ট্যান্ট আর্কিটেক্ট-এর শূন্যপদ

—শ্রী সৌগত রায় P-629

আসানসোলে কাচ কারখানা

—শ্রী তাপস ব্যানার্জি PP-18-19

ইন্দাস ব্লকে নতুন ডিপ-টিউবওয়েল

—শ্রী নন্দদুলাল মাঝি P-415

উত্তর দিনাজপুরে ভেস্টেড জমি খরিদ

—শ্রী হাফিজ আলম সায়রানী P-421

উত্তরপাড়া-কোতরং পৌরসভার বর্ধিত এলাকার উন্নয়ন

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-177

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের বাস

—শ্রী আবু সুফিয়ান সরকার P-405

উলুবেড়িয়ায় শিল্পবিকাশকেন্দ্র

—শ্রী রবীন্দ্র ঘোষ P-635

উলুবেড়িয়ায় বন্ধ জুট মিল

—শ্রী রামজনম মাঝি PP-635-636

এনকেফেলাইটিস রোগে মৃত ব্যক্তির সংখ্যা

—শ্রী তপন হোড় P-275

এস ডি আর ও-র বিরুদ্ধে দুর্নীতি

—শ্রী মোজাম্মেল হক P-395

কর্মসংস্থান নিশ্চিতকরণ প্রকল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-172-173

কলকাতা-বাসন্তী রাস্তা প্রসারণ

—শ্রী সুভাষ নস্কর P-411

কলকাতায় ডাকাতি ও ছিনতাই-এর সংখ্যা

—শ্রী সুকুমার দাস PP-379-380

কলকাতায় হকারের সংখ্যা

—শ্রী সুকুমার দাস P-175

কল্যাণীর জে এন এম হাসপাতাল

—শ্রী শঙ্কর সিংহ PP-400-401

কোল্ড স্টোরেজ

—শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি P-26

কংক্রিটে ঢালাই রাস্তা নির্মাণের প্রকল্প

—শ্রী ব্রহ্মময় নন্দ PP-420-421

কাঁথি কো-অপারেটিভ ব্যাঙ্কের পরিচালক সমিতি

—শ্রী মৃণালকান্তি রায় PP-417-418

কুলটি কলেজে বিজ্ঞান বিভাগ চালু করার প্রকল্প

—শ্রী মানিকলাল আচার্য P-407

কুলটিতে মহিলা কলেজ

—শ্রী মানিকলাল আচার্য P-407

কৃষ্ণনগরে ফুটপাথ মুক্ত করার উদ্যোগ

—শ্রী সুশীল বিশ্বাস PP-625-628

কোচবিহার কেন্দ্রীয় বাস কর্মশালার জায়গা

—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় P-383

কোচবিহার রাজবাড়ি সংরক্ষণ

—শ্রী তপন হোড় P-388

খরা মরশুমে হুগলি জেলায় ত্রাণ

—শ্রী কমল মুখার্জি P-392

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের প্রস্তাব

—শ্রী আব্দুল মান্নান PP-515-519

গভীর ও অগভীর নদী সেচপ্রকল্প

—শ্রী অশোককুমার দেব PP-30-31

গভীর নলকূপ বসানোর প্রকল্প

—শ্রী মহম্মদ ইয়াকুব P-398

গভীর নলকূপ ও নদী জলত্তোলন প্রকল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-382-383

গঙ্গা দূষণ রোধে প্রকল্প

—শ্রী আব্দুল মান্নান PP-171-172

গঙ্গা ও পদ্মার ভাঙ্গন রোধে বন্যার মোকাবিলা

—শ্রী আবু সুফিয়ান সরকার PP-539-540

গ্রামাঞ্চলে প্রাণী-সম্পদ বৃদ্ধির পরিকল্পনা

—শ্রী সুশীল বিশ্বাস PP-2-6

গ্রামাঞ্চলে রবীন্দ্রভবন স্থাপন

—শ্রী শক্তিপদ খাঁড়া ও শেখ মাজেদ আলি P-420

চন্দননগর কারাগারে ধূমহীন চুল্লী

—শ্রী কমল মুখার্জি PP-393-394

চাঁচোলে পৌরসভা স্থাপন

—শ্রী মহবুবুল হক P-179

ছাত্রছাত্রীদের টিফিন বাবদ বরাদ্দ অর্থ

—শ্রী কমল মুখার্জি PP-392-393

ছাত্রাভাবে জুনিয়র হাইস্কুল বন্ধ

—শ্রী পঙ্কজ ব্যানার্জি PP-525-530

ছোট নাট্যদলগুলিকে আর্থিক অনুদান

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-419-420

ছোট বকুলতলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী সত্যরঞ্জন বাপুলি PP-268-270

জওহর রোজগার যোজনা প্রকল্প

—শ্রী আব্দুল মান্নান P-384

জওহর রোজগার যোজনা

—শ্রী সুকুমার দাস PP-395-396

জনশিক্ষা কর্মসূচির কাজ

—শ্রী তপন হোড় PP-396-397

জমির উপর কর আদায়

—শ্রী সুধীর ভট্টাচার্য P-178

জয়কৃষ্ণ সাধারণ পাঠাগারকে স্বীকৃতি প্রদান

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-277

জেলখানায় কয়েদি পঞ্চায়েত

—শ্রী সুকুমার দাস P-30

জেলা আদালতে জমে থাকা মামলা

—শ্রী আব্দুল মান্নান PP-384-385

জেলের জমি জবর দখল

—শ্রী তপন হোড় ও শ্রী নর্মদা রায় P-379

জেলা পরিষদকে রেশন কার্ড ছাপানোর দায়িত্ব দেওয়ার পরিকল্পনা

—শ্রী ঈদ মহম্মদ P-280

ডানকুনি খাল সংস্কার

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-534-535

তফসিলি জাতি ও উপজাতি কর্মচারী নিয়োগে ১০০ পয়েন্ট রোস্টার

—শ্রী সুশীল বিশ্বাস P-525

তফসিলি জাতি ও উপজাতিদের ছাত্রদের হোস্টেল গ্রান্ট

—শ্রী সুভাষচন্দ্র সরেন P-540

তফসিলি জাতি ও উপজাতিদের জন্য কেন্দ্রীয় হোস্টেল

—শ্রী সুশীলকুমার বিশ্বাস P-539

দারিদ্র্যসীমার নীচের পরিবারগুলির জন্য প্রকল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-530-533

দ্বিতীয় বিবেকানন্দ সেতু নির্মাণের কাজ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-270-273

দুঃস্থ যাত্রা শিল্পীদের সাহায্য

—শ্রী তপন হোড় PP-368-371

দুর্গাপুর এক্সপ্রেস রাস্তা চালু করণ

—শ্রী আব্দুল মান্নান PP-257-258

দেগঙ্গা এলাকায় বিদ্যাধরী নদীর সংস্কার

—শ্রী মহম্মদ ইয়াকুব P-397

দেশী ও বিদেশী মদের দোকানসংখ্যা

—শ্রী মৃণালকান্তি রায় PP-537-538

দৌলতাবাদ উচ্চ বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে উন্নীতকরণ

—শ্রী মোজাম্মেল হক (হরিহর পাড়া) PP-536-537

নগরায়ন গবেষণা প্রকল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-1-2

নতুন গ্রন্থাগার স্থাপন

—শ্রী সুশীলকুমার বিশাস PP-266-268

নতুন রেশনকার্ড

—শ্রী কমল মুখার্জি P-391

নতুন সাব-রেজিস্ট্রি অফিস খোলার পরিকল্পনা

—শ্রী ইউনুস সরকার PP-533-534

নদীয়া জেলায় খাস জমি বন্টন

—শ্রী সুশীলকুমার বিশ্বাস P-394

নদীয়া জেলায় নথিভুক্ত বেকার

—শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস P-414

নদীয়া জেলায় তেহট্ট মহকুমা গঠন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-398-399

নন্দীগ্রাম-মালদা পাকা রাস্তা

—শ্রী দেবীশঙ্কর পান্ডা P-389

নতুন রাস্তায় বাস চালানোর প্রকল্প

—ডাঃ নির্মল সিন্‌হা P-413

নাগরিক সার্টিফিকেট

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-31

ন্যাশনাল ওয়াটারশেড ডেভেলপমেন্ট প্রোজেক্ট

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-11-13

নিউ সেন্ট্রাল জুট মিল কর্মচারিদের বকেয়া বেতন

—শ্রী অশোককুমার দেব P-632

পদ্মানদীর ভাঙ্গনে গৃহহারাদের জন্য অর্থবরাদ্দ

—শ্রী ইউনুস সরকার PP-29-30

পশুপালনে সরকারি প্রশিক্ষণ

—শ্রী ইউনুস সরকার P-19

'পশ্চিমবঙ্গ' ও 'ওয়েস্ট বেঙ্গল'-এর প্রকাশনা

—শ্রী অশোককুমার দেব P-376

পশ্চিমবঙ্গ ও ওয়েস্ট বেঙ্গল· পত্রিকার প্রচার সংখ্যা

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-32

'পশ্চিমবঙ্গ' প্রকাশনে পরিচালন ব্যবস্থার বদল

—শ্রী অশোককুমার দেব PP-16-18

পাত্রসায়ের ও ইন্দাসে কলেজ

—শ্রী নন্দদুলাল মাঝি P-419

পুলিশ প্রশাসনে আধুনিকীকরণ

—শ্রী কমল মুখার্জি এবং শ্রী আব্দুল মান্নান P-29

পুরুলিয়া সমাজবিরোধী কার্যকলাপ

—শ্রী নিশিকান্ত মেহেতা P-24

পুরুলিয়া জেলার জাতীয় সড়ক মেরামত

—শ্রী নিশিকান্ত মেহেতা P-405

প্রশাসনিক ভবন নির্মাণ

—শ্রীমতী দেবলীনা হেমব্রম P-279

বইমেলায় ক্ষতিগ্রস্ত প্রকাশকদের কাজ থেকে বই ক্রয়

—শ্রী ব্রহ্মময় নন্দ P-284

বগুলা শ্রীকৃষ্ণ কলেজে বিজ্ঞান বিভাগ ও কমপিউটার ক্লাসের জন্য অর্থ বরাদ্দ

—শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস P-534

বজবজ এলাকায় মাদ্রাসা উন্নীতকরণ

—শ্রী অশোককুমার দেব P-535

বজবজে পলিটেকনিক স্কুল স্থাপনের প্রকল্প

—শ্রী অশোককুমার দেব P-398

বর্ধমান মেডিক্যাল কলেজের প্রিন্সিপাল নিয়োগ

—শ্রী শ্যামাপ্রসাদ পাল PP-414-415

বন বিভাগের শূন্য পদ

—শ্রী সুশীল বিশ্বাস PP-173-174

বনরক্ষা কমিটি

—শ্রীমতী দেবলীনা হেমব্রম PP-175-176

বন্ধ কারখানার জমিতে বহুতল বাড়ি

—শ্রী পঙ্কজ ব্যানার্জি PP-389-390

বাঁকুড়া হাসপাতালে আলট্রাসোনোগ্রাফিক মেশিন

—শ্রী মনোরঞ্জন পাত্র PP-279-280

বাঁকুড়া জেলার খাতড়ায় হাসপাতাল নির্মাণ

—শ্রীমতী দেবলীনা হেমব্রম PP-412-413

বাগিচা ফসলের গবেষণা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-519-521

ব্যক্তিগত মালিকানার ভিত্তিতে কলকাতার বাজার উন্নয়ন

—শ্রী পঙ্কজ ব্যানার্জি P-173

ব্যক্তি মালিকানাধীন হাট ও বাজার

—শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস PP-176-177

ব্যারাকপুর সাব-ডিভিশনাল কোর্টের উন্নতি ও সংস্কার

—শ্রী নির্মল ঘোষ P-418

ব্যালট পেপার

—শ্রী অজিত খাঁড়া P-386

বিচারবিভাগীয় তদন্ত কমিশন

—শ্রী আব্দুল মান্নান P-27

বিদেশে পাচার হওয়া শিশুর সংখ্যা

—শ্রী সুভাষ নস্কর PP-376-377

বিদ্যুৎ পর্ষদের বিদ্যুৎ ও সরঞ্জাম চুরির ক্ষয়ক্ষতির পরিমাণ

—শ্রী সঞ্জীবকুমার দাস PP-387-388

বিদ্যুৎবিহীন ব্লক

—শ্রী সুভাষ নস্কর PP-521-525

বিভিন্ন সংস্থার কাছে সরকারের ঋণ

—শ্রী তাপস ব্যানার্জি P-537

বিভিন্ন জেলা থেকে সংবাদপত্র ও পত্রিকা প্রকাশন

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-380

বিশেষ কর্মনিযুক্তি প্রকল্প

—শ্রী তপন হোড় PP-535-536

বিশ্বব্যাঙ্কের টাকায় বনবিভাগে পরীক্ষামূলক প্রকল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-27-29

ভূগর্ভস্থ জলের স্তর রিফিলিং-এর পরিকল্পনা

—শ্রী শ্যামাপ্রসাদ পাল P-377

ভূগর্ভস্থ জলস্তর

—শ্রী অজয় দে P-409

মফঃস্বলে চলচ্চিত্র প্রদর্শনে সরকারি উদ্যোগ

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-375

মরণোত্তর দেহ গ্রহণ

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-401

মথুরাপুরে রাস্তা মেরামত

—শ্রী সত্যরঞ্জন বাপুলি P-390

মহিলা সমৃদ্ধি যোজনায় বরাদ্দ অর্থ

—শ্রী ব্রহ্মময় নন্দ P-420

মাথাপিছু বার্ষিক আয়

—শ্রী দেবপ্রসাদ সরকার P-533

মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের ট্রান্সফার

—শ্রী শ্যামাপ্রসাদ পাল PP-540-541

ম্যালেরিয়ায় আক্রান্তের সংখ্যা

—শ্রী মোজাম্মেল হক (হরিহর পাড়া) PP-275-276

মুর্শিদাবাদে নিয়ন্ত্রিত বাজার সমিতি

—শ্রী মোজাম্মেল হক (হরিহর পাড়া) P-20

মুর্শিদাবাদ জেলায় শিল্পায়ন

—শ্রী অধীররঞ্জন চৌধুরি P-636

মেদিনীপুরে হাতির আক্রমণে ক্ষয় ক্ষতি

—শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে PP-178-179

রাজ্যে খুনের সংখ্যা

—শ্রী তপন হোড় PP-13-16

রাজ্যে ট্রেন ডাকাতির ঘটনা

শ্রী কমল মুখার্জি PP-20-21

[illegible] নেতাজীর স্মৃতিবিজড়িত জেলখানা

—শ্রী ব্রহ্মময় নন্দ PP-25-26

রাজ্যে পাটজাত শিল্প কারখানা

—শ্রী মোজাম্মেল হক (হরিহর পাড়া) P-634

রাজ্যের বনাঞ্চলে হাতির উৎপাত

—শ্রী তপন হোড় PP-174-175

রাজ্যে বন্ধ কলকারখানা খোলার ব্যবস্থা

—শ্রী পঙ্কজ ব্যানার্জি P-389

রাজ্যে ভি ডি ও হল

—শ্রী আব্দুল মান্নান PP-356-360

রাজ্যে মাংস ও ডিমের চাহিদা

—শ্রী সুকুমার দাস PP-21-22

রাজ্যে রেশন কার্ডের সংখ্যা

—শ্রী সুভাষ নস্কর P-278

রাজ্যে শ্রমিক বিদ্যাপীঠ

—শ্রী নির্মল ঘোষ PP-411-412

রাজ্যে সাক্ষর মানুষের সংখ্যা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-259-263

রাজ্যে সুসংহত শিশু বিকাশকেন্দ্র

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-22

রাজ্যে সংগৃহীত মধু

—শ্রী কমল মুখার্জি PP-177-178

রাজ্যের খাসজমি বিলিবন্টন

—শ্রী সুশীল বিশ্বাস P-180

রাজ্যের প্রতি জেলায় চিড়িয়াখানা

—শ্রী কমল মুখার্জি PP-623-625

রাজ্যের প্রতিটি পুরসভায় অগ্নি-নির্বাপক কেন্দ্র

—শ্রী মোজাম্মেল হক (হরিহর পাড়া) P-178

রেজিস্ট্রীকৃত প্রতিবন্ধী

—শ্রী অশোককুমার দেব P-381

রেশন অফিসের সংখ্যা

—শ্রী পঙ্কজ ব্যানার্জি P-388

রানীবাঁধ থানায় বিদ্যুৎ সাব-স্টেশন নির্মাণ

—শ্রীমতী দেবলীনা হেমব্রম P-412

লেভি আদায়ের মাধ্যমে চাল সংগ্রহ

—শ্রী আব্দুল মান্নান P-281

লোকশিল্পী

—শ্রী মোজাম্মেল হক P-419

শান্তিপুরে নতুন ট্রান্সফরমার বসানোর কাজ

—শ্রী অজয় দে P-410

শান্তিপুরে বাস স্টপেজের প্রস্তাব

—শ্রী অজয় দে P-386

শ্রীরামপুর-ধর্মতলা ট্রাম কোম্পানির বাস

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-401

সমবায় ও গ্রামীণ ব্যাঙ্কের ঋণ প্রদান

—শ্রী কমল মুখার্জি PP-273-274

সরকারি প্যানেলভুক্ত উকিল

—শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস P-414

সরকারি কাজে বাংলা ভাষা ব্যবহার

—শ্রী কমল মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান P-379

সস্তাদরে রেশনের মাধ্যমে চাল ও গম সরবরাহ

—শ্রী অজয় দে PP-407-408

সাব-রেজিস্টার অফিসের সংখ্যা

—শ্রী আবদুস সালাম মুন্সি P-536

সাক্ষরতা কর্মসূচি

—শ্রী অজয় দে P-413

সাংবাদিক ও সংবাদপত্র কর্মীদের প্রশিক্ষণ

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-23

সুন্দরবন এলাকায় ক্ষুদ্র সেচ প্রকল্প

—শ্রী গোপালকৃষ্ণ দে PP-24-25

সি আই আই সম্মেলন ও রাজ্যে বিনিয়োগ

—শ্রী শঙ্কর সিংহ P-635

সীমান্ত এলাকায় গ্রামরক্ষীবাহিনীগুলিকে আগ্নেয়াস্ত্র প্রদান

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-376

সীমান্ত এলাকায় সামাজিক উন্নয়ন প্রকল্প

—শ্রী ইউনুস সরকার P-374

স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিনে গবেষণার কাজ

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-263-266

সুন্দরবনে গভীর নলকূপ

—শ্রী গোপালকৃষ্ণ দে P-417

সুন্দরবনে পর্যটক নিবাস

—শ্রী গোপালকৃষ্ণ দে PP-415-416

সুসংহত শিশু-বিকাশ প্রকল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-360-364

সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়ন

—শ্রী অজয় দে PP-405-406

সেনর্যালে কারখানা

—শ্রী শ্যামাদাস ব্যানার্জি P-397

হুকার উচ্ছেদ অভিযানে খরচ

—শ্রী অশোককুমার দেব P-181

হনুমানের উপদ্রব বন্ধ করতে ব্যবস্থা

—শ্রী কমল মুখার্জি P-180

হলদিয়ার সমাজকল্যাণ পর্ষদের মহিলাদের স্থানান্তর

—শ্রী অজয় দে PP-409-410

হলদিয়া পেট্রোকেম প্রকল্প

—শ্রী আব্দুল মান্নান PP-613-619

হাসপাতালে বেড পিছু পথ্য খরচ

—শ্রী কমল মুখার্জি PP-282-283

হাসপাতালের ইমার্জেন্সিতে বাধ্যতামূলক রোগী ভর্তি ও চিকিৎসা

—শ্রী দেবপ্রসাদ সরকার P-282

হাসপাতালে আয়ুর্বেদ ও হোমিওপ্যাথিক চিকিৎসার ব্যবস্থা

—শ্রী ব্রহ্মময় নন্দ P-280

হাসপাতাল জঞ্জালমুক্ত করার পরিকল্পনা

—শ্রী সুকুমার দাস P-277

হুগলি জেলায় সংরক্ষিত পুরাকীর্তি

—শ্রী কমল মুখার্জি P-393

হুগলি জেলায় উদ্বাস্তুদের দলিল বণ্টন

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-402-404

হুগলি জেলায় গ্রন্থাগার

—শ্রী কমল মুখার্জি PP-391-392

হোমগার্ডের সংখ্যা

—শ্রী পঙ্কজ ব্যানার্জি P-179

হোমগার্ড পরিবারের চাকুরি

—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত PP-421-422

**Ruling from Chair**

P-103

**Statement on Calling Attention regarding acute crisis of wheat in the State**

of—Shri Kalimuddin Shams PP-424-426

**Statement on Calling Attention regarding hunger strike of the Homoeopathic teachers at Subodh Mullick Square, Calcutta**

of—Shri Partha De PP-289-291

**Statement on Calling Attention regarding non-disposal of a large number of dead bodies from the morgue of Diamond Harbour Sub-divisional causing environmental pollution**

of—Shri Partha De PP-287-288

**Statement on Calling Attention regarding setting up of a Hospital in the Budge Budge Assembly Constituency Area**

of—Shri Partha De PP-288-289

**Statement on Calling Attention regarding crisis of drinking water in the Taltola Assembly Constituency Area**

of—Shri Asok Bhattacharya P-183

**Statement on Calling Attention regarding alleged assault of some accused tribal persons at village Pahar Bedia in the district of Bankura on 22nd and 23rd March, 1997**

of—Shri Buddhadeb Bhattacharyya PP-35-37

**Statment on Calling Attention regarding progress of the Project for supplying of pure dirinking water in the Arsenic affected areas**

**of Baruipur, South 24 Parganas**

of—Shri Goutam Deb PP-638-640

**Statement on Calling Attention regarding stalemate condition of Ahmedpur Sugar Mill in the district of Birbhum**

of—Shri Bidyut Ganguly PP-542-545

**Statement Under Rule 346 regarding scarcity of fish in West Bengal**

of—Shri Kiranmoy Nanda PP-587-588

**Statement Under Rule 346 regarding non-plying of buses in route nos. S-28, S-16 & 38 of C.S.T.C. in Tangra area**

of—Shri Susanta Ghosh PP-430-431

**Statement Under Rule 346 regarding water pricing in Urban Local Bodies in West Bengal**

of—Shri Asok Bhattacharya PP-427-430

**Statement Under Rule - 346 regarding Killed of Shri Bhola Nath Bhaduri, officer-in-charge of Bhadeswar P.S.**

of—Shri Buddhadeb Bhattacharjee PP-183-186

**Zero Hour**

PP-648-659

PP-554-564

PP-439-446

PP-292-300

PP-192-199

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani Calcutta - 700 006